# মহবি ক্লফট্ৰপারন বেদব্যাস প্রণীত

# মহাভারত।

# কৰ্ণপৰ্ব।

স্বৰ্গায় মহাত্মা কালীপ্ৰসন্ধ সিংহ মহোদয় কৰ্ত্ত মূল সংস্কৃত হুইতে বাঙ্গালা ভাষায় অমুবাদিত।

-----

শ্রীসত্য চরণ বস্থ কত্ত্রি,

শ্রামপুকুর—২মং, অভয়চরণ ঘোষের লেন হইতে প্রকাশিত।

व्यक्तेम मःऋत्रन ।.

"ষেধানে ক্লফ, সেইখানেই ধর্ম ; যেধানে ধর্ম, সেই খানেই জন্ম।"

মহাভারত।



# কলিকাতা,

এপ, এশ্, প্রেস,—২৪ নং রাজা নবকুষ্ণের খ্রীট, শ্রীক্ষীনারাক দাস বারা,যুক্তিত।

यम ১৩২১ गांग।

# ভূসিকা ৷

পুরাণসংগ্রহের দশম খণ্ডে কর্ণপূর্বে মুদ্রিত ও প্রচারিত হইল। অন্তার্থ পর্বের্ ষেরপ এক এক বিষয়ের এক এক পর্ববাধ্যায় দৃষ্টিগোচর হইয়। থাকে এই পর্বেব ষেইরপ প্রণালী নাই। মহাবীর কর্ম রাজা তুর্য্যোধনের সমলে শল্যকে হীয় সারম্বি করিবার অভিপ্রায় প্রকাশ করাতে কুরুরাজ উত্তেজন দারা মদ্ররাজকে সন্তুষ্ট করিয়া সূতপুর্দ্রের সার্ব্য কার্য্যে নিয়োজিত করেন মহাবল পরাক্রান্ত কর্প কেরিয়া সূতপুর্দ্রের প্রান্তবগণের হিলেন ে রাজ তুর্যোধন তাঁহারই বলবার্য্য আশ্রেয় ক্রিয়া পাণ্ডবগণের সহিত বৈর্মাচরণ প্রস্তুহন। ফলত মহাবীর কর্ম অনেক পরাক্রমশালী যোদ্ধা অপেক্ষ সমধিক বলসম্পন্ন ছিলেন। তিনি মহামতি বাস্থদেবের অসাধাবণ কৌশল বলে ধনপ্রয়ের হস্তে নিহত হন। ক্রম্ব ঐরপে কৌশল উদ্ভাবন না করিলে বোধ হয় মহাবীর অর্জ্বন উ হারে বিনাশ করিতে সমর্থ হইতেন না।

কর্ণ জনসমাজে অধিরথ সারথি সন্তান ও রাধাগর্ভজাত বলিয়া বিখ্যাত কিন্তু বস্তুত তাহা নহে। কুন্তীর অনুঢাবন্দায় তাঁহার গর্ভে সূর্য্যেয় উর্বেশ ঐ মহাবীরের জন্ম হয়। মহাত্মা মধুসূদন, কুন্তী ও পূর্য্য ব্যতীত আরু কেহই এই গুঢ় ব্যাপার অবগত ছিলেন না। আর্য্যা কুন্তী কুরুপাণ্ডনীয যুদ্ধের উপক্রমকালে একদা নির্জ্জনে কর্ণের নিকট তাঁহার জন্ম রক্তান্ত কার্ত্তন করিয়া তাঁহারে পাণ্ডব পান্ধ অবলম্বন করিতে অমুরোধ করেন। কিন্তু মহাবীর কর্ণ অভিশয় ধন্মপরায়ণ ও কৃতজ্ঞ ছিলেন। তিনি আপনার পরমোপ কারী হিতৈষী রাজা ছর্য্যোধনকে পরিত্যাগ করিতে হইবে বলিয়া কোন ক্রমে কুন্তীর অমুরোধ রক্ষায় সন্মত হন নাই।

কুর্য্যোধন কর্ণের সহিত সখ্য সংস্থাপন করিয়া তাঁহারে অঙ্গরাজ্যের আ্রিপিন্ড প্রদান করেন। তত্ত্বিং পগুডেরেরা কলিকাতার এক শৃত পঞ্চাশং জ্যোতিমী কোশ অন্তর আধুনিক মুঙ্গের নামক স্থানকেই ভূতপূর্বে অঙ্গরাজ্যের রাজ্পাট বলিয়া স্থির করিয়াছেন, বাস্তবিক সুঙ্গেরে এক্ষণেও কর্ণের নির্দ্ধিত প্রস্তরময় হুর্গ, কারানিবাস ও রাজপ্রাসাদের ভগ্নাবশেষ দৃষ্ট হয় এবং তাহা অভ্যাপিও "কর্ণ্টোড়া" বলিয়া প্রস্তিম রহিয়াছে। অঙ্গরাজ কর্ণ অসাধারণ বদান্ত ছিলেন। আক্রপ এক কিম্বদন্তী আছে যে, কৃষ্ণ ব্রাহ্মণকে উহার কিছুই অদেয় ছিল্ম না। এরূপ এক কিম্বদন্তী আছে যে, কৃষ্ণ ব্রাহ্মণ, বেশে তাঁহার আবাসে গ্রমনপূর্বক তাঁহার পুজের মাংস ভক্ষণ করিতে প্রার্থনা করিলে ভিনি অমান বদনে স্বীয় আত্মজকে ছেদেন করিয়া ঐ ব্রাহ্মণের ভৃত্তিপসম্পাদন করেন। ফলত ভিনি যে কিরূপ দাতা ছিলেন্-রিপ্রার্থনারাইক্রকে স্বীয় সহজ কর্চ কুণ্ডলপ্রদান করাতেই তাহাসপ্রমাণ হইয়াছে।

পূর্বেতন হিন্দুগণ কি কোশলে কি প্রকার নিয়মানুগত হইয়া যুদ্ধ করি-তেন এবং তাঁহাদের ব্যুহরচনা ও সৈন্য পরিচালনের কিরূপ প্রথা ছিল, এই বীরুরস্সার কর্ণপর্বে তাহা সবিস্তারে কীর্ত্তিত হইয়াছে।

সারস্বতাশ্রম, ১৭৮৫ পক।

खींकामीक्षमम निःर।

# মহাভারতীয় কর্ণপর্বের স্চিপত্র।

প্রকরণ	•••	•••	•••	***	িপৃষ্ঠা:
জনমেজর্মের প্রাপ্ত		•••	•••	***	2
সঞ্জয় খৃতরাঠ্র সুংবাদ	•••		•••	•••	ર
ধৃতরাষ্ট্র <b>শোক</b>		***	***	•••	٠.
ধৃতবাৰ্ট্টের প্রার্থ	•••	•••	•••	***	٠ <u>,</u> '
বৃহ নিশাণ		•••	***	•	२७
ক্ষেমধূৰ্ত্তি বধ	•••	6	•••	***	२७
विन ७ व्यक्तिनात वध	•••	•••	•••	***	₹ <b>৮</b> .
চিত্ৰসেন বধ	-	•••	•••	***	২৯
অশ্বশ্বামার সহিত ভীমসে	নের বুদ্ধ	,	•••	•••	৩১ .
অশ্বখামার সহিত অৰ্কুনো		***	•••	•••	૭૯
অর্থামার পরাজ্য	•	•••	6	4	೨৯
দণ্ড বধ '			•••		8•
न <b>क्व</b> -यू <b>र्क</b>	•••	•••			85
পাখ্য বধ ্ৰক		•	•••	•••	89
সহদেবের সহিত ছঃশাস্ত	মার সম	•••		•••	
কর্ণের বৃদ্ধ	न्त्रभ पूचा	•••	••	•••	¢۶
অফুলোমের সহিত শকুনি		•••		•••	, ¢8
সংশপ্তক <b>জন্ম</b>	त्र पूक	• • •	•••	***	er
	•••	*	•••	• • •	<b>.</b>
কৰ্ণ ছৰ্য্যোধন সংবাদ •	****	••••	•••	•••	90
শল্যের নিকট সার্থ্য প্র	ন্তাব	•••	•••	· · · ·	.96
<u> তিপুরোপাখ্যান</u>	•••	•••	•••	***	<b>b</b> •
বিপুর বধ	•••	•••	•••		64
শল্যেরু সার্থ্য স্বীকার	•••	٠٠.	•••		>8
কৰ্ণ শৰ্যা সংবাদ	• • •	•••	•••	•••	ំ ង់ .
কর্ণের আত্মপ্রাদা	•••	•••	***	•••	>> ~
কর্ণের, অধিক্ষেপ	•••	•••		•••	.5•4
হংস কাকীরোপাখ্যান	•••	•••		•••	> 6
কর্ণের প্রায়ন	•••	•••	•••	•••	>82
वृथिष्ठित्त्रत्र शनात्रन	•••	•••	****	•••	58€

প্রকরণ			0		পূঠা
অৰখামার-প্ৰতিজ্ঞা	•••	•••	•••	•••	>+8
বাহ্নদেব বাক্য	•••	•••	••	~	> 40
অৰ্থামাহ প্ৰায়ন	••••		•••	<b>:••</b>	>40
অৰ্জুনের প্রতি যুধিষ্টির বাব	म	•••	•••	•••	760
অর্কুনের প্রতিজ্ঞা	•••	••••	•	•••	٥٦
বুধিষ্টিরের তিরন্ধার	•••	•••	•	•••	>>8
क्षार्क्न সংবাদ	•••	••	•	•••	ર • 8″
বুধিষ্ঠিরের প্রতি ক্বকের প্র	.বাধ বাক্য	***	•••	•••	₹•€
ষুধিষ্টিরার্জুন সংবাদ	•••	•••	•••	•••	₹•७
कृष्णाक्त्न সংবान •	•••	•••	•••	•••	ર્ક્ષ
অর্ক্ত্নের উপদেশ	•••	•••	•••	••••	<b>२•</b> >
অর্কুনের আত্মশ্রাতা	•••		***	•••	२ऽ७
ভীমসেন বিশোক সংবাদ	••	•••	•••	•••	२२•
শকুনির পরাজয় ।	•••	•••	•••	•••	२२१
জ্বাস্নের সহিত ভীমের য	<b>ुक</b>	• • •	•••	•••	₹8¢'
হুঃশাসন বধ .	***	•••	• • •	•••	<b>२</b> 89`
বুষদেনের সহিত চকুলের যু	জ, নকুলের পর	াজয়	•••	•••	२८৯
বৃষদেনের বধ ,	•••	***	•••	•••	266
কর্ণ ও অর্জ্জুনের বৈরথ যুদ্		***	•••	••• •	२८७
হুর্ব্যোধনের প্রতি অশ্বখামা	র উপদেশ		•••	•••	२ <b>७</b> 8
কৰ্ণ ও অৰ্জুনের যুদ্ধ	•••	•••		•••	ર <del>હ</del> હ
র্থচক্র গ্রাস	•••	•••	:	•••	₹₽•
कर्ग वस .		•	•••	•••	२५€
কৌরব সৈন্যগণেক পলায়ন		•••	•••	•••	২৮৬
কৌরবগণের শিবিরে প্রস্থা	<b>न</b> ≛	•••	•••	***	୬୧
বুধিষ্ঠিরের ইর্ব		•••	.,. •	***	७३१

# মহাভাৱত 1

# .কর্ণ পর ।

#### প্রথম অধ্যায়।

নারায়ণ, নরোত্তম নর ও দেবী সর্বস্থতীরে নসস্কার করিয়া জয় উচ্চারণ করিবে।

বৈশপায়ন কঁহিলেন,—মহারাজ ! এইরূপে মহাবীর দ্রোণ নিহত হইলে তুর্য্যোধন প্রভৃতি মহীপালগাঁণ একান্ত বিমনায়মান হইয়া অশ্বত্থামার সমিধানে ু গমন করিলেন। তৎকালে মোহপ্রভাবে তাঁহাদিগের তেজ হইয়া গিয়াছিল। তাঁহারা দ্রোণের নিমিত্ত দিতান্ত শোক**ংকুল হইয়া অশ্ব**-খানারে পরিবেন্টনপূর্বক উপবেশন ক্রিলেন এবং শাস্ত্রবিছিত যুক্তি স্মরণ-পূর্শ্বর্ক মুহূর্ত্তকাল আশ্বন্ত হইয়া রজনী উপস্থিত হইলে স্বাস্থ শিবিরে সমা-গত হইলেনী তথায় তাঁহারা সেই ঘোরতর হত্যাকাণ্ড স্মরণ করত শোক ও তুঃখে নিতান্ত ক।তর হইয়া কিছুতেই স্থলাভে সমর্থ ইইলেন না। ্রি রজনীতে মহাবীর সূতপুত্র, রাজা হুর্য্যোধন, হুঃশাসন ও মহাবঁল স্থবল-নন্দন ইহারা সকলেই ছুর্য্যোধনের আবাদে অবস্থান করিলেন ৷ জাঁহারা পুর্বে দ্যুতক্রীড়া কালে দ্রৌপদীরে যে বলপুর্বেক সভায় আনয়ন ও পাওব-গণকে অনেষবিধ ক্লেণ প্রদান করিয়াছিলৈন, এক্ষণে তৎসমুদায় স্মৃতিপথে সম্দিত হওয়াতে তাঁহাদের ছুঃখ ও উৎকণ্ঠার আর পুরিদীমা রহিল না। সেই রজুনী তাঁহাদের শত বংসরের ভায় বোধ হইতে লাগিল। এইরূপে কৌরর পক্ষী । ক্ষত্রিয়গণ অভিকটে দেই যামিনী অভিবাহিত করিলেন।

অনন্তর প্রভাত কালে কৌরবগণ বিধিবিহিত অবশ্যকর্ত্তব্য কার্য্যকলাপ নির্কাহ করিয়া আশ্বস্তচিত্তে ভাগ্যের উপর সম্পূর্ণ নির্ভর করত সৈন্যগণকে যুদ্ধার্থ স্থ্যুজ্জিত হইতে আদেশ প্রদান করিলেন এবং কর্ণকে সেনাপতি পদে প্রতিষ্ঠিত করিয়া হস্তে মাঙ্গুল্য বন্ধন এবং দধি পাত্র, স্থাত, মাঞ্চত, নিষ্ক, গো, িরণ্য ও মহামূল্য বদন দ্বারা ত্রাহ্মানগণকে অর্চনপূর্বক যুদ্ধার্থ নির্গত হইলেন। তথন সূত, মাগধ ও বন্দিগণ মহাবার কর্ণকে জয়লাভ হউক, বলিয়া আশীর্বার্দ কারতে লাগিল। এ দিকে পাগুবেরাও প্রভাতোচিত ক্রিয়াকলাপ নির্বাহ করিয়া অনিলম্বে যুদ্ধার্থ শিবির হইতে নির্গত হইলেন আনহন্তর পরস্পর জিগীষাপরবর্ণ কৌরব ও পাগুবগণেব লোমহর্ষণ ভূমূল সংগ্রাম আরম্ভ হইল। কর্ণ কৌরবগণেব দেনাপতি হইলে ছুই দিবদ কৌরব ও পাগুবগণের অভিন্তাবের আশ্চর্য্য ঘোরতব সংগ্রাম হইয়াছিল। মহাবীর কর্ণ প্র ছুই দিনের মধ্যে বহুসংগ্রুদ ক্রে বিনাশ করিয়া ধ্রুবাষ্ট্র তন্যগণের সমক্ষেই অর্জ্নাশরে কলেবর পরিত্যাগ কবিলেন। মহামতি সঞ্জয় তদ্দর্শনে অবিলম্বে হস্তিনাপুরে গ্রুম কার্য্য মহারাজ ধ্রুরাষ্ট্রকে কুকক্ষেত্রের সমর শেংবাদ প্রদানে প্রবৃত্ত হইলেন।

জনমেজয় কহিলেন, হে বেক্সন্। র্দ্ধ রাজা ধৃতরাষ্ট্র ভীম ও দ্রোণকে নিহত প্রবণ করিখা নিতান্ত তঃখিত হইয়াছিলেন; এক্ষণে ত্র্য্যোধনের হিতান্ত্র্নান পরায়ণ মগারীর কর্ণের বিনাশ বৃত্তান্ত প্রবণ করিয়া কিরুপে প্রাণধানণ করিয়া করিপে প্রাণধানণ করিয়া করিলেন গ তিনি যে কর্ণের বলনীর্যাের উপন নির্ভর করিয়া পুক্রগণের বিজ্ঞালাভেন গালাল্কা করিনে রেই মহানীর বিনক্ষ হইলে কিরুনে জীবন ধারণে সমর্গ হইলেন; তিনি এই একন্তর শোকাবহ বিষয়েও জীবন পরিত্যাগ করেন নাই বলিখা আমার বোধ হইতেছে যে, মনুষ্য অতি কুছ্রেদশায় নিপ্তিত হইলেও কোনমতে মৃত্যুমুধে নিপ্তিত হইতে মভিলাম করেনা। মহারাজ ধৃতরাষ্ট্র কর্ণ, ভীম্ম, বাহলাক, দ্রোণ, দোমদত্ত, ভূরিশ্রেরা এবং অন্যান্ত অসংখ্য স্থলং ও পুল্র পৌল্রগণের নিধন ব্রভান্ত প্রবণ করিয়াও যথন জীবিত রহিলেন, তখন স্পান্টই বোধ হইতেছে যে, প্রাণ পরিত্যাগ করা নিতান্ত ত্র্মান (হ তপোধন। এক্ষণে আপনি এই সমস্ত বৃত্তান্ত স্বৃবিস্তরে কার্ত্রন,কর্মন। পূর্বে পুরুষগণের অতি বিচিত্র চরিত্র প্রবণ করিখা কিছতেই আমার তৃপ্তি লাভ হইতেছে না।

## षि शैय व्यक्षाय ।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ। মহাবীর কর্ণ বিনষ্ট হইলে মহামতি সঞ্জয় রনজীযোগে উদ্বিগ্ন মনে বায়ুবেগগামী অশ্বসমূদায় সঞ্চালনপুর্বক সত্ত্বে হস্তিন্ নগরীতে গমন করিয়া রাজা ধ্ররাষ্ট্রের সন্ধিবনে' সম্বাহিত হইলেন এবং দেই হততেজা কুরুরাজকে নিরাক্ষণপূর্দেক ক্রাপ্তলিপুটে তাঁহার পাল বন্দন ও লায়াকুসদরে সংকার করিয়া পতি ক্র স্কুকাবে কিহিতে লাগিলেন, মহারাজ। আমি সপ্তয়। কেমন আপনি ত হথে লাছেন ? আপনি আপনার দোষে ঘোরতর বিপদে নিপতিত হইয়া ত বিমোহিত হন নাই? বিহুর, দ্রোণ, ভীত্ম, কেশব এবং রাম, নারদ ও কর্ণ প্রস্তৃতি মহয়িগণ আপনারে, সভামধ্যে হিতোপদেশ প্রদান করিয়াছিলেন; কিন্তু তৎকালে আপনি তাহাতে কর্ণপাত্ত কবেন নাই। এক্ষণে কি তৎসমুদায় স্মরণ করিয়া ব্যথিত হইতেছেন না? ভীত্ম ও দ্রোণ প্রস্তৃতি আপনার স্কুদ্রণণ গ্রাপনার হিতাস্কানে প্রবৃত্ত হইয়া শক্র হত্তে নিহত হইয়াছেন, ইহা স্মরণ করিয়া কি আপনার মন ক্রেণ হইতেছে না?

রাজা প্রতরাষ্ট্র সঞ্জ্যের বাক্য শ্রাবণ কার্যা প্র'থত মনে দীর্ঘ নিশাদ পবিত্যাগপুর্দিক কৈছিতে লাগিলেন, হে সঞ্জন! দিব্যাস্বেক্ত মহাবীব ভীত্ম ৭ ডোণ নিহত হটয়াে ন শ্রেবণ করিয়া আমার অন্তঃকরণ অতিশয় ব্যাকুল হইয়াছে। যিনি প্রতিদিন দশ সহস্র রথীর প্রাণ সংহার করিয়াছেন, সেই ভীম্ম পাঞ্চরস্তুরক্ষিত শিখণ্ডীর হস্তে নিহত হইয়াছেন প্রাকণ করিয়া আমার মন্তঃকরণ নিতান্ত কাতর হইতেছে। ভৃগুনন্দন রাম বাল্যকালে ইাঁহারে ধকুর্নেবদ উপদেশ ও দিব্যান্ত্র প্রদান করিয়াছিলেন, যাহার অকুগ্রহে পাণ্ডব-'ৰীণ ও অভাত মহীপালগণ মহার্থ বলিযা প্রসিদ্ধ হইয়াছেন, সেই সত্যসন্ধ মহাধনুদ্ধর দ্রোণ ধৃষ্টপ্রান্ত্রের হস্তে কলেবর পরিত্যাগ করিয়াছেন আবণ করিয়া আমার অন্তঃকরণ অতিশয় ব্যাকুল হইয়াছে। এই ভূমগুলে বাঁহাদের তুল্য চতুর্বিধ অস্ত্রে পারদর্শী 'আর কেহই নাই, দেই বীরবরা এগণ্য ভীম ও দ্রোণ কালকবলে নিপতিত হইয়াছেন, শ্লবণ করিয়া ভামার অস্তঃকরণ নিতান্ত ব্যথিত হইতেছে। হে সঞ্জয় ত্রেলোক্যে যাহার তুল্য অস্ত্রবৈত্তা আর কেহই নাই, সেই দ্রোণাচার্য্য নিংত হইলে আর্মার পক্ষীয়েরা কিরূপ অনুষ্ঠান করিল ? মহারীর ধনঞ্জারের বিক্রুমে দুংশপ্তক সৈন্যুগণ বিনষ্ট, দ্রোণপুল্লের নারায়ণাস্ত্র প্রতিহত ও অন্যান্য দৈন্যুগণ পলা-্ষিত হুইলে কৌরবেরা বিক কার্য্যের অনুষ্ঠানে প্রান্ত হুইল ? আমার রোধ হইতেছে, 'উহারা' জৈাণের নিধনানন্তর অর্থ সধ্যন্থ নৌকার ন্যায় শোকসাগবে নিমগ্ন ও পলায়িত হইয়াছে। হে সঞ্জয় ' দ্বৈন্যগণ পল্।যন পরায়ণ
হইলে কর্ণ, ভাজবাজ কৃতবর্ণ্থা, মদ্রবাজ শল্য, অশ্বত্থামা, ক্লপ এবং
হুর্ব্যাধন প্রভৃতি আমার অবশিষ্ট আত্মজগণের মুখবর্ণ কিরূপ হইল ? হুমি
ক্লেণে এই সমস্ত ব্ভান্ত এবং পাওবপক্ষীয় ও অত্মৎপক্ষীয় বীরগণের
পরাক্রম কীর্ভন কর।

• সঞ্জয কহিলেন, মহারাজ। আপনাব অপবাধ বশত কৌবব্গণেব যেরূপ ছুদিশা উপস্থিত হুইঘাছে, তাহা গ্রাণ কবিষা আপনি ব্যথিত হুইবেন না। পণ্ডিত ব্যক্তি দৈব ছুইটনায অনুতাপ কবেন না মনুষ্যগণের আভলষিত অর্থলাভ দৈবায়ন্ত। অতএব ইন্টেব অপ্রাপ্তি বা অনিষ্ট প্রাপ্তি নিবন্ধন শোক করা পণ্ডিতেব কর্ত্রনা নতে। ধুনবাষ্ট্র ক্লিলেন, হে সঞ্জয়। আমি স্বীয় অভ্যুত ঘটনা প্রাবণে সম্ধিক ব্যথিত হুই না। দৈবই আমাব অনিষ্টেব কারণ। অত্থাব ভূমি নিঃসন্দিশ্য চিত্তে সম্দাব রুভান্ত কীর্ত্রন কবে।

### তৃতীৰ অধ্যাষ।

সঞ্জয় কহিলেন,—মহাবাজ। মহাধকুর্দ্ধর দ্রোণাচার্য্য নিপাতিত ইউলে আপনার মহাবথ পুজ্রগণ বিষয়, স্লান বদন ও বিচেতনপ্রায় হইলেন। তাঁহারা সকলেই শস্ত্রধাবণপূর্বিক শোকার্ত্তিত্তে অবায়ুথে পবস্পারকে তব-লোকন কারতে লাগিলেন। কেহ কাহাবে কিছুই কহিতে সমর্থ হইলেন না। সৈনিকর্গণ তাহাদিগ ক নিতাও ব্যাপ্ত দেখিয়া বিষয় মনে উর্দ্ধৃষ্টি ইইয়া রহিল। দ্রোণবিনাশ দর্শনে 'হাদিগের হস্ত হইতে শোণিতাক্ত শস্ত্র সমুদায় ভ্রম্ট ইইতে লাগিল। হে মহাবাজ। অস্ত্র সমুদায় উ্বতি লাগিল। তে মহাবাজ। অস্ত্র সমুদায় বৈন্যুগণের হস্তে লাগিল।

তথন রাজা ছুর্য্যোধন স্বীয় সৈনিক গণকে নিশ্চেষ্ট ও মৃতকল্প দেখিয়া কহিলেন, হে বীরগণ। আমি তোমাদেরই বাজ্বল আশ্রেষ করিয়া পাওব-গণের সহিত যুদ্ধে প্রেন্ত হইয়াছি; কিন্তু এক্ষণে ভারদ্বাজ নিহত হওঁধাতে আমাদের সংগ্রাম নিতান্ত বিষধেব ন্যায় লক্ষিত হইতেছে। যুদ্ধেই যোধ-গণের মৃত্যু হইয়া থাকে। সমর প্রন্ত বারপুক্ষেব জয়লাভ বা মৃত্যু হয়, ইহা বিচিত্র নহে। অভএব তোমরা চতুদ্দিক্ হইকে সংগ্রামে প্রন্তী হও। এ দেখ, মহার্ল মহাত্মা কর্ণ শরাসন ও দিব্যান্ত্র ধারণপূর্বক সমরে বিচর্ণ করিতেছেন। কুন্তীপুত্র ধাঞ্জয় ধাঁহার ভয়ে মুগেন্দ্র ভীত কুদ্র মুগের ন্ন্যায় সতত প্রতিনিরত হয়; যিনি মাকুষ্ যুদ্ধেই, অযুত নাগ তুন্য পরাক্ষ্ণালী ভীমসেনকে তদ্রেপ হুরবন্থাপন্ন করিয়াছিলেন; এবং ধিনি অস্থোবশক্তি "দারা দিব্যাস্ত্রবৈত্তা মায়াথী ঘটোৎকচকে নিপাতিত করিয়াছেন; অদ্য দেই তুর্বারবীর্ম দুত্যসন্ধ মহাবীরের অক্ষণ্য বাহুবল সন্দর্শন কর। পাগুবেরাও বিষ্ণু ও বাদবের ন্যায় অখ্যামা ও কর্ণের পরাক্রম দর্শন করুক। তোম্রা সকলেই বীর্ঘ্যান্ ও কৃতান্ত্র। তোমাদের মিলিত হ্ইবার কথা দূরে থাকুক, 'তোমর। প্রত্যেকই দদৈন্য পাণ্ডুপুজ্ঞদিগকে নিপাত্ত করিতে পার। (হে মহারাজ! মহাবীর হুর্য্যোধন দৈন্যগণকে এই কথা কহিয়া ভ্রাতৃগণে পরিবৃত হইয়া কর্ণকে সেনাপতিপদে অভিযক্তি করিলেন। রণত্নর্পদ মহারথ কর্ণ দৈনাপত্য আপু হইয় দিংহনাদ পরিত্যাগপুরক যুদ্ধ করত স্ঞ্জয়, পাঞ্চাল, কৈকয় ও বিদেহগণকে নিপাড়িত করিতে লাগিলেন। তাহার শরাসন হইতে জনর পংক্তির ন্যায় শত শত শরধারা প্রাত্তুত হইতে লাগিল। হে মহারাজ। মহাবীর সূতপুত্র এইরূপে পরাক্রান্ত পাঞ্চাল ও পাণ্ডবগণকে নিপীড়িত এবং সহস্র সহস্র যোধগণকে নিপাতিত করিয়া পরি-শেষে অৰ্জ্জন হতে নিহত হইয়াছেন।

## চতুর্থ অধ্যায় ৷

কৈ বৈশপ্পায়ন কহিলেন,—হে মহারাজ! অন্বিধানদন ধৃতরাষ্ট্র কর্ণের নিধন বার্ত্তা প্রবণ করিবামাত্র অপার শোকদাগরে অবগাহনপূর্বক তুর্য্যোধনকে নিহত বোধ করিয়া বিহল ও বিচেতন হইয়া বিসংজ্ঞ মাতৃঙ্গের ন্যায় ধরাতলে নিপতিত হইলেন। রাজা ভূতলে পতিত হইলে অন্তঃপুরচারিণী মহিলাগণের আর্ত্তনাদে পৃথিবী পরিপূর্ণ হইল। ভরতকুলকামিনীগণ ফোরতর শোকার্ণবৈ নিময় ও নিতান্ত ব্যাকুলিত হইয়া রোদন করিতে লাগিল। তথন গান্ধারী ও অন্যান্য মহিলাগণ রাজার নিকট আগমনপূর্বক সংজ্ঞাশূন্য হইয়া ভূতলে নিপতিত হইলেন। মহামতি সঞ্জয় সেই শোকম্ছিত বাষ্পাণপরিপূর্ণ কামিনীগণকে আখাস প্রদান করিতে লাগিলেন। মহিলাগণ সঞ্জয়ের বাক্যে সমাশ্বন্ধ হইয়া বায়ুচালিত কদলীর ন্যায় বারংবার কম্পিত

হইতে লাগিল। 'মহাত্মা বিত্রর প্রস্তাচক্ষ্ মহারাজ শ্বরাষ্ট্রের শরীরে জল সেচনপূর্দ্ধক তাঁহারে আশ্বাস প্রদান করিতে আরম্ভ করিলেন। রাজা ক্রমে ক্রমে সংজ্ঞালাভপূর্বক রমণীগণকে সমাগত জানিয়া নিতা্ত্ত উন্মত্তের ন্যায় ভ্রমীস্ত্র হইয়া রহিলেন। তৎপরে তিনি বহুক্ষণ চিন্তা করিয়া বারংবার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগপূর্বক স্বায় পুত্রগণের নিন্দা ও পাগুবগণের স্থুলী প্রশংসা করিলেন এবং শকুনির ও আপনার বৃদ্ধির নিন্দা করিয়া আনেকক্ষণ চিন্তা করত মুহুমুহু কম্পিত হইতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে তিনি ধৈর্যাবলম্বনপূর্বক স্থিরচিত্তে পুনরায় সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন, হে গবল্পনন্দন। তুমি যাহা কহিলে, সমুদায় প্রাণ করিলাম। আমার পুত্র রাজ্য কামুক তুর্যোধন ত জয়লাভে নিরাশ হইয়া প্রাণত্যাগ করে নাই ? তুমি পুনরায় আমার নিকট উহা যথার্থ স্বরূপ কীর্ত্তন করে।

. মহামতি সঞ্জয় ধৃতরাষ্ট্র কর্তৃক এইরপে অভিহিত হইয়া কহিলেন, মহারাজ ! মহারপু কর্ণ স্বীয় পুত্র ও ভ্রাতৃগণ সমভিব্যাহারে কালকবলে নিপতিত হইয়াছেন। যশস্বী ভীমদেন সমরে ছঃশাদনকে নিপাতিত করিয়া জৈধিভারে তাঁহার শোণিত পান করিয়াছেন।

### পঞ্চম অধ্যায়।

বৈশান্ধায়ন কহিলেন,—মহারাজ ! অমিকানন্দন ধৃতরাষ্ট্র সঞ্জয়ের বাক্য আবনে শোকসন্তপ্ত হইগা তাঁহারে কহিলেন, হে বংস ! আমার অদূরদর্শী পুজের তুনীতি বশতই কর্ণ নিহত হইগাছে। সূতপুজের নিধন বার্ত্তা আবর্ণে শোকে আমার মর্মাভেদ হইতেছে। যাহা হউক, এক্ষণে কৌরব ও স্প্পেয়-গণের মধ্যে কাহারা জীবিত রহিয়াছে, আর কাহারাই বা নিহত হইয়াছে, তদ্বান্ত কীর্ত্তন করিয়া আমার সংশয় ছেদন কর।

সঞ্জয় কহিলেন, মহারাজ! প্রতাপবান্ ছ্রাধর্ষ শান্তসূত্রর দশ দিনে অর্বাদ সংধ্যক পাগুবনৈত নিহত, মহাধন্ত্রর ছর্ত্বর জোণাচার্য্য পাঞ্চল-দিনের রথিগণকে নিপাতিত, মহাবীর কর্ণ ভীল্ম দ্রোণ হতাবশিষ্ট পাগুব-দৈত্রের অর্দ্ধাংশ ধ্বংস, মহাবল, পরাক্রান্ত রাজপুত্র বিবিংশতি দ্বারকাবাস শত শত যোধগণকে বিনষ্ট এবং অবস্তি দেশীয় রাজপুত্র মহারথ বিন্দ ও অন্ত্র-বিন্দ ছক্ষর কার্য্য সকল সম্পন্ন করিয়া সংগ্রামে প্রাণত্যাগ করিয়াছেন । আপ-

নার পুক্র বিকর্ণ হতাশ্ব ও ক্ষীণায়ুধ হইয়াও ক্ষত্রধর্ম স্মরণপূর্বক শত্রুগনের সন্মুখে সমবস্থিত হইরাছেন। ভীমপরাক্রম ভীমদেন, ছুর্য্যোধনছুর্নীতিজ্ञনিত ্বিবিধ ক্লেশ ও স্বীয় প্রতিজ্ঞা স্মারণ করিয়া তাঁহার প্রাণু সংহার ক্রিয়াছেন। দিন্ধরাষ্ট্র প্রভৃতি দশটি রাজ্য যে বারের বশবতী ছিল; যে বীর সতত আপনার শাসনাতুসারে কার্য্য করিতেন, অর্জ্জ্বন নিশিত শরনিকরে একা-দশ অক্ষোহিনী সেনা জয় করিয়া সেই মহাবীর্য্য জয়দ্রথকে নিপাতিত করি-য়াছেন,। পিতৃমতাবলম্বী যুদ্ধত্র্মদ তুর্য্যোধনপুত্র স্বভটোতনয়ের মহাবল পরা-ক্রান্ত সমরনিপুর্ণ ছঃশাসন তুনয় দ্রৌপদীনন্দনের, কৌরববংশীয় শস্ত্র বিহীন ভূরিবিক্রম ভূরিশ্রবা দাত্যকির, দয়র বিশারদ কৃতান্ত্র অমর্থ পুরিত ছংশাদন ভাসদেনের এবং অর্ণবের মনুপ্রাসী কিরাতগণের অধিপতি, দেবরাজের প্রিয় স্থা, ক্ষত্রধর্ম্ম নিরত ভগদন্ত-ও নিভাক চিত্ত মহাধ্যুদ্ধর সংগ্রাম নিরত অন্বষ্ঠ-রাজ শ্রুতায়ু ধনঞ্জয়ের হস্তে নিপাতিত হইয়াছেন। যে বীরের বহু সহস্র অন্ত গজ দৈন্ত ছিল, মহাবীর অর্জ্জুন সেই স্থদক্ষিণকে সংহার করিয়াছেন। কৈলাসাধিপতি মহাবল পরাক্রান্ত বিপক্ষগণকে সংহার করিয়া অভিমন্ত্যুর হত্তে বিনষ্ট হইয়াছেন। আপনার পুঞ্জ চিত্রদেন ভীমের সহিত বহুক্ষণ ঘোর-তর সংগ্রাম করিয়া পরিশেষে তাঁহার হস্তে প্রাণ পরিত্যাগ করিয়াছেন। মর্দিচর্মধারী শব্রুকুলের ভাষণ মন্ত্রাজনন্দন অভিমন্তুরে হস্তে নিহত হইয়া-ুছেন। মহাবীর ধনঞ্জয় অজিমন্তার বধে ক্রেদ্ধ হইয়া আত্ম প্রতিজ্ঞা প্রতিপালনার্থ কর্ণের সমক্ষে দৃঢ়বিক্রম, অন্ত্রপ্রয়োগ কুশল, কর্ণভুল্য তেজম্বী রুষদেনকে নিহত করিয়াছেন। পাগুবগণের বিষম বিপক্ষ রাজা আং তায়ুও উঁহার হস্তে নিহত হইয়াছেন। বুদ্ধ রাজা ভগীরথ ও কেকয় দেশীয় বৃহৎক্ষত্র সমরাঙ্গনে অসাধারণ পরাক্রম প্রদর্শনপূর্বক প্রাণত্যাগ করিয়াছেন। সহদেব মহাবল পরাক্রান্ত, মাতুলজ ভাতা শল্যপুত্র রুক্সরথকে, নকুল শ্যেনপক্ষীর ভায়ে শমরে বিচরণ করিয়া পরাক্রান্ত ভগদত পুত্রকে, রকোদর মহাবল প্রাক্রান্ত ম্বৰণ পরিবেষ্টিত আপনার পিতামহ বাহ্লীককে এবং মহাত্মা অভিমন্ত্য মগধদেশীয় জরাসন্ধ কুমার জয়ৎদেনকে নিহত করির।ছেন। ভাপনার পুত্র শ্রাভিমানী মহারথ ফুম্মুখ ও ছুঃসহ ভীমদেনের গদাঘাতে নিহত হইয়াছেন। 'শহাবীদ্ধ ছুর্মার্যণ, ছুর্বিষ্ঠ, ছুর্জন্ম এবং কলিঙ্গ ও রুষক নামে সমরছুর্মাদ

अंक्ष्यिश मंश्यात्म कृकत कृष्य मुल्लाननशृक्तक समन मनतन भगन, कतियाद्या । ম্পনার সটিব বীব্যবান্ ব্যবর্থা ভীমের হত্তে নিহত হইয়াছেন। অর্জুন অযুত্নাগের ইুল্য বল দুম্পন রাজা পৌরব এবং আপনার শ্রানক ব্রবক ও ষ্চলের প্রাণ নাশ করিয়াছেন। দ্বিদহস্র বদাতি,বহুদহস্র দংশপ্তক ह প্রেণি এবং মহাবল পরাক্রান্ত শূরদেন, বর্মধারী সম্রত্নশ্বদ অভীষাহ, বলবীগ্র্য সম্পন্ন শিবি, সংগ্রাম নিপুণ কলিঙ্গ ও গোকুল সংক্রদ্ধ কোপন স্বভাব অপার্ত্তক বীর-গণও অর্জ্নের হত্তে নিহত হইয়াছেন। অঘবান্ত বৃহস্ত ইঁহারা জুই জন মিত্রের হিত সাধনার্থ সমরে প্রবৃত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছেন। ভীমদেন মহাবাত্ত মহাধকুর্দ্ধর শাল্পরাজ ও মহারথ ক্ষেমধূর্ত্তিরে, সাত্যকি অরাতিনিসূদন মহাবল জলদন্ধকে এবং ঘটোৎকচ রাক্ষদেন্দ্র অলমুষকে নিপাতিত করিয়া-ছেন। সূতপুত্র কর্ণ, ভাঁহার মহারথ ভাতৃগণ এবং কেকয়, মালব, মদ্রক, দ্রাবিড়, যৌথেয়, ললিখা, ক্ষুদ্রক, উশীনর, মাবেল্বক, তুণ্ডিকের, সাবিত্রীপুক্র, প্রাচ্য, উদীচ্য, প্রতীচ্য ও দাক্ষিণাত্যগণ অর্জুনের হস্তে নিহত হইয়াছেন। তিনি অসংখ্য হস্তী, অখ, রথ, পদাতি এবং ধ্বজ, আয়ুধ, বর্ম ও বদন ভূষণ সম্পন্ন স্থথ পরিবর্দ্ধিত বীরগণ ও পরস্পীর বধাভিলাষী অমিত পরাক্রম যোধ-গণকে আক্রমণপূর্বক নিপ।তিত করিয়াছেন। হে মহারাজ! এতন্তির অক্সান্ম অনেক সৈক্য বিনক্ট হইয়াছে। কর্ণ ও অর্চ্ছুনের সংগ্রামে অনেকেই প্রাণত্যাগ করিয়াছে। যেরূপ দেবরাজ বৃত্তাস্থরকে, শ্রীরাম রাবণকে, ক্বফ নরক ও মুরকে, পরশুরাম জ্ঞাতি বন্ধু বান্ধব সমবেত যুদ্ধত্র্মদ কার্ত্তবীর্ণ্যকে, কার্ত্তিকেয় ত্রৈলোক্য মোহন মহাযুদ্ধে মহিষ্কে এবং রুদ্ধ শৈক্ষককে বিনাশ করিয়াছিলেন, তৃদ্রূপ মহাবার অজ্জুন অয়াত্য বান্ধবের সহিত কর্ণকে নিহত করিরাছেন। যাহার উপর সাপনার পুত্রগণের জয়াশা প্রতিষ্ঠিত ছিল, যে ব্যক্তি এই কুরুপাণ্ডব মুদ্ধের মূল; পাণ্ডবর্গণ এক্তবে সেই সূতপুত্তকে, সংহার করিয় নিশ্চন্ত হইলেন। হে মহারাজ। পূর্বের আপনি হিতৈষী বন্ধুগুলের হিত্রাক্যে কর্ণাত করেন নাই, দেই নিমিত্র আপনার রাজ্যকামুক পুত্রগণের বিষম হঃখ উপস্থিত হইগাছে। আপনি পুর্বে হিতৈষী লোকের অহিতাচরণ করিয়।ছিলেন, এক্ষণে তাহার ফল ভোগের কাল সমুপস্থিত হইয়াছে।

### वर्ष ज्यथायः।

ধৃতরাষ্ট্র কছিলেন,—হে সঞ্জয়। পাগুরেরা আমাদিগের যে সমস্ত যোধগণকে সংহার ক্রিয়াছে, তাহা কহিলে, একণে কৌরবগণ কর্তৃক পাগুবপক্ষের যে সমস্ত বার নিহত হইয়াছে, তাহা আমার নিকট কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন, ছে মহারাজ! মহাবীর ভীম্মদেব অমাত্য ও বন্ধু বান্ধব-গণ পরির্ত মহাবল পরাক্রান্ত কুন্তিগণ এবং নারাঘণ, বালভদ্র প্রভৃতি শত ্রশত শূর্গণকে নিপাতিত করিয়াছেন। অর্জ্জুন তুল্য বলবীর্য্য সম্পন্ন সত্যজিৎ পুত্রসমবেত রুদ্ধ বিরাট ও ক্রেপদ এবং যুদ্ধবিশারদ মহাধকুর্দ্ধর পাঞ্চালগণ সত্যসন্ধ দ্রোণের হত্তে নিহত হইয়াছেন। যে মহাবীর বালক হইয়াও সমরে অভিন্ন, বাস্তদেব ও বলভদ্রের তুল্য পরাক্রমশালী ছিলেন, সেই মহাবল পরাক্রান্ত অভিমন্ত্র মদংখ্য শত্রু সংহারপুশ্বক পরিশেষে ছয় জন মহারথ কর্ত্ত্বক প্রিস্কৃত ও বিরখীকৃত হইয়া ছুঃশাসন তনয়ের হস্তে প্রাণ-ত্যাগ করিয়াছেন। অরাতিমর্দ্দন শ্রীমান্ অস্বষ্ঠতনয় মিত্রছিতার্থ অসংখ্য দেন৷ গৃঁহভিব্যাহারে সংগ্রামে প্রব্ত হইয়া বহুদংখ্যক বিপক্ষ দৈন্য সংহার-. পূর্বক তুর্ব্যোধন পুত্র লক্ষ্মণ কর্তৃক নিপাতিত হইয়াছেন। মহাবীর তুঃশাসন বণবিশারদ কতান্ত্র মহাধকুর্দ্ধর বৃহস্তকে, দ্রোণাচার্য্য রণপণ্ডিত রাজা দশুধার, মণিমান্ ও মহাবল পরাক্রান্ত সদৈত ভোজেরাজ অংশুমান্কে, সমুদ্রদেন মুয়ুদ্রতীরবাদা চিত্রদেন ও তাঁহার পুক্রকে, মুখ্রখামা ও বিকর্ণ অনুপ্রাদী नीन ९ वीर्यायान वराख महत्कः विकर्ग विकर्ण विकित्याधी हिलायुधरकं, दक्कग्र-রাজ কেক্যদেশীয় যোধগণে পরিবেষ্টিত র্কোদর দম পরাক্রান্ত স্বীয় ভাতারে এবং আপনার পুত্র ছুমুখি পর্বতনিবাদী প্রতাপবান্ গদাযোধী জনমেজয়কে শমনভবনে প্রেরণ করিয়াছেন। প্রদীপ্ত গ্রহন্বয়ের স্থায় মহাবৃল পেরাক্রান্ত রোচমান নামে ভাতৃত্বঘ দ্রোণদায়ক প্রভাবে সমরে নিপতিত হইয়াছেন।

হে মহারাজ ! এতন্তির অন্যান্য বহুদংখ্যক ভূপতি সংগ্রামে প্রবৃত্ত হইয়া কলেবর পরিত্যাগ করিয়াছেন। সংজ্ঞান নাতৃল পুরুজিং এ কুঞ্জিভোজ এবং পাঞ্চালদেশীর মিত্রধর্মা ও ক্ষত্রধর্মা জোণের হস্তে নিহত হইয়াছেন। বস্তদানপুত্র কাশিক যোধনণে পরিবৃত কাশিরাজ অভিভূরে নিপাতিত করি- য়াছেন। বীর্যাবান্ অনিতোজা যুধামন্ত্য ও উত্তমোজা শত শত অরাতি সংহারপূর্বক পরিশেষে কৌরবগণের হত্তে নিহত হইয়াছেন। আপনার পৌক্ত লক্ষ্মণ শিখণ্ডীতনয় ক্ষত্রদেবকে, কোরবিন্দ্র বাহলীক শার্রধারী সেনাবিন্দু তানয়কে এবং মহাবার দ্রোণ, মহারথ স্কৃচিত্র ও তাঁহার পুত্র চিত্র-বর্ম্মা এবং শিশুপাল পুত্র স্ক্রেক্ত্র, মহাবীর সত্যগ্রভি, বীর্যাম্ মদিরাশ্ব, পরাক্রান্ত সূর্যাদত, অরাতি মর্দ্দন বস্থান ও অত্যাত্য পাণ্ডবপক্ষীয় মহারথ-গণকে আক্রমণপূর্বক নিপাতিত করিয়াছেন। পরমান্ত্র থিশারদ মহাবল পরাক্রান্ত মগধরার্জ ভীল্মেব হত্তে নিহত হইয়া সংপ্রামন্থলে শ্রান রহিয়াছেন। পর্বব সম্যের সমুদ্রের ভায় উদ্ধৃত মহাবীর বার্দ্ধক্রেমি বিগতায়ুধ হইয়া নিহত হইয়াছেন। চেদিশ্রেষ্ঠ প্রক্রকে কার্যা সম্পাদনপূর্বক প্রাণত্যাগ করিয়াছেন। কে মহারাজ প্রেলিমান্ এবং বিরাট পুত্র মহারথ শত্ত্ব উত্তর পাণ্ডব হিতার্থে সমরে ত্ররহ কার্য্য সম্পাদনপূর্বক প্রাণত্যাগ করিয়াছেন। কে মহারাজ ও একছির অন্যান্ত অনেক বীব দ্রোণের হঙ্গে নিহত হইয়াছেন। আপনি আম'রে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন; এই তাহা কার্ত্রন করিলাম।

#### সপ্তম অধাায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সণ্ডয় থখন অস্ত্রৎপক্ষায় প্রধান প্রথান বীরগণ নিহত হইবাছেন, তথন আমাদের হতাবশিষ্ট সৈন্তগণও নিংশেষিত হইবে এ মহাবীর ভীম্মদেব ও দ্রোণাচার্য্য আমার কার্য্য সাধনে প্রবৃত্ত হইয়া কলেবর পরিত্যাগ করিয়াছেন, অতএব আমার আর জীবিত থাকিবার প্রয়োজন কি । যে মহাবার লক্ষ কুঞ্জর ভূল্য বাহুবলশালী ছিল, সেই সমরশোভী সূত্র্প্ত্রেও একবারে অদৃশ্য হইয়াছে, হে সঞ্জয় ! আমাদের যে সমস্ত প্রধান প্রধান বীর নিহত হইবাছে, তাহা কহিলে, এক্ষণে কে কে জীবিত আছে, তাহা কার্যার মুখে অসাধারণ বলবীর্য্য সম্পন্ন বীরগণের নিধন বার্ত্তা প্রবণে যাহারা জীবিত আছে, তাহাদিগকেও আমার মৃত্ব বলিয়া বোধ হইতেছে।

সঞ্জয় কহিলেন,—হে মহারাজ ! দ্বিজসত্তম দ্রোণাচার্য্য বাঁহারে বিশুদ্ধ চতুর্বিধ মহান্ত্র ও দিব্যান্ত্র জাল প্রদান করিয়াছেন, সেই ক্ষিপ্রহস্ত দৃঢ়ায়ুধ

নীৰ্য্যান্ মহার । অশ্বত্থামা এবং দ্বাবকাবাদী ছদিকাত্মজ ভোজবাজ কুতনৰ্ম। ্রী পনাদেব হিত্তার্থ সমরের সমবস্থিত রহিযাছেন। যিনি আপনার বাক্য সত্য ক'রবার নিমিত্ত ভাগিনেয পাগুবগণকে পবিত্যাগ কবি্যাছেন, ধিনি যুধিষ্ঠিরের ্সমকে ক্রেণি তেজ নিরাণ কবিব বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন, সেই শক্ত সমানবীর্য্য দ্বাধর্ষ আওঁ।যননন্দন শ্ল্য আপনাদের হিত সাধনার্থ যুদ্ধার্থী চইযা-ছেন। মহাদীব গান্ধারবাজ আপনাব হিতার্থ আজানীয, সৈন্ধব, নদীজ, ়কাম্বোজ, বৃনায়ুজ ও পার্ববতীষগণ সমভিব্যাহারে সংগ্রাম স্বলে উপস্থিত বিহ্যাছেন চিত্রযোধা মহাবাহু কৃপ বিচিত্র শ্বাসন সমুদ্তে কবিষা এবং মহারণ কৈক্য বাজপুত্র সদশ্ব ওপ তাকাযুক্ত রথে স্যার্কত ইইয়া আপনার হিত াকামনায সুদ্ধার্থ প্রস্তুত হইষাছেন। আপনান পুক্র পুক্ষিত্র অনল ও সূর্য্য সদৃশ প্রভা সম্পন্ন বলে খাবে চণপুর্বক মেঘবহিত গগনমণ্ডলে বিবাজমান সূর্য্যের ন্যাব শোভা পাইতেচেন। প্ক্য প্রধান বাজা ছুর্গ্যাপন অসংখ্য মাতক্ষেব মধ্য-স্থাল গ্রাস্থানপুর্ব ক্রাণান্দ্র ন্যায় এবং প্রবণময় বিচিত্র বর্মাধারণপুর্ববক ্০মভূমিত রথে সাবোচণ কবিষা অল্লধুম ব হল ন্যায় ও মেহান্তরিত দিবা-ক্রেব'ন্যায় বাজগণ মধ্যে বিবাজমান ১ইতেছেন। আপনার পুত্র অসিচশ্মপাণি স্তুপেণ ও সভাদেন চিত্রপেনের সহিত মিলিত হইয়া আহলাদিত চিত্তে সমর বাসমায় অব্স্থান কবিতেছেন। মহানীব ক্ষণভোজী, স্থদর্শ, জবা**সন্ধে**ব প্রথম প্ত অদৃঢ, চিত্রায়ুদ, জঘ, প্রুতিবন্মা, শল,সত্যবত ও তুঃশল ইহাবা সংগ্রামার্থ প্রস্তুত্র-বহিষাছেন। শব্রুঘানন শুবাভিমানী বাজপুত্র কৈতব্যাধিপতি অসংখ্য বণ, অশ্ব, হস্তী ও পদাতি সমভিব্যাহাতে সমরে অবস্থান করিতেছেন। মহাবীর শু গায়ুণ, ধু গায়ুধ, চিত্রাঙ্গদ ও চিত্রদেন এবং কর্ণের পুলে সত্যসন্ধ ইহারা সং-গ্রামার্থ দৈন্যগণ দ্যভিব্যাহাবে দ্যবস্থলে দ্যবস্থিত রহিয়াছেন। মহাবীর কর্ণের আরুর তুই পুত্র অল্পবীর্য় সম্পন্ন সৈন্যগণ সমভিব্যাহাবে পাণ্ডবগণের প্রভূত দৈন্য আক্রমণ কবিতে উদ্যত হইগাছেন। ইন্দ্র তুল্য পরাক্রমশালী কুরু-বাজ হুর্য্যোধন বিজ্ঞয় কামনায় এই সমুদায় ও অন্যান্য অপরিমিত প্রভাবশালী শ্রেষ্ঠ যোধগণ দগবেত হইবা প্রস্তুত মাতঙ্গ দৈন্য মধ্যে অবস্থান করিচ্চেছেন। ধৃতরাষ্ট্র সঞ্জযের বাক্য শ্রেবণানন্তব কহিলেন,—হে সঞ্জয় । অস্মৎপক্ষীয় 'যে মে বীরগণ'বিপক্ষের ছস্ত হইকে পরিত্রাণ পাইঘা জীবিত রহিয়াছে, তাহা-

দেরনোম কীর্ত্তন করিলে। তুমি ইতিপূর্বে মৃত ব্যক্তিগণের নাম, উল্লেখ করা-তেই স্থামি কোন্ ধোন্ ব্যক্তি জীবিত রহিয়াছে, তাহা অবগত হইয়াছি।

্বৈশস্পায়ন কহিলেন,—হে মহারাজ। রাজা প্রতরাষ্ট্র এইরূপ বলিতে ব্লিতে শ্রেষ্ঠ বীরগণের বিনাশ ও দৈন্যের অল্পমাত্র অবশেষ বার্ত্তা আবণ জনিত শোকে নিতান্ত ব্যাকুলিত ও মুচ্ছিত প্রায় হইয়া কহিলেন, হৈ সঞ্জয় ু কণকাল বিলম্ব কর, এই স্থলারুণ অনঙ্গল সন্ধাদ শ্রোবল ক্রিয়া আমার মন নিতান্ত ব্যাকু-লিত ও অঙ্গ সকল অবসম হইয়াছে, আমি কোন ক্রমেই স্থান্থির হুইতে পারি-তেছি না। কুরুরাজ সঞ্জয়কে এই কথা কহিয়া নিতান্ত উদ্ভান্তিতিত হইলেন।

অষ্টম অধ্যায় ৷

জনমেজয়'কহিলেন,—হে তপোধন! মহারাজ ধ্তরাষ্ট্র মহাবীর কণ ও সমরে অপরাগ্নুখ পুত্রগণকে নিহত তাবণ, আর্মায় নাশ ও পুত্র বিয়োগ জনিত ছুঃথে নিতান্ত কাতর হইয়া যাহ। কাহ্যাভিলেন, আপনি গাহ। কীর্ত্তন করুন; উহা শ্রাবণ করিছে আমার অভিশব গভিলাষ হইতেছে।

বৈশপায়ন কহিলেন,—মহারাজ ! রাজা ধৃতরাষ্ট্র গদ্ধুত ব্যাপারের ন্যায় নিতান্ত অত্রাদের, ভূত সংমোহন, স্থায়েক সঞ্চরণের ন্যায়, মহামতি শুক্রা-চার্য্যের বুদ্ধিংবিভ্রমের ন্যায়, মহাবল পরাক্রান্ত ইন্দ্রের শক্ত হল্তে পরাজ্ঞ্যের ভাায়, মহাতেজস্বী দূর্য্যের ভূতল পাতনের ন্যায়, অনন্ত দলিল যুক্ত মহাদাগরের শোষণের আয়, ভূমগুল, নভোমগুল, দিগাগুল ও দলিলরাশির অত্যন্তাভাবের ত্যায় এবং পুণ্য ও পাপের বৈকল্যের ন্যায় নিতাস্ত অদ্ভূত ও অপ্রদ্ধেষ কর্ণ বিনাশ রক্তান্ত একান্তমনে চিন্তা করিয়া, সর্বনাশ হইল, অবুশিষ্ট সৈন্যগণত বিন্দ হইবে বলিয়া স্থির করিলেন এবং শোকসম্ভপ্তচিত্তে শিথিল কলেবরে দীনভাবে হা ২ত্তাম্মি বলিয়া দার্ঘনিশ্বাস পরিত্যাগপুর্বক বিলাপ ও পরিতাপ করত কহিলেন, হায় ! যাহার বলবিক্রম সিংহ ও মাতক্ষের ভায় এবং ক্ষম ও চক্ষু র্ষভের ন্যায়; যাহার জ্যানির্ঘোষ, তলধ্বনি ও শরবর্ষণ শব্দে র্থী, আছ েও মাওক্সণ রণস্থলে অবস্থান করিতে অসমর্থ হইত; যে বীর ব্রষ্ভের সহিত যুদ্ধে প্রবৃত্ত রুষভের ভায়ে দেবরাজ ইন্দ্রের সহিত্ত সংগ্রামে প্রবৃত্ত হইয়াও প্রতিনির্ভ হইড না এবং জিগীষা' পরবশ হর্ষ্যোধন যাহার বাহুবল অবলম্বন-পুর্ব্বক পাণ্ডবগণের সহিত বৈরানল প্রস্কৃতিত করিয়াছে, সেই তুঃসহপ্রাক্রম

পুরুষপ্রবর 'াহাবীর কর্ণ সহসা কি রূপে অর্জ্জুন শরে নিহত হইল ? যে স্বীয় ভুজবার্ষ্যে গরিব ত হইয়া বাস্থদেব, অর্জুন এবং রুফি বংশীয় ও অস্থাস্থ স্থপাল-গণকে লক্ষ্যই করিত না, যে বীর তানি কৃষ্ণ ও অর্জ্বনের অ্যতাতেক রথ চইতে নিপাতিত করিব বলিয়া রাজ্যলোলুপ লোভমোহিত ভয়ার্ভ ছুর্ফোধনকে বারংবার আখাদ প্রদান করিত; যে মহাবীর তুর্যোধনের অস্থ্যুদয়ের নিমিত্ত ানাশত শরনিকরে কাম্বোজ, অবস্তি, কেকয়, গান্ধার, মন্ত্রক, মৎস্ত, ত্রিগর্ত্ত, অঙ্গণ, শক্, পাঞ্চাল, বিদেহ, কুলিন্দ, কোশল, কাশি, হুক্ষা, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, নিষাদ, পুণ্ডু, চান, বুৎস, তরল, অত্মক ও ঋষিকদিগকে পরাজয় করিয়া সামাদের অধীন ও করপ্রদ করিয়াছিল; সেই দিব্যান্তবেত্তা সেনাপতি কর্ণ কি বল্প পাণ্ডবগণ কর্ত্তক নিহত হইল ? দেবগণ মধ্যে ইনদ্র ও মনুষ্যগণ মধ্যে কর্ণই শ্রেষ্ঠ ; এই ত্রিলোক মধ্যে আর তৃতীয় শ্রেষ্ঠ ব্যক্তি নাই। অশ্বরণ মধ্যে উল্লেখনা, ভূপালগণ মধ্যে বৈতাবণ, দেবগণ মধ্যে মহেন্দ্র পদ্ধবর্যীদিগের মধ্যে কর্ণই শ্রেষ্ঠ । তিনি ছুর্য্যোধনের উন্নতির নিমিত্ত বলবীর্য্যশালা পার্থিব-গণের দহিত সমগ্র পৃথিবী জঘ করিথাছিলেন। মগধরাজ জরাসন্ধ যাহারে যিত্রভাবে প্রাপ্ত হইয়া যাদব ও বেরবগণ ব্যতিরেকে আর পৃথিবীস্থ সমস্ত ক্ষত্রিয়কে সমরে আহ্বান করিয়াছিলেন, আমি সেই মহাবীর ফর্ণকে ছৈরপ যুদ্ধে অর্জ্জুনহন্তে নিহত শ্রাবণ করিয়া সাগর মধ্যে বিদার্ণ নৌকার ভায় ও মমুদ্র মধ্যস্থ প্লবহান মনুষ্যের ভাষ শোকাণবৈ নিমগ্র হইতেছি। হে সঞ্জয়! যখন ূআমি ঈদৃশ হঃখ প্রাপ্ত ইয়াও বিনফী না হইলাম, তখন বোধ হই-তেছে, আমার হৃদয় বজ্র অপেকাও কঠিন ও হুর্ভেদ্য। হায়! আমা ভিন্ন থ্য কোন্ ব্যক্তি জাতি, সম্বন্ধী ও মিত্রগণের এইরূপ পরাভব **ভা**বণ করিয়া প্রাণ পারত্যাগ না করে ? আমি আর এই সমস্ত কন্ট দহা করিতে পারি না; এক্ষণে বিষ ভক্ষণ, সন্মি প্রবেশ বা পর্বতি শিখর হইতে পতন দারা প্রাণ ত্যাগ করিবার বাসনা করি।

#### নবম অধ্যায়।

দক্ষর প্রতরাষ্ট্রের বিলাপ বাক্য প্রবণ করিয়া কহিলেন,—হে মৃহারাজ ! 
যাধুগণ আপনারে কুল, যশ, শ্রী, তপস্তা ও বিদ্যাতে নত্ধনন্দন য্যাতিব
ন্যায়, বোধ করিয়া ধাকেন। আপনি শাস্তভান বিষণে মহর্ষিদিগের ন্যায়

ক্তক হৈ হ'ই য়াছেন। অতএব একণে আর শোক করিবেন ন্র, ধৈর্যাব-শেষন ক্রেন।

ধুতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয় ! কথন শালতরুসন্ধিভ সূতনক্ষন সমরে নিহত হেইয়াছে, তথম দৈবই বলবান্; পুরুষকারে ধিক্, উহা কোন কার্য্যকারক নহে। মহারথ কর্ণ শর্নিকরে অসংখ্য যুধিষ্ঠির সৈন্য ও পাঞ্চাল দেশীয় রথিগণকে নিপাতিত, দিক্ 'সকল কাপিত এবং বজ্রহস্ত রাশব যেমন অফুরগণকে মোহিত করেন, তদ্ধেপ পাগুবগণকে বিমোহিত করিয়া কিরুপে বায়ুভগ্ন বক্ষের ন্যায় সমরাঙ্গনে নিপতিত হইল ? সূত্পুজের নিধন নিতাস্ত আশ্চর্য্যজনক। আমি কর্ণের নিধন ও অর্জ্জুনের জয়লাভ শ্রেবণ করিয়া শোক দাগরের পারদর্শনে অদমর্থ হইয়াছি। আমার টিস্তা অতিশয় নরি-বিদ্ধিত হইতেছে। আর কোন জেমেই প্রাণ ধারণ করিতে ইচ্ছা হয় না। হে সঞ্জয়! আমার হাদয় নিশ্চয়ই বজ্রসারময় ও সুর্ভেগু, নতুবা পুরুষ প্রধান কর্ণের বিনাশবার্ত্তা প্রবণে উহা কি নিমিত্ত বিদীর্ণ হইতেছে না ? নিশ্চয়ই দেবতার। আমার স্থদীর্ঘ পরমায়ু কল্পন। করিয়াছেন; দেই দিমিত্তই সৃতপুত্তের নিধনবার্ত্তা তাবণে যার পর নাই ছঃথিত হইয়াও জীবিত রছি-য়াছি। হে 'সঞ্জয়! এই বন্ধুহীন হতভাগ্যের জীবনে ধিক্! অগু আমার এই গৃহিত দশা উপস্থিত হওয়াতে আমি নিতান্ত দীন ও সকলের শোচ্য হইলাম। পূর্বে সকল লোকেই আমারে সৎকার করিত, এক্ষণে আমি শক্রে কর্ত্ত্বন্দ পরিস্থৃত হইয়া কিরূপে জীবন ধারণ করি ! মহাত্মা ভীত্ম, জ্যোণ ও কর্ণের নিধনে আমি যার পর নাই ছুঃখ ও ব্যসন প্রাপ্ত হইলাম। যথন সূতপুত্র নিহত হইয়াছে, তথৰ আমার সৈন্যগণও নিঃশেষিত হইল। যে মহাবীর কর্ণ আমার পুত্রগণকে সংগ্রামদাগর হইতে উত্তীর্ণ করিত; আজি সে অসংখ্য শর পরিত্যাগপূর্বক সমরে নিহত হইয়াছে! সেই মহাবীর ব্যতীত আমার জাবনে প্রয়োজন কি ? হায় ! আজি দেই অধিরথনন্দন কর্ণ শরাদ্দিত ও রুধিরাক্ত কলেবর হইয়ারথ হইতে বজ্রবিদারিত পর্ববিভাৃঙ্গের ভায়, মত্ত্মাতক্ষ বিনিপাডিত কুঞ্জারের ন্যায় সমরাক্ষনে নিপতিত হইয়া ভূমগুল হুশোভিত করিতৈছে; যে মহাবার মিত্রগণের অভয়প্রদ, আমার পুত্রগণের ৰল, পাণ্ডবগণের ভয়ন্থান ও ধতুর্দ্ধবদিগের উপমান্থল ছিল, দেই মহাধতুর্দ্ধর

কর্ণ এক্ষণে দেবরাজ বিদারিত পর্বতে স্থায় অর্জ্ছন শরে নিহত হইয়া রণ-শয়ায় শয়ন করিয়াছে। এক্ষণে তুর্য্যোধনের অভিলাষ পঙ্গুর গ্র্মনেচ্ছা, দ্রেরিদ্রের সনোভিলাষ ও ভ্ষিতের জলবিন্দুর ন্যায় কোন ফ্লোপধায়ক হইল না। আমরা যেরপ কার্যা করিবার চিন্তা করি, তাহার বিপরীত কার্য্য হইয়া উঠে। অতএব নৈবই বলবান্ ও কাল নিতান্ত তুরতিক্রমণীয়।

হে সঞ্জয় ! আমার পুত্র-ছঃশাসন কি দীনাত্মা হীনপৌরুষের ন্যায় পলা-যুন প্রায়ণ ভইয়া নিহত হইয়াছে ? সে কি ক্ষত্রিয় প্রধান বারগণের ন্যায় বারত্ব প্রকাশ না করিয়া নপ্রাণত্যাগ করিয়াছে ? মহামাত যুধষ্ঠির বারংবার যুদ্ধ করিতে নিষেধ করিয়াছিল, কিন্তু মূঢ়াত্মা তুর্য্যোপন যুধিষ্ঠিরের সেই ঔষণ দৃদ্র্য হিতকর বাকের আছে। প্রদর্শন করে না । মহাত্মা ভীত্মদেব শরশয্যায় শ্যান হইয়া অর্জ্জনের নিকট পানীয় প্রার্থনা করিলে পার্থ অবনী বিদারণ-পূৰ্বক জলধার। উত্তোলিত করিয়াছিল। মহাবাহু শান্তসুনন্দন তদ্দর্শনে ছুর্ব্যোধনকে কহিলেন, বৎস! আর সংগ্রাম করিওনা; আমার নিধনেই তোমাদের যুদ্ধের শেষ হউক। তুমি একণে দক্ষি সংস্থাপনপূর্বক শান্তি-লাভ করিয়। পাণ্ডবগণের সহিত জাতৃভাবে পৃথিবী ভোগ কর। হে সঞ্জয়! খানার পুজ্র তৎকালে শান্তসুতনয়ের সেই বাক্যানুদারে কার্য্য না করিয়া একণে শোকসন্তপ্ত হইতেছে। হায়! দীর্ঘদশা মহাত্মা বিত্রর পূর্বে যাহা কহিয়াছিলেন এক্ষণে তাহাই ঘটিতেছে। সর্বনাশকর ছুরোদর প্রভাবে মামার পুত্র ও অমাত্যগণ নিহত হইয়াছে; আমি নিতান্ত কুচ্ছে নিপভিত হইয়াছি। বাসকগণ বিহঙ্গমের পক্ষ ছেদনপূর্বক তাহারে পরিত্যাগ কঁরিয়া ভাড়ন করিতে আরম্ভ করিলে সে যেমন পক্ষহীন ও গমনে অসমর্থ হইয়া দারুণ যন্ত্রণা ভোগ করে, আমিও তদ্ধাপ জ্ঞাতিবন্ধুহীন, অর্থাবহীন, নিতান্ত ক্ষীণ ও শত্রুগণের বশাস্ত হইয়া যারপর নাই কম্ট ভে'গ করিতেছি। হায় ! এখন কোথায় গমন করিব ?

#### দশম অধ্যার।

বৈশপায়ন কহিলেন,—মহারাজ ! রাজা ধৃতরাষ্ট্র শোকব্যকে ও বিষাদনম হইয়া এইরূপ বছতর বিলাপ করত পুনর্বার সঞ্জয়কে কহিলেন, বংস !
টো বার ছুর্য্যোধনের বৃদ্ধির নিমিত্ত সমুদায় কাম্বোজ, ধ্বর্ষ্ঠ, কৈকয়, গান্ধার ও

বিদেইগণকৈ জয় করিয়া সমুদায় পৃথিবা বশীপূত করিয়াছিল, বাহুবলশালী পাণ্ডবগণ শরনিকর দারা দেই কর্ণকে সমরে পরাজিত করিয়াছে। সেই মহা-ধপুর্ব অর্জুন শরে নিহল হইলে অস্থপিকীয় কোন্কোন্ বীর সমরাঙ্গনে অধস্থান করিল, তাহা আমার নিকট কীর্ত্তন কর। সূতপুত্র পাণ্ডবশরে িনিহত হইলে অস্মৎপক্ষীয় বীরগণ ত তাহারে পরিত্যাগপুর্বাক, পলায়ন করে নাই ? হে সঞ্জয় ! যে বীর যেরূপে নিহত হইয়াছে, তুমি' তাঁহা ইতি-পূর্ব্বেই আমার নিকট বর্ণন করিয়াছ। ক্রপদনন্দন শিখণ্ডী উৎকুট শরনিকর নিক্ষেপপূর্ব্যক প্রতিপ্রহার পরাগ্ন্যুখ ভীম্মদেবকে নিপাতিত এবং মহাবীর ধৃউত্যুম্ব মহাধকুর্দ্ধর অন্তশস্ত্র যোগান্বিত জ্রোণাচার্য্যকে শরজালে সমাচ্ছন করিয়া খড়গাঘাতে নিহত করিয়াছে। ঐ বীরন্বয়ের মৃত্যু ছিদ্রান্থেষণতৎপর অরাতিগণের ছল প্রভাবেই সম্পাদিত হইয়াছে। তায় যুদ্ধে বজ্রধর ইন্দ্রও উঁহাদিগকে সংহার করিতে দমর্থ নহেন। যাহা হউক, এক্ষণে দিব্যাস্ত্রবয়ী ইন্দ্রোপম মহাবীর কর্ণ কিরূপে মৃত্যুগ্রস্ত হইল, তাহা কীর্ত্তন কর। স্থররাজ পুরন্দর যাহারে কবচ ও কুগুল যুগলের বিনিময়ে কনক ভূষণ, অরাতিনিপাতন, দিব্য শক্তি প্রদান করিয়াছিলেন; যাহার নিকট স্থবর্ণ ভূষণ দর্পমুখ দিব্য শর বিভাষান ছিল; যে বীর ভীষ্ম দ্রোণ প্রভৃতি মহারথগণকে অবজ্ঞ। করিয়। জামদর্য্যের নিকটে ভয়ঙ্কর ব্রহ্ম অ্ক্র শিক্ষা করিয়াছিল; যে বীর শরপীড়িত দ্রোণ প্রমুখ বীরগণকে বিমুখ দেখিয়। শর্মিকরে সৌভদ্রের শরাসন ছেদনে কৃতকার্য্য হইয়াছিল; যে বার অযুত নাগ তুল্য পরাক্রাস্থ ও বজুের ন্যায় বেগবান্ ভীমসেনকে সহদা বলহীন করিয়া উপাহাদ করিয়াছিল , যে বীর নত-পর্বব শরনিকরে, সহদেবকে নিজ্জিত ও বিরথ করিয়া কেবল ধর্ম।সুরোধে নিহত করে নাই; যে বার ইন্দ্রণক্তি দার৷ অশেষ মাধাবল্মী জয়লিপ্সু রাক্ষসেন্ত্র হাটোৎকচফে নিপাতিত করিয়াছে; এবং মহাবীর ধনঞ্জ ভীত হইয়া য়াহার সহিত এতাবং কাল দৈরথ যুদ্ধে প্রবৃত্ত হয় নাই; সেই মহাবল পিরাক্রান্ত কর্ণ কিরূপে সংগ্রামে নিহত হইল ? তাহার রথ ভঙ্গ, শরাসন বিশীর্ণ বা অস্ত্র খিনফ দা হইলে দে কখনই অরাতিশরে নিপতিত হইত না। মহণীর কর্ণ সমরে মহাচাপ বিঘূর্ণনপূর্ববক ভীষণ শর দিব্যাস্ত্র সমুদায় পরিত্যাগ করিতে আরম্ভ করিলে তাঁহারে পরাজয় করা কাহার সাগ্য। (হ সঞ্চয়! তোঁমার মূখে কর্ণের নিধন বার্ত্তা প্রাবণে আমার নিশ্চরই বোধ হইতেছে যে, তাহার পরা-সন ছিন্ন বা রথ ভূতলগত অথবা অস্ত্র সমুদার বিনষ্ট হইরাছিল। এই সমু দায়ের অনাত্র কারণ ব্যতীত খার কিছুতেই তাহার রিনাশের সম্ভাবনা নাই।

হে সঞ্জয় ! যে মহাত্মা, আমি অৰ্জ্নকে নিহত না করিয়া পাদ প্রকালয় করিব না রলিয়া দৃঢ়ব্রত করিয়াছিল; ধর্মারাজ যুধিষ্ঠির যাহার রণনৈপুণ্য শারণে ভীত হইয়া ত্রেয়াদশ বংসর নিদ্রাগত হর নাই; যে বীরের বলবীর্য্য প্রভাবে আমার পুত্র তুর্ব্যোধন পাগুবগণের প্রেয়দী পাঞ্চালীরে বলপূর্ব্বক সভানধ্যে আনয়ন করিয়া পাঞ্ববগণ সমকে দাসভার্য্য বলিগা সম্বোধন করিয়া-ছিল ; যে বীর রোষাবিষ্ট হইয়া সভামধ্যে দ্রোপদীরে "হে বরবর্ণিনি ! তোমার ষণ্ডতিল সদৃশ প্রতিগণ আর বর্তুমান নাই; মত এব অন্ত কোন ব্যক্তিকে পতিত্বে বর্ণ কর" বলিয়া উপহাস করিয়াছিল, সেই সূতনন্দন কিরূপে শক্ত কর্ত্ত নিহত হইয়াছে ? ঐ মহানীর পূর্ণের ছুর্য্যোধনকে কহিয়াছিল ; হে মহারাজ ! সাপনি চিন্তা প্রিত্যাগ করুন । যদি সমরনিপুণ ভীমা ও যুদ্ধহুর্মদ দ্রোণার্টার্যা পক্ষপাত প্রযুক্ত কৌস্তেয়গণকে নিপাতিত না করেন, তবে স্থামি উহাদের সকলকেই নিহত করিব। আমার স্মিগ্ধচন্দনদিগ্ধ শার সমরাঙ্গনে ধাবদান হইলে গাণ্ডিব শরাসন ও অক্ষয় ভূণীরদ্বয় কি করিতে পারিবে ? যে মহাধনুদ্ধর এইরূপ, আস্ফালন করিয়া তুর্য্যোধনকে আশ্বস্ত করিয়াছিল, সেই সূতপুত্র কিরূপে অর্জ্ঞ্ন কর্তৃক নিহত হইয়াছে ? যে মহাবীর গাণ্ডীবনিমুক্ত শরনিকঁরে উগ্রতা অগ্রাহ্য করিয়। দ্রোপদারে হে পাঞ্চালি ! তুমি পতিহীনা হইয়াছ বলিতে বলিতে পাগুবগণের প্রতি দৃষ্টিপাত করিয়াছিল; যে বীর বাহুবল প্রভাবে মুহূর্ত্ত কালও জনার্দ্দন ও সপুত্র পাগুবগণ হুইতে ভীত হয় নাই; আমার মতে পাণ্ডবর্গীণের কথা দূরে থাকুক, ইন্দ্রাদি দেবগণও তাহারে সংগ্রামে বিনাশ করিতে সমর্থ ন্ছেন। অধিরথনন্দন কর্ণ মৌক্রী স্পৃশ ব। বর্ম ধারণ করিলে কোন্ ব্যক্তি তাহার অত্থে অবস্থান করিতে পারে ? বরং प्रथल हस्त, मूर्या ७ वक्ति . शः खिविशेन व्हेर्ड शारत किन्न ममरत अर्थताध्रं কর্ণের বিনাশ কখনই সম্ভবপর নহে.।

আমার পুল তুর্বাদ্ধি তুর্যোধন যে সূতপুল কর্ণ ও লাতা তুঃশাসনকে সহায় করিয়া বাস্ত্দেবকে প্রত্যাখ্যান করিয়াছিল, বোধ করি, এক্ষণে তাহা-

দের উভয়কেই নিহত অবলোকন করিয়া নিতান্ত শোক সভপ্ত হইতেছে। হে সঞ্জয় ! ছুর্য্যোধন দ্বৈর্থ যুদ্ধে অর্জ্জুন কর্তৃক কর্ণকৈ নিহত ও পাণ্ডবগণকে জয়যুক্ত দর্শন করিয়া কি কহিল ? বোধ করি, সে তুর্মার্যণ ও রুষদেনকে নিহত, দৈল্যদ্মদায়কে মহারখগণ কর্ত্তক ভ্রম, ভূপতিগণকে পলায়ন পরায়ণ এবং র্থিগণকে বিক্রত অবলোকন করিয়া শোকার্ণবে নিমগ্ন হইয়াছে । বহু সঞ্জয় । ছবিনীত, অভিযানী, ছবি দ্ধি, অজিতেন্দ্রিয় ছুর্যোধন পূর্বে হুঞ্চলাণ কর্তৃক নিবারিত হইয়াও ঐ স্থমহান্ বৈরাগ্নি প্রজ্বলিত করিয়াছে। এক্ষণে সৈন্যগণকে ভগ্নোৎদাহ ও প্রধান প্রধান বীরগণের প্রায় সমুদায়কে নিহত দেখিয়া কি কহিল? গান্ধাররাজ শকুনি পূর্বে, সন্তুষ্টচিত্তে দ্যুতক্রীড়া করিয়া পাণ্ডবগণকে বঞ্চিত করিয়াছিল; একণে সে কর্ণকে নিহত অবলোকন করিয়া কি বলিল ? সাত্ত বংশীর মহারথ মহাধপুর্দ্ধর কৃতবর্ণ্মা কর্ণকে নিহত দেখিয়া কি কহিলেন ? ত্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ ঘাঁহার নিকট ধ্যুর্বেদ শিক্ষা করিতে বাঞ্ছা করেন, দেই রূপযৌবন সম্পন্ন মহাযশদী দ্রোণপুত্র অশ্বত্থাসা কর্ণকৈ নিহত নিরীক্ষণ করিয়া কি বলিলেন ? আর ধসুর্বেপ বিশারদ রথিদত্তম কুপ, কর্ণের সারথ্য কার্য্যে নিযুক্ত রণহর্মদ মহাধনুদ্ধর মদ্রবাজ শল্য এবং যুদ্ধার্থ সমাগত অক্যান্ম নুপতিগণই বা কর্ণকে নিহত দেখিয়া কি কহিলেন ?

হে সঞ্জয় ! পূর্বের নরজ্রেষ্ঠ মহাবীর দ্রোণ নিহত হইলে কোন্ কোন্
বীর অংশক্রমে সেনামুখে অবস্থান করিয়াছিলেন ? মহারথ মদ্ররাজ শব্য কি
নিমিত্ত কর্ণের সারথ্য কার্য্যে নিযুক্ত হইয়াছিলেন ? মহারথ সূতপুক্র সংগ্রামে
প্রবৃত্ত হইলে কোন্ কোন্ বীর তাঁহার দক্ষিণ চক্র, কে বামচক্র এবং কাহারাই
বা পৃষ্ঠদেশ রক্ষা করিয়াছিল ? তংকালে কোন্ কোন্ মহাবীর কর্ণকে পরিত্যাগ করেন নাই এবং কাহারাই বা ক্ষুদ্রভাব অবলম্বনপূর্বেক তাহার সমীপ
হইতে প্লায়নে প্রবৃত্ত হইয়াছিল ? একত্র সমবেত কৌরবগণ সমক্ষে মহারথ
কর্ণ কিরূপে নিহত হইল ? মহাবল পরাক্রান্ত মহারথ পাগুবগণ সমরে সমাগত হইলা কিরূপে জলধারাব্য়ী জলদের ন্যায় শরবর্ষণ করিতে লাগিল ? এবঃ
মহাবীর কর্ণের সেই সর্পমুখ দিব্য শর কি নিমিত্ত তংকালে ব্যর্থ হইলা গেল ?
তৎসমুদায় আমার নিকট-কীর্ত্তন কর ।

হে সঞ্জয়! যখন আমাদের প্রধান প্রধান বীরগণ নিহঁত হইয়াছে, তথন
আমি হতোৎসাহ অবশিষ্ট সৈন্যগণকেও নিঃশেষিত বোধ ফরিতেছি। মহাধমুরের মহাবীর ভীমাও দ্রোণ আমার নিমিত্ত প্রাণত্যাগ করিয়াছেন প্রবণ করিয়া
আমি কিরুপে জীবন ধারণ করিব ? যাহার অযুত কুঞ্জরের জুল্য বাহুবল ছিলু,
এক্ষণে সেই কর্ণও পাণ্ডব কর্ত্ত নিহত হইল! আমি বারংবার আর এরপ
রেশ সহা ক্রিতে পারি না। যাহা হউক; দ্রোণের নিধনানন্তর মহাবীর কর্ণ
কৌররগণের হিতার্থ পাণ্ডবগণের সহিত কিরুপ সংগ্রাম করিয়া প্রাণ পরিত্যাগ করিল, তাহা সমুদায় আমার নিকট কীর্ত্তন কর।

## একাদশ অধ্যায়।

শুঞ্জয় কহিলেন,—হে কুরুরাজ! মহাধপুর্দ্ধর দ্রোণাচার্য্যের নিধন দিবসে মহারথ দ্রোণপুত্রের প্রতিজ্ঞা ব্যর্থ ও কৌরব সৈন্যগণ ইতস্তত ধাবমান হইলে মহারীর অর্জ্জন প্রতিজ্ঞা ব্যর্থ ও কৌরব সৈন্যগণ ইতস্তত ধাবমান হইলে মহারীর অর্জ্জন প্রতিজ্ঞাবন পরিবেষ্টিত হইয়া স্থীয় সৈন্য দ্যাদায় রক্ষা করত অবস্থান করিতে লাগিলেন। ঐ সময়ে আপনার পুত্র ত্র্য্যোধন অর্জ্জনকে রণস্থলে অবস্থান ও স্বায় সৈন্যগণকে পলায়ন করিতে অবলোকন করিয়া পুরুষকার প্রকাশপূর্বেক তাহাদিগকে নিবাবণ করিলেন এবং স্বীয় ভুজনলে অনেকক্ষণ পর্যন্ত জয়লাভ প্রস্তুন্ত পাণ্ডবগণের সহিত যুদ্ধ করত পরিশোষে দক্ষ্যা সময় সমাগত সন্দর্শন করিয়া সমরে বিরত হইলেন। তথন কৌরবগণ দৈন্তগণের অবহার করিয়া স্বীয় শিবির মধ্যে প্রবেশপূর্বেক সকলে সমবেত ও অ্যতি রমণীয় আন্তরণ দমারত মহার্হ পর্য্যক্ষে আদীন হইয়া স্থপ শর্য্যাধির ছা অমরগণের আয়ু পরস্পার মন্ত্রণ। করিতে লাগিলেন। ঐ সময়ে রাজা ত্র্য্যোধন স্বমধুর প্রিয় বচনে দেই সমস্ত মহাধন্মন্ধরিদিগকে সম্ভাষণপূর্বেক কহিলেন; হে ধীমন্ নরপালগণ! শাহা হইবার হইয়াছে, এক্ষণে কি করা কর্ত্ব্যে, তিছিষয়ে, অবিলম্বে স্ব স্ব অভিপ্রায় ব্যক্ত কর।

হে মহারাজ ! রাজা তুর্য্যোধন এইরূপ কহিলে সিংহাসনাধিরত যুদ্ধার্থী নরপতিগণ বিবিধ চেন্টা দ্বারা সমরাভিলাষ প্রকাশ করিতে লাগিলেন। বিথন বাক্যজ্ঞ মেধারী আচার্য্যপুক্র অশ্বত্থামা প্রাণত্যাগে উদ্ধৃত নরপুলিগণের ইঙ্গিত অবগত হইয়া ও রাজা তুর্য্যোধনের বালাক সদৃশ মুখমগুল সন্দর্শন ক্রিয়া কহিলেন, হে বীরগণ ! পণ্ডিতেরা স্বামিভক্তি, দেশকালাদি সম্পৃতি,

রণণ্টুতা ও নীতি এই কয়েকটিরে যুদ্ধের সাধন বলিয়া নির্দেশ করিয়াছেন; কিন্তু এই দকল উপায়ে দৈববল অপেক্ষা করে। আমাদিগের যে সমস্ত দেবতুল্য লোকপ্রবার মহারথগণ নাতিজ্ঞ, বণদক্ষ, প্রভুপরায়ণ ও নিয়ত যুদ্ধে
নিযুক্ত, ছিলেন, তাঁহারা সকলেই নিহত হইয়াছেন; কিন্তু তামবন্ধন, জরাণা
পরিত্যাগ করা কর্ত্রব্য নহে। স্থনীতি প্রয়োগ করিলে দৈবকেও অমুকূল করা
যাইতে পারে। অতএব আজি আমরা দর্বগুণান্থিত নরশ্রেষ্ঠ মহানীর কর্ণকে
সেনাপতিপদে অভিষেক করিয়া শক্রগণকে বিনাশ করিব। মহাবল পরাক্রান্ত
সূতপুক্ত অন্ত্রিশারদ্ধ, যুদ্ধত্র্মদ ও অন্তকের ন্যায় অসহ্য। উনি অনায়াসে সমরাক্ষনে শক্রগণকৈ পরাজয় করিতে সমর্থ ইইবেন।

হে মহারাজ! আপুনার আত্মজ তুর্য্যোপন আচার্য্যতনয়ের মুখে সেই পরম প্রিয় হিতকর বাক্য শ্রেবণ করিয়া যৎপরোনান্তি প্রীত হইলেন্। ভীম্ম ও **টোণাচার্য্যের নিধনের পর মহাবীর কর্ণ পাণ্ডবগণকে পরাজয় করিবে বালয়** তাঁহার মনে মহতী আশা দঞাত হইল। ৩খন তিনি আশাদযুক্ত হইয়া বাহুবল অবলম্বনপূর্বক স্থান্থর চিত্তে সূতপুজ্ঞকে কহিলেন, ৫০ কর্ণ :..আমি তোমার বলবীষ্য ও আমার সাহত পরম সৌহার্দের বিষয় বিশেষরূপে অব-গত আছি; তথাপি তোমারে এই হিত কথা কহিতেছি; ইহা শ্রবণ করিয়া তোমার যাহা অভিক্রচি হয় কর। তুমি বিজ্ঞতম এবং আমারও তোমা ভিন্ন স্থার গতি নাই। আমার দেনাপতি মহারথ ভাষাও দ্রোণাচার্য্য নিহত হইয়াছেন। তুমি তাঁহাদিগের অপেকা বলবান্। অত্এব তুমি সেনাপতি পদে অভিষিক্ত হও। সেই মহাধকুদ্ধরিদয় রদ্ধ ,ও ধনঞ্জয়ের পক্ষ ছিলেন। আমি তোমার বাক্যাকুদারেই তাহাদিগকে বার বালয়া গণন। করিতাম। মহাবার ভাষা পিতামহ বলিয়াই দশে দিবস পাণ্ডুতনয়গণকে রক্ষা করিয়াছিলেন i পরিশেষে তুমি অন্ত্র পরিত্যাগ করিলেই ধনঞ্জয় শিখ-গ্রীরে পুবোবর্ত্তী করিয়া মহাবীর ভীষ্মকে নিহত করিয়াছে। পিতাম**হ** শর-শ্ব্যাং শ্ব্যান হইলে তোমার বাক্যানুসারে দ্রোণাচার্য্য সেনাপতি পদে অভিষিক্ত হটুয়াছিলেন: আমার বোধ হয়, তিনিও শিষ্য বলিয়াই পাওব-গণকে রক্ষা করিতেন। যাহা হউক, আজি তিনিও ধৃষ্টত্যুদ্ধের হস্তে নিহত হইয়াছেন। হে কর্ণ। এক্ষণে ভোমার সদৃশ অমিত পরাক্রম থোদ্ধা আর

কাহারেও নয়নগোচর হয় না। তোমা হইতেই মামাদিগের জয় লাভ ইইবে,
তাতার আর সন্দেহ নাই। তুমিই পূর্ববাপর আমাদিগের হৈতু সাধন করিতেছ।

য়ত্রব তুমি রণধুরন্ধর হইয়া আপনি আপনারে দ্বোনাপতি পাদে অভিষক্ত
করা। কাভিকেয় যেমন স্থরগণের সেনাপতি হইয়াছিলেন, তজ্পে তুরিও
কৌরবদিগের সেনাপতি হইয়া দৈনগণণকৈ রক্ষা করত দৈত্যনিসূদন মহেল্রের
ন্যায় শক্ত নিপাতনে নিযুক্ত হও। দানবেরা পুরুষোত্তম বিষ্ণুরে অবলোকন
করিয়া যেয়য় পলায়ন করিয়াছিল, তজ্প মহারথ পাগুব, স্প্রয় ও পাঞ্চালগণ
তোমারে সমরে সমবস্থিত সন্দর্শন করিয়া অমাত্য সমভিব্যাহারে পলায়ন
করিবে। অত্রবে দিবাকর যেমন অস্তুদিত হইয়া স্বায় তর্জা তরাতিগণকে নিপাতিত
কর। অর্জ্রন কথনই তোমার সমক্ষে অবস্থানপূর্বেক যুদ্ধ কবিতে পারিবে না।

মহাবীর কর্ণ ছুর্য্যোধনের বাক্য প্রাবণ কার্যা কহিলেন,—হে কুরুরাজ। আমি পর্বেই ভোমারে বলিগাছি যে, পাণ্ডবগণকে তাহাদের পুত্রগণ ও জনা-দনের সহিত পরাজিত কারব। যাখা হউক, এক্ষণে আমি তোমার সেনাপতি হইব, তাহার পার সন্দেহ নাই। অতএঁব তুমি প্রশান্তচিত্ত হইয়া পাণ্ডবগণকে পরাজিত বলিয়া স্থির কর। ছে মহারাজ। আপনার পুত্র ছুর্য্যোধন কর্ণ কর্তৃক এইরপ অভিহিত হইয়া পরম পরিতুষ্ট হইলেন এবং স্থরপতি ষেমন দেবগণের স্থিত ইইয়া কাত্তিকেয়কে দেনাপতিত্বে বরণ করিয়াছিলেন, তজ্জপ বিজ্যাপতিলাঘী অন্যান্য ভূপালগণের সহিত গাত্রোত্থানপূর্বক স্থবর্ণনায় ও মুগ্রাথ পূর্ণ কুন্ত, হস্তী, প্রভার ও রুষেব বিষাণ, বিবিধ হংগন্ধি ঔষধ এবং হংসংভৃত অস্থান্ত উপকরণ দ্বারা ক্ষেমাচ্ছাদিত তাত্রময় আদনে আদান মহাবার কর্ণকে বিধিপূর্বক দেনাপতি পদে অভিষিক্ত করিলেন। ভ্রাক্ষণ, কাঁত্রেয়, বৈশ্য ও শুদ্রগণ দেই বরাসন সমাসীন সূতপুঞ্জের স্ততিবাদ করিতে লাগিলেন। অরাতি-ঘাতনু কর্ণ এইরূপে সৈনাপত্ত্যে অভিষিক্ত হইয়া বিপ্রগণ্কে নিষ্কৃ, ধুন ও গোসমূহ প্রদানপূক্তক তাহাদের আশীকাদ গ্রহণ করিলেন। তথন এক্সিণ ও বিশিগণ কর্ণকে কহিলেন, হে পুরুষজ্রেষ্ঠ ়ু সূর্য্য বৈমন সমুদিত হইয়া উত্ত কিরণজালে ত্মোরাশি ধ্বংদ করিষা থাকেন, তক্ত্রপ তুমি মহারণে অসুচরগণ ° সম্কেত কৃষ্ণদঁহায় পার্থ্র ও পাঞ্চালগণকে সংহার কর। ° উলুকগণ যেমন

সূর্যারশি সন্দর্শনে অসমর্থ, তজ্ঞাপ কেশব সমবেত পণ্ডবর্গণ দ্বাহিন্দিপ্ত শর্ননিকর অবলোকন করিতে কোন মতেই সমর্থ নছে। দানবর্গণ যেমন সংগ্রামে গৃহীতিশন্ত পুরুদ্দরের অত্যে অবস্থান করিতে সমর্থ হয় নাই, তজ্ঞাপ পাঞ্চালা ও পাগুবর্গণ তোমার অত্যে অবস্থান করিতে অক্ষম হইবে। হে মহারাদ্ধ! মহাবীর কর্ণ এইরূপে সেনাপতিপদে অভিষিক্ত হইয়া অমিতপ্রভা প্রভাবে দিবাকরের স্থায় শোভা পাইতে লাগিলেন আ আপনার পুক্তা কালপ্রেরিত হুর্য্যোধন কর্ণকে সেনাপতির পদে অভিষিক্ত করিয়া আপনারে কুতার্থ বোধ করিলেন। তথ্ন মহাবীর সূত্রপুক্ত প্রাতঃকালে সৈম্থগণকে সমবেত হইতে আজ্ঞা প্রদানপূর্ব্বক আপনার পুক্তগণের সহিত মিলিত হইয়া তারকান্ত্রর সংগ্রামে দেবগণে পরিবৃত্ত ক্ষন্দের স্থায় শাইতে লাগিলেন।

## . । দ্বাদশ অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! ছুর্য্যোধন স্বয়ং সোদরের ভাষ স্থিপ বাক্য প্রয়োগপূর্বক মহাবীর কর্ণকে সেনাপতিপদে অভিষিক্ত জরিলে সূতপুত্র সৈন্যগণকে সূর্য্যোদয় সময়ে স্থসজ্জিত হইতে আদেশ করিয়া কি কার্য্যের অনুষ্ঠান করিল, তাহা কীর্ত্তন কর।

সপ্তথা কহিলেন, মহারাজ! আপনার পুত্রেরা কর্ণের অভিপ্রায় অবগত হইয়া তুম্য প্রভৃতি বাদ্য বাদনপূর্বক দৈন্যগণকে স্থসজ্জিত হইতে আজ্ঞাপ্রদান করিলেন। তথন রাত্রিশেষে আপনার দৈন্যমণ্যে দকলে স্থহজিত হও, দকলে স্থসজ্জিত হও, দকদা এই শব্দ সমৃত্তুত হইল। বহুৎ বহুৎ হস্তী, বর্মথযুক্ত, রথ সমন্ধ তুরঙ্গ ও পদাতি স্থসজ্জিত হওয়াতে এবং পরস্পার স্থরাযান্ যোধ্যণ চীৎকার করাতে গগনস্পার্শী তীষণ শব্দ প্রবণগোচর হইতে লাগিল। অনন্তর মহাবীর কর্ণ শ্বেত প্তাকা পরিশোভিত নাগ কক্ষ কেতু সম্পন্ন বলাকাবর্ণ অশ্বসংযুক্ত বিমল আদিত্যসন্ধাশ রথে আর্চ্ হইয়া স্বর্ণ বিভূষিত শন্থ প্রথাপিত ও কনকমণ্ডিত কোদণ্ড বিধূনিত করিতে লাগিলেন। ঐ রথ হেমপৃষ্ঠ ধনু, তুণীর, অঙ্গদ, শতন্মী, কিন্ধিনী, শক্তি, শূল ও তোমরাদি অন্তে পরিপূর্ণ ছিল। হে মহারাজ! ঐ সময়ে কৌরবর্গণ মহাধস্কর মহারণ কর্ণকে ধ্বাস্তনাশক উদয়োক্ম্য ভাসুমানের ন্যায় রংখ

অবস্থিত অবলোকন করিয়া ভীষ্ম, দ্রোণ ও অন্যান্য বীরগণের বিনাশত্ঃখ একবারে বিষ্মৃত ইইলেন। তথন বীরবর সূতপুত্র শঙ্ম-শব্দে যোগগণকে ত্বরাম্বিত করেত বিপুল কৌরব সৈন্য দারা মকর বৃহে নির্মাণ করিয়া পাণ্ডব-গণের পরাজয় বাসনায় তাঁহাদিগের প্রত্যাদামন করিলেন। ঐ মর্কর ব্যুহের মুখে কর্ণ, নেত্রন্বয়ে মহাবীর শকুনি ও মহারথ উলুক, মস্তকে অশ্বত্থামা, মধ্যদেশে সৈন্যগণ পরিবেষ্টিত রাজা তুর্য্যোধন, গ্রীবায় তাঁহার সোদরগণ, বামপদে নারাঘণী সেনা পরির্ত যুদ্ধত্র্মদ কৃতবর্মা, দক্ষিণ পদে মহাধনুর্দ্ধর ত্রিগর্ভ ও দাক্ষিণাত্যগণে পরিবেষ্টিত সত্য বিক্রম কুপাচার্য্য, বাম পদের পশ্চান্তাগে বিপুল সেনা পরির্ত মন্তরাজ শল্য, দক্ষিণ পদের পশ্চান্তাগৈ সহত্র রথ ও তিন শত হন্তী সমবেত সত্যপ্রতিজ্ঞ স্ক্রেণ এবং পুচ্ছদেশে শহাবল পরাক্রান্ত সদৈন্ত রাজা চিত্র ও চিত্রদেন নামে সহোদরন্বয় অবস্থান করিতে লাগিলেন।

হে মহারাজ ! ক্রেক্সেষ্ঠ কর্ণ এইরূপে 'সমরে যাত্রা করিলে ধর্মরাজ যুধ্নির ধনঞ্জায়ের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিলেন, ভাত ! ঐ দেখ, মহাবীর কর্ন বীরগণাভিরক্ষিত কৌরব সৈন্য সমুদায়কে কেমন শ্রেণীবন্ধ করিয়াছে। ছে এর্জুন! প্রতরাষ্ট্রদৈন্যমধ্যে যে সকল প্রধান প্রধান বীর পুরুষ ছিল, ত'হারা নিহত হুইয়াছে; একণে কুদ্রত্ম ব্যক্তিরাই অবশিষ্ট আছে। ফতবাং নিশ্চয়ই তোমার জয়লাভ হইবে। তুনি যুদ্ধ করিলে আমার ক্রনয় ংইতে দাদশ বর্ষ সংস্থিত শল্য সমুদ্ধ হয়। অত্তব একাণে ভুমি লাপনার ইচ্ছাতুসারে বৃহে নির্মাণ কর। হে মহারাজ। খেতবাহন অর্জ্জুন জ্যেষ্ঠ ভাতার দেই বাক্য শ্রবণানস্তর আপনীদিগের দৈন্য লইয়া অদ্ধচন্দ্রক্তি বাহ নির্মাণ করিলেন। বুহিহর বামপার্ষে ভীমদেন, দক্ষিণপার্ষে মহাধ্রুদ্ধর ধ টত্নুন, মধ্যে ধর্মরাজ যুধিষ্ঠির ও ধনঞ্জয় এবং যুধিষ্ঠিরের পৃষ্ঠদেশে নকুল ও সহদেব অবস্থান করিতে লাগিলেন। অর্জ্জন পালিত চক্র রক্ষক পাঞ্চাল দেশীয যুধামন্ত্র ও উলুমোজা ধনঞ্জয়ের সমীপে সমবস্থিত হইলেন। অবশিষ্ট বর্মধারী ভূপালগণ স্ব স্থ উৎদাহ ও যক্ত্র অনুদারে অংশক্রমে শেই বৃহহ নংধ্য অবস্থান, করিলেন। ছে মহারাজ। এইরূপে উভয় পকের বৃহে নির্মাণ হিইলে মহা**ধ্যুর্জ**র কৌর্ব ও পাণ্ডবগণ যুদ্ধার্থ সমূৎস্তক হুইলেন। বন্ধ

বান্ধব দ্মবেত রাজা হুর্যোধন সূতপুত্রকৃত বুহে দর্শন করিয়া পাণ্ডবগণকে নিহত বোধ করিতে লাগিলেন। ধর্মরাজ যুধিষ্ঠিরও স্বীয় দৈন্যগণকে ব্যহিত, দেখিয়া কর্ণ সমবেত ছুর্য্যোধন প্রভৃতি বীরগণকে নিহ'ড বিবেচন। করিলেন। অনন্তর উভর পকার বৈন্যমধ্যে শহা, ভেরী, পণব, আনক, হুন্তুভি, ডিণ্ডিম ও ঝঝর প্রভৃতি বাদিত্র. সকল চতুর্দিকে বাদিত হইতে लांशिल। औ ममय জय्यशृध् • णूतर्गटेशत मिश्हनाम, अधाराशत द्विशात्व, माठ-কের বংহিত ধ্বনি ও রথ নেমির ঘোর নিঘন আবণগোচর হইল। মহা-ধসুর্দ্ধর বন্ধধারী কর্ণকে ব্যুহ মুখে নিরীক্ষণ করিয়। কৌরব পক্ষীয় কোন ব্যক্তিই দ্রোণবধ জনিত দুঃখ মনুভব করিল না। তখন সেই প্রহুষ্ট নর-সঙ্কুল উভয় পকায় দৈন্য পরস্পার বিনাশার্থ যুদ্ধে কৃতসংকল্প হইর্ল। এ সময় কর্ণ ও অর্জ্জুন পরস্পারকে নিরীক্ষণ করত সৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিলেন। তৎকালে বোধ হইতে লাগিল ঘেন, সেই উভয় পক্ষীয় সৈন্য ममुनाय नृजा कतिर्उए । এইরূপে দৈন্যগণ প্রস্পার মিলিত হইলে যুদ্ধার্থী বীরগণ ব্যুহের পক্ষ ও প্রপক্ষ হইতে নির্গত হইতে লাগিলৈন। অনন্তর পরস্পর নিধনে প্রবৃত হস্তী, অশ্ব ৪ রথিগণের ছোরতর সংগ্রাম আরম্ভ হইল ।

#### ত্রয়োদশ অধ্যায়।

সঞ্জয় কহিলেন,—মহারাজ! তথন সেই প্রহান্ত হস্তা, অশ্ব ও মনুষ্যে সঙ্কুল দেবাহ্বর সৈন্য সদৃশ কুরু পাণ্ডব পক্ষায় সেনাগণ পরস্পার প্রহার করিতে লাগিল। উত্রবিক্রম রথী, অশ্বারোহা, গজারোহা ও পদাতিগণ পরস্পারের প্রাণ ও পাপ নাশার্থ পরস্পারের প্রাত আঘাত করিতে আরম্ভ করিল। প্রধান প্রধান যোধগণ অর্দ্ধচন্দ্র, ভল্ল, ক্ষুরপ্র, অসি, পাট্টেশ ও পরশু দ্বারা পূর্ণকিন্দ্র ও সূর্যের সদৃশ কান্তি এবং পদ্মতুল্য মন্ধ্যক্ত নরমন্তক ছেদনপূর্বক তদ্ধারা পৃথিবী পরিব্যাপ্ত করিয়াছিলেন। মহাবাহ্ন বীরগণের রক্তাঙ্গুলিমুক্ত আয়ুধ ও বাহ্ন সমুদায় বিপক্ষপক্ষায় বীরগণের শরনিকরে ছিন্ন ও নিপত্তিত হইয়া গদ্ধত্বিক্রস্ত পঞ্চাস্য ভুজঙ্গ সমুদায়ের ন্যায় শোভা ধারণ করিল। পুণাক্ষয় হইলে স্বর্গাসিগণ যেমন বিমান হইতে পতিত হইয়া থাকেন, তক্ষেপ বীরগণ শক্ষণণ কর্ত্বক নিহত হইয়া হস্তা, রথ ও অশ্ব সমুদায় হইতে ধরাতলে

নিপতিত হুট্তে লাগিল। অনেকে গুরুতর গদা, পরিষ ও মুষল সমুদারের ভাষাতে বিপক্ষপক্ষীয় বারগণকে চূর্ণ করিয়া ফেলিলেম। সেই ভয়ঙ্কর সঙ্গল যুক্তে রথিগণ রাথগণকে, মত মাতৃঙ্গণ মত মাতৃঙ্গদিগকে ও অখারেট্ণাণ অনুক বার পদাতিগণ রথীদিগের, রগিগণ পদাতিদিগের এবং পদাতিগণ অখারোহীদিগের শরে নিপতিত ইুট্লেন। কখন বা নাগেগণ কথা, অখারোহা ও পদাতিগণকে, পদাতিগণ রথা, অখারোহা ও হস্ত্যাবোহীদিগকে, অখাগণ বথ, পদাতিও হস্তিগণকে এবং রথিগণ পদাতি ও মাতৃঙ্গণকে বিনাশ করিতে লাগিল। পদাতি, অখাবোহা ও বথিগণ এই রূপে বিপক্ষপক্ষায় পদাতি, অখারোহা ও বিশিক্ষ হস্ত, পাদ, বথ ও বিবিধ অন্ত ভিন্ন কবিয়া ঘোরতর সংগ্রাম গাবস্ত করিল।

হে মহারাজ। এইরূপে দেই সেনাগণ প্রস্পবের শবে নিপীড়িত হইলে মগ্বাৰ ব্ৰকোদৰ জাৰিড় দৈল পরিবৃত ধ্রউত্যুন্ধ, শিখণ্ডী, প্রেপদীর তনম-গণ, পুভদ্ৰকগণ, সাত্যকি ও চেকিতান এবং ব্যুহারত পাণ্ড্য, চোল ও কেরল-ণ্ণ সমভিব্যাহাবে আমাদের সৈতাগণের প্রতি ধাবমান হইলেন। তথন বিশালবক্ষ, দার্গভুজ, উন্নত, পৃথুলোচন, আপীড়শোভিত, রক্তদন্ত, মত্ত-ম' রঙ্গবিক্রম, বিচিত্র বদনাশ্বিত, গন্ধচুণীর্ত, বদ্ধথড়গা, পাশহস্ত, উভয় পক্ষায় হস্তারোহাঁ ও যুদ্ধপ্রিয়, চাপভূণার্ণারা দীর্ঘকেশ, পরাক্রান্ত পদাতি এবং .ঘোরকপ পরাক্রাত ভাষণ মখাবোাহগণ মৃত্যুভয় পরিত্যাগপূর্বক প্রস্পার সংগ্রামু কবিতে লাগিল। চেদা, পাঞ্চাল, কেকয়, করুষ, কোশল, কাঞ্চি ও মগধ দেশাঘ বারগণ মহাবেগে সমরে ধাব্যান, হইল। তাহাদিগের বণা, নাগ ও প্রধান প্রধান পাদাতি সকল বিবিধ বাদ্যোদ্যুগে হুইয়া <sup>হাস্তবদনে</sup> নৃত্য করিতে লাগিল। তথন ভীনপরাক্র্ম ভামদেন মহামাত্র-গণে প'রবৈষ্টিত ও গজারত হঁইয়া দৈক্তমণ্য হইতে কৌরব দৈক্তগণের প্রতি ধাবমান হইলেন। আগাব যথাবিধানে বিভূষিত উগ্রতর মাতক ভিদিত। ভাস্তর উদযাচলের অগ্রভারেণ ক্যায শোভা ধানণ কবিল। গছবরের অপুর্বর ক্ত্র<sup>°</sup>বিস্থৃষিত লৌহনিশ্মিত উৎকৃষ্ট বশ্ম শরৎকালান নক্ষত্রমণ্ডিত নভে।-মণ্ডলের ন্যায • বোধ হইতে লাগিল। মহাবার ভীম্**দেন তোমর হস্তে দেই** 

মাতকৈ অবস্থানপূর্বক মধ্যাক্ত কালীন দিবাকবের ন্যায় তেজঃপ্রভাবে রিপু-গণকে তাপিত করিতে লাগিলেন।

্ঞ সময় গজারত ক্ষেমধূর্ত্তি দূর হই ঠে দেই গজবরকে অবলে।ক‡ করিয়া সম্ভ্রফ 'মনে তাঁহার অভিমুখে গমন করিলেন। অনন্তর সেই দ্রুমব¦ন্ মহা-পর্বতভ্তের সদৃশ মহাকায় মাতকভ্তের মহাযুদ্ধ আরম্ভ হইল ৮ কুঞ্জরদ্বয় যুদ্ধে প্রব্রত্ত হইলে গজারোহী বীরদ্বয়ও ভীক্ষ্ণ সূর্য্যরশ্মি সদৃশ ভোমর দারা পরস্পারকে আহত করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন এবং তৎপরে উভয়ে হস্তা হইতে অবতীর্ণ 'হইয়া শ্রাদ্র ফ্রেণপূর্বকে মণ্ডলাকারে বিচরণ করত পরস্পারকে প্রহার করিতে লাগিলেন। দকলেই তাঁহাদিগের সিংহনাদ, আন্ফোটন ও শর শব্দে আহলাদিত হইল। অনস্তর মহাবল পারা-ক্রান্ত বীরদ্বর বায়ুবিকম্পিত পতা কাযুক্ত উন্ততগুণ্ড মাতঙ্গদ্বয় দ্বারা যুদ্ধ করিতে লাগিলেন এবং পরিশেষে পরস্পার পরস্পারের শরাসন ছেদনপূর্বক বর্ষাকালীন বারীবর্ষী জলদদ্বয়ের ন্যায় শক্তি ও তোমর বর্ষণ করত গর্জ্জন করিতে আরম্ভ করিলেন। তথন মহাবীর কেমধুর্ত্তি ভীমদেনের বক্ষঃস্থলে এক তোষরাঘাত করিয়া সিংহনাদ পরিত্যাগ করত পুনরায় অতিবেগে ছয় তোমরে তাঁহারে বিদ্ধ করিলে'ক্রোধপ্রদীপ্ত ভীমদেন দেই অঙ্গন্থিত দপ্ত তোমর দ্বারা দপ্তাশ্ব যুক্ত দিবাকরের ন্যায় শোভমান হইলেন এবং যত্নপূর্বক অরাতির প্রতি এক ভাস্করবর্ণ লোহময় তোমর নিক্ষেপ করিলেন। কুলুতাধিপতি ক্ষেমধুর্ত্তি শরাসন আকর্ষণ করিয়া দশ শরে সেই তোমর ছেদনপূর্বক ছয় শরে ভীমকে বিদ্ধ করিলেন। তথন মহাবীর ভীমদেন এক মেঘগভীর নিঃম্বন শরাসন প্রাহণ করিয়া সিংহনাদ করত শরনিকর নিপাতে অরাতির কুঞ্জরকে মর্দ্দিত করিতে লাগিলেন। হস্তী ভীমদেনের শরনিকরে নিপীড়িত হইয়া বায়ুসঞ্চালিত कलश्रद्भत नाम् ममताक्ररन व्यवस्थान कंतिर्ड व्यममर्थ रहेल। यसा व्याप्त প্রকার যত্ন করিয়াও তাহারে ছির করিতে পারিল না। তখন প্রনপরিচালিত পয়োধর যেরূপ জলদের অনুগমন করে, তদ্রপ ভীমদেনের মাতঙ্গ দেই কুঞ্জ-রের অনুগ্রমন করিতে লাগিল। প্রবল প্রতাপ কেমধ্ত্তি তদর্শনে স্বীয় বারণকে নিবারণপূর্ব্বক অভিমুখাগত ভীম মাতঙ্গকে বাণবিদ্ধ করিলেন। তখন মহাবাগ ভীমদেন আনতপর্ব ক্লুর ছারা ক্ষেমধূর্ত্তির শরাস্ন ছেদন করিয়া মাতকের 🖠 সহিত তাহারে নিতান্ত নিপী ড়িত করিতে লাগিলেন। মহাবীর ক্ষেমধৃর্ত্তি তদ্দর্শনে বোষভরে ভামদেনকে বিদ্ধা কবিয়া নারাচ দ্বারা তাঁহার মাতক্ত্রের সমুদায় মর্মাইল ভেদ করিলেন। গজরাজ ক্ষেমধৃর্ত্তির ভাষণ শর্মাহাতে ভূতলে নিপতিত হইল। তামপরাক্রম ভামদেন গজনিপতনের পূর্বেই ভূতলে অবত্যুর্গ হইযাছিলেন। তিনিও ঐ সময় গদাঘাতে ক্ষেমধৃত্তির হস্তীরে পোধিত কবিয়া ফেলিলেন। তিনিও ঐ সময় গদাঘাতে ক্ষেমধৃত্তির হস্তীরে পোধিত কবিয়া ফেলিলেন। তথন মহাবার ক্ষেমধৃত্তি দেই নিহত নাগ হইতে লক্ষ্ণ প্রদানপ্রেক লামুগ্ধ উদ্যত কবিয়া আগমন করিতে লাগিলেন। বণবিশারদ র্কোন্দর তাঁহার উপবেও ক্ষাহাত করিলেন। খড়গধানী মহাদার ক্ষেমধৃত্তি ভামদেনের দেই গদাঘাতেই গতান্ত ও গজসমীপে নিপতিত হইয়া বজ্জতা আচলের সমাপ্রি বজ্ঞত দিংহের ন্যায় শোভা পাইতে লাগিলেন। হে মহাবাজ। আপনাব দৈন্য দকল দেই কুলুতকুলতিলক ক্ষেমধৃত্তিবে নিহত নিবাক্ষণ করিয়া ব্যথিত হদ্যে ইত্তর্ত্ব পলায়ন করিতে লাগিল।.

### চতৃদশ অধ্যায়।

্র মহারাজ। খনন্তর মহাধনুদ্ধিব মহাবাব কর্ণ নতপাব শ্বনিকর দাব পাণ্ডব দেনাগণকে নিপাড়িত করিতে লাগিলেন। পাণ্ডবেরাও কোপাবিষ্ট হুইয়া কর্ণের সম্মুখে কৌরব দৈন্যগণকে সংহার করিতে আবস্তু করিলেন। হুখন সূত্রপুঞ্জু সূর্য্যরশ্মি সমপ্রত কর্মার প্রিমাজ্জিত নারাচান্ত্র দ্বারা প্রাণ্ডব সেনাগণকে নিহত করিতে লাগিলেন। মাতঙ্গগণ কর্পের নারাচ প্রহারে মান ও অবসম ইইয়া ভাষণ শব্দ করত চতুর্দ্ধিকে ভ্রমণ কবিতে স্মাবস্তু কর্পের নিপাড়িত করিল। হে মহাবাজ। এইরপে পাণ্ডব সেনাগণ সূত্রপুঞ্জ কর্প্ত নিপাড়িত করিল। হে মহাবার নকুল মহারণ কর্পের অভিমুখে ধাবমান হউলেন। ভীমনেন তক্ষর কার্য্যকারী অক্ষ্মানারেও সাত্যকি কেক্য দেশীয় বিন্দ ও অনুবিক্ষকে নিবাবণ করিলেন। তথন রাজ। চিত্রেসেন, সমাগত আফতকর্মার প্রতি, প্রতিবিদ্ধা বিচিত্রেধক শ্বাসন শোভিত চিত্রের প্রতি, প্রর্যোধন ধর্ম্মনন্দন বুধিন্তিবের প্রতি ও ধনপ্তয় কুদ্ধ সংস্থাকগণের প্রতি ধাবমান হইলেন। মহাক্রীর প্রত্যান্ধ কুপাচার্য্যের সহিত, অপ্রাজিত শিথ্ডী কৃত্বর্মার সহিত, মহাবীর প্রক্রকারি শাল্যের সহিত এবং প্রতাপশালী মান্ত্রিস্ত সহলেন আপ্রনার পুঞ্জি ভূঃশাসনের সহিত মিলত হইলেন। ঐ সমর কেক্য দেশীয়

বিন্দ ও অনুবিন্দ সাত্যকিরে, এবং সাত্যকিও ঐ বীরদ্বয়কে শরনিকরে সমাচ্ছম করিলেন। নাগদ্ধ যেমন প্রতিদ্বন্দী মাতকের উপর দন্তাঘাত করে, তদ্রপ কেকয় ৻দশীয় ভাতৃদয় যুযুধানের বক্ষঃস্থলে দৃট্তর শরাঘাত বীরতে লাগিলেন। তথন সাত্যকি হাস্য করত শর বর্গে দশ দিক্ সমাচ্ছন করিয়া তাহাদিগকে নিবারণ করিলেন। বীরদ্বয় দাত্যকির শবে নিবারিত হইয়া ক্রোধভরে শরনিকর নিক্ষেপপূর্বক আঁহার রথ আর্ত করিয়া ফেলি-লেন। মহায়শসী শিনিপুঙ্গৰ তদ্দ্ৰ্শনে দেই বারন্ধরের শ্রাস্ন-ছেদনপূর্বৰক তাঁহাদিগকে স্তাক্ষ্ম শরজালে নিবারণ করিলেন। 🗝 তথন তাঁহারা সত্তরে অন্য শরাসন গ্রহণ করিয়া সাত্যকিবে শ্রনিকরে স্যাচ্ছন্ন করত সংগ্রামে বিচরণ করিতে লাগিলেন। তাঁহাদের কক্ষপত্রান্থিত স্বর্ণমণ্ডিত শিরিজাল দশদিক আলোকময় করিয়া নিপতিত হইতে লাগিল। ভ্রাতৃদ্বয়ের শরনিকরে কিয়ৎক্ষণ মধ্যে সংগ্রামভূমি তিমিরাচছর হটল। অনন্তর সাত্যকি সেই জাতৃষ্বয়ের ও তাঁহার। সাত্যকির শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তখন ্যুদ্ধতৃর্মদ যুযুধান সন্তরে অন্য চাপ গ্রহণপূর্বক জ্যাযুক্ত করিয়া হৈতীক্ষ ক্ষুরপ্র ধার। অনুবিন্দের মস্তক ছেদন করিলেন। সমরনিহত শম্বরাহ্নরের মস্তক যেরূপ ভূমিদাৎ হইয়াছিল, তদ্রুপ দেই গ্রুবিন্দের কুণ্ডলমণ্ডিত মস্তক ভূতলে নিপতিত হইল! তদ্দর্শনে কেকয়গণের শোকের আর পরিদীমা রহিল না।

তখন মহারথ বিন্দ ভাতার নিধন দর্শনে ক্রুদ্ধ ইইয় সহরে শরাসনে জ্যারোপণপূর্বক শরনিকরে সাত্যকিরে নিবারণ করিতে লাগিলেন এবং অবিলম্বে তাঁহারে স্বর্ণপূজা শিলানিশিত ষ্টি শরে বিদ্ধ করিয়া থাক্ থাক্ বর্লিয়া তর্জ্জন করত পুনরায় তাহার বাত ও উরুদেশে অসংখ্য শর নিক্ষেপ করিলেন। সত্যবিক্রম সাত্যকি বিন্দের শরাঘাতে ক্ষতবিক্ষত কলেবর ইয়য়া পুষ্পিত কিংশুক রক্ষের ন্যায় শোভমান হইলেন। তথন তিনি হাস্থ করত সম্বরে পঞ্চবিংশতি বাণে কেকয়কে বিদ্ধ করিলেন। তৎপরে তাঁহার পরস্পার পারস্পারের উৎকৃষ্ট কোদণ্ড বিষণ্ড এবং অশ্বরণ ও সার্থিরে নিহত করিয়া ফেলিলেন, পারশেষে রথ পরিত্যাগপূর্বকে শত চন্দ্র ভূষিত চর্ম্ম ও অসি গ্রহণ করিয়া মণ্ডলাকারে বিচরণ করত শ্বিলম্বে অসিযুদ্ধে প্রত্তি

ছত্যা পরস্পানের বিনালে সাতিশ্য যত্ন করিতে লাগিলেন। দেবাস্থর সংখ্যামে খড়গধারী জন্তাস্থর ও পুরক্ষরের যেরপে শোভা ইইণছিল, এক্ষণে মুগবার সাত্যকি শবিক্ষ থড়গ ধারণপূর্বক শেইরপ শোভা ধারণ করিলেন। কিয়থেকে পিরে মহাবীর সাত্যকি খড়গাঘাতে কেক্যরাজের চন্ম দ্বিধা ছেদন করিয়া ফোললেন। তথন মহাবীর কেক্যরাজও যুযুধানের শত গত তাবাসক্ল চন্ম ছেদন করিয়া কথন মণ্ডলাকারে বিচবণ এবং কখন বা গমন ও প্রত্যাগমন কবিতে আগিলেন। তখন মহাবীর সাত্যকি সত্বরে বক্রহস্তে সেই রণচারী করবারিধারী কেক্যবাজকে দ্বিধা ছেদন কবিয়া ফোললেন। বর্ম্মাবী মগ্যুদ্ধির কৈকেয় শরাঘাতে ছিন্ন হট্যা বজাহত অচলেন ন্যায় ধ্বাতলে নিপ্তিও ইইলেন।

হে এহাবাজ। মহারথ সাত্যকি এইনপে কেক্ষরাজ বিন্দকে নিহত
করিষা সত্তরে যুধামনুরে বথে আরোহণ করিলেন এবং তৎপরে যথাবিধি স্তদফিন্ত অন্য এক বংগ আরু হইখা পুনরায় স্থতাক্ষ্ণ শ্বনিপাঠে কেক্ষ সৈন্যগণকে বদলিত কবিতে লাগিলেন। দৈন্যগণ যুযুধানের শ্বাঘাতে ব্যথিত হইষা
হাহারে পরিত্যাগপূবনক চ্যারদিকে প্রায়ন করিতে আরম্ভ করিল।

#### अक्ष्म अशाय।

তে মুখারাজ। অনন্তর মহাবীর শ্রুত্বকন্মা কোপাবিষ্ট হইমা পঞ্চাণৎ শবে মহাপতি চিত্রদেনকে আছত করিলেন। তথন আভদারাধিপতি চিত্রশেন শ্রুত্বপর্ব নয় বাণে শ্রুত্বকন্মারে নিপাডিত ও পাঁচ বাণে তাখার দারথিবে বিদ্ধা করিছা বারত্ব প্রকাশ কবিতে লাগিলেন। মহাবীব শ্রুত্বকন্মা
হদর্শনে ক্রোধাবিষ্ট হইয়া নিশিত নারাচান্ত্র দারা,সেনাগ্রবর্ত্তী চিত্রদেনের
মন্ম ভেদ করিলেন। মহাবীর চিত্রদেন শ্রুত্বকন্মানিক্ষপ্ত নাবাচান্তে অভিমাত্র বিদ্ধা হইয়া বিচেতন ও মুচিত্বত হইয়া পড়িলেন। ঐ সময় মহারথ
শ্রুত্বকীর্ত্তি নবতি শবে শ্রুত্বকন্মারে দ্যান্ত্রন্ধ করিলেন। অনন্তর মহারথ
চিত্রদেন সংজ্ঞা লাভ করিয়া ভল্ল দারা শ্রুত্বকন্মার শ্রাদন ছেদনপূর্বক
হাঁহাবে দাত বাণে বিদ্ধা করিলেন। তথন শ্রুত্বকন্মার শ্রুত্বক্তিয়া শরনিকর নিক্ষেপপূর্ব্বক চিত্রদেনব বিচিত্রণ রূপ করিয়া
দিলেন। চিত্রমালাধর যুবা চিত্রদেন ভূপতি শ্রুত্বকন্মার শরে স্মার্ত

হ≷য়া গৌষ্ঠীমধ্যস্থ মহার্ষভের ন্যায় শোভমান হইলেন। তথন তিনি থা-থাক্ বলিয়া নারাচ ছারা আঞ্তকর্মার বক্ষঃস্থল বিদারণ করিলেন। আঞ্ত কর্মা চিত্রদেন নিক্ষিপ্ত নারান্তের প্রামাতে গৈারক বর্ণ রুধিয় ঞ্বরণ কর শোণিতাক্ত কলেবর ইইঘা গৈরিক ধাতুধারাপ্রাবী অচলের ন্যায়, কুপ্রমিন কিংশুক রক্ষের ন্যায় শোভা পাইকে লাগিলেন। খনন্তর তিনি চিত্রসেনে: শক্রেবারণ শরাসন ছেদনপূর্ন্বক ভাঁহারে তিনশত নারাচে সমাছেম ও শর নিকরে নিপাড়িত করিয়া এক স্থশাণিত ভল্ল দ্বারা তাঁহার শিরস্তাণ স্থশো ভিত মস্তক ছেদন করিলেন। চিত্রদেনের মস্তক প্রগনগুল হইতে যদৃচ্ছ।-জামে ভূতলে নিপতিত চন্দ্রমার ন্যায় ধরাতলে নিপতিত হইল। দৈনিকগণ উহিতে নিহত দেখিয়া মহাবেগে ইতন্ত ধাৰমান হইল। অনন্তর মহা-ধুকুর আ্রুতকর্মা ক্রোধাবিষ্ট প্রেতরাজ যেমন প্রলয়কালে, ভূতগণকে সংহার করেন, তদ্রাপ রোষাবিষ্ট হইয়া শরনিকর নিপাতে দৈন্যগণকে বিদ্রোবিত করিতে আবস্তু ক্রিলে সৈন্যগণ একান্ত নিপীড়িত হইয়া দাবানল-দক্ষ গজসুথের স্থায় চারিদিকে ধাবমান হইল। মহাবার শ্রুতকর্মা তাহ্রিদ্রগকে শক্র পরাজয়ে নিরুৎসাহ দেখিয়া ভাষাদের উপর অনবরত স্থশাণিত শর-নিকর নিক্ষেপ করিতে লাগিলেন।

ঐ সময় মহাবীর প্রতিবিদ্ধ্য চিত্রকে পাঁচ বাণে বিদ্ধ করিয়া এক বাণে তাঁহার থকে পিতন বাণে সার্থিরে বিদ্ধ করিলে মহাবাহু চিত্র প্রতিবিদ্ধ্যর বাছ ও উরুদেশে কঙ্কপত্রবিরাজিত, শাণিতাপ্রা, স্বর্ণপুষ্ম নয় ভল্ল নিক্ষেপ করিলেন। তথন মহাবীর প্রতিবিদ্ধ্য শরণিতাপ্র চিত্রের শরাসন ছেলন করিয়া তাঁহার প্রতি নিশিত পাঁচ শর প্রয়োগ করিলেন। বীরবর চিত্র প্রতিবিদ্ধ্যর শরাঘাতে ক্রুদ্ধ হইয়া স্বর্ণঘণ্টা সমাযুক্ত অগ্নিশিখা সদৃশ এক ভীষণ শক্তি প্রহণপূর্বক তাঁহার প্রতি নিক্ষেপ করিলেন। মহাবীর প্রতিবিদ্ধ্য দেই মহোল্কা সন্ধিত শক্তি সমাগত সন্ধর্শন করিয়া অবলালাক্রমে ছেলন করিয়া ফেলিলেন। তথন সেই চিত্রবিদ্ধিপ্র বিচিত্র শক্তি প্রতিবিদ্ধ্য শবে দিখাছিল হইয়া ম্গান্ডকালীন সর্বন্ধ্য ত্রাসজনন আশনির ন্যায় ভূতলে নিপতিত হইল। মহাবীর চিত্র আপনার শক্তি ব্যর্থ নিরীক্ষণ করিয়া স্বর্ণজাল-জড়িত এক মহাগদা প্রহণপূর্বক প্রতিবিদ্ধ্যর প্রতি নিক্ষেপ করিয়া স্বর্ণজাল-

🎙 🖟 নিকিপ্ত হইবামাত্র প্রতিবিদ্ধোর অশ্ব, সান্থি ও বথ চুর্ণকরিয়া ধ্বাতলে নিপতিত <del>হইল। <sup>\*</sup>ইত্যবস</del>রে মহাবীর 'প্রতিবিশ্ব্য বথ হুইতে লক্ষ্পদানপূৰ্বক অবনাতলে অবতাৰ্শ ইয়া চিত্ৰের উপব এক কন্কবিভূষিত শক্তি নিস্কেপ করিলেন। মহাবাহু চিত্র সহদা দেই শক্তি গ্রহণপূর্ণক প্রতিন বিশ্বোৰ প্ৰতি নিকেপ কৰিলে শক্তি উহিাৰ দক্ষিণ ৰাজ্ বিদাৰুপূৰ্বক মণ-নিব ভাষ সমধান্ত্রন উদ্ভাসিত কবিষা নিপতিত হইল। তথন মহাবাব প্রতি-বিদ্ধা ক্লোধাবিষ্টু চিত্তে এক স্থবৰ্ণ ভূষিত তোমৰ গ্ৰহণপূৰ্বক চিত্ৰেৰ বিনাশ বাসনায তাঁহার প্রতিনিক্ষেপ, কবিলেন। তোমর চিত্রের বন্ধ ও হাদ্য বিদার্শ কবিলা বিল প্রবেশেদ্যিত ভাষণ ভুক্তকেব তাায মহাবেলে ধবাতলো নিপতিত হইল শিখাবাজ চিত্র প্রতিবিদ্ধোব তোমরে সমাহত হইলা প্রিঘাকার পান বাক্ষ্ণল প্রস্থাবণপূর্বক বণশগ্যায় শ্যান হইলেন। কৌবব দৈন্যগণ চিত্র-বাজকে নিহত নিবীক্ষণ কবিষা জ্রুতবেগে প্রতিবিদ্ধ্যের প্রতি ধাবমান হইষা কিঙ্কিণী সমাযুক্ত শতন্ত্রী ও বিবিধ বাণ বিস্ত্রনপূর্বক মেঘ যেমন সুর্যাকে সমা-চ্ছন্ন কেব, তদ্ৰূপ তাঁহাবে আচহন কবিয়া ফেলিল। তথন মহাবাভ প্রতিবন্ধী অন্তর্গৈন্য নিসূদন বজ্লধবেঁব ভাষ সেই দৈভাগণকে শর্মনিক্ব 'নপাতে নিপীড়িত ও বিদ্রাবিত কবিতে আবম্ভ কবিলেন। সৈতাগণ প্রতি নিষ্ক্য শবে বিদ্ধ হইয়া বায়ুবেগদঞালিত ঘনঘটাৰ ন্যাগ ছিন্ন ছিন্ন হুইয়া প ডল । হে মহারাজ। এইরূপে কৌবব সৈন্যগণ চারিদিকে পলায়ন কবিতে-আরম্ভ কবিলে অশ্বর্থামা একাকী অবিলম্বে মহাবল পরাক্রান্ত ভাগ দেনেৰ অভিমুখে, গমন কবিলেন। তথন দেবাহুব সংগ্ৰাম সমযে বুত্ৰাহুৱ ও পুবন্দবেব ষেদ্রপ সংগ্রাম হইগাছিল; তদ্রপ সেই বাবদ্ববে ছোবতব যুদ্ধ উপস্থিত হইল।

### ুষোডশ, অধ্যায়।

হে মহাবাক্স। মহাবীব দ্রোণনন্দন অশ্বত্থামা ত্বান্থিত হইয়া অস্ত্রলাঘব প্রশনপুর্বক ভামদেনকে প্রথমত নিশিত শবে বিদ্ধা কবিয়া পুনবা্য তাহাৰ মন্মন্থলে তীক্ষ্ণ নবতি শব নিক্ষেপ কবিলেন। ভামপবাক্রম ভাম-শেন দ্রোণপুত্রেব নিশিত শবনিক্বে সমাচহন ও বিশ্বাসান্ সূর্য্যেব ন্যায় স্থাজিত হইষ। অশ্বত্থামার প্রতি সহস্র শব পবিত্যাগপুর্বক সিংহনাদ

করিতে আরম্ভ করিলেন। দ্রোণকুমার ও শরনিকরে তাঁহার শরজাল সংহার शृक्तक. व्यवनीनाक्तर्य द्रारकं निरत्नेत ननाएं नातां निरक्षश कतिरनन । महावीत ব্কোদর সেই'জোণপুজ্ নিক্ষিপ্ত নারাচ ললাট দেশে ধারণ করিয় অরণ্যচারী মৃত্ত গণ্ডকের আয় শোভা পাইতে লাগিলেন। অনন্তর তিনি বিস্ময়াপন দুই-য়াই যেন অশ্বত্থামার ললাটে তিন নারাচ নিক্ষেপ করিলেন। আচার্য্যপুত্র সেই ললাটছ নারাচত্রয় দ্বারা বর্ষাভিষিক্ত ত্রিশৃঙ্গ পর্বতের ভারে শোভা পাইতে লাগিলেন। তথন তিনি ভানদেনের উপর বারংবার শৃত শৃত শর নিক্ষেপ করিয়াও কায়ু যেমন পর্বভবে বিচলিত করিত্নে সমর্থ হয় না, তদ্রাপ সেই মহাবীর পাণ্ডুতনয়কে কোনক্রমে কম্পিত করিতে পারিলেন না। ভীমদেনও শত শত নিশিত শরে অখ্পামারে বিচলিত করিতে সমর্থ-স্ইলেন ন। এইরূপে দেই রথারতে মহারথবয় শর্নিকরে পরস্পারকে সমাচ্ছন্ন করত পরস্পার কিরণাভিতাপিত লোকক্ষয়কর দাপ্যমান সুর্য্যন্বয়ের ভাগ শোভা পাইতে লাগিলেন। তখন তাঁহারা পরস্পার প্রতিকারার্থ যত্নবান্ হইয়া অসংখ্য শর নিকেপ করত দংখ্রীয়ুধ ব্যাত্রন্বধের ভাগ সেই -মুহারণে বিচরণ করিতে আরম্ভ করিলেন। এ বীরদ্বর প্রথমত পরস্পারের শর্জালে সমাচ্ছন হ'ইয়া মেঘাচছন চক্ত সূর্য্যের স্থায় দাপ্তি পাইতে লাগিলেন। এবং মুহূর্ত্ত মধ্যে পরস্পারের শরজাল নিরাকৃত করিয়া মেঘজাল নিমুক্তি মঙ্গল ও বুধ প্রছের ন্যায় শোভমান হইলেন।

এইরপে দেই সংগ্রাম অতি দারুণ ইইলে মহাবীর অখ্রথামা রুকোদর্কে দক্ষিণ পার্শ্বছ করিয়া মেঘ যেমন পর্বতিকে বারিধারায়, সমাচ্ছন্ধ করে,
তদ্ধপ তাঁহারে শরনিকরে সমাচ্ছন্ধ করিলেন। ভীমসেনও শক্তর বিজয়
লক্ষণ সহু করিতে না পারিয়া তপা ইইতেই তাঁহার প্রতিকার করিতে
লাগিলেন। এইরপে দেই বীর্ঘ্য বিবিধ মণ্ডল ও গতি প্রত্যাগতি প্রদর্শনপূর্বক খোরতর সংগ্রাম আরম্ভ করিলেন। তাঁহারা আকর্ণাকৃষ্ট শ্রাদন
বিস্ফ শরনিকরে পরস্পারকে নিপীড়িত করিয়া গরস্পারের বিনাশ বাসনায়
পরস্পারকে বিরণ করিবার চেন্টা করিতে লাগিলেন। অনন্তর মহারণ
অখ্রথামা মহান্ত্র সমুদায় প্রাত্তর্ভুত করিলেন। মহাবীর ভীমসেন অন্তর ঘারা
দেই মহান্ত্র সকল সংহার করিতে লাগিলেন। হে মহারাজণ পুর্বের্ব প্রদ্যা



সংহারের নিমিত্ত যেমন গ্রহযুদ্ধ হইয়াছিল, একণে সেই বীরদ্বয়ের জ্জাপ অস্ত্রযুদ্ধ আরম্ভ হইল। . সেই বীরষয় বিস্ফ শর সমুদায় দিক্ সকল দ্যোতিত করিয়া আপুরার দৈন্য মধ্যে নিপ্তিত হইতে লাগিল। আক্রাশমণ্ডল এক-কালে শরজালে সমাচ্ছন হইথা গেল। তৎকালে বৈধি হইতে লাগিল যেন, গগনমণ্ড্লু প্রবন্ধ কালীন উল্ফাপাতে স্মার্ত হইয়াছে। সেই বীরম্বরের পরস্পরের, বাণবর্ধণে ক্ষুলিঙ্গময় দীপুর্শিখ ভ্তাশন সমুখিত হইয়া উভয় পক্ষীয় रिमगुशनरक तथ कतिएक नाशिन।

হে মহারাজ ! ঐ সময়ে দিদ্ধগণ্ণ সমাগত হইয়া কহিতে লাগিলেন যে, এই যুদ্ধ সমুলায় যুদ্ধ অপেক। উৎকৃষ্ট। পূর্কে ধে সকল যুদ্ধ হইয়াছে, ত্ত্বসমূদার ইহার ব্যোড়শাংশের একাংশও নহে ৷ এরপ যুদ্ধ আর কুত্রাপি হইবে না ৷ এই ত্রীক্রণ ও ক্ষত্রিয় ইহারা উভয়েই জ্ঞানসম্পন্ন, শোর্য্য সমাযুক্ত ও উগ্র পরাক্রম। মহাবীর ভীমদেন ভীমপরাক্রম এবং অখ্যখামা অত্রে কুতবিদ্য। ইহার। কি বীর্য্যশালী। এই বীর্দ্বয় কালাস্তক যমন্বয়ের ন্যায়, রুদ্রের ন্যায় ও ভাক্ষরস্বয়ের ন্যায় ঘোররুপে সমরাঙ্গনে অবস্থান ক্রিতেছেন। হে মহারাজ। সিদ্ধগণের বারংবার এইরূপ বাক্য শ্রেট-গোচর হইতে লাগিল। ঐ সময় সমর দর্শনার্থ সমাগত দেরগণ সিংহনাদ পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। সিদ্ধ ও চারণগণ সেই বীর্ঘয়ের অতুত অচিত্তা কাৰ্য্য দৰ্শনে বিস্ময়াপন্ন ইইলেন এবং দেব, দিদ্ধ ও মহৰ্ষিগণ অশ্বপ্তাম। ও ভীমদেনকে সাধ্বাদ প্রদান করিতে লাগিলেন।

তখন সেই ক্রোধাবিষ্ট বীরদ্বয় নয়ন বিস্ফারণপূর্বক পরস্পারের প্রতি দৃষ্টিপাত করিতে আরম্ভ করিলেন। .তাঁহারা রোষ্ারুণনেত্র ও স্ফুরিতাধর হইয়া অধর দংশনপূর্বক ,বারিধারাবর্ষী সবিত্যুৎ জলধরের ন্যায় শর<sup>্</sup>ও অন্ত বর্ষণ করত পরস্পারকে আচ্ছন করিঞা ফেলিলেন এবং পরিদেষে পরস্পারের অব, সার্থি ও ধ্বজ বিদ্ধ করত পরস্পার পরস্পারকে বিদ্ধ করিতে লাগি লেনী। অনন্তর সেই মহাবীর দ্বয় সাতিশয় ক্রুদ্ধ হইয়। পরস্পরের বিনাশ বাস-নায় ভীষণ বাণম্বয় গ্রহণপূর্ণক পরস্পারের প্রতি নিক্ষেপ্ত করিলেন,। বাণদ্বয় ৎসনামুখে দ্যোতমান হইয়া সেই ছুর্দ্ধর্ব মহাবীধ্য বীরম্বয়কে আহত করিল। তথনু তাঁহারা পরস্পারের শরাঘাতে নিতান্ত নিপাড়িত হইয়া রখোপরি অবসম

ফেলিলেন। অশ্বত্থামা অভ্নেশরে ছিন্নচাপ চইয়া তেৎক্ষণাৎ অন্য ভীষণ শরা-সন গ্রহণপূর্বক জ্যাযুক্ত করিষা নিমেষ মধ্যে তিনশত বাণে বাস্থদেবদ্ক ও সহস্র বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিলেন। তৎপরে তিনি চরণ দ্বয স্তার্স্ত করিয়া পরম যত্ন সহকারে অর্জ্জনের উপর দৃহত্র সহত্র শর নিক্ষেপ করিতে লাগি-লেন। যোগবলে তাঁহার তুণীর, শরাসন, জ্যা, বাহু, বক্ষস্থল, বদন, ' নাসিক।, নেত্র, কর্ণ, মস্তক, লোমকূপ ও অন্যান্য অঙ্গ এবং রথধ্বজ হইতে শর্নিকর নিপতিত হইতে আরম্ভ হইল। সেই মহাশরজালে কেশব ও অর্জ্ন জড়িত হইলে আচার্য্যতনয় যংপরোনান্তি আঠ্লাদিত হট্যা ১মঘণভার গর্জ্জনে সিংহ-নাদ পরিত্যাগ ক্রিতে লাগিলেন। তখন মহাবীর অজ্জন অ্শ্বপামার সিংহনাদ শ্রবণ করিয়া কেশবকে কহিলেন, হে মাধব। গুরুপুত্রের অত্যাচার অব-লোকন কর। আমরা শরজালে সমাচছন হইখাচি বলিশা উনি আগাদিগকে নিহত বোধ করিতেছেন। অন্তএব এক্ষ্যুণ আমি শিক্ষাবলে উঠার অভিলাষ ব্যর্থ করিতেছি, এই বলিল মহাবীর ধনঞ্জয় দিবাকর যেমন নাহাবরাশে বিশ্বস্ত করেন, তদ্রূপ দেই দ্রোণপুত্র নিক্ষিপ্ত প্রত্যেক শর ত্রিধা ছেদনপূর্বক নিপা-তিত করিলেন। তৎপরে তিনি পুনরায অশ্ব, সারথি, রথ, ধ্বজ, পদাতি ও কুঞ্জরগণের সহিত সংশপ্তকগণরে উগ্রতর শর্রানকরে বিদ্ধ করিতে লাগিলেন। ঐ সমধে যে যে ব্যক্তি যে যে রূপে সমরাঙ্গণে সমবস্থিত ছিল, সকলেই আপ-নারে শরজালে সমাচ্ছন্ন বোধ করিল। সেই গাণ্ডীববিমুক্ত বিবিধ শর্নিকর কি ক্রোণস্থিত কি সম্মুণস্থিত সমস্ত হস্তী ও নরগণকে বিনাশ করিতে লাগিল। মদবর্ষী মাতঙ্গগণের কর সমুদায ভল্ল প্রহারে ছিল্ল হইয়া পর্নশু নিকৃত্ত মহা-ত্রুমের ভায় ভূতলে নিপতিত হইল। পর্বতাকার কুঞ্জর সকল সাদিগণের সহিত বজ্রমণিত অচলের ন্যায় ভূতলশায়ী হইতে লাগিল। মহাবীর ধনঞ্জয় বীরগণাধিষ্ঠিত স্থশিক্ষিত তুরঙ্গমযুক্ত গন্ধবিনগ্রাকার স্থাজ্জিত রথ সফল খুণ্ড খণ্ড করিয়া অরাতিপক্ষীয় স্থসজ্জিত অশ্বারোহা ও পদাতিগণের প্রতি বাণ বর্ষণ করিতৈ আরম্ভ করিলেন। প্রলয়কালান সূর্য্য যেমন কিরণজালে অর্ণব পরি-**ওক কর্বেন, তদ্রেপ মহাবীর ধনঞ্জয় স্থতীক্ষ্ণ শরজালে সংশপ্তকগণকে নিপী-**ড়িত করিয়া পুনরায় পুরন্দর যেমন বজ্র দ্বারা পর্বত বিদারণ ক্রিয়াছিলেন, তদ্রপ নারাচ দ্বারা সন্থরে দ্রোণপুক্রকে বিদীর্ণ করিলেন। তথন আচার্য্যপুক্র

ক্রাধাবিক হইখা অর্জ্নের এবং তাঁহার অশ্ব ও সার্থির উপর শর নিকেশশূর্বক যুদ্ধার্থ সমাগত ইইলে পাণ্ডবনন্দন সেই শর সমূলায় ছেদন করিয়া
ফেলিলেন ত্রিনন্তর আচার্যাতনয় অতিশয় রোষাবিক্ট, হইয়া অর্জ্জুনের প্রতি
এক্ত্র পরিভাগি করিতে লাগিলেন। তথন মহাবীর অর্জ্জ্ন দাতা যেমন জপাংক্রেয়দিগকে পরিভাগি করিয়া প্রংক্তিপাবন অর্থিগণের অভিমুখে গমন
করেন, তর্ক্ত্রপ সংশপ্তকগণকে পরিভাগিপ্রবিক অশ্বত্থামার অভিমুখে
গমন করিলেন্দ্র

#### অষ্টাদশ অধ্যায়।

ুহে মহারাজ ! তখন নভোমঞ্লম্ভ ভক্ত ও বৃহস্পতির ন্যায় মহাবীর অর্থামা ও অর্দ্ধুনের প্রারতর সংগ্রাম উপস্থিত হইল। সেই লোকভীষণ বারদ্বয় বিমার্গন্থ গ্রহদ্বয়ের স্থায় পরস্পারকে শরনিকরে সন্তাপিত করিতে লাগিলেন। মহাবীর অর্জ্জুন নারাচ দ্বারা দ্রোধপুত্তের ক্রমণ্য বিদ্ধ করিলে অশ্বত্থাম। উদ্ধিরশ্যি সূর্য্যের ন্যায় শোভা ধারণ করিলেন। কৃষ্ণদর্মবেত অর্জুনও অশ্বথামার শত শত শরে সাতিশয় বিদ্ধ হইয়া রশ্মিজালজড়িত যুগান্ত-কালীন দিবাকরন্বদের ন্যায় অবস্থান করিতে লাগিলেন। অনস্তর মহাত্ম। বাহুদেব অশ্বত্থামার শরে অভিভূত হইলে অর্জ্জুন চতুদ্দিকে অক্রধারা স্থাষ্টি করিয়া বজ্রায়ি সদৃশ প্রাণনাশক শরনিকরে দ্রোণপুত্রকে আহত করিতে মারম্ভ করিলেন। তখন তেজম্বী রৌদ্রকর্মা। দ্রোণকুমার মৃত্যুরও ব্যথাজনক গতি তীব্রবেগ সম্পন্ন স্থমুক্ত শরজালে বাস্তদেব ও অর্জ্জুনকে বিদ্ধ করিতে গাগিলেন। ঐ সময় মহাবীর জোণপুজ যতগুলি শর পরিত্যাগ করিলেন, মহাবল পরাক্রান্ত ধনঞ্জয় তাহা অপেকা দ্বিগুণ বাণ নিক্ষেপ করিয়া তাঁহার <sup>দায়ক</sup>নিকর নিবারণপুর্বক তাঁহারে অখ, সারথি ও ধ্বজের সহিত আর্ভ করিয়া সংশপ্তক দৈন্তমধ্যে প্রবিষ্ট হইলেন। তিনি স্তমুক্ত শরজালে অপরাগ্ন্থ ণক্রগণ্ণের শর, শরাদন, ভূণীর, মৌব্বী, হস্ত, করস্থিত শৃস্ত্র, ছাত্র, ধ্বজ, মনোরম বস্তা, মাল্যা, ভূষণ, চর্মা, বর্মা এবং মস্তক সমূহ ছেদন করিয়া ফেলি-লেন। স্বাজ্জত রখ, নাগাঁও অশ্বসমুদায়ে, সমারত যোধগণ অকল্প নিক্ষিপ্ত গ্দংখ্য শরে বাহনগণের সহিত বিদ্ধ হইয়া ধরাতলে নিপ্তিত হইলেন। হাঁহাদের পূর্ণচক্র, সূর্য্য ও কমলের ন্যায় মনোহর কিরীট ও মাল্য প্রস্তৃতি

বিবিধ ভূষণে ভূষিত মস্তক দক্ল ভল্ল, অদ্ধিচন্দ্ৰ স্কুর দ্বারা ছিল্ল হইয়া নির-ন্তর স্থৃতলে নিপুতিত হইতে লাগিল।

্তখন অরাতিঘাতন অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ ও ান্ধাদদেশীয় বীর্গণ গজাহ্বর-তুল্য 'মাতঙ্গ 'সমুদায় লইয়। দৈত্যদুর্পনিসূদন ধনঞ্জয়ের, প্রতি গাবমান হই-লেন। মহাবার ধনঞ্জয় সেই গজয়ু৾থের চর্মা, বর্মা, শুগু, ধরজা, পিতাকা ও নিষাদী সমুদায়কে ছেদন করিয়া বজ্ঞাহত গিরিশৃঙ্গের স্থায় ভূতলৈ পাতিত করিলেন। এইরূপে দেই গজদৈত ছিন্ন ভিন্ন স্ইলে মহাবীর খনঞ্জয়, বায়ু যেমন মহামেঘ দ্বারা দিবাকরকে সমাচ্ছন্ন করে, তদ্রূপ অশ্বত্থামারে শর-নিকরে সমাচ্ছন্ন করিতে লাগিলেন। তথন মহাবীর অখ্থামা স্বীয়**়শ**র-নিকরে অর্জ্র্নের শর সমুদায় নিবারণপূর্ব্বক বর্ষাকাঙ্কীন, জলদজাল বৈরূপ চন্দ্র সূর্য্যকে তিরোহিত করিয়। গভীর গর্জন করে, তদ্রূপ বাহ্নদেব ও অর্জুনকে শরনিকরে সমাচ্ছন করিয়া দিংহনাদ করিতে আরম্ভ করিলেন। মহাবীর অর্জ্বী অশ্বত্থামার শরনিকরে নিপীড়িত হইয়া পুনরায় ভাঁহার ও তাঁহার দৈয়গণের প্রতি শরপ্রয়োগে প্রবৃত্ত হইলেন এবং সহসা ডোণ-পুত্রের শরাদ্ধকার নিরাশ করিয়া হৃপুষ্থ সায়ক দারা তাঁহার দৈত্যগণকে বিদ্ধা করিতে লাগিলেন। তৎকালে তিনি যে কখন শর সন্ধান, কখন শর গ্রহণ, আর কখনই বা শর প্রিত্যাগ করিলেন, তাহা কিছুই লক্ষিত হইল না। 'কেবল ভাঁহার বিপক্ষে যুধ্যমান রথী, অশ্বারোহী, গজারোহী ও পদাত্তিগণকৈ শরবিদ্ধ কলেবর ও নিহত হইতে নয়নগোচর হইল। তথন মহাবীর দ্রোণতনয় অতি সম্বরে এককালে দশ নারাচ সন্ধানপুর্বক নিক্ষেপ করিলে তন্মধ্যে পাঁচটী অর্জ্জনের ও পাঁচটী কেশবের অঙ্গ বিদ্ধ করিল। কুবের ও ইন্দ্রের তুল্য মকুজপ্রধান কৃষ্ণ ও ধনঞ্জয় দেই সমুদায় নারাচে আহত হইয়া রুধিরক্ষরণপূর্বক নিতান্ত অভিভূত হইলেন। তদ্দর্শনে সকুলেই তাঁহাদিগ্নকৈ নিহত বলিয়া বোধ করিল। তথন দশার্হনাথ কেশব অর্জ্জুনকে কাঁইলেন, হে ধনঞ্জয় ! আর কেন উপেক্ষা ক্রিতৈছ, অশ্বত্থামারে অবিলম্বে বিনাশ কর। উহারে উপেক্ষা করিলে উনি প্রতিকারশৃত্য ব্যাধির স্থায় নিতান্ত কন্টকর হইয়া উঠিবেন। প্রমাদশুন্য অর্জুন অচ্যুতের বাক্য স্বীকার করত যত্ন সহকারে গাণ্ডীব নিম্মুক্ত মেষকর্ণতুল্যাগ্র শরনিকরে ক্রেণ্ডনয়ের

চন্দনদিশ্ধ বাহু, বক্ষঃস্থল, মস্তক ও অমুপায় উরুদেশ ক্ষত বিক্ষত করিব।
রগিন্দা ছেলনপ্রবিক অশ্বগণকে বিদ্ধ করিতে লাগিলেন। অশ্বগণ অর্জ্জুনশরনিপীড়িত ইট্রা অশ্বত্থামারে লইবা অতি দূরে পলায়ন করিল। মতিমান্
দ্রোণক্ষর ইতিপূর্বের অর্জ্জুনের শরনিকরে নিতান্ত ব্যথিত ও হীনান্ত কইবাভিলেন, এক্ষুণে দেই বায়ুবেগগামা তুরঙ্গমগণ কর্ত্তক দূরে সমানীত হইয়া
ক্ষণকাল চিন্তা করত কৃষ্ণ ও অর্জ্জুনের জয় নিশ্চব করিবা আর ধনপ্রয়ের সহিত্
যুদ্ধ করিতে বাসনা করিলেন না। তিনি হতোৎসাহ হইয়া অশ্বগণকে নিযন্ত্রত
করত সূতপুজের রথাশ্বনরস্কুল বলমধ্যে প্রবেশ করিলেন। হে মহারাজ।
এইবিশে পাণ্ডবগণের প্রবল শক্র অশ্বত্থামা মল্রোম্বিনিরাক্ত ব্যাধির ন্যায়
রণস্থলিক্ইতে অপদানিত্ হইলে কেশব ও অর্জ্জুন বায়ুবিকম্পিত পতাকাযুক্ত
সেঘগভার নিশ্বন স্থান্দনে সমারত হইয়া সংশপ্তকগণের অভিমুখে গমন
করিলেন।

### উনবিংশতিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় মহাবার দশুধার উত্তর দিকে পাণ্ডব দেনাগণকে প্রহার করিতে প্রান্ত হুইলে উহার। তুমুল কোলাহল করিতে লাগিল। তথন বাস্তদেব রথ প্রতিনির্ভ করত গরুড় ও অনিল তুল্য বেগণালা অখ্যাণের গাত রোধ না করিয়াই অজ্জ্নকে কহিলেন, হে অর্জ্জন ! প্রমাণী বিরদবরে সমারাজ নগধরাজ দশুধার মহাবল পরাক্রান্ত এবং শিক্ষা ও বল প্রাক্রান্ত এবং শিক্ষা ও বল প্রাক্রান্ত করিয়া পশ্চাৎ পুনরায় সংশপ্তকগণকে বিনাশ করিবে। মহাত্মা মধুসূদন এই বলিয়া ধনজ্ঞয়কে দশুধার সমিধানে সমুপস্থিত করিলেন। ঐ সময় হস্তিয়ুদ্ধে স্থানপুণ রাজ্র ন্যাথ নিতান্ত তুংসহ মগধরাজ দশুধার বিশ্বনহর্ত্তা ভাষণ ধুমকেতুর ন্যায় শক্রেসৈন্যদিগকে ছিল্ল ভিন্ন করিতে প্রব্ত হইলেনী। তিনি গজান্তর সন্ধিভ, মহামেঘের ন্যায় গভার গর্জ্জন গৃম্পন্ন, স্থাজ্জত মাতকে অবস্থান করিবা শর্মনকর বর্ষণপূর্বকর রথ সকল চুর্ণ এবা স্বাংখ্য হস্তা, লখ ও মনুষ্যকে বিনান্ট করিতে লাগিলেন। তাশার হস্তাও পদ ছাবা অস্থারিথ সমবেত রথ সন্ধায় ও মনুষ্যগণকে আক্রনণ ও মন্দনপূর্বক কালচকের ন্যায়ণ প্রার্থ প্রক্তি শ্বাল অস্থানিয় হস্তাদিগকে বিনাশ করিতে

পাগিল। সেই তেজম্বী গজবরের প্রভাবে অসংখ্যা বর্মাণার্ত কলেবর অশ্বা-রোহা ও পদাতি ধরাতলে বিপোধিত হইল।

অন্তর মহাবার অর্জুন জ্যা, তল ও নেমি নিশ্বন সম্প্রাক্তর, ভেরী ও অসংখ্য শত্থধ্বনি নিনাদিত, রথাশ্ব মাতঙ্গকুল সন্ধুল রণ মধ্যে সেই মাতঙ্গকে লক্ষ্য করিয়। সমুপস্থিত হইলেন। তথন দগুধার<sub>ূ</sub> দাদশ শরে অর্জ্নকে, ষোড়শ শরে জনাদিনকে ও তিন তিন শরে তাঁহাদের প্রত্যেক অশকে বিদ্ধ করিয়া বারংবার সিংহনাদ পরিত্যাগপূর্বক ুহুল্য করিতে লাগিলেন। মহাবীর অর্জুন তদর্শনে ক্রুদ্ধ হ্ইয়া ভল্ল দারা ভাঁহার শর, শরাসন ও অলঙ্কত ধ্বজদণ্ড ছেদন করিয়া পাদরক্ষকগণের সহিত মহামাত্রকে বিনাশ করিলেন। গিরিত্রজেশ্বর দণ্ডধার তদ্দর্শনে সাতিশয় ক্রে:ধাবিষ্ট হইয়া সেই অনিল তুল্য তেজস্বা মদোৎকট মাতঙ্গ দ্বারা বাস্তদ্বেতক ধৈর্য্য-চ্যুত করিবার নিমিত্ত ধনঞ্জয়ের উপর তোমর প্রহার করিলেন। তথন মহাবীর অর্চ্জ্য তিন ক্ষুর দারা তাঁহার করিশুণ্ডোপম ভুজদণ্ডদয় ও পূর্ণ-শশাঙ্ক সন্ধিভ মস্তক যুগপৎ ছেদন করিয়া অদংখ্য শরে দেই মাতঙ্গকে বিদ্ধ করিলেন। স্থবর্ণ বর্ণ্মধারী করিবর অর্জ্জ্নশরে সমাচ্ছন্ন হইয়া বিশাকালে দাবানল প্রভাবে প্রজ্বলিত ওষধি পরিপূর্ণ অচলের স্থায় শোভা পাইতে লাগিল এবং শরপ্রহারজনিত বেদনায় আর্ত্তনাদ পরিত্যাগপূর্বক কখন উদ্ভান্ত কখন বা শ্বলিতপদে ধাবমান হইয়া মহামাত্রের সহিত বজ্রবিদারিত শিখরীর স্থায় ভূতলে নিপতিত হইল।

তখন মহাবীর দণ্ড স্বীয় ভ্রাতা দণ্ডধারকৈ নিহত নিরীক্ষণ করিয়া তুধারগৌর, স্থবর্ণনামসমল্ক্ষত হিমাচল শিথর সদৃশ উত্তুক্ত মাতকে আরোহণ
করিয়া ধনপ্পয়ের বিনাশবাসনায় তাঁহার সমীপে কাগমন করিলেন এবং সূর্য্যকরপ্রভ্ তিন তোমরে জনার্দ্দনকে ও পাঁচ তোমরে অর্জ্জনক বিদ্ধা করিয়া
দিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। মহাবীর অর্জ্জনও থরধার ক্ষুর দ্বারা
দ্বেণ্ডে তাঁহার ভুজযুগল ছেদন করিয়া ফেলিলেন। মহাবীর দণ্ডের দেই
তোমরধারী অক্ষদসমলক্ষত চন্দন চর্চিত ভুজদ্ম ক্ষুর দ্বারা ছিল হইয়া
অচলশিথর হইতে পতিত রুচির উরগদ্বের তায় গজপৃষ্ঠ হইতে যুণপং
নিপতিত হইল। অনস্তর মহাবীর অর্জ্জুন অর্দ্ধচন্দ্র বাণ দ্বারাণ দণ্ডের মস্তক

ছেদন করিলে উহা শোণিত্দিক ও করিপুষ্ঠ হইতে ভূতলে পতিত হইয়া অস্তাচল হইতে পশ্চিমাভিমুখে নিপতিত দিবাকরের ন্যায় শোভা পাইতে লাগিল। শারে মহাবার অর্জুন তাহার খেতাভ্রদক্ষিত হস্তীরে দিবাকরের করজীলদদৃশ শরজালে নির্ভিন্ন করিলেন। করিবর অর্জ্জুনশরে বিশ্ব হইগ্ন। তৎক্ষণাৎ 👽 আর্ত্তনাদ পরিত্যাগপুর্বক কুলিশাহত হিমাচলশিখরের তায় ' ভূতলে নিঁপভিত হইল। তথন, মহাবীর ধনঞ্জয় দণ্ডধার ও দণ্ডের হস্তিষয়ের ভায় এতাভা...হস্তাদিগকে - সংহার করিলেন। তদ্দর্শনে শক্রু সৈত সমুদায় পলায়ন করিতে লাগিল। ১হস্তা, অশ্ব, রথ ও পদাতিগণ পরস্পার পরস্পারকে আঘাত করত শ্বলিত হইয়া কোলাহুল সহকারে সমরাঙ্গনে নিপতিওঁ ও পঞ্জ প্রার্থ হইল। ইত্রেসরে এর্জুনের দৈনিক পুরুষেরা দেবগণ যেমন পুরুদরকে পরিবেক্টন করেন, তদ্রপ অঁজ্জুনকে বেক্টন করিয়া কহিতে লাগিল, হে বীর! আসরা মৃহ্যুর ভাষে বে দণ্ডধারকে দর্শন করিয়া ভাত হইয়াছিলাম, তুমি এক্ষণে তাহারে দংহার করিয়াছ। আমরা মহাবল পরাক্রান্ত শক্রণপার ভুজবীর্ষ্যে নিতান্ত নিপাড়িত হইবাছিলাম, যদি তুমি তথকালে আমাদিগকে রক্ষানা করিতে, তাহা হইলে আম্যা এক্ষণে শক্তগণের বিনাশে যেরূপ আনন্দিত হইতেছি, তাহারাও তৎকালে আমাদিগকে নিহত দেখিয়া তদ্রপ আনীন্দিত হইত, \*দন্দেহ নাই। হে মহারাজ! মহানীর অর্জুন স্থহালাণের মুখে এই দুমস্ত বাক্য শ্রাবণ করিয়া তাঁহাদিগকে মর্য্যাদানুসারে সংকারপূর্বক পুনরায় সংশপ্তক-গণকে দংহার করিবার নিমিত্ত প্রস্থান করিলেন।

#### বিংশতিতম অধ্যায়।

হে মহারাজ! এইরূপে জয়শীল অর্জ্রন দণ্ডণার ও দণ্ডের নিধনানন্তর প্রাণাত হইয়া মঙ্গল প্রহের ছায় ব ক্রভাবে দক্ষরণ করত পুনরায় দংশপ্তক-গণকে নিহুত করিতে আরম্ভ করিলেন। কৌরবপক্ষীয় অয়, রথ, কুঞ্জর ও যোধগণ পার্য শরে নিপাড়িত হইয়া বিচলিত, ঘূর্ণিত, য়ান, প্রতিত ও বিন্দি হইতে লাগিল। মহাবার ধন্জয় ভল্ল, ক্ষুর, অর্ক্রচন্দ্র ও বংসদন্ত ভারী প্রতিদ্দা বারগণের পরাক্রান্ত বাহন, ধ্বজু পর, শরাসন, হন্ত, হন্তুম্ভি শক্তে, মন্তক ও সার্থি সমুদায়কে ছেদন করিয়া কেলিলেন। র্ষভ্যুথ ফেন, গাভা লাভার্যে অন্য র্ষভ্রে আক্রমণ করিতে অগ্রান্ত হয়্ন, তর্দ্ধণ

সংক্রম সহত্র শ্রগণ মর্জুনকে মাক্রমণ করিবার নিমিত্ত তাঁহার অভিমুখে ধাৰমান হইল। হৈ মহারাজ! ত্রেলোক্য বিজয়কালে ইল্ফের সহিত দৈত্য-গণের যেরপ্র যুদ্ধ হইয়াছিল, একণে অর্জুনের সহিত সেই বীর্শুণের তজ্ঞপ ুলাম্হরণ দংগ্রাম সমূপদ্বিত হইল। ঐ সময় উগ্রায়ুধ্তনয় দলদশুক নর্পের স্থায় তিন শরে অর্জ্নকে বিদ্ধ করিল। ধনঞ্জয় তাঁহার শরাদাতে কুদ্ধ হইয়া সহরে তাঁহার মস্তক ছেঁদন করিয়া ফেলিলেন। তথা বর্ষাকালীন বায়ুপ্রেরিত মেঘমণ্ডল যেমন হিমালয়কে আরুত্ত করে, তদ্ধ্রে মই বিপক্ষ-পক্ষীয় যোধগণ জুদ্ধ হইয়া বিবিধ অন্ত দার। অৰ্জুনকে সমাচহন করিল। মহাবীর ধনঞ্জয় স্বায় অস্ত্রনিকরে বিপক্ষ প্রকের অস্ত্র সমুদায় নিবারণপূর্বক শরজালে বহুদংখ্য বারতেক দংহার করিয়া রথিগণের ত্রিবেণু, আয়ুধ, তুণীর, চক্রন, রথ, ধ্বজ, রশ্মি, যোক্ত্র, অক্ষ, রথের অধে।ভাগস্থ কাঠছর ও বর্ম সমুদায় এবং অসংখ্য অশ্ব, পাঞ্চি ও সার্থিরে ছেদন করিয়া ফেলিলেন। অর্জ্নবিধ্বস্ত রথ সমুদায় ধনিগণের অগ্নি, অনিল ও সাললৈর প্রভাবে বিনষ্ট গৃহ সমুদায়ের স্থায় শোভা পাইতে লাগিল। মাতঙ্গণ অশানসদৃশ শর্নি-করে ছিন্নকবচ হইয়া বজ্রামিনিার্ভন 'পব্দতাগ্রন্থিত গৃহ সমুদাধের ভাষে ধরা-তলে নিপাতত হইল। অধ্বগণ অৰ্জ্জ্বের ভীষণ আঘাতে জিহব। ও অক্ত নির্গত ২ওয়াতে শোণিভার্দ্র কলেবরে ধরাশয্যা গ্রহণ করিল। অসংখ্য হস্তা, অখ ও মনুষ্য অৰ্জ্জনের নারাচে বিদ্ধ হইয়া শব্দায়মান, স্লান, বিঘূর্ণিত, শ্বলিত ও নিপতিত হইতে লাগিল। তখন মহাবার ধনঞ্জয় দৈত্যঘাতন মহে-ক্রের তায় শিলাধৌত অশনিসদৃশ শরনিকরে বিপক্ষপকায় অসংখ্য বারকে নিহত করিলেন। মহামূল্য বর্ম ও ভূষণে মণ্ডিত মহাজ্রধারী নানারূপ বীরগণ রঞ্জ ধ্বজের সহিত ধনঞ্জয়ের শরে নিহত হইয়া রণশয্যায় শগ্ন করিতে লাগি-লেন। হে মহারাজ। ঐ যুদ্ধে পুণ্যকর্মা সংকুলোদ্ভব জ্ঞানসম্পন্ন বীরগণ নিহত হঁইয়া স্ব স্থ উৎকৃষ্ট কশ্মফলে স্বগারোহণ করিলেন; কেবল ভাহাদের শরীর সমুদায় বহুধাতলে পতিত রহিল। অনস্তর নানাজনপদের অধ্যক্ষ জাতকোধ যোধগণ স্বগণ সমভিব্যাহারে মহারথ অর্জুনের প্রতি ধাবমান হই-**लन । गर्जाक**, अधारतारी, तथी ও পদাতিগণ किचाश्मा शतवन इंड्या বিবিধ শস্ত্র বর্ষণ করত তাঁহার অভিমুখীন হইতে লাগিল। <sup>°</sup> তুঁখন সহাবীর

অর্জুন বায়ু যেমন সহামেব নিমুক্তি বারিধারা নিবারণ করে, তজাপ নিশিত শরনিকরে সেই যোধগণ পরিমুক্ত আয়ুধ্বর্ষণ নিবারণ করিয়া তাহাদিগকে অশ্ব, পদাতি, হন্তাতি রথ সমুদায়ের সহিত বিধ্বস্ত করিতে জারম্ভ করিলেন।

তথন মহাত্মা বাস্থাদেব অর্জ্জ্নকে কহিলেন, হে ধনঞ্জয় ! তুমি কি বুঞাঁ ক্রীড়া করিয়া সময় নই করিতেছে; সত্ত্বরে এই সংশপ্তকগণকৈ নিপাতিত করিয়া কর্ণবিধের চেইটা কর। মহাবীর ধনঞ্জয় কৃষ্ণের বাক্যে স্বীকার করিয়া দানবহন্তা ইত্তেরে ভায়ে বল প্রকাশপূর্বক শস্ত্র দারা অবশিষ্ট সংশপ্তকগণকে নিপাতিত করিতে লাগিলেন। ঐ সময় মহাবীর অর্জ্জ্ন যে কথন শর গ্রহণ, কথন শরসন্ধান আরু কথনই বা শ্রনিক্রেপ করিলেন, তাহা অবহিত হইয়াও কেহ জানিতে পারিল না। মহাত্মা বাস্থাদেব অর্জ্জ্নের হন্তলাঘ্র দশনে চমৎ-কৃত হইলেন। হংসগণ যেরূপে সরোবরে প্রবিষ্ট হয়, তত্ত্বপ সেই শুজবর্ণ শরনিকর সৈভাগণ মধ্যে প্রবেশ করিতে লাগিল।

এইরূপে দেই স্ব্যহান্ জনসংক্ষয় স্মুপশ্ছিত হইলে মহামতি কেশব সমরভূমি সন্দর্শন করিয়া অভিজ্নকে কহিলেন, হে পার্থ! এক ছুর্যোগনের অপরাধে এই অতি ভয়ঙ্কর ভরতকুলক্ষ্ম ও পাথিবগণের বিনাশ সমুপস্থিত হইয়াছে। ধকুদ্ধরগণের রাশি রাশি হেমপৃষ্ঠ কাম্মুক, শরমুষ্টি, ভূণীর, স্থবর্ণ-'পুষ্ম নতপর্বৰ, শর, নিশ্মোক নিম্মুক্ত পন্নগ দদুশ তৈলধৌত নারাচ, হেমভূষিত বিচিত্র তোমর, কনকপৃষ্ঠ চর্মা, স্থবর্ণ নির্ম্মিত প্রাদ, কনকভূষিত শক্তি, হৈম-সূত্র বেষ্টিত বিপুল গদা, স্থবর্ণয়ষ্টি, স্থবর্ণমণ্ডিত পট্টিশ, স্থবর্ণদণ্ডযুক্ত পরশু, ভীষণ পরিষ, ভিক্সিপাল, ভুষুণ্ডী, লোহময় প্রাদ ও ভীষণ মুষল প্রভৃতি নানা-বিধ অন্ত্র শস্ত্র নিপতিত রহিয়াছে। জয়লোলুপ বীরগণ বিবিধ অন্তর ধারণ-পূর্বক নিহত হইয়াও জীবিতের ভায় দৃষ্ট হইতেছে। ঐ দেখ, সহস্র সংস্থ যোদ্ধা গদাবিমথিত কলেবর, মুধল চূর্ণিত মস্তক এবং হস্তা, অশ্ব ও রথ দারা ক্ষতবিক্ষুত হইয়া নিপতিত রহিয়াছে। শর, শক্তি, ঋষ্টি, তোমর, খড়গ, প্রাস্, পটিশ, নধর ও লগুড় গ্রন্থতি অস্ত্রে ছিল ভিন্ন রেধির পরিপ্লুত মনুষ্য, অর্থ, ও হস্তাদিগের দেহে রণভূমি পরিপূর্ণ হইয়াছে। বীর্গণের তলত্র ও অঙ্গদ-যুক্ত চন্দনদিশ্ধ বাহু, অঙ্গুলিত্রাণযুক্ত অলঙ্কত ভুজাতা, হস্তিশুও সদৃশ উরু এবং চুড়ান্নণি ও কুণ্ডলে অল্**ক্ল**ত মন্তক সমূদায় দারা সমরভূমি অপূর্ব শোভা ধারণ করিয়াছে। হেমকি জিনী যুক্ত রথ সকল চুর্ণ হইয়া গিয়াছে। ঐ দেখ,
অসংখ্য শোণিত লিপ্ত অশ্ব, রথাধন্থিত কাষ্ঠ, তুণীর, পতাকা, ধ্বজ, যোধগণের
মহাশন্থা, পাণ্ডুরবর্ণ প্রকাণিক, নিস্তর্ধ রণশ্যান পর্বতাকার নাত্তস, বিচিত্র
পতাকী, নিহত গজযোধী, মাতস্পাণের বিচিত্র কম্বল, গজচুর্ণিত ঘণ্টা, বৈঠুর্য্যমণিমণ্ডিত দণ্ড, অঙ্কুশ, অশ্বগণের যুগশেখর বত্রচিত্রিত বর্ণ্ম, সাদিগণের ধ্বজাগ্রে
বিদ্ধ স্থবর্ণ মণ্ডিত চিত্রকম্বল, অশ্বগণের স্থবর্শবিচিত মণিমণ্ডিত রাপ্কর্ণ আস্তরণ,
ভূপালগণের কাঞ্চনমালা, চূড়ামণি, ছত্র ও চামর সকল নিপক্তিত রহিয়াছে।
নরপতিদিগের কুণ্ডলালক্কত, চল্দনক্ষত্র সপ্রভ, শাশ্রুল বদনমণ্ডল সমস্তাৎ
নিপতিত থাকাতে রণভূমি বিক্সিত পদ্ম ও কুমুদযুক্ত সরোবরের ন্যায়, শার্থকালীন চন্দ্র নক্ষত্র ভূষিত নভোমণ্ডলের ন্যায় শোভা ধারণ করিয়াছে। ছে
আর্জুন ! এই সমুদায় অবলোকনে বোধ হইতেছে যে, তুমি সমরস্কলে আপনার অসুরূপ কর্ম্ম করিয়াছ। তুমি থেরূপ যুদ্ধ করিয়াছ, দেবরাজ ভিন্ন আর
কাহারও এরূপ করিবার সাধ্য নাই।

হে মহারাজ । অসাধারণ ধীশক্তিসম্পন্ন মহাত্মা বাস্থানেব অর্জ্জনুকে এই ক্রপে সরমভূমি প্রদর্শন করত গমন করিতে করিতে ত্র্য্যোধনের বলমধ্যে শব্ধ, তুল্লুভি ভেরী ও পনবের ধ্বনি এবং হস্তী, অশ্ব, রথ ও অস্ত্রের তুমূল শব্দ শ্রবণ করিলেন । তথন তিনি সেই বায়ুবেগগামী অশ্ব সমুদায় সঞ্চালনপূর্বক তথায় প্রবেশ করিয়া পাণ্ড্যরাজকে কোরব পাক্ষীয় সৈন্যগণকে শরপিড়ীত করিতে দেখিয়া অতিশয় বিসায়াবিফ হইলেন । ঐ সময় অস্ত্রবিশারদ মহাবীর পাণ্ড্য অস্তকের ন্যায়, অস্তরনিপাতী ইন্দের ন্যায়, নানাবিধ অস্ত্রহারা অরাতিগণের সায়ক সমুদায় ছেদনপূর্বক অসংখ্য হস্তী, অশ্ব ও মনুষ্যের দেহ বিদারণ করিয়া তাহাদিগকে নিপাতিত করিতেছিলেন ।

একবিংশতিতম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! তুমি পূর্বেই লোকবিশ্রুত পাণ্ডারাজ শ্রীবারের নাম কীর্ত্তন করিয়াছ ; কিন্তু তাঁহার সংগ্রাম কার্য্য বর্ণন কর নাই। অতর্ত্তাব একণে বিস্তারপূর্বেক আমার নিকট দেই বীরের বিক্রম, শিক্ষা প্রভাব, বীর্য্য ও দর্প কীর্ত্তন কর। সঞ্জয় কহিলেন, হে মহারাজ ! যে মহা-বীর ধসুর্বিদ্যাপারগ আপনার মতে সর্বব্রেষ্ঠ মহারখ ভীষ্ম, জেশ, কুণ, অশ্বথামা, কর্ণ, অর্চ্জুন ও বাস্তদেবকে পরাক্রম দ্বারা পরাস্ত্ত করিতে পারেন যিনি কাহারেও কথন আত্ম তুল্য বোধ করেন না, যিনি আপনারে রুর্ণ ও ভীম্মের স্নাক্র্য এবং বাস্তদেব ও অর্চ্জুন হইতে ন্যুনু বলিয়া কথনই স্থীকার করেন না, সেই শস্ত্রধরাপ্রগণ্য স্থুপালপ্রেষ্ঠ পাণ্ড্য প্রকোপিত অন্তক্রের ন্যায় করেন না, সেই শস্ত্রধরাপ্রগণ্য স্থুপালপ্রেষ্ঠ পাণ্ড্য প্রকোপিত অন্তকের ন্যায় ক্রমণ করিতে আক্রস্তু, করিল। বায়ু যেমন মেঘমণ্ডল ছিন্ন ভিন্ন করে, তত্রপ অরাতিঘাতন পাণ্ড্য শর্মনকরে অ্রা, রথ, ধ্বজ, আয়ুধ, মাতঙ্গ ও সার্থি সমুদায়কে বিধ্বস্ত করিয়া সৈন্যগণকে ছিন্ন ভিন্ন করিতে লাগিলেন। আরোহি সমবেত দ্বিন্দ্রণ পাণ্ড্যের ভীষ্ণ শরে ধ্বজ, পতাকা ও আয়ুধ বিহীন হইয়া পাদরক্ষকদিগের সন্থিত প্রাণত্যাগপূর্বকে বজ্ঞাহত পর্বতের ন্যায় স্থুতলে নিপতিত হইল। ঐ মহাবীর স্থতীক্ষ্ণ শরনিকরে শক্তি, প্রাস ও তুণীরধারী সংগ্রামনিপুণ সম্বারক্ত মহাবল পরাক্রান্ত পুলিন্দ, থশা, বাহ্লীক, নিষাদ, অন্ধ ক, কুগুল, দাক্ষিণাত্য ও ভোজগণকে শস্ত্র ও বর্ম্ম বিবর্জ্জিত করিয়া নিহত করিলেন।

ঐ সময় মহাবীর অশ্বত্থামা অশক্ষিত পাণ্ডাকে শরনিকরে সেই চতুরঙ্গিনী সেনা নিহত, করিতে দেখিয়া অসংভ্রান্ত চিত্তে তাঁহার প্রতি ধাবমান হইলেন এবং হাস্যমুথে মধুর বাক্যে তাঁহারে সম্ভাষণপূর্বক কহিলেন, হে কমললোচন মহারাজ ! তুমি দহংশে জন্মগ্রহণ করিয়াছ; তোমার বল ও পৌর্ক্ষ দর্বত্ত প্রসিদ্ধ রহিয়াছে, এবং তোমার পরাক্রমও ইন্দের সদৃশ । তুমি বিশাল বাহ্ছ-যুগল দ্বারা বিস্তৃত মৌর্কী সম্পন্ধশরাসন বিক্ষারণ করত মহাজ্ঞলদের ভ্রায় শোভা ধারণ করিয়া শক্রগণের প্রতি শরনিকর বর্ষণ করিতেছ। এক্ষণে আমি এই সমরে জ্বামা ভিন্ন অন্য কাহারেই তোমার প্রতিদ্বন্ধী দেখিতে পাই না। অরণ্যে ভীমপরাক্রম সিংহ যেমন নিভীকচিত্তে মুগগন্ধক বিনষ্ট করে, তক্ষপ তুমি একাকী অসংখ্য হস্তী; অন্ধ, রথ ও পদাত্তির প্রাণ সংহার করিতেছ পুবং 'ভীষণ রথ নিস্থনে ভূমগুল ও আকাশমগুল কম্পিত করত শাস্ত্রম শব্দায়মান শরৎ কালীন মহামেদের ভ্রায় শোভা পাইতেছ; অতএব তুমি 'এক্ষণে তুণীর হইতে সর্প সদৃশ স্থনিশিত শরনিকর সমৃদ্ধুত করিয়া অন্ধক যেরপ ত্রাম্বকের

সহিত্যুদ্ধ করিয়াছিল, তদ্রুপ কেবল আমার সহিত্যংগ্রামে প্রবৃত্ত হও। মলয়ধ্বক পাণ্ডা, এইরপে অশ্বত্থামার বাক্যবানে তাড়িত হইয়া তথাস্ত্র বলিয়া কার্প, দ্বারা দ্বোণ্ডনয়কে বিদ্ধ করিলেন। তথন দ্রোণপুদ্ধ-হাল্য করিয়া প্রনায় তাঁহার প্রতি দশমী গতি সংযুক্ত মর্মাভেদী নারাচ ক্ষল পরিত্যাগ করিলেন। মহাবীর পাণ্ড্য নিশিত নম বাণে তৎক্ষণাৎ সেই, নারাচনিকর পশু থণ্ড করিয়া ফেলিলেন। তৎপরে তিনি চারি বাণে দ্রোণপুল্লের, অশ্বণণকে নিপীড়িত ও নিহত করিয়া শরজালে তাঁহার শর্মিকর ও বিস্তৃত্ত জ্যা ছেদন করিলেন। অনন্তর অমিত্রঘাতন দ্রোণনন্দন স্বায় শরাসনে অন্য জ্যারোপণ-পূর্বক দেখিলেন যে, পরিচারকগণ ভাচরাৎ তাঁহার রথে, অন্যান্ত উৎকৃষ্ট অশ্ব সমুদায় সংযোজিত করিয়াছে। তথন তিনি সহত্র সহত্র শর, পরিত্যাগপুর্বক আকাশমণ্ডল ও দিল্লগুল সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। পুরুষপ্রধান পাণ্ড্য অশ্বত্থামার শরনিকর নিঃশেষিত হইবার নহে জানিয়াও তৎ প্রযুক্ত সান্নক সমুদায় খণ্ড খণ্ড করিয়া তাঁহার চক্তরক্ষক দ্বয়্বে বিনাশ করিলেন।

আকর্ষন মহাবীব অশ্বত্থাসা পান্ড্যের হস্তলাঘ্য নিরীক্ষণপূর্বক শরাসন আকর্ষণ করিয়া জলধরনিক্ষিপ্ত জলধারার ন্যায় শরবর্ষণ করিতে লাগিলেন। তিনি দিবদের সর্ক্ষপ্রহর মধ্যে আট আটটি র্যভ সংঘোজিত অ্বন্ট শকটপূর্ণ শরনিক্যা নিক্ষেপ করিয়া নিঃশেষিত করিলেন। তৎকালে যে যে ব্যক্তি অস্ত-কের ও অন্তক সদৃশ রোষপরবশ অশ্বত্থামারে নিরীক্ষণ করিল, তাহারা প্রায় সকলেই বিমোহিত হইল। এইরূপে মহাবীর অশ্বত্থামা মেঘ য়েমন গ্রীস্মাবদানে পর্বত্ত পাদপ পরিপূর্ণ পৃথিবীতে বারি বর্ষণ করে, তক্ত্রপ শক্তে সৈন্মের উপর শরবৃত্তি করিতে লাগিলেন। তথন মহারাজ পাঙ্য হন্ত মনে বায়ব্যান্ত ঘারা দেই দ্যোকুমার নিম্মৃত্তি শরজাল নিরাক্রণ করিয়া দিংহনাদ করিতে আরম্ভ করিলেন। মহাবীর অশ্বত্থামা পাণ্ড্য মহীপতির সিংহনাদ অবণে ক্রেদ্ধ হইয়া তাঁছার চন্দনাগুরুত্বিক মলরপ্রতিম ধ্বজ ও চারি অশ্ব নিপাতিত করিয়া এক শরে মার্থিরে সংহারপূর্বক অদ্ধিন্তর বাণে জলাদনিস্বন শরাসন খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন এবং তৎপরে তাঁহার রথ চূর্ণ করিয়া অস্ত্রজাল বিস্তারপূর্বক ত্রিক্ষিপ্ত অন্ত সকল নিবারণ করিলেন। ঐ সময় দ্যোণ্ডনয় পাণ্ড্যকে

নিহত করিবার স্থোগ প্রাপ্ত হইয়াছিলেন, কিন্ত তাঁহার দহিত সমর করিবার বাসনায় তাঁহারে সংহার করিলেন না।

ইন্তর্কারে মহারণ কর্ণ পাশুবগণের নাগবলুও অন্যার্থ দৈল সমুদায় বিদ্রোবিত করিতে প্রবৃত্ত হইলেন। তিনি রথিগণকে রথশূত করিয়া কর সংখ্য শহরু অশ্ব ও হস্তীদিগকে নিত। স্ত নিপীড়িত করিতে লাগিলেন। ঐ সময় এক স্থ্যাজ্জিত মহাবল প্রাক্রান্ত মতিঙ্গ আরোহীবিহীন ও অশ্বতামার শরে নিতান্ত, নিপীড়িত হইয়া প্রতিদন্দী হস্তীর প্রতি তর্জ্জন গর্জ্জনপুর্বক মহাবেগে পাণ্ডোঁর অভিমুখে আগমন করিল। তথন হস্তিযুদ্ধে স্থনিপুন মলয়ধ্বজ পাণ্ড্য দক্ষরে দিংখনাদ পরিত্যাগপুর্বাক কেশরী যেমন গিরিশিখরে আর্ট্রোহণ করে, তদ্রুপু দেই মাতঙ্গে আরোহণ করিলেন এবং অঞ্কুশাঘাত ছারা উহার ক্রেধোন্দৌপন করিয়া "নিহত হইলি নিহত হইলি" বলিয়া বারংবার অশ্বত্থামারে ভর্জ্জন করত ক্রোধভরে তাঁহার প্রতি এক সূর্য্যকর প্রথর ভোমর প্রয়োগপূর্বক আনঁন্দ সহকারে সিংহনাদ পরিত্যাগ পুরঃসর্গ তাঁহার মণি, হীরক, স্থবর্ণ, অংশুক ও মুক্তাহারে সমলঙ্কত কিরীট ছেদন করিয়া ফেলিলেন। দেই চক্স, দূর্য্য, গ্রহ ও পানকের আরু ক্যতি দম্পন্ন কিরীট পাণ্ড্যের শরে ছিন্ন হইয়া বজ্রাভিহত অন্দ্রশঙ্কের ন্যায় শব্দ করত সূতলে নিপতিত ও চুর্ণ হইয়া গেল ৷ তথন মহারথ অশ্বত্থামা পদাহত ভুজঙ্গের ভায় রোধানলে প্রজ্ব-লিত হইয়া যদদণ্ড সন্ধিভ চতুর্দ্দশ শর গ্রহণপূর্বক পাঁচ শরে হস্তীর পাল চতু-ষ্টয় 🕳 শুণু, তিন শরে পাণ্ড্যের বাহুদ্বয় ও মস্তক এবং ছয় শরে তাঁহার ছয় অনুচরকে সমাষ্কৃত ও নিপাতিত করিলেন। তখন পাণ্ড্যরাজের চন্দনচর্চিত, হ্মবর্ণ, মুকো, মণি ও হীরকে সমলক্ষৃত হুদীর্ঘ হ্মব্রত ভুক্রযুগল ধরাতলে নিপ-ভিত হইয়া গরুড় নিহত উরগদ্বয়ের স্থায় বিলুপ্তমান হইতে লাগিল। তাঁহার কুগুলালমুত পূর্ণশাশ সপ্রত রোষক্ষায়িত লোচন গাননতু কিতিতলে নিপতিত হইয়া বিশাখা নক্ষত্রন্ব মধ্যপত চল্কের ভায় অপুর্ব শোভা ধারণ করিল। সমরনিপুণ মহাবীর অথখামা এইরূপে পাগুরাজের দেহ তিন শরে চারি অপুশে ' এবং তাঁহার হস্তার কলেবর পাঁচ শরে ছয় অংশে বিভক্ত করাতে সেই দশধ। বিভক্ত দেহৰ্ম ইক্ষের বন্ধ দারা বিভক্ত দুণ দৈবত হবির ভাগু সম্বাঙ্গনে শিপতিত রহিল।

হে মহারাঞ্জ! এইরেপে মহাবার পাণ্ড্য বিপক্ষপক্ষার অসংখ্য হস্তী, অশ্ব ও মনুষ্টকে খণ্ড খণ্ড করিয়া রাক্ষদগণের ভৃষ্টি সাধনপূর্বিক শাশানায়ি যেমন মৃত্ত. কলেবররূপ স্বপা লাভ করিয়া দলিল ছার। উপশাইত হইয়া থাকে, তদ্রপা দ্রোণ পুলের শরাঘাতে প্রশান্ত ভাগ অবলম্বন করিলেন। তখন আপনার আজ্ঞজ রাজা তুর্য্যোধন স্বহন্দর্গ সমভিব্যাহারে সেই ক্রতকার্য্য আচার্য্য প্রদানিশে সমুপস্থিত হইয়া দেবরাজ বেমন বলাম্বরবিজ্ঞা বিষ্ণুরে অর্চনা করিয়াছিলেন, তদ্রপ ছন্ট মনে ভাঁহারে যথোচিত উপচারে সংকার করিলেন।

#### দাবিংশতি হন স্থাায।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! এইরূপে অপ্রথানা পাণ্ডারাজকে নিহত ও মহাবীব কর্ণ একাকা শত্রুগণকে বিদ্রাবিত করিলে অর্জ্র্ন চি কারল ? ধনঞ্জয় মহাবল পরাক্রান্ত ও অল্রে কুতবিছা। ভগবান্ মহাদেব তাহারে সর্বাভূতের অজেয় হইবে বালয়া বর প্রদান করিয়াছেন; সত্রব সেই অর্জ্রন হইতেই খামার অত্যন্ত ভয় হইতেতে। যাহা ইউক, এক্ষণে দে তৎকালে সংগ্রামন্থলে কি করিল, তাহা কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন, মহারাজ! পাণ্ডা নিহত হইলে হ্লয়াকেশ সম্বরে অভ্জ্বনের হিতার্থ তাঁহাবে কহিলেন, হে ধনঞ্জয়! একলে রাজা মুধিন্টিরকে আর দেখিতে পাইতেছি না। অন্যান্য পাণ্ডবগণও প্রস্থান করিয়াছেন। তাঁহারা প্রত্যাগত ইইলে বিপক্ষ সেন্যগণকে ছিন্ন ভিন্ন করিয়াছেন। ঐ 'দেখ, মহাবীর কর্ণ অক্ষ্থামার অভিলামানুসারে স্প্রয়গণকে নিহত এবং হস্তা, অশ্ব ও রঝ সকল চুর্ণিত করিয়াছে। হৈ মহারাজ! বাহ্নদেব এই সমস্ত কণা অর্জ্জনের কর্ণগোচর করিলে মহাবীর ধনঞ্জব প্রাথ লাতার মহাভয় প্রবণ ও দর্শন করিয়া হ্লয়াকেশকে কহিলেন, হে মাধব! শীল্ল রণ সঞ্চালন কর। মহাল্লা হ্লয়াকেশ অর্জ্জনের বাক্যানুসারে সেহ প্রাত্তন্দা বিহান রথ সঞ্চালন কর। মহাল্লা হ্লয়াকেশ অর্জ্জনের বাক্যানুসারে সেহ প্রাত্তন্দা বিহান রথ সঞ্চালন করিতে আরম্ভ করিলে পুনরায় বোরতর সংগ্রাম সমুপস্থিত হইল। নিভীক্চিত্ত ভামসৈন প্রস্থাত প্রাত্তবগণ ও সূত্রপুল্ল প্রস্থার মহাবীর কর্ণের যমরাষ্ট্র বির্দ্ধন সংগ্রাম হইতে লাগিল। উভয় পক্ষায় ধ্রুর্দ্ধর বীর

পুরুষেরা পরস্পারের বিনাশ বাসনায় বিবিধ বাণ, পরিঘ, অসি, পি ট্রেন, তোমর, মুধল, ভুমুণ্ডি, শক্তি, ঋষ্টি, পরশু, গদা, প্রাদ, কুন্তু, ভিন্দিপাল ও অঙ্কুণ প্রস্তুতি অন্ত্র সকল গ্রহণ করিয়া নিক্ষেপ কুরিতে লাগিলেন এবং বাণ, জ্যা, তল ও রথের নির্যোধে দিয়্রগুল, নভোমগুল ও পৃথিবীমগুলু প্রতিশ্বনিত, করিয়া পরস্পার মরাতির অভিমুখে গমন করিলেন। বীরগণ দেই শব্দে পরম আহলাদিত হুইয়া বিবাদ শেষ. করিবার বাসনায় বীরগণের সহিত মহাযুদ্ধ, করিতে লাগিলেন। দৈনিক পুরুষেরা শরাসন, তলত্র ও জ্যার শব্দ, কুঞ্জরদিগের বৃংহিত, ধারমান পদাতিগণের চাৎকার এবং শ্রনগণের বিবিধ তলশব্দ ও তর্জ্জন প্রবণ করিয়া সাতিশয় তীত, মান ও নিপ্রিত হইল।

প্রতিষ্ঠান কর্মান কর্মান কর্মান ব্যাবিদ্যালয় কর্মান ক্রামান কর্মান ক্রামান ক

শুনন্তর পাঞ্চালরাজ ত্রুপদ, ডৌপদীর পুঞ্চ পুজু, যুযুধান এবং খমজ নকুল ও সহদেব ইংবার সমবেত হইয়া কর্ণের প্রতি গমন করিলেন। যোধগণ ঐপকল মহাবিরিকে সংগ্রামে প্রবৃত্ত দেখিয়া প্রাণপণে পরম্পার সংহারে

প্রাত্ত হইল। তাহারা সিংহনাদ পরিত্যাগ, সংগ্রামার্থ আহ্বান ও লক্ষ প্রদান-পুর্বাক উদ্যুত কালদণ্ড সদৃশ গদা,মুখল ও পরিঘ গ্রহণ করিয়া পরস্পারের প্রতি ধার্মান হইল এবং পরস্পার প্রস্পারের গ্রহারে নিহত হইয়া রুষির করণপূর্ব্বক ষ্ঠুতলে নিপতিত হইতে লাগিল। তৎকালে কাহার মস্তিক বহির্গত, কাহার চক্ষুদ্বয় উৎপাটিত এবং কাহারও বা আয়ুধ সকল ইতস্তত নিপত্কিত হইল। কতকগুলি দৈন্য শরপূর্ণ কলেবর ইইয়া ক্রধিরলিপ্ত দশনপংক্তি বিরাভিত,দাড়িম সন্ধিভ বক্ত দ্বারা জীবিত বলিয়া প্রতীয়মান হইতে লাগিল। কভাকগুলি সৈন্য ক্রোধাবিষ্ট হইয়া বিপক্ষগণকে পরশু দ্বারা তক্ষণ, প্রাট্টিশ ও অসি দ্বারা ছেদন, শক্তি দারা বিদারণ, ভিন্দিপাল দারা নিক্ষেপ এবং নথর, প্রাস ও তোমর দারা বিনাশ করিতে আরম্ভ করিল। এইরূপে দৈন্যগণ পরস্পার নিহত হইয়া ক্লধিরধারা বর্ষণপূর্বক ছিন্ন রক্তচন্দন রক্ষের ন্যায় ধরাশঘ্যায় শয়ন করিতে গাগিল। রথী কর্ত্ত্ব রথী, হস্তী কর্ত্ত্ব হস্তী, পদাতি কর্ত্ত্ব পদাতি ও অখ কর্তৃক অখ নিহত হইয়া ভূতলে নিপতিত হইল। ধ্বজদণ্ড, করিশুণ্ড এবং মনুষ্য-গণের মস্তক, হস্ত ও ছত্র সমুদায় ক্ষুর, ভল্ল ও অর্কচন্দ্র দারা ছিন্ন ভিন্ন ইয়া স্তলে নিপতিত হটতে লাগিল। অসংখ্য মনুষ্য, হস্তা ও রথ সমবেত অশ্ব সকল বিমৰ্দ্দিত হইল। করিনিকর অশ্বারোছী কর্ত্তক ছিন্ন শুণ্ড ও নিহত হইয়া পতাকা ও ধ্বজের সহিত পর্বতের ন্যায় ভূপৃষ্ঠে নিপতিত হইতে লাগিল। হস্তী ও রথী সমুদায় পদাতিদিগের বাহুবলে নিহত ও নিপতিত হইল ৷ অসংখ্য অশ্বারোহী পদাতি দ্বারা ও পদাতিগণ অশ্বারোহী দারা নিহত হইয়া ভূতলে শয়ন করিতে লাগিল। মৃত অনুষ্যগণের বদন-মণ্ডল ও কলেবর মুদিত পদ্ম ও মান মাল্যদামের ন্যায় শোভা ধারণ করিল। দিরদ, অশ্ব ও মনুষ্যগণের পরম রম্মীয়রূপ পক্ষক্রিন্ন বন্ত্রের ন্যায় সাতিশয় মলিন ও একান্ত তুর্নিরীক্ষ্য হইয়া উঠিল।

### ত্রয়োবিংশতিতম অধ্যায়।

হে মহারাজ ! তথন সুর্যোধন প্রেরিত্ব প্রধান প্রধান সহামাত্রগণ ধৃষ্টসূর্গলকে সংহার করিবার মানসে ক্রুদ্ধ ও জিঘাংসা পরতন্ত্র হইয়া করি-সৈন্য সম্ভিব্যাহারে অভিমুখে ধার্মান হইল। গজ্যুদ্ধ বিশারদ প্রাচ্যে, দাক্ষিণাত্য এবং অঙ্গ, বঙ্গ, পুঞ্, মগধ, তাঞ্জিপ্রক, মেকল, কোশস মান,

দশান, নিষধ ও কলিঙ্গদেশীয় বীরগণ একতা মালত হুইয়া জলধারাবী জ্গদের ন্যায় শর, ভোমর ও নারাচ বর্ষণ করত পাঞ্চাল দৈন্যুগণকে নিপীড়িত করিতে শৈগিলেন। তখন পাঞাল পাঞ্জকুমার ধূষ্টগ্রান্ন দেই পাঁ্য়ি, অঙ্গুষ্ঠ ও অঙ্কুশ স্বার। সঞ্চালিত পর্বতাকার নাগগণকে নারাচ ও শরনিকরে সমাপু চছন করিয়া, তাহাদের মধ্যে কোন কোনটারে দশ, কোন কোনটারে ছয় ও কোন কৈনেটারে আট বাণে বিদ্ধ করিলের। তখন পাণ্ডব ও পাঞ্চাল পক্ষীয় . যোগ্রপুর ত্রুপদ তনয়কে মেঘাচছম দিবাকরের ন্যায় সেই করিসৈন্য সমাচ্ছন করিতে দৈখিয়া নিশিত অস্ত্র ধারণপূর্বক সিংহনাদ পরিত্যাগ করত মহাবেগে ধাবমান হঁইল এবং নাগ্গণের উপর শরবর্ষণ করত জ্ঞী নির্ঘোষ ও তলধ্বনি সহকারে নৃত্য করিতে লাগিল। বীর্ঘ্যান্ নকুল, সহঁদেব, সাত্যাক, শিখণ্ডা, চেকিতান, দ্রৌপদির পঞ্চপুত্র ও প্রভদ্রকগণ মেঘ যেমন পর্বতো-পরি বারি বর্ষণ করে, ভদ্রাপ সেই করিগণের উপুর শর বর্ষণ করিতে আরম্ভ করিলেন। মাতঙ্গর্গণ বীরগণের শরাঘাতে নিতান্ত ক্রুদ্ধ ও মেচ্ছগণ কর্ত্ত চালিত হইয়া অশ্ব, মনুষ্য ও রথিগণকে শুগু দারা উত্তোলন, পদ দারা মর্দন ও দন্তবিহত বিদারণপূর্বক নিক্ষেপ করিতে লাগিল। অনেক বীর করিগণের দস্তলগ্ন হইয়া ভীষণ বেগে নিপতিত হইল।

ঐ সময় মহাবীর সাত্যকি উপ্রবেগ নারাচ দ্বারা সমীপস্থিত বঙ্গাধিপতির মাতঙ্গের মর্ম্ম ভেদ করিয়া নিপাতি এ করিলেন। বঙ্গরাজ্ঞ সেই নিহত মাতঙ্গ ছইতে স্ভুতলে অবতীর্ণ হইবার উপক্রম করিতেছিলেন, সাত্যকি তাঁহার বক্ষ-ছলে নারাচ নিক্ষেপপূর্বক তাঁহারেও ধরাসাৎ করিলেন। তখন মহাবীর সহদেব তিন নারাচে পুণ্ডের পর্বতাকার হস্তীর পতাকা, বর্ম, ধ্বজ ও মহামাত্রকে ছেদনপূর্বক তাঁহারে সংহার করিয়া পুনরায় অঙ্গাধিপতনয়ের আভ্নয়থে ধাবমান হইলেন। মহাবল পরাক্রান্ত নকুল সহদ্বেকে নিবারণ করিয়া যমদণ্ডের ন্যায় তিন নারাচ দ্বারা অঙ্গরাজপুত্রকে ও শত নারাচে তাঁহার হস্তীরে নিপীড়িত করিলেন। তখন অঙ্গরাজপুত্রকে ও শত নারাচে তাঁহার হস্তীরে নিপীড়িত করিলেন। তখন অঙ্গরাজপুত্র ক্রোধভরে নকুলের প্রতি সূর্য্যক্রিণ তুল্য আটশত ভোমর নিক্ষেপ করিলে মাদ্রীতনয় তৎক্ষণাৎ তাঁহার প্রত্যক অস্ত্র ত্রিধা ছেদন করিয়া অন্ধচন্দ্র বাণে তাঁহার মস্তক ছৈদন করিয়া ক্রেলেন। অঙ্গরাজতনয় এইরূপে নকুলের শরে নিহত হইরা স্বীয় মাতঙ্গের

স্থিত ধরাশ্য্য। গ্রহণ ক্রিলেন। হস্তিশিক্ষাবিশারদ অঙ্গরাজনন্দন নিহত হইলে অঙ্গদেশীয় মহামাত্রগণ ক্রুদ্ধ হইয়া নকুলকে সংহার করিবার মানদে স্বর্ণময় রজ্জু ও তনুচ্দ্ সম্বাদত পতাকাযুক্ত পর্বতাকার পজ্গুণ লইয়া কাঁহার-গভিমুখীন হইল। মেকল, উৎকল, কলিঙ্গ, নিষধ ও তাত্রলিপ্ত দেশীয বীরগণ জিঘাংনা পরবশ হইয়৷ তাঁহার উপর অসংখ্য শর ও তোমর ব্র্রণ করিতে লাগিল। তথন পাণ্ডব, পাঞ্চালু ও দোমকর্মণ নুকুলকে মেঘারত দিমকরের স্থায় অস্ত্রাচ্ছন্ন অবলোকন করিয়া ক্রোধভরে তাঁহার রক্ষার্থ তথায় উপুনীত হইলেন। অনন্তর সেই হস্তীযুথের সহিত শর তোমরবর্ষী রুপিগণের ঘোরতর সংগ্রাম উপস্থিত হইল। রথিগণের নারাচে মাতঙ্গণের কুস্ত, মর্মা ও দন্ত সমুদায় বিদীর্ণ ও ভূষণ 'সকল বিশীর্ণ হউতে লাগিল। মহাবীর সহদেব স্থতীক্ষ্ণ শর-নিকরে আটটি মহাগজের প্রাণ সংহার করিয়া তাহাদিগকে আরোহিগণের সহিত ভূতলে নিপাতিত করিলেন। কুলনন্দন নকুলও উৎকৃষ্ট শরাসন আক-র্ষণ করিয়া বক্রপতি নারাচনিকরে নাগগণকে নিপীড়িত করিতে লাগিলেন। তখন ধ্রউহ্যুম, সাত্যাক, শিখণ্ডী, দ্রৌপদীর পাঁচপুত্র ও প্রভদ্রকগণ রুহৎ-কায় মাতঙ্গগণের উপর শরবর্ষণ করিতে আরম্ভ করিলেন। সেই পর্বত-প্রমাণ হস্তিপণ পাণ্ডবপক্ষীয় যোধগণের জলধরনিম্মুক্ত জলধারার ন্যায় শর-ধারায় নিহত হট্যা বজাহত অচলের ন্যায় নিপতিত হটতে লাগিল। এই-রূপে পাণ্ডবপক্ষীয় রথী ও হস্ত্যারোহিগণ কৌরবপক্ষীয় নাগগণকে নিপাতিত করিয়া অন্যান্য বিপক্ষ সেনাগণকে ভিন্নকূল নদার স্থায় দর্শন করিতে লাগি-লেন এবং অচিরাৎ তাহাদিগকে াবলোড়িত ও বিক্ষোভিত ,করিয়া পুনর্বার কর্ণের প্রতি ধাবমান হইলেন।

# চতুর্বিংশতিতম অধ্যায়।

হে মহারাজ! , অনন্তর ছঃশাসন, সহদেবকে রোষাবিষ্ট চিত্তে শত্রুসংহারে প্রবৃত্ত দেখিয়া তৎসন্নিধানে সমুপস্থিত হইলেন। মহারথগণ ঐ
ছই মহাবীরকে পরস্পার সংগ্রামে শুপ্রবৃত্ত দেখিয়া সিংহনাদ পরিত্যাগপূর্বক
ধরজপট বিকম্পিত করিতে লাগিলেন। তখন মহাবীর ছঃশাসন রোষপরবশ
হইয়া তিন শরে সহদেবের বক্ষস্থল বিদ্ধ করিলেন। পাণ্ডুপুত্র সহদেবও
সপ্তাতি নারাচে ছঃশাসনকে প্রহার করিয়া তিন শরে তাঁহার সারখিতে বিদ্ধ

করিলেন। তথন ছঃশাসন সহদেবের কাম্মুক ছেদন করিয়া ত্রিসপ্ততি শতে ভাঁহার বাহুযুগল ও বক্ষত্বল বিদ্ধ করিলেন। মহাবীর সহদেব তদ্দর্শনে ক্রোধাবিক হইয়া অবিলয়ে খড়গ এহণপূর্ব্যক ছুঃশাসনের প্রতি নিকেপ করিলৈ উহা তাঁহার জ্যা ছেদন করিয়া অম্বরতল পরিভ্রফী ভুজঙ্গের ন্যায় ভূতলে নিপ্লতিত হইল। তখন তিনি অন্ত ধনু গ্রহণ করিয়া হঃশাদনের প্রতি এক °নিশিত শর নিকেপু করিলেন । মহাবীর ছঃশাসন সেই যম-দভোপন বিশিন্ধ সমাগত দেখিয়া খরধার খড়গ ছারা তুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। তৎপরে ভিনি সহদেবের প্রতি সেই খভুগ নিক্ষেপপূর্বক সত্বরে শর ও শরাসন গ্রহণ করিলেন। সহদেব সেই খড়গ আগমন করিতে দেখিয়। হাস্যমুখে নিশিত শর্নিকরে সহস। ছেদন করিয় ফেলিলেন। অনন্তর মহাৰীর তুঃশাদন সহদেবকে লক্ষ্য করিয়া চতুঃষষ্ঠি শর নিক্ষেপ করি-লেন। মহাবীর সহদেব সেই সমস্ত শুর মহারেগে আগমন করিতে দেখিয়া ভাহাদের প্রত্যেককৈ পাঁচ পাঁচ বাণে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন এবং তুঃশাদনকে লক্ষ্য করিয়া অসংখ্য শর প্রয়োগ করিলেন। আপনার আত্মজ ছুঃশাসনও তিন তিন শরে সহদেব নিক্ষিপ্ত প্রত্যেক শর থণ্ড খণ্ড করিয়। বস্তব্ধরাকে বিদীর্ণ করত সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। অনন্তর তিনি শরজালে সহদেবকে বিদ্ধ করিয়া নুয় শরে তাঁহার সার্থিরে বিদ্ধ করিলেন। তখন সহদেব ক্রোধভারে বলপূর্বক শরাসন আকর্ষণ করিয়া ছঃশাসনের প্রতি কালান্তক যমোপম ভয়ঙ্কর এক শর প্রয়োগ করিলে উহ। মহাবেগে তাঁহার কবচ ভেদপূর্বক বাল্মাক মধ্যগামী পদ্মগের স্থায় ধরণী-তলে প্রবেশ করিল। মহাবীর তুঃশাসন সৈই শরাঘাতে বিমোহিত হইলেন। তাঁহার সার্থি তাঁহারে জ্ঞানশূন্য অবলোকন করিয়া এবং স্বয়ং নিশিত শর-নিকরে নিপীড়িত হইয়া সম্বনে ভীতমনে রণম্বল ইইতে রপ্প অপসারিত করিল। হে মহারাজ! মহাবীর সহদেব এইরূপে আপনার আত্মজ তুঃশাসনতে পরা-জয় করিয়া মনুষ্য যেমন রোষ্ভরে পিপীলিকাপুট বিমন্দিত করে, তজ্ঞপে রাজা ছর্যোপ্রনের সৈন্য সমুদায় বিম্থিত করিতে লাগিলেন।

পঞ্চবিংশতিতম অধ্যায়

হে মহারাজ ! এদিকে মহাবীর কর্ণ মাজীতনয় নকুলকে কৌরব সৈন্য

বিদ্রোবণে প্রবৃত্ত দেখিয়। ক্লোধভরে তাঁহারে নিবারণ করিতে লাগিলেন। তথন নকুল হাস্যুথে তাঁহারে দ্যোধনপূর্বক কহিলেন, হে সূত্রনদ্ন! আমি বহুকালের পর অ্ফুকূল দৈব প্রভাবে তোমার নেত্রগোচরে নিপ্রিত হউলামন হে পাপাত্মন্! ভূমিই এই অনর্থ পরম্পরা বৈর ও কলহের মূল। তোমার দোষেই কৌরবগণ পরস্পার মিলিত হইয়া বিনষ্ট হুইতেছে। অতএব একণে তুমি আমার প্রভাব নিরীক্ষণ কর। আজি আদি তোমারে সংহার করিয়। কৃতকার্য্য ও গতজ্বর হইব। মহাবীর সূতনন্দন ুনুক্লের মুখে রাজপুত্তের বিশেষত ধকুর্দ্ধারীর সমূচিত বাক্য এবণপূর্বক কহিলেন, হে বার! ভুমি আমারে প্রহার কর; অদ্যু আমি তোমার পৌরুষ প্রত্যক্ষ করিব। হে শূর। অত্থে যুদ্ধে বীরজনোচিত কার্য্যের অনুষ্ঠান করিয়া পশ্চাৎ বাগ্জাল বিস্তার করা তোমার কর্ত্র্য। বীরগণ রুখা রাক্য ব্যয় না করিয়া শক্ত্যসুদারে যুদ্ধ করিয়া থাকেন। এক্ষণে তুমি আমার সহিত সংগ্রামে প্রবৃত্ত হও। আমি আজি তোমার দর্প চূর্ণ করিব। মহাবীর কর্ণ এই বলিয়া সম্বনে ত্রিসপ্ততি শবে নকুলকে বিদ্ধ করিলেন। মহাবল নকুল সূতপুত্র শরে গাঢ়তর বিদ্ধ হইয়া আশীবিষ সদৃশ ভীষণ অশীতি শরে তাহারে বিদ্ধা করিলেন। তথন কর্ণ স্বর্ণপুঞা নিশিত শরনিকরে নকুলের কাম্মুক ছেদন করিয়া ত্রিংশত বাণে ভাঁহারে নিপীজ়িত করিলে সেই সমুদায় শর ভুজঙ্গণ যেমন পৃথিবী ভেদ করিয়া দলিল পান করিয়াছিল তচ্চপ তাঁহার কবচ ভেদ-পূর্বক শোণিত পান করিল।

অনন্তর নকুল অন্য এক হেমপৃষ্ঠ কাম্মুক গ্রহণপূর্বক বিংশতি শরে কর্ণকে ও তিন শরে তাঁহার দার্লথিরে বিদ্ধ করিয়া ক্রেমিডরে থরধার ক্ষুরপ্র দারা তাঁহার শরাসন ছেদন পুরঃসর হাস্যমুথে তিনশত সায়কে পুনরায় তাঁহারে বিদ্ধ করিলেন। ১খন অন্যান্য রথী ও সমরদর্শনার্থ সমাগত দেবগণ নকুলের শর্রনিকরে সূতপুত্রকে নিশীড়িত দেখিয়া সাতিশয় বিম্ময়াবিষ্ট হই'লেন। অনন্তর মহাবার কর্ণ অন্য এক ধনু গ্রহণপূর্বক পাঁত বাণে নকুলের জক্রদেশ বিদ্ধ করিলেন। ভুবনদীপন ভগবান্ ভাক্ষর স্বীয় রশ্মিজাল প্রভাবে যেমন শোভমান হন, মহাবার মান্ত্রীত্তনয় সেই কর্ণ নিক্ষিপ্ত জক্রদেশে বিদ্ধ শর সমুদায় দারা তত্রপে স্থাভিত হইলেন এবং অবিলম্বে সাত শরে কর্ণকে বিদ্ধ

করিয়া পুনরায় তাঁহার ধনুঃকোটি ছেদন করিয়া ফেলিলেন। তথন মহাবার-কর্ণ অন্য কামুকি গ্রহণ করিয়া শরকালে নকুলের চতুর্দিক সমাচ্ছন্ধ করিলেন। নকুল করিয়া ফেলিলেন। কথন নভোমগুল দেই শরজালে শমাচ্ছন্ধ হইয়া শরজাল প্রয়োগপূর্বক জারলৈয়ে তথসমুদায় ছেদন করিয়া ফেলিলেন। তথন নভোমগুল দেই শরজালে শমাচ্ছন্ধ
হইয়া থদেয়াত সঙ্কুলের ন্যায়, শলভ সমাকীর্ণের ন্যায় শোভা পাইতে লাগিল
এবং সেই জ্বৈণীভূত শরনিকর অনবরত নিপতিত হইয়া শ্রেণীভূত ক্রেম্পিপক্ষীর-ন্যায় শোভা ধারণ করিল। তৎকালে নভোমগুল শরজালে এককালে
সমাচ্ছন্ধ ও দিবাকর তিরেশ্রিত হইলে আকাশগামী কোন প্রাণীই আর ভূতলে
অবতীর্ণ হইতে সমর্থ হইল না।

হৈ মহারাজ । এইরপে চতুর্দিক্ শরনিকরে নিরুদ্ধ হইলে মহাবীর কর্ণ ও নকুল উদিত কাল সূর্য্যদ্বরের ন্যায় স্থাণোভিত হইলেন। সোমকগণ কর্ণচাপচ্যুত শরজালে দমাহত ও নিতান্ত নিপীছিত হইয়া কলেবর পরিত্যাগ করিতে লাগিল। কৌরব দৈন্যগণও নকুল শরে দমাহত হইয়া দমীরণ দঞ্চালিত অস্থুদের ন্যায় চতুর্দিকে ছিন্ন ভিন্ন হইয়া গেল। তথন উভয় পক্ষীয় দৈন্যগণ দেই বীরদ্ধরের শরাঘাতে নিতান্ত ব্যথিত হইয়া তাঁহাদিগের শরপাত পথ অতিক্রমপূর্বক দেই ঘোরতর সংগ্রাম নিরীক্ষণ করিতে লাগিল। এইরপে দৈন্যু দকল উৎসারিত হইলে তাঁহারা পরস্পার বধাভিলাটে দিব্যান্ত্রভাল বিস্তারপূর্বক পরস্পারকে সমাচহন্ন ও বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। নকুলিদিমুক্তি কঙ্কপত্রযুক্ত শর সকল সৃতপুক্রকে এবং সৃতপুক্র নিম্মুক্তি শরজাল নকুলকে বিদ্ধ করিয়া গগনতলে অবস্থান করিতে লাগিল। এইরপে সেই বীরদ্বয় পরস্পারের শরে সমাচহন্ন হইয়া জলদজাল সমারত চন্দ্র সূর্য্যের ন্যায় সকলের অদৃশ্যু হইলেন'।

অনুন্তর মহাবীর কর্ণ ক্রোধারিষ্ট হইয়া ভীষণ আকার ধারণপূর্বক নকুলকে শরনিকরে সমাচ্ছম করিলে মহাবীর নকুল কর্ণের শরে পরিবৃত্ত হইয়া মেঘাচ্ছম দিবাকরের ন্যায় কিছুমাত্র ব্যথিত হইলেন না! তুগঁন সূতপুত্র ঈষৎ হাস্থা করিয়া তাঁহার উপর সহস্র সহস্র শর বর্ষণ করিতে লাগিলেন। সেই অনবরত নিক্ষিপ্ত শরকালে সমরক্ষন এককালে মেঘ-চ্ছায়ার ন্যায় শরচ্ছায়ায় সমাচ্ছম হইয়া পড়িল। তৎপরে মহাত্মা সূতপুত্র

নকুলের শরাদন ছেদনপূর্বক হাস্তামুথে তাঁহার দারথিরে রথ হইতে নিপাতিত করিয়া, চারি বাণে ভাঁহার চারি অখকে যমরাজৈর রাজধানীতে প্রেরণ করিলেন এবং শরনিক্র দারা তাঁহার দিক্য রথ চূর্ণ করিয়া পাতারণ, গদা, খ্ড়াস, শাতচন্দ্র যুক্ত চর্মা ও অন্যান্য উপকরণ দকল এবং চক্ররক্ষকগণকে ছিন্ন ভিন্ন করিয়া ফেলিলেন। তখন মহাবার নকুল রথ হইতে অবতীর্ণ হইয়া পরিঘ উদ্যত করত অবস্থান করিতে লাগিলেন। সূতপ্তা তীক্ষধার সায়ক দ্বারা সেই ভীষণ পরিঘ ছেদনপূর্ধ্বক নকুলকে নিরস্ত্র ুক্রিয়া,সন্মত-পর্বে শর দ্বারা তাঁহারে দাতিশয় পীড়িত করিতে গ্রারম্ভ করিলেন। অস্ত্র-বিশারদ মহাবল পরাক্রান্ত কর্ণ এইরূপে মহাত্ম। নকুলকৈ প্রহার করিলে তিনি সূতপুত্রকে প্রহার করিতে অসমর্থ হইয়া সহসা ব্যাকুলিত চিত্তে প্রস্থান করিতে লাগিলেন। তথন সূত্রপুত্র হাস্থা করত মাদ্রীতনয়ের পশ্চাৎ ধাবমান হইয়া ভাঁহার গলদেশে জ্যারোপিত কার্ম্মক সমর্পণ করিলেন। পাতুনন্দন কর্ণের শরাসনে রুদ্ধকণ্ঠ হইয়া মগুলমধ্যগত শশধরের ন্যায়, শক্র-চাপ শোভিত নিবিড় মেঘমগুলের নাায় শোভমান হইলেন। অনস্তর মহা-বার কর্ণ মহাত্ম। নকুলকে কহিলেন, হৈ মাদ্রীতনয় ! ভুমি ইতিপূর্কো রুথ। বাক্য ব্যয় করিয়াছ। যাহা হউক, এক্ষণে লজ্জিত হইবার প্রয়োজন নাই। তুমি আর মহাবল পরাক্রান্ত কৌরবদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইও ন।। এখন হয় সদৃশ ব্যক্তির সহিত যুদ্ধে প্রবৃত্ত হও, না হয় গৃহে প্রতিগমন বা কৃষ্ণ ও অর্জুনের সমীপে গমন কর। হে মহারাজ ! ধর্মাত্মা মহাবীর কর্ণ তৎকালে নকুলকে এইমাত্র বলিয়া পরিত্যাগ করিলেন। তিনি আদ্রীতনয়কে ঐ সময় অনায়াদে বিনাশ করিতে পারিতেন কিন্ত কুন্তীর বাক্য স্মরণ করিয়া তদ্বিষয়ে বিরত হইলেন। এইরূপে পাণ্ডুতনয় নকুল কর্ণ কর্তৃক পরিত্যক্ত হইয়া তু:খিত মনে কুস্ত স্থিত ভুজসের ন্যায় নিশাস পরিত্যাগ করত লজ্জা-বনত মুথে গমনপূর্বক যুধিষ্ঠিরের রথে আরোহণ করিলেন। মহাবীর সূত্রপুত্রও নকুলকে পরাজিত করিয়া অবিলখে শুভ্রবর্ণ অশ্ব সংযুক্ত ও ভূরি পতাকা শোভিত রথে সমাসীন 'হইয়া পাঞ্চালগণের প্রতি ধাবমান হই-লেন। সেই মধ্যাহ্যকালে দেনাপতি সূতপুত্রকে পাঞ্চালগণের প্রতি ধাব-মান দেখিয়া পাণ্ডবগণের মধ্যে মহান্ কোলাহল সমুখিত হইল। তখন

মহাবীর কর্ণ চক্রাকারে পরিভ্রমণ করত পাঞ্চালগণকে মন্দিত করিতে লাগিলেন। হে মহারাজ ! • ঐ সময়ে কোন কোন সার্থি চুক্র, ধ্বজ, পতাকা, অশ্ব.ও অক্ষবিহীন রূপে অবসন্ধ পাঞ্চাল দেশীয় রিথিগণকে লইয়া পলায়ন ক্রিতে আরম্ভ করিল। রথকুঞ্জর সকল দাবনিলে দগ্ধ ইইয়াই যেনু রণস্থলে বিচরণ করিতে লাগিল। অন্যাত্ত করিগণ বিদীর্ণকুন্ত, রুধিরাক্ত কলেবর, ব্রৈহিতশুগু ও নিক্তুলাঙ্গুল হইয়া বিদলিত অভ্রথণ্ডের ন্যায় ভূতলে নিপ্তিত হইল। কোন কোনটা নারাচ, শর ও তোমরের আঘাতে ভয়বিহ্বল হইয়া ক্তাশনে পতনোম্মুথ পতঙ্গের ন্যায় কর্ণের অভিমুখে গমন করিল। আর কোন কোনটা পরস্পারের আঘাতে শোণিত ক্লুরণ করত জলজাবী পর্বতের ন্যায় লক্ষিত হইল। অশ্বগণ উরুচছন, গ্রথিতকেশর, মর্ণ, রৌপ্যু ও কাংস্টায় আভরণ, কবিকা, চামর, চিত্রকম্বল, ভূণীর এবং আরোহিবিহান হইয়া ইতস্তত ভ্রমণ করিতে লাগিল। থড়গা, প্রাদ ও ঋষ্টি দারা বিদ্ধ, কঞ্ক ও উষ্ণীষধারী অশ্বারোহিগণের মধ্যে কেহ কেহ অঙ্গ প্রত্যঙ্গবিহীন, কেহ কেহ নিহত, কেহ কেহ নিহত্যমান ও কেহ কেহ বা কম্পিত হইতে লাগিল। রথিগণ নিহত হওয়াতে বেগগামী অশ্ব সংযুক্ত স্বর্ণমণ্ডিত রথ দকল অক্ষ, কৃবর, চক্র, ধ্বজ, পতাক। ও ঈঘাদণ্ড বিহীন হইয়া ইতন্তত ভ্রমণ করিতে আরম্ভ করিল। অসংখ্য রখী নিহত ও আনেকে ইতস্তত ধাবঁমান হইল। অনেকে অস্ত্রহীন হইয়া এবং অনেকে অস্ত্রহীন न। रहेवाहे প্রাণত্যাগ করিল। তারকাজাল সমাকীর্ণ উৎকৃষ্ট ঘটাযুক্ত বিচিত্রবর্ণ পতাকা পরিশোভিত বারণগণ চতুর্দ্ধিকে ধাবমান হইল। অসংখ্য মৃস্তক, ঊরুদেশ, বাহু এবং অন্যান্ত অবয়ব সকল.ছিন্ন হইয়া নিপতিত হইতে লাগিল। হে মহারাজ। এইরূপে মহাবীর সূত্র্ত্তের সায়ক প্রভাবে যুদ্ধে পুরুত্ত

হে মহারাজ। এহরপে মহাবার দূত পুজের দায়ক প্রভাবে যুদ্ধে প্রত্ত বোধগণের হুর্দ্ধণার আর পরিদীনা রহিল না। স্প্রেয়গণ দূতপুজের শরনিকরে বিদ্ধা হইয়া অনলে পতনোম্মুখ পতক্ষের ন্যায় পুনরায় তাঁহারই অভিমুখে গমন করিতে লাগিল। তখন হতাবশিষ্ট পাঞ্চাল মহারথগণ দেই যুগান্তকালীন অগ্নির আয় দেনানিপাতন মহারথ কর্ণকৈ পরিত্যাগ্পুর্বক পলায়ন, করিতে আরম্ভ করিলেন। মহাবল পরাক্রান্ত কর্ণ তাঁহাদিগের অনুগমন করত শরনিকর নিক্ষেপ করিয়া মধ্যাক্ষকালীন সুর্ব্যের ন্যায় তাঁহাদিগের দন্তাপিত করিতে লাগিলেন।

# ষড়্বিংশতিতম অধ্যায়।

হে মহারাজ ! প্র্ট সময় আপনার পুত্র যুযুৎ হ অরাতি সৈন্যগণকে বিদ্রা-বিত করিতেছিলেন, মহাবার উলুক থাক্ থাক্ বলিয়া ভাঁহার প্রতি প্রাবমান হইলেন। তথন যুযুৎস্থ বজ্র সদৃশ শিতধার শর দ্বারা উলুককে, তাড়িত . করিতে লাগিলেন। মহাবীর উলুকও ক্রেদ্ধ হইয়া নিশিত ক্ষুরপ্রে তাঁহার শরাদন ছেদনপূর্বক তাঁহারে কর্ণিদারা তাড়িত করিলেন। মহাবীর যুযুৎস্থ তৎক্ষণাৎ সেই ছিন্ন চাপ পরিত্যাগ ও বেগশালী অন্ত শরাসন গ্রহণপূর্বক রোষক্ষায়িত নয়নে ষষ্টি বাণে উলুক্কে ও তিন,বাণে তাঁহার সার্থেরে বিদ্ধ করিয়া পুনরায় ভাঁহারে নিপাড়িত করিতে লাগিলেন। তথন উলুক কোপাবিষ্ট হইরা স্বর্গ ভূষিত বিংশতি শরে যুযুৎস্থরে বিদ্ধ করিয়া তাঁহার কাঞ্চনময় ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন। মহাকীর যুযুৎস্থ উলুকের শরে ধ্বত্ন উন্মথিত হওয়াতে ক্রোধে অধীর হইয়া পাঁচ বাণে তাঁহার বক্ষয়ল বিদ্ধ করিলেন। তথন উলুক তৈল্ধোত ভল্ল দারা যুযুৎস্থর সার্থির মস্তক ছেদন করিয়া ফেলিলেন। দারথিব ছিন্ন মস্তক অম্বরতল পরিভ্রম্ট বিচিত্র তারকার ন্যায় ভূতলে নিপতিত হইল। অনন্তর উলুক যুযুৎ হর চারি অপকে নিহত করিয়া তাঁহারে দাত বাবে বিদ্ধ করিলেন। আপনার পুত্র যুযুৎস্থ উলুকের শরে সাতিশয় বিদ্ধ হইয়া সন্ম রথ লক্ষ্য করিয়া ধাবমান হইলেন। উলুকও তাঁহারে পরাজিত করিয়া তথা হইতে প্রস্থান করিলেন।

এ দিকে আপনার পুত্র শ্রুত্তকর্মা নিশিত শরনিকরে পাঞ্চাল ও সুঞ্জয়গণকে নিপীড়িত করত অকুতোভয়ে নিমেষার্দ্ধ মধ্যে শতানীকের অশ্ব সমুদায় ও সারথিরে ছেদন্ করিয়া ফেলিলেন। মহারথ শতানীক সেই অশ্ববিহীন রথে অবস্থানপূর্বক আপনার পুত্রের প্রতি গদা নিক্ষেপ করিলেন।
ঐ গদা শ্রুতকর্মার অথ, সারণি ও রথ সংচুর্ণিত করিয়া অবনি বিদারণ করতই যেন নিপতিত হইল। এইরূপে সেই কুরুকুল কীর্ত্তিবর্দ্ধন বার্বয় পরস্পার্বর আঘাতে বিরথ হইয়া পরস্পারের প্রতি নেত্রপাত করত যুদ্ধ হইতে
নির্ত্ত হইলেন। তথন আপনার পুত্র শ্রুতকর্মা বিবিংশুর রথে ও শতানীক
সম্বরে প্রতিবিন্ধ্যের রথে আরোহণ করিলেন।

্ঞ সময় স্থবলনন্দন শকুনি ক্রুদ্ধ হইয়া স্বতদোমকে নিশিত শর্নিকরে

বিদ্ধ করিতে লাগিলেন; কিন্তু বারিবেগ যেমন পর্বতকে চালিত করিতে অসমর্থ হয়, তজাপ তাঁহারে কম্পিত করিতে পারিলেন,না। স্থভসোম পিতার পরম শক্ত শকুনিরে অবলোকন করিয়া বছ সহস্র শরে সমাচ্ছন্ন করিতে লাগিলেন। তথন অস্ত্রপ্রাোগ দক্ষ বিচিত্র যোদ্ধা শকুনি শক্ষজারে হুতসোমের শরনিকর ছেদনপূর্ব্যক্ত তিন বাণে তাঁহারে নিপীড়িত করিয়া তাঁহার ধ্বঁজী, সার্থি ও অশ্বগণ্লকে তিলপ্রামাণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। তদ্দর্শনে তক্তক্তা দকল লোকেই চীৎকার করিয়া উঠিল। ধকুর্দ্ধর স্থতদোম এইরূপে হতাখ, বিরথ ও ছিম্বধ্বজ হইয়া সম্বরে শরাদম হস্তে রথ হইতে ভূত্লে অবতরণপূর্বক স্বর্ণপুষা শিলাশিত বিবিধ বিশিখ দারা শকুনির রথ সমাচ্ছিন্ন করিলেন । মহারথ শকুনি সেই রথ স্মীপে স্মাণত শলভরাজি সন্ধিভ শরজাল সন্দর্শনে কিছুমাত্র ব্যথিত না হইয়া শর্মিকরে তৎসমুদায় ধ্বংদ করিয়া ফেলিলেন। ঐ সময়তত্ত্তা সমুদায় বোদ্ধা ও আকাশস্থিত সিদ্ধগণ স্বতদোমকৈ পদাতি হইয়া রথস্থ শকু'বর সহিত যুদ্ধ করিতে দেখিয়া পরম পরিভুক্ট ও চমংকৃত হইলেন। তখন হংবলনন্দন নতপর্ক হংতীক্ষ ভল্ল দারা সূতদোমের শরাসন ও তুণীর ছৈদন করিয়া ফেলিলেন। রথবিহীন স্কুতদোম এইরূপে ছিন্নচাপ হইয়া বৈচুর্য্য ও উৎপলের ন্যায় প্রভাযুক্ত হস্তিদস্ত নির্শ্বিত মুষ্টিদেশ সম্পন্ন খড়গ ৃসমুদ্যত করিয়। দিংহনীদ করিতে আরম্ভ করিলেন। শকুনি স্থতদোমের সেই বিমলাম্বর সন্ধিভ সঞ্চালিত খড়গকে কালদণ্ডের স্থায় বোধ করিতে লাগিলেন। তথন শিক্ষাবল সম্পন্ন **স্তদোম দেই∙অ**দি ধারণপূর্বকে দহস৷ ভ্রান্ত, উদ্ভান্ত, আর্ত্ত, আর্র্ত, বিপ্লুত, সম্পাত ও সমুদীর্ণ প্রভৃতি চতুর্দ্দশ প্রকার মণ্ডল প্রদর্শনপূর্বক বারংবার সমরাঙ্গণে বিচরণ করিতে আরম্ভ করিলেন। অনন্তর বল্বার্ধ্য সম্পন্ন স্থবলনন্দন স্থতদোমের প্রতি শরনিকর নিক্ষেপ্ত করিতে লাগিলেন। স্ত্রোমও অদি দ্বারা তৎসমূদায় ছেদন করিয়া ফেলিলেন। শকুনি তদ্দ-শনে কোপাবিষ্ট হইয়া পুনরায় তাঁহার প্রতি আশীব্র সদৃশ শর সমূহ পরি-ত্যায় করিলেন। গরুড় তুল্য পরাক্রমশালী স্ত্রেমাম স্বীয় বল ও শিক্ষা **প্রভাবে হস্তলাঘ**ব প্রদর্শনপূর্বক তৎসমুদায়ও খড়গ দারা ছেদন করিয়া ° ফেলিলেন। ° এইরূপে. সেই বীরপুরুষ বীরত্ব প্রদর্শনপূর্ণবক মণ্ডলাকারে

বিচরণ করিতে আরম্ভ করিলে শকুনি স্থতীক্ষ্ণ ক্ষুরপ্র দ্বারা তাঁহার প্রভান্দ সম্পন্ন অদি ছেনে করিলেন। সেই মহাখড়গ ছিন্ন হইলে উহার অর্ক্ষভাগ স্কুতলে নিপতিত হইল ও অর্ক্ষভাগ মাত্র স্বত্যোমের হস্তে রহিল। তথন মহারথ স্বত্যোম স্বীয় খড়গ ছিন্ন অবগত হইয়া ছয় পদ গমনপূর্বক শকুনির অভিমুখে সেই হস্তস্থিত খড়গার্দ্ধ নিক্ষেপ করিলেন। স্বত্যোমনিক্ষিপ্ত অর্ক্ধ ছিন্ন খড়গ মহাত্মা সৌবলের স্বর্ণ হীরক বিভূষিত দণ্ডণ শর্মানন ছেদনপূর্বক তৎক্ষণাৎ ভূতলে নিপতিত হইল। তথন মহাবীর স্বত্যোম সম্বরে আফ্রত্কীর্ত্তির রথে আরোহণ করিলেন। শকুনিও র্জন্ম হর্জ্বির কাম্মুক গ্রহণপূর্বক শক্রগণকে নিপীড়িত করত পাণ্ডব দৈন্তের প্রতি ধাবমান হইলেন। হে মহারাজ! ঐ সময় মহাবীর স্ববলনন্দন দমরে নির্ভয়ে বিচরণ করিতে আরম্ভ করিলে পাণ্ডব দৈন্তমধ্যে ঘোরতর নিনাদ সমুখিত হইল। তথন মহাত্মা শকুনি দেই শন্ত্রধারী গর্বিত পাণ্ডব পক্ষীয় দৈনিকগণকে বিদ্যাবিত করত দেবরাজ যেমন দৈত্যদেনাগণকে বিনাশ ক্রিয়াছিলেন, তক্রপ তাহা-দিগকে সংহার করিতে লাগিলেন।

# স**প্ত**বিংশতিতম অধ্যায়।

হে মহারাজ ! এদিকে শরভ যেমন বন মধ্যে সিংহকে দেখিয়া নিবারণ করে, তদ্ধেপ কুপাচার্য্য ধ্রুইছাল্লকে নিবারণ করিতে লাগিলেন। ধ্রুইছাল্লমহাবল পরাক্রান্ত কুপ কর্ত্তক নিবারিত হইয়া এক পদও গমন করিতে সমর্থ হইলেন না। প্রাণিগণ ধ্রুইছালের রথসন্ধিন্দের কুপাচার্য্যের রথ নিরীক্ষণপূর্বক নিতান্ত ভীত হইয়া দ্রুপদতনয়কে বিনফ্ট বলিয়া অবধারণ করিল। তথন রথিও সাদিগণ একান্ত বিমনায়মান হইয়া কহিতে লাগিল, বোধ হয়, মহাত্মা কুপ দ্রোণনিধনে জাতক্রোধ হইয়াছেন। ইনি মহাতেজন্বী, দিব্যান্ত্রবেত্তাও উদার, ধীশক্তি সম্পন্ন। আজি কি ধ্রুইছাল্ল ইহার হন্ত হইতে প্রিত্রোপ পাইবেম ! এই সমস্ত দৈন্য কি মহাভয় হইতে মুক্তিলাভ করিতে সমর্থ হইবে ! ঐ মহাবার কি আমাদিগকে সংহার না করিয়া ক্ষান্ত হইবেন ! ইহার রূপ কুতান্তের ন্যায় নিতান্ত করাল। আজি ইনি সংগ্রামে দ্রোণাদার্য্যের স্থায় ভয়ন্কর কার্য্যানুত্রিন করিবেন, সন্দেহ নাই। ঐ সমরবিজ্ঞী মহারথ লঘুহত্ত এবং মহান্ত্র ও বলবীর্য্য সম্পন্ন। অদ্য ধ্রুইছান্ত নিঃসন্দেহই উহান্ত সহিত্ত

সমরে পরাগ্র্থ হইবেন। হে মহারাজ! উভয় পক্ষীয় বীরগণ এইরূপে সাম। প্রকার জল্পনা করিতে লাগিল।

অনস্তর মহারথ রূপ ক্রোধভরে দীর্ঘ নিশাস পরিত্যাগপূর্বক শরনিকর দারা নিশ্চেষ্ট পুষ্টত্যুন্নের মর্ম্মদেশে আঘাত করিলেন। পুষ্টত্যুন্ন আচার্য্যের শরজালে একান্ত সমাহত ও মোহে নিতান্ত অভিহিত হইয়া কিংকর্ত্তব্যবিষ্ট্ হইয়া রহিলেন। তদ্দর্শনে তাঁহার সার্থি তাঁহারে কহিলেন, হে মহাবীর ! আপনার মঙ্গক ত ? আমি যুদ্ধকালে আপনার এইরূপ বিপদ্ত কখন নিরী-ক্ষণ করি নাই। একণে ছুদ্দৈব বশতই আপনি মর্মভেদী শর নিকেপে অসমূর্থ হইয়াছেন। কিন্তু ঐ বিপ্রবর আপনার মর্মদেশ লক্ষ্য কঁরিয়া শর-নিকর নিক্ষেপ করিছেনে; অভএব আমি অবিলম্বে অর্থব মুখ হইতে প্রতি-নিব্বত নদীবেগের ভাষে এই রথ প্রতিনিব্বত করি। এক্ষণে যিনি তোমার বিক্রম বিনষ্ট করিয়াছেন, ঐ ব্রাহ্মণ অবধ্য । মহাবীর ধুফুছুাম সার্থির মুখে এই সমস্ত বাক্য প্রবণ করিয়া মুতুবচনে কহিলেন, হে সূত! আমার চিত্ত বিমোহিত ও দেহ হইতে স্বেদজল নিৰ্গত হইয়াছে এবং সৰ্ববাঙ্গ কণ্টকিত ও অনুবরত বিকম্পিত হইতেছে। <mark>অ</mark>তএব এক্ষণে ব্রাহ্মণকে পরিত্যাগ করিয়া অর্জ্জুন সন্নিধানে রথ উপনীত কর। আমার নিশ্চয়ই বেধি হইতেছে যে, অর্জুন ঝ ভীমদেনের নিকট সমুপস্থিত ্রইলে অন্য আমার শ্রৈয়োলাভ হইবে। হে মহারাজ ! তথন সার্থি অশ্বপৃষ্ঠে ক্যাঘাত করত যে স্থানে ভীম-দেন আপনার **দৈ**নগেণের দহিত ঘোরতর সংগ্রাম করিতেছিলেন, তথায় র্থ লইয়া গমন করিতে লাগিল। মহাবীর কুপাচার্য্য ধৃষ্টত্যুল্লের র্থ দ্রুতবেগে ধাবমান হইয়াছে দেখিয়া অসংখ্য শরবর্ষণ ও মৃত্যুত্ শ**ভাধ্ব**নি করত প্রউত্যুদ্ধের অনুসরণে 'প্রবৃত্ত হইলেন। এইরূপে রুপাচার্য্য, দেবলাজ ইন্দু যেমন নমুচি দানবকে বিত্রাসিত করিয়াছিলেন, তজ্রপ ধৃষ্টপুত্রস্বকে ভীত ক্রারলেন।

ঐ সময় মহাবীর হার্দ্দিক্য হাস্যমুখে ভীম্মের সংহারহেতু একান্ত হুর্দ্ধর্য শিখগুীরে বারংবার নিবারণ করিতে লাগিলেন। মহাবীর শিখগুী স্থশাণিত পাঁচ ভল্লে হার্দ্দিক্যের জক্রদেশে আঘাত করিলেন। তথন হাদিকাত্মজ ইতবর্মা ক্রোধাবিষ্ট চিত্তে ষ্ঠি সায়কে শিখগুীরে বিদ্ধ করিয়া হাস্থামুখে

র্এফ শরে তাঁহার কাম্মুক ছেদন করিয়া ফেলিলেন। ক্রেপদাখ্রজ তৎক্ষণাৎ অন্য-শরাদন গ্রাহ্ণপূর্বক ক্রোধভরে কুতবর্ত্মারে থাক্ থাক্ বলিয়া আক্ষা-লন করিতে লাগিলের। তৎপরে তিনি তাঁহারে লক্ষ্য করিয়া নিবতি শর 'নিকেণ করিলেন কিন্তু ঐ সমস্ত বাণ তাঁহার বর্মে লগ্ন হইবামাত্র স্থালিত হইয়া পড়িল ৷ শিখণ্ডী স্বীয় শর্নিকর ব্যর্গ ও ক্ষিতিতলে নিপত্তিত দেখিয়া স্থতীক্ষ ক্ষুরপ্র দ্বারা ক্বতবর্মার কান্মুক ছেদন, করিয়া ফেলিলেন। এইরূপে মহাবীর ক্বতবর্মা ছিন্নকার্ম্মক হইয়া ভগ্নশৃঙ্গ ব্যভের ন্যায় প্রভাব প্রকটনে অসমর্থ হইলে দ্রুপদতনয় রোমভরে অশীতি শরে তাঁহার বাত্রুগল ও বক্ষ-স্থল বিদ্ধা করিলেন। হৃদিকাত্মজ শিখণ্ডীনিক্ষিপ্ত শরনিকরে ক্ষতবিক্ষত কলেবর ও একান্ত ক্রোধাবিষ্ট হইলেন। কুম্ভমুথ হটুতে বিনির্গত সলিলের স্থায় তাঁহার দেহ হইতে অনবরত রুধিরধারা নির্গত হইতে লাগিল। তথন তিনি রুধিরলিপ্ত কলেবর হইয়া ধাতুধারারঞ্জিত শৈলের স্থায় শোভমান হইলেন এবং তৎপরে অন্য শরাসন গ্রহণ করিয়া শিখণ্ডীরে ক্ষমদেশে বহু সংখ্যক শর বিদ্ধ করিলেন। ত্রুপদাত্মজ ক্ষমদেশবিদ্ধ শরসমূহ দ্বারা শাখা প্রশাখা গোভিত অতি রুহৎ পাদপের স্থায় শোভা প্রাপ্ত হইলেন। অনন্তর সেই বীরদ্বয় পরস্পর পরস্পারের শরাঘাতে রুধিরলিপ্তকলেবর হইয়া পরস্পার শৃঙ্গাভিহত রুষভদ্বয়ের ন্যায় শোভা ধারণ করিলেন। এইরূপে তাঁহারা পরস্পারের বধে অধ্যবদায়ারুঢ় হইয়। অসংখ্য মণ্ডল প্রদর্শনপূর্বক রথারোহণে সঞ্চরণ করিতে লাগিলেন।

অনন্তর কৃতবর্মা স্থাণিত সপ্ততি শরে শিখণ্ডীরে বিদ্ধ করিয়া তাঁহার উপর এক জীবিতান্তকর ভয়ঙ্কর শর নিক্ষেপ করিলেন। মহাবীর শিখণ্ডী ভোজরাজ নিক্ষিপ্ত শরে একান্ত অভিহত হইয়া ধ্বজয়ষ্টি অবলম্বনপূর্বক মোহে অভিত্ত হইলেন। তাঁহার সার্থি তাঁহারে হাদ্দিক্য শরাঘাতে নিতান্ত কাতর হইয়া বারংবার দীর্ঘ নিশাস পরিত্যাগ করিতে দেখিয়া অবিলম্বে রণম্বল হইতে অপসারিত করিল। হে মহারাজ। এইরূপে ত্রুপদাত্মজ শিখণ্ডী কৃতবর্মা কর্ত্ত্ক পরাজিত হইলে পাণ্ডবসৈন্যগণ শর্নিপীড়িত হইয়া চতুদ্দিকে প্রায়ন করিতে লাগিল।

অষ্টাবিংশতিতম অধ্যার।

হে মহারাজ ! ঐ সময় শ্বেতবাহন অৰ্জ্জুন বায়ু যেমন ইতস্তত ভুলুরাশি

বিকীর্ণ করে, তুদ্রপ আপনার সৈন্যগণকে বিদ্রাবিত করিতে লাগিলেন্। তখন কৌরব, ত্রিগর্ভ, শিবি, শাল্প, সংশপ্তক ও অন্যান্য নারায়ণী সেন্গেগণ এবং সত্যাসেন, চন্দ্রদেব, মিত্রদেব, স্বভঞ্জয়, মোআছতি, চিত্রদেন, মিত্রবর্ষা, স্থার্মা, বস্থার্মা স্থার্মা ও মহাধনুর্দ্ধর অস্ত্রবিশারদ পুত্র ও ভাতৃগণে পরিব্রেষ্টিত. ত্রিগর্ত্তাধিপতি অর্জ্বনের উপর শর্ধারা বর্ষণ করত জলরাশি যেমন সাগরাভি-্মুখে গমন করে, তজেপ তাঁহার প্রতি ধাকমান হইলেন। হে মহারাজ ! তাক্ষ্য দর্শনে পরগগণ যেমন নিশ্চেষ্ট হয়, তদ্রূপ সেই যোধগণ অর্জ্ঞ্নকে দর্শন করিয়া জড়ীভূত হইতে লাগিলা তাহারা ধনঞ্জয়ের শরে নিয়ত নিহন্য-মান হইয়াও হুতাশনে পতনোমুখ পতক্ষের আয় তাঁহারে পরিত্যাণ করিল না। ক্ষান্তর সত্যদেন তিন, মিত্রদেব তিষ্ঠি, চন্দ্রদেন সাত, মিত্রবর্মা তিসপ্ততি, সেত্রিভ সাত্র শক্রপ্তম বিংশতি ও স্থশর্মা নয় শরে ধনঞ্জয়কে বিদ্ধ করিলেন। মহাবীর অর্জ্বন এইরূপে সেই বীরগণ কর্তৃ কি বিদ্ধৃ হইয়া সৌশ্রুতিরে সাত, সভ্যদেনকে তিন, শব্ৰুঞ্জয়কে বিংশতি, চক্ৰদেৰকে আট, মিত্ৰদেৰকে শত, আ ত-দেনকে তিন, মিত্রবর্মারে নয় ও স্থশর্মারে আট শরে বিদ্ধ করিয়া শিলানিশিত শরনিকরে শত্রুপ্তার, সৌশ্রুতি ও চন্দ্রবর্ত্মারে যমরাজের রাজধানীতে প্রেরণ-পূर्वक शैं। ह शैं। वार्ष अन्यान्य महात्रथन्न किवात्व कतित्वन। মহাবীর সত্যদেন রোষাবিষ্টচিত্তে কৃষ্ণকে উদ্দেশ করিয়া তোমর নিক্ষেপ-পূর্ব্বক সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। সেই লৌহদণ্ড স্থবর্ণময় তোমর মুহাত্ম। বাস্তদেবের বাস্ত্ বিদীর্ণ করিয়া ধরা তলে নিপতিত হইল। - সেই আঘাতেই বাস্থদেবের হস্ত হইতে প্রতোদ ও রথরশ্যি স্থলিত হইয়া পড়িল। তথন মহাবীর ধনঞ্জয় হৃষিকেশ বিকলাঙ্গ দর্শন করিয়া ক্রোধভারে কহিলেন, হে মহাবাহো ! তুমি সম্বরে সত্ত্যসেনের নিকট রথ সঞ্চালন কর ; আমি অরি-লম্বেই উহারে বিনাশ করিব। মহাত্মা হৃষীকেশ অর্জ্ঞনের বাক্য প্রবণে পূর্ব-বং প্রতাদ ও রথরশ্মি গ্রহণপূর্বক সভ্যদেনের নিকট রথ সঞ্চালন করিলেন। মহারথ ধনপ্তায় ও তীক্ষ্ণ শরনিকরে সত্যসেনকে নিবারণ করিয়া শাণিত ভল্লে তাঁহার কুণ্ডলালস্ক মস্তক ছেনন করিয়া ফেলিলেন। তৎপরে ভিনি শাণিত বাণ-দারা মিত্রবর্মারে ও বৎদদন্ত দারা তাহার দার্থিরে নিপাতিত করিয়া পুরুরায় শত শত শর দ্বারা অসংখ্য সংশপ্তককে ভূতলশায়ী করিতে লাগিলেন

এখং পরকণেই পেই রজতপুঞ্জ ক্ষুরপ্র ছারা মহাত্রা মিত্রদেনের মৃত্তক ছেদন-পূর্বক স্থার্কার জক্রেদেশে মহা আঘাত করিলেন। অনন্তর সংশপ্তকগণ ধনঞ্জয়কে পরিবেক্টনপূর্বক ক্রোধভরে দশদিক প্রতিথ্বনিত করত, শরনিকর দার। আঁহারে নিপীড়িত করিতে লাগিল। তথন ইন্দ্রতুল্য পরাক্রমশালী মহারথ অৰ্জ্ব নিতান্ত নিপাড়িত হইগা ইন্দ্রান্ত্রের আবিষ্ঠাব করিলে সেই অস্ত্র হইতে সহস্র সহস্র শর প্রাত্ত্তি হইল। রাশি রাশি ধ্বজ, পতাকা, বণ, কার্মুক, ভূণীর, যুগ, অক্ষ, চক্রে, যোক্ত্, রশ্মি, কুবর, বরুথ, প্রাস, ঋষ্টি, গদা, পরিঘ, শক্তি, তোমর, পট্টিশ, চক্রযুক্ত শক্তমী, ভুজ, উরু,ু কণ্ঠসূত্র, অঙ্গদ, কেয়ুর, হার, নিন্ধ, বর্মা, ছত্র, ব্যজন ও মুকুট সকল ছিন্ন হইয়া নিপতিত হওয়াতে রণস্থলে মহাশব্দ শ্রুতিগোচর হইতে লাগিল। স্থন্দর নেত্রযুক্ত কুগুলালঞ্জ পূর্ণচন্দ্র সদৃশ ছিন্ন মস্তক সকল অম্বরতলস্থিত তারকাজালের ন্যায় লক্ষিত ছইল। নিহত বীরগণের মাল্যাম্বরধারী চন্দনদিশ্ব দেহ সকল ধরাতলে নিপতিত রহিল। তৎকালে সংগ্রামস্থল অতি ঘোরতর হইয়া উঠিল: মহাবল পরাক্রান্ত ক্ষত্রিয় রাজপুত্রগণ এবং অসংখ্য হস্তী ও অশ্ব নিপত্তিত হওয়াতে রণভূমি পর্বতাকীর্ণ ভূভাগের ভায় গতিশয় হুর্গম হইল। ঐ সময় শত্রুঘাতন অৰ্চ্ছনের র্থচক্রের গতি রোধ হইয়া গেল। বোধ হইতে লাগিল যেন মহাবীর ধনঞ্জয়ের রথচক্র হাঁহারে সেই শোণিতজাত কর্দ্দম সমাকীর্ণ সংগ্রামস্থলে বিচরণপূর্বক অসংখ্য শক্ত ও হস্ত্যখ সমুদায় সংহার করিতে দেখিয়া অব-সন্ন হইয়াছে। তথন মনোবেগগামী অশ্বগণ প্রাণপণে সেই কর্দ্দমমগ্র চক্র আকর্ষণ করিতে লাগিল। ৫ মহারাজ ! পাণ্ডুতনয় অর্জ্জ্ন এইরূপে সৈন্ত-গণকে বিনাশ করিলে তাহার। প্রায় সকলেই রণবিমুখ হইল। তখন মহাবীর ধনঞ্জয় সেই বহুদংখ্য সংশপ্তকগণকে পরাজিত করিয়া ধুমবিরহিত প্রক্ষালিত পাবকের ভায় শোভা ধারণ করিলেন।

### একোনত্রিংশত্তম অধ্যায়।

- হে মহারাজ ! ঐ সময় ধশ্মরাজ যুধিষ্ঠির কৌরবদৈন্যের উপর অসংখ্য শর নিকেপ ক্রবিতেছিলেন। রাজা তুর্য্যোধন স্বয়ং নিভীকচিত্তে তাঁহার নিকট যুদ্ধার্থ গমন কারলেন। ধর্মরাজ যুধিষ্ঠির আপনার পুত্রকে সহ্দ। আগমন করিতে দেখিয়া থাক্ থাক্ বলিয়া তাঁহারে বাণবিদ্ধ করিতে লাগি- লেন। আপনার পূত্রও নিশিত নয় বাবে ধর্মরাজ্কে বিদ্ধা করিয়। ক্রেণি-ভরে তাঁহার সারথির উপর এক ভল্ল প্রয়োগ করিলেন। তথন রাজা মুধি-छির ছ্রেলাধনের উপর স্থবপূঞ্জ ত্রেলেশ শর নিক্ষেপ করিয়া চারি বাবে তাঁহার চারি অল্প এবং এক এক শরে তাঁহার সারথির মস্তক, ধরজ, কার্ম্ম কও থড়গ ছেলনপূর্বিক পুনরায় তাঁহারে পাঁচ বাবে নিতান্ত নিপীড়িত করিলেন। আপনার পূত্র এইরূপে একান্ত বিষল্গ ইয়া সেই অল্পবিহীন রথ হইতে লক্ষ প্রদানপূর্বিক ভূতলে অবস্থান করিতে লাগিলেন। তদ্দানে অল্পানা, কর্ণ ও ক্পাচার্য্য প্রভৃতি বীরগণ ছ্রেলিনের রক্ষার্থ তাঁহারে পরিব্রুক্ত হৈলেন। তথন পাণ্ডুতনয়েরাও মুধিন্তিরের সাহায়্যার্থ তাঁহারে পরিবেটন করিলেন। অনন্তরে উভয় পক্ষে তুমুল সংগ্রাম আরম্ভ হইল। সহত্র সহত্র তুর্য কাদিত হইতে লাগিল।

হে মহারাজ! ঐ সময় যে স্থলে কৌরব ও পাঞ্চালগণ মিলিত হইয়া-ছিল, সেই স্থানে মহান্ কোলাহল সমুখিত হইল। নরগণ নরদিগের সহিত, কুঞ্জরগণ কুঞ্জরদিণের সহিত, রথিগণ রথীদিগের সহিত এবং অশ্বারোহ্গণ অশ্বারোহীদিগের দহিত ঘোরতর সংগ্রাম আরম্ভ করিল। বীরগণ পরস্পর পরস্পরের বিনাশ বাদনায় বিবিধ বিচিত্র যুদ্ধ করিতে লাগিলেন। তাঁছারা °বীরজনের সমর ব্রতাকুদারে পরস্পার পরস্পারের সন্মুখীন হইয়। প্রহারে প্রবৃত্ত হইলেন; কোন ক্রমেই কেহ সমর পরিত্যাগ করিল না। এইরূপে ঐ যুদ্ধ মুহূৰ্ত্তকাল গতি মধুরদর্শন হইল; কিন্তু অবিলম্বেই একৰারে স্কলে উন্মত্ত হৰয়াতে উহা নিৰ্ম্মগ্রাদ হইয়! উঠিল। তথন রথিগণ মাতন্ত্র-मिशटक चाक्रमनश्र्वक निभिन्न भातनिकरतं विमीर्ग कतिया यमानुद्य (श्रांतन করিলেন। অশ্বাহোছিগণ চতুদ্দিক্ হইতে আগমন ও অশ্বগণকে বেইটন করিয়া তল্পবনি করিতে লাগিল। মহামাতঙ্গণ বিদ্রাবিত অশ্বগণের প্রতি ধাবমান হইলে অশ্বারোহিগণ কুঞ্জরদিগের পৃষ্ঠ ও পার্শ্বদেশে শরাঘাত করিতে - প্রস্ত হইল। মদমত্ত দ্বিরদর্গণ. অশ্ব দকলকে বিদ্রোবিত, করিয়া দশন প্রহাদের বিনফ ও মার্দিত করিতে লাগিল। কতগুলি হস্তী রোধভরে দুশন বারা অখারোহিগণের সহিত অখদিগকে বিদ্ধ করিয়া মহাবেগে নিক্রেপ্ করিতে লাগিল। কোন কোন মাতঙ্গ পদাতি দৈন্যগণ কর্ত্ব হুযোগক্রমে সমাহত

ইয়া ঘোরতর আর্ত্তম্বর পরিত্যাগপূর্বক চতুদিকে ধাবমান ইইল। ঐ
সময়, পদাতিগণ আভরণ পরিত্যাগপূর্বক ধাবমান ইইলে গজারোহিগণ জয়লক্ষণ অবগ্ত ইয়া সভ্রে তাহাদিগতে পরিবেন্টন করিল এবং গজাদিগকে
আহত করিয়া পদাতিগণের কলেবর ভেদ ও আভরণ গ্রহণ করিতে লাগিল।
তদ্দর্শনে মহাবেগ সম্পন্ন বলমদমত পদাতিগণও হস্ত্যারোহীদিগকে পরিবেন্টনপূর্বক সংহার করিতে এরত ইইল। কতগুলি হস্ত্যারোহী করিশুণ্ড দ্বারা আকাশমার্গে নিক্ষিপ্ত ইইয়া পতনকালে মাতঙ্গগণের বিধাণাথে
বিদ্ধ ইইল। কতগুলি হস্ত্যারোহী হস্তীর দস্তদ্বারা বিনন্ট ইয়া গেল। কতগুলি সেনা মধ্যে মহাগজ দ্বারা বিদীর্ণ কলেবর ও পুনঃপুন নিক্ষিপ্ত ইইল
এবং কতগুলি হস্তীর পুরোবর্তী বীর কুঞ্জরগণ কর্ত্তক ব্যজনের স্থায় ভ্রামিত
ইইয়া নিহত ইইল। এইরূপে হস্ত্যারোহীদিগের কলেবর ছিন্ন ভিন্ন ইইয়া
গেল। নাগগণ প্রাদ্ধ, তোমর ও খিষ্টি দ্বারা দন্তান্তরাল, কুন্ত ও দন্ত বেন্টনে
অতিমাত্র বিদ্ধ ইইল।

ঐ সময় কোন কোন মাতঙ্গ পার্মন্থ স্থদারুণ বীরগণ কর্ত্ক নিগৃহীত ও রথিগণ অশ্বারোহিগণ কর্ত্ক ছিল্ল' হইয়া ভূতলে নিপজিত হইতে লাগিল। অশ্বারোহিগণ কের্ত্ক ছিল্ল' হইয়া ভূতলে নিপজিত হইতে লাগিল। অশ্বারোহিগণ তোমর দ্বারা চর্মধারী পদাতিগণকে ভূতলে মদ্দিত করিতে আরম্ভ করিল। হস্তাগণ কোন কোন রথীরে আক্রমণপূর্বক সেই ভয়ঙ্কর সমরাঙ্গনে নিক্ষেপ করিতে লাগিল। কোন কোন মহাবল পরাক্রান্ত মাতঙ্গনারাচ নিহত হইয়া বজ্জভিন্ন গিরিশুঙ্গের ন্যায় মহীতলে নিপজিত হইল। তখন যোধগণ পরস্পার সমাগত হইয়া পরস্পারকে মুষ্টি প্রহার ও পরস্পারের কেশ ধারণপূর্বক নিক্ষেপ করিয়া পরস্পারকে সংহার করিতে লাগিল। কেহ কেই ভুজযুগল উদ্যত করিয়া প্রতিপক্ষকে ভূতলে নিক্ষেপ ও পাদ দ্বারা তাহার বক্ষয়ল আক্রমণপূর্বক শিরণ্ডেছদন করিল। কেহ কেহ অসি দ্বারা প্যনোম্মুথ অরাতির মস্তক ছেদন করিয়া ফেলিল এবং কেহ বে জীবিত ব্যক্তির দেহে শস্ত্র বিদ্ধ করিতে লাগিল।

স্থানস্থান বোদ্ধাদিগের মৃষ্টিযুদ্ধ, কেশগ্রহ ও বাহুযুদ্ধ আরম্ভ ইইল। কেহ কেহ অতর্কিত সঞ্চারে আন্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত ব্যক্তিদিগের প্রাণ সংহার করিল। এইরূপে যোধগণ পরস্পার ঘোরতর সঙ্কুল যুদ্ধে প্রবৃত্ত হইলে অসংখ্য কবন্ধ সমুখিত হইল। শস্ত্র ও কবচ সকল শোণিতলিপ্ত হইয়া খাঁতু-রাগরঞ্জিত বস্ত্রের ন্যায় শোভা পাইতে লাগিল। চতুদ্দিক্ ইইতে গঙ্গা- ' প্রপাতের ন্যায় সেনাগণের ভাষণ কল কল ধ্বনি সমুখ্যিত হইল।

হে মহারাজ! এইরূপে শস্ত্রপাতসমূল ঘোরতর সংগ্রাম সমুপস্থিত হইলে দৈন্তাগণ শরনিপীড়িত হইয়া আত্মপ্ত অবধারণে অসমর্থ ইইল। জিগীষা পরবশ ভূপালগণ যুদ্ধ করিতে হয় বলিয়া যুদ্ধ করিতে লাগিলেন। ঐ সময় কেহ কেছ ক্রি আত্মায়, কি বিপক্ষ পক্ষায় ঘাহারে সম্মুখে প্রাপ্ত হইলেন, তাহারেই বিনাশ করিলেন। ফলত উৎকালে বীরগণের শরপ্রভাবে উভয় পক্ষীয় সেনাগণই আকুল হইয়া উঠিল। অসংখ্য হস্তী, অশ্ব, রথ ও মনুষ্য নিপাঁতিত হওয়াতে রণ্ভূমি ক্ষণকাল মধ্যে অতিশয় হুর্গম ইইয়া উঠিল। মূহুর্ত মধ্যে সমরান্ধণে শোণিত-তরিঙ্গণী প্রবাহিত হইল। ঐ সময় মহাবীর ধনপ্রয় জিগর্ভ, কর্ণ, পাঞ্চাল এবং ভামসেন কোরব. ও করিসেন্যাদিগকে বিনাশ করিতে লাগিলেন। হে মহারাজ! এইরূপে সেই অপরাহ্নকালে কোরব ও পাণ্ডব সৈন্যেরা বিপুল যশোলাভাভিলাষে ঘোরতর মুদ্ধে প্রস্ত হইলে অতিভয়ক্ষর লোকক্ষয় উপস্থিত হইল।

## তিংশত্তম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়! আমি তোমার মুথে পুজ্রগণের মুত্যু সংবাদ ও অক্যান্য তুর্বিষহ বিষম তুঃখ রুত্তান্ত শ্রেবণ করিলাম। তুর্নি যেরূপ যুদ্দের কথা কহিতেছ, তাহাতে বোধ হয়, কোরবগণের জীবন নিঃশেষিত হইয়াছে।হে সূতনন্দন ! তুমি বক্তৃতা বিশারদ; অতএব ধর্মপুজ যুদি-छির মহারথ ছুর্যোধনকে বিরথ করিয়া কিরুপে তাহার সহিত্ত, যুদ্ধ করিল ? ছুর্যোধনই বা কিরুপে তাহার প্রতিদ্বন্দিতাচরণে প্রয়ত্ত হইল এবং সেই অপুরাহ্ত, সময়ে অন্যান্য বীরগণের কিরুপে লোমহর্মা সংগ্রাম সমুপন্থিত হইল ? তৎসমুদায় বিশেষরূপে কীর্ত্তন কর। সঞ্জয় কহিলেন, হে মহারাজ ! এইরূপে সৈত্যগণ ভাগ্যক্রয়ে সংগ্রামে মিলিত ও নিহ্ন্যমান হইলে আপনার পুজ হুর্যোধন অত্য রুপে আরোহণপুর্বক বিষপূর্ণ ভুজ্লামের ন্যার্ম কুদ্ধ হুইয়া ধর্মরাজকে লক্ষ্য করত সার্থিরে কহিলেন, হে সূত ! যে স্থানে বর্মান্যান্ত রাজা ব্রাধিন্তীর আত্রপত্ত দ্বারা বিরাজ্যিত হইতেছে, তুমি সন্থরে তথায়

আনারে শইয়া চল°। সারথি ছুর্য্যোধনের আজ্ঞা প্রাবণে ধর্মরাজের অভিমুখে রথ চালন করিতে লাগিল। তথন যুধিষ্ঠিরও মদজাবী মাতঙ্গের ন্যায় প্রকোপিত হইয়া স্বীয় সার্থিরে ছুর্য্যোধনের অভিমুখে গমন করিতে আদেশ করিলেন।

অনস্তর যুদ্ধত্র্পাদ মহাবীর যুধিষ্ঠির ও তুর্য্যোধন পরস্পার মিলিত হইয়া সরোষনয়নে পরস্পারের উপর শর-বর্ষণ করিতে লাগিলেন। রাজা তুর্য্যোধন শিলানিশিত ভল্ল দ্বারা ধর্ম নন্দনের শরাসন ছেদন করিলেন। ধর্মরাজ্ঞ সেই অবমান সহ্য করিতে না পারিয়া রোষক্র্যায়িত লোচনে অবিলম্বে ছিম্বচাপ পরিত্যাগপূর্বক অন্য কাম্মুক গ্রহণ করিয়া তুর্য্যোধনের ধ্বজ ও শরাসন ছেদন করিয়া কেলিলেন। তখন তুর্য্যোধনও অন্য চাপ গ্রহণপূর্বক যুধিষ্ঠিরকে বাণবিদ্ধ করিতে লাগিলেন। এইরূপে সেই আতৃদ্ম রোষিত সিংহদ্বয়ের ন্যায়, নর্দমান রুষদ্বয়ের ন্যায় জীগীয়াপরতন্ত্র হইয়া শস্ত্রবর্ষণপূর্বক পরস্পারকে নিপীড়িত করিলেন এবং পরস্পারের ছিদ্রোহেষণপূর্বক বিচরণ করত আকর্ণাকৃষ্ট শরাসন নিম্মুক্ত শরনিকরে ক্ষতবিক্ষত হইয়া কুস্থমিত কিংশুক্রদ্বের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তৎপরে তাঁহায়া বারংবার সিংহনাদ, তলধ্বনি, চাপনির্ঘেষ ও শন্ধ নিম্বন করত পরস্পারের নিপীড়নে প্রস্তুত্ব ইইলেন।

অনন্তর রাজা যুথিন্ঠির বজ্রত্বা বেগশালী তিন বাণে আপনার পুজের বক্ষম্বল বিদ্ধ করিলেন। তথন রাজা তুর্য্যোধনও স্বর্ণপুষ্ম শিলানিশিত পাঁচ বাণে যুথিন্ঠিরকে বিদ্ধ করিয়া তাঁহার উপর এক স্থতীক্ষ লোহময় শক্তি নিক্ষেপ করিলেন। ধর্মারাজ যুথিন্ঠির সেই ভীষণ শক্তি মহোক্ষার ন্যায় সমাগত দেখিয়া নিশিত তিন বাণে ছেদনপূর্বক পাঁচ বাণে তুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। তখন সেই স্বর্ণদণ্ডাম্বিত হুতাশন সন্ধিভ শক্তি গগনজ্ঞ উল্কার ন্যায় ভীষণ শব্দ করত নিপতিত হুইল। তুর্য্যোধন শক্তি বিনিহত দেখিয়া নিশিত নয় ভল্লে যুথিন্ঠিরকে নিপীড়িত করিলেন। অরাতিঘাতন যুথিন্তির তুর্যোধন কর্তৃক্ষ এইরূপে বিদ্ধ হুইয়া শ্রাসনে শর সংযোজনপূর্ব্বক তাঁহার প্রতি নিক্ষেপ করিলে ঐ শর আপনার পুজকে বিমোহিত করিয়া ভূতলে প্রবিষ্ট হুইল। তথন তুর্য্যোধন কলহের শেষ করিবান্ধ মানসে

সরোষনয়নে পদা উদ্যত করিয়া য়ৄধিষ্টিরের প্রতি বেগে ধারমান হইলেন। ধর্মরাজ দণ্ডহস্ত যমের ন্যায় প্রর্যোধনকে গদা উপ্যত করিয়া আনামন করিতে দেখিয়া তাঁহার প্রতি এক প্রকালত উদ্ধার ন্যায় বেগশালী জ্যোতি-র্ময় মহাশক্তি পরিত্যাগ করিলেন। মহাবীর প্রর্যোধন সেই শক্তির আঘাতে মর্ম্মবিদ্ধ ও নিতাস্ত ব্যথিত হইয়া বিমোহিত ও রথোপরি নিপতিত হইলেন। তখন ভীমদেন স্বীয় প্রতিজ্ঞা স্মরণ করিয়া য়ুধিষ্ঠিরকে কহিলেন, হে মহারাজঃ তুর্যোধন আগনার বধ্য নহে। রাজা মুধিষ্ঠির রকোদর কর্তৃক এইরূপ অভিহিত ইইয়া তথা হইতে প্রতিনিয়্ত হইয়া দেই তঃখার্গবে নিময় রাজা তুর্যোধনের নিকট আগমন করিলেন। ভীমদেন তদ্দর্শনে হেমমণ্ডিত গদা গ্রহণপূর্বক মহাবেগে হার্দ্দিক্যের প্রতি ধারমান হইলেন। হে মহারাজ। এইরূপে সেই অপরাহ্ন সময়ে শত্রুগণের সহিত জয়লাভ লোলুপ কৌরবপক্ষীয় যোধগণের তুমুল সংগ্রাম হইল।

#### একত্রিংশন্তম অধ্যায়।

হে মহারাজ! অনস্তর আপনার পক্ষীয় বীরগণ মহাবীর কর্ণকে পুরোবর্ত্তী করিয়া পুনরায় প্রতিনির্ত্ত হইয়া দেবাক্ষর যুদ্ধ দদৃশ ঘোরত্তর সংগ্রাম আরম্ভ করিলেন। হস্ত্যারোহী, অখারোহী, রথী ও পদাতিগণ করিরংহিত, নরকোলাহল, রথঘর্ঘর শব্দ ও শক্ষধবনি দ্বারা অতিশয় পুলকিত হইয়া ক্রোধভরে বিবিধ আয়ুধ পরিস্ত্যাগপূর্বক পরস্পারকে প্রহার করিতে লাগিল। অসংখ্য হস্তী, অখ ও রথী বীরপুরুষ নিক্ষিপ্ত শাণিত পরশু, অদি, পটিশ ও বহুবিধ শরে নিহত হইয়া গেল। চন্দ্র, সূর্য্য ও কমলতুল্য, ধবলদশনরাজি বিরাজিত, নাদাবংশ স্থশোভিত, কমনীয় লোচন, রুচির কিরীট ও কুগুলে দমলঙ্কৃত নম্ম মন্তক সমুহে রণন্থল সমাকীর্ণ হইল। অসংখ্য পরিঘ, মুয়ল, শক্তি, তোমর, নখর, ভুষুণ্ডী ও গদা দ্বারা হস্তী, অখ ও মন্মুয়গণ নিহত হইলে সমরাঙ্গনে ভীষণ রুধিরনদী প্রবাহিত হইতে লাগিল। এইরূপে অসংখ্য নিহত রথী, পদাতি, অখ ও কুঞ্জর ক্ষতবিক্ষত ও ভীষণদর্শন হওয়াতে সমরাঙ্গন লোকক্ষয় কালীন যমরাক্ষ্যের ন্যায় শোভা ধারণ করিল।

• হে মহারাজ ৷ অনস্তর আপনার দেবকুমার সদৃশ আত্মজ •ও সৈনিকর্গণ

বহুল বল সমভিব্যাহারে সাত্যকির অভিমুখে ধাবমান হইলেন। ' সেই অসংখ্য হস্তী, অশ্ব, রথ ও পদাতি সম্পন্ন কোরব সৈন্য গমনকালে সমুদ্রের ফায় গভার শব্দ করত. স্থররাজেন, সেনার ফায় শৈভা ধারণ করিল। তথন প্ররাজসম নিক্রেম সম্পন্ন মহাবীর কর্ণ দিনকর কিরণের ন্যায় প্রথর শরনিকর দারা উপেন্দ্রভূল্য সাঁত্যকিরে প্রহার করিতে লাগিলেন। সাত্যকিও সম্বরে বিবিধ শর দারা সপ বিষের ন্যায় নিতান্ত উগ্র প্রেমপ্রবার কর্ণকে 'রথ, অশ্ব ও সারধির সহিত সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। হে মহারাজ! অক্তর আপনার স্থলদ্ অতিরথগণ সাত্যকি নিক্ষিপ্ত শরজালে নিতান্ত নিপ্তিতিত হইয়া হস্তী, আশ্ব, রথ ও পদাতিগণের সহিত সম্বরে বস্থসেনের নিকট গমন করিলেন। তথন মহার্ণব সন্ধিভ কোরব সৈন্য সমুদায় সমর পরিত্যাগপূর্বক ধাবমান ইইলে দ্রুপদতনয় প্রভৃতি পাণ্ডবপক্ষীয বীরগণ উহাদিগের অনুসরণ করিতে লাগিলেন। ঐ সময় বহুসংখ্য মন্ত্র্য, অশ্ব ও হস্তা বিনক্ট হইয়া গেল।

ইত্যবসরে মহাবীর অর্জ্রন ও বাহ্ণদেব শক্ত সংহারে কৃতনিশ্চয হইয়া সায়ংকালোচিত কার্য্য সমাধানস্তর ভগবান্ ভবানীপতির যথাবিধ অর্চনা করিয়া কৌরব সৈন্যের অনুসরণে প্রান্ত হইলেন। কৌরবগণ বিস্মিত হইয়া তাঁহা-দিগের অন্থদের ন্যায় গভীর নিম্বনযুক্ত, পবন বিকম্পিত ধ্বজ্পটসম্পন্ন খেতাশ্ব সংযোজিত রথ সম্মুখে আগমন করিতে নিরীক্ষণ করিয়া বিমোহিত প্রায় হইলেন। অনস্তর মহাবীর অর্জ্জন শরাসন বিস্ফারণপূর্বক নৃত্য করতই যেন শ্রনিকরে দিল্লগুল ও গগনতল সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন এবং বায়ু যেমন গেল্মগুল ছিন্ন ভিন্ন করে, তদ্রেপ স্থাজ্জত, যন্ত্র, আয়ুধ ও ধ্বজ্প সমন্থিত, বিমানপ্রতিম বথ সমুদায় সারথির সহিত শরনিকরে থণ্ড খণ্ড করিতে লাগিলেন। তৎপরে তিনি শর প্রয়োগপূর্বক বৈজ্যন্তী, আয়ুধ ও ধ্বজ্ব সম্পন্ন গজ, মহামাত্র, অশ্ব, সাদা ও পদাতিগণকে বিনাশ করিতে প্রস্তুত হইলেন।

হে মহারাজ ! তথন মহারাজ হুর্য্যোধন একাকীই সেই সংক্রেজ অন্তক সদৃশ হুর্নিবার অর্জনকে শরনিকর দ্বারা সমাহত করত তথায় আগমন করি-. লেন। মহারথ অর্জন উল্লেখ্য স্মাগত দেখিয়া সাত সায়কে তাঁহার কার্ম্ম ক, আখ, ধ্বজ ও সার্রথিরে ছেদনপূর্বক এক শরে তাঁহার ছত্ত্বদণ্ড দ্বিথণ্ড করিয়া ফেলিলেন। তৎপরে তিনি হুর্য্যোধনকে লক্ষ্য করিয়া আর একটি প্রাণনাশক শর নিক্ষেপ কারলে মহাবার অশ্বথামা উহা সাত থণ্ডে ছেদন করিলেন। তথঁন ধনপ্তা শরনিকর বর্ষণপূর্বক জোণপুজের ধন্ত ও অশ্বগণকে ছেদনপূর্বক কুপাচার্য্যের কার্ম্মক থণ্ড থণ্ড করিয়া কৈলিলেন এবং তৎপরে হার্দিরে কার শরাসন, ধরঙ্ক ও অশ্বগণ এবং ছঃশাসনের শরাসন ছেদন করিয়া সূত্রপুজের আভিমুখে ধাবমান হইলেন। তথন মহাবার কর্ণ সাত্যকিরে পরিত্যাগপূর্বক সম্বরে তিন শরে অর্জ্জনকে ও বিংশতি শরে বাহ্লদেবকে বিদ্ধা করিয়া শরনিকরে রারংবার ধনপ্তয়কে বিদ্ধা করিতে লাগিলেন। তিনি ঐ সময় রোষপরনক্ষ হরোজ ইন্দের ন্যায়ন্দ শক্তগণকে সংহার ও অনবরত শরনিকর নিক্ষেপ করিতে আরম্ভ করিলেও তাঁহার কিছুমাত্র গ্রানি উপস্থিত হইল না ।

'অনস্তর সাত্যকি তথায় আগমনপূর্বক কর্ণকে প্রথমত নিশিত নবতি শরে বিদ্ধা করিয়া পুনরায় তাঁহার প্রতি একশত শর নিক্ষেপ করিলেন। তৎপরে সহাবীর যুধামন্ত্য, শিখণ্ডী, দ্রৌপদীর পঞ্চপুত্র, উত্তমৌজা, যমজ নকুল ও সহদেব, ধ্রুইচুয়ের, চেকিতান, ধর্মরাজ এবং প্রভক্রক, চেদি, কার্রষ, মংস্য ও কৈকেয়গণ অসংখ্য রথ, অশ্ব, হস্তী ও পদাতিদিগের সহিত কর্ণ বধে অধ্যবদায়ার ইইয়া তাঁহারে পরিবেন্টন ও ক্টুক্তি পরিত্যাগপূর্বক তাঁহার প্রতি বিবিধ শস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন। মহারথ কর্ণ নিশিত শর্নিকরে ঐশসমন্ত শস্ত্র ছেদুন করিয়া বায়ু থেমন মহারুহ ভগ্ন করিয়া অপবাহিত করে, তজ্রপ তথা হইতে তৎসমুদায় অপদারিত করিলেন। তৎপরে তিনি ক্রোধানিক হইয়া রথী, মহামাত্র সমবেত গজ, সাদীর সহিত অশ্ব ও পদাতিগণকে বিনাশ করিতে লাগিলেন। এইরূপে পাগুব সৈন্যগণ মহাবীর কর্ণের অস্ত্র প্রভাবে বিশস্ত্র, ক্ষতবিক্ষত ও বধ্যমান হইয়া প্রায় সকলেই সমরে পরায়ুথ হইল।

তখন মহাবীর অর্জ্জন হাস্যমুখে অন্ত্রজাল বর্ষণপূর্বক, সেই কর্ণ নিক্ষিপ্ত সন্ত্র সমুদায় প্রতিহত করিয়া শরনিকর দারা ভূমগুল, দিগ্নগুল ও নভোঁমগুল সমাচহন করিলেন। অর্জ্জন নিক্ষিপ্ত শরজাল মুষলের ন্যায়, পরিঘের ভায়, শতদ্মীর ভায় ও অতি কঠোর বজ্রের ন্যায় নিপতিত হইতে লাগিল। কৌরব সৈন্যগণ অর্জ্জনের অন্ত্রবলে নিহন্যমান হইয়া নিমালিত লোচনে ভ্রমণ ও আর্ত্তনাদ করিতে আরিস্ত করিল। ঐ সময় অসংখ্য হস্তী, অশ্ব ও সমুষ্য সংগ্রামে

কলেবর পরিত্যাগ করিল এবং কতগুলি শরনিকরে নিতাস্ত নিপীড়িত ও একাস্ত ভীত হইয়া ধাবমান হইল।

হে মহারাজ! অনন্তর ভগবান্ ভাতুমান্ অন্তাচল শিখরে জারোহণ ক্ষরিলেন। গাঢ়তর অন্ধকার ও ধূলিপটল প্রভাবে আর কোন যস্তুই নিরী-ক্ষিত হইল না'। তথন কোরবপক্ষীয় মহারথগণ রাত্রিযুদ্ধে নিতান্ত ভীত হইয়া সৈন্যগণ সমভিব্যাহারে ক্রোধভরে রণম্বল হইতে অপগমন করিলেন। পাগুবেরাও জয়শ্রী লাভ করিয়া বিবিধ বাদিত্র বাদন ও সিংহনাদ পরিত্যাগপ্রবিক শত্রুগণকে উপহাস এবং কৃষ্ণ ও অর্জ্জুনের স্তুতিবাদ করত স্থাণিবিরে গমন করিতে লাগিলেন। হে মহারাজ! এইরূপে উভয় পক্ষীয় বীরগণ যুদ্ধে অবহার করিলে ভূপালগণ পাগুবদিগকে আশীর্কাদ করিতে আরম্ভ করিলেন। তথন পাগুবেরা সেই নিশাকালে শিবিরে সমার্গত হইয়া অবন্ধান করিতে লাগিলেন। অনন্তর রাক্ষস, পোশাচ ও শ্বাপদগণ দলবদ্ধ হইয়া ক্ষন্তুদেবের আক্রীভ্সন্ধিভ সেই ভীষণ রণম্বলে সমার্গত হইতে লাগিল।

#### দ্বাত্রিংশত্তম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়! স্পান্টই বোধ হইতেছে, অর্জ্জন স্বচ্ছন্দে আমাদের সমুদায় যোধগণকে নিহত করিয়াছে। ঐ বীর সংগ্রামে অন্ত্র ধারণ করিলে যমও উহার নিকট পরিত্রাণ লাভ করিতে পারেন না। যে বীরবর একাকী দিব্য শরাসন ধারণপূর্বক স্বভদ্রা হরণ, অগ্রির তৃপ্তি সম্পাদন, এই পৃথিবী পরাজয়পূর্বক সমুদায় ভূপালের নিকট কর গ্রহণ, নিবাভ কবচগণের বিনাশ সাধন, ভরতগণের পরিত্রাণ এবং কিরাভরূপী দেবাদিদেব মহাদেবের সহিত ঘোরতর সংগ্রাম ও তাঁহার সন্তোষ উৎপাদন করিয়াছিল, দেই অর্জ্জন পরাক্রম দ্বারা নৃপগণকে পরাজিত করিয়াছে। যাহা হউক, একণে সেই অনিক্রমীয় বীরগণ ও আমার পুক্র তুর্য্যোধন কি করিল, তাহা আমার নিকট কীর্ত্তন কর।

. সঞ্জয় কহিলেন,—মহারাজ ! বর্ণ্মায়ুধবিবজ্জিত, হত, আহত ও বিজ্ঞস্ত বাহনগণে পরিবেষ্টিত মহামানী কৌরবগণ এইরূপে অরাতি শরে বর্ণ্মায়ুধ-বিবর্জ্জিত, বাহনবিহীন, হতদৈন্য, একান্ত সমাহত ও নির্জ্জিত হইয়৷ শিবিরে অবস্থানপূর্বক ভয়নংষ্ট্র বিষবিহীন বিষধরের ন্যায় দীনস্বরে পুনরায় মন্ত্রণা

করিতে লাগিলো। কর্ণ ক্রুব্ব আশী।বধের ন্যাথ নিখাদ পরিত্যাগ ও করে কর নিপাড়নপুর্বিক হুন্যোধনেব 'প্রতি করাক করিয়া 'কহিলেন, হে মহারাজ! 'অর্চ্জুন দৃঢ় কার্যাদক ও ধৈর্যশালা; বিশেষত বাস্থ্যেবে যথা 'সময়ে উহারে প্রতিবাধিক করেয়া থাকেন। ধনঞ্জয় খাল্য সহদা শস্ত্র বর্ষণপূর্বেক আমাদিগকে ব্যক্ত করিবাছে, কিন্তু কল্য আম ভাহার সমুদায় দংকল্প ধ্বংদ করিব। ছুর্যোধন কর্ণে এই বাক্য প্রবণপূর্বেক তথাস্ত্র বলিয়া ভূপালগণকে স্ব স্থ নিদ্দিন্ত হানে গমন করিতে আদেশ করিলে তাহারা স্ব স্থ আবাদে প্রস্থান করেল। খনন্ত্র তাহাবা দেহ রন্ধনা হানে গাতবাহিত ক্রিয়া প্রাত্তকালে প্রকুল্ল চিত্তে যুদ্ধার্থ নির্গত হইলেন এবং দেখিলেন ধন্মরাজ যত্নপূর্বেক বৃহস্পতি ও শুক্রের ন্যায় বৃদ্ধরের ন্যায়, বলে সক্লাণের ন্যায় ও বাহ্যে কার্ত্রাহ্যের ন্যায় শক্রনিস্দন, ব্যভক্ষ, সূত্র্ভকে প্রবণ কারেত লাগিলেন। ঐ সময় সমৃদায় দৈন্যাণ ও করেন করেল। ব্যক্ত ভ্রাব ত্রাহ করেল। বিশ্বর ব্যাহ নির্দ্ধন বৃহত্ব হিলান বন্ধর

রু ররাষ্ট্র কহিলেন,—হে সঞ্জব। দেনাগণ কর্ণের প্রাত্ত অকুরক্ত হইলে ছর্যোধন কি কারণ। দৈন্যগণের অবহারানন্তর পুনব্দার যুদ্ধারন্ত হইলে আমার পুত্র কি সূত্যবর্শনোহরক শীতার্ভ পুরুষের ন্যায় কর্ণকে দর্শন করিয়াছিল। হে সঞ্জয়। উভর পক্ষে দংগ্রাম আরন্ত হইলে সূতপুত্র কিরুপে যুদ্ধ করিল, পাণ্ডবেরাই বা কিরুপে তাহার সহিত্য যুদ্ধে প্রের্ভ হইল। মহাবাহ্ত কর্ণ একাকা স্প্রেম ও পার্থগণকে নিহত করিতে পারে। ঐ মহাবার সংগ্রামকালে ভয়ন্তর অক্সলাল এবং ইন্দ্র ও নিফুর তুল্য, ভুন্ধবল ধারণ করিয়া থাকে। ওর্য্যোধনকে পাড়িত ও পাণ্ডবর্গণকে পরাক্রান্ত দেখিয়া প্রাণপণে সংগ্রাম কারয়াছিল। ওর্ব্ দ্বি তুর্য্যোধন কর্ণকে সাত্রত উৎসাহিত হইয়াছিল, মহান্ত্রত সপুত্র পাণ্ডবর্গণকে পরাক্রান্ত দেখিয়া প্রাণপণে সংগ্রাম কারয়াছিল। ওর্ব দ্বি তুর্য্যাধন কর্ণকে অপ্রেম করিয়াই বাহ্ণদেব সমবেত সপুত্র পাণ্ডবর্গণকে জয় কারতে উৎসাহিত হইয়াছিল; কিন্তু কি ছঃখের বিষয়। কর্ণ কোপান্বই হইয়া পাণ্ডু বুল্লগণকে পরাভূত কারতে পারিল নাত্রতার বিষয়। কর্ণ কোপান্বই হইয়া পাণ্ডু বুল্লগণকে পরাভূত কারতে পারিল নাত্রতার বরম ফল উৎপন্ন হইয়াছে। আমা তুর্যোধনের তুনাতে জানত পল্য-কাড়ার চরম ফল উৎপন্ন হইয়াছে। আমা তুর্যোধনের তুনাতে জানত পল্য-কাড়ার চরম ফল উৎপন্ন হইয়াছে। আমা তুর্যোধনের তুনাতে জানত পল্য-

ভূত তুর্বিষহ যন্ত্রণা ভোগ করিতেছি। হে সঞ্জয়! সূত্রনদন নীতিমান্, পরাক্রান্ত ও তুর্ব্যাধনের অনুগত। তথাপি এই মহাযুদ্ধে আমার পু্ত্রগণকে
নিজ্জিত ও নিহত প্রেবণ করিতে হইল ? হাধ! পাশুবগণকে নিবারণ করে,
এমন আর কেহই নাহ। তাহারা আমাদের সৈন্যগণকে জ্রালোকের ন্যায়
ভ্রান করিয়া অনায়াসে তাহাদের মুধ্যে প্রবেশ করিতেছে; অতএব
দৈবই বলবান্।

সঞ্জয় কহিলেন, হে মহারাজ। আপনি পূর্বের দ্যুতজ্ঞীয়া প্রস্থৃতি যে সকল ধর্মিষ্ঠ কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন, জ্মান্সণে তাহা চিন্তা করুন। গতাত কার্য্যের পন্মতান নিতান্ত অকিঞ্ছিৎকর। উহা চিন্তার সহিত্র বিনক্ত হয়। আপনি পূর্বের সঙ্গত ও অসঙ্গত বিষয়ের পরীক্ষা করেন নাই; স্কতরাং এক্ষণে আপনার রাজ্যপ্রাপ্তি নিতান্ত তুল ভ হইযাছে। পাওবগণ বারংবার আপনারে যুদ্ধ ক্রিতে নিষেধ করিয়াছিলেন; কিন্তু আপনি মোহন্দত তাহাদের হিত্রাক্যে কর্ণপাত্ত করেন নাই। বিশেষত আপনি তাগাদের ঘোরতর অনিক্টাচরণ করিয়াছেন, তরিষ্মত্ত এক্ষণে এই ঘোরতর সংগ্রাম উপান্থত হইবাছে। হে মহারাজ। যাহা হইবার হইয়াছে; তাহার নিমিত্ত আর অনুতাপ করা কর্ত্র্যা নহে। এক্ষণে যেরূপে ভয়ন্তর জনক্ষয উপস্থিত হইল, তাহা শ্রেবণ করুন।

রজনা প্রভাত হইলে, মহাবাহু কর্ণ ছুর্য্যোধন সমাপে সমুপস্থিত হইয়া কহিলেন, হে মহারাজ! আজি আমি মহাবীর অর্জ্ঞ্নের সহিত সংগ্রামে প্রস্তুত হইব। অন্য হয় আমিই তাহারে সংহার করিব, লা হয় সেই আমারে বিনাশ করিবে। আমাদের উভথের কার্য্য বাহুল্য প্রযুক্ত কখনই য়ুদ্ধে পর-স্পরের সমাগম হয় নাই। হে কুরুরাজ। এক্ষণে আমি স্বায় বৃদ্ধি বিবেচনা-মুসারে যাহা কহিতোছ, তাহা প্রবণ কর। আমি অর্জ্ঞ্নকে বিনাশ না করিয়া রণস্থল হইতে কদাচ প্রতিনির্ত্ত হইব না। আমাদের প্রধান প্রধান বীর-গণ নিহত হইয়াছেন এবং আমেও শক্তেদ্ত শক্তিহীন হইয়াছি; এক্ষণে আমি সমরাঙ্গনে সমুপ্রিত হইলে ধনপ্রয় অবশ্যই আমার আভ্রম্থান হইবে। তথন তুমি তাহার ও আমার দিব্যান্ত্র সমুদায় দেখিতে পাইবে। সব্যুদাচী অর্জ্বন প্রতিবাদ্ধার কার্য্য বিনাশ, লম্বুস্তে তা, দূরপাতিছ, কৌশল, অন্ত্রপাত,

বল, শোষ্য্, বিজ্ঞান, নিমিত্ত জ্ঞান ও বিক্রম বিষয়ে কথনই আমার তুল্য' নহে। হে মহারাজ ! আমার এই শরাদন দামান্য নহে, পুর্বে বিশ্বকর্মা ইন্দ্রের প্রিয়টিকীযুঁ হইয়া তাঁহার নিমিত বিজয় নামে,যে প্রসিদ্ধ শরাসন নিশ্মাণ করিয়াছিলেন, যদ্ধারা দেবরাজ দৈত্যগণকে পরাজয় করিয়াছেন, যাহার নির্ঘোষে দানবগণ দশদিক শৃত্যপ্রায় অবলোকন করিয়াছিল ; স্থররাজ দৈই শরাসন পরশুরামকে প্রদান করেন। ভার্গবিও প্রসন্ন হইয়া সেই দিব্য চাপ আমারে এদান করিয়াছেন। দেবরাজ ঐ কাম্মুক দারা সমাগত দৈত্যগণের সহিত যেরূপ খুদ্ধ করিয়াছিলেন, আমিও সেইরূপে জয়শীল মহাবাত অৰ্জ্বনের সহিত সংগ্রাম করিব। এই আমার পরশুরামদত ভীষণ শরাসন অভিনুনের গাণ্ডীন হইতে শ্রেষ্ঠ; ইহা দারা ভার্গব একবিংশতি বার পৃথিবী পরাজয় করিয়াছেন। তিনি ইহার দিব্য কার্যা সমুদায় কীর্ত্তনপূর্ব্বক িইহা আমারে প্রদান করিয়াছেন। হে তুর্য্যোধন! তাদ্য আমি এই শ্রাসন িগ্রহণপূর্বক দং প্রামে প্রবৃত্ত হইয়া জয়ণাল অর্জ্জুনকে নিপাতিত করিয়। তোমারে বান্ধবগণের সহিত জানন্দিত কবিব। স্বদ্য এই গিরিকানন স্কুশো-ভিতা স্সাগরা সদ্বীপা মেদিনী তোমার ও তোমার পুত্র পৌত্রাদির ভোগার্থে কল্লিত হইবে। ধর্মানুরক্ত আত্মজ্ঞান সম্পন্ন ব্যক্তির পক্ষে সিদ্ধি লাভ যেমন অশক্য নহে, তদ্ধপ তোমার প্রিয়াকুর্তান করা আমার পক্ষে অসাধ্য নহে। অগ্নিসংস্পর্শ পাদপের যেরূপ অসহা হইয়। উঠে, আমিও অর্জ্বনের তজ্ঞপ অসহা হইব, সন্দেহ নাই।

হে মহারাজ ! আমি ধনপ্তয় অপেকা যে যে অংশে হীন, তৎসমুদায়
আমার স্বীকার করা অবশ্য কর্ত্ব্য। অর্জ্জনের শরাসন জ্যা দিব্য, তুণীরন্ধয়
আক্ষয়, সারথি বাস্থদেব, কাঞ্চনভূষণ দিব্য রথ অগ্রিদত্ত ও অচ্ছেদ্য, অয় সকল
মনের তুল্য বেগশালী এবং ধ্বজ বিস্ময়কর ও ছ্যুতিমান নানরে লাঞ্চিত।
আমার এতাদৃশ কিছুই নাই। আমার কেবল একমাত্র বিজয়াখ্য দিব্য
কাম্মুক ধনপ্তয়ের অজিত গাণ্ডীব শরাসন অপেকা শ্রেষ্ঠ। হে কুরুরাজ।
আমি পূর্রেবাক্ত দ্রব্য সমুদায় না থাকাতে অর্জ্জন অপেকা হীন হইয়াও
তাহার সহিত সংগ্রাম করিতে বাসনা করিতেছি। কিন্তু ছঃসহবীয়্য মদ্রয়াজকে আমার সারথি হইতে হইবে। মহাবীর শল্য কুয়ের সদৃশ ; উনি যদি

আমার সার্থা স্বীকার করেন, তাহা হইলে তে'মার নিশ্চর্যই জয় লাভ হইবে। অন্তর্ব তুঃসহবীর্য শল্যই আমার সার্থি হউন। শকট সমুদায় আমার নরিচনিকর বছন এবং উৎকৃষ্ট অশ্বসংযোজিত রথ সকল আমার পশ্চাৎ পশ্চাৎ আগমন করুক। হে মহারাজ। এইরূপ হইলে আমি ধন-প্রুয় অপেকা সমধিক হইব। মহাবীর শল্য কৃষ্ণ অপেকা গুণদপের এবং আমিও অর্জ্রন অপেকা সমধিক গুণবান্। রুষ্ণে মেগন লগ্ন বিজ্ঞান অবগত আছেন, শল্য তজ্ঞান বিশেষত শল্য অপেকা ভুজবীর্গ্য দপেরণ আর 'কেইই নাই এবং আমার তুল্য সম্ভযুদ্ধ করিতে আর কেইই সমর্থ নহেন। অতএব শল্য আমার সার্থি হইলে আমার রথ অর্জ্জনের রথ অপেকা উৎকৃষ্ট হইবে। তাহা হইলে আমি নিঃসন্দেহই ধনপ্রয়কে পরাজ্য করিব। একণে অবিলম্বে আমার এই অভিলাষ পূর্ণ কর। ইহা সম্পাদিত হইলে আমি সংগ্রামে যেরূপ কার্যানুষ্ঠান করিব, ভাহা দেখিতেই পাইবে। তথন দেবণণও আমার সম্মুধীন হইতে পারিবেন না। আমি পাণ্ডবগণকৈ অবশ্যই প্রাক্ত্য করিব। সামান্য মন্ত্র্য পাণ্ডবগণের কথা দূরে থাকুক, তৎকালে দেবাস্বরণও আমার হস্ত হইতে পরিত্রাণ প্রাপ্ত ইইবেন না।

হে মহারাজ ! রাজা তুর্য্যোধন কর্ণ কর্ত্তক এইরূপ অভিহিত হইশ হৃষ্টান্তঃকরণে তাঁহারে অর্চনা করত কহিলেন, হে রাধেয় ! তুমি যেরূপ কহিলে, আমি তাহাই অনুষ্ঠান করিব। এক্ষণে তুণীর ও অশ্ব সংযুক্ত রথ মযুদায় তোমার অনুগমন করিবে। শকট সমুদায় তোমর, নারাচ ও শর সকল বহন করুক। আমরাও তোমার অনুগমন করিব।

# ত্রয়ন্তিংশতম অধ্যায়।

হে মহারাজ। তুর্য্যোধন কর্ণকে এই কথা বলিয়া বিনয়পূর্বক মহারথ
মদ্রোজের সমীপে গমন করত তাঁহারে প্রণয় পুরস্কারে কহিলেন, হে মন্তরাজ। আপনি সত্যত্তত, শক্তকাপন ও অরাতি সৈন্যের ভয়ন্তর। মহাবীর
কর্ণ প্রধান প্রধান ভূপালগণের মধ্যে আপনারে যেরূপে বরণ করিয়াছেন,
তাহা আপনার প্রতিগোচর হইয়াছে। এক্ষণে আমি নতশিরা ও বিনীত হইয়া
শক্তনাশার্থ আপনার নিকট প্রার্থনা করিতেছি, আপনি প্রণয়ামুরোধে পার্থবিনাশ ও আমার হিত সাধন করিবার নিমিত্ত কর্ণের সার্থ্য

কার্য্য স্বাকার করুন। আপুনি সার্থির পদে অভিষিক্ত হইলে সূতপুত্র অনায়াদে শত্রুগণকে জয় করিতে পারিবেন। হে মহাত্মন ! স্পান বাস্তদেবের সমান, স্কুতরাং আপনি ভিন্ন আর কেচ্ছ কর্ণের অধ্রুশ্য ধারণ করিবার উপযুক্ত নছে; অতএব কমলযোনি বেমন মতেশ্বকে দ কুষ্ণু ্যেমন বিপন্ন অৰ্জ্জনকে রক্ষা কবেন, আপনি সেইরূপ কর্ণকৈ পরিত্রাণ করুন, হৈ সদ্রোজ! পূর্বের রীর্যাবান ভীত্মদেব, দ্রোণাচার্য্য, রূপাচার্য্য, কর্ণ, ভোজক্রে, শকুনি, অখ্থানা, আপনি ও আমি আমরা অরাতি সৈন্য-গণকে নিহত করিবার নি।মত নয় ভাগে বিভক্ত করিয়াছিলাম। একণে ভীম ও দ্রোণের অংশ উন্মূলিত চইয়াছে। মহাবীর শান্তসুত্নয় ও আচার্য্য স্স্হিন্তব্য দৈন্যগণকে নিহত করিয়া অন্যান্ত অসংখ্য অরাতির প্রাণ সংহার করক্ত পরিশেষে কেবল বিপক্ষদিগের ছল প্রভাবে প্রাণ পরিত্যাগ-পূর্বক স্বর্গারোচণ করিয়াছেন। অস্থাৎপক্ষীয় অন্যান্য প্রধান প্রধান যোধ-গণও যথাশক্তি আমাদের হিত্সাধন করত সমরে অরাতিহস্তে নিপাতিত হইয়া স্বৰ্গারেট হইয়াছেন। হে রাজন্। পাগুবগণ পূর্বেব অল্পংগ্যক হইয়াও আমাদের অধিকাংশ দেনা নিহত করিয়াছে। এক্ষণে দেই সত্যবিক্রম পাণ্ডপুল্রগণ ঘাহাতে সামাদের হতাবশিষ্ট দৈন্তগণকে বিনষ্ট করিতে না পারে, ভাপনি ভাগার উপায় করুন। হে মদ্রোজ। মহাবাহু কর্ণ ও আপনি সাপনার তুইজনেই সর্ববলোকাতিগামী মহারথ ও আমাদের হিতাবুষ্ঠান নিরত। সদ্য মহাবীর রাধেয় স্মর্জনের সহিত যুদ্ধ করিতে বাঞ্চা করিতেছেন। শুরুরিবন্ধন আমাদেব জয়াশাও বলবতী হইয়াছে : কিন্তু উঁহার অশ্বশ্মি গ্রহণ করে, পৃথিবীতে আপনি ভিন্ন আর কাহারেও এসন দেখিতে পাই না। অতএব বাস্তদেব সমরে যেরূপ পার্থের অশ্বরশ্মি গ্রহণ করেন, আপনিও সেইরূপ কর্ণের অশ্বরশা গ্রহণ করুন। অর্জ্জুন কুফের সাহায়রেক্সিত হইয়া যে সমস্ত কার্য্যানুষ্ঠান করে, তাহা আপনি স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছেন। পুর্বের ধনপ্রয় অন্যান্য বিপক্ষগণের সহিত সমরে প্রবৃত্ত হইয়া এরপ শক্ত ক্ষয় করিতে সমর্থ ছিল না। এক্ষণে কেবল কৃষ্ণের ° সহিত মিলিত হইয়াই সমধিক বিক্রমসহকারে প্রতিদিন কৌরব সেনা বিজ্ঞাবিত করিতেছে। হে মদ্রবাজ। এক্ষণে কর্ণের ও আপনার হস্তব্য অরাতি দৈন্যের

মাল সংশ অবশিষ্ট রহিয়াছে; অতএব দিবাকর যেরপ অরুণের দহিত মিলিত হইয়া অন্ধকার ধ্বংদ করেন, তদ্রপ আপনিও কর্ণের দহিত মিলিত হইয়া য়ুগপৎ দেই সংশ্বয় বিনষ্ট করিয়া অর্জ্জুনকে নিহত করুন। পাণ্ডব-পক্ষীয় মহারথগণ উদিত বালসূর্যার্থের ন্যায় কর্ণকে ও আপনারে সন্দর্শন করিয়া পলায়ন ফরুক। যেরপ সূর্য্য ও মরুণের দর্শনে মন্ধকার তিরো-হিত হয়, তদ্রপ পাণ্ডব, পাঞ্চাল ও স্প্রয়পণ আপনাদিগকে দেখিয়া বিনষ্ট হউক। কর্ণ রিথিগণের অগ্রগণ্য, আপনিও সারথিপ্রেষ্ঠ, বিশেষত্র সমরে আপনার তুল্য আর কাহারেও দৃষ্ট হয় না। অতএব শাহ্রদের যেমন সকল অবস্থাতে অর্জ্জুনকে রক্ষা করেন, আপনিও দেইরূপে সমরে কর্ণকে পরিত্রাণ করুন। আমি নিশ্চয় কণিতেছি যে, আপনি সারথি ইইলে পাণ্ডবগণের কথা দূরে থাকুক, ইন্রাদি দেবগণও কর্ণকে পরাজিত করিতে পারেন না।

হে মহারাজ ! কুল, ঐশ্বর্গা, শাস্ত্রজ্ঞান ও বলমদে মত মদ্রের জ শল্য মুর্য্যোধনের বাক্য শ্রাবণে ক্রোধান্ধ হইয়া ললাটে ত্রিশিখা জাকুটি বিস্তার-পূর্ব্বক বারংবার করযুগল বিকম্পিত ও রোষারুণ নেত্রদ্বয় পরিবর্ত্তিত করত কহিতে লাগিলেন, হে কুরুরাজ ! তুমি আমারে নিঃশঙ্ক চিত্তে দার্থ্য কার্য্য স্বীকার করিতে অনুরোধ করাতে স্পাষ্টই বোধ হইতেছে যে, ভূমি আমারে হীনবীর্য্য জ্ঞান করিয়া অবসাননা করিতেছ। তুমি কর্ণকে আসা হইতে সমধিক বলশালী বিবেচনা করিয়া তাহার প্রশংদা করিতেছ; কিন্তু আমি তাহারে সমকক্ষ ব্যক্তি বলিয়া গণনাই করি না। এক্ষণে তুমি আমারে কর্ণ অপেক্ষা অধিক অংশ নির্দেশ করিয়া দেও। সামি উহা অনাগ্রাদে পরাজয় করিয়া স্বস্থানে গমন করিব। অথবা আমি এক্ষণে একাকীই যুদ্ধে প্রবৃত্ত হইয়া শক্র সংহার করিতেছি; তুমি খামার বাজ্বল খবলোকন কর। হে মহারাজ ! তুমি নিশ্চয় জানিবে যে, মাদৃশ ব্যক্তি কথনই অবমানিত হইয়া সংগ্রামে প্রবৃত্ত হয় না। আর যুদ্ধে আমার অবমাননা করাও তোমার কর্ত্ত্ব্য নহে। দেখ, আমার বাছ্যুগল নিতান্ত স্থুল ও বজুের ন্যায় স্থদৃঢ়। আমার শরাসন বিচিত্র, শরনিকর ভুজ্বগের ন্যায় একান্ত ভয়ঙ্কর; রথ স্থসজ্জিত ও নায়ুবেগগামী তুরক্ষমে সংযোজিত এবং গদা স্থবর্ণপট্ট সমলক্ষৃত। আমি স্বীয় তেজः भं जारत नमाधा महीमछन तिलीर्ग, महीसत नकन तिकिश्व भवः नमुख-

সকল শুক করিতেও অসমর্থ নহি। হে মহারাজ ! আমি এইরূপ মহাবল পরাক্রান্ত ও শক্ত নিগ্রহে হাদক। ূ তুমি তথাপি কি নিমিত আমারে নীচ कुट्लां श्रेष करर्गत मात्रथा कार्या निर्याग कतिर्छ ? यांगारत यांकार्या নিয়োগ করা তোমার কর্ত্তব্য নহে। শ্রেষ্ঠতর পুরুষ নাচ ব্যক্তির দ্যুসত্ব স্বীকার করিতে কদাচ উৎসাহিত হয় না। প্রীতিপূর্ব্বক স্মাগত ও বশীভূত মহৎ ব্যক্তিরে নীচাশয় পুরুষের আয়ত্ত করিয়া, রাখিলে উৎকৃষ্ট ও অপকৃষ্টের বৈপরীত্য ক্রুরণ জনিত গুরুতর পাপের মনুষ্ঠান করা হয়। বেদে এইরূপ নিদ্দিষ্ট আছে যে, এ সাণগণ ব্রহ্মার মুখ হইতে, ক্ষত্তিয়েরা বাহু হইতে, বৈশ্যের। উরুদ্বয় হইতে এবং শূদ্র পাদযুগল হইতে প্রাত্নভূতি হইয়াছেন। এই বর্ণ চতুষ্টায়ের পরস্পাব ভিন্ন বর্ণ সংযোগে অনুলোমজ ও প্রতিলোমজ সঙ্কর জাতি সকল সমূৎপন্ন হইয়াছে। অর্থ সংগ্রহ, দান ও প্রজা পালন এই কয়েকটি ক্ষত্রিয়ের ধর্ম। যাজন, অধ্যাপন, বিশুদ্ধ প্রতিগ্রহ ও লোকের প্রতি অনুগ্রহ প্রদর্শনই ত্রাহ্মণের ধর্ম ; কৃষিকার্য্য, পশু পালন ও ধর্মত দান এই কয়েকটি বৈশ্যের ধর্ম এবং ত্রাহ্মণ, ক্ষজ্রিয় ও বৈশ্যের পরিচর্য্যা করাই শুদ্রের পরম ধর্ম বলিয়া নির্দ্ধিষ্ট হইয়াছে। সূতেরাও ক্ষত্রিয়ের পরিচারক, অতএব দূতের শুশ্রাব। করা ক্ষত্রিয়ের কার্য্য নহে। আমি মুদ্ধাভিষিক, রাজর্ষিকুলম্বস্তুত, মহারথ এবং বন্দিগণের সেবনীয় ও স্ততিভাজন , হৃতরাং সংগ্রামে সূতপুত্রের সার্থ্য স্বীকার করা আমার নিতান্ত অকর্ত্তব্য। হে মহারাজ ! আজি আমি তৎকৃত অপমান সহু করিয়া কখনই যুদ্ধ করিব না; অতএব · একণে বিদায় দাও, স্বগৃহে প্রস্থান করি। এই বলিয়া মহাবীর শল্য অবিলম্বে ফ্রোধভরে ভূপালগণমধ্য হইতে উত্থিত হইয়া গ্যন করিতে লাগিলেন।

তথন মহারাজ হুর্য্যোধন শল্যের প্রতি প্রণয় ও বহুমান নিবন্ধন তাঁহার কর গ্রহণ করিয়া শান্তভাবে সর্বার্থসাধন মধুর বাক্যে কহিতে লাগিলেন, হে মদ্ররাজ! আপনি ঘাহা কহিতেছেন, তদ্বিয়ে আর কিছুমাত্র সংশয় নাই; কিন্তু আমি যে অভিপ্রায়ে আপনারে সার্থি হইতে অনুরোধ করিতেছি, তাহা প্রবণ করুন। কর্ণ আপনার অপেকা ক্থনই সমধিক বলশালী নহেন এবং আমিও আপনারে হীন বলিয়া আশেকা করি না। ছেনাতুল! আপান যাহা কছেন, তাহা কলাচ মিথ্যা হইবার নহে। আমার মতে, আপনার পূর্বপুরুষেরা কলাচ অনৃত বাক্য প্রয়োগ করিতেন না; এই নিমিত্ত আপনার নাম আর্তায়নি বিনয়া প্রখ্যাত ইইয়াছে।, আপনি পুরে আজগণের শল্য সরূপ; এই নিমিত্ত শল্য নামে প্রদিদ্ধ ইইয়াছেন। অত্রব আপনি পুরের যাহা কাহয়াছেন, আমার হিতার্থ তাহার অসুষ্ঠান করুন। আমি বা কর্ণ গামরা কেইই আপনার অপেক্ষা সমগ্লিক বলশালী নহি। হে মহাত্মন্! আমি কর্ণকে ধনজ্ঞয় অপেক্ষা এবং আপনারে বাহুদেব অপেক্ষা সমগ্লিক গুণশালী জ্ঞান করিয়া প্রাকি। মহাবীর সূতপুত্র অস্ত যুদ্ধে ধনজ্ঞয় অপেক্ষা উৎকৃক্ট এবং আপনিও বাহুদেব অপেক্ষা দিগুণ অশ্ববিদ্যাভিজ্ঞ ও সমাধক বলবার্য্যাপের। আমি এই নিমিত্ত এক্ষণে আপ্রনারে উৎকৃক্ট অন্থ করিয়া প্রাকি বিমিত্ত এক্ষণে আপ্রনারে উৎকৃক্ট অন্থ সমুনারের যন্ত পদে বরণ করিতে অভিলাষ করি।

হে মহারাজ! মহাবার শল্য তুর্য্যোধনের বাক্য প্রবণ করিয়া কহিলেন, কুরুরাজ! তুনি মানারে দৈন্যান মধ্যে যে দেবকাপুত্র অপেক্ষা উৎকৃষ্ট বলিয়া কার্ত্তন করিলে, ইহাতেই আমি তোমার প্রতি অতিমাত্র প্রতি লাম। একণে আমি তোমার অভিলাষাকুদারে ধনঞ্জয়ের দাহত যুদ্ধে প্রবৃত্ত পূত্রের পার্থ্য স্বাকার করিতেছি; কিন্তু উহার দহিত আমার এই একটি নিয়ম নির্দ্দিট রহিল যে, মামি উহারই দমক্ষে স্বেচ্ছাকুদারে বাক্য প্রয়োগ করিব। হে মহারাজ! তথন আপনার আত্মজ তুর্য্যোধন ও কর্ণ ইহারা তৎক্ষণাৎ তাঁহার বাক্যে স্বাকার করিলেন।

## চতুব্রিংশত্তম অধ্যায়।

অনন্তর ত্র্যোধন শল্যকে পুনরায় কাহলেন,—হে মদ্রাজ। পূর্বকালে দেরাস্থর যুদ্ধে থেরপে ঘটনা হইয়াছিল, মহন্দি মার্কণ্ডের আমার পিতার নিকট তাহা কার্ত্তন করেন। একণে আমি আপনারে সেই রক্তান্ত কহিতিছি, অবিচারিত চিত্তে উহা প্রবণ করুন। পূর্বের দেব দানবগণ প্রস্পার জিগীষা পরবণ হইয়া ঘোরতর সংগ্রাম সনুপস্থিত করেন। তৎকালে দৈত্যগণ তারকাস্থরের অধীন ছিল। ঐ যুদ্ধে দেবগণ দৈত্যগণকে প্রাজ্তিক কারলে তারকাস্থরের অধীন ছিল। ঐ যুদ্ধে দেবগণ দৈত্যগণকে প্রাজ্তিক কারলে তারকাস্থ্যের তিন গুজ্ কঠোর তপোত্র্তান করত অতি স্থক্তিন নিরম্ অবলম্বনপূর্বেক স্বাস্থ্য দেহ

পরিশুক করিতে লাগিল। কৃষৎকাল পরে বরদাতা সর্বলোক পিতামই ব্রহ্মা তাহাদিগের দম, তপ, নিয়ম ও সমাধি দর্শনে পরুম প্রীত হইযা তাহাদিগকে বর দান কারতে আগমন করিলেন। তথন তাঁরকপুজেরা দকলে সমাগত হইযা তাঁহার নিকট প্রার্থনা করিল, হে ভগবন্! যদি প্রসম হইয়া থাকেন, তবে আমাদিগকে এই বর প্রদান করুন যে, আমরা যেন সর্বাদ। সর্বভূতের অবধ্য হই। পিতামহ তাহাদের বাক্য আবণ করিয়া কাহলেন, হেঁ শুরুরগণ ৷ কেহই সাবিভূতের গ্রধ্য নহে; অতএব তোমরা উহা ভিন্ন অন্য যহে। আঁভিকাচি হয়, তাহা প্রার্থনা কর। তথন দেই অস্তরত্ত্তর একতা অবুলম্বনপূর্বক ছির নিশ্চয় করিয়া প্রণতি পুরঃসঁর পিতা-মহকে কহিল, হে দেব। আমরা এই বর প্রার্থনা কবি যে, তিন জনে পুরত্তয়ে অবস্থানপুৰ্বক জনসমাজে পুজিত হইয়া এই ভূমগুলে বিচরণ করিব এবং সহস্র বংসর অতীত হইলে পুনরায় পরস্পার মিলিত স্ইব। তথন সেই পুরত্তায়ও একাকার হইবে। তৎকালে যে ব্যক্তি এক বাণে সেই একত্র সমবেত পুর-ত্রণ দংহার কারতে পারিবেন, আমরা তাঁহার হস্তেই নিহত হইব। লোক-পিতানহ ব্রহ্মা অম্বরগণের বাক্য এবণে তাহাদিগকে তথাস্ত বলিয়া স্বর্গারোহণ করিলেন।

তারকান্ত্রপুজেবা এইরূপে বব লাভ ক্রিয়া প্রতি প্রকুল্ল চিত্তে পুরত্রের নির্মাণের নিমিত্ত দৈত্যদানর পুলত, রোগাবহান স্থপতি ময়দানরকে নিযুক্ত করিল। পামান্ ময়দানরও স্বায় তপঃপ্রভাবে স্বর্গে কাঞ্চনময়, অন্তর্নীক্ষেরজতময় ও মর্ত্তের্গু লোহময় পুর নির্মাণ করিয়া দিল। ঐ পুরক্রয়ের এক একটি শত যোজন বিস্তার্গ ও শত যোজন আয়ত এবং বছতর গৃহ, অট্টালকা, প্রাকার, তোবণ, জনতাযুক্ত রাজপথ ও বিবিধ দারে পরিশোভিত। গারকাস্করের তিন পুল ঐ পুরক্রয়ের অধীশর হইল। তারকাক্ষের স্থবন্ময়, কমলাক্ষের রজতময় ও বিত্তানালার লোহময় পুরা নির্দিষ্ট হইল। অনন্তর সেই অস্বরের অস্ত্রবলে ক্রিলোক আক্রমণ করিয়া অবস্থান করিতে লাগিল। তথন তারারা আর প্রজাপতিরেও ত্রত্না বিদ্ধিষ্ট ইবল। পুর্বের যে শমন্তর মাংসাণী স্থান্ত দানবর্গণ স্করণণ করিক নিরাক্ত হইয়ান্টিল, এক্ষণে তাইরা বিপুন ঐপর্য্ত প্রার্থা প্রার্থা প্রার্থ প্রার্থা প্রার্ত্ত শ্রের্দ সর্বন্ধন করিরে বিপুন ঐপর্য প্রার্থা প্রার্থ ক্রেম ক্রমে প্রার্থ প্রার্থ প্রার্থ প্রার্থ প্রার্থ প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ ক্রমের ক্রমের ক্রমের প্রার্থ ক্রমের ক্রমের

কোটি কোটি জন একত্র সমবেত হইয়া সেই অন্তরত্ত্বের সমীপে আগমন-পূর্ণকৈ ত্রিপুর তুর্গ আশ্রয় করিল এবং পুনরায় সকলে সম্মিলিত হইয়া অকুতোভয়ে অবস্থান করিতে বলাগিল। ঐ সমুদায় ত্রিপুরনিবাদা দানব যে যাহাতে অভিলাষী হইল, ময়দানব মায়াবলে তাহারে তাহাই প্রদান করিতে আরম্ভ করিল।

ঞ সময় তারকাক্ষের হরি নামে মহাবল পরাক্রান্ত পুত্র কঠোর তপোমুষ্ঠানপূর্বক লোকপিতামহ প্রজাপতিরে পরম পরিত্র কটার কলি তিনি
তাহারে বর প্রার্থনা কবিতে কহিলেন। তথন ঠারকাক্ষপুত্র কৃতাঞ্জলিপুটে
কহিল; হে দেব! আমি আমাদিগের পুরমধ্যে একটা বাপা প্রস্তুত করিব।
ঐ বাপাজলে যে সমস্ত অস্ত্রনিহত বাবগণকে নিক্ষেপ্ করা ঘাইবেক, তাহারা
যেন আপনার প্রদাদে পুনজ্জাবিত ও সমধিক বলশালা হয়। পিতামহ
দানবনন্দনের বাক্য প্রবণে তথাস্ত বলিবা তাহাবে অভিলবিত বর প্রদান করিলেন। তথন তারকাক্ষেব পুত্র সেই বিবাত্রত বর লাভে পরস পরিত্রত 
ইয়া আপনাদের পুরমধ্যে এক মৃত্রসঞ্জাবনা বাপা প্রস্তুত করিল। দৈত্যগণ
যে বেশে নিহত হইত, ঐ বাপাতে নিক্ষেপ করিবামাত্র তাহারা সেই বেশে
জীবিত হইয়া উঠিত। এইরূপে দৈত্যগণ সেই বাপী প্রভাবে নিহত দানবগণকে
পুনঃপ্রাপ্ত হইয়া ত্রিলোকের ক্রেশোৎপাদন করিতে লাগিল। ছক্ষর তপঃপ্রভাবে তাহারা সংগ্রামে অক্ষয় হইনা উঠিল। তথন দেবগণ ও তাহাদের
নিক্ষত ভীত হইতে লাগিলেন।

হে মদ্রাজ। নির্লক্ষ দানবগণ এইরপে ব্রহ্মার বর প্রভাবে দর্পিত ও লোভ নোহে একান্ত অভিভূত ইইয়া দেবগণকে বিদ্রাবণপূর্বক স্বেচ্ছাক্রমে রমণীয় দেবারণ্য, তপম্বিগণের পবিত্র আর্শ্রম ও স্থরম্য জনপদ সমুদায়ে বিচরণ করত সকলের মর্যাদা নন্ট কারতে লাগিল। দেবরাজ ইন্দ্র দানবগণ কর্ত্বক বিস্তুবন নিপীড়িত দেখিয়া দেবগণে পবিবেস্থিত ইইয়া দানবগণের প্রব্রেয়ের প্রতি বজ্ঞ নিক্ষেপ করিতে লাগিলেন; কিন্তু বিধাতার বর প্রভাবে, দেই অভেদ্য পুর সকল ভেদ করিতে পারিলেন না। তথন তিনি তৎসমুদায় পরিত্যাপপ্রক দৈত্যগণের দৌরাক্স্য জ্ঞাপনার্থ দেবগণের দহিত ব্রহ্মার নিকট সমুপস্থিত ইইলেন। স্থবগণ নতশিরা হইখা ভগবান্ পিতামহকে প্রণতিপূর্ব্বক সমুদায় বৃত্তান্ত নিবেদন করিয়া দানবগণের বধোপায় জিজ্ঞান্ত্রী করিলে কমলযোনি কহিলেন, হে দেবগণ! যে তোমাদের অনিষ্টাচরণ করে, দে আমার নিকট অপরাধী হয়। অত্তরব তুরাত্মা অস্তরগণ তোমাদিগকে নিপীড়িত করিয়া আমার নিকট অপরাধা হইয়াছে। আমি সকল প্রাণীরে সমান জ্ঞান করি, কিন্তু অধান্মিকগণের প্রাণ সংহার করা আমার অবশ্য কর্ত্তব্য কর্ত্তব্য একবাণেই ভেদ করিতে হুইবু; স্তরাং ঐ কার্য্য মহাদেব ভিন্ন আর কাহারও সাধ্যায়ত্ত নহে। অত্তরব তোমরা শেই অক্রিষ্ট কর্মাণ জয়শীল যোদ্ধা সহেশবকে যুদ্ধার্থে বরণ কর। তিনিই তাহাদিগকে নিপাতিত করিবেন।

হৈ মন্ত্রপাক । প্রথপরায়ণ ইন্দ্রাদি দেবগণ ব্রহ্মার এই বাক্য প্রবণমাত্র ভাছাতে অগ্রন্থক করিয়া ঋষগণের স্থিত সহাদেবের শরণাপ্র ইইলেন এবং তপোনিষম অবলম্বনপূর্বাক ব্রহ্মনাম উচ্চারণ কর্ত রক্ষোম্ম বাক্যে তাঁহার স্তব করিতে লাগিলেন। তখন, যিনি দর্শবত্র আত্মা ও প্রমাত্মা রূপে ব্যাপ্ত বহিষাছেন, যিনি বিবিধ ভূপোবলৈ আত্মতত্ত্ব ও সাংখ্যযোগ অবগত হইযা-চেন এবং আত্মা দতত যাঁহার বশীভূত রহিযাতে, সেই তেজোরাশি ভগবান্ উমাপতি স্থরগণের নয়নগোচর হইলেন। তাঁহাবা দেই খনতা দদৃশ অকল্মষ ভগবান্ দেবদেবকে নানারূপে কল্লিড করিধাছিলেন, এক্ষণে বিশ্বয়াপন হইয়া সকলে দেই মহাত্মাতে স্ব স্ব কল্পনাত্রপ রূপ স্বলোকন করিতে -লাগিলেন। অনন্তর সমুদায় ব্রহ্মষি ও দেবগণ দণ্ডবং হইয়া তাঁহার চ্রণ বন্দনা করিলেন। 🎤 তখন ভগবান্ শঙ্কর তাঁহাদিগকে উত্থাপিত করিয়া মঙ্গল-দূচক বাক্যে দৎকার করত হাস্তমুখে কহিলেন, হে . স্থরগণ ! তোমনা কি কারণে আগমন করিয়াছ, তাহা আমার নিকট কীর্ত্তন কর। দেবগঁণ মহাদেব কর্ত্ক এইরূপ অনুজ্ঞাত হইয়া তাঁহারে নসস্কারপূর্বক কহিলেন, হে ভগ-বন্ ! আপুনি দেবাদিদেব, পিণাকখারী, বনমালাবিস্থযিত, দক্ষণজ্ঞবিনাশন, ু প্রজাপতিদিগেব পূজা, সকলের স্তত্য, স্ত্যুমান ও স্তত। আপনি শস্তু, विलाष्ट्रिक, त्रुख, नील श्रीव, मूलधाती, अर्गाच, ग्रुगांक, ध्वतीत्रुधाधी, অর্হ, শুদ্ধ, ক্ষয়, ক্রথন, জুব্বারণ, ক্রাথ, বিপ্র, ব্রহ্মচারী, ঈশান, প্রমেয়, নিশস্থা, ব্যান্ত্রচর্মবাসা, ভ্রপোনিরত, পিঙ্গ, ব্রতাবলম্বী, গজচর্মবাসা, কার্ত্তি-

কৈয় পিতা, ত্রিনেত্র, শরণাপদের ক্লেশসংহর্ত্তা, অন্তর্বঘাতন, র্ফপতি, নারী-পতি, গোপতি, যজ্ঞপতি, সদৈন্য ও অসিতোজা; আপনারে নমক্ষার। হে দেব ! আ্রারা কায়মুনোবাক্যে আপনার শরণাপন্ন হইলাম; আপনি অমু-গ্রহ করিয়া আমাদের অভিলাম পূর্ণ করুন। তথন ভগবান্ দেবাদিদেব দেবগণের বাক্যে প্রসন্ধ হইয়া তাঁহাদিগকে সাগত প্রশ্নে পরিভূষ্ট করিয়া কহিলেন, হে দেবগণ! ভোমাদের ভয় দ্র হউক; এক্লণে বল, আমারে তোমাদের নিষিত্ত কি করিতে হইবে ?

#### পঞ্চতিংশত্তম অধ্যায়।

হে মদ্রাক্ষ ! এইরপে ভগবান্ ভগানীপতি দেবিধিগণকৈ অভয় প্রদান করিলে লোকপিতামহ ব্রহ্মা তাহারে অভিবাদনপূর্বক সর্বলোকের িত্তকর কথা কহিতে আরম্ভ করিলেন। হে দেবেশ। আমি তোমার অমুগ্রহে প্রাজাপত্য পদে অধিষ্ঠিত হুইয়া দানবগণকে অতি মহৎ বর প্রদান করিয়াছি। এক্ষণে তুমি ভিন্ন আর কেইই সেই মর্য্যাদানাশক দানবগণকে সংহার কবিতে সমর্থ হইবে না। অত এব তুমি যাচমান দেবগণের প্রতি প্রদন্ধ হইবা দানবগণকে পরাজয় কর। তোমার অমুগ্রহে সমুদায় জগৎ স্থা হউক। হে লোকেশ। তুমি দকলের শরণ্য বলিয়া আমরা তোমার শরণাগত হইয়াছি।

তখন দেবাদিদেব রুদ্রদেব কহিলেন, হে দেবগণ! আমার মতে তোমাদিগের শক্রগণকে বিনাশ করা অবশ্য কর্ত্রব্য; কিন্তু দানবগণ নিতান্ত বলদপিত বলিয়া আমি একাকা ভাহাদের সহিত সংগ্রামে উৎসাহী হইতেছি না। অতএব তোমরা সকলে সমবেত হইয়া আমার অর্দ্ধ বল প্রহণপূর্বক শক্রগণকে পরাজিত. কর। একতা মহাবল উৎপাদনের কারণ। দেবগণ কহিলেন, হে মহেশ্বর। আমার তাহাদিগের বলবিক্রম প্রত্যক্ষ করিয়াছি। তাহাদিগের বলবার্য্য আমাদিগের অপেক্ষা দিগুণতর হইবে। মহেশ্বর কহিলেন, দেই অপরাধী পাপাত্মাগণকে যেরপে হউক নিহত করিছে হইবে, অতএব তোমরা আমার অর্দ্ধ তেজ লইয়া তাহাদিগকে বিনাশ কর। স্থরগণ কহিলেন, হে ভুতভাবন! আমাদিগের তোমার অর্দ্ধ তেজ ধারণ করিবার শক্তি নাই, অতএব তুমিই আমাদিগের বলার্দ্ধ লইয়া শক্রগণকে বিনাশ কর।

তখন মহাদেব কহিলেন, হে হ্ররগণ। যদি তোমর। আমার বলারি ধারণ করিতে অসমর্থ হও, তাহা হইলে আমিই তোমাদিগের বলার্দ্ধ গ্রহণ-পূঞ্ক দানবগণকে নিপাতিত করিব। ভগবান্ মুহেশ্বর এই বৃলি। দেব-গণের বলার গ্রহণপূর্বক সর্বাপেকা মহাবলশালী হইয়া উঠিলেন 1- তদ-বধি তিনি মহাদেব নামে বিখ্যাত হইয়াছেন। অনন্তর সেই দেবদাদিদেব মহাদেব দেৰগুণকে কছিলেন, হে স্থরগণ। আমি ধকুর্বাণ ধারণ ও রথা-রোহণপুর্ব্বক্তু তোমাদিণের শক্তগণকে বিনাশ করিব। তোমরা আমার রথ ও ধকুর্ন্বাণ প্রস্তুত ১কর, ভাহ। হইলে মামি অবিলম্বেই দানবগণকে নিপাতিত করিতে সমর্থ হইব। দেবগণ কহিলেন, তে দেবেশ্ব! আমর। ত্রিলোকস্থ সমুদায় মূর্ত্তি আহরণ করিয়া বিশ্বকর্মা যেরূপ রথ নির্মাণ করিতে পারেন, তোুমার জন্ম তদ্রুপ এক চ্যুতিমান্রথ প্রস্তুত করিব। স্থ্রগণ এই বলিয়া রথ প্রস্তুত করিতে আরম্ভ ক্রিলেন। ুঁ ঠাহারা পর্বত, বন, দ্বীপ ও ভূতগণ পরিবৃত্, বিশাল নগর সম্পন্ন বস্তন্ধরারে দেবাদিদেবের রথ করি-লেন । মন্দর পর্বত ও দানবালয় জলনিধি ঐ রণের অক্ষ; মহানদী ভাগীরবী জঙ্ম। ; দিখিদিক্ ভূষণ ; নক্ষত্র সকল ঈষা ; সতাযুগ ও সর্গ যুগ-কাষ্ঠ ; ভুজগরাজ অনন্তদেব কূবর ; হিমাচল, শিক্ষ্যাচল, সূর্য্য ও চন্দ্র চক্র ; সপ্তবিমণ্ডল চুক্ররক্ষক ; গঙ্গা, সরস্বতী, সিন্ধু ও আকাশ ধুর্ভাগ ; জল ও নদী দকল বন্ধন সামগ্রী; দিবা, রাজি, কলা, কাষ্ঠা, ছয় ঋতু ও দীগু গ্রহ সমুদায় অকুকর্ষ; তারাগণ বরূপ; ধর্ম্ম, অর্থ ও কাম ত্রিবেণু; ফল পুষ্পা পরিশোভিত ওষ্ট্র ও লতা দকল ঘণ্টা ; রাত্রি ও দিবা পূর্বে ও অপর পক্ষ : ধতরাষ্ট্রপ্রমুখ দশ নাগপতি ঈষা ; মছোরগগণ যোক্ত্র ; দম্বর্ত্ক মেঘ বুগ-চর্ম্ম; কালপৃষ্ঠ, নহুষ, কর্কোটক, ধনঞ্জয ও অন্যান্য নাগগণ অশ্বগণের কেশ্ব-বন্ধ ; সমুদায় দিক্, প্রদিক্ এবং ধর্মা, সত্য, তপ ও মুর্থ অশ্বরশ্মি ; সন্ধ্যা, ধৃতি, মেধা, স্থিতি, সমতি ও প্রহ' নক্ষতাদি দারা পরিশোভিত নভোমগুল বাহাবরণ; লোকেশ্বর ইন্দ্র, ব্রুণ, যম ও কৃবের অশ্ব; পূর্বর অমাবশ্রা, পূর্বর পৌর্ণমানী, উত্তর অমাবস্থা ও উত্তর পৌর্ণমানী অশ্বয়েক্তি; পূর্বর অমাবদ্যায় অধিষ্ঠিত পিতৃগণ যুগকীলক ; মন রথোপস্থ ; সরস্বতী রথের প্রশ্চাদ্ভাগ ; শক্রচাপসম্বলিক বিছ্য়ৎ পবনোদ্ধৃত পঞ্জকা; বষট্কার প্রতোদ এরং

গায়ত্রী শীর্ষবন্ধন হইলেন। তথন বিষ্ণু, দোম ও ত্তাশন এই জিন মহাত্মার যোগে মহেশ্বরের, বাণ কল্লিত হইল। অগ্নি দেই বাণের কাণ্ড, দোম ফলক এবং বিষ্ণু তাঁক্ষধার স্কলপ হইলেন। 'পূর্দেন মহাত্মা ক্ষ্ণানের যজ্ঞে যে সম্বংসর কল্লিত হইয়াজিল, এক্ষণে তাহা উঁহার শরাসন রূপ ও মহাস্বন সাবিত্রী মৌব্বীরূপ ধারণ করিলেন। কালচক্র হইতে মহামূল্য রক্ষণুষিত অভেদ্য দিব্য বন্ম বহিষ্কৃত হইল। মৈনাক ও মেরু পর্বত ধ্বজ য়িট্ট হইল এবং সৌদামিনী সম্বলিত মেবমালা পতাকা হইয়া ঋত্বিক্গণ মধ্যম্ব প্রুছলিত পাব-কের ত্যায় শোভা পাইতে লাগিল। এইরূপে সেই অপুর্ব্ব রথ ও শরাসনাদি নির্ম্মিত হইলে দেবগণ সমূলায় তেক্ব একত্র সমবেত অবলোকনপূর্ব্বক বিশ্মিত হইয়া মহেশ্বরের নিকট সমূলায় বৃত্তান্ত নিবেদন করিলেন।

হে মদ্রেরাজ! দেবগণ এই কপে শক্তেমদিন শ্রেষ্ঠ রণ নির্ম্পণ করিলে দেবাদিদেব মহাদেব উহাতে স্বকীয় প্রধান শন্ত সমৃদায় সংস্থাপনপূর্বক আকাশকে ধ্বজযৃষ্ঠি করিয়া উহার উপর মহার্মভকে সন্নিবেশিদ করিলেন। ব্রহ্মদণ্ড, কলেণণ্ড ও জ্বর রথের পার্থরিক্ষক, অথবর্ব ও মাঞ্চির্মদ চক্রব্রুক্ষক, ঋথেদ, সামবেদ ও পুরাণ সকল পুরঃসর, ইতিহাস ও বজুর্বেবদ পৃষ্ঠরক্ষক ও সমৃদায় স্তোত্রাদি, দিব্য বাক্য, বিদ্যা ও বষট্কার পার্শ্বরে হইল। ও কার র্মথের সম্মুথে শোভা পাইতে লাগিল। তথন ভগবান্ দেবদেব ছয়- ঋতু সম্পন্ন সন্থংশরকে বিচিত্রে শরাসন করিয়া আপনার ছায়াকেই মৌবর্বী করিলেন। ভগবান্ রুদ্রে সাক্ষাং কাল্যরাত্রি ঐ শরাসনের মৌনব্বী হইল। বিষ্ণু, আগ্রি ও চন্দ্র ইহারা তাঁহার বাণ স্বরূপ ইহলেন। সমৃদায় জগৎ অগ্নি, সোম ও বিষ্ণুময়; বিশেষত বিষ্ণু অমিততেজা ভগবান্ ভূতনাথের আত্মস্বরূপ; স্থতরাং দেই শর অমরগণেরও অসহ্য হইয়া উঠিল। ভগবান্ ভূতনাথের আত্মস্বরূপ; স্থতরাং দেই শর অমরগণেরও অসহ্য হইয়া উঠিল। ভগবান্ ভূতনাথ সেই শরে অয়র্বার যজ্ঞসম্ভূত তুঃসহ ক্রোধাগ্রি নিহত করিলেন।

হে মদ্ররাজ ! ঐ সময় বে নাললোহিত ব্যান্তাজিনধারী ভবানীপনি অযুত সূর্য্যের খায় তেজ সম্পন্ন, ইন্দ্রেরও নিপাতনে সমর্থ, ত্রহ্মবিদ্বেষীদিগের নিহস্তা, ধার্ম্মিকগণের পরিত্রোতা ও অধার্ম্মিকগণের সংহর্তা এবং যাঁহার অঙ্গ জাঞায় করিয়া এই অন্তুত দর্শন স্থাবরজঙ্গমাত্মক জগৎ শোভা পাইতেছে, দেই মহাত্মা ভাম বল, ভামরূপ ও প্রমথনশীল আত্মণ্ড পেরিবৃত হইয়া বিচিত্র শোভা ধারণ করিলেন। অনন্তর দেবগণ কবচ ও শর্মদন্ধারী ভগবান্ ভবানীপতিরে আমি, সোম ও বিষ্ণুসন্তুত দিব্য শর প্রছণপূর্বক প্রথারোহণে উৎস্কুক দর্শন করিয়া বুণ্যগন্ধ বাহী সমীরণকে ভাঁহার অন্তর্কুলে সঞ্চারিত করিতে লাগিলেন। তথন ভগবান্ মহাদেব ধরাতল কম্পিত ও দেবগণকে বিত্রাসিত করত সেই রথারোহণে সমুদ্যত হইলেন। মহর্ষি, দেব, গন্ধর্বি, অপ্সরা, ত্রেমাণ্ডিও বন্দিগণ ভাঁহার স্তুতিবাদ করিতে লাগিলেন। নর্ভকেরা নৃত্য করিতে আরম্ভ করিল। ঐ সময়ে থড়গা, বাণ ও শরাসনধারী ভগবান্ মহাদেব হাস্য করিয়া কহিলেন, হে দেবগণ! এক্ষণে কোন্ মহাত্মা আমার দারথা কার্য্য করিবেন স্প্ররণণ কহিলেন, হে দেবেণ। তুমি যাহারে নিয়োগ করিবে, তিনিই তোমার সার্থি হইবেন, সন্দেহ নাই। তথন দেবাদিদেব মহাদেব পুনরায় কহিলেন, হে দেবগণ। যিনি আমা অপেক্ষা শ্রেষ্ঠতর হই-বেন, তোমরা বিবেচনাপূর্ব্বক অবিলম্বে ভাঁহারেই সার্থি কর।

ং মন্তরাজ! দেবগণ ভবানীপতির সেই বাক্য শ্রাবণে পিতামহের নিকট গমনপূর্বক তাঁহারে প্রদন্ধ করিয়া কহিলেন, হে ব্রহ্মন্! তুমি দৈত্য বিনাশের নিমিত্ত বেরূপ কহিয়াছিলে, আমরা তদসুরূপ অনুষ্ঠান করিয়াছি। র্ষধ্ব প্রপ্রদান হইয়াছেন, বিচিত্রে আয়ুধ্যুক্ত এক রথও প্রস্তুত করা হইয়াছে; কিন্তু সে উত্তম রথে কে সারথি হইবে, তাহার কিছুই স্থির হয় নাই; শত্রুবর্গ তুমি কোন প্রধান ব্যক্তিরে সারথি বিধান করিয়া আমাদিগের বাক্য রক্ষা কর। আর তুমিও পূর্বেব বলিয়াছ যে, আমি তোমাদিগের হিতাসুষ্ঠান করিব; অতএব এক্ষণে তদসুরূপ কার্য্য করা সর্বেতোভাবে বিধেয়। হে কমলাসন! দেবগণের মৃত্তির সংযোগে দেই শত্রুবিদারণ রথ নির্মিত হইয়াছে। সপর্বত ধরিত্রী রণ হইয়াছেন। চারি বেদ উহার চারি আশ ও নক্ষত্রমালা করথ হইয়াছেণ দৈত্যনিসূদন ভগবান্ পিণাকপাণি উহার রথা হইয়াছেন; কিন্তু সারথি লক্ষিত হইতেছে না। যিনি মুদ্দায় দেবতা অপেক্ষা শ্রেষ্ঠ, তাহারেই সারথি করিতে হইবেছেন। আমাদিগের রণ, অশ্ব, যোদ্ধা, কবচ, শন্ত্র ও কাম্মুক প্রভৃতি সমস্ত প্রস্তুত হইয়াছে; এক্ষণে তোমা ভিন্ন কার কাহারেও গারথি লক্ষিত হইতেছে না। তিম সর্বন্তগান্ধিত ও সর্বাপেক্ষা

প্রধান ; অতএব তুমি অবিলম্বে সেই রথে আরোহণপূর্বক উৎকৃষ্ট অশ্ব-গণকে সংযত্ত কর। হে মদ্রোজ! এইরূপে স্থরগণ আপনাদিগের জয় ও ্শক্রগণের পরাজয়ের নিমিত্ত অবনত হইয়া পিতামহ ব্রহ্মারে দার্থ হইতে অনুরোধ কর্ত প্রদন্ধ করিতে লাগিলেন। তথন পিতামহ কঁছিলেন, হে দেবগণ! তোমরা যাহা কহিতেছ, তাহা যুক্তিবিরুদ্ধ নহে; আমি যুদ্ধকালে মহাদেবের অশ্ব সমুদায় সংযত করিব। অনন্তর দেবগণ সেই বিশ্বস্রটা ভগ-বান্ পিতামহকে মহাত্ম। মহেশ্বরের দার্থির পদে অভিষিক্ত: করিলেন। ভগবান্ প্রজাপতি দেই লোকপূজিত রথে আরোহণ করিলে পবনের ন্যায় বেগবান্ অশ্বগণ ভূমিষ্ঠ হইয়। তাঁহারে নমস্কার করিল। তথন ত্রিলোকনাণ ব্ৰহ্ম। প্ৰগ্ৰহ ও প্ৰতোদ গ্ৰহণপূৰ্বক মহাদেবকে কহিলেন, হে ভগবন্! রথারোহণ কর। তথন ভগবান্ শূলপাণি সেই বিফুসোমাগ্নি সমুৎপন্ন শর গ্রহণ করিয়া শরাসন নিস্তনে বহুদ্ধরা কম্পিত করত রথে আরোহণ করি-লেন। দেব, গন্ধর্কা, অপ্সরা ও মহর্ষিগণ তাঁহারে রথারত দেখিয়া স্তব করিতে লাগিলেন। তথন ভগবান্ ভবানীপতি শর, শরাসন ও অসি ধারণ-পূর্বক স্বীয় তেজে ত্রিভুবন আলোকময় করিয়া পুনর্ববার ইন্দ্রাদি দেবগণকে কহিলেনু, হে স্থরগণ! আমি অস্তরগণকে নিপাতিত করিতে অসমর্থ হইব মনে করিয়া তোমরা শোক করিও না। আমার এই বাণে তাহাদিগকে নিহত বোধ কর। তথন দেবগণ তোমার বাক্য সত্য, অস্তরগণ নিহত হইয়াছে এই বলিয়া মহাদেবকে উৎসাহিত করিতে লাগিলেন এবং শঙ্করের বাক্ট মিথ্য হইবার নহে বিবেচনা করিয়া পরম পারতুষ্ট হইলেন।

অনন্তর ভগবান্ নালকণ্ঠ সেই অনুপম রথে আরোহণপুর্ব ক দেবগণে পরিবেষ্টিত এবং পরস্পর তর্জ্জমান, চতুদ্দিকে ধাবমান, মাংসভোজা, নৃত্যামু-রক্ত, তুরাসদ, স্বীয় পারিষদগণ কর্ত্তক 'পূজ্যমান হইয়া গমন করিতে লাগি-লেন। তপোনিরত মহাভাগ মহর্ষি ও দেবগণ তাঁহার বিজয় প্রার্থনায় প্রবৃত্ত হইলেন। এইরপে অভয়দাতা দেবাদিদের অদ্ধে নির্গত হইলে অমরগণ ও জগতাতলম্ব যাবতায় লোকের আনন্দের আর পরিসীমা রহিল না। ঋষিগণ তাঁহারে নানাবিধ স্তব করত বারংবার তাঁহার তেজ পরিবর্দ্ধিত করিতে পারিস্থিন। তথ্কালে অর্বুদ মর্বুদ গদ্ধ বিগণ বিবিধ বাদ্য বাদন করিতে স্থারস্ক্ত

করিলেন। অনস্তর ব্রহ্মা অস্তরগণের উদ্দেশে রথ সঞ্চালন করিতে আরম্ভ করিলে ভূতনাথ তাঁহারে সাধুবাদ প্রদানপূর্বক কহিলেন, হে দেব ! ভূমি অতন্তিত চিত্তে দৈত্যগণের অভিমুখে অশ্ব চালন করে। আজি আমি শক্তনগণেক সংহারপূর্বক তোমারে বাহুবল প্রদর্শন করিব। ভগবান্ কর্মলযোমি ভূতনাথের বাক্যানুসারে দৈত্য দানর রক্ষিত ত্তিপুরের অভিমুখে প্রন ভূল্য বেগবান্ অশ্বর্গণকে পরিচালন করিতে আরম্ভ করিলে বোধ হইতে লাগিল, যেন তাহারা স্থাকাশ পান করিবার নিমিত ধাবমান হইতেছে।

এইরূপে ভগবান্ ভবানীপতি সেই লোকপুজিত অশ্বসংযোজিত স্থাননে সমারত হইয়া দানবজয়ের নিমিত্ত পাবমান হইলে তাঁহার ধ্বজাগ্রন্থিত রুষভ ভীষণ নিনাদ করত দশ দিক্ পরিপূর্ণ করিতে লাগিল ৷ সেই ভয়াবহ নিনাদ প্রবণে অসংখ্য দৈত্য প্রাণত্যাগ করিল এবং অনেকে যুদ্ধার্থ অভিমুখীন হইল। তদ্দর্শনে শূলপাণি মহাদেব ক্লোধে অধীর হইলেন- ৷ তখন সমুদায় প্রাণী ভীত, ত্রৈলোক্য বিকম্পিত ও ঘোর নিমিত্ত সকল লক্ষিত হইতে লাগিল। তৎকালে মহাদেবের দেই রথ দোম, অগ্নি, বিষ্ণু, ব্রহ্মা, রুদ্রে এবং দেই শরাসনের সঞ্চা-লনে অবঁদন্ধ হইল। তথন নারায়ণ দেই শরভাগ হইতে বিনির্গত হইয়া রুষরূপ ধারণপূর্ববিক সেই মহারথ উদ্ধৃত করিলেন। ঐ সময় রথ অবসয়<sup>ৰ</sup>ও শক্তগণ গর্চ্চান হওয়াতে মহাবল পরাক্রান্ত ভগবান্দেবাদিদেব অশ্পৃষ্ঠ ও ব্রষভের মস্তকে অবস্থানপূর্বক সিংহনাদ করত দানবপুর নিরীক্ষণ করিতে লাগিলেন - এবং আখের স্তন ছেদন ও রুষের খুর চুই খণ্ডে বিভক্ত করিয়া ফেলিলৈন। সেই অবধি গে। সমূহের খুর তুই খণ্ডে বিভক্ত ও অশ্বগণ স্তন বিহীন হইয়াছে। হে মহারাজ! অনন্তর মহাদেব শরাদন অধিজ্য ও দেই শর পাশুপতান্ত্রে শংযোজনপূর্বক কামু কৈ নিহিত করিয়া ত্রিপুরের অপেক। করত দণ্ডায়্মান রহিলেন। তখন দেই পুরত্রয় একত্র সমবেত হইল। তদ্ধনি দেবতা, সিদ্ধ ও মহযিগ্রণ যাহার পর নাই পরিভূষ্ট হইয়া মহেশ্বরের স্তব করত জ্বরুষ্কনি করিতে লাগিলেন।

খনস্তর সেই পুরত্রর অস্তর সংহারে প্রবৃত্ত অসম পরাক্রম উত্তামূর্ত্তি ভগ-বান্ শক্ষরের সমক্ষে প্রাত্মভূতি হইল। তথন ত্রিলোকেশ্বর মহেশ্বর সেই দিব্য শরাসন আকর্ষণ করিয়া পুরত্রয়কে লক্ষ্য করত সেই ত্রৈলোক্যসারভূত শর পরিত্যাগ করিলেন। শর পরিত্যক্ত হইবামাত্র সেই পুরত্রের তৎক্ষণাৎ স্কুতনে নিপতিত, হইল। অস্ত্রগণ ছোরতর আর্ত্তম্বর পরিত্যাগ করিতে লাগিল। তথন ভগরান্ শঙ্কর তাহাদিগকে দগ্ধ করিয়া পশ্চিম সাগরে নিক্ষেপ করিলেন।

হে মহারীজ ! এইরূপে সেই পুরত্রয় ও দানবগণ ত্রিলোকের হিতাসুষ্ঠান পরতন্ত্র ভগবান শঙ্করের রোমপ্রভাবে ভস্মদাৎ হইয়া গেল। 'তথন তিনি হাহাকার শব্দ পরিত্যাগপূর্বক স্বীয় ক্রোধসম্ভূত হুতাশনকে নিবারিত করিয়া কহিলেন, হে হুতাশন ! তুমি এই ত্রিলোককে ভ্রম্মনাৎ করিও না। অনস্তর রুদ্রেদেবের প্রযন্তে পূর্ণমনোরথ প্রজাপতিপ্রমুখ দেব, মহর্ষি ও অন্যান্ত লোক সমুদায় প্রকৃতিস্থ হইয়া অতি উদার বাক্যে তাঁহার স্তব করত তাঁহার আদেশাবুদারে স্ব স্থালয়ে প্রস্থান করিলেন। হে মদ্ররাজ! এইরূপে সেই লোকঅফী দেবাস্থরগণের অধ্যক্ষ মহেশ্বর লোকের মঙ্গল বিধান করিয়াছি শেন। পুর্বে পিতামহ ব্রহ্মা যেমন রুদ্রেদেবের সার্থ্য স্বীকার করিয়াভিলেন, একণে আপনিও তজ্ঞপ মহাবার সূতপুত্রের সার্থ্য গ্রহণ করুন। অংপনি কৃষ্ণ, অৰ্জ্জন ও কর্ণ অপেক্ষা উৎকৃষ্ট, তাহার কিছুমাত্র সন্দেহ নাই।. হে মদ্রবাজ ! এই সূতপুত্র সংগ্রামে রুদ্রের সদৃশ এবং আপনিও নীতিপ্রয়োগে ব্রহ্মার তুলা; অতএব আপনি নিশ্চয়ই অম্বরগণের ন্যায় এই শত্রুগণকে পরাজর করিতে সমর্থ হইবেন। এক্ষণে আজি কর্ণ যাহাতে কৃষ্ণদার্থি অর্জ্জনকে প্রমথিত ও বিনষ্ট করিতে পারেন, আপনি শীঘ্র তাহার উপায় বিধান করুন। হে মদ্রবাজ ! আপনাতেই আমাদিগের রাজ্যলাভ প্রত্যাশা, জীবিতাশা এবং কর্নোহায্য নিবন্ধন জয়াশা বিদ্যমান রহিয়াছে। আমাদের রাজ্য, জয়লাভ এবং মহাবীর কর্ণ ও আমরা আপনারই আয়তঃ; অতএব আপনি একণে অশ্বরণ্মি গ্রহণ করুন। হে মদ্যোজ। আর এক ধর্মপরায়ণ ব্রাহ্মণ আমার পিতার সমকে যে ইতিহাস কীর্ত্তন করিয়াছিলেন, আপনি একণে তাহাও আবণ করুন। দেই হেতুগর্ভ কার্যার্থ দংগ্রিত অত্যাশ্চর্য্য ইতিহাস শ্রুবণ ও অবধারণ করিয়া আমি যে বিষয়ের নিমিত্ত আপনারে অসুরোধ করি-তেছি, অসম্পিশ্ব মনে তাহার অনুষ্ঠান করুন।

মহাযশা মহর্ষি জমদ্মি ভৃতবংশে উৎপন্ন হইয়াছিলেন। ওাহার পুত্রের

নাম রাম। ঐ তেজোগুণদপ্শন জমদগ্রিনন্দন অন্ত্র লাভার্থ অতি কঠোঁর তপোত্রতানপূর্বক রুদ্রদেবকে আরাধনা করিয়াছিলেন । ক্রিয়দ্দিন পরে ভগ-বান্মহাদেব তাঁহার ভক্তিভাব ও শান্তিগুণে একান্ত প্রীত ও প্রায় হইলেন এবং তাঁহার অভিপ্রায় অনুধাবনপূর্বক তথায় আবিভূতি হইয়া কহিলেন, হে রাম! আমি তোমার প্রতি ্দাতিশ্র সম্ভূষ্ট এবং তোমার অভিপ্রায় সম্যক অবগত হইয়াছি। এক্ষণে তুমি আপনারে পবিত্র কর, তাহা হইলে তে। মার মনোরথ পূর্ণ হইবে। হে ভৃগুনন্দন! যথন তুমি পবিত্র ছইবে, তখন আমি তেমােরে অস্ত্র সমুদায় প্রদান করিব। ঐ সমস্ত অস্ত্র অপাত্র ও অসমর্থ ব্যক্তিকে ভস্মসাৎ করিয়া ফেলে। জমদগ্রিনন্দন রাম ভগবান শূলপাণি কর্ত্তক এইরূপ অভিহিত হইয়া প্রণতিপূর্বত কহিলেন, হে ভগবন্ আমি নিয়তই আপনার শুশ্রেষা করিতেছি ; আপনি যখন আমারে অস্ত্রধারণের উপযুক্ত পাত্র বোধ করিবেন, দেই সময়ই আম'রে উহা প্রদান করিবেন। এই বলিয়া যমদগ্রিনন্দন তপোকুষ্ঠান, ইন্দ্রিয়-নিঞা নিয়ম, পূজা, উপহার, বলি, মন্ত্র ও হোম দ্বারা বহু বৎসর শঙ্করের সারাধন। করিতে লাগিলেন। তখন ভগবান শঙ্কর মহাত্মা ভার্গবের প্রতি প্রদান হইয়া দেবী পার্বভার দলিধানে কহিলেন, প্রিয়ে ! দুঢ়ব্রভ পরায়ণ রাম আমার প্রতি অতিমাত্র ভক্তি প্রদর্শন ক্রিয়া থাকে। ভগবান্ উমাপতি পার্বিতীকে এইরূপ বলিয়া দেবগণ ও পিতৃগণ সমক্ষে বারংবার জামদয়্যের শুণগরিমার পরিচয় প্রদান করিতে লাগিলেন।

হে মদ্রেরাজ ! ঐ সময় মহাবল পরাক্রান্ত অন্তরগণ মোহ ও গর্বপ্রভাবে দেবগণকে নিপাড়িত করিতে প্রবৃত্ত হইল। স্থরগণ মিলিত ও তাহাদিগের সংহারে কৃতনিশ্চয় হইয়া অসামাত্ত যত্ন করিতে লাগিলেন; কিন্তু উহাদিগুকে কিছুতেই পরাজয় করিতে দমর্থ হইলেন না। তথন তাহারা ভগবান্ ক্লুতের সমিধানে সম্পন্থিত হইয়া ভক্তিপ্রভাবে তাহারে প্রসন্ধ করিয়া কহিলেন, হে ভগবন্! আপুনি আমাদিগের বিপক্ষগণকে সংহার করুন। ক্লুটেবে দেবগণের বাক্য প্রবণে তাহাদের সমক্ষে বিপক্ষ সংহারে অঙ্গীকার করিয়া রামকে আহ্বানপূর্বক কহিলেন, হে রাম! তুমি লোকের হিত ও

কহিলেন, হে দেঁবেশ! গামি গশিক্ষিতান্ত্র স্তরাং শিক্ষিতান্ত্র স্কহর্মন मानवृत्तनरक मनन कतिएंड कितारा मगर्थ इडेव ? त्राम कहिरतन, ए ताम ! আমি কহিভেছি, ভুমি স্রশক্ত অস্বগণকে সংহার করিতে সমর্থ হইবে। একণে আমার আদেশানুসাবে যুদ্ধার্থ গমন কর। তুমি উহাদিণকে পরা-জ্য ক্রিলে অসামান্ত গুণগ্রাম প্রাপ্ত হইবে। তথন রাম রুদ্রদেবের বাক্যে স্বীকার করিয়া সংগ্রামার্থ বলমনমত্ত দানবগণ সন্নিধানে গমনপর্মক কহি-লেন, হে দৈত্যগণ। দেবাদিদেব মহাদেব তোমাদিগকে পরাজ্য় ক্রিবার নিমিত্ত আমারে প্রেরণ করিয়াছেন। এক্ষণে তোমধা আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হও। দৈত্যগণ বামেব বাকা প্রবণমাত্র সংগ্রাম আরম্ভ করিল। মহাবীর রামও অশুনিসমস্পর্শ অস্ত্র দার। অবিলম্বে তাহাদিগকে সংহার করিয়া ফেলিলেন। অনন্তব তিনি অস্তরাস্ত্রে ক্ষতবিক্ষত কলেবর হইথা রুদ্রেদেবের সমিধানে গমন কবিলে মহাদেব করস্পর্শ দ্বারা তৎক্ষণাৎ তাঙারে ব্রণশূত্র করিয়। প্রাতমনে বহু।বধ বর প্রদানপূবক কহিলেন, হে রাম। ভূমি অনব্যত নিপতিত গ্রহান্ত্র সমুদাণ দহ্য কবিষা মনুবাগণের গ্রহার ক শ্বৰ অনুষ্ঠান কাৰ্যাভ। একণে ত্ৰান আমাৰ নিকট আভশ্যিত দেব্যাস্ত্ৰ সমুদাধ গ্রহণ কর।

অনন্তর রাম কদ্রদেবের প্রদাদে অভিলম্ভি বর ও দিব্যান্ত্র সমুদায় গ্রহণপূর্বেক তাঁহারে নমস্কার করিয়া তাহার আদেশানুসারে সন্থানে প্রশ্বান
করিলেন। হে মদ্ররাজ। মহিষি আমার পিতার নিকট এই পুরার্ত্ত কীর্ত্তন
করিয়াছিলেন। সেই ভৃগুবংশাবতংস মহাবীর পবশুরাম প্লীতমনে কর্ণকে
দিব্য ধনুর্বেদে দীক্ষিত করেন। যদি কর্ণের কিছুমাত্র দোষ থাকিত,
তাহা হইলে মহিষি রাম তাঁহারে কদাচ দিব্যান্ত্রজাল প্রদান করিতেন না।
এই নিমিত্ত আমি কর্ণকে সূত্রকলোংপন্ন বলিখা বিবেচনা করি না। আমার
মতে উনি ক্রেয়েকুলপ্রসূত দেবকুমাব এবং মহৎ গোত্র সম্পন্ন; উনি
কথনই সূত্রকুল সন্তুত্র নহেন। যেনন মুগীর গর্ভে ব্যান্তের উৎপত্তি হওয়া
নিতান্ত্র, অনুত্রব, তদ্রূপে সামান্য নারীর গর্ভে কুণ্ডলালঙ্কত কর্বচধারা দার্ঘ
বাহ্ আদিত্যসন্ধাশ মহারথ পুত্র সমুৎপন্ন হওয়া ক্লাপি সম্ভব্যর নহে।
হে মদ্ররাজ। কর্ণের ভুজয়ুগল করিকর সদৃশ নিতান্ত পান ও বক্ষস্থল অতি

বিশাল; অতএব উনি কদাচ প্রাকৃত মনুষ্য নহেন। উনি মহাবল পরাক্রান্ত রামের শিয়্য ও মহাত্মা।

## ষ্ট্রিংশভূম অধ্যায়।

তুর্ব্যাধন কহিলেন,—হে মদ্ররাজ! সর্বলোক পিতামহ ভগবান্ ত্রেন্ন । এইরূপে রুদ্রদেবের সারথ্য স্থীকার করিয়াছিলেন। ফলত রথী অপেক্ষা সমধিক বলশালী ব্যক্তিরে সার্থি করা কর্ত্তব্য। অতএব হে পুরুষ্থেষ্ঠে! আপনি রণস্থলে সূতপুজের তুরঙ্গমগণকে সংযত করুন। ত্রন্ধা মহাদেব অপেক্ষা অধিক বীর্যান্তপান বলিয়া দেবগণ যেমন বিধাতারে শঙ্করের সার্থি করিয়াছিলেন, তদ্রপ আপনি কর্ণ অপেক্ষা বলশালী বলিয়া আমরা আপনারে সূতপুজের সার্থ্যে নিয়োগ করিতেছি।

মদ্রাজ কহিলেন, হে মহারাজ! যেরপে পিতামহ ব্রহ্মা রুদ্রদেবের দারথ্যকার্য্য করিয়াছিলেন এবং যেরপে ভ্গবান্ ভূতভাবন এক বাণে অস্ত্রগণ দংহার করিয়াছিলেন, দেই অমাসুষিক দিব্য উপাথ্যান অনেক বার আমার প্রবণলোচর হইয়াছে। ভূত ভবিষ্যংবেতা মহাত্মা হৃষিকেশও এ রুত্তান্ত আমুপুর্বিক অবগত আছেন এবং ইহা অবগত হইয়াই বিধাতা যেমন রুষভ্ধরের দারণ্য স্বীকার করিয়াছিলেন, তদ্রেপ তিনি অর্জ্ত্বনের দারণ্য স্বীকার করিয়াছেলেন, তদ্রেপ তিনি অর্জ্ত্বনের দারণ্য স্বীকার করিয়াছেন। যদি সূতপুত্র কোন ক্রমে অর্জ্ত্বনকে নিহত করিতে দমর্থ হয়, তাহা হইলে কেশব স্বয়ং শহা, চক্র ও গদা ধারণপূর্বক তোমার শৈষ্য-শ্বন্ধক উন্মূলিত করিবেন। বাস্থদেব ক্রুদ্ধ হইলে কৌরব দৈয়ামধ্যে অবস্থান করে, কাহার সাধ্য ।

সঞ্জয় কহিলেন, হে মহারাজ! মদ্রোজ এইরপে কহিলে আপনার পু্জ্র মহাবাছ তুর্য্যোধন অকাতরে তাঁহারে কহিলেন, হে মাতুল! আপনি অন্ত্র্রুণ বিদ্যাগণ্য দুর্ব্ব শস্ত্রবিশারদ কর্ণকৈ গ্রবজ্ঞা করিবেন না। যাঁহার ভীষণ জ্যানির্যোদ শব্দ পাণ্ডবদৈন্তের কর্ণকুহরে প্রবিষ্ট হইলে তাহারা দশ দিকে পলায়ন করে; মায়াবা রাক্ষদ, ঘটোৎকচ আপনারই দমক্ষে রাজিকালে. যাঁহার আ্যাপ্রভাবে নিহত ইয়াছে; মহাবার অর্জ্রন নিতান্ত ভাত হইয়া এত দিন যাঁহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হয় নাই; যে মহারথ, মহাবল পরাক্ষান্ত ব্রকোদরকৈ কাম্মুক্রোটি দারা সঞ্চালিত করিয়া বার্মবার মূঢ় ও.

ওদরিক বলিয়া ভহদনা করিয়াছিলেন; যিনি যাদ্রীতনয় নকুল ও সহদেবকে পরাজয় করিয়া কোন গুঢ় কারণ বশত বিনাশ করেন নাই; যিনি রুষ্ণি-প্রবীর সাত্রকিরে বলপূর্বক পরাজিত ও রথ বিহান করিয়াছিলেন; যিনি ঁহাস্তর্যুখে ধুউত্যুদ্ধ প্রভৃতি পাঞ্চল ও স্প্তমুগণকে বারংবার প্রাক্ষয় করেন এবং যিনি দমেরে রে'ষপরবশ হঁইয়া বজ্রধর পুরন্দরকেও সংহার করিতে পারেন, পাওবেরা কিরুপে দেই মহাবীর কর্ণকে পরাক্ষয়" করিত সমর্থ হইবে। হে মদ্ররাজ! আপনি দকল বিদ্যা ও অক্তে প্রারদর্শী; এই পৃথিবা মধ্যে আধনার ভুল্য ভুজবার্য্য সম্পন্ন আর কেহ্ই নাই। আপনার পরাক্রম নিতান্ত তঃসহ এবং আপনি শক্রগণের শল্যস্বরূপ ; এই নিমিত্রই লোকে আপনারে শল্য বলিয়া আহ্বান করিয়া থাকে। সাত্তগণ আপনার ভুজবলে পরাজিত হ'ব্যাছিল। আপনার অপেকা বাস্থদেব কি বলশালী? হে মহাবীর। মহাবল পরাক্রাস্ত ধনঞ্জয় নিহত হ্রুলে বাস্তদেব যেমন পাণ্ডব रेमच तक। कतिरव, जन्म वर्ग करनवत श्रीतज्ञां कतिरनं वाशनारतह रकोतव रिम्छ तका कतिएक इकेटव । वाक्रास्त्र हा शामारमत रेमना मकन निवातन করিবে, আর আপনি যে উহাদিগের দৈত্য সংহার করিতে সমর্থ হইবেন না, এ কথা নিতান্ত অসম্ভব। তে মদ্ররাজ ! আমি আপনার নিমিত্ত মৃত সহোদর ও মঠীপালগণের পদবাতেও পদার্পণ করিতে প্রস্তুত আছি।

তথন শল্য কহিলেন, মহারাজ ! তুমি দৈলগণের সমক্ষে আমারে যে বাহ্মদেব অপেক্ষা উৎকৃষ্ট বলিয়া কার্ত্তন করিলে, ইহাতেই আমি তোমার প্রতি প্রতি ও প্রদম হইয়াছি। এক্ষণে আমি তোমারই অভিলাধানুসারে ধনপ্রয়ের সহিত সংগ্রামার্থ সমুদ্যত সূতপুত্রের সাবথা স্বাকার করিতেছি; কিন্তু কর্ণের সহিত আমার এই একটি নিয়ম নিদ্দিন্ট রহিল যে, আমি উহারই সমক্ষে স্বেচ্ছানুসারে বাক্য প্রযোগ করিব। অনন্তর রাজা তুর্য্যোধন কর্ণের সহিত্ত ক্ষত্রিয়গণ সমক্ষে শল্যের বাক্যে স্বীকার কবিলেন।

হে মহারাজ। এইরপে মদ্রোজ কর্নের সারখ্য স্বীকার করিলে রাজা হুর্য্যোধন একান্ত আশ্বাসিত হইরা হুন্টমনে সূতপুত্রকে আলিঙ্গনপূর্বক পুনরায় কহিলেন, হে মহাবীর! পূর্বে স্থারাজ যেমন অস্ত্র সংহার করিয়া-ছিলেন, তদ্র্প তুমি এক্ষণে পাশুব বিনাশে প্রবৃত্ত হও। তথন মহাবীর কর্ণ পুলকিত মনে ছর্ষ্যোধনকে সম্বোধনপূর্বক কহিলেন, হে মহারাজ ।

মদ্রাজ অনতিহাই মনে অখের প্রগ্রহ গ্রহণে অঙ্গাকার করিতেছেন; অতথব
তুমি পুনরায় মধুর বাক্যে উহারে প্রসন্ধ কর। রাজা প্র্রেয়াধন কর্ণের বাক্য

শ্রবণে মেঘ গর্জনের ভায় স্মিগ্ধগন্তীর বাক্যে দিঘ্ণুল পরিপূর্ণ করিয়া শল্যকে
কহিলেন, হে মদ্রাজ! মহাবার কর্গু অদ্য ধনপ্রয়ের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইবেন বলিয়া অধ্যবসায় করিয়াছেন; অতএব আপ্রনি এক্ষণে তাঁহার সার্থ্য
স্বীকার কর্কন। তিনি অন্যান্ত বীরগণকে বিনাশপূর্বক অর্জনকে সংহার
করিবেন, এই নিমিত্ত আমি আপনারে তাঁহার সার্থ্য গ্রহণ করিতে বারংবার
অনুরোধ করিতেছি। এক্ষণে বাস্থদের যেমন অর্জ্নের সার্থি হইয়াছেন, তদ্রাপ
আপনিত্ব কর্ণের সার্থি হইয়া তাঁহারে সকল বিপদ্ হইতে রক্ষা কর্কন।

তখন मामताज ताज। प्रार्थि। धनरक जानित्रनपूर्वक कहिरनन, (१ প্রিয়দর্শন! তুমি যদি এইরূপই নিশ্চয় করিয়া থাক, তাহা হইলে আমি তোমার সমস্ত প্রিয়ঁকার্য্যের অনুষ্ঠান করিব। আমি তোমার যে যে কার্য্যের উপযুক্ত, প্রাণপণে দেই সমস্ত কার্য্যভার বহন করিতে সম্মত আছি.; কিন্তু আমি হিত বাসনা পরবঁশ হইয়া কর্ণকৈ প্রিয় বা অপ্রিয়ই হউক, যা কিছু বলিব, তৎসমুদায় কর্ণকৈ ও তোমারে ক্ষমা করিতে হইবে। 'তথন কর্ণ ক্রহিলেন, হে মদ্ররাজ! ব্রহ্মা যেমন রুদ্রদেবের মঙ্গল চিন্তা করিয়াছিলেন এবং বাস্থদেব যেমন ধনঞ্জয়ের শুভানুধ্যান করেন, তক্রপ -<del>মা</del>পনিও নিরন্তর আমার শুভ চিন্তা করুন। শল্য কহিলেন, হে কর্ব<u>।</u> আত্মনিন্দা ও আত্মপ্রশংসা এবং পরনিন্দা ও পরের স্ততিবাদ এই চারিটি শাধু লোকের নিভান্ত অনভ্যস্ত। কিন্তু আমি ভোমার মনে বিশ্বাস উৎ-পাদনের নিমিত্ত যা কিছু আত্ম প্রশংসা করিতেছি, তুমি তাহা প্রবণ কর। আমি অবধানতা, অ্খাচালন, ভবিষ্যৎ দোষের অবৈক্ষণ, দোষ পরিহার জ্ঞান ও দোষ পরিহার সামর্থ্য এই কয়েকটি গুণে মাতলির ভায় স্থররাজ ইল্রেরও সার্থ্য ্কার্য্যে সম্যক্ উপযুক্ত হইতে পারি; অতএব একণে তুমি নিশ্চন্ত হও। তুমি ধনঞ্জয়ের সহিত যুদ্ধে প্রবৃত হইলে আমিই তোমার অস্ব সঞ্চালন করিব ।

সপ্তত্তিংশত্তম অধ্যার।

ছर्स्याधनं केहिलन,—हरू कर्ग! अई मस्त्राक भना वर्ष्यूम मौत्रवि कृष्य.

'র্থপেকাও উৎকৃষ্ট। ইনি তোমার সারথ্য কার্য্য করিবেন। মাতলি যেমন ইন্দের অশ্বযুক্তরেথ পরিচালন করেন, তদ্ধপে অন্ত এই মহাত্মা শল্য তোমার রথ সঞ্চালনে প্রবৃত্ত হইবেন। তুমি যৌদ্ধা ও মদ্রেরাজ সার্থি হইলে পার্থ-গণ স্থারে প্রাভূত হইবে, সন্দেহ নাই।

সঞ্জয কহিলেন, হে মহারাজ! অনন্তর প্রাতঃকাল হইলে তুর্য্যোধন পুনরায় মহাবল পরাক্রান্ত শল্যকে কহিলেন, হে মদ্ররাজ ৷ আপুনি সংগ্রামে কর্ণের স্থান্দিত অখ সকলকে পরিচালিত করুন। আপনি দক্ষিত হইলে সূতপুত্র ধনঞ্জয়কে অবশ্যই পরাজিত করিতে পারিবেন। তথন মদ্ররাজ ছুর্যোধনের বাক্য ভাবণে তথাস্ত বলিয়া কর্ণের রথে আরোচণ করিলেন। শল্য সার্থি হইলে কর্ণ স্থান্তর চিত্তে তাঁহারে ক্তিলেন, হে সার্থে ! তুমি শ্বিলম্বে আমার রথ স্থদক্ষিত কর। তথন মদ্রবাজ জয় হউক বলিয়া কর্ণের দেই গন্ধৰ্বনগৱোপম শ্ৰেষ্ঠ রথ সস্থিজত কার্য়া ভাগার নিকট আন্যুন করিলেন। ঐ রথ পূর্বাকালে বেদবিৎ পুরোহিত কর্ত্ত্ সংস্কৃত হইয়াছে। মহারথ কর্ণ সেই রথকে যথাবিদি পূজা ও প্রদক্ষিণ করিয়া ভগবান্ ভাক্ষরের উপাসনা সমাধানপূর্বক সমীপন্থ মদ্ররাজকে রথারোছণে আদেশ করি-লেন। মহাতেজা শল্য কর্ণের আদেশানুসারে সিংহ যেমন পর্বতে আরো-হণ করে, তদ্রপ কর্ণের সেই প্রধান রথে সমারত হইলেন ৷ তখন মহারীর হ্যর্প শল্যকে রথারাঢ় দেখিয়া সম্বরে স্থান্দনে আরোহণপ্রবাক বিচ্চাৎ সম্ব-িশ্ত নীরদমধ্যক্ত দিনকরের স্থায় শোভা ধারণ করিলেন। এইরূপে এই ারদ্বয় এক রথে অধিরত় হইলে তাঁহাদিগকে আকাশ পরেথ মেঘ সন্মিলত ৃষ্য ও অনলের ন্যায় বোধ হইতে লাগিল। অনন্তর যজ্ঞছলে ঋত্বিকৃগণ ধেমন ইন্দ্র ও অগ্নির স্তব করে, তক্রপে বন্দিগণ সেই বীরদ্বয়কে স্তব করিতে আরম্ভ করিল। তথন শরনিকরধারা পুরুষব্যান্ত কর্ণ দেই মহার্থে আরো-হ'ণপূর্বক শরাসন বিক্ষারণ করত মগুলান্তর্গত মন্দর ভূধরস্থ দিবাকরের নায় শোভা পাইতে লাগিলেন।

ত্বন্তর ছর্ব্যোধন সেই সমরোদ্যত মহাবাহু সূতপুত্রকে কহিলেন, হে ফর্ব! মহাবীর ভীম্মদেব ও জোণাচার্য্য সমরে যে কর্মা করিতে পারেন নাই, একণে তুমি সমস্ত ধ্যুদ্ধরগণের সমক্ষে সেই ছুক্ষর কর্মা সম্পাদন ক্রা

আমি মনে করিরাছিলাম, ভীমা ও মোণ নিশ্চরই অর্জ্বন ও ভীমদেনকে নিপাতিত করিবেন; কিন্তু তাঁহারা তাহা করেন নাই। অতঞ্ব তুমি একণে
বিতার বজ্রপাণির ভার বিক্রম প্রকাশপূর্বক ধর্মরাজকে গ্রহণ অথবা ধনপ্রের,
ভীমদেন এবং মাদ্রীপুল্ল নকুল ও দহদেবকে সংহার কর। হে দূতনন্দন!
তোমার জয় ও মঙ্গল লাভ হউক, তুমি যুদ্ধে গমনপূর্বক পাণ্ডব দেনাগণকে
ভিশ্বীভূত করঁ।

হে নহারাজ ! অনন্তর মেঘনিস্বনের ন্থায় সহত্র সহত্র তুর্য্য ও অযুত অযুত ভেরার ঘোরতর শব্দ হইতে লাগিল। রথায়ঢ় মহারথ কর্ণ তুর্য্যোধন বাক্যে অঙ্গাকার করিয়া যুদ্ধবিশারদ শল্যকে কহিলেন, হে মহাবাহে। ! একণে অশ্ব চালন কর। আমি অচিরাৎ ধনপ্রয়, ভীমদেন, নকুল, সহদেব ও রাজা যুধিসিরকে সংহার করিব। আমি সহত্র সহত্র শর নিক্ষেপে প্রস্তুত্ত ইতেছি; ধনপ্রয় আমার বাহুবল দর্শন করক। অদ্য আমি পাশুব বিনাশ ও তুর্য্যোধনের জয় লাভের নিমিত্ত স্থৃতীক্ষ্ণ শ্রজাল বর্ষণ করিব।

শল্য কর্ণের বাক্য প্রবণ করিয়া কহিলেন, হে স্তপুক্র! সাক্ষাৎ শত্রক্রন্ত থাহাদের ভয়ে ভীত ইয়া থাকেন, তুমি সেই সর্বাস্ত্রজ্ঞ মহাধসুর্দ্ধর
মহাবল পাণ্ডবগণকে কি সাহসে অবজ্ঞা করিতেছ ? সেই মহাবীরগণ
কদাপি সমরে প্রতিনির্ভ বা পরাজিত হইবেন না। যথন শুনিবে, সংগ্রামস্থলে ধনপ্রয়ের অশনিনির্ঘাষ সদৃশ ভীষণ গাণ্ডীব নিম্ন হইতেছে এবং
বর্ষন দেখিবে, ভীমসেন কোরবপক্ষীয় কুঞ্জরগণকে বিশার্ণিস্ত ও নিহত
করিতেছেন; ধর্মপুক্র যুধিষ্ঠির নকুল সহদেব সমভিব্যাহারে নিশিত শরনিকরে নভোমগুলকে ঘনঘটা সমাচ্ছন্দের আয় করিয়াছেন ও অত্যাত্ম লম্ম্ হস্ত
হরাসদ পার্ধিবগণ শক্রগণের প্রতি অনবরত শর বর্ষণ করিতেছেন, তথন আর
এরূপ কথা মুখে আনিবে না। হে মহারাজ! তথন কর্ণ মন্তরাজের বাক্যে
সনাদর প্রদর্শনপূর্বক ভাঁহারে রথ চালন করিতে আদেশ করিলেন।

## 'অষ্টত্রিংশ**ন্ত**ম অধ্যায়।

র্ষ্টে মহারাজ। ঐ সমগ্ন কৌরবগণ মহাগ্রন্থারির কর্ণকে যুদ্ধার্থ প্রস্তুত অবলোকন করিয়া হুন্টচিত্তে চারিদিক্ হইতে চীংকার করিতে লাগিলেন। ছন্দুভি, ভেরী প্রভৃতি বিবিধ বাদ্যধ্বনি, নানাপ্রকার বাণ শব্দ এবং অশ্ব

ইস্তা প্রস্তুত্তর ভাষণ গর্জ্জন হইতে আরম্ভ হইল। কোরব দৈয়াগণ জাবিত নিরপেক্ষ হইয়া যুদ্ধে গমন করিল। মহাবীর কর্ণ সংগ্রামে যাত্রা করিলে যোধগণের আফ্লাদের পরিদীমা রহিল না। ঐ দময় বস্থারা কল্পিত হইয়া বিকৃত শব্দ করিতে লাগিল। দুর্য্য হইতে দাত মহার্গ্রহকে নির্গত হইতে লক্ষিত হইল। উদ্ধাপাত, দিগদাহ, বৈনা মেঘে বজ্ঞাঘাত ও প্রচিত্তবেগে বায়ু বহন হইতে লাগিল। তুর্নিমিন্তদ্যোতক অদংখ্যু মুগ ও পক্ষিণণ দৈয়ালগণের বামভাগে অবস্থান করিল। কর্ণের অশ্বগণ গমন কালে বারংবার স্থালতিপদ হইতে লাগিল। অন্তরাক্ষ হইতে র্ভয়ানক অস্থি বর্ষণ আরম্ভ হইল। অস্ত্র দকল প্রজ্বলিত, ধ্বজনিচয় কম্পিত এবং বাহনগণের অশ্বেধারা অনবরত বিগলিত হইতে লাগিল। হে মহারাজ! কৌরব দৈয়াগণের বিনাশের নিমিন্ত এবন্ধিও অন্যান্য নানাপ্রকার ভয়াবহ উৎপাত দকল উপস্থিত হইল। তৎকালে দৈব ভুর্বিপাক বশত মুগ্ধ হইয়। কেই দেই তুর্নিমিত্ত দকল লক্ষ্য করিল না। নরপতিগণ যুদ্ধার্থ প্রস্থিত সূত্রপুক্রকে জয় হউক বলিয়া উৎদাহিত করিতে লাগিলেন এবং কৌরবগণ মনে মনে পাণ্ডকগণকে পরাজিত বলিয়া স্থির করিলেন।

হে মহারাজ! অনন্তর প্রদীপ্ত পাবক তুল্য সূর্য্য সদৃশ শক্রতাপন কর্ণ মহাবীর ভীম্ম ও জোণাচার্য্যকে বিগতবীর্য্য সন্দর্শন করিয়া অর্জ্বনের কার্য্যাতিশয় চিন্তা করত একবারে অভিমান, দর্প ও জোধে প্রজ্বলিত হইয়া দীর্ঘ নিশ্বাস পরিত্যাগপূর্বক শল্যকে কহিলেন, হে মজরাজণ্ড আনি রথারোহণ ও আয়ুধ ধারণ করিলে জোধাবিষ্ট বজ্রপাণি গুরন্দরকে নিরীক্ষণ করিয়াও ভীত হই না। এক্ষণে ভীম্ম প্রভৃতি মহারথগণকে রণশয্যায় শয়ান দেখিয়া আমি কিছুমাত্র অন্থির হইতেছি না। মহেন্দ্র ও বিষ্ণুর সদৃশ অমিত পরাক্রম, অনিন্দিত, রথ, অয় ও করিগণের নিহন্তা, অবধ্যকল্প, মহাবীর ভীম্ম ও জোণকে অরাতিশরে নিহত দেখিয়াও আমার অন্তঃকরণে কিছুমাত্র ভয় সঞ্চার ইইতেছে না। দিব্যান্ত্রবেত্তা দ্বিজ্বর জোণাচার্য্য অসাধারণ বলবীর্য্য সম্পন্ধ অসংখ্য মহীপাল এবং সার্থি, রথী ও কুঞ্জর-দিগকে অরাতিগণ কর্ত্বক নিহত নিরীক্ষণ করিয়া কি নিমিত্ত তাহাদিগকে সংহার করিলেন না ? হে কৌরবগণ ! আমি অর্জ্জ্বনকে সংগ্রামে জ্যেণ্রেরও

সম্মানভাজন অবগত হইয়া সত্য কহিতেছি যে, আমা ভিন্ন অন্য কোন বীরই করাল কুতান্তের ন্যায় সমাগৃত ধনঞ্জয়ের ভুজবীর্য্য সহুয় করিতে সমর্থ হইবে না। মহাবীর দ্রোণ অস্ত্রাভ্যাস, অবধানতা, বাহুবল, ধৈর্য্য e নীতি দৃষ্পদ্দ ছিলেন, যথন দেই মহাত্মা মৃত্যুমুখে নিপতিত হইয়াছেন, তখন আজি আমি দকলকেই আসমমূত্যু বলিয়া বিবেচনা করিতেছি। কর্ম দমুদায় দৈবাঁয়ভা; তলিবন্ধন আমি অনেক অনুসন্ধান করিয়াও এই পৃথিবীর কোন বস্তুরই শহরতা দেখিতেছি না। যথন আচার্য্য নিহত হইয়াছেন, তথন অদ্য সূর্য্যোদয়ে আমি যে জীবিত থাকিব, একথা নিঃসন্দেহরূপে কে বলিতে পারে। হে শল্য! অরাতি হস্তে আচার্য্যের নিধন নিরীক্ষণ করিয়া আমার স্পান্টই বোধ হইতেছে যে, নীতি, দিব্য আয়ুধ, বলবীর্য্য ও কার্য্যকলাপ এই সমস্ত মন্ত্রাের হ্রখোৎপাদনে সমর্থ নহে। দেখ, যিনি বিক্রমে ত্রিবি-ক্রম ও ইন্দের তুলা, নীতি বিষয়ে বৃহস্পতি ও ও ক্রের সদৃশ এবং তেজে হতাশন ও আদিতোর সদৃশু; সেই নিতান্ত তুঃসহবীষ্য জোণাচাৰ্য্য দিব্যান্ত্র প্রভৃতি কোন উপায় দারা রক্ষা পাইলেন না। হে মদ্ররাজ! আমান্তিগর স্ত্রী পুজেরা মুক্ত কণ্ঠে রোদন করিতেছে এবং ধার্ত্তরাষ্ট্রগণের পৌরুবও ব্যর্থ হইয়া গিয়াছে ; এ সময় যুদ্ধ করা কেবল আমারই কাুয়্য ; অত্তাৰ তুমি অবিলম্বে বিপক্ষ দৈন্যমধ্যে আনারে লইয়া যাও। আন। ভিন খার কোন্ ব্যক্তি সত্যপ্রতিজ্ঞ রাজা যুধিষ্ঠির, ভীম, অর্জ্ঞ্ন, নকুল, মহ্দৈব, বাঞ্চিদেব, সাত্যকি এবং স্ঞ্জয়গণের বলবীর্ঘ্য সহ্য করিতে সমর্থ হইবে ৷ শ্তৃএব **হে ম**দ্রোজী! যে স্থানে পাঞ্চাল, পাণ্ডব ও স্ঞ্লুয়গণ অবস্থান করি-তেছে, তুমি অবিলম্বে তথায় রথ লইয়া গমন কর। আজি আমি.হয় তাহ।-मिगरक मःशात, ना इय श्वयः **देशां** श्वमिन्छि भाषी व्यवस्थानभूर्वक यमालारक প্রস্থানু করির। হে শল্য ! আমারেও লেই ভীম্ম প্রভৃতি বীরগণের স্থায় মৃত্যু-মুখে পত্তিক হইতে হইবে; তদ্বিয়ে আর কোন দলেহই নাই; কিন্তু আমি রণস্থল হইতে পলায়ন করিয়া কোন ক্রমেই মিত্রন্তোহ করিতে সমর্থ হইব না १ দেখ, বিঁলানই হউক বা মৃথ ই হউক, আয়ুক্ষয় হইলে মৃত্যুর হত্তে কাহারই পরিত্রাণ নাই; আর অদৃষ্টে যাহা আছে,তাহা অতিক্রম করা কাহারই সাধ্যায়ত্ত নেই। অভএব আমি অবস্থাই সংগ্রামার্থ পাশুবগণ সমিধানে সমন করিব।

ধৃতরাষ্ট্রতনয় মহার!জ প্রর্ব্যোধন নিরন্তর আমার শুভ চিন্তা করিয়া থাকেন, তদিবন্ধন তাঁহার কার্য্য সংসাধনার্থ প্রীতিকর ভোগ ও প্রস্ত্যজ জীবন বিসর্জ্ঞন করা আমার অবশ্য কর্ত্তর। হে শল্য! ভগবান্ রাম আমারে এই ব্যাত্রচর্ম্ম পরির্ঠ, শব্দ হীন চক্রযুক্ত, অবর্ণময় আসন সম্পন্ধ, রজতময় ত্রিবেণু সমলঙ্কত, উৎকৃষ্ট তুরগ সংযোজিত রথ প্রদান করিয়াছেন। আর এই আমার বিচিত্র শরাসন, থবজ, গদা, ভয়য়য় গায়কনিকর, সমুজ্জল অসি এবং ভীষণ নিম্বনসম্পন্ধ শুভ শন্ধ বিদ্যমান রহিয়াছে। আমি এই বিচিত্র শপতাকা সমলঙ্কত অশনি সমনিম্বন শ্বেতাশযুক্ত তুণীরপরিশোভিত রথে আরোহণ করিয়া বল প্রকাশপূর্ব্বক ধনঞ্জয়কে সংহার করিব। যদি সর্বক্ষয়কর মৃত্যু স্বয়ং অপ্রমন্ত হইয়া ধনঞ্জয়কে রক্ষা করেন, তথাপি আমি তাহার সহিত্ত সংগ্রামে প্রস্তুত্ত হয়া হয় তাহারে সংহার, না হয় স্বয়ংই ভীম্মের তায় য়মলোকে গমন করিব। অধিক কি, যদি অহ্য যম, বরুণ, কুবের এবং ইন্দ্রও স্বগণসমভিব্যাহারে ধনঞ্জয়কে রক্ষা করিছে অভিলাষ করেন, তথাচ আমি তাঁহাদিগের সহিত্ত তাহারে পরাজয় করিব।

হে মহারাজ ! মদ্ররাজ শল্য দংগ্রামার্থ একান্ত হুন্ট সূতপুত্রের এইরূপ আত্মাঘা প্রবণগোচর করিয়া তাঁহার বাক্যে উপহাস ও অপ্রজা প্রদর্শন-পূর্বক তাঁহারে প্রতিষেধ করত কহিতে লাগিলেন, হে সূতপুত্র ! হুমি আর্র আত্মাঘা করিও না। তুমি যথার্থ মহাবল পরাক্রান্ত বটে, কিন্তু একণে স্বীয় সামর্থ্য অপেক্ষা অতিরিক্ত বাক্য ব্যয় করিতেছ। ধনপ্রয় পুরুষপ্রধান, আর তুমি পুরুষাধম। তাঁহার সহিত তোমার কোনরূপেই তুলনা হইতে পারে না। দেখ, দেবরাজের আয় বলবার্য্য সম্পন্ন মহাবীর অর্জ্জুন ব্যতি-রেকে আর কোন্ ব্যক্তি স্থররাজ রক্ষিত দেবলোকের আয় বাহ্মদেব প্রতিপালিত হারকাপুরী আলোড়িত করিয়া ক্ষুক্তের কনিষ্ঠা ভগিনী স্থতদারে হরণ এবং ত্রিস্থ্যন বিভূ ভূতভাবন ভগবান্ ভূতনাথকে মুগ্যধ কলহ যুদ্ধে আহ্বান করিতে পারে ? ঐ মহাবীর অগ্নির প্রতি বহুমান প্রদর্শনপূর্বক স্থর, অস্তর, উরগ, নর, গরুড, পিশাচ, যক্ষ ও রাক্ষসগণকে পরাজয় করিয়া তাঁহারে অভিলবিত হবি প্রদান করিয়াছিল। হে কর্ণ ! গন্ধর্বগণ কৌরবগণ সমক্ষেক্সহিয়া ধ্রুবান্ত্রপুক্রাদিগকে হরণ ও তুমি সর্ব্বাত্রে পলায়ন করিলে মহাবীর

অর্জ্জন যে সূর্য্যের করজাল সদৃশ শরজাল দারা গন্ধবিদিগকে পরাজয় করিয়া তাহাদের হস্ত হইতে দুর্য্যোধন প্রভৃতি বীরবর্গকে মোচন করিয়াছিল, ইহা কি একণে তোমার স্মৃতিপথে উদয় হয় ? ঐ মহাবীর গোগ্রহ যুদ্ধে বল-বাহনসম্পন্ন দোণ, অশ্বস্থামা ও ভীম্ম প্রভৃতি বীরগণকে পরাজয় করিরীছিল ; তৎকালে তুমি কি তাহারে জয় করিতে সমর্থ হইয়াছিলে ? বিহ সূতপুত্র ! একণে তোমার বধ সাধনের নিমিত্ত এই একটি যুদ্ধ উপস্থিত হইয়াছে । যদি তুমি আন্ত শক্রভ্যে পলায়ন না করিয়া সমরে গমন কর, তাহা হইলে নিঃসন্দেহ বিন্ফ হইবে।

মদ্রাজ শল্য একাগ্রচিত্তে কুর্ণের প্রতি অর্জ্ঞ্নের স্থাতিবাদ সহক্ষত অতি কঠোর বাক্য প্রয়োগ করিলে কোরব সেনাপতি সূতপুত্র সাতিশয় রোষাবিষ্ট হইয়া কহিলেন, হে শল্য ! তুমি কি নিমিত্ত অর্জ্ঞ্নের প্লাঘা করিত্ত । অদ্য অর্জ্ঞ্নের সহিত আমার যুদ্ধ উপস্থিত হইয়াছে; যদি সে আমারে পরাজয় করিতে পারে, তাহং হইলে তোমার এই শ্লাঘা সফল হইষে। মহাত্মা শল্য কর্ণের বাক্য প্রবণ করিয়া তাহাই হউক বলিয়া নিরস্ত হইলেন। তথন মহাবীর কর্ণ যুদ্ধার্থ শল্যকে অশ্ব চালন করিতে কহিলেন। হে মহারাজ! অনস্তর কর্ণের সেই শ্বেতাশ্ব সংযোজিত রথ শল্য কর্ত্বক পরিচালিত হইয়া দিবাকর যেমন অন্ধকার বিনাশ করত সমুদিত হন, তদ্ধাপ শত্রু সংহার করত ধাবমান হইল।

## একোনচত্বারিং**শত্তম অ**ধ্যায়।

হে মহারাজ! তথন মহাবীর কর্ণ পরম প্রীত হইয়া সেই ব্যান্তচর্মার্ত রথে আরোহণ ও পাগুবলৈন্যমধ্যে গমন করত আপনার দৈশুগৃণকে আহলাদিত করিয়া পাগুবপক্ষীয় দৈন্যগণকে একাধিক্রমে জিজ্ঞাসা করিতে লাগিলেন, হে রীরগণ! আজি তোমাদিগের মধ্যে যিনি আমারে মহাত্মা ধনপ্রয়কে দেখাইয়া দিবেন, তিনি যাহ। প্রার্থনা করিবেন, আমি জাঁহারে তাহাই প্রদান করিব। যদি তিনি প্রাপ্ত হইয়াও সন্তুষ্ট্ না হন, তাহা হইলে তাহারৈ শক্টপূর্ণ রত্ম প্রদান করিব। যদি তিনি তাহাতেও আহলাদিত না হন, তাহা হইলে কাংস্থানির্মিত দোহনপাত্র সমবেত একশত জ্ক্ষবতী গাভী, প্রকশত গ্রাম এবং অক্ষতরীযুক্ত হকেশী যুবতিগণ সমবেত ষ্টেবরণ রথ

প্রদান করিব। যদি তাহাতেও তাঁহার সম্ভোষ না জন্মে, তাহা হইলে তাঁহারে ছয় শাতক সংযোজিত স্বর্ণনিশ্মিত রখ ও নিক্ষকণ্ঠ গীতবাভাদিনিপুন অজাত-পুত্র এক শত কামিনী প্রদান করিব। ঘদি তাহাও তাঁহার সভোষকর না হ্য, তাহা হইলে এক শত কুঞ্জর, এক শত গ্রাম, এক শত স্থবর্ণ রথ, গুণর্দ্ধ স্থশিক্ষিত দশ সহত্র অধ এব . স্বর্ণশৃঙ্গযুক্ত চারি শত সবংস। ধেতু প্রদান করিব। যদি ভাহাতেও তাঁখার প্রীতি না জন্মে; ভাহা হইলে তাঁহারে স্থবর্ণমণ্ডিত, মণিময় ভূষণধারী শ্বেতবর্ণ স্থদন্ত যুক্ত এফাদেশবিধ পঞ্চশত অশ্ব এবং কাম্বোজদেশীয় অশ্বযুক্ত ও স্থন্দর ভূষ্ণ বিভূষিত কনক-ময় রথ প্রদান করিব। যদি তাহাতেও তিনি দল্পন্ত না হন, তাহা হইলে তাঁহারে স্বর্ণ ভূষণবিভূষিত, পশ্চিম দেশ সম্ভূত স্থান্দিত ছয় শত হস্তী প্রদান করিব। যদি তাহাতেও তাঁহার সভ্তোষ না জন্মে, তাহা -হইলে মগধ-দেশ সম্ভূত এক শত নরযৌবনসম্পর। নিক্ষকণ্ঠী দাসাঁ ও প্রভূত ধন-শালী, ভয়শূতা, নদী ও বৰের স্মীপবভী, রাঙ্গভোগ্য চতুর্দশ বৈশ্যপ্রাম প্রদান করিব। যদি ইহাতেও তিনি সন্তুষ্ট না হন, তাহা হইলে তিনি জামার পুত্র, কলত্র ও বিহার সামগ্রা সমুদায়ের মধ্যে যাহা প্রার্থনা করিবেন, আমি তাঁহারে তাহাই অর্পণ করিব এবং পরিশেষে ক্লফ্ক ও ধনঞ্জয়কে বিনাশ করিয়া তাহাদিগের যে দমস্ত অর্থ।কিবে, তৎসমুদায়ই তাঁহারে প্রদান করিব।

'হে মহারাজ। মহাবার কর্ণ বারংবার এইরূপ বাক্য উচ্চারণ করিয়া সাগ্রসমূত হয়র শন্ধ প্রশ্নাপিত করিতে লাগিলেন। মহাবীর তুর্য্যোধন নৃতপুত্তের দেই সকল বাক্য প্রবণ করিয়া ছাউচিত্তে তাঁহার অতুগাগী হল্লেন। তথন আপনার সৈন্যমধ্যে সিংহনাদ মিপ্রিত রংহিত ধ্বনি এবং তুল্লুভি ও মৃদ্দের নিম্বন সম্পিত হইল। হে মহারাজ! এইরূপে আপনার সৈন্যগণ একান্ত আহলাদিত হইলে মন্তরাজ শল্য রণচারা আত্মশ্রাঘানিরত মহারথ নৃতপুত্তেকে সম্বোধনপূর্বিক হাস্ত করত কহিতে লাগিলেন।

## চত্বারিংশত্তম অধ্যায়। 🕫

হৈ সূতপুত্র ! তোমারে ছয় হস্তীসংযোজিত স্থবর্ণময় রথ প্রস্তৃতি ,কিছুই প্রদান করিতে হইবে না। তুমি বালকত্ব প্রযুক্ত কুবেরের ভায় ধন দানে প্রবৃত্ত হইয়াছ। অদ্য অনায়াসেই ধনঞ্জয়কে দেখিতে পাইবে। তুমি অভি

মজ্ঞানের ন্যায় প্রভূত ধন দান করিতে ইচ্ছা করিতেছ কিন্তু অপাত্তে দান করিলে যে সুমস্ত দোষ জন্মে, মোহবশত তাহা বুঝিতে পারিতেছ ন।। তুমি যে সমস্ত ধন রুখা ব্যয় করিতে উদ্যুত হইয়াছ, তদ্ধারা বিবিধ যতে স্থসম্পন করিতে পার। আর তুমি অজ্ঞানত। প্রযুক্ত কৃষ্ণ ও অর্জ্ঞ্নকে বিনাশ করিতে বাদনা করিতেছ, উহা নিতান্ত অসম্ভব । শৃগাল সংগ্রামে সিংহ্দয়কে নিপা-তিত করিয়াঁছে;ইহ। কলাপি আমাদিগৈর কর্ণগোচর হয় নাই। তোমার স্থায় ক্ষুদ্র ব্যক্তির যাহা অভিলাষ করিবার নহে, তুমি তাহাই অভিলাষ করিতেছ। তোমার কি এমন কোন বন্ধু নাই যে, এ সময়ে তোমারে হুতাশনে পতনোমুখ দেখিয়া নিবারণ করে ? ভুমি কার্য্যকার্য্য বিবেচনা করিতে সমর্থ হইতেছ না ; অতএব নিশ্চয়ই বোধ হইতেছে যে, তোমার কাল পূর্ণ হইয়াছে। কোন জিজীবিষু ব্যক্তি অসম্বন্ধ অশ্রোতব্য বাক্য প্রয়োগ করিয়া থাকে। ভূমি যাহা বাদনা করিতেছ, উহা কঠে মহাশিলা বন্ধনপূর্বক বাত্ত্বর দারা দমুদ্র সম্ভরণ ও গিরিশৃঙ্গ হইতে পতনের ভায় নিতান্ত অনর্থকর। এক্ষণে যদি ভূমি মাপনার সঙ্গল প্রার্থন। কর, তাহা হইলে ব্যহিত যোদ্ধা ও দেনাগণকর্ত্ত্ রক্ষিত ইইয়া ধনঞ্যের সহিত যুদ্ধে প্রবৃত হও। আমি তোমার প্রতি দ্বেষ করিতেছি না, দুর্য্যোধনের হিত্যাধনার্থই এইরূপ কহিতেছি। এক্ষণে যদি ভোমার জীবিত থাকিবার বাদনা থাকে, তাহা হইলে আমার বাক্যে আছা প্রদর্শন কর।

কর্ণ কহিলেন, হে শল্য ! আমি স্বীয় বাহুবল প্রভাবে অর্জুনের সহিত্ সংগ্রাম করিতে বাসনা করিতেছি। তুমি মিত্রতাপূর্বক শক্তভাচরণ করিয়া আমারে ভীত করিতে অভিলাষা হইয়াছ। যাহ। হুট্ক, একণে মকুষ্যের কথা দূরে থাকুক, অন্ত ইন্দ্র আমারে এই অভিপায় হইতে নির্ভ করিতে পারিবেন না।

ন্থান সংগ্রার মদেশর শল্য কর্ণের বাক্য প্রবণপূর্বক ভাঁহারে পুনর্বার প্রকোপিত করিবার নিমিত্ত কহিলেন, হে সূতপুত্র ! যথন অর্জুনের জ্যানিইস্ত বেগবান্ নিশিতাগ্র শরজাল তোমার অর্গ্রমন করিবে, যথন সব্যসাচী দিব্য শরাসন গ্রহণপূর্বক কৌরবসেন। তাপিত করত নিশিত শরনিকরে তোমারে নিপাড়িত করিবে, সেই সময় তোমারে অসুতাপ

করিতে ছইবে। বালক যেমন জননীর ক্রোড়ে শরান হইরা চক্ত গ্রহণ করিতে বাদনা করে, তজ্ঞপ ভূমি মোহবশত অন্য দেদীপ্যমান রথম্থ অৰ্জ্ঞনকে জর করিতে প্রার্থনা করিতেছ। হে মুট্ । খদ্য অৰ্জ্বনের সহিত যুদ্ধ করিতে° অভিলাষ করাতে তীক্ষ্ণার ত্রিপূলে তোমার সর্বাঙ্গ ঘর্ষিত কর। हरेटिहा की शकी वी कृत प्रभगंवक (यमन (तायाविक द्रहर निःहटक যুদ্ধার্থে আহ্বান করে, তদ্রেপ ভূমি অদ্য অর্জ্বনকে আহ্বান করিতেছ। অরণ্যে মাংসতৃপ্ত শৃগাল যেমন সিংহের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া বিনফী-হয়, তজ্ঞপ তুমি মহাবল পরাক্রান্ত রাজপুত্র ধর্মঞ্জয়েক আহ্বান করিয়। বিনক্ট হইও না। হে কর্ণ তুমি শশক হইয়া প্রভিন্নগণ্ড, বিশাল দশনশালী মহাগজস্বরূপ ধনঞ্জয়কে যুদ্ধার্থ আহ্বান করিতেছ। অজ্ঞানতাপ্রযুক্ত অর্জ্জুনের সহিত যুদ্ধ কামনা করাতে তোমার কাষ্ঠ দ্বারা বিলম্থ মহাবিষ ক্রুদ্ধ কৃষ্ণ দর্পকে বিদ্ধ করা হইতেছে। শৃগাল যেমন কেশরান্বিত ক্রেদ্ধ সিংহকে ও ভুক্তর যেমন আত্মবিনাশার্থ বলবান্ পতগত্রেষ্ঠ স্থপর্ণকে আহ্বান করে, ভুমি দেইরূপ ধনঞ্জয়কে আহ্বান করিতেছ এবং প্লববিহীন হইয়া চচ্দ্রোদয়ে পরিবর্দ্ধিত অসংখ্য মীনসমাকীর্ণ ভীষণ জলনিধি উত্তীর্ণ হইতে উদ্যত হইয়াছ। বৎস যেমন স্থতীক্ষ্ণ শৃঙ্গশালী, প্রহারসমর্থ বৃষ্কে যুদ্ধার্থ আহ্বান করে এবং ভেক যেমন বারিপ্রদ নিবিড় মহামেদের উদেশে ও আত্মগৃহস্থিত কুকুর যেমন অরণ্যটারী ব্যাত্রের উদ্দেশে ঘোরতর গর্জ্জন করে, তদ্ধপ তুমি নরশ্রেষ্ঠ অর্জ্বনের উদ্দেশে গর্জ্জন ও তাঁহারে সমরে আহ্বান করিতেছ। হে কর্ণ :-অরণ্যমধ্যে শশকপরিবেষ্টিত শৃগাল যে পর্যান্ত সিংহ সন্দর্শন মা করে, তাবং-কাল আপন্তে সিংহের ভায় বোধ করিয়া থাকে, তুমিও তজাপ শক্তসুদন নরসিংহ ধনঞ্জয়কে না দেখিয়া আপনারে সিংহ বলিয়া বোধ করিভেছ। যে পর্যান্ত সূর্য্য ও চন্দ্রমার তাায় প্রভাবসম্পন্ন একরথাধিষ্ঠিত কৃষ্ণ ও অর্জ্জুনকে না দেখিতেছ, তাবৎকাল তোমার আপনারে ব্যাত্র বলিয়া বোধ হইতেছে। যে পর্যস্ত ছোর সংগ্রামে গাণ্ডীব নির্ঘোষ কোমার কর্ণগোচর না হইবে, তাবৎকাল তুমি যাহা ইচ্ছা, তাহাই কহিতে পারিবে; কিন্তু অর্চ্ছুনের রথ ও শরাসনের গভীর নিম্বনে দশ দিক্ প্রতিধ্বনিত হইলে তোমারে নর্দ্দমান भार्क लम्भी भूशारलत कांग्र विशूष स्टेटल स्टेटव । . (र शूष ! शहावीत धनक्षा

সিংহের সদৃশ প্রভাব সম্পন্ধ; আর তুমি বীর জনের বিদ্বেষ করিয়া শৃগালের ন্যায় লক্ষিত হইতেছ। হে সূতপুত্র ! মুষিক ও বিড়ালের, কুরুর ও ব্যাজের, শৃগাল ও সিংহের, শশক ও কুঞ্জরের মিথ্যা ও সত্যের এবং বিষ ও অমৃতের যেরূপ প্রভেদ, তোষার এবং ধনঞ্জয়ের ও তদ্রূপ বিভিন্নতা, সন্দেহ নাই।

# একচত্বারিংশত্তম অধ্যায়।

সঞ্জয় কঁছিলেন,—হে মহারাজ ! মহাবল পরাক্রান্ত শল্য সৃতপুত্রকে এইরপ • তিরন্ধার করিলে মহাবীর কর্ণ তাঁহার বাকশল্যে নিভাস্ত নিপী-ড়িত হইয়। রোষাবিষ্ট চিত্ত কহিতে লাগিলেন, হে মন্ত্রাজ। গুণগ্রাহী ভিন্ন গুণবান্ ব্যক্তির গুণাবধারণে সমূর্য হয় ন।। তুমি গুণ বিহীন ; কিরুপে গুণাগুণ পরিজ্ঞানে প্রমর্থ হইবে। মহাবার অর্জ্জ্নের মহাস্ত্রনিচয়, শরাদন, ক্রোধ ও বল বিক্রম এবং মহাত্মা কেশবের মাহাত্ম্য আমার যেরূপ বিদিত আছে, তোমার তদ্ধপ নহে। সামি আপনার ও অর্জ্বনের বীর্য্যের বিষয় সবিশেষ অবগত হহঁয়াই গাণ্ডীবদারীরে যুদ্ধার্থ আহ্বান করিতেছি। হে শল্য ! আমার নিকট এক এক তুণীরণায়ী স্থলর পুষাযুক্ত শোণিতলোলুপ সর্ণময় শর বর্ত্তমান আছে। আমি বছকাল উহারে পূজা করত চন্দনচূর্ণ মধ্যে রাখিতেছি। সেই বিষযুক্ত ভীষণ শর নর, **হস্তী ও অর্থ সমুহে**র विना । मल्लालन ९ এटक वाटत वर्ष ९ अन्दि. विनातन कतिएक ममर्थ इय। খামি তদ্ধারা হুমেরু পর্বতিকেও বিদীর্ণ করিতে পারি। আমি সঁত্য বলিতৈছিঁ, দেবকীপুত্র কৃষ্ণ ও স্বৰ্জুন ভিন্ন অন্যের প্রতি কদাচ সেই বাণ নিক্ষেপ করিব ন। হে মদ্ররাজ! আমি এই শর প্রভাবে ক্রোধাবিষ্ট চিত্তে বাস্থদেব ও ধনপ্জায়ের সহিত সমরে অবতীর্ণ হইয়া আপনার বিক্র-মাসুরূপ কার্য্ করিব। সমস্ত র্ফিবীর মধ্যে ক্ষে লক্ষ্মী ও পাণ্তু সম্প্র মধ্যে , অর্জ্জুনের উপর জয় প্রতিষ্ঠিত · আছে। ঐ উভয়ের হস্ত হইতে কেংই পরিত্রাণ লাভে সমর্থ হয় না; কিন্তু আজি সেই রথস্থিত মহাপুরুষ-<sup>দ্বর</sup> সামার দহিত যুদ্ধে প্রার্ভ হইবে। তুমি অন্য .আমার আভি**জাত্য** শলক্ষ কর। আজি মামি দেই পিতৃত্বত্রেয় ও মাতৃলজ ভাতৃত্রকে বিনাশ ক্রিয়া সূত্রাধিত মণিৰয়ের ন্যায় সমরাঙ্গনে নিপাতিত ক্রিব। হে মদ্রাজ ! অর্জনের গাণ্ডীব ও ক্লিধ্বজ এবং ক্ষেত্র চক্র ও গরুড়ধ্বজ ভীরু জনের

ভয়ক্ষর বটে; কিন্তু আমার হর্ষোৎপাদন করে। তুমি নিতান্ত মৃঢ় ও মহাযুদ্ধে একান্ত অনভিজ্ঞ; স্কতরাং ভয়প্রযুক্ত বহুবিধ অসম্বন্ধ প্রালাণ এবং কোন করে। বশত ত্বাহাদিগের স্তব করিতেছ। আমি আজি সমানে কৃষ্ণ ও ধনক্ষয়কে বিনাশ করিয়া কোনারেও বন্ধু বান্ধবের সহিত নিপাতিত করিব। রে কুর্বিদ্ধে! ক্ষুদ্রাশয়! ক্ষত্তিয় কুলাঙ্গার! তুই স্কৃষ্ণং হইয়াও শক্রের ন্যায় কি নিমিত্ত আমারে কৃষ্ণ ও অর্জ্জন হইতে ভীত করিছেছিস্ ং যাহা হউক, আজি তাহারাই আমারে বিনাশ করুক, আর, আমই বা তাহাদিগকে বিনাশ করি; কিন্তু স্বীয় সামর্থ্য অথগত ইইয়া কথনই তাহাদিগের নিকট ভীত হইব না। সহস্র বাস্থদেব ও শত শত অর্জ্জন সমরে আগমন করিলেও আমি একাকী তাহাদিগকে বিনাশ করিব। তোর কোন কথা কহিবার আবশ্যক নাই।

রে মৃঢ় ! জ্রী, বালক, রদ্ধ ও ষেচ্ছাগত ব্যক্তির। তুরাত্মা মদ্র ≉দিগের যে বিষয় অধ্যয়ন ও কীর্ত্তন করে এবং পূর্নেব ব্রাহ্মণগণ রাজসভয় যাহা কীর্ত্তন করিতেন, অবহিত চিত্তে তাহা প্রাবণ করিয়া, হয় ভূফাস্কাব অবল-স্বন, না হয় উত্তর প্রদান কর। মদ্রকেরা মিত্রদোহা, নিয়ত প্রবিদ্বেষী। তাহাদিগের পরস্পার ঐক্য নাই। তাহারা নীচাশয়, নরাধম, তুরাত্মা, মিথ্যাবাদী ও উদ্ধতস্বভাব, তাহাদের সহিত প্রণয় করা অকর্ত্তব্য। আমর। শুনিয়াছি, মদ্রকেরা জন্মাণধি মরণ পর্যান্ত সমস্ত তুক্ষরে অনুষ্ঠান করিয়া খাকে। মদ্রদেশে পিতা, পুজ, মাতা, শশুর, মাতুল, জায়াতা, ছুহিতা, ভ্রাতা, নপ্তা, অন্যান্য বন্ধুবান্ধব, অভ্যাগত জ, দাসদাসী সকলে একত্র মিলিত এবং কামিনীগণ স্বেচ্ছাক্রনে পুরুষদিগের দহিত স্থরতে প্রবৃত্ত হইয়া মদ্য পানপূর্বক শক্তু, মংদ্য ও গোমাংদ প্রভৃতি ভোক্ষন করত কথন রোদন, কথন হাস্য, কথন গান ও কখন কখন অসম্ভন্ধ প্রলাপ করিয়া থাকে। মদ্রকের। বিরুদ্ধকর্মা ও অহঙ্কত বলিয়া বিখ্যাত আর্তে; অতএব তাহাদিগের ধর্মে প্রবৃত্তি কিরূপে সম্ভাবিত হইতে পারে? মদক-দিগের সহিত বৈর বা সোহার্দ করা কর্ত্তব্য নহে। কেহই উচ্চ দিগের সহিত মিলিত হয় না। উহারা মল স্বরূপ। গান্ধারকদিগের শৌচ ও মন্ত্রকদিগের লঙ্গতি নাই।

হে মদ্রেশ্বর! প্রাক্ত ব্যক্তিরা এই মাত্র বলিয়া বুশ্চিকদফ ব্যক্তির চিকিৎসা করিয়া থাকেন "যে, রাজা যেমন যজে ঋত্বিক্ ইইলে হবি নফ হয়, ত্রাহ্মণ শৃদ্রকে অধ্যয়ন কর।ইলে যেমন অবমানিত হন এবং ত্রাহ্মণ দেষী যেমন সকলের অবজ্ঞাভাজন হয়, ত্রাহ্মপ লোকে মদ্রকদিগের সহিত প্রেমাণ করিলে পতিত হইয়া থাকে; অতএব মদ্রকদিগের সহিত প্রণয় করা নিতান্ত অকর্ত্রা; হে বুশ্চিক! তোমার বিষক্ষয় হইল; আমি অথবিবেদোক্ত মন্ত্র দ্বারা সমুদায় শান্তি করিলাম।" হে শলা। আমি এই-রূপে হশ্চিকদফ ব্যক্তির চিকিৎসা করিতে প্রত্যক্ষ করিয়া ছি; অতএব তুমি ইহা বিশেষ বিবেচনা করিয়া তৃষ্ণীন্তার অবলম্বনপূর্বক পরে যাহা বলিতেছি, তাহাতে কর্ণপাত কর।

হে মদ্ররাজ! যে কামিনীগণ সদমত্ত হওয়াতে পরিধান বস্ত্র পরিত্যাগ-পূর্বক নৃত্য, যাহারা ব্যভিচার দোধে দূষিত হইয়া অভিমত পুরুষের সংসর্গ এবং যাগারা উদ্ধতশ্বভাব হইয়া উষ্ট্র ও গর্দভের তায় মৃত্র পরিত্যাগ করে; তুমি দেই ধর্মাভ্রম্ট নির্লজ্জ স্ত্রীগণের অন্যতরের তনয় হইয়া কিরূপে ধর্মো-পদেশ अंगात अভिनाम कतिएक ? मर्फ्रांमीय कामिनीगरनत निकरे काश्चिक প্রার্থনা করিলে তাহারা তাহা প্রদানে অসম্মত হইয়া নিতম্বদ্ধয়ে করাঘাত করত কহিয়ঃ থাকে যে, কাঞ্জিক আমাদিগের অভিশয় প্রিয়, উহা কৈছ যাক্রা করিও না। আমরা পতিবা পুত্রকে প্রদান করিতে পারি, কিস্তু কাঞ্জিক প্রদান করিতে প!রি না। হে মদ্ররাজ ! আমরা আরও শুনিয়া থাকি যে, সক্রদেশীয় গৌরীরা নির্লজ্জ, কম্বলার্ড, উদর পরায়ণ ও অশুচি। আমি হট অথবা অন্য ব্যক্তি যে কেহই হউক না কেন, সকলেই অতীব নিন্দনীয় কুকর্মশালী মদ্রক্টিগের এইরূপ দোষ কীর্ত্তন করিতে পারে। মদ্রক, সৈদ্ধব ও সৌবীরগণ পাপদেশ সম্ভূত, ক্লেচ্ছ ও নিতান্ত অধর্ম পরা-<sup>য়ঀ</sup>। তাহ্নারা কিরুপে ধর্ম কীর্ত্তনে সমর্থ হইবে। যুদ্ধে নিহত ও সঞ্জন-গণ কর্ত্ব পূজিত হইয়া রণশয্যায় শয়ন করাই ক্ষত্রিয়ের প্রধান ধ্র্ম। হে শল্য ! 🐍 মন্ত্রযুদ্ধে প্রাণ পরিত্যাগপুর্বক ফর্গ্লাভ করাই আঁমার প্রধান উদ্দেশ্য। বিশেষত আমি ছুর্য্যোধনের প্রিয়স্থা; অতএব তাঁহার নিমিত্ত আমীর প্রাণ ও ধন পরিত্যাগ কর। অবশ্য কর্ত্তব্য। তুমি পাপদেশক 🕏

শ্লেচ্ছ; এক্ষণে তুমি আমাদিগের সহিত শক্তর ন্যায় ব্যবহার করাতে স্পায়ই বোধ হইতেছে যে, পাণ্ডবগণ ভেদের নিমিন্ত তোমারে প্রেরণ করিয়াছে। যাহা হউক, এক্ষণে নাস্তিকেরা যেমন ধর্মজ্ঞ ব্যক্তিরে ধর্মচ্যুত করিতে পারে না, তক্রপ ভোমার দদৃশ একশত ব্যক্তিও আমারে সমর পরাব্যুথ বা ভীত করিতে সমর্থ হইবে না। তুমি ঘর্মাক্ত মুগের ন্যায় বিলাপ কর বা শুকহদয় হও, আমি সন্ত্রগুরু পরশুরামের বাক্যানুসারে রণে অপরাঘুখ স্বর্গাত নরপালগণের গতি স্মরণ এবং প্রধানতম পুরুরবার বনেহার লম্বন করিয়া কৌরবগণের উদ্ধার ও শক্রগণের বিনাশে উদ্যত হইরাছি, কথনই নিবৃত্ত হইব না। এক্ষণে বোধ হয়, আমারে এই অভিপ্রায় হউতে বিরত করে, এরূপ লোক ত্রিলোক মধ্যে জন্ম গ্রহণ করে নাই। খতএব তুমি তৃষ্ণীস্তাব অবলম্বন কর; ভীত হইয়া কেন রুগা বাপাড়ম্বর করিতেছ। হে মদ্রকাধম! আমি ভোমারে বিনাশ করিয়া ক্রব্যাদগণকে উপহার প্রদান করিব না। মিত্রকার্য্য সংসাধন, ছুর্য্যোধনের অনুরোধ ও তিতিকা এই তিন কারণে তুমি এ যাত্র। আমার নিকট পরিত্রাণ পাইলে। কিন্তু পুনরায় এরূপ বাক্য প্রয়োগ করিলে বজ্রকল্প গদা দারা তোমার মন্তক অধঃপাতিত করিব। হে কুদেশজ শল্য! অতা বীরগণ আমারে কৃষ্ণ ও অর্চ্জুনের হস্তে বিনষ্ট অথবা তাহাদিগকে আমার হস্তে নিহত দর্শন ও প্রাবণ করিবে। হে মহারাজ। মহাবীর কর্ণ এইরূপ কহিয়া নিভাঁক চিত্তে পুনরায় বারংবার মদ্ররাজকে অখ সঞ্চালনে আদশ করিতে লাগিলেন।

#### দ্বিচত্বারিংশত্তম অধ্যায় ।

অনন্তর মদ্রেরাজ শল্য যুদ্ধাভিলাষী কর্ণের বাক্য প্রবণগোচর করিয়া একটি দৃষ্টান্ত প্রদর্শন করত পুনরায় তাঁহারে কহিলেন, হে সূতপুক্র ! আমি ধর্মপরায়ণ এবং সমরে অপরাধ্যুথ যাগযজ্ঞনিরত মৃদ্ধাভিষিক্তদিগের বংশে জন্মগ্রহণ করিয়াছি। একণে তোমারে মত্তের স্থায় লক্ষিত হইতেছে; অত-এব আমি বন্ধুতা নিবন্ধন তোমার চিকিৎসা করিব। হে কর্ণ ! আমি যে একণে একটি কাকের বৃত্তান্ত কীর্ত্তন করিতেছি, তুমি তাহা প্রবণ করিয়া স্বেচ্ছানুসারে কার্য্যানুষ্ঠান কর। হে কুলপাংশন ! আমার অণুমাত্র দোষ নাই। অতএব তুমি কি নিমিত্ত বিনাপরাধে আমারে সংহার ফরিতে অভিলাষ

করিতেছ। আমি সারধ্যে নিযুক্ত, বিশেষত তুর্য্যাধনের প্রিয়াস্চানপ্রস্ত্র স্তরাং তোমারে হিত ও অহিত এই তুইটি বিষয় অবশ্যই জ্ঞাত করিব। তোমার তৎসমুদায় বুঝিয়া কার্য্য করা কর্ত্তরা। আমি এই রথের সার্থি হইয়াছি, স্থতরাং সম বিষম ভূভাগ, রথীর বলাবল, রথ ও অশ্বদিগের প্রমণ্ড থেদ, মুগধ্বনি, পক্ষীর বিরুত্ব, ভার, অভিভার, শল্যের প্রতিকার, অস্ত্রযোগ, বুদ্ধ ও নিমিত্ত সমুদায় আমার পরিজ্ঞাত হওয়া কর্ত্ব্য। যাহা হউক, একণে আমি যে উপাধ্যান কীর্ত্তন করিতেছি, তাহা প্রবণ কর।

সমুদ্র পারে কোন ধর্মপরায়ণ রাজার রাজ্যে এক প্রভূত ধন ধান্যসম্পন্ন বাজ্ঞিক, দাতা, ক্র্মাশীল, স্বধর্মনিরত, পবিত্রচিত্ত, দর্বস্কৃতামুকম্পী বৈশ্য নির্ভয়ে বাদ করিত। ঐ বৈশ্যের অনেকগুলি পুক্র ছিল। বৈশ্যপুক্রেরা আপনাদের উচ্ছিফ্ট মাংস, অন্ন, দধি, ক্ষ্ণীর, পায়দ, মধু ও রত দ্বারা একটি কাককে ভরণপোষণ করিত। ঐ কাক বৈশ্যপুক্রগণের উচ্ছিফ্ট ভোজন করিয়া ক্রমে ক্রমে নিভান্ত গর্বিত হইয়া উঠিল এবং আপনার সদৃশ ও আপনার অপেক্ষা উৎকৃষ্ট পক্ষিগণকে অবজ্ঞা করিতে লাগিল।

একদা গরুড়ের স্থায় বেগগামী হুইচিত্ত কতগুলি হংস দেই সমুদ্র তীরে উপস্থিত হইল। বৈশ্যকুমারগণ সেই হংস সমুদায়কে নিরীক্ষণ করিয়া কাককে কহিল, অহে কাক! তুমি সকল পক্ষী অপেক্ষা শ্রেষ্ঠ। উদ্দিষ্ট ভোজনতৃপ্ত বায়স অল্লবৃদ্ধি বৈশ্যকুমারগণের দেই প্রতারণা বাক্যে আফ্লা-দিত হইয়া মুখাতা ও গর্বে নিবন্ধন তাহাদিগের বাক্য সত্যই বলিয়া বিবেচনা করিল। তখন সে সেই হংসগণের মধ্যে কে প্রধান, ইহা জানিবার নিমিত্ত তাহাদের সন্ধিধানে সমুপস্থিত হইল এবং তাহাদের মধ্যে একটি হংসকে শ্রেষ্ঠ বিবেচনা করিয়া তাহারে আহ্বানপূর্বিক কহিল, হে হংসবর! আইস, আমরা উভয়ে নভোমগুলে উভ্জীন হই। তখন সেই সমাগত হংসগণ বহু-ভাষী কাকের বাক্য প্রবণপূর্বিক হাস্য করিয়া কহিল, রে তুর্মাতিপরতন্ত্র কাক! আমরা মানস সবোবরবাসী হংস। অনায়ানে এই সমুদায় স্থমগুলে সঞ্চরণ করিয়া থাকি। অন্যান্য বিহঙ্কমগণ আমাদিগকে দূরগামিত্ব নিবন্ধন শুতিনিয়ত সৎকার করিয়া থাকে; স্থতরাং তুই কাক হইয়া কোন্ সাহসে মহাবল হংসকে উড্ডীন হইতে আহ্বান করিতেছিস্। বাহা হউক, বল দেখি, তুই কিরূপে আয়াদের সহিত উড্ডীন হইবি।

তথন জাতি সলভ, লাষবতা নিবন্ধন সাজ্মান্তা পরবশ বায়ণ হংসের বাক্যে "বারংবার অনাদর প্রদর্শনপূর্বক কহিল, হে হংসগণ। আমি শত প্রকার বিচিত্র উভ্যয়ন প্রদর্শন করিতে পারি। গামি প্রত্যেক উভ্যয়ন শত যোজন করিয়া উদ্ধি উপ্রতি হই ব অবং তোমাদিগের সমক্ষে উভ্যীন, অবভান, প্রভান, ভান, নিতান, সংভান, তির্য্যক্তান, বিভান, পরিভান, পরাভান, স্থান, ভানভান, মানাপ্রকার গতাগতি এবং কাকের সমুচিত বিবিধ গতি প্রদর্শন করিব। তোমরা এক্ষণে আমার বল অবলোকন কর। এক্ষণে মামি ঐ সমুদায় গতির মধ্যে কোন্ প্রকার গতি অবলম্বনপূর্বক অন্তর্গাক্ষে উপ্রতি হইব, তোমরা তাহা আদেশ কর। আমি যে গতি দ্বারা উভ্যীন হইব, তোমাদিগকেও সেই গতি ভাবলম্বন করিয়া আমার সহিত এই সাভায়হীন নভোমগুলে সমুপ্রতি হইতে হইবে; অতএব উভ্যরূপ বিবেচনা করিয়া বল, সামি কোন্ প্রকার গতি

তথন সেই হংদদিগের মধ্যে একটি হংদ কাকের বাক্য প্রবণে হাস্থ করিয়া কহিল, হে কাক! তুমি শত প্রকার গতাগতি অবগত আছে; কিন্তু আমরা দমুদয় পক্ষিজাতির বিদিত একমাত্র গতি ভিন্ন আর কিছুই জ্ঞাত নহি। আমি তাহাই অবলম্বন করিয়া তোমার দহিত গখন করিব; এক্ষণ-ভূমি স্বীয় অভিলাধানুরূপ গতি অবলম্বনপূর্বকি গমন করে।

হে কর্ণ! ঐ সময় ঐ স্থানে আরও কএকটি কাকের সমাগম হইগাছিল।
ভাধারা হংসের বাক্য প্রবণে হাস্ত করিয়া কহিল, এই হংস এক প্রকার গতি
ঘারা কিরুপে শত প্রকার গতি পরাজ্য করিবে।

শ্বনন্তর কাক ও হংদ পরস্পার স্পর্ক্ষা প্রকাশপূর্বক অন্তরীক্ষে উথিত ইন্ট্রল এবং স্ব স্ব কার্য্যের শ্লাঘা করিয়া পরস্পারকে বিশ্লিত করত গমন করিতে লাগিল তিখন বায়দেরা দৈই কাকের বিবিধ বিচিত্র উভ্ডয়ন নিরীক্ষণ করিয়া হান্টমনে মুক্তকণ্ঠে কোলাহল করিতে আরম্ভ করিল। হংদেরাও অপ্রিয় বাক্য প্রয়োগপূর্বক কাককে উপহাদ করত কখন বুঁক্ষাগ্র কখন ধা ভূতল হইতে উৎপত্তিত ও নিপত্তিত হইতে লাগিল এবং অন্বর্ত কো্লাইল করিয়া আপনাদিগের জয় ঘোষণা করিতে প্রবৃত্ত হইল। े ঐ সময় হংস এক মাত্র মৃতুপতি অবলম্বনপূর্বক আকাশমার্গে উত্থিত হুইবার উপক্রম করিয় মুহূৰ্ত্তকাল কাক অপেকা হীনগতি লক্ষিত. হইতে লাগিল। তথন ৰায়সগ इः मनिगरक अञ्चल्ता कतिया कहिल, दृह इंग्निगं ! कांगारनत गर्धा रा इः मि অন্তরীকে উপ্থিত হইয়াছে, ঐ দেখ, একণৈ তাহারে হীনগতি লক্ষিত হই-তেছে। তথ্য দেই অন্তরীক্ষম্বিত হংস বায়দগণের বাক্য প্রবণ করিয়া দাগরের উপরিভাগে পশ্চিমদিকে মহাবেগে ভ্রমণ করিতে লাগিল । অনন্তর কাক একান্ত পরিশ্রান্ত হইয়া সেই অগাধ সমুদ্র মধ্যে দ্বীপ ও রুক্ষ সর্কল নিরী-ক্ষণ না করিয়া ভীত ও গোহে নিতান্ত অভিভূত হইল এবং কোথায় অব-স্থানপূর্বক প্রান্তিদূর করিবে, বারংবার ইহাই চিন্তা করিতে লাগিল। হে কর্ণ! মহাসাগর জলজন্তুগণের আকর ও ছঃসহ. বেগসম্পন ; উহ। অসংখ্য মহাদত্ত্বে সমুদ্রাদিত হইয়া আকাশকেও পরাস্কৃত করিয়াছে। গাস্তীর্য্যে কেহই উহারে অভিক্রম করিতে সমর্থ হয় নাই। উহার জলরাশি আকাশের স্থায় স্থান বিস্তৃত। স্কুতরাং দামান্য কাঁক কিরুপে দেই বহু বিস্তাণি অর্থ পার হইতে সমর্থ হইবে। অনন্তর হংস বহুদূর অতিক্রম করিয়া মুহূর্তকাল দেই কা**ক**কে নিরীক্ষণ করত তাহারে পবিত্যাগপূর্বক গমন করিতে সমর্থ হট্য়াও তাহার আগমনকাল প্রতীক্ষা করিতে লাগিল। তথন কাক অতিশয় পবিশাদ্ত হইয়া হংস স্মিধানে আগমন করিল। হংস কাককে হীনগতি ও নিমজ্জনোম্মুঝ্ক ডেখিয়া দৎপুরুষোচিত ত্রত স্মরণপুর্বক তাহারে উদ্ধার করি-বার নিমিত্ত কহিল, হে কাক! তুমি শত প্রকার উড্ডেয়নের বিষয় বারংবার উল্লেখ করিয়া গোপনীয় বিষয় ব্যক্ত করিয়াছ | তুমি এক্ষণে যেরূপ গতি অবলম্বনপূৰ্বক উড্ডীন হইতেছ, ইহার নাম কি ? তুমি চঞ্পুট ও ছুই পক দার। বারংবার দলিল স্পার্শ করিতেছ; অতএব বল, এক্সণে কোন্ গতি আশ্রাকরিয়াছ ? হে কাক ! আমি তোমার অপেকা করিতেছি, তুমি **শু**ত্র মানার নিকট আগমন কর।

হে কর্ণ ! তথন সেই তুফিসভাব বায়দ দাগরের পার নিরাক্ষণ না করিয়া ঞকান্ত আন্তি, 'বায়ুবেগ প্রামণিত ও নিমন্ত্রনোমুখ হইয়া আর্ত্রস্তার হংদকে কহিল, হে হংস! আমরা কাক; কা কা শব্দ করিয়া ইতন্ত ত সঞ্চরণ করি।
একণে আমি জীবন সমর্পণপূর্বক তোমার শরণাপদ হইতেছি, তুমি আমারে
সমুদ্র পারে লইয়া যার। বায়স এই বলিয়া সাতিশয় পরিপ্রান্ত ও নিতান্ত
কাতর হেইয়া তুই পক্ষ ও চঞ্চুপুট দ্বারা সাগর সলিল ক্পর্শ করত নীর মধ্যে
নিপতিত হইল। তখন হংস বায়সকে সাগর সলিলে নিপতিত, দীনমনা ও
ক্রিয়মান দেখিয়া কহিল, হে কাক! তুমি আজ্বলাঘা করিয়া কহিয়াছিলে যে,
আমি শত প্রকার উভ্জয়ন প্রদর্শন করিব; একণে সেই বাক্যটি স্মরণ কর।
তুমি শত প্রকার উভ্জয়নভিজ্ঞ ও আমা অপেক্ষা সমধিক ক্ষমতা সম্পদ্ম;
তবে একণে এইরপে পরিপ্রান্ত হইয়া কি নিমিত্ত সাগরে নিপতিত হইলে?

তথন কাক একান্ত অবদম হইয়া উপরিভাগে হংসকে অবলোকনপূর্বক প্রানম্ন করত কহিল, হে হংস! আমি উচ্ছিন্ট ভোজনে দর্শিত হইয়া আপনারে স্পর্ণের ন্যায় জ্ঞান এবং অন্যান্থ কাক ও অপরাপর পক্ষিগণকে অবজ্ঞা করিয়াছিলাম। এক্ষণে প্রাণ রক্ষার্থ তোমার শরণাপম হইলাম, তুমি আমারে দ্বীপে লইয়া চল। যদি আমি জীবিতাবস্থায় স্বদেশে যাইতে পারি, তাহা হইলে আর কাহারেও অপমানিত করিব না। তুমি আমারে এই বিপদ্ হইতে উদ্ধার কর। তথন বেগবান্ হংস মহার্ণবে নিপতিত বিচেতন বায়সের কাতরোজ্ঞি প্রবণে করুণার্জ হইয়া পদদারা ভাহারে বেগে উৎক্ষেপণ ও আপনার পৃষ্ঠে সংস্থাপনপূর্বক পূর্বের যে দ্বীপ হইতে স্পর্দ্ধা সহকারে উড্ডীন হইয়াছিল, তথায় পুনরায় উত্তীর্ণ হইল এবং কাক্ষে আখাসিত করিয়া স্বাভিল্যিত স্থানে প্রস্থান করিল।

হে কর্ণ। এইরপে সেই উচ্ছিফীয় পরিপোষিত বায়স হংস কর্তৃক পরাজিত হইয়া স্বীয় বল বীয়্য পরিত্যাগপূর্বক ক্ষমাগুণ অবলম্বন করিল। তুমিও সেই উচ্ছিফীভোজী কাকের ন্যায় নিঃসন্দেহ তুর্ব্যোধনা দির উচ্ছিফীলে প্রতিপালিত হইয়া কি প্রধান কি তুল্য সকলকেই অবজ্ঞা করিতেল। হে সূতপুত্র! বিরাট নগরে সংগ্রাম সমুপস্থিত হইলে, সিহ যেমন অনায়াসে শৃগালদিগকে পরাজয় করে, তক্ষেপ অর্জ্জন তোমাদিগকে পরাজয় ফরিয়া-ছিল। সে সময় তুমি জোণ, অশ্বতামা, কুপ, ভীয় ও অন্যান্য কৌরবগণ কর্তৃক রক্ষিত হইয়াও কি নিমিত্ত তাহারে বিনাশ করিতে সমর্থ হও নাই;



কিচক বধ।

তৎকালে ভোমার বলবিক্রম কোথায় ছিল ? সব্যসাচী ভোমার ভাতাকে নিহত করিলে ভূমি সমস্ত কেইরবপণের সমক্ষে সর্বাত্তা পলায়ন করিয়া-ছিলে। দৈতবনে গন্ধর্বগণ কৌরবদিগকে আক্রমণ করিলে ভূমিই সমস্ত • को त्रवंशन कि श्री का किया अथित भनायन करा। त्रहे नमय व्यक्ति সংগ্রামে চিক্তমেনপ্রমুখ গন্ধর্বগণকে পরাজয়পূর্বক জয়লাভ করিয়া ভার্য্যা-সমবেত ছুর্য্যোধনকে মুক্ত করিয়াছিল। পরশুরাম রাজসভায় অর্জন ও বাহ্নদেবকে পূর্ব্বপ্রভাব কীর্ত্তন করিয়াছেন। ভীম্মদেব এবং দ্রোণাচার্য্যও সর্ববদাই ভূপতিগণ সমক্ষে বাহ্নদেব ও ধনঞ্জয়কে অবধ্য বলিয়া নির্দেশ করি-তেন। । (ह সৃতপুত্র ়া বাহ্মণ যেমন সকল প্রাণী অপেক্ষা শ্রেষ্ঠ, তজ্ঞপ ধনঞ্জয় তোমা অপেকা প্রধান। একণে তুমি অবিলক্ষে সেই এক রথারুঢ় বহুদেবাত্মজ কৃষ্ণ ও কুন্তীপুত্র অর্জুনকে দেখিতে পাইবে। অভএব সেই বায়দ যেমন বৃদ্ধিপূর্বক হংদকে আত্রয় করিয়াছিল, তজ্ঞপ তুমিও সেই বীরম্বয়ুকে আশ্রয় করিও। হৈ কর্ণ! যখন তুমি মহাবল পরাক্রান্ত অর্জুন ও বাহ্নদেবকে একরথে অবলোকন করিবে, তথন আর এরূপ কথা কহিবে না। যথন পার্থ শত শত বার তোমার দর্প চূর্ণ করিবেন, তথন ভূমি ভাঁহার ও তোমার যে কি বৈলক্ষণ্য, তাহা অবগত হইবে; তুমি অজ্ঞতা প্রযুক্তই দেব, অহুর ও মনুষ্যগণের মধ্যে প্রসিদ্ধ নরোত্তম বাহুদেব ও ধনঞ্জয়েক অশ্রদ্ধা করিতেছ। হে মৃঢ়! একণে তুমি আপনারে খদ্যোত স্বরূপ এবং অৰ্জ্ব ও বাস্কুদ্রেবৃক্তে সূর্য্য ও চন্দ্র স্বরূপ বিবেচনা করিয়া নিরস্ত হও। আর তাঁহাদিগকে অবজ্ঞা বা আত্মশ্লাঘা করিও না।

#### গ্রিচছারিংশক্তম অধ্যার।

হে মহারাজ ! মহাবীর কর্ণ মদ্রাজের সেই কঠোর বাক্য প্রবণ করিয়া কহিলেন,—হে মদ্রাজ ! আমি অর্জ্জন ও বাহ্নদেবকে সম্যক্ অবগত হই
য়াছি । আমি বাহ্নদেবের রথ চালন ও অর্জ্জনের অন্তবল যেরপ জ্ঞাত আছি,
তুমি তজ্ঞপ নও; অত্তব আমি নির্ভীকচিতে সেই অন্তবিদ্রাগণী মহালা
বীরন্ধয়ের সহিত সমরে প্রবন্ধ হইব; কিন্ত বিজ্ঞাত্তম পরশুরামের শাপের
নিমিত্ত আমার অতিশয় স্ত্রাপ হইতেছে । পূর্বের আমি দির্যান্ত্র শিক্ষার
নিমিত্ত আক্ষাণবেশে পরশুরামের সমীপে অবস্থান , করিয়াছিলাম । একদা

গুরু আযার উক্লেশে মস্তক অর্পণ করিয়া নিদ্রিত হইলে, দেবরাজ ইন্দ্র অর্জুনের 'হিতাভিলাষে আমার বিল্প বিধানার্থ কীটরূপ ধারণ করিয়া আমার উরুদেশ বিদার্প করিলেন। উরুদেশ বিদারিত হইলে তাহা হইতে অতিমাত্র শোণিত বিনির্গত হইতে লাগিল : তথাপি আমি গুরুর নিদ্রোভঙ্গ ভয়ে স্থির হইয়া রহিলান। ক্ষণকাল পরে মহাত্মা জমদগ্রিতনয় বিনিদ্রে হইয়া সেই শোণিত দর্শনে আমার দৃঢ়তর ধৈর্ঘ্যগুণ পর্যালোচনা কর্তু কহিলেন, বৎস ! তুমি ব্রাহ্মণ নহ ; অতএব যথার্থরূপে আত্মপ্ররিচয় প্রদান কর। তখন আমি সূতপুত্র বলিয়া আত্মপরিচয় প্রদান করিলাম। মহাতপা ভার্গব আমার বাক্য শ্রবণে রোষাবিষ্ট হইয়া আমারে এই শুভিশাপ প্রদান করি-লেন যে, হে হুফীজ্মন্ : তুমি শঠতাচরণপূর্বক আমার নিকট হুইতে যে ব্রহ্মান্ত প্রাপ্ত হইয়াছ, তোমার মৃত্যুকাল উপস্থিত হইলে তাহা আর স্মৃতিপথা-রুঢ় হইবে না। রে মূঢ় ! অব্রাহ্মণ কি কখন ব্রাহ্মণ হইতে পারে ? হে মদ্রবাজ ! আজি এই ভীষণ তুমুল সংগ্রামে আমি সেই অস্ত্র বিস্মৃত হইলে ভরতকুলতিলক ভীমপরাক্রম অর্জ্ন সমস্ত ক্তিণগণকে সন্তপ্ত করিবে; এই নিমিত্রই আমি যৎপরোনাস্তি তুঃখিত হইয়াছি। যাহা হউক, আমার দর্পময় শর আছে, তদ্ধার। আমি শত্রুগণকে সংহার করিয়া অসহস্বাক্রম, সত্যপ্রতিজ্ঞ, ক্রকর্ম। মহাবল পরাক্রান্ত মহাধকুর্মর ধনঞ্জয়কে বিনাশ করিব। মহাসমূদ্র অসংখ্য জনগণকে জলনিমগ্ন করিবার মানুদ্র ভীষণ 'বেগে প্রবাহিত হইলে তীরভূমি যেমন তাহারে নিবারণ করে, তজ্ঞাপ মহাস্ত্র-বল সম্পন্ন মহাবীর অর্জ্জ্ন মর্ম্মভেদী অরাতিঘাতন শরনিকরে নরপালগণকে ষ্ট্রমূলিত 'করিতে উদ্যত হইলে আমি বাণপাতে তাহারে নিবারণ করিব। হৈ শল্য ! যে মহাবীর অন্ধিতীয় ধকুর্দ্ধর এবং যে সমরাঙ্গনে স্থরাস্বরগণকেও পরাজিত করিতে সমর্থ, আজি সেই বীরের সহিত আমার ঘোরতর সংগ্রাম সন্দর্শন কর। প্রদীপ্ত মার্ভিণ্ড সদৃশ মহাবার অভ্জুন আলীকিক মহান্ত্র গ্রহণ-পূর্বক যুদ্ধার্গ্র সমাগত হইলে আমি মেখের তায় শরজালে তাহারে সমাচ্ছর' করিয়া স্থীয় উত্তমান্ত্রে তাহার অস্ত্র সকল ছেননপূর্বক তাহারে ভূতলে নিপাতির্ত করিব। জলধর যেমন বারিবর্ষণে সর্ববলোকদহনোমুখ প্র<del>াজ্</del>যলিত হুতাশনকে প্রশমিত করে, তদ্ধপু আজি শর্নিকর নিপাতে তাহারে প্রশমিত

করিব। স্তীক্ষদংষ্ট্র আশীবিষ সদৃশ ক্রোধপ্রদীপ্ত কুন্তীনন্দন আজি আমার নিশিত ভল্ল প্রহারে সমরে নিরস্ত হইবে। হিমাচল বৈমন অনায়াসে অভ্যুত্ত বায়ুবেগ দহু করে, তদ্ধেপ আমি রথমাগৃৰিশারদ সমরনিপুণ ধনঞ্জয়ৈর পরাক্রম সহ করিব। যে মহাবীর স্বীয় বাহ বলে সমুদায় পৃথিবা পরাজয় করিয়াছিল, ধাহার তুল্য যোদ্ধা আর কেহই নাই, অদ্য স্মান তাহার সহিত সংগ্রামে প্রবৃত্ত ছ্ইব। যে বীরপুরুষ খাগুব দাহকালে দেবগণের সহিত অসংখ্য জীব জস্ক পরা-জিত করিয়াছেন, আমি ব্যতীত আর কোন্ ব্যক্তি জীবিত নিরপেক্ষ না হইয়া সেই সব্যসাচীর সহিত সংগ্রামে সমুদ্যত হইতে সমর্থ হয়। হে শল্য ! আজি আমি নিশিত শরনিকরছারা দেই অভিমানসম্পন্ন শিক্ষিতাস্ত্র দিব্যাস্তবেতা ক্ষিপ্রহস্ত মহাবীর ধনঞ্জধের শিরশেচ্দন করিব। অন্য কোন মনুষ্যই অস-হায় হইয়া যাহার দহিত যুদ্ধ করিতে দাহদী হয় না; আমার মৃত্যুই হউক, বা জয়লাভই হৈউক, অদ্য দেই ধনঞ্জের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইব, দন্দেহ নাই। হে মুর্থ ! তুমি কি নিমিত্ত আদার দৈকট অর্জুনের পৌরুষ প্রকাশ করিতেছ; আমি স্বয়ংই ছফেমনে ভূপালগণ সমকে তাহার পুরুষ-কার কীর্ত্তন্ করিব। তুমি অপ্রিয়কারী, নিষ্ঠুর, ক্ষুদ্রাশয় ও একাস্ত অস-হিষ্ণু, আমি তোমার সদৃশ শত ব্যক্তিকে বিনাশ করিতে পারি ; কিস্ত একণে অসময় বলিয়া কমা প্রদর্শন করিলাম। তুমি নিতান্ত মুর্থের ন্যায় আমার অবমানীনা করিয়া অর্জ্জুনের প্রতি প্রিয়বাক্য প্রয়োগ করিতেছ। দেখ, আমার সহিত সরল ব্যবহার করাই তোমার কর্ত্ব্য ; কিন্তু তুমি তাহা না করিয়া আমার প্রতি কুটিলতা প্রদর্শন করিতেছ, স্নতরাং ভূমি -অতি মিত্রজোহী ও পাষগু। হে মৃঢ়! এক্ষণে রাজা ছুর্য্যোধন শ্বয়ং যুদ্ধে আগমন করিয়াছেন, ইহা অতি ভয়ঙ্কর কাল। আমি মহারাজ হির্যোধনের প্রিয় কার্য্য সংসাধনার্থ যত্ন করিতেছি, কিন্তু- তুমি যাহাদের সহিত কিছুমাত্র মিত্রতা নাই, তাহাদেরই হিতাকুষ্ঠানের অভিলাষ করি-তেছ। হে শল্য ! যিনি স্নেহ প্রদর্শন, হর্ষ বর্দ্ধন, প্রীতি সম্পাদন, রক্ষা বিধান ও হিতাভিলাষ করেন। তিনিই মিত্র। আমার এই সমস্ত গুণ বিদ্যমানু রহিয়াছে ; তাহা রাজা ছুর্য্যোধনেরও অবিদিত নাই। আর যে ব্যক্তি বিনাশ সাধুন, হিংসা, শাসন, হীনতা ও অবসাদ সম্পাদন এবং বল

প্রকাশ করে, দেই শক্র । তোমাতে এই উক্ত দোষ সম্লায়ের প্রায় সকলই বিদ্যমান রহিয়ছে এবং তুমি তৎসমূদর আমার প্রতি প্রদর্শন করিতেছ । যাহা হউক, হৈ শল্য ! অদ্য আমি রাজ্য তুর্য্যোধনের হিতসাধন, তোমার প্রীতি, সম্পাদন এবং আপনার জয়লাভ, যশোলাভ ও ধর্মা লাভের নিমিন্ত পরম যত্ন সহকারে অর্জ্বন ও বাহ্ণদেবের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব । তুমি একণে আমার অস্কৃত কার্য্য, ত্রাক্ষা অর্ত্র, ঐল্র, বারুণ প্রভৃত্তি, দিব্য অস্ত্র ও মানুষ অন্ত্র সমূদর নিরীক্ষণ কর । যাদ অদ্য আমার রথচক্র বিষম প্রদেশে নিপতিত না হয়, তাহা হইলে আমি মত্ত মাতক্ষ যেমন মত্ত মাতক্ষের সহিত সংগ্রাম আরম্ভ করে, তজ্ঞাপ মহাবল পরাক্রান্ত ধনপ্রহের সহিত সংগ্রাম আরম্ভ করে, তজ্ঞাপ মহাবল পরাক্রান্ত ধনপ্রহের সহিত হইয়া জয় লাভার্য তাহার প্রতি তুনিবার ব্রাক্ষা অন্ধ নিক্ষেপ করিব । ঐ অন্ত হইতে কেহই পরিত্রাণ প্রাপ্ত হইতে সমর্থ নহে। হে শল্য ! তুমি নিশ্চয় জানিবে যে, আমি দণ্ডধারী যম, পাশ হস্ত বরুণ, গদাধারী ধনপতি ও সবজ্ঞ বাসব প্রস্তৃতি কোন আততারা শক্র হইতেই ভাত হই না ; এই নিমিন্ত জনান্দন ও ধনপ্রয় হইতে আমার অন্তঃকরণে কিছুমাত্র ভয় সঞ্চার হইতেছে না । অতএব অদ্য আমি অবশ্যই তাহাদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব ।

হে. মন্ত্রাজ! একদা আমি অন্ত্রাভ্যাদের নিমিত্ত প্রমতের ন্যায় অনবরত শরনিকর বর্ষণপূর্বক অটবাতে পধ্যটন করত অজ্ঞানত। নিবন্ধন কোন এক ব্রাহ্মণের হোমধেকু দভুত বং দকে সংহার করিয়াছিলাম। ব্রাহ্মণ তদ্দর্শনে আমারে কহিলেন, তুমি প্রমত্ত হইয়া আমার এই হোমধেকুর বং সকে বিনাশ করিয়াছ; অতএব তুমি যুদ্ধ করিতে যে সময় একান্ত ভীত হইবে, তৎকালে তোমার রথচক্র বিল মধ্যে নিপতিত হইবে, সন্দেহ নাই। হে শল্য! আমি কেবল দেই ব্রাহ্মণের অভিশাপ ভয়ে ভীত হইতেছি। তিনি এইরূপে অভিশাপ প্রদান করিলে এই দমস্ত হুথ তুঃখের ঈশ্বর দোমবংশীয় ভূপালের। তাঁহারে সহত্র ধেকু ও ছার শত বলীবর্দ্দ প্রদান করিলেন, কিন্তু ব্রাহ্মণ কিছুতেই প্রদান হইলেন না। পরে আমিও দাত দার্ঘন্ত কন্ত্রাহ্মণ করিয়া তাঁহারে প্রস্কা করিতে সমর্থ হুইলাম না। তৎপরে আমি তাঁহারে শ্বেত্বর্ণ বংস সম্পন্ধ ক্রম্ভকায় চতু-দিশ সহত্র ধেকু প্রদান করিলাম, ব্রাহ্মণ তথাপি প্রদান হইলেন না। পরে

আমি তাঁহারে সংকার করিয়া সর্বোপকরণ সম্পন্ন গৃহ ও সমস্ত ধন প্রদান করিলাম, কিন্তু তিনি তাহাও প্রতিগ্রহ করিলেন না। অনন্তর তিনি আমারে প্রযন্ত্র সহকারে অপরাধ মার্ক্তনা করিবার নিমিত প্রার্থনা করিতে দেখিয়া কহিলেন, হে সূত! আমি যাহা কহিয়াছি, তাহা কদাচ অন্তথা হইবে না। মিথ্যা বাক্য কথিত হইলে প্রজাবিনন্ট এবং তদ্ধারা অমারেও পাপগ্রস্ত হইতে হইবে। অতএব আমি ধর্ম রক্ষার্থ মিথ্যা বাক্য প্রয়োগ করিতে পারিব না। হে সূত ! তুমি আমার সত্যের প্রতি হিংসা করিও না, মর্থপ্রেক্ত শাপ তোমার গোবধের প্রায়শ্চিত্ত স্বরূপ হইবে। কেইই আমার বাক্য অন্যথা করিতে সমর্থ হইবে না। অতএব তুমি মদ্দত অভিশাপের ফল ভোগ কর। হে শলা! আমি তোমা কর্ত্ক তিরক্ষ্ত হইয়াও বন্ধুতা নিবন্ধন তোমারে এই কথা কহিলাম। এক্ষণে তুমি তুফাস্তাব অবলম্বন-পূর্বক আরও যাহা কহিতেছি, শ্রবণ কর।

## চতুশ্চত্বারিংশন্তম অধ্যায়।

হে মহারাজ! অরাতিঘাতন কর্ণ মন্তরাজকে এইরপে নিবারণ করিয়া পুনরায় কহিলেন, হে শল্য! তুমি নিদর্শন প্রদর্শনের নিমিত্ত আমার নিকট ফে উপাখ্যান কীর্ত্তন করিলে, আমি তাহাতে কথনই সমরে ভাত হইব না। বাহ্মদেব ও ধনপ্রয়ের কথা দূরে থাকুক, যদি ইন্দ্রাদি দেবগণও আমার সহিত্ত যুদ্ধ করেন, তথাপি আমার মনে ভয় সঞ্চার হয় না। তুমি বাক্য হারা আমারে কদাচ শক্ষিত করিতে পারিবে না। তুমি আমার প্রতি বারংবার কটুক্তি করিতেছ, কিন্তু নীচেরাই পক্ষম বাক্য প্রয়োগপূর্বক বল প্রকাশ করিয়া থাকে। হে ক্রিয়াতে। তুমি আমার গুণ বর্ণনে অশক্ত হইয়া কেবল বিবিধ ক্রাক্য প্রয়োগ করিতেছ; কিন্তু স্পান্ত জানিও যে, কর্ণ. ভীত হইবার নিমিত্ত এই সংসারে জন্মগ্রহণ করেন নাই, আপনার বিক্রম প্রকাশ ও যথোলাভের নিমিত্তই সমৃত্ত হইয়াছেন। হে শল্য! এক্ষণে তুমি কেবল আমার সহিষ্ণুতা, সৌহার্দ্দ ও মিত্রের ইফ্ট সাধন এই তিন কারণ বশত জীবিত রহিয়াছ। রাজা তুর্য্যোধনের গুরুত্বর কর্য্যা উপন্থিত হইয়াছে এবং তিনি সেই কার্য্যভার আমার উপর নিহিত করিয়াছেন ; আর আমিও পূর্বেব তোমার কটুক্তি ক্ষম। করিব বুলিয়া প্রতিজ্ঞা করিয়াছি; বিশেষত

মিত্রজাহ নিতান্ত পাপজনক; এই সমস্ত কারণ বশতই তুমি এতাবংকাল জীবিত রহিয়াছ। হে মদ্রাজ! আমি সহত্র শল্য সদৃশ; অতএব আমি সহায়ানা থাকিলেও অনায়াসে শত্রুগণাকে জয় করিতে পারি।

#### পঞ্চছারিংশত্তম অধ্যার !

শাল্য কহিলেন,—হে রাধেয় ! ভূমি অরাতিগণকে উদ্দেশ করিয়া যাহা কহিলে, উহা প্রলাপমাত্র ৷ তোমার স্থায় মহত্র কর্ণও তাহাদিগকে পরাজয় করিতে সমর্থ নহে ।

মদ্রবাজ সৃতপুত্রের প্রতি এইরূপ পরুষ বাক্য প্রয়োগ ফরিলে কর্ণ যৎপরোনান্তি ক্রেদ্ধ হইয়া তাঁহার প্রতি দিগুণতর নিষ্ঠুর বাক্য প্রয়োগ করত কহিলেন, হে মদ্ররাজ! আমি ধৃতরাষ্ট্র সমীপে ব্রাহ্মণ মুখে যাহা প্রবণ করিয়াছি, ভুমি অবহিত হইয়া তাহা শ্রেবণ কর। ত্রাহ্মণগণ ধৃতরাষ্ট্র মন্দিরে বিবিধ বিচিত্র দেশ ও পূর্বতন ভূপতিগণের র্ভান্ত কহিভেন; তথায় একদা এক বৃদ্ধ ভ্রাহ্মণ বাহাক ও মদ্রদেশোদ্ভব ব্যক্তিদিগকে নিন্দা করত কহিতে লাগিলেন, ছে রাজন্! যাহারা হিমালয়, গঙ্গা, সরস্বতী, যমুনা ও কুরুক্তের বহির্ভাগে এবং যাহারা সিন্ধুনদী ও তাহার পাঁচ শাখা হইতে দুরপ্রদেশে অবস্থিত, সেই সমস্ত ধর্মাবন্দিত অশুচি বাহীকগণকে পরিত্যাগ করা কর্ত্তব্য । গোবর্দ্ধন বট ও হুভদ্র নামে চত্তর বাল্যাবধি আমার স্মৃতি-পথে জাগরুক রহিয়াছে। আমি নিতান্ত নিগৃঢ় কার্য্যাসুরোধ বশত বাহীক-গণের সহিত বাস করিয়াছিলাম। তমিবন্ধন তাহাদের ব্যবহার বিদিত হই-দ্বাছি। শাকল নামে নগর, আপগা নামে নদী ও জর্ত্তিকাভিধেয় বাহাঁকি-গণের ব্যবহার যাহার পর নাই নিন্দনীয়। তথায় আটার**উ**ষ্ট ব্যক্তিরা গৌড়ীস্থরা পান এবং লশুনের সহিত ভৃষ্ট যব, অপূপ ও গোমাংস ভোজন করিয়া থাকে। কাম্নীগণ মন্ত, বিবস্ত নাল্যচন্দন রহিত হইয়া নগরের গৃহ প্রাচীর সমীপে নৃত্য এবং গর্দভ ও উদ্ভের স্থায় চীৎকার করিয়া আশ্লীল সঙ্গীত করিয়া থাকে। তাহারা স্বপরপুরুষ বিবেক বিহীন ,হইয়া স্বেচ্ছাক্রনে বিহার করতু উচ্চৈঃস্বরে পুরুষগণের প্রতি আহ্লাদজনক বাক্য প্রয়োগ করে। একদা একজন বাহীক কুরুজাঙ্গলে অবস্থানপূর্বক অপ্রফুল মনে কহিয়াছিল, শোহা ! সেই সূক্ষকস্বলবাসিনী গোরী আমারে স্থারণ করিয়া

শায়ন করিতেছে। হায়! আমি কত দিনে রম্যা শতক্ত ও ইরাবতী উত্তীর্ণ হইয়া স্থদেশে গমনপূর্বক সেই কর্মলাজিন সংবীত স্থল ললাটান্থিসম্পন্ন গোরীগণের মনঃশিলার স্থায় উল্লেল অপাঙ্গদেশ, ললাট, কপোল গুচকুরে অঞ্জনচিক্ত এবং গর্দভ, উত্ত ও অশ্বতরের শব্দত্ল্য মুদঙ্গ, জানক, শহ্ম ও মর্দলের নিম্না সহকারে কেলীপ্রসঙ্গ অবলোকন করিব। হায়! কতদিনে শমী, পীলু ও করীরের অরণ্যে চক্রসমবেত অপূপ ও শক্ত্রপিণ্ড ভোজন করত স্থা হইব এবং মহাবেগে গমনপূর্বক পথিমধ্যে পথিকদিগের বস্ত্রাপহরণ করিয়া বারংবার তাহাদিগকে তাড়ন করিব। হে মহারাজ! হ্রাত্মা বাহীকদিগের এইরূপ হৃশ্চরিত। তাহাদের দেশে কোন্ সহাদয় ব্যক্তি অবস্থান করিতে পারে।

হে শল্য ! তুমি যে বাহীকগণের পুণ্যপাপের ষষ্ঠাংশ ভোগ করিয়া থাক, সেই প্রাহ্মণ তাহাদিগের এইরূপ ব্যবহার কীর্ত্তন করিয়াছিলেন। সেই প্রাহ্মণ পুনর্বার মাহা কছিলেন, তাহাও প্রবণ কর। বাহীকদেশে শাকল নামে এক নগর আছে। তথায় এক রক্ষ্মনী প্রতি কৃষ্ণ চতুর্দশীর রজনীতে ছন্দুভিধ্বনি করত এইরূপ সঙ্গীত করিয়া থাকে যে, আহা! আমি কত দিনে পুনরায় এই শাকল নগরে স্থ্যজ্জিত হইয়া গৌরীগণের সহিত গৌড়ী হ্বরা পান এবং গোমাংস ও পলাগুযুক্ত মেষমাংস ভোজন করিয়া বাহেয়িক সঙ্গীত করিবু। যাহারা বরাহ, কৃষ্কুট, গো, গর্দভ, উষ্ট্র ও মেষের মাংস ভোজন না করে, তাহাদের জন্ম নির্থক। ছে শল্য! শাকলদেশের আবাল বৃদ্ধ সকলেই স্থরাপানে মন্ত হইয়া এইরূপ সঙ্গাত করিয়া থাকে; অতএব তাহাদিগের ধর্মজ্ঞান কিরূপে সম্ভাবিত হইতে পারে?

হে মদ্রাজ! আর এক আক্ষণ কুরুদভায় যাহা কহিয়াছিলেন, তাহাও শ্রাবী করঁ। হিমাচলের বহির্ভাগে, যে স্থানে পীলুবন বিদ্যমান আছে এবং সিন্ধু ও তাহার শাখা শতক্র, বিপাশা, ইরাবতী, চক্রভাগা ও বিভস্তা নদী প্রবাহিত হইতেছে, দেই অরট্রদেশ নিতান্ত ধর্মহীন; তথায় গ্রমন করা অবি-ধেয়। আক্ষণ, দেবতা ও পিতৃলোক ধর্মভ্রুট সংক্ষারহীন অরট্রদেশীয় বাহীক-দিণের পূজা গ্রহণ করেন না। সেই স্থাশুন্য মূর্থেরা শক্ত ও মদ্যবিলিপ্ত কুরুরাবলীত কাষ্ঠময় ও মুগায়পাত্রে উট্ট্র, গর্মভ ও মেধের হয় ও তক্ষাত দধি প্রভৃতি ভক্ষণ করিয়। থাকে। সেই চুরাচারগণ কোন প্রকার অন্ধ ভক্ষণে বা ক্ষীরপানে পরাত্ম্ব নহে। তংহাদের কাহারই পিতার নির্ণয় নাই। পণ্ডিত্যুণ কদাচ তাহাদের সংসর্গ করেন না।

হে শৃষ্যু! কুরুসভায় বিপ্র আরও যাহা কহিয়াছিলেন, আমি তাহা তোমার নিকট কীর্ত্তন করিতেছি ! যে ব্যক্তি যুগন্ধরে উষ্ট্রাদির ত্রশ্বপান, অচ্যুত . ন্থলে বাস ও ভূতিলয়ে স্নান করে, তাহার কিরূপে স্বর্গলাভ ইইবে? পঞ্চ নদী পর্বত হইতে নিঃস্ত হইয়া যে স্থলে প্রবাহিত হইতেছে, দেই স্থানের নাম আরট্ট; সাধুলোক তথায় কদাচ তুই দিন অবস্থান করিবেন না। বিপাশা নদীতে বাহ ও বহীক নামে তুইটি পিশাচ আছে। বাহীকেরা তাহাদেরই অপত্য। উহারা প্রজাপতির স্ফ নহে; স্কুতরাং হীনযোনি হইয়া কিরূপে শাস্ত্রবিহিত্র্রধর্ম পরিজ্ঞাত হইবো ধর্মবিবর্চ্জিত কারক্ষর, মাহিষক, कालिन, त्कत्रल, कर्त्कां हे व वौत्रकश्नरक পतिकां न कर्ता कर्ज्या । रह মদ্ররাজ ! সেই ত্রাহ্মণ তীর্থগমনাসুরোধে সেই অরট্টদেশে একরাত্রি অবস্থান করিয়াছিলেন। ঐ রজনীতে এক উলুখলমেখলা রাক্ষদী তাঁহারে এই সকল বুক্তান্ত কহিয়াছিল। সেই আর্ট্রদেশ বাহীকগণের বাসন্থান, তথায় যে দকল হতভাগ্য আহ্মণ বাদ করে, তাহাদের বেদাধ্যয়ন বা যজ্ঞানুষ্ঠান কিছুই নাই। দেবগুণ সেই ব্রতবিহীন ছুরাচারদিগের অন্ন ভোজন করেন না। আর্ট্রদেশের স্থায় প্রস্থল, মন্ত্র, গান্ধার, খদ, বদাতি, দিক্ষু ও দৌবীর দেশে এইরূপু কুৎ-দিত ব্যবহার প্রচলিত আছে।

#### ষ্টুচছারিংশত্তম অধ্যায়।

হে শল্য! আমি পুনরায় তোমারে এক উপাখ্যান কহিতেছি, ভূমি
একাগ্রচিতে তাহার আদ্যোপান্ত প্রবণ কর। কিছুদিন হইল, এক ব্রাহ্মণ
আমাদের ভবনে অতিথি হইয়াছিলেন। তিনি তথায় সদাচার দর্শনে সাতিশয়
সন্তুষ্ট হইয়া কহিলেন, আমি বছকাল একাকী হিমালয় শৃঙ্গে বাস ও নানা
ধর্ম্মান্ত্রল বল্তর দেশ দর্শন করিয়াছি; কিন্তু কুত্রোপি সমুদায় প্রজারে
ধর্ম্মের বিরুদ্ধাচরণ করিতে দেখি নাই। সকলেই বেদোক্ত ধর্মাকে যথার্থ ধর্ম্ম
বিলিয়া থাকে। পরিশেষে আমি নানা জনপদ প্রমণ করত বাহীকদেশে উপছিত হইয়া শুনিলাম, তত্ত্বে লোক সকল অগ্রে ব্যহ্মণ হইয়া পরে ক্রমে ক্রমে

ক্ষত্রিয়, বৈশ্য, শৃদ্ধে, বাহীক ও নাপিত হয়। অনস্তর, পুনরায় ত্রাহ্মণ হইয়া তৎপরে দাস হয়। গান্ধার, মদ্রক ও বাহীকেরা সকলেই কামচারী, পদ্ধ-চেতা ও সংকীর্ণ। আমি সমস্ত পৃথিবী ভ্রমণ করিয়া, বাহীকদেশে এইরূপ ধর্মসঙ্করকারক আচারবিপ্রয়য় প্রবণ করিলাম।

হে মন্ত্রাধিপ ! আমি আর এক জনের নিকট বাহীকদিগের যে কুৎসিত কথা প্রবণ করে। পূর্বের আরট্টলশীয় দক্ষরা এক পতিব্রতা দীমন্তিনীরে অপহরণপূর্বেক তাঁহার দতীত্ব ভঙ্গ করিলে তিনি, এই শাপ প্রদান করিয়াছিলেন যে, হৈ নরাধমগণ ! তোমরা অধর্মাচরণপূর্বেক আমার দতীত্ব ভঙ্গ করিলে; অতএব তোমাদিগের কুলকামিনীপণ সকলেই ব্যভিচারিণী হইবে। আর তোমরা কথনই এই ঘোরতর পাপ হইতে বিমৃক্ত হইবে না। হে শল্য ! এই নিমিত্তই আরট্টদিগের পুজেরা ধনাধিকারী না হইয়া ভাগিনেয়গণই ধনাধিকারী হইয়া থাকে । কুরু, পাঞ্চাল, শাল্য, মৎসা, নৈমিষ, কোশল, কাশপোণ্ড, কলিঙ্গ, মগধ এবং চেদীদেশীয় মহাত্মারা সকলেই শাশ্বত পুরাতন ধর্ম সবিশেষ অবগতে আছেন এবং তদকুসারে কার্য্য করিয়া থাকেন। অধিক কি বলিব, বাহীক, মদ্রেক ও কুটিলহালয় পাঞ্চনদ ভিন্ন আর সকল দেশের অসাধু ব্যক্তিদিগের এ ধর্ম্মবিষয় বিদিত আছে।

হে মদ্রাজ। তুমি এই সকল বৃত্তান্ত জ্ঞাত হইয়া তৃষ্ণীন্তাব কর । তুমি সেই সকল লোকদিগের রক্ষাকর্ত্তা এবং তাহাদিগের পুণ্য-পাপের ষভ্ভান্ত হর্ত্তা অথবা রাজা প্রজা রক্ষা করিলেই তাহাদিগের পুণ্য-ভাগী হন, তোমার ত তাহাদিগের রক্ষার্থ যত্ম নাই; অতএব তুমি তাহাদের পুণ্যভাগের অধিকারী নহ, কেবল তাহাদিগের তৃষ্ণতেরই অংশ সংগ্রহ করিয়া থাক। পূর্বের সত্যযুগে সর্বলোক পিতামহ ব্রক্ষা অভ্যন্ত সমুদায় দেশে সনাতন ধর্মা পূজিত ও সকল বর্ণকে স্ব স্ব ধর্মে অবন্থিত অবলোকন করিয়া পরম পরিতৃষ্ট হইয়াছিলেন; কিন্তু পঞ্চনদ দেশীয় ধর্ম নিতান্ত কুৎদিৎ দেখিয়া ধিকার প্রদান করেন। হে শল্য। ব্রক্ষা যথন বাহীকদিগকে সত্যযুগেও কৃকর্মে প্রস্তুত দেখিয়া ভাহাদের ধর্মকে নিন্দা করিয়াছেন, তথন ভোষার জনস্মার্কে বাক্য ব্যন্ধ করা নিতান্ত অনুচিত।

েহে সঞ্জরাজ । আমি পুনরায় ভোমারে কহিতেছি, প্রবণ কর । পুর্বে কার্মাষপাদ নিশাচর "কাত্রিয়গণের ভিকার্ত্তি এবং ত্রাক্ষণদিগের মত্রত মল-স্বরূপ ; বাহীকগণ পৃথিবার মলম্বরূপ ও মদ্রদেশীয় কামিনীগণ অন্যান্ত ख्वीमिरंगंत म्लायक्रभा । এই कथा विलाट विलाट मरतावरत निमग्न इहेर छिल। ইত্যবসনে এক ভূপতি তাহারে সেই সরোবর হইতে উদ্ধার করিয়া রাক্ষদ-ৰিজাবক মন্ত্ৰ জিজ্ঞাদা করাতে দে কহিল, হে মহারাজ ! কোন ব্যক্তি" রাক্ষদ কর্ত্তক উপদ্রুত হইলে এই মন্ত্র বলিয়া তাহার চিকিৎদা করিতে হয় বে, "ক্লেচ্ছগণ মনুষ্যদিগের, তৈলিকগণ ফ্লেচ্ছদিগের, ষগুগণ তৈলিকদিগের ও ঋত্বিক ভূপতিগণ ষগুদিগের মলস্বরূপ । এক্ষণে ভূমি যদি সামারে পরিত্যাগ না কর, তাহা হইলে ঋত্বিক্ ভূপতি ও মদ্রকদিগের ছায় পাপ-ভান্তন হইবে ।" পাঞ্চালেরা আক্রাধর্ম, কৌরবেরা সভ্যধর্ম এবং মৎস্য ও শুরদেনদেশবাদীরা যাগ মজ্ঞাদির অসুষ্ঠান করিয়া থাকেন। পূর্ববদেশীয়ের। শুদ্রধর্মাবলমী, দাক্ষিণাত্যগণ ধর্মদ্রোহী, বাহীকেরা তক্ষ এবং সৌরা-স্ট্রৈরো সক্ষা কৃত্সতা, প্রাবভাগ্রণ, মদ্যপান, গুরুপালা চলন, বাক্-পারুষ্য, গোবধ, পারদারিকতা ও পরবস্ত উপভোগ ষাহাদিগের ধুমা, দেই আর্ট্রদিগের আর কি অধর্ম হইতে পারে ? অতএব পঞ্চনদ দেশকে ধিকু। (इ मक्तत्राक ! পाश्र्णाल, क्रूक़, निमिष ९ मएनार्रामणीरवता एप्राञ्च व्यवश्रञ আছেন, আর উত্তর দিকৃন্থিত অঙ্গ ও মগধদেশীয় রুদ্ধগণ ধর্মের শ্বরূপ অবগত না ছইয়াও শিশ্টজনের আচারের অনুসরণ করিয়া থাকেন 🟲

দেখ, অগ্নি প্রস্থৃতি দেবগণ পূর্ববিদিক্ আপ্রায় করিবিত্তন। পিতৃগণ পুণ্যকর্মা, ব্যরাজ কর্ত্তক স্থরক্ষিত দক্ষিণ দিকে অবস্থান করিতেছেন। বরুণ প্রশিচ্ম দিক্ আপ্রায় করিয়া স্থরগণকে প্রতিপালন করিয়া থাকেন। ভগবান্ কুবের ও ঈশান প্রাহ্মণগণের সহিত্ত উত্তর দিক্ রক্ষা করিতেছেন। হিমাচল পিশাচ ও রাক্ষসগণকে ও গন্ধমাদন পর্বত গুত্তকগণকে রক্ষা করিতেছেন। কিন্তু বাহীকদিগের প্রতি কোন বিশেষ দেবতার অনুগ্রহ নাই। সর্বভূত্ত, রক্ষক বিষ্ণুই তাহাদিশকে রক্ষা করিতেছেন; আর দেখ, মাগধগণ ইন্দিত্ত ও কোনল দেশবাদীর। প্রেক্ষিত্ত । কৌরব ও পাঞ্চালগণ বাক্য মূর্দ্ধ উচ্চারিত না হইলেও শালোর। সমগ্র বাক্য অভিহিত না হইলে কিছুই

শ্বনন্তর মহাবার শল্য কর্ণের সেই সমুদায় বাক্য প্রবণগোচর করিয়া কহিলেন,—হে সূতপুত্র ! আতুর ব্যক্তিকে পরিত্যাগ ও পুত্র কলত্রাদিগকে বিক্রম করা অঙ্গদেশে সবিশেষ প্রচলিত আছে; তুমি সেই অঙ্গদেশের অধিপতি । মহানীর ভীল্ম রথাতিরথ সংখ্যাকালে. তোমার যে সকল দোষ কীর্ত্রন করিয়াছিলেন তুমি একণে তৎসমুদায় অবগত হইয়া ক্রোধ সম্বরণ করি । ত্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুদ্র এবং পতিপরায়ণা রমণীগণ সর্বত্রেই বিদ্যুশ্র আছেন । সর্ব্ব শুক্রযের। পরস্পার পরস্পারকে পরিহাস করিয়া থাকে এবং ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তিরাও সর্বত্র অবস্থান করে। হে কর্ণ । সকলেই পরদোষ কীর্ত্তন করিতে পারে, কিন্তু আত্মদোষে কাহারই দৃষ্টি নাই । লোকে আপনুার দোয় জানিতে পারিয়াও বিস্মৃত হয় । মধর্মপরায়ণ ভূপালগণ সর্বত্রে বিদ্যুমান থাকিয়া ত্রফালল দমন করিতেছেন; ধার্ম্মিকেরা সর্ববদেশেই বাস করিয়া থাকেন । এক দেশের সকলে লোকেই যে অধ্যাচরণ করে, ইল্লানিতান্ত জনজ্বেব । অনেক স্থানে মনেকে স্ব ই চরিত্রে দায়া দেবগণক্ষেও অতিক্রম করিয়াছেন।

ি হে মহারার্জ। ঐ সময় রাক্ষা ভূর্য্যোধন মারেরাজ ও সৃতপুত্তকৈ পরস্পার-

বিবাদে প্রবৃত্ত দেখিয়। মিত্রভাবে কর্ণকে ও কৃতাঞ্জলিপুটে শল্যকে নিবারণ করিলেন। ,তখন কর্ণ ছুর্য্যোধন বৃর্তৃক নিবারিত হইয়া আর প্রভূত্তর ,করিলেন না এবং শল্যও শক্ত সংহারে অভিলাষী হইলেন। অনস্তর মহাবীর কর্ণ হায়্য করিয়া পুনরায় শল্যকে কহিলেন, হে মদ্ররাজ ! একণে ভূমি রথ সঞ্চালন কর।

### 'সপ্তচত্বারিংশত্তম অধ্যায় ।

সঞ্জয় কাইলেন,—মহারাজ ! অনন্তর সমরানপুণ শক্রস্দন নাথাতেজা কর্ণ পাণ্ডবগণের ধ্রউত্যুম্নভির্ক্তিত অরাতি পরাক্রম সহনক্ষম অপ্রতিম ব্যুহ নিরী-ক্ষণপূর্বক ক্রোধ কম্পিত কলেবরে আপনার সৈন্যগণকে যথাবিধ ব্যুহিত করিয়া রথনির্ঘোষ, সংহনাদ ও বাদিত্রের নিস্বনে মেদিনা কম্পিত করত অরাতিগণের অভিমুখে ধাবমান হইলেন এবং ইন্দ্র ধ্যেন গ্রস্থরগণকে বিনাশ করিয়াছিলেন, তদ্ধপ পাণ্ডব সৈন্যগণকে সংহার করত যুধিষ্ঠিরকে নিপীড়িত করিয়া তাঁহার বাম ভাগে গমন করিলেন।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়়! মহাবার সূতপুত্র কিরপে সেই ভীমসেন সংরক্ষিত দেবগণেরও অপরাজেয় ধৃষ্টপ্তান্ধপ্রমুখ পাণ্ডব পক্ষীয় মহাধন্ধরিনগণের বিপক্ষে বৃহহ নিশ্মাণ করিল। কোন্ কোন্ ব্যক্তি আমাদিগের বৃহহের পক্ষ ও কোন্ কোন্ ব্যক্তিই বা প্রপক্ষ হইয়াছিল ? বীরপণ কিরপে স্থায়ানুগত বিভাগ করত অবস্থান করিতে লাগিল ? পাণ্ডপুত্রগণ কিরপে বৃহহ রচনা করিয়াছিল ? আর কিরপে সেই স্থানকণ সংগ্রাম সমুপন্থিত হইল ? যখন কর্ণ মুধিন্তিরকে আক্রমণ করে, তৎকালে ধনজয় কোথায় ছিল ? মহংবীর অর্জ্জ্নের সমকে যুধিন্তিরকে আক্রমণ করা কাহার সাধ্য। পুর্বে যে অর্জ্জ্ন খাণ্ডবে একাকী সকল প্রাণীরে পরাজিত করিয়াছিল, কর্ণ ভিন্ন কোন্ ব্যক্তি জীবিতাশা পরিত্যাগ না করিয়া তাহার প্রতিশ্বন্দী হহতে পারে।

ত্ত সপ্তায় কহিলেন,—হে মহারাজ! যেরপে ব্যুহ রচনা হইল, মহাবীর অর্জন তৎকালে যে ছানে গমন করিয়াছিলেন এবং যে যে নীর স্ব স্থ পক্ষীয় ভূপতিরে পরিবেইটন ক্রিয়া যেরপে যুদ্ধ করিলেন, তৎসমুদায় তাবণ করণন। মহাবীর ক্রপাচার্য্য, ক্তবর্ণ্যা ও বলবান্ মাগধরণ দক্ষিণ

পক্ষ আতার করিলেন। মহারথ শকুনি ও উলুক বিমল পাশধারী স্।দিগণ, সলভসমূহের স্থায় ও বিকটাকার পশাচগণের ভায় অসম্ভান্ত পান্ধার সৈন্যগণ ও ফুর্জন্ম পার্ব্বতীয়দিগের সহিত সমবেক্ত হইয়া সৈই বীরগণের প্রপক্ষে অবস্থানপূর্ব্বক কৌরব দৈন্য রক্ষা করিতে লাগিলেন। সময় মদ-মত্ত সংশপ্তকগণও চতুর্বিংশতি সহত্র রথ সমভিব্যাখারে কৃষ্ট ও অর্জ্ঞানের বিনাশ সংশাষনার্থ ধার্ত্তরাষ্ট্রগণের সহিত সমবেত হইয়া ঐ ব্যুহের বামপার্খ রক্ষা করিত্রে লাগিল। শক, কামোজ ও যবনগণ অসংখ্য রথ, অশ্ব ও পদাতিদিগের সহিত সূতপুত্তের আদেশাসুদারে ধনঞ্জয় ও মহাবল বাস্থ-দেবকে যুদ্ধার্থ আহ্বান করত উহাদিগের প্রপক্ষে একস্থান করিল। বিচিত্র বর্মধারী অঙ্গদভূষিত মহাবার কর্ণ ক্রোধাবিফ স্বীয় পুত্রগণ কর্ত্তক হারকিত হইয়া সেনামুখের মধ্যভাগে অবস্থান করিতে লাগিলেন। সূর্য্যত্তাশন-সঙ্কাশ, পিঙ্গললোচন, প্রিয়দর্শন ছঃশাসন মান্তক্তে আরোহণপুর্বাক দৈন্য-গণে পরিবৃত হইয়া ব্যুহের পৃষ্ঠভাগ রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন। মহারাজ ছুর্ব্যোধন দেবগণ পরিরঞ্চিত দেবরাজের ভায় বিচিত্র অন্তর ও কবচধারী সহোদর এবং মহাবীষ্য মন্ত্রক, কেক্র ও দ্রোণপুত্র প্রভৃতি কেরবপক্ষীয় বীরগণ কর্ত্তক হুরক্ষিত হইয়া ছঃশাসনের অনুগমন করিলেম। মহাবল পরাক্রান্ত ক্রেচছগণ সমারত় মত্ত মাতঙ্গ সক্ল জলবর্ষী জলধরের ন্যায় খন-বরত মদধার। বর্ষণপুর্বক রথীদিগের অনুগমন করিতে লাগিল। উহার। ধ্বজ, পতাকা ৬ উৎকৃষ্ট আয়ুধ্ধারী মহামাত্রগণ কর্তৃক অধির টু, হইয়া মহীরুহ স্থান্তিত মহীধরের ন্যায় শোভা ধারণ করিল। পট্টার্শ ও অসিধারী সমরে অপরাশ্ব্য অসংখ্য বীরগণ ঐ সমস্ত মাতক্তের পাদরক্ষক হইল। এইরূপে দেই কর্ণের প্রয়ত্তে মহাব্যুহ অশ্বারোহী, গজারোহী e র্ধিনুমূতে, পরিপূর্ণ হইথা হুরাত্মর ব্যুত্তের ন্যায় শোভা ধারণপুর্বক মরাতি-গণের অস্তঃকরণে ভয় সঞ্চার করতই যেন নৃত্য করিতে লাগিল। হস্তী, অশ্ব ও রথ সমুদায় বর্ষাকালীন জ্ঞলদজালের ন্যায় উহার পক্ষ ও প্রপক্ষ হইতে যুদার্থ নিগত হইতে লাগিল।

তখন রাজা বৃধিষ্ঠির সেনামুখে কর্ণকে অবলোকন ক্রিয়া অমিত্রস্থ ধনপ্রমকে কহিলেন,—হে. মর্জ্বন! ঐ দেখ, মহাবীর কর্ণ রংগ্রামার্থ পক্ষ- প্রাণক্ষুক্ত মহাবৃহ নির্মাণ করিয়াছে। অতএব একণে শক্তবণ বাহাতে আমানিগকে পরাস্ত করিতে না পারে, তুনি এইরপ উপায় ক্ষির কর। মহাবীর অর্জ্বন বুরিষ্ঠির কর্তৃক এইরপ আতহিত হইরা ক্ষতাঞ্জলিপুটে কহিলেন, হে মহারাজ। আপনি যাহা আজ্ঞা করিলেন, আমি তাহাই করিব, সন্দেহ নাই। যাহাতে শক্তপক্ষের বিনাশ হয়, আমি তাহাই করিতেছি। উহাদের মধ্যে যাহারা প্রধান, তাহাদিগকে সংহার করিলেই সকলের বিনাশ সাধন হইবে। তথন যুধিষ্ঠির কহিলেন, হে অর্জ্বন! তুমি কর্ণের নহিত যুদ্ধ কর। আমি কুপের সহিত সমরে প্রবৃত্ত হইতেছি। আর ভীমসেন তুর্যোধনের, নকুল র্যসেনের, সহদেব শক্নির, শতানীক ত্রংশাসনের, সাত্যকি কৃত্বর্মার, পাণ্ড্য অর্থামার ও দ্বোপদীতনয়গণ শিক্তা সমভিব্যাহারে অন্যান্থ গুত্ত-রাষ্ট্র পুক্রগণের সহিত যুদ্ধ কর্কন।

হে মহারাজ ! মহাবার ধনঞ্জয় ধর্মরাজের বাক্য আনবণে যে আজ্ঞা মহাশয় বলিয়া স্বীয় দৈন্তগণকে দমরে প্রবৃত্ত হইতে আদেশ করিয়া স্বয়ং চমু-মুখে অবস্থান করত অরাতির অভিমুখে ধাবমান হইলেন। হে মহারাজ। পুর্বের ব্রহ্মার মুখসস্ভূত বিশ্বানরের নেতা এগ্রি যে রপের অশ্ব হইয়াছিলেন, প্রথমে অনল হইতে যাহার উৎপত্তি হইগ্রছিল, দেবগণ যাহা ব্রহ্মারে প্রদান করেন এবং পূর্বে যাহা ত্রন্মা, ঈশান, হত্ত ও বরুণকে মথাক্রেমে বহন कतिशाष्ट्रिल, अक्करण वाञ्चरत्व ७ अर्ज्जून म्हे याना तर्थ याताङ्ग कतिश গমন করিতে ল।গিলেন। মদ্ররাজ শল্য শেই অস্কুতদর্শন রথ অবলে; কর कतिया मगतप्रभाग कर्गरक शूनव्यात कहिलान, एक कर्ग !-- खूमि- याक्रारत অস্বেষণ করিতেছিলে, ঐ সেই মহাবীর ধনঞ্জয় শ্বেতাশ্বদম্পন্ন, বাস্কদেব পরিচালিত কর্মবিপাকের স্থায় নিতান্ত তুর্ণিবার্য মহারথে আবে। হণ-পুর্বেক শক্রাসৈশ্য নিপ্রীড়িত করত আগ্রমন ক্রিতেছেন। ছে কর্ণ! যখন মেখনিস্বনের ক্যায় ভীষণ ভূমুল শব্দ আবণগোচর ছইতেছে, তখন বাস্থানেব ও ধনপ্লয় আগমন করিতেছেন, সন্দেহ নাইন ঐ দের্থ, পার্থিব ধূলিপটন সমুখিত হইয়া আকাশমার্গ সমাচ্ছন করিয়াছে। মেদিনীমণ্ডল চক্রনেমি দারা আহত , হইয়াই যেন কম্পিত হইতেছে। তোমার সৈভ্যের সূইদিকে প্রকৃত্ত বাস্থ্য হাইভেছে। ক্রানগণ লোরতর চীৎকার ও কুরক্পণ

ভাষণ রবে ক্রন্সন করিতেছে । ঐ দেখ, মেঘাকার ঘোরদর্শন কেতু গ্রহ সূর্য্যক ममान्द्रश्च कतियाटि । प्रकृष्टिक विविध मृश्यूथ ও वनवान् भाष्म् नश्च किवाकतिक নিরী কণ করিতেছে। সহত্র সহত্র ভয়ক্ষর কক্ষ ও গৃধুপক্ষী সকল একত্র সম-বেত ও পরীস্পার সম্মুখীন হইয়া সম্ভাসণ করিতেছে। তোমার মহারঞ্জে রঞ্জিত চামর সকল প্রস্থালিত এবং ধ্বজ ও গগনস্থ গরুড়ের ভায় বেগবান্ মহাকায় তুরঙ্গমগণ কম্পিত হইতেছে। হে রাধেয় ! যখন এই সমস্ত তুর্নিমিত্ত উপস্থিত হইয়াছে, ভ্রমন নিশ্চয়ই সহত্র সহত্র ভূপাল নিহত হইয়া সমরশয্যায় শয়ন করিবেন। ঐ চতুর্দিকে অসংখ্য শহা, আনক ও মৃদক্ষের লোমহর্ষণ তুমুল শব্দ, মসুষ্য, অথ ও পজ সমুদায়ের ঘোরতর নিনাদ এবং মহাত্মা অৰ্জ্নের বাণ শব্দ, জ্যানিস্থন ও তলত্ত্বনি প্রবণগোচর হইতেছে। মহাবীর ধনঞ্জয়ের রথে স্বর্ণময় চন্দ্র, সূর্য্য ও তারকাগণের স্থােভিত স্বর্ণরজতথচিত শিল্পিনিন্মিত কিঙ্কিনীমুখরিত নানাবৰ্ণের পতাকা সকল বায়ুবিক,ম্পিত হইয়া মেঘমালা বিহুস্ত সৌলামিনীর ন্যায় শোভা পাইতেছে। মহাত্মা প্রাঞ্চালগণের পতাকাশালী রথ সমুদায়ের ধ্বজ সকল বায়ুবৈগে কণ কণ ধ্বনি করত বিমানস্থ দেবতাগণের শো ভা ধারণ করিতেছে। ঐ দেখ, অপরাজিত কুন্তাপুত্র অর্জ্বন বিপক্ষ বিনাশের নিমিত্ত আগগন করিতেছেন। ভাঁহার ধ্বজাগ্রে অরাতিভীষণ ভীমদর্শন বানর লিকত হইতেছে। মহাবল পরাক্রান্ত বাস্ত্দেব অর্চ্ছনের পবন তুল্য বৈগবান্ পাণ্ডুর অত্মগণকে পরিচালন। করিতেছেন। তাঁগার শব্দ, চক্র, গদা, শাঙ্গ ও কোন্তভমণি যাহার পর নাই শোভা পাইতেছে। ধনঞ্জরের শরাসনভ্রেষ্ঠ গ্রাপ্তীব আরুফ 🔫রতর নিস্বন ও নিশিত শরনিকর নিক্ষিপ্ত হইয়। অরাতিগীনের প্রাণ সংহার করিতেছে। এই বিশাল সমরভূমি ক্সপলায়িত ভূপালগণের তাআৰু সম্পন্ন মস্তকৰারা সমাকীর্ণ হইতেছে। বীরগণের পবিত্র গন্ধাসূলিপ্ত উদ্যতায়ুধু পরিঘাকার ভুজ সুমুদায় অনবরত নিপতিত হইতেছে। অশ্বগণ আরো হীদিগের সহিত নিপাতিত হইয়া নিস্পান্দ নয়নে ধরা শ্যায় শয়ন করি-তেছে। পর্বতশৃক্ষ দদৃশ মাতক্ষণণ অর্জ্জুনের শরে ছিন্ন ভিন্ন হইয়া পর্বতের ন্যায় বৈচরণ করিতেছে। সমর নিহত নৃপগণের গৃন্ধকবিনগর। কার রথ সমুদায় কীণপুণ্য স্বৰ্গবাসাদিগের বিমানের ন্যায় সমরাঙ্গনে নিপতিত্ হইতেছে। মহাবীর ধনঞ্জয় কৌরব সেনাগণকে সিংহ নিপীড়িত মুগমুণের ন্যায় ব্যাকুলিত

করিয়াছেন। ঐ দেখ, মহাবল পরাক্রান্ত পাগুবগণ সমরাঙ্গনে ধাবমান হইয়া কোরব পক্ষায় হস্তা, অশ্ব, রথী ও পদাতিদিগকে নিপীড়িত ও ভূপতিগণকে নিহত করিতেছেন। হে কর্ণ! ভূমি যাহারে অশ্বেষণ করিতেছ, সেই শক্তমূদন শৈতাশ্ব কৃষ্ণুদারথি ধনপ্রয় মেঘাচছন্ন দিবাকরের ন্যায় অদৃশ্য ইইয়াছেন। একাণে কেবল তাঁহার ধ্বজাগ্র লক্ষিত ও জ্য়াশক শ্রুতিগোচর হইতেছে। ভূমি অচিরাৎ কৃষ্ণের সহিত একরথে সমাসীন সেই অরাতিনিপাতন মহাবীরকে অবলোকন করিবে। হে সূতপুত্র! বাস্তদেব ঘাঁহার সারথি এবং গাঞ্জীব ঘাঁহার শরাসন, ভূমি যদি সেই অর্জনকে নিপাতিত করিতে সমর্গ্রহণ, তাহা হইলে ভূমিই আমাদিগের রাজা হইবে। মহাবল ধনপ্রয় সংশপ্তকগণ কর্ত্তক আহুত হইয়া তাহাদের অভিমুখে গমনপূর্ণ্বক তাহাদিগকে নিপাড়িত করিতেছেন।

হে মহারাজ! মহাবীর কর্ণ মন্তরাজের এই বাক্য প্রাবণ করিয়া সরোষ নয়নে কহিলেন, হে শল্য! ঐ দেখ, সংশপ্তকগণ ক্রুদ্ধ হইয়া ধনঞ্জয়ের প্রতি ধাবমান হওয়াতে অর্জ্জন মেঘাচ্ছম দিবাকরের ন্যায় আর লক্ষিত হইতেছে না। অতঃপর তাহারে ঐ যোধসাগরে নিময় হইয়া নিহত হইতে হইবে। শল্য কহিলেন, হে কর্ণ! বায়ু অবরোধ, সমুদ্রপান, জলদ্বারা বরুণকে বিনাশ ও ইন্ধন দ্বারা অয়ি প্রশমন করা যেরূপ অসাধ্য, মহাবীর ধনঞ্জয়কে সমরে নিপী-ড়িত করাও তক্রপ, সন্দেহ নাই। ইন্দ্রাদিদেব ও অন্তরগণও ঐ মহাবীরকে সংগ্রামে জয় করিতে পারেন না। যাহা হউক, তুমি অর্জ্জনকে পরাজয় করিব, মুখে এই কথা বলিয়া পরিতৃষ্ট ও স্লমনা হও; কিন্তু বন্তত কথনই ভাহারে জয় করিতে পারিবে না। অতএব অর্জ্জন পরাজয় ব্যতীত অন্তর্কন মনোরথ করাই তোমার কর্ত্রতা। যিনি বাজ্ দ্বারা পৃথিবীমগুল উর্জ্বত, ক্রেদ্ধ হইয়া এই সমস্ত প্রজাগণকে দক্ষ ও দেবগণকে স্বর্গ হইতে পাত্তিত করিতে পারেন, তিনিই অর্জ্জনকৈ সমরে পরাজয় করিতে সমর্থ, সন্দেহ নাই।

হে কর্ণ। ঐ দেখ, অক্লিউকর্মা ফোধপরায়ণ মহাবাহু ভীমদেন চির-বৈর ম্মরণপূর্বক বিজয়লাভ বাসনায় সমরাঙ্গনে অপর স্থমেরুর ন্যায় অব-ম্মান করিতেছেন। অরাতিকুল্যাতন ধর্মারাজ যুধিষ্ঠির, পুরুষব্যাত্র সূর্জ্জয় নকুল ও সহদেব সংগ্রামার্থ প্রস্তুত রহিয়াছেন। অর্জ্জন তুল্য সংগ্রামনিপুণ ক্রোপদীতন্মগণ যুদ্ধাভিলাষী হইয়া পাঁচ পর্বতের স্থায় অবস্থান করিতেছে। মহাবল পরাক্রান্ত ধৃষ্টপুত্রর প্রভৃতি ক্রুপদ চনগ্রগণ সংগ্রামে অভিমুখীন হইগাছে এবং ইন্দ্রভুল্য অনহ পরাক্রমশালী দাজ চপ্রেষ্ঠ দাত্যকি সংগ্রামার্থী হইগা কুদ্ধ কালান্তক যমের স্থায় কোঁরব দেনার প্রতি গমন করিতেছে। হে মহারাজ। দেই বীরদ্বয়ের এইরূপ কথোপ ক্থন হইতেছে, এমন সুমুরে উভয়পক্ষীয় সেনাগণ গঙ্গা ও যমুনার স্থায় পরস্পার মিলিত হইল।

## অষ্টচত্বারিংশত্তম অধ্যায়।

ধৃ করাষ্ট্র-কহিলেন,—হে সঞ্জয়! এইরূপে উভদ্ধপক্ষীয় সৈন্যগণ বৃাহিত ও পরস্পর মিলিত হুইলে মহাবীর ধনঞ্জয় সংশপ্তকদিগের প্রতি ও সূতপুত্র পাশুবগণের প্রতি ক্রিপে যুদ্ধার্থ গমন করিল ? তুমি সমর বৃত্তান্ত বর্ণনে স্থানিপুর্ণ ; অতএব এক্ষণে উহা সবিস্তরে কীর্ত্তন কর। আমি বীরগণের পরাজ্ঞমের বিষয় প্রথণ করিয়া কিছুতেই তৃপ্তিলাভ করিতে সমর্থ হইতেছি না।

সঞ্জয় কহিলেন,—মহারাজ ! মহাবীর অর্জ্ব বিপক্ষ সৈন্যগণের বৃহে
অবলোকন করিয়া স্বীয় সৈন্তগণকে বৃহহিত করিলেন। চন্দ্র সূর্য্য সদৃশ
কান্তিশিপান মহাধকুর্বর মহাবীর ধৃষ্টগুল্ল পারাবত সবর্গ অশ্ব সংযোজিত রপ্রে
সমারচ হইয়া সেই সাদি, মাতঙ্গ, পদাতি ও রথ সমুদায় সঙ্কুল মহাবৃহহের
মূথে অবস্থানপূর্বক সাক্ষাৎ কৃতান্তের ভায় শোভা ধারণ করিলেন। শার্দ্ধুলের
ভায় মহাবল পরাক্রান্ত দোশদীর পঞ্চপুল্র দিব্য আয়ুধ ও বর্মধারণপূর্বক
অক্তরগণ সমভিব্যাহারে তারাগণ যেমন চন্দ্রকে রক্ষা করে, তদ্রপ ধৃষ্টগুল্লকৈ
রক্ষা করিতে লাগিলেন।

এইরপে দৈনাগণ ব্যহিত হইলে মহাবার ধনঞ্জয় সংশপ্তকগণকে সমরাঙ্গনে অবলোকন করিয়া ক্রোধভরে শরাসন আস্ফালনপূর্বক তাহাদের প্রতি ধাবমান হইলেন। তথন হতাশ্বরথ ভূমিন্ট সংশপ্তকগণও বিজয়লাভার্থী ও অর্জ্রন্বধে ক্রাধ্যবসায়ারত হইয়া প্রাণপণে তাঁহার অভিমুখে গমন করত তাঁহারে শর্মিকরে নিপাড়িত করিতে লাগিল। ঐ সময় ধনঞ্জয়ের সহিত নিবাত-ক্রচগণের ন্যায় সেই সংশপ্তকগণের ঘোরতর সংগ্রাম সমুপস্থিত হইল । মহাবার অর্জ্বন বিপক্ষগণের রথ, অশ্ব, হস্তা, ধরজ, পদাতি, শর, শরাসন, শঙ্গা, চক্র, পরশু এবং আয়্ধ্রুক্ত উদ্যত বাহু, বিবিধ অল্প ও মন্তক্র সম্দায় ছিদন করিতে আরম্ভ করিলেন। সংশপ্তকগণ সেই সৈন্যক্ষপ মহাবর্ত

মধ্যে ধনপ্লবের রথ নিময় জ্ঞান করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে প্রবৃত্ত হইল। তখন মহাবীর ধনপ্রয় পশু সংহারে প্রবৃত্ত রুদ্রদেবের তায় একান্ত ক্রোধাবিন্ট হইয়া সম্মুখীন বীরগণকে সংহারপূর্বক উত্তর, দক্ষিণ ও পশ্চান্তাগ-হিত জুরাভিগণকে প্রহার করিতে লাগিলেন।

প্র সময় পাঞ্চাল, চেদি ও স্প্তেয়গণের সহিত কৌরবদিগের তুমুল যুদ্ধ আরম্ভ হইল। মহাবীর কুণ, কুতবর্মা ও শকুনি ইহারা সমরমত হইয়া কৌশল্য, কাশী, মংস্ত, কারম, কৈকয় ও শ্রদেনদিগের সহিত সংগ্রাম আরম্ভ করিলেন। হে মহারাজ! ঐ যুদ্ধ ক্ষত্রিয়, বৈশ্য ও শ্দ্রকুলসম্ভূত বীর-গণের বিনাশকর, যশক্ষর ও পাপনাশক এবং স্বর্গ ও ধর্ম্মলাভের হেতুম্ভ ত!

প্র সময় মহারাজ তুর্য্যোধন মদ্রক ও কৌরব বীরগণে পরিবৃত হইয়া দ্রাত্বগণ সমভিব্যাহারে পাওব, পাঞ্চাল, চেদিগণ এবং সাত্যকির সহিত যুদ্ধে প্রবৃত্ত মহারথ কর্ণকৈ রক্ষা করিতে লাগিলেন। মহাবীর কর্ণও নিশিত শরনিকরে পাওব পক্ষীয় সৈত্য বিনষ্ট ও মহারথগণকে বিমর্দ্ধিত করত ধর্মনাল যুধিষ্টিরকে নিপীড়িত করিতে গারম্ভ করিলেন এবং অসংখ্য শত্রুগণের বস্ত্র ছেদন, রথ উন্মূলন ও প্রাণ গংহারপূর্বক তাহাদিগকে যশস্বী ও স্বর্গভাজন করিয়া যৎপরোনান্তি আফ্লাদিত হইলেন। হে মহারাজ! এইরপে কৌরব ও স্প্রেম্বদিগের হস্তী, অশ্ব ও মনুষ্যগণের ক্ষয়কর দেবাস্থ্র সংখ্যাম সদৃশ ঘোরতর যুদ্ধ হইতে লাগিল।

# একোনপঞ্চাশত্তম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! সহাবীর কর্ণ পাণ্ডব নৈ সমিধির প্রবিষ্ট ও যুধিন্তির সমিধানে সমুপদ্থিত হইয়া কিরুপে লোকক্ষয় করিল ? পাণ্ডব মধ্যে কোন্ কোন্ বীর কর্ণকে নিবারণ করিল এবং সূতপুত্র কোন্ কোন্ বীরকে প্রমথিত করিয়া ধর্মরাজকে নিপীড়দে প্রবৃত্ত হইল ? ভূমি এক্ষণে আমার সমক্ষে তৎসমূদায় কার্ত্তন কর ।

্ সঞ্জয় কহিলেন,—মহারাজ ! মহাবীর কর্ণ ধ্রউত্যুদ্ধ প্রমুখ পাগুবপক্ষীয় বীরগণকে সমরে অবস্থিত দেখিয়া সন্তরে পাঞ্চালগণের প্রতি ধাবমান হইলেন । তথন হংসেরা যেমন মহাসাগরাভিমুখে গমন করে, তক্ত্রপ পাঞ্চাল-গণ কর্ণকে ক্রিভবেগে আগমন করিতে দেখিয়া তাঁহার অভিমুখে গমন করিল। অনন্তর উভয়পকে অসংখ্য শহুধবনি ও ভয়ঙ্কর ভেরীশব্দ প্রাষ্ট্রভূত হইল এবং অনবরত শর নিপাত শব্দ, করি রংহিত, অশ্বহ্রেষিত, রথের
ঘর্ষর রব ও বীরগণের সিংহনাদ শুরুতিগোচর হইতে লাগিল। যাবতীয় জীবজন্তুগণ সেই ভীষণ শব্দ শ্রেবণে অদ্রিক্রম পরিপূর্ণ অবনীমণ্ডল স্মীরণ সমীরিত অমুদ পরিশোভিত আকাশ এবং চক্র সূর্য্য ও গ্রহ নক্ষত্র পরিব্যাপ্ত
মর্গ বিকম্পিত ইইতেছে বিবেচনা করিয়া নিতান্ত ব্যথিত হইল। অল্লসন্ত্র্রাণিগণ প্রায়্ণ সকলেই কলেবর পরিত্যাগ করিল।

অনন্তর মহাবীর কণ একান্ত কোধাবিষ্ট হইয়া সত্তরে শর্নিক্র পরি-ত্যাগপুর্বক স্থররাজ যেমন অস্তরগণকে সংহার করিয়াছিলেন, তজ্ঞপ পাণ্ডব সৈত্মগকে বিনাশ করিতে লাগিলেন। তিনি পাণ্ডব সৈত্মধ্যে প্রবিষ্ট হইয়া সপ্তসপ্ততি প্রভদ্রককে শরানলে দগ্ধ করিলেন এবং স্থানিশিত পঞ্চ-বিংশতি শরে পঞ্চবিংশতি পাঞ্চালকে বিনাশ ক্রিয়া অরাতিদেহ বিদারণ গুবর্ণপুঞ্জ নারাচ নিকরে দৃহস্র দহস্র চেদীদেশীয় বারকে বিনাশ করিতে লাগিলৈন্। তথন পাঞালদেশীয় মহারথগণ সূতপুত্রকে সংগ্রামে অলৌকিক কার্য্যের অনুষ্ঠান করিতে দেখিয়া অবিলস্থে তাঁহারে পরিবেষ্টন করিলেন। মহাবীর কর্ণপ্ত সত্তবে শরাসনে পাঁচ শর সন্ধান করিয়া ভাহাদের মধ্যে ভাকুদেব, চিত্রদেন, দেনাবিন্দু, তপন ও শ্রমেনকে বিনাশ করিলেন। তদ্দ-র্শনে পাঞ্চালগণ হাহাকার করিতে লাগিল। তথন পাঞ্চাল দেশীয় আর দশ জন মহারথ কর্ণকে পরিবেষ্টন করিলে মহাবীর কর্ণ তাঁহাদিগকেও জুনর-লম্বে বিনার্শী কার্বলৈন। ঐ সময় তাঁহার পুত্র ও চক্রক্ষক স্ক্ষেণ ও সত্যদেন প্রাণপণে যুদ্ধে প্রবৃত্ত হইলেন এবং তাঁহার জ্যেষ্ঠ পুজ ও পৃষ্ঠধৃক্ষক ব্র্ষ-শেন যত্ন সহকারে ভাঁহার পৃষ্ঠ রক্ষা ক্রিতে লাগিলেন.। অনন্তর মহাবীর श्रुके**ड्राञ्च, मा**ठ्यकि, त्रुकानत, जगत्मज्ञ, मिथछो, नकूल, •महरनव, द्वारीपनीत পাঁচ পুত্র এবং প্রায়ীর, প্রভদ্রক, চেদি, কৈকেয়, পাঞ্চাল ও মৎস্থাগণ সূতপুজ্বে বিনাশ করিবার নিমিত্ত ভাঁহার প্রতি ধারমান হইয়া বর্ষাকালে জলদ্জাল যেমন মহীধরের উপর বারি বর্ষণ করিয়া থাকে, তক্রপ তাঁহার উপর বিবিধ অন্তর শস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন। তখন কর্ণের পুত্রগণ ও তাঁহার পক্ষ অন্যান্ত বীর সকল তাঁহারে রক্ষা করিবার নিমিছ সেই পাওব

পক্ষীয় বীরগণকে নিবারণ করিতে আরম্ভ করিলেন। মহাবীর হ্রষেণ ভল্লান্তে ভীমদেনের শরাদন ছেদন করিয়া সাত্রনারাচে তাঁহার বক্ষস্থল বিদ্ধ করত সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তথন ভীমপরাক্রম ভীমদেন সম্বরে অন্ত এক স্কুদৃঢ় শরাসন গ্রহণ ও তাহাতে জ্যারোপণপূর্বক স্থয়েণের কাম্মুক ছেদন করিয়া ফেলিলেন এবং ক্রোধভরে দশ শরে তাঁহাকে বিদ্ধ করিয়া নিশিত ত্রিসপ্ততি বাণে কর্ণকে বিদ্ধ করিলেন। তিনি তৎপরে দশ শরে কর্ণের পুত্র ভাতুদেনকে বিদ্ধ করিয়া স্কুল্পণ সমক্ষে ক্ষুর দারা অখ, সার্থি, আয়ুধ ও ধ্বজ সমভিব্যাহারে তাঁহার মস্তক ছেদন করিয়া ফেলিলেন। ভাকু-সেনের সেই শশধর সদৃশ রমণীয় মস্তক ভীমসেনের ক্ষুর দ্বারা ছিন্ন হইয়া মৃণালভ্রফ কমলের স্থায় শোভা ধারণ করিল।

অনস্তর মহাবীর ভীমদেন কুপ ও কুত্বর্মার কাম্মুক ছৈদন করিয়া তাঁহাদিগকে ও অন্যান্য বীন্নগণকে শর্মিকরে মিপীড়িত করিতে লাগিলেন এবং তিন শরে ছুঃশাসনকে ও ছয় শরে শকুনীকে বিদ্ধ করিয়া উল্ক ও তাঁহার ভাতা পতত্রিরে রথহীন করিলেন। তৎপরে তিনি স্থযেণকে লক্ষ্য করিয়া হা স্থায়েণ ! তুমি এইবারে নিহত হইলে এই বলিয়া এক সায়ক গ্রহণ করিলে মহাবীর কর্ণ উহা সম্বরে ছেদনপূর্ব্বক তিন শরে তাঁহারে তাড়িত করিলেন। তখন মহাবীর ভীম তার একটী স্থতীক্ষ্ণ শর গ্রহণ করিয়া কর্ণ-পুত্র স্থাবেশের প্রতি নিক্ষেপ করিলেন। মহারথ কর্ণ তৎক্ষণাৎ উহাও ছেদর করিয়া ফেলিলেন। অনস্তর তিনি হুষেণকে রক্ষা ও ভীমদেনকে বিনাশ করিবার বাদনায় ত্রিদপ্ততি শরে রুকোদরকে বিদ্ধ করিলেন। ঐ সময় মহাবীর স্থামেণ ভারসহ শরাসন গ্রহণপূর্বক পাঁচ বাণে নকুলের বাভ্ ও বক্ষস্থল বিদ্ধ করিলে মহাবীর মাদ্রীতনয় বিংশতি শরে ভাঁহারে বিদ্ধ করিয়া কর্ণের অন্তঃকরণে ভয় সঞ্চার করত দিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তথন মহারথ স্থায়েণ দশ শরে নকুলকে বিদ্ধা করিয়া ক্ষুত্রপ্রাস্তে তাঁহার কার্য্মুক ছেদন করিয়া ফেলিলেন। মহাবীর নকুল তদ্দর্শনে ক্রোধা-বিষ্ট হইয়। সত্তরে অন্য এক শরাসন গ্রহণপূর্বক নয় শরে হ্রষেণকে নিবারণ করিলেন এবং তৎপরে অসংখ্য শরে দিল্পগুল আচ্ছাদনপুর্বক স্থায়েশের সার-খিরে আহত ও তিন শরে তাঁহারে বিদ্ধ করিয়া তিন ভল্লে তাঁহার কার্দ্ম ক ভিন

খণ্ড করিয়া ফেলিলেন। তথন সংযোগ রোষভরে অন্য: শরাসন গ্রাহণ করিয়া নকুলকে ষ্ঠি ও সহদেবকৈ সাত শরে, বিদ্ধা করিলেন। এইরূপে তাঁহারা পর-স্পার বিনাশ মানসে সায়কনিকরে পরস্পারকে প্রহার করিতে প্রান্ত হুইলে, সেই যুদ্ধ স্থরাস্থর সংগ্রামের ন্যায় ঘোরতর ইয়া উঠিল।

তখন মুহাবীর সাত্যকি তিন শারে ব্যদ্দেরে সার্থিরে বিনাশ, এক ভল্লে শ্রাসন ছেদন, সাত শরে অশ সংহার ও এক' বাণে ধ্বজদণ্ড ছেদন করিয়া নিশিত তিন-শারে তাঁহার বক্ষস্থলে আঘাত ্করিলেন। র্যসেন্ সাত্যকির শরা-ঘাতে প্রথমত একান্ত অবসমহইয়া মুহূর্ত্তকাল মধ্যে পুনরায় উত্থিত হইলেন একং সাত্যকিরে সংহার করিবার মামসে খড়গ চর্ম্ম ধারণ করিয়া তাঁহার প্রতি গমন করিতে লাগিলেন। মহাবীর সাত্যকি রুষদেনকৈ মহাবেগে আগমন করিতে দেখিয়া<sup>°</sup> সম্বরে দশ বরাহকর্ণ অন্তর দারা তাঁহার খড়গ চর্ম খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তৃথন ছঃশাসন বৃষদেনকৈ রথশূভা ও আয়ুধহীন নিরীক্ষণ করিয়া স্বীয় রথে আরোপিত করত অবিলম্বে অন্য এক খানি রথ আনয়ন করাইলেন। মহারথ র্যদেন সেই রথে আরোহণ করিয়া দ্রৌপদীর পঞ্চপুক্রকে ত্রিসপ্ততি, সাত্যকিরে পাঁচ, ভীমদেনকে চতুঃষষ্ঠি, সহদেবকে পাঁচ, নকুলকে ত্রিংশৎ, শতানীককে সাত, শিখণ্ডীরে দশ, ধর্মরাজকে এক শত ও অন্যান্য বীরগণকে বৃত্ত্বসংখ্য শরে নিপীঞ্তি করিয়া কর্ণের পৃষ্ঠরক্ষায় প্রবৃত্ত হইলেন । 🗳 সময় মহাবীর সাত্যকি ছুঃশাসনকে নয় শরে বিদ্ধ এবং তাঁহার রথ ও সার-থিরে বিনষ্ট করিয়া ভাঁহার ললাটদেশে তিন শর নিক্ষেপ করিলেন। उँ। ন মহাবীর ছঃশাসন পুনরায় অন্য স্থসজ্জিত রথে আরোহণপূর্বক সৃতপুত্তের সৈন্যগণকে আচ্ছাদিত করিয়া পাণ্ডবগণের সহিত ঘোরতর সংগ্রাম করিতে লাগিলেন।

শ্বনন্তর মহাবীর ধৃষ্টপ্রান্থ দশ, দ্রোপদীতনয়গণ ত্রিসপ্ততি, সাত্যকি সাত, ভীমসেন চতুঃষষ্টি, সহদেব সাত, শিখণ্ডী দশ, ধর্মরাজ এক শত এবং অন্যান্য বীরগণ অসংখ্য শরে সূতপুত্রকে বিমর্দিত করিলেন। মহাবীর কর্ণুও প্রত সমন্ত বীরের প্রত্যেককে দশ দশ শরে বিদ্ধ করত সমন্তাঙ্গণে বিচরণ করিতে লাগিলেন। ঐ সময় আমরা সূতপুত্রের অস্তবল ও হস্তলাঘব দর্শনে একান্ত বিশ্বয়াবিষ্ট হইলাম। তিনি যে ক্রোধভরে কথন অস্ত্র গ্রহণ, কৃথন সন্ধান আর কথনই

বা প্রয়োগ করিতে লাগিলেন, তাহা কিছুই দৃষ্টিগোচর হইল না। তৎকালে সকলে কেবল চাঁহার বিপক্ষগণকে নিহত ও সমরাঙ্গনে নিপতিত নিরীক্ষণ করিল। এ সময় কর্নের নিশিত শরনিকরে দিখাওল, ভূমগুল ও নভোমগুল পরিপূর্ণ হইয়া গেল এবং অম্বরতল রক্তবর্ণ অভ্রথণ্ডে সমৃত বলিয়া বোধ হইতে লাগিল। তথন মহাবীর সূতপুত্র শরাসন হস্তে নৃত্য করতই যেন, শত্রুগণ তাঁহারে যাবৎ সংখ্যক শরে বিদ্ধ করিয়াছিল, তদপেক্ষা তিন গুণ শরে তাহা-দের প্রত্যেককে বিদ্ধ করিয়া পুনরায় সহত্র শহের নিপীড়িত করত সিংহনাদ পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। পাগুবপক্ষীয় বীরগণ কর্নের শরে আশ্ব রথ সমভিব্যাহারে সমাস্ক্রম হইয়া তৎক্ষণাৎ অবকাশ, প্রদানপূর্বক অপ্রস্ত হইলেন।

অনস্তর মহাবীর কর্ণ পাগুবগণের করিলৈন্য মধ্যে প্রবেশপূর্বক চেদীদেশীয় ত্রিংশত রথীরে বিনাশ করিয়। নিশিত শরনিকরে ধর্মরাজ যুধিষ্ঠিরকে
নিশীড়িত করিতে লাগিলেন । তথন ভীমদেন প্রভৃতি পাগুবগণ এবং শিখণ্ডী ও
সাত্যকি ধর্মরাজকে রক্ষা করিবার মানসে তাঁহারে পরিবেইটন করিলেন।
মহাবল পরাক্রাস্ত কৌরবগণও তুর্নিবার কর্ণকে পরম যত্ন সহকারে রক্ষা
করিতে লাগিলেন। ঐ সময় সমরাঙ্গনে নানাবিধ বাদ্যধ্বনি ও বীরগণের সিংহনাদ প্রাত্ত ভূতি হইল। তথন যুধিষ্ঠির প্রমুখ পাগুবগণ ও সূত্রত্ব প্রভৃতি
কৌরবগণ নিভীকচিন্তে পুনরায় সংগ্রামে প্রবৃত্ত হইলেন।

#### পঞ্চাশত্তম অধ্যায় ।

হে মহারাজ! অনন্তর মহাবীর কর্ণ সহস্র সহস্র হস্তা, আর্থা, রথ এবং পদাতিগণে প্ররেবেষ্টিত হইয়া পাগুবসৈত্য ভেদপূর্বক যুধিন্ঠিরের অভিমুখে গমন করিলেন এবং শত্রু নিক্ষিপ্ত বিবিধ শর্মাকর ছেদনপূর্বক অবলীলাক্রমে তাহাদিগকে বিদ্ধ করিয়া তাহাদিগের মন্তক, বাহু ও উরুদেশ ছেদন করিতে লাগিলেন। সূতপুত্রের ভীষণ শরাঘাতে অরাতি পক্ষীয় অসংখ্য বীর নিহত হইয়া ভূতুলে নিপতিত হইল এবং কতগুলি বিকলাঙ্গ হইয়া সমর পরিত্যাগপূর্বক পলায়ন করিল। এ সময়ে দ্রোবিড় ও নিষাদদেশীয় পদাতিগণ লাত্যকি কর্ত্ব প্রেরিত হইয়া কর্ণের বিনাশ বাসনায় ধাব্যান হইল। মহাবীর কর্ণও তাহাদিগকে ছিন্ন বাহু, ছিন্ন উষ্ণীয় ও বিগতান্ত করিয়া ছিন্নমূল শালবনের

ন্থার যুগপৎ ভুতলে নিপাতিক করিলেন। বীরগণ এইরূপে অকুতোভরে কর্ণের সম্মুখীন হইয়া প্রাণ পরিত্যাগ কুরাতে তাহাদের যশোঘোষণায় দশ দিক্ পরিপূর্ণ হইল।

অনন্তর পাণ্ডব ও পাঞ্চালগণ ক্রুদ্ধ অন্তকের ন্যায় কর্ণকে রণুষ্ত্রত অব-স্থান করিতে অবলোকন করিয়া মন্ত্র ও ঔষধ যেমন ব্যাধিরে অবরোধ করে, তিদ্রেপ তাঁহাঁটের অবরোধ করিলেন। মহাবীর সূতপুত্রও মস্ত্রৌষধ-প্রমাথী উল্লণ ব্যাধি 🚅 শ্যায় তাঁহাদিগকে মন্দিত করিয়া যুধিষ্ঠিরের অনতিদূরে উপ-ন্থিত হইলেন; কিন্তু যুধিষ্ঠির হিতাথী পাওব, পাঞ্চাল ও কেক্য়গণ কর্তৃক রুদ্ধ হইয়া ব্রহ্মবেক্তাও যেমন মৃত্যুরে. অতিক্রম করিতে সমর্থ হন না, তদ্ধপ ভাঁহাদিগকে অতিক্রম করিতে অসমর্থ হইলেন। অনস্তর ধর্মরাজ যুধি**তি**র রোষারুণিতলোচনে অদুরস্থিত অ্রাতিনিপাতন সূতপুত্রকে কহিলেন, হে সূতপুত্র ! আমি যাহ। কহিতেছি, শ্রেবণ করে। তুমি সভত বলবান্ অৰ্জ্নের সহিত সংগ্রাম করিবার নিমিত্ত স্পদ্ধা করিয়া থাক এবং ছুর্য্যোধনের মতা-মুসারে নিয়ত আমাদিগকেও পীড়ন করিতেছ। এক্ষণে তোমার যতদূর বল-বীর্ঘ্য ও আমাদিণের প্রতি বিদ্বেষ বুদ্ধি থাকে, পৌরুষ অবলম্বনপূর্বক তাহা প্রকাশ কর। আমি আজি তোমার রণবাসনা নিঃশেষিত করিব। <sup>°</sup> হে মহা-রাজ ! ধর্মারাজ যুদিষ্ঠির সূতপুত্রকে এই কথা বলিয়া স্থবর্ণপুত্র লোহময় দশ শরে তাঁহারে বিদ্ধ করিলেন। তথন মহাধমুদ্ধর শত্রুতাপন কর্ণ হাস্য করত দশ বৎসদন্ত শবে যুধি**ন্ঠি**রকে প্রতিবিদ্ধ করিলেন। ধর্মরাজ সৃতপু**ল্লে**র <mark>শরে</mark> বিদ্ধ হইয়া উহিার প্রতি অবজ্ঞা প্রদর্শনপূর্বক হুত হুতাশনের ভায় ক্রোধে প্রজ্ঞলিত হইয়া উঠিলেন। তথন তাঁহার কলেবর কল্লান্তকালীন, বিশ্বদহন-প্রত, ছালাদমাকীর্ণ দম্বর্তাগ্লির আয় বোধ হইতে লাগিল। তদ্দর্শনে দেই প্রদীপ্তায়ুধধারী সৈন্যগণ মাল্যান্বর পরিত্যাগপূর্বক দশ দিকে ধাবমান **ছইল।** 

তখন ধর্মরাজ যুধিষ্ঠির সূতপুত্রের বিনাশ বাসনায় অতি সম্বরে স্থবর্ণভূষিত মহাকোদণ্ড বিক্ষারিত করিয়া তাহাতে পর্বতবিদারণক্ষম স্থশাণিত

যমদণ্ড মদৃশ শর সংযোগ ও আকর্ণ আকর্ষণপূর্বক, কর্ণের প্রতি নিক্ষেপ

করিলেন। সেই বজ্ঞনিস্থন শর মহারথ সূতপুত্রের বামপার্শে প্রবিষ্ট

হওয়াতে তিনি সাতিশয় কাতর ও বিকলাক হইয়া অন্দনোপরি শরাসন.

পরিত্যাগপুর্বক মুদ্ভিত হইলেন। ঐ সময় মহাবীর কর্ণকে তদবস্থ ও ভাঁহার মুখবর্ণ বিবর্ণ নিরীক্ষণ করিয়া কোর্ব সৈন্যমধ্যে মহান্ হাহাকার শব্দ সমূত্রিত হইল ৷ূ পাগুবগণ যুধিষ্ঠিরের পরাক্রম দর্শন করিয়া সিংহ-'নাদ 🛶 ব্ত্যাপ ও কিল্কিল। শব্দ করিতে লাগিলেন। তথন ভীবণ পরাক্রম কর্ণ অন্তিবিলম্বেই সংজ্ঞালাভ করিয়া ধর্মরাজের নিধনার্থ কুতসংকল্প হইলেন এবং কনকময় শরাস্ন ধিক্ষারিত করিয়া যুধিষ্ঠিরের উপার নিশিত শর পরিত্যাগ করিত লাগিলেন। ঐ সময় যুধিষ্ঠিরের চক্ররক্ষক পাঞ্চাল বংশীয় চদ্রাদেব ও দণ্ডধার শশ্ধর পার্শ্ববর্তী পুনর্বাহ্নর ন্যায় ধর্মার্য়াক্তের উভয় পার্শ্বে বিদ্যমান ছিলেন। মহাবীর সূতপুত্র ছুই ক্ষুর দ্বারা তাহাদিগকে নিহত করিলেন। তথন রাজ যুধিষ্ঠির নিশিত শরনিকরে কর্ণকে বিদ্ধ করিয়া স্থাবেশের উপর তিন, সত্যাসেনের উপর তিন, শাল্যের উপর নবতি এবং সূতপুত্রের উপর পুনরায় ত্রিসপ্ততি সর নিক্ষেপপূর্বক ভাঁহার রক্ষকগণকে তিন তিন বক্রবাণে বিদ্ধ করিলেন। তখন মহাবীর কর্ণ হাস্যমূখে কাম্মুক বিকম্পিত করত এক ভল্লে ধর্মরাজের দেহ বিদারণপূর্বক তাঁহারে ষষ্ঠি শরে বিদ্ধ করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। ঐ সময় পাগুব পক্ষীয় বীরগণ অমর্ষিত চিত্তে যুধিষ্ঠিরের পরিরক্ষণার্থ সৃতপুত্তের উপর শর পরিত্যাগ করত তাঁহার প্রতি ধাব্মান হইলেন। মহাবীর সাত্যকি. চেকিতান, যুযুৎস্থ, পাণ্ড্য, ধৃউছ্যুন্ন, শিখণ্ডী, ক্রৌপদীতনয়গণ, প্রভদ্রকগণ, নকুল, সহদেব, ভীমসেন, শিশুপাল পুত্র এবং কারম, মৎস্য, কেকয়, কাশি ও কোশল দেশোন্তব বীরগণ সন্থরে বস্থযেণকে নিপীড়িভ করিতে আরম্ভ कतिरामन धवः পाঞ्चान वःरामास्त्रव क्रनरमक्ष मत्रनिकत्र निপार्ट कर्गरक বিদ্ধ করিতে লাগিলেন এবং অন্থান্য পাগুব পক্ষীয় বীরগণ অসংখ্য রথী, হস্ত্যারোহী ও অখাবোহী দৈন্য সম্ভিব্যাহারে বরাহকর্ণ নারাচু, নিশিত নালীক, বৎস্থদন্ত, বিপাঠ, ক্ষুরপ্র ও চটকামুথ প্রভৃতি নানাপ্রকার শর নিকেপ করত সূতপুজের বিনাশ বাসনায় চতুর্দিক্ হইতে তাঁহার অভিমুখে ধাবমান হইল।

হে মহারাজ ! মহাবীর কর্ণ এইরূপে পাণ্ডব পক্ষীয় বীরগণ কর্তৃক পরিবেস্টিত হট্টয়া ব্রহ্মান্তের আবির্ভাব করিয়া শরবর্ষণে দিঘাণ্ডল পরিপুরিত

করিলেন এবং শররূপ অগ্নিশিখা দ্বারা পাগুব দৈন্যরূপ বন দশ্ধ করত চতুর্দ্ধিকে জ্রমণ করিতে লাগিলেন । পরিশেষে তিনি মহাজ্র পুরানপূর্বক ঈষং হাস্য করিয়া ধর্মরাজের কোদগু দ্বিখণ্ড করিয়া ফেলিলেন এবং নিমেষ-মধ্যে নতপর্ব নবতি বাণ দন্ধানপূর্বক তাঁহার কনকমণ্ডিত কবচ ভেদ করিলেন। তখন যুধিষ্ঠিরের সেই স্থবর্ণচিত্রিত কবচ কর্ণশরে ছিন্ন হইয়া সূর্য্যকিরণ , সুংশ্লিষ্ট চপলা বিরাজিত বাতাহত জলধরের ন্যায়, নিশাকালীন বিগতাত্র নভোমখ্লের ন্যায় শোভা ধারণ করত ভূতলে নিপতিত হইল। ধর্মতনয় এইরূপে বশ্মবিহীন ও রুধিরাক্তকলেবর হইয়া ক্রোধভরে সূত-পুক্তের প্রতি এক. লোহময় শক্তি নিক্ষেপ করিলেন ৷ মহাবীর কর্ণ সাত শরে আকাশুপথেই সেই প্রস্থলিত শক্তি ছেদন করিয়া ফেলিলেন। তখন যুধিষ্ঠির বলপূর্বকে সূতপুজের বক্ষস্থলে চারি ভোমর নিক্ষেপ করিয়া পরমাহলাদে গর্জ্ঞান করিতে লাগিলেন। সূতনন্দন সেই তোমরাঘাতে নিত্ত নিপীড়িত হইয়া কৈধির ক্ষরণ ও রোষাবিষ্ট সর্পের ন্যায় নিশ্বাস পরিত্যাগ করত এক ভল্লে ধর্মতনয়ের ধ্বজ ছেদন ও তিন ভল্লে তাঁহার দেহ বিদারণপুর্বাক তাঁহার ভূণীর দ্বয় ও রথ চূর্ণ করিয়া ফেলিলেন। তখন ধর্মনন্দন্ুঅসিতপুচ্ছ খেতাখদংযুক্ত অন্যার্থে আরোহণ করিরা সমর পরিত্যাগপূর্বক প্রস্থান কারতে লাগিলেন।কোন ক্রমেই কর্ণের সমক্ষে অবস্থান করিতে সমর্থ হইলেন না। তখন মহাবীর রাধেয় বেগে গৃমন-পূর্বক ব্জ্ঞাছত্ত, অঙ্কুশ, মৎস্তা, ধ্বজ, কুর্মা ও শব্ধ প্রভৃতি লক্ষণমুক্ত পার্তুর-বর্ণ কর দ্বারা পাণ্ডুনন্দনের ক্ষমদেশ স্পর্শ করত স্বয়ং পবিত্র হইয়া তাঁহারে বলপূর্বক গ্রহণ করিতে মানদ করিলেন। ভৎকালে কুন্তীর বাক্য তাঁহার স্থৃতিপথে আরু চুইল।

হে মহারাজ। ঐ সময়ে মদ্ররাজ শল্য কর্ণকে যুধিষ্ঠির গ্রহণে সমৃদ্যত দেখিয়া নিষেধ করত কহিলেন, হে সূতপুত্র। তুমি এই প্রধানতম নরপতিরের গ্রহণ করিও না। উহারে গ্রহণ করিলেই উনি তোমারে খিনাশ করিয়া আমারে ভস্মসাৎ করিবেন। তথন সূতপুত্র হাস্থ করিয়া যুধিষ্ঠিরকে নিন্দা করত কহিলেন, হে পাণ্ডুনন্দন। তুমি ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ ও ক্ষত্রিয়ধ্য অবলম্বন করিয়া কিরূপে প্রাণভয়েণ সমর পরিত্যাগপুর্বক পলায়ন

করিতেছ । আমার বোধ হয়, তুমি ক্ষাত্রধর্ম অবগত নহ। তুমি নিয়ত বেদ পাঠ ও যজ্ঞ কর্ম অমুষ্ঠান করিয়া থাক ; অতএব যুদ্ধ করা তোমার কর্ত্তব্য শনহে। একণে সংগ্রামেটিছা পরিত্যাগ কর, আর বীর পুরুষদিগের নিকটে গমন করিও না এবং তাহাদিগকে অপ্রিয় কথাও বলিও না। মহাবীর কর্ণ ধর্মরাজকে এই রূপ কহিয়া তাঁহারে পরিত্যাগুপূর্বক বন্ধ-হস্ত পুরন্দরের ভায় পাণ্ডব দৈন্যগণকে বিনাশ করিতে আরম্ভ<sub>্</sub>করিলেন। নরনাথ যুধিষ্ঠিরও লাজ্জতভাবে পলায়ন করিতে লাগিলেন। চেদি, পাণ্ডব ও পাঞ্চালগণ এবং মহারথ সাত্যকি, নকুল, সহদেব ও দ্রৌপদীতনয়গণ যুধিষ্ঠিরকে অপস্ত কিথিয়া সকলেই তাঁহার অসুগমনে প্রবৃত্ত হইলেন। তথন মহাবার কর্ণ যুধিষ্ঠিরের দৈন্যগণকে সমরপরাগ্নুখ অবলোকন করিয়া হৃষ্টচিত্তে কৌরবগণ সমভিব্যাহারে তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। কৌরব ্দৈন্যমধ্যে ভীষণ কাম্মুক নিম্বন, সিংহনাদ এবং ভেরী, শহা ও মৃদঙ্গের ধ্বনি সমুখিত হইল। ঐ সময় রাজা যুধিষ্ঠির আশ্তকার্ত্তির রথে আরোহণপূর্বকি কর্ণের বিক্রম অবলোকন করিতে লাগি-লেন। অনন্তর তিনি কৌরবগণ কর্তৃক পাগুব দৈন্যগণকে বিমাদ্দত দোখরা রোবাবিষ্টাটতেত স্বপক্ষায় যোধগণকে কহিলেন, ছে বারগণ! তোমরা কেন নিশ্চিন্ত রহিয়াছ, সম্বরে বিপক্ষদিগকে বিনাশ কর। তখন ভামদেন প্রভৃতি পাণ্ডব পক্ষীয় মহারথগণ ধর্মরাজের আদেশাকুদারে আপনার পুত্রগণের প্রতি গমন করিতে লাগিলেন। ঐ সমৃত্যু অসংখ্য যোদ্ধা, হস্তা, অখ, রণ্, পদাতি ও অস্ত্র সমুহের তুমুল শব্দ সমুপ্তিত হইল। যোধগণ গাত্রোত্থান কর, প্রহার কর, অভিমুখীন হও, এইরূপ বলিতে বলিতে পরস্পারকে প্রহার করিতে আরম্ভ করিল। আকাশমগুল জলদ-জালের ভার শরজালে আচ্ছাদিত হইল । শরসমাচ্ছন্ন নরবীরগণ পরস্পার প্রহার করত বিকলাঙ্গ এবং পতাকা, ধ্বজ, অশ্ব, সারাথ ও আয়ুধ বিহীন হইয়া ধরাতলে নিপতিত হইতে লাগিলেন । আরোহা সমবেত মাতকগণ প্রভূত বনশাল। বজ্ঞাভন শৈল ।শথরের ন্যায় ভূতলে নিপতিত হইতে লাগিল। বত্মধারী দিব্য ভূষণভূষিত পদাতিগণ প্রতিপক্ষ বারগণের শরে ছিন্ন ভিন্ন হইয়া ভূতলপায়ী হইল। ঐ সময় সমররসপরায়ণ বীরগণের বিশাল

লোহিত নেত্রযুক্ত, পুর্ণেন্দু সদৃশ মুখপদ্ম সমর্ভূমি সমাচ্ছন্ন হইথা থেল।
অপ্সরোগণ অভিমুখাগত সমর্নিহত অসংখ্য বীরগণকে গীত বাদ্যাদিযুক্ত প্রিমানে আরোপিত করিয়া পমন করাতে ভূমগুলের আয় নভোমগুলেও
ভূমুল শব্দ শুরুতিগোচর হইতে লাগিল। বীরগণ সেই আশ্চর্য্য ন্যাপার
দর্শনে পরমাহলাদিত হইয়া স্বর্গবাস বাসনায় সন্থরে পর্যুপ্রকে প্রহার
করিতে আরম্ভ করিল। রথিগণ রথিদিগের, পদাতিগণ পদাতিদিগের,
মাতঙ্গণণ, মাতঙ্গদিগের এবং অশ্বর্গণ অশ্বদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল।

হেঁ মহারাজ! এইরূপ দেই অসংখ্য গজবাজী ও মনুষ্যের ক্ষয়জনক তুমুল সংগ্রাম আরম্ভ হইলে দেনাগণের পদাঘাতসমুখিত ধূলিপটলে সমরা-শ্বন সমাচ্ছল হইয়া গেল। তখন বীরগণ কি স্বপক্ষীয় কি প্রপক্ষীয় যাহারে সম্মুখে দেখিলেন, তাহারেই বিনাশ করিতে লাগিলেন। অনন্তর সৈভাগণ কেশাকেশি, দন্তাদন্তি, মুফ্টামুষ্টি, নথানথী ও বাহুযুদ্ধে প্রবৃত্ত হইল। তথন তাহাদিগের দেহবিনিগতি শোণিতে দ্মরাঙ্গনে ভারুজনজীষণ খোর-ত্র নদা সমুৎপন্ন হইল। উহার প্রোতে অসংখ্য গজ, অশ্ব, নরদেহ প্রবা-हिल 'इंहरल नाशिन। वीद्रशन भएधा । (कह (कह (महे मनी शाद्र, (कहं (कह বা তাহার মধ্যে গমন করিলেন এবং কেহ কেহ সম্ভরণ করত, সেই শোণিত মধ্যে একবার নিময় ও একবার উন্ময় হওয়াতে বর্মা, অস্ত্র ও বস্ত্রের সহিত রুধিরাক্ত হইয়া সেই শোণিতে স্থান, সেই শোণিত পান করিয়া তাহাতে অবসন্ন হইতে লাগিল। তথন হস্তা, অশ্ব, রথ, আয়ুধ, আভরণ, বসন, রূমা, হৃত ও আহত বীরগণ এবং ভূমণ্ডল, দিল্লণ্ডল ও নভোমণ্ডল প্রায় সম্দায়ই লোহিতবর্ণ ইইয়া উঠিল। রুধিরের গন্ধ, স্পর্শ, রূপ, রুস ও গমন শব্দে দৈন্যগণের মহাবিষাদ উপস্থিত হইল। ঐ দময়ে ভীন্দেন ও দাত্যকি প্রভৃতি বীর সকল সেই নিহতপ্রায় সৈন্যগণের প্রতি বারংবার ধাবমান হইতে লাগিলেন। তথন আপনার পুত্রগণের চতুরঙ্গ বল সেই ধাবমান বীরদিগের . পরাক্রম সহু করিতে না পারিয়া চর্মা, কবচ ও আযুধবিহীন হইয়া সিংহাদি তি **হস্তিযুপের** ন্যায় চতুদ্দি কে পলায়ন করিতে আরম্ভ করিল।

# একপ**ঞ্চাশন্তম অ**ধ্যায়।

হে মহারাজ ৷ ঐ সময় রাজা ছর্য্যোধন স্বীয় সৈন্যগণকে পাগুবগণ

কর্তৃক বিদ্রোবিত দেখিয়া প্রয়ত্ন সহকারে চীৎকার করত তাহাদিগকে নিবা-্রণ করিতে লাগিলেন ; কিন্তু তাহারা কিছুতেই প্রতিনির্ভ হইল না। অনন্তর ব্যহের পক্ষ ও প্রপক্ষ এবং শকুনি ও কৌরবগণ অন্ত শস্ত্র ধারণপূর্ববক ভীমের অঞ্জি ধাবমান হইলেন। মহাবীর কর্ণও কৌরবগণকে প্রর্য্যোধনের স্থিত ভীমাভিমুখে ধাব্মান দেখিয়া শল্যকে কহিলেন, হে মদ্ররাজ ! তুমি এক্ষণে আমারে ভীমের রথ সৃহিধানে উপনীত কর। তখন মক্ররাজ কর্ণের বাক্যামুসারে হংসধবল অশ্বগণকে ভীমের অভিমুখে সঞ্চালন করিতে আরম্ভ করিলে তাহার। অবিলয়ে রুকোদরের সমক্ষে সমুপক্তি 🕉ইল । মহাবীর ভীমদেন কর্ণকৈ সমাগত দেখিয়া ক্রোধভারে তাঁহারে সংহার করিবার অভিলাষে সাত্যকি ও ধুষ্টপ্লয়েরকে কহিলেন, হে বীরদ্বয় ! তোমরা একণে ধর্মরাজকে রক্ষা কর। তুরাত্মা সূতপুত্র তুর্য্যোধনের প্রীতি পরিবদ্ধিত করিবার নিমিত্ত আমার সমকে উঁহার পরিচহদ ছিন্ন ভিন্ন করিয়া দিয়াছে। ভাগ্যে আমি দেখিয়াছিলাম, এই নিমিত্তই উনি তৎকালে সৈই বিষম সঙ্কট হইতে কথঞ্চিৎ পরিত্রাণ প্রাপ্ত হইয়াছেন। অতএঁব আজি আমারে এক-কালে এই ছুঃখের শেষ করিতে হইবে। অদ্য হয় আমি কর্ণকে বিনাশ করিব, না হয় সেই আমারে সংহার করিবে, সন্দেহ নাই। হে বীরগণ ! আজি আমি ধর্মরাজ্ঞকে তোমাদিগের হস্তে সমর্পণ করিতেছি। তোমরা অনলুস হইয়া সতত দাবধানে ইংগারে রক্ষা করিও। মহাবীর ভীমসেন এই বলিয়া সিংহনাদ শকে দিছাওল প্রতিধানিত করত সূতপুত্রের প্রতি ধাবমান হইলেন।

ঐ সময়ম দ্রোজ ভীমসেনকে সম্মুখে মহাবেগে আগমন-করিন্তে দেখিয়া কর্ণকে কহিলেন, হে সূত্পুত্র ! ঐ দেখ, ভীমসেন ক্রোধভরে তোমার অভিমুখে আগমন করিতেছেন। ইনি অদ্য নিঃসন্দেহ তোমার উপর চিরসঞ্চিত ক্রোধামি নিক্ষেপ করিবেন। এক্ষণে ইহার রূপ যুগান্তকালীন হুতাশনের আ্যুয় ভয়ঙ্কর বোধ হইতেছে। মহাবীর অভিমন্ত্যু ও রাক্ষ্য ঘটোৎকচ নিহত হুইলেও ইহার ঈদৃশ রূপ আমার দৃষ্টিগোচর হয় নাই। ঐ মহাবীর রোধাবিষ্ট হইলে ত্রিলোকস্থ সমস্ত লোককে নিবারণ করিতে পারেন, সন্দেহ নাই।

হে মহারাজ ! মদ্ররাজ খাল্য কর্ণকৈ এইরূপ কহিতেছেন, ইত্যবসর্বৈ মহাবীর রুকোদর ক্রোধাবিষ্ট হইরা তথায় আগমন করিলেন। ঘহাবল পরা- ক্রান্ত সূতপুত্র সমরলোলুপ ভামকে সমাগত দেখিয়া হাস্তমুথে শল্যকে কহিলন, হে মন্তরাজ ! তুমি আমার সমক্ষে ভামদেনের উদ্দেশে যে, সমস্ত কথা কহিলে, সমুদায়ই সত্য । ভাম মহাবল পরাক্রান্ত, ক্রোধনসভাব ও দেহ রক্ষায় একান্ত নিরপেকা । ঐ মহাবার বিরাটনগরে অজ্ঞাতবাসকালে ক্রোপদার কিরাটার সংহার করিয়াছিল । অদ্য সে উদ্যত দণ্ড সাক্ষাৎ কুতান্তের ত্যায় ক্রোধাবিক হইয়া সমরাঙ্গনে অবকুর্নি হইয়াছে । হে শল্য ! হয় অর্জ্জন আমারে সংহার করিবে, না হয় আমিই তাহারে বিনাশ করিব । ইহা আমার চির প্রার্থনীয় । অদ্য কি ভামের সহিত সমাগম লাভে আমার দেই মনোরথ সফল হইবে । ভাম নিহত বা বিরথ হইলে যদি ধনঞ্জয় আমার সহিত যুদ্ধ করিতে আগমন করে, তাহা হইলেই আমার মনোরথ পূর্ণ হয়, সন্দেহ নাই । হে মন্তরাজ ! এক্ষণে এই বিষয়ে যাহা কর্ত্ব্য, তাহা শীন্ত অবধারণ করে ।

মদ্রাজ শল্য সৃতপুজের বাক্য প্রবণ করিয়া পুনরায় কহিলেন,—হে কর্ণ! তুমি একণে ভীমপরাক্রম ভীমের সহিত যুদ্ধে প্রবন্ত হও। অগ্রে ভীমকে পরাজ্য করিলে পশ্চাৎ অর্জ্জুনকে প্রাপ্ত হইবে। আমি নিশ্চয়ই কহিতেছি, তুমি চিরকাল যেরপ অভিলাষ করিতেছ, অদ্য তাহা পূর্ণ হইবে। তথন সূতপুজ, পুনরায় তাঁহারে কহিলেন, হে মদ্রাজ! অদ্য হয় আমি অর্জ্জুনকে বিনাশ করিবে, না হয় অর্জ্জুন আমারে বিনাশ করিবে। একণে তুমি যুদ্ধে ননঃসমাধানপূর্বক ভীমদেনের প্রতি অশ্ব সঞ্চালন কর।

হে মহারাজ ! অনন্তর মদ্রোজ শল্য যে স্থানে ভীমদেন কৌরব দৈন্যগণকে বিদ্রাবিত করিতেছিলেন, তথায় অবিলম্বে রথ সমানীত করিলেন।
এইরূপে ভীমদেন ও কর্ণ পরস্পার সম্মুখীন হইলে সংগ্রামস্থলে তুর্য্যানিনাদ
ও ভেরীশব্দ প্রান্তভূতি হইল। তখন মহাবীর ভীমদেন রোষাবিষ্ট হইয়া
স্থানিত নারাচনিকরে নিতান্ত হ্লাসদ কৌরব সৈন্যগণকে চতুদ্দিকে বিদ্রাবিত করিতে লাগিলেন। অনন্তর মহাবীর কর্ণ ও ভীমদেনের সংগ্রাম নিতান্ত
ঘোরতর হইয়া উঠিল। মহাবীর ভীমদেন মুহুর্ভ মধ্যে সূতপুক্তের সম্মুখীন
হইলেন। সূতপুক্তও তাঁহারে সমাগত নিরীক্ষণপূর্বক ক্রোধভরে নারাচ দারা
তাঁহান্ন বক্ষদ্বল আহত করিয়া পুনরায় তাঁহার প্রতি শরনিকর নিক্ষেপ

ঁ ক্রিতে লাগিলেন। মহাবীর ভীমদেন সূতপুত্র নিক্ষিপ্ত সায়কে গাঢ়তর বিদ্ধ স্ক্রিয়া জাঁহারে শরনিকরে সমাচ্ছন করিয়া স্থনিশিত নয় বাণে বিদ্ধ করিলেন। তথন সূতপুত্র শরাঘাতে ভীমদেনের শরাসন ছেদন করিয়া পর্বাবরণভেদী হু 🗬 ক্ষ নারাচে তাঁহার বক্ষন্থল বিদ্ধ করিলেন। মহাবীর রুকোদরও সত্বরে অন্য কার্ম্মক গ্রহণপূর্বক নিশিত শরে কর্ণের মর্ম্মস্থল বিদ্ধ করিয়া রোদসী বিকম্পিত করত ঘোরতর দিংহনাদ পরিত্যাগ করিতে লাখিলেন। তখন মহা-বল কর্ণ অরণ্য মধ্যে মদোৎকট গর্বিত কুঞ্জরকে যেমন উল্কা দ্বারা আহত করে, তদ্ধেপ পঞ্চবিংশতি নারাচে ভীমদেনকে সমান্ত করিলেন। মহাবীর ভীম কর্ণের নারাচে ভিন্ন কলেবর হইয়া রোষক্ষায়িত লোচনে সূতপুজের সংহার বাসনায় শরাসন আকর্ণ আকর্ষণ করিয়া তাঁহার প্রতি এক পর্বত-বিদারণক্ষম ভারসাধন সায়ক সন্ধানপূর্ব্বক পরিত্যাগ করিলেন। তথন বজ্রবেগ যেমন পর্বতেকে বিদীর্ণ করে, তজ্ঞপ দেই অশনি নিম্বন ভীষণ বাণ সূতপুত্রকে বিদীর্ণ করিল। মহারথ সূতপুত্র সেই ভীমানিক্ষিপ্ত শরে গাঢ়তর বিদ্ধ ও বিমো:-হিত হইয়া রথোপত্তে নিষগ্ধ হইলেন। মদ্রাধিপতি শল্য তাঁহারে সংজ্ঞাহীন নিরীক্ষণ করিয়া সত্তরে রণস্থল ইইতে অপসারিত করিলেন। হে মহারাজ! এইরূপে কর্ণকে পরাজিত করিয়া মহাবীর ভীমদেন পূর্বেই হুররাজ যেমন অহ্নরগণকে বিদ্রোবিত করিয়াছিলেন, তজ্ঞপ কৌরব সৈম্মগণুকে বিদ্রাবিত -করিতে লাগিলেন।

### দ্বিপঞ্চাশন্তম অধ্যার।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! ভীমদেন মহারান্থ কর্ণকে রথোপরি পাতিত করিয়া অতি ছকর কার্য্যের অনুষ্ঠান করিয়াছে। ছুর্য্যোধন বারং-বার আমারে কহিয়াছিল যে, কর্ণ একাকী সংগ্রামে সমুদায় স্পঞ্জয় ও পাশুবগণকে সংহার করিবে । এক্ষণে সে রুকোদর কর্ত্ত্ক রাধেয়কে পরাজ্ঞিত আবলোকন করিয়া কি উপায় অবলম্বন করিল।

সঞ্জয় কহিলেন, মহারাজ ! তুর্য্যোধন সূতনন্দনকে সমর্বিমুখ দেখিয়া
সহোদরনিগকে কহিলেন, হে আতৃগণ ! তোমরা শীঘ্র গমন ক্রিয়া অগাধ
বাসনার্গবে নিময় রাধেয়কে রক্ষা কর । আপনার পুত্রগণ জ্যেষ্ঠ সহোদর
কর্ত্তক এইরূপ অমুক্তাভ হহয়া পতঙ্গণ য়েম্ন পাবকের অভিমুখে আগ-

মন করে, তদ্রপ রকোদরের বিনাশ বাসনায় সরোধ নয়নে তাহাব প্রতি ধাবমান হইলেন। মহাবল পরাক্রান্ত পাশ ভূণীর কবচধার। প্রুতবান্, তুর্দ্ধর, ক্রাথ, বিবিৎস্থ, বিকট, সম, নন্দ, উপনন্দক, তুম্প্রধর্ষ, স্থবাছ, াবাতবেগ, স্থবর্চা, ধনুগ্রাহ, তুর্মাদ, জলসন্ধ্য, শল ও সহ, ইহারাদন্দ্র্পংখ্য রুপে পরিবৃত হইয়া চতুদ্দিক্ হইতে ভীমদেনকে পরিবেক্টন করত তাঁহার উপর বিবিধ শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন। মহাবল পরাক্রান্ত ভীমদেন আণনাির পুজ্ঞগণ কুর্ত্তক এইরূপে নিপীড়িত হইয়া সন্থরে তাঁহাদের প্রজায় পঞ্চদশ রথী ও পঞ্চাশৎ রথ বিনষ্ট কার্য়া ভল্ল দ্বারা বিবিৎস্থর কুণ্ডলমণ্ডিত শেরস্ত্রাণ সম্বলিত পুর্ণচক্ত সন্ধিভ মস্তক ছেদন করিয়া ফেলি-লেন। আপনার অন্তান্ত পুত্রগণ মহাবার বিবিৎস্করে নিহত দেখিয়া ভাম পরাক্রম ভাদেনের প্রতি ধাবমান হহলেন। তথন অরাতিনিপাতন র্কোদর অত্য চুই ভল্ল দারা বিকট ও সম নামক আপনার আর চুই পুজের প্রাণ সংহার করিলেন। সেই দেবপুত্র সদৃশ বারদ্বয় বায়ুভগ্ন রক্ষের ভার ধরাশাধা হইলেন। অনন্তর মহাবার ভামিদেন সম্বরে স্থতাক্ষ্ণ নারাচ দ্বারা কাথকে নিহত কারয়। ভূতলে পাতিত করিলেন। হে মহারাজ। এইরূপে আপনার ধনুদ্ধর পুজ্রগণ নিহত হইলে সমরাঙ্গনে মহান্ হাহাকার শব্দ সমূথিত হইল। তথন মহাবল পরাক্রান্ত রকোদর পুনরায় নন্দ ও উপ-নন্দকে নিপাতিত কারলেন। তদর্শনে আপনার তনয়গণ রথস্থ ভামদেনকে কালাস্তক যমের স্থায় জ্ঞান করিয়া নিতাস্ত ভীত ও বিহবল হইয়া পলায়ন কারতে লাগিলেন।

হে মহারাজ ! ঐ সময় সূতপুত্র কর্ণ আপনার পুত্রগণকে নিহত নিরাকণপুর্বক নিতান্ত প্রমানা হইয়া পুনরায় ভামদেনের অভিমুখে রথ চালন
কারতে আদেশ করিলেন । মদ্রোজ কর্ণের আদেশানুসারে হংসবর্ণ
অর্থগণকে পরিচালিত করিতে আরম্ভ করিলে তাহারা মহাবেগে ধ্বিমান
হহয়া অবিলক্ষে ভামদেনের রথ সমাপে সমুপস্থিত হইল । অনন্তর কর্ণ
ও ভামদেনের মতি ভয়ঙ্কর তুমুল যুদ্ধ আরম্ভ হইল । হে মহারাজ ! আমি
তংকালে মহারথ কর্ণ ও ভামদেনকে সংগ্রামে সমবেত দেখিয়া মনে মনে
চিন্তা করিতে লাগিলাম, না জানি, অন্য এই বারন্ধ্রের কিরূপে সংগ্রাম

ছইবে। অনস্তর সমরনিপুণ ভীমদেন আপনার পুত্রগণের সমকে কর্ণকে শরনিকরে 'দমাচ্ছন্ন করিতে লাগিলেন্। পরমাস্ত্রজ্ঞ কর্ণপ্র,কোপাবিষ্ট ছইয়া নতপ্ৰকা নয় ভল্ল দাৱা ভীমদেনকে বিদ্ধা করিলেন। ,ভীম প্রাক্রম মহাবাঁই ভীমদেন সূতপুজের গরে তাড়িত হইয়া আকর্ণপূর্ণ দাত বাণে তাঁহারে সমাহত করিলেন। কর্ণও ভুজক্ষমের ভাষ নিৃশ্বাস পরিত্যাগ করত শরবর্ষণে ভাঁহারে স্থাচ্ছন্ন করিতে লাগিলেন। তুখন মহাবল রকোদর কৌরবগণের সমক্ষে মহারথ রাধেয়কে শরনিকুরে সমীক্ষর করিয়া সিংহনাদ করিতে আরম্ভ করিলেন। কর্ণ ভীমের শরাঘাতে ক্রোধান্বিত হইয়। শরাসন দৃঢ়রূপে গ্রহণ ও বুকোদরের প্রতি শিলানিশিত দশ বাণ নিক্ষেপ-পূর্ব্বক নিশিত ভল্ল দারা তাঁহার শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তথন মহা-বাছ ভীমদেন কর্ণের নিধন বাসনায় এক হেমপট্ট বিভূষিত দ্বিতীয় যমদণ্ড সদৃশ ঘোরতর পরিষ গ্রহণপূর্বকৈ তাহার প্রতি নিক্ষেপ করিয়া সিংহনাদ করিতৈ . লাগিলেন। সূতনন্দনও তৎক্ষণাৎ অসংখ্য আশীবিষোপম শরনিকরে সেই অশনির ন্যায় শব্দায়মান সমাগত পুরিঘ খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তখন মহাবীর রুকোদর দৃত্তর শরাদন গ্রহণপূর্ব্বক শক্রনিসূদন কর্ণকে বিশিখপ্রালে সমাচ্ছন্ন করিলেন।

হে মহারাজ! অনস্তর পারস্পার বথৈষী সিংহন্বয়ের ন্যায় মহাবীর কর্ণ ও ভীমসেনের পূর্বাপেক্ষা ঘোরতর সংগ্রাম সমুপন্থিত হইল। মহাবীর কর্ণ শরাসন আকর্ণ করিয়া তিন বাণে ভীমসেনকে বিদ্ধু করিলেন। মহাধ্যুদ্ধর বলবান্ রকোদর কর্ণনরে বিদ্ধু হইয়া এক দেহবিদারণ বিষম বিশিশ্ব গ্রহণপূর্বকে তাঁহার উপের নিক্ষেপ করিলে,উহা সূতপুজ্রের বর্মা ছেদন ও শরীর ভেদ করিয়া বল্মীকাস্তর্গামী পমগের ন্যায় ধরণীতলে প্রবিষ্ট হইল। মহাবীর কর্ণ ভীমের শরাঘাতে নিতান্ত ব্যথিত ও বিহুল হইয়া ভূমিকম্পানকালনি অচলের ন্যায় বিকম্পিত হইতে লাগিলেন। অনন্তর তিনি একান্ত রোষপরত্ত্ত্ব হইয়া ভীমসেনকে পঞ্চবিংশতি নারাচে বিদ্ধু ও অসংপ্র্যু শরে নিপীড়িত করিয়া এক বাণে তাঁহার ধ্বজ ছেদন ও ভল্লবারা সার্থিরে শ্যনভ্ত্বনে প্রেরণ করিলেন এবং মুহুর্ভ মধ্যে অবলীলাক্রমে তাঁহার শ্রাসন ছিল্ল ও রথ ভগ্ন করিয়া হাস্য করিতে লাগিলেন। তথন মহাবাহ্ত র্কোদর গদা

গ্রহণপূর্বক সেই ভগ্ন স্থান্দন হইতে মহাবেগে ভূতলে অবতীর্ণ হইয়া বায়ু যেমন শরৎকালীন মেঘ সঞ্চালিত করে, তজ্ঞপ গদা প্রহারে কৌরব সেনাগণকৈ িবিদ্রাবিত করিলেন এবং ঈষাদন্ত সপ্তশত মাতঙ্গগতে সহসা বিদ্রাবিত করিয়া তাহাদের দস্ত বেষ্টন, নেত্র, কুস্ত, গগু ও মর্ম্পে আতশয় আঘাত ক্রিতে লাগিলেন। তাহারা ভীমসেনের ভীষণ প্রহারে ভীত হইয়া -প্রথমত ইতস্তত ধাবমান হইল ; কিন্তু মহামাত্রগণ কর্ত্ব প্রেরিত হইয়া পুনরাগ ভীত্রসনের অভিমুখে গমনপূক্তক মেঘমগুল যেমন দিবাকরকে পরি-বেষ্টন করে, তদ্রপে তাঁহারে বেষ্টন করিল। তথন অরাতিঘাতন ভীমদেন ইন্দ্ৰেমন বজ্ৰবারা অচল সংচূর্ণিত করেন, তত্ত্বপ গদাখাতে সেই সপ্ত শত মাতঙ্গ নিহত করিলৈন। তৎপরে পুনর্বার শকুনির মহাবল পরাক্রান্ত দ্বিপঞ্চা-শৎ হস্তা বিপোথিত করিয়া কৌরবপ দায় একশত রথ ও শত শত পদাতিরে সংহারপূর্বক দৈন্যগণকে নিপীড়িত করিতে লাগিলেন। হে মহা-রাজ! আপনার দেনাগণ এইরূপে মহাত্মা ভীমদেনের প্রভাবে ও সূর্য্যের প্রতাথে নিতান্ত সন্তপ্ত ও অনলাপিত চর্মের ন্যায় সঙ্গুচিত হইয়া ভীমভয়ে দমর পরিত্যাগপুর্বক দশ দিকে পলায়ন করিতে আরম্ভ করিল।

তথন অন্যান্য চর্ম্মবর্মধারী পঞ্চ শত রথী শরনিকর নিক্ষেপ করত ভীমদেনের প্রতি ধাবমান হইলেন। মহাবীর রুকোদরও অহ্ব বিনাশন বিফুর
ন্যায় গদাঘাতে সেই ধ্বজপতাকায়ুধ সৈম্পলিত বীরগণকে বিপোথিত করিয়া
ফেলিলেন। অনন্তর মহাবল পরাক্রান্ত ত্রিসহত্র অস্থারোহী শকুনির আদেশাফুসারে শক্তি, র্যাষ্ট ও প্রাদ গ্রহণপূর্বক বুকোদরের অভিমুখে ধাবমান হইল।
অরাতিনিপাতন ভীমদেনও মহাবেগে তাহাদের অভিমুখীন হইয়া বিবিধ মার্গে
বিচরণপূর্বক গদা প্রহারে তাহাদিগকে বিমন্দিত করিলেন। তথন প্রস্তরনিশীজ্ত গজযুথের ন্যায় তাহাদিগের হ্বমহান আর্ত্রনাদ হইতে লাগিল। হে
মহারান্ত্র বিপাবিষ্ট পাণ্ডব এইরূপে স্বলপুত্রের ত্রিদহত্র অস্থারোহী বিনষ্ট
করিয়া অন্য রথে আরোহণপূর্ব্বক মহাবেগে কর্পের প্রতি ধাবমান হইলের।

ঐ সময় মহাবীর কর্ণ অরাভিঘাতন ধর্মাপুত্র যুধিষ্ঠিরকে শরনিকরে সমাচ্ছন্ন ও তাঁহার সার্থিরে নিপাতিত করিলেন। মহারথ যুধিষ্ঠির কর্ণের রথ নিরীক্ষণপূর্বক পলায়ন করিতে লাগিলেন। সূতপুত্র ও শরনিকরে ধর্ম- '

রাজের প্রতি অবক্র শরজাল বর্ষ-পূর্বক ব্রোদদী সমার্ত করিয়া ওঁাহার পশ্চাৎ পশ্চাৎ ধ'বমান হইলেন। তথ্ন প্রনান্দন ভামদেন কর্ণকে যুধি-ষ্ঠিরের অনুধাবন করিতে দেখেয়া রোধাবেট চত্তে সুতপুত্রকে শরনিকরে স্মাচ্ছিন্ন' মাবতে লাগিলেন। শত্রুকর্বণ কর্ণও তৎক্ষণাৎ প্রতিনির্ভ হইয়া শাণিত শরজালে ভীমদেনকে স্মার্ত করিলেন। তথ্য মহারীর সাত্যকি ভীমের পাঞ্চি গ্রহণ নিমিত্ত তাঁহার রথসমাপস্থ কর্ণকে নিপীড়িত করিতে লাগিলেন। কর্ণ শর্নিকরে নিতান্ত নিপীড়িত হইয়াও ভূীমের সাঁতি সংগ্রামে প্রবৃত্ত হউলেন। তথন দর্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ বার্দ্বয় পরস্পর মিলিত হইয়া অন-বরত শরজাল বর্ষণ করিতে লাগিলেন। তাঁহাদিগের ক্রৌঞ্পুষ্ঠের ভায় অুরুণ-বর্ণ ভাষণ শর্মিকর সমন্তাৎ বিকার্ণ হওগাতে সমুদায় দিক্ বিদিক্ সমাচ্ছন্ন ও দিবাকর আকাশমণ্ডলের মধ্যগত হইলেও তাঁহার প্রভা তিরোহিত হইয়া গেল। (হ মহারাজ! ঐ দগর কৌরবগণ শকুনি, কুতবর্মা, অশ্বতামা, কণ e কুপকে পাণ্ডবদিগের সহিত গিলিত দেখিয়৷ পুন-বার সংগ্রামার্থ আগমন কবিংভ লাগিলেন। তথন মহার্স্টী সমুক্তু সাগরের ভায় ভাঁহাদিগের তুমুল কোলাহল সমূত্যিত হইল। অনন্তর উভয়পক্ষীয় সেনাগণ পরস্পারকে দর্শন ও গ্রহণপূর্ণক আহলাদিতচিত্তে পরস্পাব মিলিত হইতে লাগিল। হে রাজন্ ! দেই মধ্যাক্ত সময়ে উভয় পক্ষে যেরূপ সংগ্রাম হইয়াছিল, তদ্রুপ যুদ্ধ কথনই আমাদের দৃষ্টিগোচর বা শ্রেবণগোচর হয় নাই। বেগবান্ জল-রাশি যেমন সাগরের সহিত মিলিত হয়, তদ্রুপ কৌরব সেনাগণ পাণ্ডব-দৈন্যের দহিত মিলিত হইল। এইরূপে দেই উভয় পক্ষীয় দেন।নদীন্বয় . একত্র সমবেত হইলে' তাহাদের পরস্পার নিক্ষিপ্ত শরজালের তুমুল শব্দ হইতে লাগিল।

কানন্তর যশোলে লুপ কৌরব ও পাওবগণের ভুমুল যুদ্ধ আরম্ভ হইল।
উভয়পক্ষীয় বীরগণ পরস্পরের নামোচ্চারণপূর্বক অবিশ্রান্তে বিবিধ বাক্য প্রয়োগ করিতে লাগিল। যে ব্যক্তির পিতৃগত, মাতৃগত, কর্ম্মগত বা স্কুলাব-গত যে কিছু দোষ হিল, প্রতিপক্ষেরা তাহারে তংসমুদায় প্রবণ করাইতে রম্ভ করিল। হে মহারাজ। আমি ঐ সময়ে সমরাস্থনে বারগণকে পরস্পার ক্রিকন করিতে দেখিয়া তাঁহাদিগকে হতজাবিত বলিয়া জ্ঞান করিতে লাগি- লাম এবং দেই অমিততেজা কোধান্তিত বারগণের শ্রীর সন্দর্শনপূর্বিক ভাতৃ হইয়া চিন্তা করিতে লাগিলাম, না জানি, আজি কি কাণ্ড উপস্থিত হইবে। অনস্তর মধারথ পাণ্ডব ও কোরকাণ নিশিত শ্রনিকরে প্রস্পার্কে নিপীড়িত ও ক্ষতবিক্ষত করিতে লাগিলেন।

### ত্রিপঞ্**শত্ত** অধ্যায়।

হে মহান্বাজ ! তখন সেই পরস্পার জয়াভিলাষী কুতবৈর ক্ষত্রিয়গণ পরস্পরকে <u>-</u>বুনাশ করিতে লাগিলেন। হস্তী, অশ্ব, রথ ও নরগণ পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইল ৷ দেই ভীষণ দং গ্রামে পরস্পার বিক্ষিপ্ত গদা, পরিঘ, কুণপ, প্রাস, ভিন্দিপাল ও ভুশুণ্ডী প্রভৃতি অস্ত্র সকল পতঙ্গকুলের ন্যায় চতুদিকে নিপতিত হইতে লাগিল। মাতস্পণ মাতস্দিগকে, অশ্বণণ অশ্বদিগকে, র্থিগণ त्रशीतिगतक, भागाजिमम इन्ही, अभ, तथ छ भागाजिमिगतक, त्रशिमम इन्हां छ অশ্বগণকে এবং দ্রুতগামী কুপ্তারগণ হস্তা, অশ্ব ও রথ সমুদায়কে বিমন্দিত করিতে আরম্ভ করিল। বীরগণ চীংকার ক্রত পরস্পর সংহারে প্রব্রত ১ইলে সংগ্রামস্থল পশুবিনাশ স্থলের ন্যায় বোধ হইতে লাগিল। তৎকালে চতু দক্ রুধিরাক্ত হইলে বহুদ্ধর। কুহুল্পরাগ রঞ্জিত বসনধারিণী যুবতী কামি-নীর ন্যায় শোভা ধারণ করিল। তথন উহা স্থবর্ণময় বা বর্ষাকালীন ইন্দ্রগোপ সমাকীর্ণ বলিয়া বোধ হইতে লাগিল। বীরগণের মস্তক, বাহু, উরু, কুগুল ও নিক প্রভৃতি ভূষণ, চর্ম এবং দেহ সমুদায় অনবরত নিপতিত হইতে লাগিল। মাতঙ্গণ পরস্পার দন্তাঘাতে বিদার্ণ ও রুধিরাক্ত কলেবর হইয়। ধাতুধারা-আবী গ্রৈরিক প্রার্বতের ন্যায় শোভা ধারণ করিল। কোন কোন মাতঙ্গ তোমর সমুদায়ের উপর শুগু নিক্ষেপ এবং কোন কোনটা তোমর সকল চুর্ণ করিতে লাগিল। কোন কোন হস্তা নারাচান্ত্রে ছিন্নবর্গ্ম ইইলা হিমাগমে মেছুনিম্মু ক্তৃ মহীধরের ন্যায় এবং প্রবর্ণপুষা শরনিকরে চিত্রিত হইয়া উল্কা-প্রদীপু পর্বতশৃঙ্গের ন্যায় শোভা ধারণ করিল। কোন কোন পর্বতাকার মতিক পরস্পারের আঘাতে আহত হইয়া পক্ষযুক্ত অচলের ন্যায় পঞ্জ প্রাপ্ত, কোন কোনটা শল্যদারা নিপাঁড়িত ও একাত ব্যথিত কইয়া মহাবৈগে ধাবমান এবং কোন কোনটা দন্ত ও কুন্ত দ্বার। ভূতল স্পর্শ করিয়া নিপতিত ै হইল। অন্যান্য মাতঙ্গগণ সিংহের ন্যায় ভাষণ শব্দ ও ভ্রমণ করিতে সাগিল।

স্থাপ বিভূষিত অখগণ্ড শর্মকরে নিপীড়িত হইয়া অবসম, মান ও উদ্ধান্ত হইয়া উঠিল। কতগুলি অখ শর ও তোমরের আঘাতে ভূতলে নিপতিত হইয়া নানা প্রকার অপ্রভিঙ্গি ক্রিতে লাগিল। নানবগণ ভূতলে নিপতিত হইয়া কেহ কেহ পিতা, পিতামহ ও বন্ধুগণকে এবং কেহ কেহ ধাবমান অন্তিতিগণকে অবলোকন করিয়া পরস্পার পরস্পরের বিখ্যাত নাম ও গোত্র জিজ্ঞাদা করিতে আরম্ভ করিল। তাহাদের হ্বর্ণ ভূষণালয়ং ত ছিম বাহং সমুদায় কথন উদ্ভান্ত, কখন বিচেষ্টিত, কখন পতিত, কখন উন্থিত ও কখন কম্পিত হইতে লাগিল এবং কতকগুলি পঞ্চমুখ প্রগের লায় বেগে বিলুষ্টিত হইল। সেই চন্দনদিয়া ভূজসাকার ভূজ সমুদায় ক্রিরাক্ত হওয়াতে স্বর্ণ ভ্রমতে স্বর্ণ ভ্রমতে স্বর্ণ ভ্রমতে স্বর্ণ ভ্রমতে স্বর্ণ ভ্রমতে স্বর্ণ ভ্রমতে বাধ হইতে লাগিল।

হে মহারাজ! এইরপে চারিদিকে সেই ঘোরতর সঙ্কুল সংগ্রাম উপহিত হইলে সৈতাগণ পরস্পার পরিজ্ঞাত না হইয়া যুদ্ধে প্রন্ত হইল।
সমূথিত ধূলিপটল ও শরনিকরে চতুর্দিক্ আচছন হইলে কাহারও আর আত্মপর বিবেচনা রহিল না। সেই ঘোরতর ভীষণ সংগ্রাম সময়ে বারংবার
স্থদীর্ঘ শোণিতনদী সকল প্রবাহিত হইতে লাগিল। মস্তক সকল উহাদের
পাষাণ, কেশকলাপ শৈবাল ও শাঘল, অহি মীন, শর শরাসন ও গদা সকল
ভেলা এবং মাংস উহার পক্ষম্রপ হইল। অনেকেই সেই ভীরুজন বিত্রাসক
ও শুরজন হর্ষবর্ধন ভীষণ নদীতে নিমগ্র হইয়া প্রাণত্যাগ করিতে লাগিল।

ঐ সময় ক্রব্যাদগণ চতুদ্দিকে ঘোরতর নিনাদ করিতে আরম্ভ করিলে রণশ্ল যমালয়ের ভায় ভয়ানক হইয়া উঠিল। চতুদ্দিকে অসংখ্য কবন্ধ সমুপ্রিত হইল। ভূতগণ মাংস, শোণিত ও বসা পানে পরম পরিভূষ্ট হইয়া নৃত্য করিতে আরম্ভ করিল। কাক, গৃপ্ত ও বক সমুদায় মেদ, মজ্জা, বসা ও মাংস ভক্ষণে মত্ত হইয়া ইতন্তত বিচরণ করিতে লাগিল। শৃরগণ সেই ভীষণ সময়েও যোদ্ধার সমুচিত ব্রত অবলম্বনপূর্বক তুপ্পরিহার্য্য ভয় পরিত্যাগ করিয়া সেই শরশক্তি সমাকুল ক্রব্যাদগণ সন্ধার্ণ সমরাঙ্গনে স্থায় সীয় পৌরুব প্রকাশ করত নির্ভয়ে বিচরণ করিতে আরম্ভ করিলেন। অসংখ্য যোধ চতুদ্দিক্ হইতে পরস্পারকে পিতৃনাম, গোত্র নাম ও স্বীয় নাম প্রবণ করাইয়া শক্তি, তোমর ও পর্টীশ ঘারা পীড়ন করিতে লাগিল। হে মহারাজ!

এইরপে সেই ঘোরতর যুদ্ধ আয়ারম্ভ হইলে কোরব. দেনা দকল সমুদ্রস্থ তথ্য তরীর ত্রায় অবসম হইয়া পড়িল।

# চতুঃপৃঞ্চাশত্তম অধ্যায়।

হে মহারাজ ! সেই ক্ষত্রিয়গণক্ষয়কারক ভীষণ যুদ্ধ সময়ে যে স্থানে, মহাবীর অর্জ্জন সংশপ্তক, কোশল ও নারায়ণী দেন। সমুদায়কে বিনাশ করিতেছিলেন, দেই স্থানে গাণ্ডীব নির্ঘোষ প্রবণগোচর হইল। সংশপ্তক-গণ রোষাবিষ্ট্র ও জয়ভিলাষী হইয়া চহুর্দ্দিক্ হইতে অর্জ্জুনের উপর শর বর্ষণ করিতে লাগিল। মহাবীর ধনজ্ঞয় অনায়াদে দেই শরধারা নিবারণপূর্বক মহারথগণকে নিপাতিত করত সমরাঙ্গনে অবতীর্ণ হইলেন এবং শিলানিশিত কঙ্কপত্র ভূষিত শরনিকরে দেই সমস্ত দৈন্তগণকে মদ্দিত করত উত্তগ আয়ুধ্ধারী মহাবীর স্থশর্মারে আক্রমণ করিলেন। তথন মহারথ স্থশর্মা ও সংশপ্তক-গণ অর্জ্জুনের উপর শর বর্ষণ করিতে লাগিলেন। অনন্তর স্থশর্মা দশ বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিয়া জনার্দ্দনের দক্ষিণ ভূজে তিন বাণ নিক্ষেপপূর্বক এক ভল্লে তাঁহার রথকেতু বিদ্ধ করিলেন। অর্জ্জুনের ধ্বজন্মিত বিশ্বকর্মানিশ্মিত বানরবর স্থশর্মার শরে আহত হইয়া দৈন্যগণকে ভয় প্রদর্শন ব্ব, প্রবণ ভয়-বিহ্বলিত ও নিশ্চেষ্ট হইয়া বিবিধ পুষ্প সমাকীর্ণ চৈত্ররথ বনের ন্যায় শোভা ধারণ করিল।

অনন্তর যোধগণ সংজ্ঞা লাভ করিয়া জলদাবলি যেমন পর্বতোপরি বর্ষণ করে, তত্রপ মহারথ ধনঞ্জয়ের উপর অনবরত শর বর্ষণ করেত তাহার সেই বিপুল রথ পরিবেউন করিল এবং মহাবীর ধনঞ্জয় কর্তৃক শাণিত শরনিকরে নিপীড়িত হইয়াও তাহারে আক্রমণপূর্বক চীৎকার করিতে লাগিল। অনন্তর তাহারা রোষাবিষ্ট হইয়া চতুদ্দিক্ হইতে ধনঞ্জয়ের অখ, রথচক্র, রথেয়াও র্থ আক্রমণ করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিল। এ সময় অনেকে কেশবের ভুজন্বয় এবং কেহ কেহ মহা আহ্লাদে রথন্তিত অর্জ্বর্নকৈ ধারণ করিল। তথান মহাত্মা ছ্রীকেশ মহাবেগে লাছ বিস্পিত করিয়া চুষ্ট হন্তী যেমন হন্তিপকদিগকে অধংপাতিত করে, তক্রপ সেই বীরপণকে পুত্তেশ পাতিত করিলেন । মহাবীর ধনঞ্জয়ও সেই মহারথপণ

কর্ক আপনারে পরিরত, রখ নিগৃহীত ও কেশবকে উপদ্রুত অবলোকন করিয়া রোধাবিকী চিত্তে তাঁহার রথে সমার কুনত্বসংখ্য পদাতিরে অধঃ-পাতিত ও স্মীপবর্ত্তী যোধগণকে আদম মুদ্রোপ্যোগী শর দ্বারা স্মাচ্ছম কুরত কুফাকে কহিলেন, হে যত্পুঙ্গব! ঐ দেখ, তুক্তর কার্য্যে প্রয়ন্ত অসংখ্য সংশপ্তাকী বিন্দ্র হইয়াছে। এই ভূমওলে আমা ভিন্ন এরূপ পোরতর রথবদ্ধ সহু করা আর কাহারই সাধ্য নহে।

হে মহারাজ! মহাবীর অর্জ্জ্ন এইরপ কহিয়া দেবদত্ত শব্দ বাদিত করিতে লাগিলেন। মহাত্মা কেশরও রোদসী পরিপ্রিত্র, করিয়া পাঞ্চলন্য নিম্বন করিতে আরম্ভ করিলেন। সংশপ্তকগণ দেই শব্দধ্যনি শ্রবণে ভীত হইয়া পলায়ন করিতে লাগিল। অরাতিনিপাতন অর্জ্জ্ন তদ্দর্শনে বারংবার নাগান্ত্র নিক্ষেপপূর্বক সংশপ্তকগণের গতিরোধ করিলেন। তাহারাও অচলের আয় নিশ্চল হইয়া রহিল। তথন মহাবীর পাণ্ডুনন্দন পূর্বে তারকান্তর বিনাশ সময়ে পুরন্দর যেমন দৈত্যগণকে বিনাশ করিয়াছিলেন, তক্ষ্রেপ সেই নিশ্চেষ্ট যোধগণেক শমনসদনে প্রেরণ করিতে লাগিলেন। হতাবশিষ্ট যোধগণ নিতান্ত নিপীড়িত হইয়া অর্জ্জ্নকে পরিত্যাগপূর্বেক পলায়ন ও সমস্ত অন্ত্র শন্ত্র পরিত্যাগ করিরার উপক্রম করিল; কিন্তু মহাবীর ধনপ্রয়ের নাগান্ত্র প্রভাবে নিশ্চেষ্ট হওয়াতে কিছুই করিতে পারিল না। তথন মহাবীর পাণ্ডুনন্দন অনায়াসে তাহাদিগকে বিনন্ট করিতে লাগিলেন। ফলত তিনি ঐ সময় যাহাদিগের উদ্দেশে নাগান্ত্র প্রয়োগ করিয়াছিলেন, তাহারা সকলেই সর্প সমুন্দায়ে পরিবেষ্টিত হইল।

অনস্তর মহারথ স্থার্থা সেই সৈন্য সমুদায়কে নিগৃহীত নিরীক্ষণ করিয়া অবিদায়ে গরুড়ান্তের আবির্ভাব করিলেন। তাঁহার অন্ত্র প্রভাবে অসংখ্য স্থপর্গ সমুৎপাম হইয়া ভুজঙ্গগণকে ভক্ষণ করিতে আরম্ভ করিল। হতাবশিষ্ট দর্প সমুদায় গরুড় দর্শনে ভীত হইয়া পালায়ন করিতে লাগিল। তখন সৈন্য-গণ মেঘনির্দ্ধ ক্র দিবাকরের ন্যায় দেই নাগান্ত্র হইতে বিমুক্ত হইয়া অর্জ্জুনের রথোপরি বিবিধ অন্ত্র নিক্ষেপ আরম্ভ, করিল। মহাবীর অর্জ্জুন শরনিকর নিক্ষেপ-পূর্বেক সেই মহান্ত্র রৃষ্টি নিরাক্বত করিয়া যোধগণকে বিনষ্ট করিতে লাগিন্দ কেন। স্থশর্মা তদ্দর্শনে ক্রুজ্ব হইয়া প্রথমত এক আনতপর্বব শয়ে অর্জ্জুনের '

বক্ষন্থল বিদ্ধা করিয়া পুনরায় উঁথারে তিন বাণে বিদ্ধা করিলেন। মহাবীর ধনপ্রমানেই আঘাতে অতিমাত্র ব্যথিত হুইয়া রথোপরি মুর্চিতে হুইলেন্। তথক
কোরবপক্ষায় যোধগণ অর্জ্জন নিহত হুইয়াছে বলিয়া উতৈতঃম্বরে চীৎকার
করিতে লাগিল। চতুদ্দিকে শহা ও ভেরী প্রস্তৃতি নানাপ্রকার ক্রাণিত্রেরী
নিম্বন এবং বীরগণের সিংহনাদ সমুখিত হুইল।

অনন্তর মহাবীর অর্জ্বন সংজ্ঞালাভ করিয়া সন্তরে প্রস্তান্তের আবির্ভাব করিলেন। শেসই অল্পের প্রভাবে সহস্র সহক্র শর সমুৎপদ্দ হইয়া চতুর্দ্ধিকে আপনার সহস্র সহক্র অন্ধ, রথ ও অন্যান্য সৈন্যগণকে বিনাশ করিতে লাগ্রিল। সংশপ্তক ও গোপালগণ নিতান্ত ভীত হইয়া কেইই ধনঞ্জয়কে বিদ্ধা করিতে সমর্থ হইল না। মহাবীর অর্জ্জ্বন শ্রগণ সমক্ষেই সৈন্যগণকে বিনাশ করিতে আরম্ভ করিলেন। বীরগণ অস্পান্দ হইয়া তাহাদিগের মৃত্যু অবলোকন করিতে লাগিলেন। হে মহারাজ। মহাবীর পাণ্ডুত্তনয় সেই যুদ্ধে অযুত রথী, চতুর্দ্ধণ সহস্র সৈন্য ও তিন সহস্র কুঞ্জরকে নিহত করিয়া ধুম্বিরহিত প্রজ্বলিত পাবকের ন্যায় শোভমান হইলেন। অনন্তর হতাবশিষ্ট সংশপ্তক্রণণ হয় প্রণত্যাগ না হয় শান্ত জয়লাভ করিব এই ছির করিয়া পুনরায় ধনয়য়কে পরিবেন্টন করিল। তথন মহাবল পরাক্রান্ত অর্জ্বনের সহিত তাহাদের পুনরায় মহাযুদ্ধ উপস্থিত হইল।

#### পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

হে মহারাজ! প্র সময় ক্তবর্মা, ক্প, অশ্বত্থামা, কর্ণ, উলুক, সৌবল ও আত্র্গণ পরিবৈষ্টিত রাজা তুর্য্যোধন সমুদ্রমধ্যস্থ ভগ্ন নৌকার ন্যায় স্বপক্ষীয় সেনাগণকে পাণ্ডবের ভয়ে নিতান্ত ব্যাকুলিত ও অবসম অবলোকন করিয়া তাহাদিগকে রক্ষা করিলেন। অনন্তর মুহূর্ত্তকাল মধ্যে ভৌকজনের ভয়জনক ও শ্রগণের হর্ষবর্জন ভাষণ সংগ্রাম উপস্থিত হইলু। কুপনির্ম্মুক্ত শরনিকর শলভ সমুহের ন্যায় স্পঞ্জয়গণকে সমাচ্ছন্ন করিল। তথ্ন শিখণ্ডী রোষাবিষ্ট চিক্তে সম্বরে কৃপের প্রতি ধার্মান হই ॥ তাঁহার চতুদিকে শরবর্ষণ করিতে লাগিলেন। মহান্ত্রিদ্, কুপাচার্য্যও সেই শর বর্ষণ নিবারণ কুরিয়া সরোষ নয়নে শিখণ্ডীরে দশ বাণে বিদ্ধা করিলেন। তথন শিখণ্ডী রোষপ্রতন্ত্র হইয়া অক্সিন্ত্রামা সাত বাণে কুপাচার্য্যকে বিদ্ধা

ক্রিলেন। মহারথ কৃপ শিখগুরি শরে বিদ্ধৃ ইয়া নিশিত শরনিকর দ্বারা -ঠাহার অশ্ব, সার্থি ও রথ বিন্ট করিয়া ফেলিলেন। তথন মহার্থ শিখণ্ডী সেই অশ্বহীন রথ হইতে অবরোহণপূর্ব্বর্ক খড়গ চর্ম্ম ধারণ করিয়া সম্বরে কুপা-র্টার্ন্যের প্রতি ধাবমান হইলেন। কুপাচার্য্যও নতপর্ব্ব শর্মিকরে দহদা সমাগত শিথগুীরে সমাচ্ছন্ন করিয়া তত্ত্রতা জনগণকে চমৎকৃত করিলেন। হে মহারাজ! ঐ সময়ে আমরা শিথগুীরে নিশ্চেষ্ট হইয়া সমরে অবস্থান করিতে অবলোকন করিয়া উহা শিলাপ্লবনের ন্যায় নিতান্ত অদ্ভুত জ্ঞান করিতে লাগ্রি<sup>নী</sup>ম। তথন মহারথ ধ্রুফ ড্রান্ন শিখণ্ডীরে কুপের শরে সমাচ্ছন্ন 'দেখিয়া' অবিলম্বে গোত্ম-নন্দনের প্রতি ধাবমান হউলেন। মহারথ কুতবর্ত্মা ধ্রফ্টগ্রাহ্মকে কুপের রথাভি-মুথে ধাবমান দেখিয়া সত্ত্বরে তাঁহারে আক্রমণ করিলেন। ঐ সময় ধর্মরাজ যুধিষ্ঠিরও পুত্র ও দৈন্যগণ সমভিব্যাহারে কুপাচার্য্যের অভিমুখে গমন করিতে-ছিলেন, তদ্দর্শনে মহাবীর অশ্বত্থামা তাঁহার্নে নিবারণ করিতে লাগিলেন। তুর্য্যোধন স্বরান্থিত মহারথ নকুল ও সহদেবকে শরবর্ষণ দারা নিবারণ করত আক্রমণ করিলেন। মহাবীর কর্ণ ভীমদেন এবং করুষ, কৈকয় ও স্ঞ্জয়গণকে নিবারণ করিতে লাগিলেন। তথন মহাজা কুপাচার্য্য শিখণ্ডীরে দগ্ধ করিবার নিমিত্তই যেন-তাহার প্রতি সত্তরে পরজাল পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। মহাবীর শিখণ্ডী বারংবার তলবারণ বিঘূর্ণনপূর্ব্বক তাঁহার স্থবর্ণপুষ্ম শরনিকর ছেদন করিতে লাগিলেন। তথন কুপাচার্য্য অনতিবিলম্বে শর্মকর দ্বারা ক্রপদপুজের শতচন্দ্রযুক্ত চর্মা ছেদন করিয়া ফেলিলেন। তদ্দর্শনে সকলেই উচ্চৈঃম্বরে চীৎকার করিয়া উঠিল। মহাবীর শিথগু এইরূপে চর্দ্ধ বিহীন ছইয়া করে ভরবারি ধারণপূর্বক মৃত্যুর বশীভূত আভূরের ন্যায় ক্লপের বশীস্থৃত হইলেন।

তথন মহাবল পরাক্রাম্ভ চিত্রকৈতৃত্বত স্থকেতৃ শিথগুনির কুপের শরে পরিরত ও নিতাম্ভ ক্রিফ দেখিয়া সম্বরে বিবিধ শরনিকরে কুপাচার্য্যকে দ্য়াচ্ছ্র করত তাঁহার রথাভিমুখে আগমন করিলেন। ঐ সময় শিগগুন দ্বিজ্ঞা করে কুপাচার্য্যকে স্থকেতৃর সহিত যুদ্ধে নিযুক্ত দেখিয়া পলায়নে প্রবৃত্ত হইলেন। তথন মহাবার স্থকেতৃ প্রথমত নয়, তৎপরে সপ্ততি ও পুনরায় তিন বাণে কুপকে বিদ্ধ করিয়া তাঁহার সশর শরাসন ছেদনপুর্বক এক বাণে সার্থির মর্ম্ম ভেন

করিলেন। ক্বপাচার্য্য তদ্দর্শনে গ্রুদ্ধ হইয়া অন্য এক স্থান্য গ্রহণপূর্বক ব্রিংশং শরে স্থকে হুর সমুদায় বৃদ্ধ আহত করিলেন। মহাবীয় স্থকে হু ক্বপাচার্য্যর শরাঘাতে বিকলাঙ্গ হইয়া ভুমিকপ্পকালীন পাদপের ন্যায় রথোপুরি কিপাত হইতে লাগিলেন। দ্বিজ্ঞবর ক্বপাচার্য্য দেই অবসরে ক্ষুরপ্র নার্য্য ভাহার উজ্জ্বল কুণুল, উষ্ণীয় ও শিরস্ত্রাণ সম্বলিত, মন্তক ছেদন করিয়া শ্রেনাছত আমিষের ন্যায় ভূতলে নিপাতিত করিলেন। তংপরে স্থকেতুর কলেবরও রথ হইতে ধরাত্রেলী নিপাতিত, হইল। এইরূপে মহাবীর স্থকেতু নিহত হইলে ভাহার সৈন্যাণ ক্বপকে পরিত্যাগপুর্বক দশ দিকে পলায়ন করিতে লাগিল।

 এ দিকে মহারথ ক্তবর্ণ্মা সমরে ধৃউত্যুদ্ধকে নিবারণ করিয়া আনন্দিত চিত্তে থাক্ থাক্ বলিয়। তর্জন করিতে লাগিলেন। হে মহারাজ ! আমিষের নিমিত্ত ক্লুক ভেটন পক্ষীৰয়ের যেক্রপ যুদ্ধ হয়, র্ফিপ্রবর কৃতবর্গা ও পাঞাল-্তনয় ধুউ হ্যন্নের তদ্ধপ ঘোরতর সংগ্রাম হইতে লাগিল। মহাবীর ধুউত্যুদ্ধ কোপাবিষ্ট হইয়া হার্দ্দিক্যকে নিপীড়িত করত নয় বাণে ভাঁহার বক্ষম্বল আহত করিলেন। মহারথ কৃতবর্মাও ত্রুপদ্তনয়ের শরে নিপীড়িত হইয়া শর-নিকর নিক্ষেপপূর্বক তাঁহারে রথ ও অখের সহিত সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। তথন রথারত ধৃষ্টপ্রাম কুতবর্মার শরে পরিবৃত হইয়া জলধারাব্যী জলদুজালে সমার্ত সূর্য্যের ন্যায় অদৃশ্য হইলেন এবং ক্ষণকাল মধ্যে কনকভূষণ বিশি্খ-জালে সেই বাণ দকল দুরীকৃত করিয়া কৃতবর্মার প্রতি হৃতীক্ষ শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন। সমরনিপুণ হার্দ্ধিক্যও বহু সহস্র শরে সেই সহসা সমাগত ছুরাদদ শরিবৃষ্টি নিরাক্ত করিলেন। তথন সেনাপতি ধ্রুইছুলে স্বীয় শরজাল নিবারিত দেখিয়া কৃতব্র্মারে নিবারণপূর্বক ভল্লারা তাঁহার সার্থিরে নিপাতিত করিলেন। হে মহারাজ! মহাবার ধ্রউত্তাম্ন এইরূপে মহাবল প্রাঞ্জি মুরাভিরে প্রাঞ্জিত ক্রিয়া খবিলয়ে কৌরবগণকে নিবারণ ক্রিতে লাগিলেৰ°। কৌরবগণ'ও দিংহনাদ করত তাঁহার প্রতি ধাবমান হইয়া পুন বার युक्त आतुष्ठ कतिरलन।

### বটুপঞ্চাশত্তম অধ্যার।

হে মহারাজ। ঐ সময় মহাবার অখতামা যুধিষ্ঠিরকে সাত্যকি ও দৌপদীর পঞ্চপুত্র কর্তৃক পরিরক্ষিত দেখিয়া ক্ষিপ্রহস্তে শর্মকির বর্ষণ ও বিবিধ শিক্ষাকৌশল প্রদর্শনপূর্বক প্রহান্তমনে তাঁহার সন্ধিনে গমন করিলেন এবং ধর্মরাজকে দিব্য মন্ত্রপূত অন্তজালে পরিবৃত্ত করত নভোমগুল সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। তথন আর কোন বস্তুই অনুভূত হইল না। সেই অতি বিস্তীর্ণ রক্ত্রল কেবল শরময় হইল। স্বর্ণজাল জড়িত শরনিকর গগনতল সমাচ্ছন্ন করিয়া চন্দ্রাতপের ন্যায় শোভা পাইতে লাগিল। তৎকালে নভোমগুল শরনিকরে পরিবৃত্ত হওয়াতে রণক্তল যেন মেঘের ছায়ায় সমাচ্ছন্ন হইল। তথন অন্ত রীক্ষচারী কোন প্রাণী আর উড্ডীন হইতে সমর্থ হইল না। তদর্শনে আমরা সকলেই চমৎকৃত হইলাম। ঐ সময় সমর্লালস শিনিপ্রবীর সাত্যকি, ধর্মরাজ যুধিন্তির ও অন্যান্য সৈনিকগণ জোণপুত্রের হস্তলাঘব সন্দর্শনে সাতিশয় বিশ্বিত হইয়া কোনক্রমেই পরাক্রমপ্রকাশপূর্বক তাঁহার প্রতিদ্বন্দ্রভাচরণ করিতে সমর্থ হইলেন না। মহারথ ভূপালগণও সেই প্রথর দিবাকরের ন্যায় তেজস্বী জোণাত্মজকে নিরীক্ষণ করিতে পারিলেন না।

অনন্তর সাত্যকি, যুধিষ্ঠির, পাঞ্চাল ও দ্রৌপদীর তনয়গণ অশ্বত্থামার শরনিকরে স্বায় দৈন্যদিগকে বধ্যমান দেখিয়া মৃত্যুভয় পরিত্যাগপূর্বক তাঁহার প্রতি ধাবমান হইলেন। তথন মহাবীর সাত্যকি সপ্তবিংশতি শরে অশ্বত্থামারে বিদ্ধ করিয়া পুনরায় স্থবর্ণখচিত দাত নারাচে তাঁহারে বিদ্ধ করিলেন। তৎপরে ধর্মরাজ ত্রিসপ্ততি, প্রতিবিদ্ধ্য সাত, শ্রুতকর্মা তিন, শ্রুতকীর্ত্তি সাত, স্বতনোম নয়, শতানীক সাত এবং অন্যান্য বীরগণ অসংখ্য শরে চতুর্দিক্ হইতে অখ-ত্থামারে বিদ্ধ করিলেন। মহাবার দ্রোণপুত্র তাঁহাদের শরাঘাতে নিতান্ত ক্রুদ্ধ हरेयां ভोषण ভूक्रदक्षत न्याय नीर्चनियान পরিত্যাগ করত সাত্যকিরে পঞ্চারংশতি, অ্রুতকীতিরে নগ্ন, স্থতদোমকে পাঁচ, প্রুতবর্মারে আট, প্রতিবিদ্ধ্যকে তিন, শতানীককে নয়, ধর্মপুত্রকে পাঁচ ও অন্যান্য বারগণকে হুই ছুই শরে নিপীড়নপূর্ব্ব ক নিশিত শর্রনকরে প্রুতকীর্ত্তির শরাসন ছেদন করিয়া কেলি-লেন। অনন্তর প্রুতকীর্ত্তি অন্য কামুকি গ্রহণপূর্বক অশ্বপামারে প্রথমত তিন শরে :বৃদ্ধ করিয়। পুনরায় , নিশিত শরকালে বিদ্ধ করিতে লাগিলেন। তখন ক্রোণতনয় শরবর্ষণপূর্বক পাণ্ডব দৈ্ন্যগণকে সমাচ্ছন্ন করিয়া হাস্যমুখে । এব রাজের কাম্মুক ছেদনপূর্বক তিন বাণে তাঁহারে বিদ্ধ করিলেন। তখন ধর্ম-রাজ যুগিষ্ঠির দত্বরে অন্য শরাদন গ্রহণপূর্বক দপ্ততি শরে অশ্বর্থামার বাহু-

যুগল ও বক্ষরণ বিদ্ধ করিলেন। সাত্যকিও ক্রোধাবিষ্ট হইয়া স্থাক্ষ অদ্ধিচন্দ্র বাণে অশ্বত্থামার কাম্মুক ছেদনপূর্বক ঘোরতর সিংহনাদ পুরিত্যাগ করিলে লাগিলেন। তথন দ্রোণাত্মজ সন্থরে শক্তি দ্বারা সাত্যকির সার্থিরে রথ হইতে নিপাতিত করিয়া অনতিবিলম্থেই অন্য এক শরাসন গ্রহণপূর্বক শুরুনিকরে যুযুধানকে সমাচহন্দ্র করিলেন। সাত্যকির অশ্বগণ সার্থি বিহীন হইয়া স্বেচ্ছামু-গারে ইতস্তত ধাবমান হইল। তথন যুধিষ্ঠির প্রমুখ বীরগণ সেই শস্ত্রধরাগ্রগণ্য দ্রোণাত্মজ্ঞের উপর মহাবেগে অনবরত নিশিত শরনিকর পরিত্যাগ করিতে লাগিলেন। মহাবীর অশ্বত্থামাও সেই মহাবেগে সমাগত শর সমুদায় হাদ্যমুখে প্রতিগ্রহ করিলেন। তৎপরে হতাশন যেমন তৃণরাশি ভম্মসাৎ করিয়া ফেলে, তদ্দ্রপ তিনি শরানলে পাণ্ডবসৈন্যগণকে দগ্ধ করিতে প্রবৃত্ত হইলেন এবং তিমি যেমন নদীমুখ ক্ষুভিত করে, তদ্দ্রপ সেই পাণ্ডবসৈন্যগণকে আলোড়িত করিয়া গাতিশয় সন্থপ্ত করিতে লাগিলেন। তথন তত্রত্য সকলেই দ্রোণপুজ্রের পরাক্রম নিরীক্ষণ করিয়া পাণ্ডবগণকে নিহত বলিয়া অবধারণ করিল।

• অনস্তর ধর্মরাজ যুধিষ্ঠির রোষাবিষ্ট হইয়া অবিলম্বে দ্রোণাত্মজকে সৃষ্টোধনপূর্বক কহিলেন, হে গুরুপুর্ত্তা! আজি তুমি যথন আমারে সংহার করিতে অভিলাষী হইয়াছ, তখন বোধ হইতেছে, তোমার অন্তঃকন্মণে প্রাতি ও কৃতজ্ঞতার লেশ মাত্র নাই। দেখ, তপোনুষ্ঠান, দান ও অধ্যয়নই ত্রাহ্মণের কার্য্য, আর ধনুষ্কারণ করা ক্ষত্রিয়েরই কর্ত্তব্য; অতএব তুমি যথন ত্রাহ্মণের কুলে উৎপন্ন হইয়া ধনুষ্কারণ করিতেছ, তখন তুমি নাম মাত্র ত্রাহ্মণ, সন্দেহ নাই। যাহা হউক, হে ত্রাহ্মণাধম! অদ্য আমি তোমার সমক্ষেই কৌরব-দিগকে পরাজয় করিব, তুমি এক্ষণে সংগ্রামে প্রয়ত্ত হও।

হে মহারাজ! মহাবীর অশ্বত্থামা ধর্মরাজের বাক্য আবণে হাস্যমুখে প্রকৃত তত্ত্ব অনুধাবনপূর্বক কিছুমাত্র প্রত্যুত্তর প্রদান না করিয়া প্রজাসংহারে প্রস্তুক্তকের ন্যায় ক্রোধাবিষ্ট চিত্তে তাঁহারে অনবরত নিক্ষিপ্ত শরনিকরে সমাচ্ছন্ন করিতে লাগিলেন। তথন ধর্মরাজ দ্রোণপুজু নির্মুক্ত শরজালে সমাচ্ছাদিত হইয়া সেই বহুল বল পরিত্যাগপূর্বিক সন্তরে তথা হইতে কোরব সৈত্য সংহারার্থ প্রস্থান করিলেন। দ্রোণাত্মজ অশ্বত্থামাও যুধিন্তিরকে প্রতিনির্ভ দেখিয়া তথা হইতে গমন করিলেন।

#### দপ্ত পঞ্চাশতম অধ্যায়।

হে মহারাজ ! অনন্তর মহারথ কর্ণ চেদি ও কৈকেয় পরিবৃত ভীম ও ধৃষ্টত্যুম্বকে স্বর্য়ং অবরোধ করিয়া 'শরনিক্রে নিবারণ করিলেন। তৎপরে ভিনি ম্হাবীর ভীমেরই সমকে চেদি, কারষ ও স্প্রেগণকে কিনাশ করিতে লাগিলেন 🕆 তখন ভীমপরাক্রম ভীমদেন কর্ণকে পরিত্যাগপূর্বক তৃণদহন প্রবৃত্ত হতাশনের ভায় রোধে প্রজ্বলিত হইয়া কৌরব দৈন্যভিমুখে গমন করিলেন। মহাবীর সূতপুত্রও মহাধকুর্দ্ধর পাঞ্চাল, কেকয় ভু সঞ্জয়গণকে সংহার করিতে লাগিলেন। ঐ সময় মহাবীর ধনঞ্জয় সংশপ্তকগণকে বিনাশ করিতে প্রবৃত্ত হইলেন। হে মহারাজ! এইরূপে ক্ষত্রিয়গণ সেই অনলসঙ্কাশ তিন মহারথ কর্ত্ব নিতান্ত নিপীড়িত ও বিনষ্ট হইতে লাগিলেন। অনস্তর মহারাজ ছুর্য্যোধন একান্ত ক্রোধাবিষ্ট হইয়া নয় বাণে নকুলকে, বিদ্ধ করিয়া শরনিকরে তাঁহার চারিটি অশ্বকে নিপ্নীজিত করিলেন এবং খরধার ক্ষুর দারা সহদেবের কাঞ্চনধ্বজ খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তথন মহাবীর নকুল সাত ও সহদেব পাঁচ শরে হুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। রাজা হুর্য্যোধনও পাঁচ পাঁচ শরে তাঁহাদের বক্ষত্বল বিদ্ধ করিয়া সুই ভল্লে শরাসন ও শর ছেদনপূর্বক পুনরায় তাঁহাৃদিগকে ত্রিসপ্ততি শরে বিদ্ধ করিলেন। তথন দেবকুমার তুল্য মহাবীর নকুল ও সহদেব অবিলম্বে ইন্দ্রচাপ সদৃশ অন্য তুই কার্ম্মুক গ্রহণ-পুর্বাক মহামেঘ যেমন পর্বাতের উপর বারি বর্ষণ করে, তদ্ধপ রাজা হুর্য্যো-ধনকে লক্ষ্য করিয়া অনবরত শরনিকর বর্ষণ করিতে লাগিলেন।

্ অনস্তর মহারাজ তুর্য্যোধন একান্ত ক্রোধাবিষ্ট হইয়া শরনিকর বর্ষণপূর্বক নকুল ও সহদেবকৈ বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। তৎকালে কেবল
ভাঁহার শরাসন মগুলীকৃত ও শরনিকর অনবরত নিপতিত হইতেছে, ইহাই
নিরীক্ষিত হইতে লাগিল। তিনি দিবাকরের করজালের ন্যায় শরজালে দিয়্পুল
সমাচ্ছয় করিয়া ফেলিলেন। এইরূপে রণস্থল শরময় ও নভস্থল শরনিকরে
সমাচ্ছয় ইইলে নকুল ও সহদেবের রূপ কালান্তক যমের ন্যায় লক্ষিত হইতে
লাগিল। ঐ শয়য় মহারণগণ রাজা তুর্য্যোধনের পরাক্রম সন্দর্শন করিয়া য়য়জ
নকুল ও সহদেবকে যমরাজের সন্ধিহিত বলিয়া অকুমান করিতে লাগিলেন।
ভখন পাশুবসেনাপতি মহাবীর ধৃষ্টিত্যুম্ব'নকুল ও সহদেবকে অতিক্রমপূর্ব্বক

দুর্ব্যোধন সন্ধিধানে সমুপস্থিত হইয়া শরনিকরে তাঁহারে নিবারণ করিতে আরম্ভ করিলেন। ক্রোধনম্বভাব হুর্যোধনও ধ্রুটহ্নাম্মকে প্রথমত পঞ্চবিংশতি ও তৎপরে পঞ্ষপ্তি শরে বিদ্ধ করিয়া ১হতীক্ষ ক্ষুরপ্র দ্বারা তাঁইার সশর শরী-সন ও হস্তাবাপ ছেদনপূর্বক সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তুখনু রোষক্ষায়িত লোচন মহাবীর ধৃষ্টপ্রাম্ম স্ববীর্ষ্য প্রভাবে প্রস্থলিত হই ই শেই ছিন্ন কাম্মুক পরিত্যাগপুর্বক ভার সহনক্ষম অন্য এক শরাসন গ্রহণ করিয়া ভূর্বের্যাধনের সংহার বাসনায় নিশ্বসম্ভ পন্নগের ন্যায় পঞ্চদশ নারাচ নিক্ষেপ করিলেন।, দেই শিলানিশিত নারাচনিকর পরিত্যক্ত হইবামাত্র দুর্ঘ্যোধনের স্থবর্ণখচিত বর্মা ভেদ করিয়া মহাবেগে বস্থাতলে প্রবিষ্ট হইল। তখন মহারাজ ছুর্য্যোধন সেই ধৃষ্টপ্রাল্ল নিক্ষিপ্ত নারাচে গাঢ়তর বিদ্ধ, ছিন্ন-বৰ্মা ও জর্জ্জরীকুত কলেবর হইয়া বসস্ত কালে কুস্থম সমূহ স্থশোভিত কিংশুক বুক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তৎপরে তিনি ক্রোধাবিষ্ট হইয়া এক ভল্লে ধ্রউত্যুক্ষের কাম্মুক ছেদনপূর্বক সম্বরে দশ সায়কে ভাঁহার ললাট-দেশ বিদ্ধ করিলেন। দেই কর্মার পরিমার্জ্জিত নারাচনিকর জ্ঞাপদতনয়ের আননে সংলগ্ন হইয়া প্রফুব্র কমলমধ্যস্ত মধুলোলুপ ভ্রমরপংক্তির ন্যায় শোভা পহিতে লাগিল। অনস্তর মহাবীর ধৃষ্টত্যুত্র সেই ছিন্ন শরাস্ন পরিত্যাগ-পূর্ব্বিক সন্থারে অন্য এক ধকুও ধোড়শ ভল্ল গ্রহণ করিলেন এবং পাঁচ ভল্লে ছুর্য্যোধনের অশ্ব ও দার্রধিরে সংহার করিয়া এক ভল্লে শরাসন ছেদনপূর্বক দশ ভল্লে তাঁহার অসভিজ্ঞত রথ, ছত্রে, শক্তি, থড়গা, গদা ও ধ্বজ ছিন্ন ভিন্ন করিয়া ফেলিলেন। তখন পার্ধিবগণ ছুর্য্যোধনের হেমাঙ্গদ সমলঙ্কত বিচিত্ত মণিময় নাগধ্বজ খণ্ড খণ্ড নিরীক্ষণ করিয়া চমৎকৃত হইলেন। ঐ সময় কুরু-রাজের আতৃগণ তাঁহারে -রক্ষা করিতে লাগিলেন। ইত্যবসরে রাজা দণ্ডধার ধৃউত্যুদ্ধ সমক্ষে অসম্ভ্রান্ত মনে ছুর্য্যোধনকে স্বরূপে আরোপিত করিয়া তথা হইতে অপস্ত হইলেন।

এদিকে মহাবীর কর্ণ সাত্যকিরে পরাজয় করিয়া তুর্য্যোধনের হিতার্থে ডোণুখাতী ধ্রউত্যুদ্ধের প্রতি ধাবমান হইলেন। সাত্যক্তি কুঞ্জর বিমন প্রতিপক্ষ কুঞ্জরের জঘনদেশে দশনাখাত করে, তর্জ্ঞাপ সূতপুজ্রের পশ্চাৎভাগে শরনিকর রিক্ষেপ করত তাঁহার অনুগ্রন করিতে লাগিলেন। হেন মহারাজ! ্তখন কর্ণ ও ধৃষ্ট হ্যান্সের মধ্যস্থলে বীরগণের খোরতর সংগ্রাম হইতে লাগিল। ুকৌরব ও পাণ্ডব পক্ষীয় কোন বীরই তৎকালে সমরে পরাত্মুখ হইলেন না।

অন্তর মহারপ কর্ণ সম্বরে পার্ঞালগণের অভিমূথে ধাবমান হইলেন। ে কেই মুধ্যাহ্নকালে উভয় পক্ষে অসংখ্য হস্তী, অশ্ব ও মনুষ্ট সকল বিনষ্ট হইতে লীগিল। তখন পাঞ্চালগণ, বিহঙ্গেরা যেরূপ আবাস রক্ষে ধাবমান হয়, তজ্ঞপ কর্ণকে পরাজ্ঞ করিবার বাসনায় তাঁহার অভিমুখে ধার্বমান হইল। মহাবীর কর্ণত রোষপরবশ হইয়া প্রাণপণে যুদ্ধে প্রবৃত ব্যান্ত্র্কিছু, স্থশর্মা, চিত্র, উগ্রায়ুধ,জয়, শুক্ল, রোচমান ও সিংহদেন এই কণ্মেকটি পাঞ্চালদেশীয় প্রধান বীরকে লক্ষ্য করিয়া শর্মকর নিক্ষেপ করিতে লাগিলেন। তথন 🔄 সমুদায় বীরেরা রথ সমূহ ছারা মহারথ কর্ণকে পরিবেইটন করিলেন। সূর্তপুত্র তদ্দর্শনে ক্রোধাবিষ্ট হইয়া ঘোরতর সমরে প্রবৃত্ত সেই আট জন মহাবীরকে স্নিশিত আট শরে আহত করিয়া সমর বিশারদ অত্যান্য অসংখ্য বীরকে বিনাশ করিতে লাগিলেন। তৃৎপরে তিনি জিফু, জিফুক'র্মা, দেবাপি, ভদ্র, দণ্ড, চিত্রায়ুধ, চিত্র, হরি, সিংহকেতু, রোচমান ও শলভ এবং চেদি দেশীয় वर्ष्ट्रमः थर महातथरक विनाम कतिरलन । औ वीत्रगरणत वधमाधन ममर्पे करर्गत কলেবর রুধিরলিপ্ত হইয়া রুদ্রদেবের দেহের ন্যায় শোভা পাইতে লাগিল। ঐ সময় করিনিকর কর্ণারে তাড়িত ও নিতাস্ত ভীত হইয়া রণস্থল একাস্ত আকুলিত করত চতুর্দিকে ধাবমান হইল এবং কতকগুলি কর্ণশরে নিহত হইয়া যোরতর চীৎকার পরিত্যাগপ্রবিক বজ্র বিদলিত অচলের ন্যায় ধরাতলে নিপতিত হইতে লাগিল। নিহত হস্তী, অখ ও মকুষ্যের -দেহে সূতপুজের গমন পথ সমাকীর্ণ হইল। হে মহারাজ। মহাবীর কর্ণ তৎকালে যেরূপ কার্য্য করিলেন, আপনার পক্ষীয় ভীষ্ম দ্রোণ প্রভৃতি কোন যোদ্ধাই রণ-चर्ल त्मक्र अडू के कार्य अक्ष्ठीन क्रिक् ममर्थ इन नाहै। क्षे महातीत অসংখ্য হস্তী, অখ, রথ ও মনুষ্যগণকে বিনফ করিলেন এবং সিংহ যেমন মুগযুপ মধ্যে নির্ভয়ে বিচরণপূর্বক তাহাদিগকে বিদ্রাবিত করে, তজ্ঞাপ তিনি পাঞ্চালগণের নাধ্যে নিশক্ষচিতে নক্ষরণ করত তাহাদিগকে দ্রাবিত ক্রিতে লাগিলেন। ঐ দমস্ত মহারথ সিংহৈর মুখকুহরে প্রবিষ্ট মুগগণের ন্যায় সূত-পুত্তের সমক্ষে সমাগত হইয়া পঞ্চ প্রাপ্ত হইলেন। মনুষ্যুগণ খৈমন অগ্নির

ভত্তাপে দশ্ধ হয়, তদ্রেপ স্ঞায়গণ কর্ণের রোধানলে দশ্ধ হইতে লাগিল। হৈ মহারাজ। এইরূপে চেদি, কৈকেয় ও পাঞ্চালগণ মধ্যে অনেকেই কর্পের শরের সমাহত হইয়া স্ব স্থ নামোল্লেখপুর্বক নিইত হইল। তৎকালে মহাবীর কর্পের পরাক্রম দর্শনে আমার বোধ হইয়াছিল যে, পাঞ্চালগণ মধ্যে কোন বীরুই জীবিতাবস্থায় কর্পের হস্ত হইতে মৃক্তিলাভ করিতে সমর্থ হইবে না।

অনস্তর ধর্মরাজ যুধিষ্ঠির কর্ণশরে পাঞ্চালগণকে নিহত নিরীক্ষণ করিয়া ক্রোধভরে তাঁপ্রের প্রতি ধাবমান হইলেন। ধ্রউত্যুন্ধ, শিখণ্ডী, সহদেব, নকুল, জনমেজয়, সাত্যকি, দ্রোপদীর পঞ্চপুত্র ও প্রভদ্রকগণ এবং অন্যান্য অসংখ্য বীর অ্রাসর হইয়া কর্ণকে পরিবেউনপূর্বেক তাঁহার উপর শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন। তথন মহাবীর সূতপুত্র গরুড় যেমন পমগগণকে আক্রমণ করে, তক্রেপ একাকী সেই সমস্ত চেদী, পাঞ্চাল ও পাগুবদিগকে আক্রমণ করিলেন। অনস্তর দেবাস্থর সংগ্রামের ন্যায় তাহাদিগের সহিত কর্ণের ঘোরতর যুদ্ধ উপস্থিত হইল। দিবাকর যেমন অন্ধকার নিরাশ করেন, তক্রপ মহাবীর সূতপুত্র একাকীই অনাকুলিত চিত্তে সেই একত্র সমবেত শরনিকরবর্ষী বীর্দিগকে পরাভূত করিতে আরম্ভ করিলেন।

প্রতিষ্ঠান কর্মনে কর্গকে পাগুবগণের সহিত সমরে প্রবৃত্ত দেখিয়া জ্রোধভরে যমদগু সদৃশ শরজাল দ্বারা চতুদ্দিকে কৌরব সৈন্যগণকে সংহার করিতে লাগিলেন। তিনি একাকী বাহলীক, কৈকেয়, মহস্য, বাসাত্য, মদ্র ও সৈন্ধবদিলের সহিত ঘোরতর সমরানল প্রজ্বলিত করিয়া অলৌকিক শোভা ধারণ করিলেন। করিনিকর তাঁহার নারাচে মর্মাদেশে সাতিশয় তাড়িত হইয়া মেদিনীমগুল বিকম্পিত করত আরোহীর সহিত ভূতলে নিপতিত হইতে লাগিল। আরোহিবিহীন অশ্বসমৃদায় ও পদাতিগণ ভীমশরে নির্ভিন্নকলেবর হইয়া অনররত ক্রধির বমনপূর্ব্বক সমর শয্যায় শয়ন করিল। অসংখ্য রখী ভীমভয়ে, নিতান্ত ভীত ও পতিতায়ুধ হইয়া প্রাণ পরিত্যাগপুর্বক ভূতলে নিপতিত হইলেন। তথন রণম্বল অশ্বারোহী, সার্থি, পদাতি, অশ্ব, গজ ও ভামের সায়ক সমৃদায়ে সমাচছর হইয়া গেল। হুর্য্যোধনের সৈন্দেশ ভীমভয়ে তাঁত, প্রভাহীন, উৎসাহ শূন্য ও দীনভাবাপন্ন ইয়া স্তম্ভিতের ন্যায় অবস্থান করত শরহকালীন নিশ্চেক মহাসাগরের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিল।

হে মহারাজ ! উভয় পক্ষায় দৈন্যগণ পরস্পার, সংহারে প্রান্ত হইবা রুধির-ধারায় সমাচহর, হইল। এইরূপে মহাবীর সূতপুত্র পাণ্ডব দৈন্যদিগকে ও ভীমসেন কৌরব দৈন্যগণকে বিদ্রাবিত করিতে লাগিলেন।

কে মুহারাজ! সেই ঘোরতর অন্তুত সংগ্রাম সময়ে মহাবীর অর্জ্বন বহু সংখ্যক সংশপ্তককে নিহত করিয়া বাহ্ণদেবকে কহিলেন, হে জনার্দ্দন! একণে এই বল সমুদায় ছিন্ন ভিন্ন হইয়াছে। মহারথ সংশপ্তকগণ আমার বাণ নিবারণ করিতে অসমর্থ হইয়া সিংহশকার্থ মৃগ্যুথেব ন্যায় অনুগামাদিগের গৈহিত পলামন করিতেছে। এ দিকে স্প্রেয় সৈন্যগণ কর্ণ শর্মে বিদলিত হইতেছে। এ দেখ, ধামান্ কর্ণের হস্তিককা ধ্বজ সৈন্য মধ্যে বিরাজিত রহিয়াছে। এ মহানবীর মহা আহলাদে যুধিষ্ঠিরের বলমধ্যে বিচরণ করিতেছে। অন্য কোন মহানরথই উহারে পরাজিত করিতে সমর্থ হইবেন না। তুমিও স্তপুজ্রের বল পরাক্রম অবগত আছে। অতএব আমার মতে অন্যান্য বীরগণকে পরিত্যাগ করিয়া সূত্রপুজ্র যে স্থানে আমাদিগের দৈন্য বিদ্রাবিত করিতেছে, সেই স্থানে গমন করা কর্ত্ব্য। অথবা তোমার যাহা অভিক্রচি, তাহাই অনুষ্ঠান কর।

মহাত্মা হাষীকেশ অর্জ্জনের বাক্য শ্রাবণ করিয়া হাস্ত করত কহিলেন, হে পাণ্ডব। অবিলম্বে কৌরবগণকে বিনাশ কর। হে মহারাজ। তথন ধনপ্রথের হংসবর্ণ স্থবর্ণভূষণালক্কত অর্থগণ কেশব কর্ত্ত্ক সঞ্চালিত হইয়া আপনার সৈন্য মধ্যে প্রবেশ করিল। তাহাদের প্রবেশ কালে আপনার সৈন্যগণ চারি দিকে ধাবমান ইইল। ধনপ্রয়ের সেই কম্পিত পতাকা বিরাজিত মেঘগন্তারগর্জনন বানরধক্তে মহারথও বিমান যেমন স্বর্গে গমন করে, তক্রপে অনাধানে কৌরব সৈন্যমধ্যে গমন করিল। এইরূপে সেই সমরনিপুণ রোধার্রণনেত্র মহাবীর কেশব ও অর্জ্জন তলপদে সংক্রুদ্ধ মাতক্ষর্যের ন্যায় ক্রোধান্ধিত চিত্তে সেই বিপুল সৈন্য বিদারণপূর্বক তন্মধ্যে প্রবিষ্ট হইয়া ঋত্বিকৃগণ কর্ত্ত্ক সমাহূও, যজ্জন্থলে সম্গাত অন্ধিনীকুমারদ্বরের ন্যায় শোভমান হইলেন। তথন মঢ়াবীর অর্জ্জনের রথ ও অন্থ সমুদায়কে মন্দিত করত পাশধারী অন্তক্ষের ন্যায় বাহিনীন্মধ্যে বিচরণ করিতে লাগিলেন। প্রসময় আপনার পুক্র ত্র্য্যোধন সৈন্যমধ্যে ধনপ্রয়কে বিজ্ঞম প্রকাশ করিতে অবলোক্কন করিয়া পুনরায় সংশপ্তকগণকে অভিমুখীন হইতে আদেশ করিলেন। বার্গণ তাঁহার আজ্ঞা প্রবায় সংশপ্তকগণকে

রখ, তিন শত হস্তী, চতুর্দ্দশ সহস্র অশ্ব ও হুই লক্ষ ধন্ত্র্নারী যুদ্ধকোবিদ পদাতি সমভিব্যাহারে একবারে চতুর্দ্দিক্ হইতে শরনিকর নিক্ষেপপূর্বক অর্জ্বনের্কে সমাচ্ছম করিয়া ফেলিল। তথন অরাতিনিপাতন ধনঞ্জয় সংশশুকগণের শরনিকরে সমাচ্ছম হইয়া স্বায় উপ্রতা প্রদর্শনপূর্বক তাহাদিগকে বিনাশ করিকে স্বারিস্ত করিলে তাঁহার মূর্ত্তি সকলেরই প্রেক্ষণীয় হইয়া উঠিল। তাঁহার সৌদামিনী সমপ্রভ স্থবর্ণভূষিত্ব অনবরত নিক্ষিপ্ত শরজালে নভোমগুল সমাচ্ছম হইয়া গেল। অনন্তর্কী মহাবীর পাণ্ডুনন্দন চতুর্দ্দিকে সরলাগ্র স্থবর্ণপূজা শরনিকর নিক্ষেপ করিতে আরম্ভ করিলে বোধ হইতে লাগিল, যেন সমুদায় প্রদেশ সপ্রে সমাচ্ছম হইয়াছে এবং তাঁহার তলগকে সমৃদ্ধ, পর্বত, ভূমগুল, দিল্লগুল ও নভোমগুল বিকম্পিত হইতেছে।

হে মহারাজ ! এইরূপে মহারথ পাতুনন্দন দশ সহত্র নরপালকে নিপা-তিত করিয়। সত্বর সংশপ্তক সৈন্যের 'প্রপক্ষে গমন করিলেন। সংশপ্তক-দিগের প্রপক্ষ কাম্বোজগুণ কর্ত্তৃক রক্ষিত হইয়াছিল। মহাবীর ধনপ্রয় তথায় মমুপস্থিত হইয়৷ পুরন্দর য়েমন দানবদিগকে বিদলিত করিয়াছিলেন, তদ্রপ দৈন্যগণকে প্রমণিত করিতে লাগিলেন। তিনি ভল্ল দারা আততায়ী অরাতিগণের শস্ত্রযুক্ত বাহু ও মস্তক ছেদন করয়া ফেলিলেন। তাঁহারা অর্জ্জন শরে অঙ্গ প্রত্যঙ্গ বিহীন ও আয়ুধশূত হইয়া বহু শাখা সঙ্কুল বাতাহত বন-স্পতির ন্যায় ভূতলে নিপতিত হইল। ঐ সময় মহাবীর অর্জ্বন হস্তী, অশ্ব,রথ ও পদাতিগণকে বিনাশ করিতে আরম্ভ করিলে কাম্বোজরাজ স্থদক্ষিণের কনিষ্ঠ ভাতা তাঁহার উপীর শর বর্ষণ করিতে লাগিলেন। তথন কুন্তীনন্দন চুই অন্ধিচন্দ্র বাণে তাঁহার পরিঘাকার ভুজদ্ম ও ক্ষুরদারা পূর্ণচন্দ্র দদৃশ মস্তক্ ছেদন করি-লেন। কমললোচন প্রিয়দর্শন স্থদক্ষিণামুজ অর্চ্ছেনের,শরে নিহত হইয়া শ্যেণি-তার্কলেবন্ধে বজ্রবিদারিত গিরিশৃঙ্কের ন্যায়, কাঞ্চনস্তভ্যের ন্যায়, ভগ্ন স্থমেরু পর্বতের ন্যায়, বাহন হইতে ভূতলে নিপতিত হইলেন। অনন্তর পুনরায় অতি শস্ত্ত ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। ঐ যুদ্ধে যোধগণের নানাপ্রকার অবুবছা पंगिट ना शिल। व्यक्तित अक अक वार्ण को त्या क, यवन ७ म करनम ममूखू ठ অনেকানেক অশ্ব নিহত হইয়া রুধিরাক্ত কলেবর হওয়াতে সমুদায়ই লোহিত বর্ণ হইয়া উঠিল। ঐ সমন্ত্র অশ্ব দার্থি বিহান র্থী, আরোহাঁ শুস্ত অশ্ব, মহা-

আত্রহীন হস্তী ও হস্তাবিহীন মহামাত্রগণ প্রস্পারের সংহারে প্রবৃত্ত হইলে স্বোরতর জনক্ষ হইগা উঠিল।

এইরূপে মহাবীর ধনঞ্জয় সংশপ্তকগণের পক্ষ ও প্রপক্ষ বিনষ্ঠ করিলে মিহাবীর অ্রথখানা স্থবর্ণ ভূষিত কোদণ্ড বিধুমিত করত দূর্য্যের করজাল সদৃশ খোরতর শরজাল গ্রহণ করিয়া ক্রোধভরে মুখব্যাদানপূর্বক দণ্ডধারী ক্রুদ্ধ অন্ত-কের ন্যায় সম্বরে অর্জ্জনের অভিমুখে গমন করিলেন। পাণ্ডব দৈন্যগণ সেই মহাবীরের অনবরত নিক্ষিপ্ত উগ্রতর শর্রনকরে সমাহত হইর্মা চতুর্দিকে ধাবমান হইল। অনন্তর মহাবার অত্থামা হৃষাকে নিথোপরি অবস্থিত সন্দর্শন করিয়া পুনরায় প্রচণ্ড শর নিক্ষেপ করিতে লাগিলেন। তথন রথস্থিত কেশব ও ধনপ্তয় উভয়েই দেই শরজালে সমাচ্ছন্ন হইলেন। ঐ সময় প্রবল প্রতাপ দ্রোণতনয় ত্রীক্ষ্ণ শরনিকরে জগতের রক্ষক কৃষ্ণ ও অর্জ্জনকে নিশ্চেষ্ট করিলে কি স্থাবর কি জঙ্গন সকলেই হাহাকার করিতে লাগিল। সিদ্ধ ও চারণগণ জগতের হিত চিস্তা করত চতুর্দ্দিক্ হইতে সমাগত হইলেন। হে মহারাজ! দেই যুদ্ধে অশ্বত্থামা কৃষ্ণ ও অর্জ্ব্রুনকে আচ্ছাদিত করিয়া যেরপ পরাক্রম প্রকাশ করিলেন, ইতিপূর্ব্বে কখনই আমার দেরপ পরাক্রম নয়নগোচর হয় নাই। ঐ সময় সিংহগর্জনের ন্যায় দ্রোণপুত্রের অরাতিবিত্রা-সক কাম্মুকশব্দ বারংবার আফ্রিগোচর হইতে লাগিল। তাঁহার শ্রাসনজ্যা মেঘমগ্রান্থিত সৌদামিনীর ভাষ শোভা ধারণ করিল। মহাবার অৰ্জ্বন তাদৃশ দৃঢ়হস্ত ও ক্ষিপ্রকারী হইয়াও তৎকালে অশ্বত্থামারে অবলোকনপূর্বক নিতান্ত মুশ্বের স্থায় আপনার পরাক্রম নিহত বোধ করিতে লাগিলেন । ঐ সময় অখ-ত্থামার মুখমগুল ও কলেবর অতি তুর্নিরীক্ষ হইয়া উঠিল।

হে মহারাজ ! মহাবীর অর্জ্জন ও আচার্য্যপুত্তের এইরূপ ভীষণ সংগ্রামে অশ্বথামা অধিকবল ও ধনঞ্জয় ন্যূনবল হইলে মহাত্মা হৃষীকেশ সাতিশন্ন রোমানি বিষ্ট হইলেন। তিনি দীর্বনিশ্বাস পরিত্যাগপূর্বক রোষক্ষায়িত লোচনে দক্ষ কর্তই যেন বারংবার অশ্বথামা ও অর্জ্জনের উপর দৃষ্টিপাত করিতে লাগিলেন এবং প্রণয়বাক্যে অর্জ্জনকে সম্বোধনপূর্বক কহিলেন, হে ভ্রাত ! আজি ট্রোণ-পুত্র ভোমারে অতিক্রম করাতে আমি নিতান্ত আশ্চর্যাশ্বিত হইয়াছি। আজি কি ভোমার বলবীর্য্য অবসম হইয়াছে ? তোমার হস্তে রা রথে কি গাঙীব

শরাসন বিদ্যান নাই ? তোমার মুষ্টি ও বাহুন্বরের কি কোন আঘাত হই-,
য়াছে ? আজি কি নিমিন্ত দ্রোণতনয়কে উদ্দৃক্ত দেখিতেছি ? হে ধনঞ্জয় এগুরুপুত্র বোধে উহারে উপেক্ষা করিও না। ইহা উপেক্ষার সময় নহে।

হে মহারাজ! মহাত্মা বাহুদেব এইরূপ কহিলে মহাবীর ধন্ঞুয় চ্ছুক্
দশ ভল্ল গ্রহণপূর্বক সত্মরে দ্রোণভনয়ের ধ্বজ, ছত্র, পতাকা, রথ, শক্তি,
গদা ও শরাসন ছেদন করিয়া ফেলিলেন এবং সত্মরে তাঁহার জক্রণেশে দৃঢ়রূপে
বৎসদন্ত শর্নীকর প্রহার করিলেন। মহাবীর দ্রোণপুত্র সেই আঘাতেই মৃচ্ছিত
হইয়া ধ্বজ্যপ্তি অবল্যন করিয়া রহিলেন। তথন তাঁহার সার্থি তাঁহারে শরপীড়িত ও বিসংজ্ঞ অবলোকন করিয়া পরিত্রাণার্থ রথ লইয়া অপস্ত হইল।
ঐ অবসরে শক্ততাপন ধনঞ্জয় মহাবার ছুর্য্যোধনের সমক্ষেই আপনার
অসংখ্য সৈন্যগণকে বিনাশ করিলেন। হে মহারাজ! আপনার কুমন্ত্রণাতেই
তৎকালে এইরূপ কৌরব সৈন্যগণের ঘোরতর বিনাশ উপস্থিত হইল। ঐ
সময় ক্ষণকাল মধ্যেই মহাবীর অর্জ্বন সংশপ্তকগণকে, রকোদর কৌরবগণকে
এবং কর্প পাঞ্চালগণকে বিমন্দিত করিলেন। এইরূপে বারজনক্ষয়কারক
ঘোরতর সংগ্রাম উপস্থিত হইলে সমরাঙ্গনে চতুদ্দিকে অসংখ্য কবন্ধ সমৃথিত
হইল। তৎকালে রাজা যুথিন্তির সমরবেদনায় নিতান্ত কাত্র হইয়া সমরন্থল
হইতে এক ক্রোশ দূরে গমনপূর্বক অবস্থিতি করিতে লাগিলেন।

## অষ্টপঞ্চাশত্তম অধ্যায়।

হে মহারাজ! অনন্তর তুর্য্যোধন কর্ণ সমীপে সমুপস্থিত হইয়া মদ্ররাজ শল্য ৩০ অন্যান্ত মহারথগণকে লক্ষ্য করিয়া সূতপুত্রকে সম্বোধনপূর্ব্ধক কহিলেন, হে কর্ণ! আত্মসদৃশ বলবিক্রমশালী ব্যক্তিদিগের সহিত সংগ্রাম ক্রিয়দিগের প্রার্থনীয়; এক্ষণে তাহা উপস্থিত হইয়াছে। এই রুদ্ধ উপস্থিত হওয়াতে উহাদিগের স্থেজনক, তাহার আর সন্দেহ নাই। এই যুদ্ধ উপস্থিত হওয়াতে উহাদিগের স্বর্গদার স্থেজনক উদ্ঘাটিত হইয়াছে। অতএব এক্ষণে শ্রগণ হয় সমরে পাওবগণকে নিপাতিত করিয়া বিশাল পৃথিবী প্রাপ্ত হউন অথবা অরাতি হস্তে নিহত হইয়া বীরলোকে গমন কর্মন।

হে মহারাজ। ক্ষত্রিয়গণ তুর্য্যোধনের সেই বাক্য প্রবণে আনন্দিত হইয়া শিংহনাদ ও বিবিধ বাদিতে নিম্বন করিতে লাগিলেন। তখন মহাবীর অশ্বত্থামা কৌরবপক্ষীর যোধগণকে আহলাদিত করত কৃছিলেন, হে ক্ষত্রিয়গণ! আমার প্রিতা সমৃদায় সৈন্যগণের ও তোমাদিগের সমক্ষে শস্ত্র পরিত্যাগপূর্বক ধ্রুইছ্যান্দের হত্তে নিহত হুইয়াছেন। আমি সেই ক্রোধে ও মিত্রের হিতসাধনার্থ
ক্রেমাদিগের নিকট যাহা প্রতিজ্ঞা করিতেছি, প্রবণ কর। আমি ধ্রুইত্যুম্নকে
নিপাতিত না করিয়া কদাচ বর্গ্ম পরিত্যাগ করিব না। যদি আমার এ প্রতিজ্ঞা
মিথ্যা হয়, তাহা হইলে আমার স্বর্গলাভ হইবে না। অদ্য কি অর্জ্র্ন, কি ভীমসেন, যে ব্যক্তি সমরে ধ্রুইত্যুম্নকে রক্ষা করিবে, আমি শরনিক্রের তাহারেই
নিহত করিব।

মহাবীর অশ্বত্থামা এইরপ প্রতিজ্ঞা করিলে সমুদায় কৌরব সেনা মিলিত হইয়া পাণ্ডবগণের প্রতি ও পাণ্ডবগণ কৌরবগণের প্রতি ধাবমান হইলেন। অনন্তর উভয়পক্ষীয় রথীদিগের মহাপ্রলয়কল্প অতি ভীষণ সংগ্রাম সমুপস্থিত হইল। তথন দেবগণ ও অন্যান্য প্রাণ্ডিগণ অপ্সরাদিগের সহিত মিলিত হইয়া সেই নরবীরগণকে দর্শন করিবার নিমিত্ত তথায় আগমন করিতে লাগিলেন। অপ্সরারা আহলাদিত চিত্তে বিবিধ দিব্যমাল্য, গন্ধ ও রত্মধারা স্বকর্মনিরত নর-বীরগণকে সমাচছন্ন করিলেন। গন্ধবহ সেই স্থগন্ধ লইয়া সমস্ত যোধগণকে আমোদিত করিতে লাগিল। যোধগণ স্থগন্ধি সমীরণ সংস্পর্শে সমাহলাদিত হইয়া পরস্পর আঘাত করত ধরণীতলে নিপতিত হইতে লাগিল। ঐ সময়ে ভূমগুল, দিব্যমাল্য, স্থবর্ণপুদ্ধ বিচিত্র নিশিত শরনিকর ও যোধগণে সমাকীর্ণ হইয়া তারকাচছন্ন বিচিত্র নভোমগুলের ন্যায় শোভা ধারণ করিল। তথন দেবগন্ধর্ব্ব প্রভৃতি অন্তরীক্ষচারিগণ সাধ্বাদ দ্বারা সেই জ্যানির্যোধ, নেমিনিম্বন ও সিংহনাদ সমাকীর্ণ সংগ্রামন্থলকে অধিকতর সমাকুল করিতে লাগিলেন।

একোনষষ্টিতম অধ্যায়।

হে মহারাজ! ঐ সময় মহাবীর অর্জ্জ্ন, কর্ণ ও ভীমদেন, রোষান্থিত হইলে মহীপালগণের এইরূপ মহাসংগ্রাম উপস্থিত হইল। মহাবল প্রাক্রান্ত ধনঞ্জয় জোণপুত্রকে পরিত্যাগপূর্বক অন্যান্য মহারথগণকে পরাজ্ঞ্জ্ম করিয়া বাহ্নদৈবকে কহিলেন, হে কৃষ্ণ! ঐ দেখ, পাগুব সেনা পলায়নে প্রস্তুত হইয়াছে। মহাবীর কর্ণও আমাদের পক্ষীয় মহারথগণকে নিপীড়িত করিতেত্তিন। ধর্মরাজ মুধিন্তির বা তাঁহার ধর্জদণ্ড আমার নেত্রগোচর হইতেছে না।

দিবসের তুই ভাগ গত হইয়াছে, এক ভাগমাত্র অবশিষ্ট আছে। বিশেষত্ এক্ষণে কৌরবপক্ষীয় বীরগণের মধ্যে কেহই আমার সহিত সমরে প্রবৃত্ত হই— তেছে না। অতএব তুমি এই সময় আমার প্রিয়সাধনের নিমিত্ত যুধিষ্ঠিরের অভিমুখে যাত্রা কর। আমি ধর্মরাজকে কুশলা দেখিয়া পুনরায় শক্ত্যুগ্রেত্র সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব। বাস্তদেব ধনঞ্জয় বাক্য প্রবণে তৎক্ষণাৎ ধর্ম রাজ সমীপে রথ চালন করিলেন।

ঐ সময়, মহারাজ যুধিষ্ঠির ও মহারথ স্প্রেয়গণ প্রাণপণে কৌরবগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। মহাত্মা বাস্তদেব সেই সংগ্রাম ভূমিতে अमःथा वौत्रत्क निरु अवताकिन कतिय। धनक्षप्रत्क करिलन, (र अर्ज्जून! ঐ দেখ, তুর্ব্যোধনের তুর্নীতিনিবন্ধন পৃথিবীস্থ অসংখ্য ভূপতি নিহত হইয়া-ছেন। হতজীবিত বীরগণের স্থবর্ণপৃষ্ঠ শরাদন, মহামূল্য ভূণীর, স্থবর্ণপুষ্থ আনতপর্ব্ব শর, নিমোকনিমুক্তি পন্নগ সদৃশ তৈলধীত নারাচ, হস্তিদন্ত নির্দ্মিত মৃষ্টিযুক্ত হৈমখচিত খড়গ, হেমভূষিত চর্মা, স্থবর্ণবিকৃত প্রাদ, কনক **च्युग मक्टि, यर्गभरहे वक्ष विभूल शना, काक्ष्मग**री यष्टि, द्श्यक्षित शिष्टि, কনকদণ্ড যুক্ত পরশু, লোহময় কুন্ত, ভীষণ মুষল, বিচিত্র শতন্মী, বিপুল পরিঘ এবং চক্র ও তোমর ইতস্তত বিকীর্ণ রহিয়াছে। বিজয়াকাজ্জী বীরগণ নানাবিধ অন্ত্র শস্ত্র ধারণপূর্বক নিহত হইয়াও জীবিতের স্থায় দৃষ্ট হইতেছেন। 🜢 দেখ, সহস্র সহস্র যোধ গদা প্রহারে চূর্ণ কলেবর, মুষলা-ঘাতে ভিন্ন মস্তক এবং হস্তী, অশ্ব ও রথদারা মধিত ইইয়াছেন। রণভূমি বিবিধু শ্লার, শক্তি, ঋষ্টি, পটিশ, লৌহনিশ্মিত পরিঘ, কুন্ত, পরশু ও অখ-গণের খুরের আঘাতে ছিন্ন ভিন্ন শোণিতাক্ত মনুষ্য, অশ্ব ও হস্তিগণের শরীর এবং বীরগণের হেমভূষিত কেয়ুরান্বিত সতলত্র চন্দনচর্চিত ছিম্বাহু, অঙ্গুলিত্র শস্থলিত অ্লক্কত ভুজাতা, করিশুণোপম উরু ও চূড়ামণি বিভূষিত কুওলা-ষিত মৃস্তকসমূহে সমাচহন হইয়াছে। কতবিকতাঙ্গ শোণিতদিশ্ব কবন্ধগণ চতুর্দিকৈ সমুখিত হওয়াতে সমরভূমি শাস্তজ্বাল হুতাশনে পরিবৃত বলিয়া বোধ হইতেছে। ঐ দেখ, কিন্ধিনাজালজড়িত বহুধা ভগ্ন অসংখ্য রথ, শরাহত বিনির্গতান্ত অশ্ব, অমুকর্ষ, ভূণীর, পতাকা, বিবিধ ধ্বজ, রথিগণের 'মহাশম, পাণ্ডুবর্ণ চায়র, পর্বতাকায় নিকাশিতজিহব মাতঙ্গ, বিচিত্র পতাক।

শোভিত নিহত অখ, গজবাজিগণের পৃষ্ঠত্বিচিত্র চিত্রকম্প, স্বর্ণমণ্ডিত রপ্রাকুশ, পতিত মাতঙ্গণের শরীরাঘাতে বহুধাভগ্ন ঘণ্টা, বৈত্র্য্যদণ্ড, অঙ্কুশ, অখারোহিগণের ভুজাগ্রবদ্ধ হ্বর্ণ বিক্ত কশা, বিচিত্র মণিথচিত হ্বর্ণ সম-শঙ্কুত রেক্কুচর্ম নির্দ্ধিত অশ্বাস্তরণ, নরেন্দ্রগণের চূড়ামণি, বিচিত্র কাঞ্চনমালা, ছত্র ও ব্যক্তন সকল চভূদ্দিকে সমাকীর্ণ রহিয়াছে। বীরগণের চন্দনক্ষত্রের ন্যায় সমুৰুল চাৰু কুণ্ডলমণ্ডিত শাঞ্চযুক্ত বদনমণ্ডল ছারা বহুধা সমাচছঃ ছইয়াছে। ঐ দেখ, অনেকে দৃঢ়তর সমাহত ও নিপ্তিত হয়ুগা আঠনাদ পরিত্যাগ করিতেছে এবং উহাদের জ্ঞাতিবর্গ অন্ত্রশন্ত্র পরিত্যাগপূর্ব্বক রোদন করত উহাদিগের শুশ্রাধায় প্রবৃত্ত হইয়াছে।ক্রোধপরতন্ত্র বিজয়া-কাজ্ফী বীরগণ জীবিত্তীন যোধগণকে শরজালে সমাচ্ছদ্ধ করিয়া অন্যান্য বীরগণের সহিত সংগ্রামার্থ গমন করিতেছে। সমর সমাহত শায়ান জ্ঞাতি-গণ ৰূল প্রার্থনা করাতে অনেকে স্বালানয়নার্থে সত্তরে গমন করিতেছে। খ্মনেকে বান্ধবদিগের নিমিত্জল খানয়ন করিয়া তাহাদিগকে বিচেতন দেখিয়া জল পরিত্যাগপূর্বক চীৎকার করত ধাবমান হইতেছে। কেহ কেঁছ জল পান করিয়া ও কেহ কেহ জলপান করিতে করিতেই প্রাণত্যাগ করিতেছে ৷ বান্ধবপ্রিয় বীরগণ সেই প্রিয় বান্ধবগণকে পরিত্যাগপূর্বক সংগ্রামার্থ ধাবমান হইতেছে এবং অন্যান্য যোধগণ অধরোষ্ঠ দংশন ও ভ্রুকুট্ট বন্ধনপূর্বক চতুর্দ্দিক্ দর্শন করিতেছে। হে মহারাজ! বাস্তদেব অর্চ্ছ্নকে এইরূপ কৃহিতে কৃহিতে যুধিষ্ঠিরাভিমুখে গমন করিতে লাগি-লেন। ধনঞ্জয়ও ধর্মরাজের দর্শনার্থ সমূৎস্থক হইয়া ক্রুফাকে বারংবার দ্বরাদ্বিত করিতে লাগিলেন। তথন বাস্থদেব অর্জ্জুনকে কহিলেন, হে পাণ্ডব! ঐ দেখ, কৌরবপক্ষীয় পার্থিবগণ মহারাজ যুধিষ্ঠিরের প্রতি ধাবমান হইতেছে। রণস্থলে কর্ণ প্রস্থানিত পাবকের ক্যার অবস্থান করিতেছে। মহাধকুর্দ্ধর ভীমদেন সমরে ধাবমান হইতেছেন। পাঞ্চাল, স্ঞ্জয় ও পাণ্ডবগণের অগ্রসর যোদ্ধ। ধৃষ্টপ্রান্ধ প্রমুখ বীরগণ উভার অনুসমন कतिरंग्रह । भाष्ट्रक रमग्रंगण ममस्त धार्व इरेग्रा कोत्रवरेमग्रगणरक निश्री-ড়িত করাতে তাহার। পলায়নে প্রবৃত্ত হইতেছে। মহাবীর কর্ণ পলায়ন পরারণ কৌরব সৈন্যগশকে অবরোধ করিতেছে। এ দেখ, ইব্রুত্ব্য পরা-

ক্রম শস্ত্রধরাপ্রণণ্য দ্রোণনন্দন, অশ্বত্থামা কালান্তক যমের ন্যায় সংপ্রামেন গ্রমন করিতেছেন। মহারথ ধ্রউত্যন্ধ তাঁহার প্রতি ধাবমান ছইরাছে এবং স্প্রয়গণ সংপ্রামে নিহত হইতেছে।

হে মহারাজ ! মহাত্মা বাহ্ণদেব এইরপে অর্জ্জনকে সমুদায় সংগ্রাস ধিবই রণ কহিলেন । অনস্তর ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল । উভয় পক্ষীয় সৈনিকগণ প্রাণপণে যুদ্ধে প্রবৃত্ত হইয়া সিংহনাদ করিতে লাগিল । হে রাজন্ ! কেবল আপনার কুর্মন্ত্রনাতেই তৎকালে উভয় পক্ষের এইরূপ ক্ষয় উপস্থিত হইল ।

### যষ্টিতম অধ্যায়।

ু হে মহারাজ ! অনন্তর যুধিষ্ঠির প্রভৃতি পাণ্ডব ও সূতপুত্র প্রমুখ কৌরব-গণ নির্ভয়ে পুনরায় সংগ্রামার্থ পরস্পার সমাগত হইলেন। তথন পাণ্ডবগণের স্হিত কর্ণের যমরাজ্য বিবর্দ্ধন অতি ভীষণ লোমহর্ষণ সংগ্রাম সমুপস্থিত হইল। সেই ভুমুল যুদ্ধে শোণিতস্রোত প্রবাহিত ও সংশপ্তকগণ অল্পমাত্র অবশিষ্ট হইলে মহাবীর ধ্রষ্টক্যন্ত্র ও মহারথ পাণ্ডবগণ অন্যান্য ভূপালবর্গ সমভিব্যাহারে সূতপুত্রের প্রতি ধাবমান হইলেন। মহারথ কর্ণ দেই সমস্ত বিজয়াভিলাষী প্রস্থান্টিভ বীরগণকে আগমন করিতে দেখিয়া পর্বত যেমন জলপ্রবাহকে অবরোধ করে, তজ্ঞাপ একাকীই তাঁহাদিগের গতি রোধ করি-লেন। তথন জলস্মোত যেমন অচলে সংলগ্ন হইয়া ইতস্তত প্রবাহিত হয়, তজ্ঞপ সেই মহারথগণ সূতপুল্রকে প্রাপ্ত হইয়া চতুর্দিকে ধাবমান হইলেন। অনস্তর সেই বীরগণের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল। মহাবীর ধ্রফক্লাম্ব আনত্তপৰ্ব্ব <del>শার-</del> ছারা কর্ণকে প্রহার করিয়া থাক্থাক্ বলিয়া আক্ষালন করিতে লাগিলেন। মহারথ কর্ণপ্ত বিজয় নামক উৎকৃষ্ট কাম্মুক কম্পিত করিয়া ধ্রউত্যুদ্দের আশীবিষোপম শর ও শরাসন ছেদনপূর্ব্বক নয় শরে তাঁহারে ভর্মজ্ত করিলেন। সূতপুত্রনিমুক্তি শরনিকর ধৃষ্টগ্ল্যম্বের স্থবর্ণ মণ্ডিত বর্ম ভেদপূর্ব্বক শোণিতলিগু হইয়া ইন্দ্রগোপের ন্যায় শোভ। পাইতে, লাগিল। তথন মহারথ দ্রুপদ্তনয় সেই ছিল কামুক প্রিত্যাগপুর্বক অন্যুঞ্ক শরাদন ও শরনিকর গ্রহণ করিয়া সমতপর্বব সপ্ততি বাণে কর্ণকে বিদ্ধ করি-গেন। সৃতপুত্রও আশীবিষ সদৃশ শরনিকর ছারা ধৃউত্যুদ্ধকে সমাচহর করিয়া ফেন্সিলেন।

• অনন্তর মহাবীর ধৃষ্টপ্রাম্ব নিশিত শরজালে কর্ণকে বিদ্ধ করিতে আরম্ভ করিলে মহারথ, সূতপুত্র ক্রোধাবিষ্ট হইয়া ক্রুপদনন্দনের প্রতি এক যমদণ্ড সদৃশ ভীষণ শর নিক্ষেপ করিলেন। ঐ-সময় মহাবীর সাত্যকি সেই কর্ণ শিক্ষিপ্ত ঘোররূপ শর ধৃষ্টপ্রামের অভিমুখে আগমন করিতে দেখিয়া ক্রিপ্রাহেন্ত তৎক্ষণাৎ উহা ছেদন করিয়া ফেলিলেন। মহাবীর কর্ণ তদ্দর্শনে ক্রুদ্ধ হইয়া যুযুধানকে শরনিকরে নিবারণ করত সাত নারাচে বিদ্ধ করিলেন। মহাবীর সাত্যকিও হেমমণ্ডিত হ্রানিশিত শরজালে তাঁহারে বিদ্ধ করিছেত লাগিলেন। হে মহারাজ। এইরূপে সেই বার্রদ্বের ঘোরত্তর যুদ্ধ হইতে লাগিল। ঐ আশ্চর্য্য যুদ্ধ দর্শন বা আবণ করিলেও অন্তঃকরণে ভয় সঞ্চার হইয়া থাকে। ঐ সময় মহাবীর কর্ণ ও সাত্যকির সেই অন্তুত কার্য্য দর্শনে সকলেরই কলেবর কন্টকিত হইয়া উঠিল।

এই অবসরে মহাবীর অশ্বত্থামা শক্রদমন ধৃষ্টত্ব্যন্তের সন্নিধানে সমুপস্থিত হইয়া জোধভরে কহিলেন, রে ব্রহ্মঘাতক! ভুই ক্ষণকাল এই স্থানে অবস্থান কর, আজি জীবিতাবস্থায় কদাচ আমার নিকট পরিত্রাণ পাইবি না। মহাকীর দ্রোণতনয় এই বলিয়া প্রাণপণে যুদ্ধে প্রবৃত্ত ধৃষ্টত্যুন্ধকে প্রযুদ্ধ সহকারে ক্ষিপ্রহন্তে হুনিশিত শরনিকরে সমাচ্ছন্ন করিলেন। পূর্বের মহাবীর দ্রোণা--চার্য্য ধৃষ্টপ্ল্যাম্বকে দন্দর্শনপূর্বক উহারে যেমন আপনার মৃত্যু স্বরূপ জ্ঞান করিয়াছিলেন, তদ্রূপ এক্ষণে মহাবল পরাক্রান্ত ধৃউত্যুদ্র অখ্রপামারে স্বীয় মৃত্যু বলিয়া বিবেচনা করিতে লাগিলেন। অনস্তর কালান্তক যম সদৃশ মহা-বীর ধ্রউত্যুদ্ধ আপনারে সংগ্রামে শস্ত্রের অবধ্য বিবেচনা ক্রিয়া মহাত্রেগে অন্তকপ্রতিম অশ্বথামার অভিমুখে আগমন করিতে আরম্ভ করিলেন। মহারথ অশ্বত্থামাও ক্রোধভরে ঘন ঘন দার্ঘ নিশ্বাস পরিত্যাগপূর্বক তাঁহার প্রতি ধাব-মান হইলেন। তথন সেই বীরদ্বয় পরস্পরকে নিরীক্ষণ করত ক্রোধে এইট্র হইয়া উঠিলেন। অনন্তর্গ প্রবল প্রতাপশালী মহাবীর অশ্বস্থাম। সন্ধিহিত, ধ্রুট-হ্যুন্থকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে পাঞ্চালাপদদ! আজি আমি তোমারে নিশ্চয়ই যমালিয়ে প্রেরণ করিব। পূর্বেব ভুমি আমার পিতারে সংহার করিয়া যে পাপ সঞ্চয় করিয়াছ, অন্য সেই পাপ তোমারে সাতিশয় সমুপ্ত করিবে। রে মৃঢ় । যদি তুমি অর্জ্ন কর্ত্তক রক্ষিত না হইয়া রণস্থানে অবস্থান

কর, অথবা সমর পরিত্যাগপুর্বক, পলায়নপরায়ণ না. হও, তাহা হইলে অব
গ্রুই তোমারে সংহার করিব। তথন ধুউত্যুদ্ধ তাঁহার বাক্যু প্রবণ করিয়া
কহিলেন, হে দ্রোণাত্মজ ! আমার যে অসিদণ্ড তোমার সমরলালয় পিতার
বাক্যে উত্তর প্রদান করিয়াছিল, একণে সেই খড়গই তোমারও এই বারক্সক্র
প্রত্যুত্তর প্রদান করিবে। আমি যথন আক্রাণাধ্য দ্রোণকে বিনাশ করিয়াছি,
তথন কি নিমিউ বিক্রম প্রকাশপূর্বক তোমারে নিহত না করিব ? পাণ্ডব
সেনাপতি-ধুউত্যুদ্ধ এই বলিয়া অশ্বত্থামারে স্থনিশিত শরে বিদ্ধ করিতে লাগিলেন।

অনন্তর মহাবীর অঁশুখামা ক্রোধাবিষ্ট হইয়া শরজালে ধৃষ্টত্যুম্নের চতৃদ্দিক্ সমাচহন্দ করিলেন। তথন দিয়ওল, নভোমওল ও যোধগণ সেই দ্রোণপুত্র নিম্মু ক্রে শরনিকর প্রভাবে এককালে অদৃশ্য ইয়া গেল। মহাবীর ধৃষ্টত্যুম্নও সূত্রপুত্রের সমক্ষে অশ্বত্থামারে শরনিকরে তিরোহিত করিলেন। মহাবীর কর্ণ একাকীই পাণ্ডব ও পাঞ্চালগণ এবং দ্রোপদীর পঞ্চপুত্র, মুধামম্যু, ও সাত্যকিরে নিবারণ করিতে লাগিলেন। অনন্তর মহাবীর ধৃষ্টত্যুম্ন শর দারা অশ্বত্থামার শরাসন ছেন্ন করিয়া ফেলিলেন। অশ্বত্থামা অবিলম্বে সেই ছিন্ন কার্মুক্ পরিত্যাগ ও অন্য শরাসন গ্রহণপূর্বক আশীবিষোপম শরনিকর বর্ষণ করত নিমেষ মধ্যে ধৃষ্টত্যুম্নের শক্তি, শরাসন, গদা, ধ্বজ, অখ, সার্মিও ও রথ ছিন্ন ভিন্ন করিয়া ফেলিলেন। মহাবীর ধৃষ্টত্যুম্ন এইরূপে ছিন্ন-কার্মুক, বিরথ, হতাশ্ব ও হত্যারথি হইয়া খড়া চর্ম্ম গ্রহণ করিলেন। মহাবীর অশ্বত্থামা ক্রেপদতনয় সেই ভারব্য হইতে অবত্রার্ণ না হইতে ইইতেই ভল্লবারা তালাক্র খণ্ড খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন; তদ্দেন্ন সকলেই বিস্মিত হইল।

হে মহারাজ ! এইরূপে জ্রুপদনন্দনের রথ ভগ্ন, অর্থ নিহত, শরাসন তথ্যতা ছিল্ল এবং শরাঘাতে অঙ্গপ্রতাঙ্গ কত বিক্ষত হইলেও অথ্যথামা কোনজ্মেই সায়ক ছারা ভাঁহারে নিহত করিতে সমর্থ হইলেন না। জোণপুজ্র যথন দেখিলেন যে, অন্ত ছারা ধুউচ্যুন্থকে বধ করা নিতান্ত হঃসাধ্য, তথন তিনি কার্মুক পরিত্যাগপূর্বক ভুজগগ্রহণলোলুপ গরুড়ের ন্যার মহাবেগে জ্বিপদতনয়ের প্রতি ধাবমান হইলেন। তদ্দর্শনে বাহ্নদেব অর্জ্জনকে সম্বো-ধনপুর্বক কছিলেন, সথে। ঐ দেখ, অশ্বর্থামা ধুউচ্যুন্থকে সংহার করিবার নিমিত্ত প্রাণপণে যত্ন করিতেছেন। অতএর একলে তুমি সাক্ষাৎ কৃতান্তের ত্যায় দ্রোণপুত্তের নিকট হইতে ধ্রুটগ্রান্ধকে মোচন কর। নচেৎ অশ্বামা অবশ্যই উঁহারে সংহার করিবেন। মহাত্মা বাহ্ণদেব এই বলিয়া অশ্বামার অভিশ্বং অ্থু সঞ্চালন করিতে লাগিলেন। চন্দ্রসন্মিত অশ্বগণ গগণতল পান করতই যেন দ্রোণপুত্তের প্রতি মহাবেগে ধাবমান হইল। তথন মহাবল পরাক্রান্ত দ্রোণনন্দন বাহ্ণদেব ও অর্জ্জনকৈ আগমন করিতে দেখিয়া ধ্রুটগ্রান্ত বিদ্দিত্তর যত্ন করিতে লাগিলেন। অনন্তর মহাবীর ধনপ্রুয় অশ্বামার্যের ধ্রুটগ্রান্তকে আকর্ষণ করিতে লাগিলেন। অনন্তর মহাবীর ধনপ্রুয় অশ্বামার্যের ধৃষ্টগ্রান্তকে আকর্ষণ করিতে লাগিলেন। আনত্তর মহাবীর ধনপ্রয় অশ্বামার্যের ধ্রুটগ্রান্তকে করিলেন। ধনপ্রয়ের গাণ্ডিবনির্ম্মান্তক সেই সমুদায় শর বল্মীকান্তর্গামী প্রবেগর নাায় অশ্বামার দেহে প্রবেশ করিতে লাগিল। তথন প্রবল প্রতাপশালী দ্রোণাত্মজ সেই অর্জ্জন নিক্ষিপ্ত শরনিকরে গাঢ়তর বিদ্ধ হইয়া, ধ্রুটগ্রান্তকে পরিত্যাগপূর্বকক রথে আরোহণ ও কার্মানুক গ্রহণ করিয়া ধনপ্রয়েকে সায়ক সমূহে বিদ্ধ করিতে লাগিলেন। ঐ অবদরে মহাবীর সহদেব অরাতিতাপন ধ্রুটগ্রান্তকে রথে আরোপিত করিয়া রণন্তল হইতে অপদারিত করিলেন।

আনন্তর মহাবীর ধনপ্রয় শরনিকরে অশ্বথামারে বিদ্ধা করিলে অশ্বথামানিতান্ত ক্রেদ্ধা হইয়া তাঁহার বাস্ত্যুগল ও বক্ষন্থলে শরাঘাত করিতে লাগিলেন। তথন ধনপ্রয় রোষ পরবশ হইয়া দ্রোণপুত্রকে লক্ষ্য করিয়া দ্বিতীয় কাল-দণ্ডের ন্যায় এক নারাচ নিক্ষেপ করিলেন। নারাচ অর্জ্বন কর্তৃক নিক্ষিপ্ত হইবামাত্র অশ্বথামার আস্যদেশে নিপতিত হইল। মহারথ দ্রোণনন্দন সেই শরাঘাতে একান্ত বিহলল হইয়া রথোপন্থে নিমন্ত হইলেন। তক্ষণনে তাঁহার সারথি তাঁহারে তৎক্ষণাৎ রণন্থল হইতে অপ্রাহিত করিল। তথন সূতপুত্র ক্রোধাবিন্ট ইয়া বিজয় শরাসন আকর্ষণ ও ধনপ্রয়বকে বারংবার নিরীক্ষণ করত তাঁহার সহিত দৈরথ সুদ্ধ করিলের বাসনা করিতে লাগিলেন। পাঞ্চালগণ ধৃষ্টপুত্রশ্বকে বিমোহিত ও দ্রোণাআজকে নিতান্ত নিপীড়িত দেখিয়া চীৎকার করিতে আরম্ভ করিল। দিব্য বিবিধ বাদিত্র সমুদায় বাদিত হইলে লাগিল। বারগণ সেই অন্ত্রে ব্যাপার অবলোকন করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তথন মহাবীর ধনপ্রয় বাহ্নদেবকে সম্বোধনপূর্ণ্বক ক্রিলেন, স্বেণ্ড একণে ভূমি সংশপ্তক-

গণের অভিমূখে অশ্ব সঞ্চালন, কর। উহাদিগকে বিনাশ করাই আমার প্রধান কার্য্য। তথন বাস্থদেব সেই মনোমারুতগামী পতাকা পরিশোভিত রখ সঞ্চালন করিতে লাগিলেন।

#### একবষ্টিতম অধ্যার।

হে মহারাজ ! ঐ সময় মহাত্মা হৃষীকেশ ধনঞ্জয়ের রথ চালন করত তাঁহারে কহিলেন, হে পার্থ ! ঐ দেখ, কৌরবপক্ষীর মহাবল পরাক্রান্ত মহাধমুর্দ্ধর-গণ তোমার শ্লাতা যুধিষ্ঠিরের বিনাশ বাসনায় ক্রতবেগে উঁহার অনুগমন করিতেছে। যুদ্ধত্রুর্মণ অপরিমিত বলশালী পাঞ্চালগণ ধর্মরাজের রক্ষার্থ ক্রোধভরে উহার পশ্চাৎ ধাবমান হইয়াছে । কবচধারী রাজা ছর্য্যোধনও রথারোহণপূর্ব্বক আণীবিষ সদৃশ যুদ্ধবিশারদ ভাতৃগণের সহিত সর্বলোকাধি-পতি যুধিষ্ঠিরের অনুগমন করিতেছে । হস্তা, অশ্ব, রথ ও পদাতিগণও ধর্ম-রাজের নিধন কামনায় রত্ন গ্রহণে ধাবমান অর্থলোলুপের ভায় উঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতেছে। ঐ দেখ, খনল ও পুরন্দর যেসন অমৃত হরণোদ্যত দৈত্যুগণকে রোধ করিয়াছিলৈন, তজ্ঞপ মহাবীর সাত্যকি ও ভীমদেন ধর্ম-রাজের অভিমুখে গমনোদ্যত কৌরব সৈন্যগণের গতি রোধ করিতেছেন; কিন্তু মহারথগণের সংখ্যা অধিক হওয়াতে উহারা শম্বাদন, শরাসন বিঘূর্ণন ও সিংহনাদ পরিত্যাগ করত ঐ বীরদ্বয়কে শতিক্রম করিয়া সমুদ্র গমনোদ্যত বর্ষাকালীন জলরাশির ন্যায় যুধিষ্ঠিরের অভিমুখে গমন করিতেছে। এক্ষণে কুন্তীনন্দন যুধিষ্ঠির তুর্যোধনের আয়ত্ত হওয়াতে উঁহারে কালগ্রাদে পতিত ও ত্তাপুনে অক্ষুত্র বলিয়া বোধ হইতেছে। একণে তুর্য্যোধনের যেরূপ কৌরব সৈন্য অবলোকন করিতেছি, তাহাতে বোধ হয়, দেবরাজ ইন্দ্রও উহার নিকট **रहेरड मुक्डिमाट्ड मगर्थ नरह**न । हर পार्थ! क्रुम्त अंद्यदक्त न्याय टिक्क्यी শত্রারাবর্ষী ক্ষিপ্রহস্ত মহাবীর জুর্য্যোধনের শরবেগ সহু করা কাহার সাধ্য ? মহাবীর ছুর্ব্যোখন, অ্রখথামা, কুপাচার্য্য ও কর্ণ ইহাদিগৈর এক এক জনের বাণবেশে পর্বভও বিশীর্ণ হইয়া যায়। হে ধনঞ্জয় ! যুদ্ধবিশারদ শক্তেতাপন ষুধিষ্ঠির অদ্য এক বার কর্ণ কর্তৃক পরাভূত হইয়াছেন। ফলত দূঠপুক্ত মধাবল পরাক্রান্ত ধৃতরাষ্ট্রতনয়গণের সহিত মিলিত হইয়া পাণ্ডবল্রেষ্ঠকে পীড়ন করিতে শারে, সজেহ নাই। মহারাজ যুধিষ্ঠিয় কর্ণের সহিত যুদ্ধে প্রহৃত হইলে

. অন্যান্য মহারথেরাও তাঁহারে প্রহার করিয়াছে। উপবাদত্রতধারী ভরতসভ্রম ধর্মরাজ নিয়ত ক্ষমাগুণে ভূষিত ; ক্ষত্রিয়জনোচিত নিষ্ঠু রাচরণে সমর্থ নহেন। উনি কর্ণের সহিত স্মরে প্রব্রত হওয়াতে উঁহার জীবন নিতান্ত সংশয়ারত স্ক্রিয়াছে। হে অর্জ্ন। যথন অমর্ষপরায়ণ ভীমসেন বারংবার কৌরবগণের সিংহনাদ ও শন্থনাদ সহ্য করিতেছেন, তখন মহারাজ যুধিষ্ঠিরের অবশ্যই অমঙ্গল ঘটনা হইয়াছে। ঐ দেখ, মহাবীর কর্ণ যুধিষ্ঠিরকে নিংঠ কর বলিপ্ল কৌরবগণকে প্রেরণ করিতেছে। মহারথগণ স্থুণাকর্ণ, ইন্দ্রজালু, পাঞ্চপভান্ত ও অন্যান্য অন্তজালে রাজারে সমাচ্ছন্ন করিতে আরম্ভ করিয়াছে। যথন ধ্যুদ্ধরাত্তাগণ্য পাঞ্চাল ও পাণ্ডবগণ জলনিমগ্ন ব্যক্তির উদ্ধার বাদনায় ধাবমান বলবান্ ব্যক্তিদিগের স্থায় সত্তরে ধর্মরাজের অনুগমন করিতেছে, তথন নিশ্চয়ই তিনি অরাতিশরে নিতান্ত ব্যথিত ও অবসম হইয়াছেন। উঁহার রথ-কেতু আর নয়নগোচর হয় না ; উহা নিঃদর্শেহ কর্ণের শরে ছিন্ন হইয়াছে। ঐ দেখ, মাতঙ্গ যেমন নলিনীব্নকে বিদলিত করে, তদ্ধাপ মহাবীর কর্ণ নকুল, সহদেব, সাত্যকি, শিখণ্ডী, ধৃষ্টত্যুম্ন, ভীমসেন, শতানীক এবং পাঞ্চাল ও চেদিগণের সমক্ষেই পাণ্ডবসেন। বিনাপ করিতেছে। হে পাণ্ডুনন্দন। ঐ দেখ, তোমাদিগের- মহারথগণ রথ লইয়া কিরুপে ধাবমান হইয়াছে। মাতৃস্গণ কর্ণের শরনিকরে নিপীড়িত হইয়া আর্ত্তনাদ করত দশ দিকে পলায়ন করি-তেছে এবং সূতপুত্রের হস্তীককা কেতু ইতস্তত সঞ্চারিত হইতেছে। ঐ দেখ, মহাবীর কর্ণ শত শত শর নিক্ষেপপূর্বক পাণ্ডব দেনাগণকে বিনাশ করত ভীমদেনের প্রতি ধাবমান হইয়াছে। পাঞ্চালগণ কর্ণরে, বিস্থাবিত হইয়া পুরন্দর বিদলিত দৈত্যগ্ণের স্থায় চারি দিকে পলায়ন করিতেছে। এক্ষণে মহাবীর কর্ণ পাণ্ডু, পাঞ্চাল ও স্থঞ্জয়গণকে পরাজিত করিয়া চতুর্দিকে দৃষ্টি-পাত করাতে বোধ হইতেছে যে, ঐ বীর তোমারে অম্বেষণ করিতেছে। মহু। বীর সূতনক্ষন এক্ষণে কাম্মুক বিস্ফারিত করত শক্রজ্ঞায়ে পরমাহলাদিত, স্থরগণ পরিবেষ্টিত পুরন্দরের ন্যায় শোভাধারণ করিয়াছে। ঐ দেখ, কৌরবগণ রাধেয়ের বিক্রম দর্শনে সংহ্নাদ পরিত্যাগপুর্বকে পাশুব ও স্ঞ্লেয়গণকে বিব্রোসিত করিতেছে। মহাবীর কর্ণ আমাদিগের সৈন্যগণের মনে ভয় সঞ্চারিভ করিয়া কোরব সৈন্যদিগকে কহিতেছে. হে বীরগণ ্ তোমরা শীন্ত ধাবমার্ম

হও; ভোমাদিগের মঙ্গল হউক; যেন স্ঞায়গণ জীবিত সত্তে ভোমাদের হস্ত হইতে মুক্তিলাভ করিতে না পারে; আমরাও তোমাদিগের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছি। ছে পার্থ! ' সূতপুত্র এই বুলিয়া শর্বর্গপূর্বক দৈন্যগণের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছে। ঐ দেখ, চক্রোদয়ে উদুয়াছত যেরপ শোভিত হয়, আজি মহাবীর কর্ণ শত শলাকাযুক্ত শ্বেত ছত্র দ্বারা ত্ত্রপ শে। ভাষান হইয়াছে। ঐ বীর শরাসন বিকম্পিত করিয়া আশীবিষ সদৃশ শরনিত্ব নিকেপ করত ভোমার প্রতি কটাক্ষ নিকেপ করিতেছে, এক্ষণে নিশ্চয়ই এই দিকে তাগমন করিকে। হে ধনঞ্জয় ! ঐ দেখ, সূতপুত্র তোমার বানরধ্বজ অবলোকনে তোমার সহিত সংগ্রামে অভিলাষী হইয়া হুতীশনে পতনোমুখ শলভের ন্যায় তোমার অভিমুখে আগমন করিতেছে। ধৃতরাষ্ট্রতনয় হুর্য্যোধন কর্ণকে একাকী দেখিয়া উহারে রক্ষ। করিবার নিমিত্ত স্বীয় রপদৈন্য সমভিব্যাহারে আগমন ক্রিতেছে। একণে তুমি রাজ্য, যশ ও স্থলাভার্থী হইয়া যত্নপূর্বক উহাদিগের সহিত ছুরাত্মা সূতপুত্রকে বিনাশ কর। হে অর্জ্জন! তুমি ও কর্ণ দেবদানবের ন্যায় অকাতরে সমরে প্রবৃত্ত হ'ইলে ক্রোধপরায়ণ হুর্য্যোধন তোমাদের তুই জনকে ক্রুদ্ধ সন্দর্শন করিয়া কিছুই করিতে সমর্থ হইবে না। অতএব তুমি এই সময়ে আপনার পবিত্রতা ও যুধিষ্ঠিরের প্রতি সূতপুজ্রের ক্রোধ অনুধাবন করিয়া এক্ষণকার সমুচিত কার্য্যে প্রবৃত্ত হও; যুদ্ধে কুতনিশ্চয় হইয়া মহারথ কর্ণের প্রতি গমন কর। ঐ দেখ, পাঁচ শত মহাবল পরাক্রান্ত রথী, পাঁচ সহত্র হস্তী, দশ সূহত্র অনু এবং প্রয়ৃত পদাতি একত্র মিলিত হইয়া পরস্পরকে রক্ষা করত তোমার প্রতি ধাবমান হইতেছে। অতএব তুমি স্বয়ং মহাবেগে মহা-ধ্যুদ্ধর সূতপুত্তের সমীপে সমুপস্থিত হও। ঐ দেখ, কর্ণ ক্রোধাবিষ্ট হইয়া প্রাঞ্চালগণের প্রতি ধাবমান হইয়াছে। উহার রথকেতু ধূষ্টছ্যাম্বের অভিমুখে লক্ষিত হুইতেছে। ৢ

ছে ধনঞ্জয়। এক্ষণে তোমারে এক মঙ্গল দংবাদ প্রদান করিতেছি। ঐ দেখ, ধর্মনন্দন রাজা যুধিষ্ঠির নিরাপদে অবস্থিতি করিতেছেন। মহাবীর ভীমসেনও সাত্যকি ও স্থ্রেয়সৈন্যে পরিবৃত হইয়া সেনামুখে অবস্থিত রহি-য়াছেন। 🖒 দেখ, মহাবীর ভীমদেন ও মহাস্থা পাঞ্চালগণ নিশিত শরনিকরে

কৌরবগণকে বিনাশ করিতেছেন। ছুর্য্যোধনের সৈন্যপণ ভীমশরে নিপাড়িত ও রুধিরোকিত হইয়া সমর পরিত্যাগপূর্বক ধাবমান হইতেছে। শস্যহীন বহুদ্ধরার ন্যায় উহাদের আকার একাণে নিক্তান্ত বিকৃত ভাবাপম হইয়াছে। ্ষ্ট্রেন্থ, খেত, রক্ত, পীত ও কৃষ্ণবর্ণ এবং চন্দ্র, সূর্য্য ও নক্ষত্তে পৃষিত পতাক। ও ছত্র সকল ইতন্তত বিকীর্ণ হইতেছে। স্বর্ণ, রজত নির্দ্মিত তেজঃসম্পন্ন অসংখ্য কেতু এবং হস্তী ও অধ্য সমুদায় চারিদিকে নিপতিত রহিয়াছে 1 র্থিগণ পাঞ্চালদিগের বিবিধ বাণে নিহত হইয়া রথ হইতে নিপজ্ঞি হইতেছে। পাঞ্চালগণ কৌরবপক্ষীয় আরোহি-বিহীন হস্তা, অশ্ব ও র্থ সমুদায়ের অভি-মুখে মহাবেগে ধাৰমান হইতেছে এবং ভীমদেনের দাহায্যে প্রাণপণে শক্ত-বল বিমর্দিত করিয়া সিংহনাদ ও শহাধ্বনি করিতেছে। হে ধনঞ্জয় ! একণে পাঞ্চালদিগের ক্ষমতা অবলোকন কর; উহারা নিরায়ুধ হইয়াও শক্তপক্ষের অন্ত্র প্রহণপূব্বক সেই অন্ত্র দ্বারাই উ্হাদিগণে বিনাশ করিতেছে। ঐ দেখ, অরাতিগণের মস্তক ও বাহ<sup>'</sup> সকল চতুর্দ্ধিকে নিপতিত হ'ইতেছে। পাঞ্চাল পক্ষীয় গজারোহী, অখারোহী ও রথারোহী বীর্গণ সকলেই প্রশংসনীয়। হংসাবলী যেমন মানস সরোবর হইতে ভাগীরথীতে উপস্থিত হয়, তজ্ঞপ পাঞ্চালগণ মুহাবেগে ধৃতরাষ্ট্র দৈন্য মধ্যে সমুপন্থিত হইয়াছে। ঐ দেখ, রুষভগণ যেমন রুষভদিগের নিবারণার্থে পরাক্রম প্রকাশ করে, তদ্রপ কুপ ও কর্ণ প্রস্থৃতি বীরগণ পাঞ্চালদিগের নিবারণের নিমিত্ত বিক্রম প্রদর্শন করিতেছেন। ধৃষ্টত্যুত্ম প্রভৃতি বীরগণ ভীমান্ত্রে মর্দ্দিত কৌরবপক্ষীয় সহস্র সহস্র মহারথ নিহত করিতেছে। ঐ দেখ, অরাতিগণ পাঞ্জুদ্রিত্তকে, ্অভি-<del>তু</del>ত করাতে মহাবীর রুকোদর নিভীকচিত্তে শত্রুগণকে আক্রমণ করিয়া সিংহ-নাদ পরিত্যাগপুর্বক শরবর্ষণে প্রবৃত্ত হইয়াছেন। কৌরব দৈশুগণের অধিকাংশই অবসন্ন হইয়াছে। রথিগণ ভয়ে পলায়ন করিতেছে। ঐ দে্খু কতগুলি হস্ত্রী ভীমের নারাচে বিদীর্ণ কলেবর হইয়া বুক্তাহত পর্ব্তচ্ড়ার ষ্থায় স্থৃতলৈ নিপতিত এবং কোন কোনট। সন্নতপৰ্বৰ শরে ৰিদ্ধ হইয়া স্বপক্ষীয় সৈত্যপণকে বিমন্দিত করত ধাবমান হইতেছে। ঐ মহাবীর ভীম-সেন অরাতি পরাজ্ঞরে পর্ম পরিভূষ্ট হইগা ভীষণ সিংহনাদ করিতেছেন গ ঐ দেখ, এক জন গজারোহী গর্জন কুরত দশুপাণি .অন্তকের ক্রায় তোমর' হস্তে করিয়া ভীমের বিনাশ রাসনায় আগমন করিতেছিল; মহাবীর ভীমদেন সূর্য্য ও আর্মি সদৃশ হতীক্ষ্ণ দশ নারাচে উহার ভুজ্বয় ছেদনপূর্বক
উহারে বিনাশ করিয়া শক্তি ও তৌমর সমূহ দ্বারা, মহামাত্র সমধিষ্ঠিত
নীলামুদ সন্ধিভ অন্যান্য হস্তিগণের বিনাশে প্রবৃত্ত হইলেন। ঐ দেখ, তিনি
নিশিত শরনিকরে একবারে সাত সাত মাতক্ষ নিহত করত ধ্বজ পতাকা
সকল ছিন্ন করিয়া দশ দশ বাণে এক এক হস্তী নিপাতিত করিতেছেন।
হে ধনঞ্জয়! শুক্ষণে পুরন্দর সদৃশ মহাবীর রকোদর ক্রুদ্ধ হইয়া সংগ্রামে
প্রবৃত্ত হওয়াতে কেরিব শৈন্যের সিংহনাদ আর শ্রুতিগোচর হইতেছে
না ৷ তুর্য্যোধনের তিন অক্ষেহিনী সৈত্য ভীমসেনের সন্মুখে সমাগত হইয়াছিল; রকোদর জ্রোধাবিষ্ট হইয়া তাহাদের সকলকেই নিবারণ করিয়াছেন।

সঞ্জয় কহিলেন,—হে মহারাজ ! তখন মহাবীর অর্জ্জন ভীমদেনের সেই স্থান্থকর কার্য্য অবলোকন করিয়া নিশিত শরনিকরে অবশিষ্ট সৈত্যগণকৈ বিমর্দিত করিতে লাগিলেন । সংশপ্তকগণ অর্জ্জনের শরে নিহত্তমান হইয়া সমর প্রিত্যাগপূর্বক দশদিকে পলায়ন করিতে আরম্ভ করিল এবং অনেকে প্রাণ পরিত্যাগপূর্বক ইন্দ্রজনাভ করিয়া শোকশৃত্য হইল । মহাবীর ধনঞ্জয় ও সমতপর্ব শরনিকরে কৌরবগণের বল নিহত করিতে লাগিলেন !

### বিষষ্টিতম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! ভীমসেন ও যুধিষ্ঠির সমরে প্রবৃত্ত এবং আমাদের দৈন্তগণ পাণ্ডব ও স্ঞ্জয়গণ কর্তৃক বারংবার নিপীড়িত হইয়া নিরা-নুদ্দ এ পলাগ্রন-পরায়ণ হইলে কৌরবগণ কি করিল, তাহা কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন,—মহারাজ! প্রতাপান্থিত সূত্রনদ্র মহাবাহু রুকোদরকৈ নিরীক্ষণ করিয়া রোষক্ষায়িত নয়নে তাঁহার প্রতি ধাবমান ইইলেন এবং ইর্মাধন সৈত্যগণকে ভীমদেনের শরে পরাদ্মুখ দেখিয়া যথোচিত যত্ত্বসহকারে কাহাদিগকে সমিবেশিত করিয়া পাগুবগণের অভিমুখে যাত্রা করিলেন। তখন পাগুব পক্ষীয় মহারথগণ স্ব স্থ শরাসন বিকম্পন ও বিশিথজ্ঞাল বর্ষণ-পূর্বক কর্ণের প্রতি ধাবমান হইলেন। মহাবল পরাক্রান্ত ভীমণেন, সাত্রাকি, শিথগু, জনমেজয়য়, ধুনতিত্বান্ধ ও প্রভদ্রকর্গণ কোপাবিষ্ট ইইয়া বিজয়লাভার্থ চিতুদ্দিক্ ইইতে কৌরব সেনাগণের আভিমুখে আগমন করিতে লাগিলেন।

কৌরবপক্ষীয় মহারথগণও জিঘাংদাপর তন্ত্র হইয়। দছরে পাগুব দৈত্তের প্রতি ধাবমান হইলেন। তথন দেই অদংখ্য ধ্বজনমাকার্ণ চতুরঙ্গ বল অভুত-রূপে লক্ষিত হইতে লাগিল।

্অনন্তর মহাবীর শিখণ্ডী কর্ণের, ধৃষ্টহ্যন্ন **দৈ**ন্সপরিবৃত ভুঃশাসনের, নকুল র্ষদেনের, যুধিষ্ঠির চিত্রদেনের, সহদেব উলুকের, সাত্যকি শকুনির, মহারথ দ্রোণপুত্র অর্জ্জ্নের, ক্রপাচার্য্য মহাধ্বুর্দ্ধর যুধামন্ত্র্যর, ক্রতবর্ণ্ম উত্তমৌজার এবং দ্রৌপদীতনম্বগণ অন্যাত্য কৌরবগণের প্রুতি ধাবমান হইলেন। মহাবাহু ভীমদেন একাকীই অসংখ্যু সৈন্যুপরির্ত আপনার পুত্রগণকে নিবারণ করিতে আরম্ভ করিলেন। তথন ভীষ্মহস্তা মহাবীর শিथछो সমরচারী নির্ভয়চিত কর্ণকে **শ**রনিকরে নিবারণ করিতে লাগির্লেন। সূতপুত্র শিথগুীর শরে সমাহত ও ক্রোধপ্রক্ষুরিতাধর হইয়া তিন বাণে তাঁহার ललाठे विक कतिरलन। निथधी मह वान नालाहरमरण शातनपूर्वक जिम्न রজত পর্বতের স্থায় শোভা পাইতে লাগিলেন। তথন তিনি ক্রোধভরে নিশিত নবতি শরে কর্ণকে নিপীড়িত করিলে মহারথ সূতপুত্র তাঁহার অ্থ বিনাশ ও তিন বাণে দারণিরে সংহারপূর্বক ক্ষুরপ্র দার৷ তাঁহার ধ্বজ ছেদন করিয়। ফেলিলেন। শত্রুতাপন মহারথ শিখণ্ডী সেই হতাশ্ব রথ হইতে অবরোহণপূর্ব্বক ক্রোধভরে কর্ণের প্রতি শক্তি নিক্ষেপ করিলেন। মহাবীর কর্ণ শরনিকরে সেই শক্তি ছেদন করিয়া নিশিত নয় বাণে তাঁহারে বিদ্ধ করিলেন। শিখণ্ডী কর্ণ শরে নিতান্ত নিপীড়িত হইয়া তাঁহার শরপতন পথ পরিত্যাগপূর্বক ভয়বিহ্বলচিত্তে পলায়নে প্রবৃত্ত হইলেন। ১৯৯৭ মহাবীর কর্ণ বলবান্ বায়ু যেমন ভূলরাশি পাতিত করে, তদ্ধেপ পাণ্ডব দৈয়া নিপা-তিত করিতে লাগিলেন।

প্র সময় মহাবীর ধৃষ্টপ্রান্ধ ছংশাসন কর্ত্ব নিপীড়িত হইয়া তিন বাঙ্গু তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলে হুংশাসন অ্বর্ণ পুষা আনতপর্ব ভল্ল দারা তাঁহার দক্ষিণ বাস্থ বিদ্ধ করিলেন। ধৃষ্টপ্রান্ধ ছংশাসনের শরে বিদ্ধ হইয়া ক্রোধভরে তাঁহার প্রতি এক ঘোরতর শর পরিত্যাগ করিলেন। ছংশাসন সেই ভীষণ শর মহাবেগে সমাগত হইতেছে দিখিয়া তিন বাণে উহা ছেদন করিয়া ফেলিন্দেন। তৎপরে তিনি কনকভূষণ সপ্তাদশ ভল্লে ধৃষ্টগ্রন্থের বাস্ত্র ও বক্ষস্থল

বিদ্ধা করিলে জ্রুপদনন্দন জুদ্ধ হইয়। স্থতীক্ষ ক্ষুরপ্র হারা তাঁহার শরাসন ছিদন করিলেন। তদ্দানে দৈন্যগণ চাৎকার করিয়া উঠিল। অনস্তর মহাবীর ছঃশাসন হাস্যমুথে সন্থরে অন্য শরাসন প্রহণপূর্বক শরিনিকরে ধৃষ্টপ্রামের চতুদ্দিক্ সমাচ্ছর করিলেন। তখন যাবতীয় বীরপুরুষ এবং অক্ষরা ও সিদ্ধাণ আপনার পুলু মহাত্মা ছঃশাসনের পরাক্রম দেখিয়া নিতান্ত বিস্ময়াপন্ন হইলান। এইরপে মহাবীর ধৃষ্টপ্রাম্ন সিংহসংরুদ্ধ মাতক্ষের ন্যায় ছঃশাসন কর্তৃক অবরুদ্ধ হইলৈ আমরা আরু তাঁহারে দেখিতে পাইলাম না। পাঞ্চালগণ আপনাদিগের সেনাপতিরে অবরুদ্ধ অবলোকন করিয়া তাঁহার উদ্ধারার্থে হন্তী, অন্য ও রথ সমুদায়ে সমবেত হইয়া হঃশাসনকে অবরোধ করিলেন। তখন উভয়পক্ষে দর্বজন ভীষণ ভুমুল সংগ্রাম উপস্থিত হইল।

এদিকে ব্যসেন পিতৃ সমীপে অবস্থানপূর্বক নকুলকে প্রথমত লোহনির্মিত পাঁচ বাণে নিপীড়িত করিয়া পুনরায় তিন বাণে বিদ্ধ করিলেন। মহাবীর
নকুলও হাদ্যমুখে স্থতীক্ষ নারাচে ব্যদেনের হৃদয় বিদ্ধ করিলেন। শক্রনিসূদন
ম্বদেন এইরূপে নকুল শরে সমাহত হইয়৷ তাঁহারে বিংশতি বাণে পীড়িত
করিলে মাদ্রীতনয়ও তাঁহারে পাঁচ বাণে বিদ্ধ করিলেন। অনন্তর সেই বীরদ্বয়
সহস্র সহস্র শর পরিত্যাগপূর্বক পরস্পারকে সমাচছয় করিতে লাগিলেন।
ঐ সময় অত্যান্ত সৈন্যাণ সমর পরিত্যাগপূর্বক পলায়ন করিতে আরম্ভ
করিল। মহাবীর কর্ণ হুর্যোধন-সৈন্যাণকে পলায়নপরায়ণ অবলোকন করয়া
তাহাদিগের অনুসরণ করত বলপূর্বক নিবারণ করিতে লাগিলেন। তদ্দর্শনে
সংক্রির নকুল ক্রিরবগণের অভিমুখে ধাবমান হইলেন। ব্রহদেনও নকুলকে
পরিত্যাগপূর্বক কর্ণের চক্ররক্ষা করিতে লাগিলেন।

ঐ সময় প্রতাপশালা সহদেব রোষাবিষ্ট উলুককে নিবারণ করিয়। তীহার চারি অগ ও সারথিরে মিপাতিত করিলেন। তথন উলুক অবিলয়ে রথ হইতে অবরোহণপূর্বক ত্রিগর্তগণের দৈন্যমধ্যে প্রবিষ্ট হইলেন।

্মহাবীর সাত্যকি নিশিত বিংশতি শরে শকুনিরে বিদ্ধ করিয়া হাস্ত্যসূথে ভল্লদারী তাঁহার ধ্বজ ছেদন করিলেন। মহাবল পরাক্রান্ত স্থবলনন্দনও ক্রোধা-বিষ্ট হইয়া সাত্যকির কবচ বিদারণপূর্বক তাঁহার স্থবর্ণময় ধ্বজ ছেদন করিয়া কেলিলেন। মহাবীর যুগুধান ভদ্দর্শনে ক্রেন্ধ হইয়া নিশিত শরনিকরে শকুনিরে বিদ্ধ করিয়া তিন বাণে তাঁহার সারখিরে নিপাড়িত ও শরনিকরে অশ্বগণকে নিপাতিত করিলেন। তথন শকুনি সহস্য রগ হইতে অবরোহণপূর্ব্বক মহাস্থা উলুকের রথে আরোহণ করিয়া সাত্যকির সমাপ হইতে পলায়ন্ করিলেন। তথন সাত্যকি মহাবেগে কৌরবসৈনয়গণের প্রতি ধাবমান হইলেন। কৌরবপক্ষীয় দৈনিকগণ যুযুধান শরে সমাচ্ছন্ন হইয়া সমর পরিত্যাগপূর্বক দশ দিকে পলায়িত ও নির্জাবের ন্যায় নিপতিত হইতে লাগিল।

ঐ সময় কুরুরাজ তুর্য্যোধন সমরে ভীমসেনকে নিবারণ করিওেঁ লাগিলেন তথন রকোদর ক্রোধান্বিত হইয় মুহুর্ত্ত মধ্যে তাঁহার রথ, ধ্বজ, অশ্ব ও সার-থিরে ধ্বংস করিলেন। তদ্দর্শনে পাগুব দৈন্যগণ পরম পরিতৃষ্ট হইল। কুরু-রাজও ভীত হইয়া ভীমসেনের নিকট হইতে পলায়ন করিলেন। তথন কৌরব-পক্ষীয় দৈন্যগণ ভামসেনের বিনাশ কামনায় তাঁহার অভিমুখে ধাবমান হইয়া ঘোরতর সিংহনাদ করিতে লাগিল।

এ দিকে মহাবীর যুধামন্ত্য ক্পেকে বিদ্ধ করত তাঁহার শরাসন ছেদন ক্রিয়া ফেলিলেন। তথন শস্ত্রধরাগ্রগণ্য কুপাচার্য্য অন্য শরাসন গ্রহণপূর্ব্বিক্ যুধামন্ত্যুর ধ্বজ, ছত্র ও সার্থিরে ভূতলৈ পাতিত করিলেন। মহারথ যুধামন্ত্য তদ্দর্শনে ভীও হইয়া স্বয়ং রথচালনপূর্ব্বিক পলায়নে প্রবৃত্ত হইলেন।

ঐ সময় মহাবীর উত্তমৌজ। জলধর যেমন জলধারায় ভূধরকে সমাচ্ছন্ন করে; তদ্রেপ ভীমপরাক্রম কৃতবর্মারে সহসা শরনিকরে আচ্ছাদিত করি-লেন। তথন সেই বীরদ্বয়ের অতি ভীষণ অপূর্ব্ব তুমুল সংগ্রাম আরম্ভ হইল। অনস্তর কৃতবর্মা সহসা উত্তমৌজার হৃদয় বিদ্ধ করিলে তির্নি নিতান্ত ২;িণ্ত হইয়া রথে উপবেশন করিলেন। সার্থি তদ্দশ্নে রথ লইয়া প্লায়ন করিল।

ত শকুনি গজদৈন্য দারা বকোদরকে পরিবেষ্টিত করিয়া ক্ষুদ্রক অস্ত্র ধার্র।
নিপাড়িত করিতে লাগিলেন। তথন ভীমদেন শরনিকরে 'রোষান্থিত 'চুর্য্যো-ধনকে বিমুখ করিয়া মহাবেগে গজদৈন্যের প্রতি ধাবমান হইলেন এবং তাহা-দিগকে সহস্য সমাগত সন্দর্শনে যহুপরোনান্তি ক্রুদ্ধ হইয়া দিব্য অস্ত্র পরিত্যাগ্র্প্রক দেবরাজ যেমন বক্ত দার। অস্ত্রগণকে নিপাড়িত করিয়াছিলেন, তক্রপ্রেই করিদৈন্য নিপাড়িত করিলেন। বিসম্যা নভোমণ্ডল শলভদ্যাচ্ছ্র পাব-

কের ন্যায় ভীমশরে পরিবৃত হট্টল। অনিল যেরপে জলদজাল সঞ্চালিত করে,
তক্রপ ভীমদেন একত্র সমবেত সহস্র সহস্র মাতস্বযুথ বিদ্রোবিত করিতে
লাগিলেন । স্বর্ণজালজড়িত মধিমণ্ডিত গৈালামিনা সমলিত অস্নুদ সদৃশ
মাতস্বগণ ভীমদেনের শরে নিপীড়িত হইয়া চতুদ্দিকে পলায়ন করিতে আরম্ভ করিল। কোন কোনটা বিদার্শহাদয় হইয়া ভ্তলে নিপতিত হওয়াতে পৃথিবামণ্ডল বিশীর্ণ পর্বত সমাচ্ছর বলিয়া বোধ হইতে লাগিল। রত্ন খচিত গজারোহিগণ ইউন্তে নিপতিত থাকাতে বোধ হইতে লাগিল, যেন ক্ষীণপুণ্য গ্রহ
সমুদায় ভুতলে নিপতিত ইইয়াছে।

হে মহারাজ ! এইরপে নাগগণ ভীমদেনের শরনিকরে গণ্ড, শুণ্ড ও কুত্ত সকল বিদীণ হ ওয়াতে নিতান্ত নিপীড়িত হইয়া পলায়ন করিতে লাগিল। কোন কোনটা শরবিদ্ধ ও ভয়ার্ভ হইয়া রুধির বমনপূর্বক পলায়ন করত ধাতুধারাদ্ধ ধরাধরের স্থায় শোভা ধারণ করিল। ঐ সময় আমরা দেখিলাম, মহাবার ভামদেন ভীষণ ভূজস্ব সদৃশ অগুরুচন্দনাক্ত ভূজবয় দ্বারা শরাসন আকর্ষণ করিতেছেন এবং মাতস্পণ তাহার অশনি নিম্বন সদৃশ জ্যানির্ঘোষ ও তলধ্বনি অবণে মল মৃত্র পরিত্যাগ করত পলায়ন করিতেছে। হে মহারাজ ! তৎকালে ভীমদেন একাকী সেই অন্ত্রত কার্য্য সম্পাদন করিয়া মর্বাভূতনিহন্তা রুদ্ধের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

#### ত্রিষষ্টিতন অধ্যায়।

হে মহারাজ ! অনন্তর মহাবীর ধনঞ্জয় শেতাশ সংযুক্ত নারায়ণ সঞ্চালিত রপে, অন্তর্মপ সেই অশ্বহুল কৌরব সৈন্যগণকে আলোড়িত করিতে লাগিলেন। ঐ সময় আপনার আত্মজ চুর্য্যোধন অর্জ্জনকে যুধিষ্ঠিরের রক্ষায় অনবহিত দেখিয়া ক্রাধভরে স্বীয় সৈন্যগণের অর্জাংশ লইয়া সমাগত ধর্মরাজের সমীপে সহসা গমনপূর্বক তাঁহারে নিবারণ করত ত্রিসপ্ততি ক্ষুরপ্রাপ্তে বিদ্ধ, করিলেন। তখন রাজা যুধিষ্ঠির একান্ত জোধাবিষ্ট হইয়া অবিলম্বে ছুর্য্যোধনের প্রতি তিংখি ভল্ল প্রয়োগ করিলেন। ঐ সময় কৌরবগণ ধর্মরাজকে গ্রহণ করিবার নিমিত ধাবমান হইলেন। মহাবীর নকুল, সহদেব ও ধ্বষ্ট হুন্ম বিপক্ষগণের হুন্ট অভিপ্রায় অবগত হইয়া যুধিষ্ঠিরকের রক্ষা করিবার অভিলামে অক্ষোহণী

দেন। সমভিব্যাহারে মহাবেগে ভাঁহার নিকট গমন করিতে লাগিলেন। মহাবীর ভীমও কোঁরবপক্ষীয় মহারথগণকে বিমর্দিত করিয়া শক্রবর্গ পরিবৃত্ত ধর্মরাজকে রক্ষা করিবার মানদে ধাবমান হুইলেন। তথন মহারথ কর্ণ সেই স্ক্রান্ত্রপারগ পাগুব পক্ষীয় বীরগণকে আগমন করিতে দেখিয়া শরনিকর বর্ষণপ্রক নিবারণ করিতে লাগিলেন। তাঁহারাও অনবরত শরজাল বিসর্জ্জন ও তোমর প্রয়োগ করিতে আরম্ভ করিলেন; কিন্তু কোন ক্রমেই সূতপুক্তকে নিবারণ করিতে পারিলেন না।

অনন্তর মহাবল পরাক্রান্ত সহদেব সম্বরে ওথায় আগমন করিয়া অন-বরত শরনিকর বর্ষণপূর্বক বিংশতি শরে ছুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। রাজা তুর্য্যোধন সহদেব নিক্ষিপ্ত শরনিকরে গাঢ়তর বিদ্ধাও রুধিরধার।য় পরিপ্লুত হইয়া প্রভিন্নগণ্ড অচল সন্ধিভ মাতঙ্গের ত্যায় শোভা পাইতে লাগিলেন। তদ্দর্শনে সূতপুত্র একান্ত ক্রোধাবিষ্ট হইয়া মহাবেগে আগমন-পুর্বক শরনিকর দ্বারা পাঞ্চাল ও পাগুর সৈন্যগণকে সংহার করিতে আরম্ভ করিলেন। তথন যুধিষ্ঠিরের সেই অসংখ্য সৈন্য সূতপুজের শরজালে নিতার নিপীড়িত হইয়া সহসা ধাবমান হইল। ঐ সময় সূতপুত্তের পূর্ব নিক্ষিপ্ত শরের পুষা পশ্চাৎ নিক্ষিপ্ত শরের ফল দ্বারা আহত হইতে লাগিল। অন্তরীক্ষে শরনিকর দঞ্বর্ধণে হুতাশন প্রাহুস্ত হইল এবং দশ দিক্ দঞ্চালিত শলভ সমূহের ন্যায় শরজালে সমাচ্ছন্ন হইয়া গেল। মহাবীর সূতপুত্ত রক্ত চন্দন চাৰ্চত মণি হেম সমলক্ত বাহুযুগল বিকেপ করত মহান্ত প্রদর্শন করিতে লাগিলেন। হে মহারাজ। এই রূপে দূতপুত্র দায়ক দমুহে দক্রকে কি.মাহিত করিয়া ধর্মরাজ যুধিষ্ঠিরকে নিতান্ত নিপী ড়ত করিতে প্রবৃত্ত হইলেন। তখন ধর্মরাজও রোর্ধপরবশ্ ইইয়া কর্ণের প্রতি স্থশাণিত পঞ্চাশৎ শর নিক্ষেপ করিলেন। হে মহারাজ ! অনন্তর রণহুল শরান্ধ্কারে নিতান্ত ঘোরদর্শন হটুযু উঠিল। আপ্রনার পক্ষীয় বীরগণ ধর্মারাজ নিক্ষিপ্ত স্থতীক্ষ্ণ কঙ্কপত্র সৃমলঙ্ক ত সায়ক, ভল্ল এবং বিবিধ শ্ক্তি, ঋষ্টি ও মুবল দ্বারা দৈন্যগণকে নিহত নিরীক্ষণ করিয়া হাহাকার করিতে লাগিল ; ফলত তৎকালে ধর্মরাজ যে যে স্থানে কুর দৃষ্টি বিস্ত্রন করিতে লাগিলেন, সেই সেই স্থানে দৈন্যগণ ছিন্ন ভিন্ন হইয়া গেল i

অনস্তর মহাবীর কর্ণ ক্লোধে প্রক্ষুরিতানন হইয়া নারাচ, অর্ক্রচন্দ্র, বংসদন্ত প্রভৃতি সায়ক সমুদায় বর্ষণপূর্বক ধর্মরাজের প্রতি ধাবনান হইলেন। যুধিন্তিরও সূঁতপুজের প্রতি শ্বরণ পৃষ্ধ দম্পন্ন নিশিত শর্নিকর নিক্ষেপ করিতে লাগিলেন। তখন মহাবীর কর্ণ হাস্যমুখে নিশিত তিন ভল্লে যুধিন্তিরের ব্যক্ষর্থন করিলেন। ধর্মরাজযুধিন্তির সেই সূতপুজ নিক্ষিপ্ত ভল্লের আঘাতে নিতান্ত দিপীড়িত হইয়া রথে উপবেশনপূর্বক সার্থিরে অবিলম্বে রথ অপসারিত করিতে আক্ষেণ্ণ করিলেন। তথন ধৃতরাষ্ট্রতনয়গণ অন্যান্য ভূপালবর্গ সমভিব্যাহারে ধর্মরাজকে গ্রহণ কর বলিয়া বারংবার চীৎকার করত তাঁহার প্রতি ধাবমান হইলেন। অনন্তর এক সহজ্র সাত শত কৈকয় পাঞ্চালগণ সম্ভিব্যাহারে কৌরবগণকে নিবারণ করিতে লাগিল। হে মহারাজ! এইরূপে সেই লোকক্ষয়কর তুমুল যুদ্ধ সমুপস্থিত হইলে মহাবল পরাক্রান্ত ভীমসেন ও ছর্য্যোধন পরস্পার সংগ্রামে প্রস্ত হইলেন।

# চতু:বষ্টিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় কর্ণ সমরা প্রবর্তী মহারথ কৈক য়গণকে শর্রানিকরে নিপীড়িত করিতে লাগিলেন এবং তাহার। তাঁহার নিবারণে যত্নবান্ হইলে তাঁহাদের পঞ্চদশ রথার প্রাণ সংহার করিলেন। যোধগণ কর্ণের শর্নাকরে পীড়িত হইয়া তাঁহার পরাক্রম নিতান্ত ছঃসহ বোধ করত আত্মরক্ষার্থে ভীম-সেনের সমীপে আগমন করিতে লাগিল ৷ এইরূপে সূতপুত্র একাকী শর্নাকরে সমীপে আগমন করিতে লাগিল ৷ এইরূপে সূতপুত্র একাকী শর্নাকরে সেই বিপুল রথসৈন্য ভেদ করিয়া যুধিষ্ঠিরের অভিমুখে ধাবমান হইলেন ৷ ঐ সময় রাজা যুধিষ্ঠির শর্নাকরে ক্ষত বিক্ষত ও বিচেতন প্রায় হইয়া নকুল ও সহদেবকে চক্ররক্ষায় নিযুক্ত করিয়া ধীরে ধীরে শিবিরে গমন করিতেছিলেন, সূতপুত্র ছর্যোধনের হিত কামনায় স্থতীক্ষ তিন বাণে তাঁহারে বিদ্ধার্থির ও চারি বাণে অশ্ব চতুক্টয়কে নিপাড়িত করিলেন। অন্তরে তাঁহার সার্থির ও চারি বাণে অশ্ব চতুক্টয়কে নিপাড়িত করিলেন। অন্তরে তাঁহার চক্ররক্ষক শক্তবাপন মান্ত্রীপুত্র নকুল ও সহদেব তাঁহারে অভয় প্রদানপূর্বক্ষ করিছে প্রতি ধাবমান হইয়া যথোচিত যত্ন সহকারে তাঁহার উপর শর বর্ষণ করিছে লাগিলেন। প্রতাপশালী সূত্রক্ষনত হুই শিতধার ভল্ল দ্বারা শক্তবাতন মহাত্মা নকুল ও সহদেবকে বৃদ্ধ বৃদ্ধির রে মনোমাক্সতগামী

কুষ্ণপুচছ খেত অশ্বগণকে সংহারপূর্বক এক ভল্লে তাঁহার শিরস্ত্রাণ পাতিত क्रित्तन. এवः अविलक्ष नक्तात्र अश्र मभूनाय मः हात्रभूर्वक त्रथम। ७ भत्रामन ছেদন করিয়া ফৈলিলেন। এই রূপে 'ঘুধিষ্ঠির ও নকুল রথাখ বিধীন ও শর-ক্রিপীড়িত হইয়া সহদেবের রথে আরোহণ করিলেন।

পাগুবগণের মাতুল শত্রুসূদন মদ্রবাজ কুপাপর কন্ত্র হইয়া কর্ণকে কহি-লেন, হে রাধেয়! অদ্য তোমারে অর্জ্জনের সহিত যুদ্ধ করিতে ইইবে। তাল কি নিমিত্ত একান্ত ক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরের সহিত যুদ্ধ করিতেছ, ৣা ধর্মরাজের সহিত সংগ্রাম করিয়া তোমার অন্ত্র-শস্ত্র অল্পমাত্রাৰশিষ্ট, কবচ ছিন্ন ভিন্ন এবং সার্থি ও বাহনগণ পরিশ্রান্ত হইলে তুমি শত্রু শরে সমাচ্ছন হইয়া যদি অর্জ্রন সমীপে গমন কর, তাহা হইলে নিশ্চয়ই উপহাসাম্পদ হইবে।

হে মহারাজ! কর্ণ মন্ত্রাজ কর্তৃক এইরূপ অভিহিত হইয়াও স্থতীক্ষ শরনিকরে ধর্মরাজ ও মাক্রীনন্দনব্যকে ধিদ্ধ করত হাস্যমুখে যুধিষ্ঠিরকে সমরবিমুখ করিলেন। তথন শল্য সূতপুত্রকে যুধিষ্ঠিধের সংহারে একান্ত সমুৎস্ত্রক অবলোকন কারয়া হাস্যমুখে পুনরায় কহিলেন, হে কর্ণ! যুধি-ষ্ঠিরকে বিনাশ করিয়া তোমার কি ফল হইবে ? ছর্য্যোধন যাহার বধের নিমিত্ত তোমার সম্মান করিয়া থাকে, তুমি সেই অর্জ্ঞনকে অগ্রে বিনাশ কর। ঐ বাস্থদেব ও ধনপ্রমের শন্থ নিম্বন এবং বর্ষাকালান মেঘগর্জ্জিতের ন্যায় গাগুবিনির্ঘোষ অবণগোচর হইতেছে। ঐ দেখ, অজ্জুন শরজাল বর্ষণপূর্বক মহারথগণকে নিপাড়িত করত আমাদিগের সমস্ত সেনা সংহার করিতেছে। যুধামন্ত্র ও উত্তমোজা তাধার পৃষ্ঠদেশ, মহাবীর সাত্যকি উত্তর দিকের চক্র ও ধৃষ্টত্যুত্ম দক্ষিণ দিকের চক্র রক্ষা করিতেছেন। ঐ দেখ, ভামসেন রাজা ছুর্য্যোধনের দহিত যুদ্ধ করিতেছে। অতএব যাহাতে রুকোদর আজি আমা-দিগের সমক্ষে তাঁহারে বিনাশ করিতে না পারে, তুমি তাহার উপায় বিধ্রাক কর। ঐ দেখ, সমর্যনিপুণ ছর্য্যোধন ভীমসেন কর্ত্ত ভাক্রান্ত হইয়াছেন। আদ্য তুমি তাঁহারে মুক্ত করিতে পারিলে সকলেই চমৎকৃত হইবে। অতএব সম্বর্তির গমন, করিয়া সংশ্রাপম রাজারে পরিত্রাণ কর। যুধিষ্ঠির ও মাজীতনয়-দ্বয়কে বিনাশ করিয়া তোমার কি লাভ হইবে ?

**(ह मंहात्राज**़ वीर्यापान् कर्ग मासुतारज्ञत वाका व्यवनामस्तत कृर्यग्राधनारक

ভীম হস্তে নিপতিত দর্শন করিয়া মুধিষ্ঠির, নকুল ও সহদেবকে পরিত্যাগপ্র্বক কুরুরাজের পরিত্রাণার্থ ধাবমান হইলেন। তাঁহার অশ্বগণ মদ্রেরাজ কর্তৃক সঞ্চালিত হইয়া আকাশগামার ন্যায় গমন করিতে লাগিল। এইরূপে সূতপুত্র তথা হইতে প্রস্থান করিলে শরবিক্ষত পাণ্ডুপুত্র যুধিষ্ঠির ও সহদেবের বেগবানী অশ্বযুক্ত রথে উপবিষ্ট ও নিতান্ত লজ্জিত হইয়া আতৃদ্বয়ের সহিত শিবিরে প্রতিগমনপূর্বেক রথ হইতে অবরোহণ করিয়া অবিলম্বেই শয়ন করিলেন। অনন্তর তাঁহার সমরবেদন। অপনীত হইলে তিনি মহারথ মাদ্রীপুত্র নকুল ও সহদেবকে কহিলেন, হে আতৃদ্বয়! মহাবীর রকোদর মেদের ন্যায় গভীর গর্জন করত যুদ্ধ করিতেছে; অতএব তোমরা শীঘ্র তাহার সৈন্যমধ্যে গমন কর। মহারথ নকুল ও সহদেব যুধিষ্ঠিরের আজ্ঞানুদারে পবনতুল্য বেগশালী অশ্ব সংযোজিত অন্য রথে আরোহণপূর্বেক ভীমদেনের সমীপে উত্তীর্ণ হইলেন এবং তথায় বিবিধ ধোধগণকে নিপতিত দর্শন করিয়া সৈনিকগণ সমভিব্যাহারে অবস্থান করিতে লাগিলেন।

#### পঞ্চযষ্টিতম অধ্যায়।

হে মহারাজ ! মহাবীর অশ্বত্থামা অতি বৃহৎ অসংখ্য রথে পরিবৃত হইয়া সহসা পার্থসমীপে ধাবমান হইলেন। কৃষ্ণসহায় ধনপ্পয় ডোণপুজিকে সহসা সমাগত অবলোকন করিয়া তারভূমি যেমন সমুদ্রের বেগ অবরেধ করে, তজ্রপ তাহারে অবরুদ্ধ করিলেন। তখন প্রবল প্রতাপশালী অশ্বত্থামা জেবুধাবিষ্ট হইয়া অর্জ্জন ও বাস্থদেবকে শরজালে সমাচহম করিয়া ফেলিলেন। মহারথ করিয়া দিব্যান্ত্র প্রাকৃত্রত করিলে অশ্বত্থামা তৎক্ষণাৎ তাহা নিরাকৃত্রত করিলে। ফলত তৎকালে ধনপ্রয় আচার্য্যতনয়ের নিধন বাসনায় যে যে অত্রম নিক্ষেপ করিছে লাগিলেন, মহাধত্মির অশ্বত্থামা তৎসমুদায়ই ছেনন করিয়া ফেলিলেন। সেই ভীষণ অন্তর্ম্বদ্ধ সময়ে জেবিতনয়েক ব্যাদিতাস্য অন্তর্মের নাম বোধ হইতে লাগিল। তিনি সরল শরনিকরে বিশ্বিদিক্ সম্চেছম করিয়া তিন বাণে বাস্থদেবের দক্ষিণ বান্ত বিদ্ধ করিলেন। তখন মহাবার মর্জ্জন আচার্য্য তনয়ের বাহনগণকে নিহত করিয়া সমরাঙ্গণে এক ভীষণ শোণিতনদী প্রবাহিত করিলেন। মহাবীর জেবিতনয়ের অসংগ্রীর রথ সমবেত রথী অর্জ্জ্বনের শরাসন

-নিমুক্ত শরনিকরে বিনষ্ট হইল। ঐ সময় অংখামাও অর্জ্বনের ন্যায় ঘোরতর শোণিতনদী প্রবাহিত করিলেন।

হে মহারাজ! এইরপে বীরদ্যের ভীষণ সংগ্রাম উপস্থিত হইলে বোধণণ মর্যাদাশ্য হইয়া যুদ্ধ করত ইতস্তত ধাবমান হইলেন। মহাবার ধনঞ্জয় অশ্ব ও সার্থিবিহীন রথ, সাদীশৃয় অশ্ব এবং আরোহী ও মহামাত্র বিহীন মাতঙ্গণকে বিনষ্ট করিয়া অসংখ্য সেনার প্রাণ সংহার করিলেন। রথিগণ অর্জ্জুনের শরনিকরে নিহত হইয়া ভূতলে নিপতিত হইল এবং শর্মণ থোক্ত্র - বিহীন হইয়া ইতস্তত জ্মণ করিতে লাগিল। তথন মহাবীর অশ্বত্থামা সমর্বিপুণ্ ধনঞ্জয়ের সেই ভীষণ কার্য্য দর্শনে অতি সভূরে তাঁহার অভিমুখে আগমনপূর্বিক স্থবণবিভূষিত শরাসন বিধুনিত করিয়া চতুদ্দিক্ হইতে তাঁহারে শাণিত শরজালে সমাচ্ছন্ন করত অতি নির্দিয়ভাবে তাঁহার বক্ষন্থল নিপীভূত করিলেন। মহাবীর অর্জ্জুন অশ্বত্থামার শরে অতিমাত্র বিদ্ধি হইয়া শর বর্ষণপূর্বেক সহসা দ্রোণপুত্রকে সমাচ্ছন্ন করত তাঁহার কোণগু বিশ্বত করিয়া ফেলিলেন। অনস্তর দ্রোণতনয় বজ্রসদৃশ পরিঘ গ্রহণপূর্বিক অর্জ্জুনের প্রতি নিক্ষেপ করিলেন। পরিঘ অর্জ্জুনের শারে সমাহত হইয়া বজ্রাহত পর্বতের ন্যায় ভূতলে নিপতিত হইল।

তথন মহারথ দ্রোণতনয় রোষাবিষ্ট হইয়া ইন্দ্রজাল প্রভাবে ধনঞ্জয়ের উপর অনবরত ভীষণ অন্ত্র সমুদায় বর্ষণ করিতে লাগিলেন। মহাবীর অর্জ্রন্ন সেই ইন্দ্রজাল দর্শনে সম্বরে গাণ্ডীব শরাসনে ইন্দ্রদন্ত অন্তর সংযোজিত করিয়া উহা নিবারণপূর্বক ক্ষণকালের মধ্যে অশ্বত্থানার রথ আক্রাদিত করিয়া কেলিলেন। দ্রোণতনয় ধনঞ্জয়ের শরে অভিস্তৃত হইয়া তাঁহার অভিমুখে আগ্রমনপূর্বক শরনিকর সহ্য করত শত শরে কৃষ্ণকে ও তিন শত ক্ষুদ্রক শরে ধনঞ্জয়কে বিদ্ধ করিলেন। তথন মহাবীর অর্জ্র্র্ন শত শরে গুরুপ্রের্ন মর্ম্ম বিদারগণ্যবিক কোরব সৈন্যগণ সমক্ষেই তাঁহার অর্থ, দারিথ ও শরান্দরজ্বান উপর শর বর্ষণ করিতে লাগিলেন এবং অবিলম্বে ভল্লবারা তাঁহার সার্মধিরে রথ ইইতে ভূতলে নিপাতিত করিলেন। তথন আচার্য্যপুজ্র স্বয়ং অশ্বরণা গ্রহণপূর্বক কৃষ্ণ ও অর্জ্নকে শরনিকরে সমাচ্ছন্ন করিতে লাগিলন। তিনি স্বয়ং অশ্বরণদকে সংয়ত ব্রিয়া ধনঞ্জয়কে শরনিকরে সমাচ্ছাদিত

করাতে আমরা তাঁহার অন্তুত পরাক্রম দর্শনে চমৎকৃত হইলাম এবং যোধগণী। সকলেই তাঁহার প্রশংসা করিতে আরম্ভ করিলেন।

অনন্তর জয়শীল অর্জ্বন হাল্যমুখে ক্ষুরপ্র ভারা, অখথামার অখরশির ছেলন করিয়া ফেলিলেন। তুরঙ্গমগণ ধনজ্ঞায়ের শরবেগে নিপীড়িত एইখা পলায়ন করিতে লাগিল। তথন কৌরব দৈন্যমধ্যে ভীষণ কোলাহল সমুথিত হইল। মহাবীর পাগুবগণ জয়লাভে দৃস্তুক হইয়া চতুর্দিকে নিশিত শরবর্ষণপূর্ব্বক কৈ কৌরবদেনাগণের প্রতি ধাবমান হইলেন। কৌরবদৈন্যগণ জয়লাভপ্রহুক পাগুবগণের শরে বারংবার নিপীড়িত হইয়া শকুনি, কর্ণ ও আপুনার পুত্রগণের সমক্ষেই ব্যাকুলচিত্তে পলায়ন করিতে লাগিল। আপনার পুত্রগণ তাহাদিগকে বারংবার পলায়নে নিষেধ ও কর্ণ তিষ্ঠ তিষ্ঠ বলিয়া নিবারণ করিতে লাগিলেন; কিন্তু তাহার। কোন ক্রমেই সংগ্রামন্থলে অবস্থান করিতে দ্যর্থ প্রস্কৃত্তি কার করিতে লাগিলেন।

অনুভর ছর্ব্যোধন বিনয়বচনে কর্ণকে কহিলেন,—হে রাধেয়! ঐ দেখ, তুমি বর্ত্তমান থাকিতে দৈন্যগণ পাঞ্চালগণের শরে নিপীড়িত হইয়া ভয়ে পলায়নে প্রস্তুত্ত হইয়াছে এবং দহল্র দহল্র যোদ্ধা পাণ্ডবগণ কর্তৃক বিদ্রাবিত হইয়া ভোমারেই আহ্বান করিতেছে। হে মহারাজ! তখন মহারার সূত্রপ্র ছর্ব্যোধনের বাক্য প্রবণ করিয়া প্রসম্বচিত্তে মদ্ররাজকে কহিলেন, হে শল্য! তুমি অখ সকল পরিচালন কর। অদ্য আমি দম্দায় পাণ্ডব ও পাঞ্চালগণকে সংহার করিয়া ভোমারে স্বীয় ভুজবল প্রদর্শন করিব। প্রতাপানি বিত কর্ব এই বলিয়া বিজয় নামা পুরাতন শরাদনে জ্যারোপণ ও বারংবার আকর্ষণ করতে সত্য শপথ ছারা স্বীয় যোধগণকে নিবারণপূর্বক ভাগবিদ্ত অর্কু দ অর্ক্রুদ, ক্রেটি কোটি, কঙ্কপত্রান্থিত প্রভালত নিশিত শর নির্গত হুইয়া পাণ্ডব সেনাগণকে সমাচহন্ম করিয়া ফেলিল। তৃৎকালে আর কিছুমাত্র বোধগন্য ইইল না। পাঞ্চালগণ নিতান্ত নিপীড়িত হুইয়া হাহাকার করিতে লাগিল। সহল্র সহল্র হন্তী, অখ, রথী ও পদাতি নিহত হুইয়া চড়ুর্দিকে নিপতিত হুওগাতে পুথিবী বিকম্পিত ইন্টল। সমুদায় পাণ্ডবসৈন্য ব্যাকুল

ইয়া উঠিল। ঐ সময় যোধগণাগ্রগণ্য কর্ণ একাকী শরানলে শক্তবাহন করত বিধুম পাবকের ন্যায় শোভা পাইতে লাগিলেন। পাঞ্চাল ও চেদিগণ কর্ণশরাঘাতে রনদহন দক্ষ মাতৃস্বযুথের ন্যায় বিমোহিতপ্রায় হইয়া ব্যায়ে ভীষণ রবে চীৎকার করিতে লাগিল। মৃতব্যক্তির কুটুম্বগণ মিলিত হইয়া যেরূপ রোদন করিয়া থাকে, সমরাঙ্গণে সংগ্রামভীত চতুদ্দিকে ধাবমান বীরগণের তদ্রূপ আর্ত্তনাদ ক্রেতিগোচর হইতে লাগিল। তৎকালে তির্যাগ্যোনিগত জাবগণও পাগুবগণকে কর্ণশরে নিপীড়িত রাথিয়া নিতান্ত ভীত হইল। স্প্রয়গণ সমরে সূত্পুক্র কর্তৃক স্মাহত ও বিচেতনপ্রায় হইয়া মৃত ব্যক্তিরা যেমন যমপুরে প্রেতরাজকে আহ্বান করে, তদ্রূপ অর্জ্বন ও বাস্থদেবকে বারংবার আহ্বান করিতে লাগিলেন।

তখন কুন্তীনন্দন ধনঞ্জয় সেই কর্ণদায়ক নিপাড়িত বীরগণের আর্ত্তরব শ্রেবণ ও ভীষণ ভার্গবান্ত্র দর্শন করিয়া বাস্ত্রদেবকে কহিলেন, হে কৃষ্ণ ! ঐ ভার্গবাস্ত্রের পরাক্রম অবলোকন কর । উহা নিবারণ করা নিতান্ত ছঃদাধ্য । ঐ দেখ, সূত্রনন্দন কালান্তক যমের ন্যায় ক্রুদ্ধ হইয়া রণস্থলে নিদারুণ কার্য্ত্রে সম্পাদন করত বারংবার আমার প্রতি কটাক্ষ নিক্ষেপ করিতেছে; অতএব ভূমি এক্ষণে উহার অভিমুখে অশ্ব সঞ্চালন কর । এক্ষণে কর্ণকে পরিত্যাগ্র-পূর্বিক পলায়ন করা আমার নিতান্ত অকর্ত্ত্র্য । লোকে জীবিত থাকিলে সম্ব্রে জয় বা পরাজয় লাভ করিতে পারে; মৃত ব্যক্তির জয়লাভের কিছু-মাত্র সম্ভাবনা নাই।

হে মহারাজ ! বাস্থদেব ধনঞ্জয় কর্তৃক এইরূপ অভিছিত হইয়! ইাহারের কহিলেন,—হে পার্থ ! রাজা মুধিষ্ঠির কর্ণবাণে নিতান্ত নিপীড়িত হইয়াছেন । তুমি অগ্রে তাঁহারে দর্শন ও আখাদ প্রদান করয়া পশ্চাৎ কর্ণকে নিপীড়িত করিবে। হে মহারাজ ! তৎকালে মহামতি বাস্থদেব মনে মনে এই করয়াছিলেন যে, কর্ণ অন্যান্য বীরগণের সহিত বহুক্ষণ শংগ্রাম করিয়া পরিআক্ষ হইলে অর্জ্বন , অনায়াদে তাঁহারে দংহার করিতে দমর্থ হইবেন ।
মহাত্মা কৃষ্ণ উক্ত প্রকার বিবেচনা করিয়াই অর্জ্বনকে অগ্রে মুধিষ্ঠিরের দর্শনার্থ গমন করিতে লাগিলেন । ধনঞ্জয় ও বাস্থদেবের আক্সায় সম্মত

হইয়া কর্ণ নিপীড়িত যুধিষ্ঠিরকে দুন্ধরে দেখিবার নিমিত্ত ক্ষণ্ডকে বারংবার শীত্র গমনে অমুরোধ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় অশ্বত্থামার সহিত্য তাঁহার ঘারতর যুদ্ধ উপস্থিত হইল। তিনি অবিলম্বে ইন্দের ও অজেয় গুরুপুত্রকে পরাজয়পূর্বক সৈন্যগণ মধ্যে যুধিষ্ঠিরের অমুসন্ধান করিতে লাগিলেন; কিন্তু তাঁহার সন্দর্শন লাভে কৃতকার্য্য হইলেন না।

## ষট্ ষষ্টিতম অধ্যায়।

হে নহান্ত্র ! অনন্তর নিতান্ত ত্রন্ধর্ব মহাবীর ধনঞ্জয় পরাজিত দ্রোণ-নন্দনকে পরিত্যাগ করিয়৷ 'শ্বীয় দৈন্যগণের প্রতি দৃষ্টি নিক্ষেপ করত দেনা-মুখে অবস্থিত দুমরবিরত বীরগণকে একান্ত পুলকিত করিলেন এবং যে যে বার পূর্বব প্রহারকেনে বিমদ্দিত হইয়াও রথারোহণে সংগ্রামন্থলে মবস্থান করিতেছিলেন, তাঁহাদের সবিশেষ প্রশংস। করিতে লাগিলেন। অনন্তর তিনি জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে নিরীক্ষণ না করিয়া মহাবেগে ভীমদেন সন্নিধানে গমন-পূর্বক জিজ্ঞাস৷ করিলেন, হে মহাত্মন্! একণে ধর্মরাজ কোথায় ? ভীম কহিলেন, ভ্রাত ! ধর্মনন্দন রাজা যুধিষ্ঠির সূতপুত্রের শরনিকরে সাতিশয় সম্ভপ্ত হইথা এ স্থান হইতে গমন করিয়াছেন। এক্ষণে তিনি জীবিত আছেন কিনা সন্দেহ। তথন অর্জ্জুন কহিলেন, হে মহাত্মন্! তুমি ধর্মরাজের রুত্তান্ত অবগত হইবার নিমিত্ত এ স্থান হইতে শীঘ্র প্রস্থান কর। আমার বোধ হইতেছে, তিনি সূতপুজের শরনি করে গাঢ়তর বিদ্ধ হইয়া শিবির মধ্যে প্রবেশ করিয়াছেন। পূর্বে তিনি দ্রোণাচার্য্যের নিশিত শরে সাতিশয় বিদ্ধ ইইয়াও ্যে পূর্যাষ্ক্র ন্রে: এ নিহত না হইয়াছিলেন, সেই পর্য্যন্ত বিজয়লাভ প্রত্যাশায় সংগ্রাম স্থলে অবস্থান করেন। আজি যথন তাঁহারে সংগ্রাম স্থলে অবলোকন করিতেছি না, তখন কর্ণের সৈহিত সংগ্রামে তাঁহার প্রাণ সংশয় উপস্থিত ম্রয়াছে, সন্দেহ নাই। অতএব তুমি তাঁহার বুত্তান্ত অবগত হইবার নিমিত অবিলম্বে গমন করি । আমি বিপক্ষগণকে অবরোধ করিয় এই স্থানে অবস্থান করিতেছি। তথন ভীমদেন ধনঞ্জায়ের বাক্য প্রবণগোচ্র করিয়া কহিলেন, হে অৰ্জন ! ধর্মরাজের ব্ভান্ত জ্ঞাত হইবার নিমিত্ত গমন করা তোমরিই কৈ ত্ব্য। আমি একণে এস্থান হইতে গমন করিলে শক্তপক্ষীয়ের। আমারে ভীত বলিকে। তথন অৰ্জ্ন কহিলেন, ইে মহাত্মন্! সংশপ্তকগণ আমার,প্রতি-

, জন্দী হই রা অবস্থান করিতেছে। একণে ইহাদিগকে বিনাশ না করিয়া বিপক্ষ সমীপ হইতে প্রতিগমন করা আমার অকর্ত্তির। ভীম কহিলেন, হে ধনঞ্জয়! আমি একাকী স্বীয়, বুলবীর্যা প্রভাবে সংশৃগুকগণের সহিত যুদ্ধ করিতেছি, স্কুমি প্রশ্নরাজ্যের রুভান্ত অবগত হইবার নিমিত্ত গমন কর।

হে মহারাজ! মহাবীর ধনঞ্জয় ভীমপরাক্রম ভীমের সেই বাক্য প্রবণগোচর করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের নিকট গমন করিবার বাণনায় অপ্রমেয়
নারায়ণকে কহিলেন, হে কৃষ্ণ! জ্যেষ্ঠ ভাতারে নিরীক্ষণ কুদ্ধিবার নিমিত
আমার একান্ত অভিলাষ হইতেছে, অতএব তুমি অবিলম্বে এই সৈন্যদাগর
অতিক্রম করিয়া গমন কর। তথন বাস্তদেব গরুড়ের ন্যায় বেগগামী অশ্বগণকে
সঞ্চালন করত ভীমকে সম্বোধন করিয়া কহিলেন, হে ভীম! সংশপ্তকর্গকে
সংহার করা তোমার পক্ষে আশ্চর্য্যের বিষয় নহে, অতএব তুমি এক্ষণে
উহাদিগকে বিনাশ কর, আমরা চলিলাম।

হে মহারাজ ! মহাত্মা বাস্তদেব ভীমকে এইরূপে সংশপ্তকগণের সহিত্য
যুদ্ধ করিতে আদেশ করিয়া অবিলম্বে অর্জ্জ্ন সমভিব্যাহারে রাজা যুধিষ্ঠির
সন্ধিধানে সমুপস্থিত হইলেন এবং উভয়ে রথ হইতে অবতীর্ণ হইয়া একাকী
শয়ান ধর্মানন্দনের পাদ বন্দনপূর্বক তাহারে প্রকৃতিস্থ অবলোকন করিয়া
যাহার পর নাই আহ্লাদিত হইলেন । ধর্মারাজ যুধিষ্ঠির ইন্দ্র সন্ধিধানে সমুপান্থিত অশ্বিনীকুমার যুগলের ন্যায় দেই বারদ্বয়কে সমাগত নিরীক্ষণ করিয়া,
জন্তাহ্মর নিহত হইলে স্থরগুরু রহস্পতি যেমন দেবরাজ ও বিষ্ণুকে অভিনন্দন
করিয়াছিলেন, তত্ত্বপ তাহাদিগকে যথোচিত অভিনন্দন করিলেন্ত্র এবং সুতপুত্র
অর্জ্জ্বন শরে নিহত হইয়াছে, ইহা স্থির করিয়া প্রীতমনে হর্ষগদাদবচনে সেই
বিশাল লোহিতলোচন ক্ষত্তিক্ষতাঙ্গ রুধিরলিশুকলেবর মহাদম্ব কেশব ও
ধনঞ্জয়কে অবলোকন করত শাস্তবাদ প্রয়োগপূর্বক হাস্যমুথে কহিতে লাগিলেন্ত্র

#### সপ্তবৃষ্টিতম অধ্যায়।

হে দেবকীপুত্র ! হে ধনঞ্জয় ! তোমাদের মঙ্গল ত ? আজি আমি তোমাদির্গের দর্শমে সাতিশন্ন প্রীত হইলাম ৷ তোমরা অক্ষত শরীরে নির্দ্ধান্তবে
মহারথ কর্ণকে নিহত করিয়াছ । প্রধান মহারথ লোকবিখ্যাত মহাবীর সৃতপুর্ভা সমরাঙ্গনে আশীবিষ সদৃশ ও সমস্ত শ্বস্ত্র পারদর্শী ক্লোরবগণের অপ্রগামী ও

বর্মের ন্যায় উহাদিগের রক্ষক ছিল। রুষদেন ও হুষেণ তাহারে রক্ষা করিতেছিল। ঐ মহাবীর পরশুরামের নিকট তুর্জ্জন্ন অন্ত প্রাপ্ত হইয়াছিল। দে দৈন্যমুখে গমন করিয়। কৌরবগণকে রক্ষা ও শক্রাদিগকে মর্দান করিত এবং সত্ত ছর্য্যোধনের হিত্সাধনে তৎপর থাকিয়া আঁশাদের নিতান্ত কেশু-কর হইয়াছিল। পুরন্দরের সহিত দেবগণও উহারে পরাভূত করিতে পারিতেন না। তোমরা ভাগ্যক্রমে আজি সেই অনলের ন্যায় তেজস্বী, অনিলের ন্যায় বেগশালী, পা্তাল সদৃশ গম্ভীর, স্থলগণের আহলাদবদ্ধন ও আমার মিত্রগণের অন্তক স্বরূপ মহাবীরকে বিনাশ ক্রিয়া অন্ত্রনিহন্তা অমরন্বয়ের ন্যায় আমার নিকটে উপস্থিত হইয়াছ। অণ্য দেই দর্বলোক জিঘাংস্থ কুতান্ত দদৃশ মহাবীর সূত্রপুত্রের সহিত : আমার ঘোরতর যুদ্ধ হইয়াছিল। সে সাত্যকি, ধৃষ্টত্যুত্র, নকুল, সহদেব, শিখণ্ডী, দ্রোপদীর পাঁচ পুত্র ও পাঞ্চালগণকে পরাজয়পূর্বক তাহাদের সমক্ষেই আমার রথধ্বজ ছিল, পার্ফি সার্থিদ্বয় ও অশ্বগণকে নিহত ু এবং আমারে পরাজিত করিয়া সমরাঙ্গনে আমার অসুসরণ করত আমার প্রতি অনেক পরুষ বাক্য প্রয়োগ করিয়াছে। অধিক কি বলিব, আমি কেবল ভীম-সেনের প্রভাবেই অদ্য জীবিত আছি। কর্ণকৃত অপমান আমার নিতান্ত অসহ বোধ হইতেছে। আমি যাহার ভয়ে ত্রয়োদশ বৎসর দিবা রাত্রি মধ্যে কখনই নিজিত বা স্থা হই নাই: একণে তাহার প্রতি বিষেষ বৃদ্ধি হওয়াতে নিতান্ত সম্ভপ্ত হইতেছি। আমি বাঞ্জীনস বিহঙ্গনের ন্যায় আপনার মরণ সময় উপস্থিত হইয়াছে জানিয়া কর্ণের নিকট হইতে পলায়ন করিয়াছি, কিরূপে কর্ণকে বিনাশ করিব, এই চিন্তাতেই আমার বহুকাল অতিবাহিত হইয়াছে। আমি াবিনিদ্রাবস্থায় সতত কর্ণকে স্বপ্ন দেখিতাম। আমি কর্ণের ভয়ে ভীত হইয়া যে স্থানে গমন করিতাম, সেই স্থানেই তাহাকে প্রথবর্তী অরলোকন করি-তা্ম। দেই সমরে অপরাত্মুখ মহাবীর আজি আমার অখ ও রথ ধ্বংদ করিয়া খামারে পরাঞ্জ ুর্বক জীবিতাবস্থায় পরিত্যাগ করিয়াছছ। আজি কর্ণ যথন আমারে পরাভূত করিল, তথন আমার জীবনে বা রাজ্যে প্রয়োজন কি ! পূর্ব্বে ভীমা, কুপ বা দ্রোণাচার্য্য হইতে আমার যে অবস্থা হয়ু নাই, আজি ` মহারণ সৃতপুত্র হইতেই তাহা হইয়াছে।' এই 'নিমিত্তই আমি বিশেষরূপে \* তাহার মৃত্যু রভাস্ক জিজাদা করিতেছি.।

् - (इं क्लेस्डियं! महात्रभ मृज्भूख यूष्क हेट्स जूना, भत्रोक्तरम यम जूना ও अञ्च প্রয়োগে পরশুরাম তুল্য। 'ঐ মহারথ সর্বব্যুদ্ধ বিশারদ ও ধ্যুদ্ধরদিগের অগ্র-গণ্য ; ধৃত্রাষ্ট্র তোমার নিধনার্থেই পু্দ্রগণের সহিত কর্ণের অভিবাদন করিতেন এবং মুমস্ত যোধগণ মধ্যে কর্ণকেই তোমার মৃত্যু বলিয়া স্থির করিয়াছিলেন। হে পুরুষপ্রবীর! তুমি কিরুপে হাছাদাণ দমকে রুরুমস্তকচ্ছেদী সিংহের স্থায় সেই যুদ্ধে প্রবৃত্ত সূতনন্দনের অস্তক ছেদন করিলে, তাহাওঞকণে আমাণ্ নিকট কীর্ত্তন কর। ছে মহাত্মন্! যে ছুরাত্মা তোমার সহিত দুঃশ্রাম করিবার অভিলাষে চতুর্দ্দিকে তোমার অনুসন্ধান করত কহিয়াছিল যে, যে ব্যক্তি আসারে অর্জ্নকে দেখাইয়া দিবে, আমি তাহারে ছয় হস্তিযুক্ত রথ প্রদান করিব; সেই সূতপুত্র কি তোমার কঙ্কপত্র সমলঙ্কৃত স্থনিশিত শরনিকরে সমাহত হইয়া ভূতলে শয়ান রহিয়াছে ? তুরাত্মা তুর্য্যোধনের প্রশ্রহে নিতান্ত গর্বিত সূতপুত্র ভোমার অম্বেষণ করত চ'তুর্দিকে ভ্রমণ করিয়াছিল, তু্মি ভাহারে সংহার করিয়া আমার অতিশয় প্রিয়কার্য্যের অনুষ্ঠান করিয়াছ। যে বীরাভিমানী ছুরাত্মা তোমার দর্শন লাভার্থে প্রদর্শক ব্যক্তিরে হস্তী, গো, স্থ ও স্কবর্ণময় রথ প্রদান করিতে উদ্যক্ত হইয়াছিল; যে তোমার সহিত যুদ্ধ করিবার নিমিত্ত সততই স্পর্জা করিত ; যে কৌরব সভায় আত্মপ্রাঘা করিয়া-ছিল এবং যে ছুর্য্যোধনের অতিশয় প্রিয়পাত্র ছিল; অদ্য তুমি কি সেই বল-মদম্ভ সূতপুত্রকে সংহার করিয়াছ ? সে কি তোমার সহিত সমরে সমাগত ও তোমার শরাসনচ্যুক্ত রুধিরপায়ী শরে বিদীর্ণকলেবর হইয়া সমরাঙ্গনে শয়ন করিয়াছে; হুর্য্যোধনের ভুজবুগল কি ভগ্ন হইয়াছে? যে ছুব্রাত্মা মূভামধ্যে ছর্যোধনকে পুলকিত করত আমি ধনঞ্জয়কে বিনাশ করিব এই দর্পপূর্ণ বাক্যে আত্মশ্লাঘা কনিয়াছিল, তাহার সেই বাক্য ত সত্য হইল না ? যে নির্কোধ অর্চ্ছন জীবিত থাকিতে আমি কথনই পদকালন করিব না বলিয়া প্রতিষ্ণু করিয়াছিল, আজি তুমি কি দেই কর্ণকৈ সংহার করিয়াছ % খে হুফ সভামধ্যে কৌরবগণ সমকে কৃষ্ণারে কহিয়াছিল, হে কৃষ্ণে! ভূমি নিতান্ত তুর্বল পতিত পাওবগণকে কেন পরিত্যাগ করিতেছ না ? অর্জ্বন ! তুমি কি ভাহার দর্পচূর্ণ করিয়াছ ? যে হতভাগ্য আমি বাহ্নদেবের সহিত ধনঞ্জয়কে সংহার না করিছা কদাচ প্রতিনির্ভ হইব না বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিল, সেই প্রাপাত্মা কি

ভোমার শরনিকরে বিদার্থ কলেবর হইয়া সমরাঙ্গনে শয়ন করিয়াছে ? হে ধনপ্রয়! স্প্রয় ও কৌরবগণের সমাগমকালে যেরূপ যুদ্ধ ইইয়াছিল, তাহা বোধ হয়, তোমার অবিদিত নাই'। ঐ যুদ্ধে হরাত্ম। ক্র আমারে এইরূপ তুর্দ্দশাপন্ন করিষাছে; তুমি কি গাণ্ডীব নির্ম্মুক্ত প্রজ্বলিত বিশিথ সমূহ,দাঝ দেই মন্দবৃদ্ধির কুগুলালঙ্কৃত মস্তক ছেদন করিয়াছ ? আমি কর্ণের শরে একাস্ত নিপীড়িত হইয়া চিস্তা করিয়াছিলাম যে, তুমি অদ্য নিঃসন্দেহ সূতপুজকে সংহার করিবে, আমীৰ সেই চিন্তা ত নিক্ষণ হয় নাই ? ছুর্য্যোধন যে সূতপুজের বল বীর্য্যের উপর নির্ভর করিয়া গর্বব প্রকাশপূর্বব ক আমাদিগের প্রতি উপেকা প্রদূর্শন করিত, ভুমি কি অদ্য পর।ক্রম প্রকাশপূর্বক ছুর্য্যোধনের আত্রয় স্বরূপ সেই কর্ণকে বিনষ্ট করিয়াছ ? যে তুরাত্মা পূর্বে সভামধ্যে কৌরবগণ সমক্ষে আমাদিগকে ষণ্ডতিল বলিয়াছিল : যে হাস্যমুখে ছুঃশাসনকে দ্যুত নিৰ্জ্জিত দ্রৌপদীরে বলপূর্বক খানয়ন করিতে কহিয়াছিল এবং যে ক্ষুদ্রাশয় রথাতিরথ সংখ্যা কালে অর্দ্ধ রথরূপে নির্দ্ধিন্ট হইয়া শস্ত্রধরাগ্রগণ্য পিতামহকে তিরস্কার করিয়াছিল, দেই তুর্মতিপরতন্ত্র সূতপুত্র কি তোমার শরে বিনন্ট হইয়াছে ? হে ধনঞ্জয় ! আমার হৃদয়ে অপমান সমীরণ সন্ধুক্ষিত রোষানল নিরস্তর প্রজ্বলিত হইতেছে, আজি তুমি কর্ণকে আমার শরে বিনষ্ট হইয়াছে এই কথা বলিয়া উহা নির্বাণ কর। সূতপুত্রের বিনাশ সংবাদ আমার প্রার্থ-নায়; অতএব তুমি বল কিরূপে তাহারে সংহার করিলে। হে বীর! রুত্রাস্তর নিহত হইলে ভগবান্ বিষ্ণু যেমন পুরন্দরের আগমন প্রতীক্ষা করিয়াছিলেন, তজ্ঞপ স্মামিও প্রতাবৎকাল তোমার আগমন প্রতীক্ষায় অবস্থান করিতেছিলাম। অপ্রবৃষ্টিতম অধ্যায়।

সঞ্জয় কহিলেন,—মহারাজ! অনন্তবীর্যা সম্পন্ন অর্জ্জুন ধর্মপরায়ণ নি হান্ত কুদ্ধ রাজা য্থিন্ঠিরের বাক্য প্রবণ করিয়া কহিতে লাগিলেন, হে ধর্মরাজ! অদ্য আমি সংশপ্পকগণের সহিত যুদ্ধ করিতেছিলাম, ইত্যবসরে কৌরব সৈত্যগণের অগ্রসর মহাবীর অশ্বত্থামা আশীবিষসদৃশ নি হান্ত ভাষণ শরনিকর পরিত্যাগ করত সহসা আমার সমক্ষে সমুপস্থিত হইলেন। জাহার সৈন্যগণ আমার মেঘগস্তীর নিস্তন রথ নিরীক্ষণ করিয়াই পরিবেইটন করিতে লাগিল। আমিও সেই সমস্ত সৈন্দ্র মধ্যে পাঁচে শত ব্যক্তিরে বিনাশ করিয়া অশ্বত্থামার সম্মুখীন হইলাম। তিনি আমারে অবলোকন করিয়া গজেন্দ্র যেমন সিংহের অভিমূখে আগমন করে, তজ্ঞপ আমার অভিমূখে আগমন করিলেন এবং নিহন্যমান : কৌরবগণকে পরিত্তাণ করিবার - নিমিত্ত একাস্ত অভিদাষী হইয়া প্রম প্রয়ত্ম সহকারে বিষাগ্রি সদৃশ স্থনিশিত শরনিকরে আমারে ও বাস্থ-দেবকে নিভান্ত নিপাড়িত করিতে লাগিলেন। তৎকালে গুরুপুত্রের খাট আটটি গো সংযোজিত আট খানি শকট পরিপূর্ণ যে অসংখ্য শর ছিল, তিনি আমারে লক্ষ্য করিয়া তৎসমুদায়ই পরিত্যাগ করিলেন। আঞ্চিও বায়ু যেমন জলদজালকে ছিন্ন ভিন্ন করিয়া ফেলে, তদ্রূপ তাঁহার শরনিকর খণ্ড খণ্ড করিয়া ফেলিলার্ম। তখন তিনি শরাদন আকর্ণ আকর্ষণ করিয়া শিক্ষা, অস্ত্রবল ও প্রয়ত্ব প্রদর্শনপূর্বক বর্ষাকালে ক্লফ মেঘ যেমন বারিধারা বর্ষণ করে, তজ্জপ অনবরত শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় তিনি যে আমার কোন পার্শে অবস্থান করিলেন এবং "কখন শর সন্ধান আর কখনই বা শর পরিত্যাগ করিতে লাগিলেন, তাহ। কিছুই অবধারণ করিতে সমর্থ হইলাম না। তৎকালে কেবল তাঁহার শরাসন মগুলাকার নিরীক্ষণ হইতে লাগিল। অনস্তর দ্রোণাত্মজ আমারে ও বাহ্মদেবকে পাঁচ পাঁচ শরে বিদ্ধ করিলেন। আমিও নিমেম মধ্যে বক্তকল্প ত্রিংশৎ শরে তাঁহারে নিতান্ত নিপাড়িত করি-লাম। তথন তিনি কণকাল মধ্যে আমার শরনিকরে একান্ত বিদ্ধ হইয়া শল্লকীর ন্যায় শোভা পাইতে লাগিলেন। তাঁহার কলেবর হইতে অনবরত রুধিরধারা নিঃস্ত হইতে লাগিল। অনস্তর আচার্যাপুত্র স্বীয় দৈন্যগণকে আমার শর-জালে একান্ত অভিভূত ও রুধিরলিপ্ত দেহ নিরীক্ষণ করিয়া সূতপ্পজের শুেট্রন্য মধ্যে প্রবেশ করিলেন। তথন মহাবীর কর্প হস্তী ও অশ্বগণকে ধাবমান এবং যোদ্ধাদিগকে "সাতিশর শক্ষিত অবলোকন করিয়া পঞ্চাশৎ মহারথ সমভি-ব্যাহারে সম্বরে আমার অভিমুখে সমুপদ্বিত হইল। আমি দেই মহারথগণের বধ সাধনপূর্বকুক কর্ণকে পরিভ্যাগ করিয়া দছরে আপনার/নশনার্থ আগমন করিয়াছি। এক্ষণে গো সমূহ যেমন কেশরীরে অবলোকন করিয়া ভীত হয়, তজ্ঞপ পাঞ্চালগণ কর্ণকে নিরীক্ষণ করিয়া শক্তিত হইতেছে। প্রভারকগণ সূতপুত্রের সমুখীন হইয়া যেন মৃত্যুর ব্যাদিত বদনে নিপতিত হইয়াছে দ মহাবীর কর্ণ প্রভক্রকদিগের সাত শক্ত রথীকে নিহত করিয়াছে চক্ষত ঐ '



উত্তর কতৃ কি কুরুবীরগণের বস্তু-ছর্ণ।

হাবীর যে প্রাস্ত না আমাদিগকে দর্শন করিয়াছিল, তদনধি কিছুমাত্র ক্ষিত হয় নাই। হে মহারাজ। মহাবীর অক্সমান আপনারে পূর্বে কত বিক্ষত করিয়ালে এবং তৎপরে , কর্ণের সহিত আল্নার সাক্ষাৎ হইয়াছে। আমি এই কথা শ্রবণ করিয়া নিশ্চয় করিলাম যে, আগনি কর্ণকে পরিত্যাগ-পূর্বক শিবিরে আগমন করিয়াছেন। হে ধর্মরাজ। আমি পূর্বে মহাবীর কূর্বের এইরূপ অস্তুত অস্ত্র প্রভাব নিরীক্ষণ করিয়াছি। অদ্য তাহার বলবীর্য্য সম্ভ ক্রিভে প্রারে, স্প্রেয়গণ মধ্যে এমন আর কেহ' নাই। অতএব মহাবীর সাত্যকি ও ধ্রতীত্যক্ষ আমরে চক্র রক্ষক হউন এবং মহাবল পরাক্রান্ত যুধা-মন্য ও উত্তরেক। আমার পৃষ্ঠ রকা করুন। আজি আমি যদি সূতপুত্রকে সংগ্রামন্থলে দেখিতে পাই, তাহা হইলে রুত্রান্থরের সহিত সমাগত স্বরাজের ভাষ সেই নিতান্ত ভূম্বৰ্ব মহাবীরের সহিত সমবেত ইইয়া খোরতর যুদ্ধ করিব। হে মহারাজ। একণে স্থাপনি আসিয়া আমাদের উভয়েরই যুদ্ধ সন্দ-র্শন করুন। ঐ দেখুন, প্রভদ্রকগণ সূতপুর্জ্রের প্রতি ধাবমান হইতেছে এবং রাজপুত্রগণ স্বর্গলাভার্থে নিহত হইতেছেন। আজি যদি আমি বলপুর্বক বন্ধু বান্ধবগণের সহিত কর্ণকে বিনাশ না ক্রি, তাহা হইলে অঙ্গীকৃত প্রতিপালন পরাঘুখ ব্যক্তির যে গভি, আমারও যেন সেই ক্চছুগতি লাভ হয়। হে মহা-ताज ! अकरण जाशनि यूरक जागात अग्र धार्यना कतन । के रम्थून, श्रुताह्र-ভনয়গণ ভীমদেনকে নিপীড়িত করিতেছে; অত এব আমারে অবিলম্বে সংগ্রামন্থলে গমন করিতে হইবে। আজি আমি সমুদায় দৈন্ত ও শক্তাগণ এবং পূতপুত্রকে সংহার করিব, সন্দেহ নাই।

#### একোনসপ্ততিত্ব অধ্যায়।

হে মহারাজ। ধর্মরাজ, যুধিন্তির মহাবল পরাক্রান্ত সূতপুক্তের শরজালে
একান্ত দন্তপ্ত ইইয়াছিলেন, এক্ষণে তাঁহারে জীবিত প্রাণ করিয়া ক্রোধভরে
ধনপ্তমুক্ত কহিলেন, হে অর্জ্বন। তোমার সৈন্যগণ, নিপীড়িত ও পলায়িত
ইইয়াছে এবং তুমিও কর্ণকে সংহার করিতে একান্ত অসমর্থ ইইয়া ভীতমনে
ভীমকে পরিত্যাগপুর্বক আমার নিকট সমুপ্ত্বিত হইয়াছ। এখন ব্রিলাম্ আর্থ্যা কুন্তীর গর্ভে জন্ম পরিপ্রহ করা তোমার নিতান্ত অসুচত ইইয়াছে।
ত্বি বৈত্বনে আমার নিকট সত্য করিয়াছিলে যে, আমি একার্কাই কর্ণকে

রিনাশ করিব, সন্দেহ নাই। এখন তোমার ,সে প্রতিজ্ঞা কোথায় রচিল ? আজি তুমি কর্ণের ভয়ে ভীত হইয়া ভীমসেনকে পরিভ্যাগপূর্বক কিরূপে আগমন করিলে ? তুমি যদি পূর্বে দৈওবনে আমারে কহিতে যে, আমি সূত-পুত্রকে বিনাশ করিতে সমর্থ হইব না, তাহা হইলে আমি ইতিকর্ত্তব্যতা অব-ধারণ করিতাম। হে ধনঞ্জয় ! তুমি তৎকালে আমার নিকট সূতপুজের বধ-সাধন বিষয়ে অঙ্গীকার করিয়া এক্ষণে কি নিমিত্ত তাহার **অসুষ্ঠানে অসমর্থ** হইলে ? কি নিমিত্ত আমাদিগকে শক্র মধ্যে আনয়ন করিয়া ক্রিটন স্ভাগে নিক্ষেপপূর্বক চূর্ণ করিলে ? হে অর্জ্জন ! আমরা সততই তোমারে বহুতর আশীর্কাদ করিয়া থাকি; কিন্তু তুমি ফ্ললাভার্থী ব্যক্তিদিণ্যের বহু কুস্তম্-শোভিত নিক্ষল পাদপের স্থায় আমাদিগের তৎসমুদায়ই বিফল করিলে। আমি রাজ্যলাভে একান্ত লোলুপ; কিন্তু একণে তোমা হইতে আমার আমিষখণ্ড-সমাচহাদিত বড়িশের ভায়, ভক্ষ্য দ্রব্য সমাচহন্ন গরলের ন্যায় রাজ্য-বপদেশে বিনাশ লাভ হইল। হে ধনঞ্জয়,! যোগ্য অবদরে প্রভ্যুপ্ত বীজ যেমন মেঘের উপর নির্ভর করে, তদ্রূপ আমরা কেবল রাজ্য লাভের আশয়ে এই ত্রয়োদশ বংদর তোমার উপর নির্ভর করিয়াছিলাম, কিন্তু এক্ষণে তুমি আমাদিগকে ঘোরতর ছঃখে নিপাতিত করিলে। হে নির্কোধ ! তোমার বয়ক্রম সাতদিন হইলে আর্য্যা কুস্তীর প্রতি এই দৈববাণী হইয়াছিল যে, "এই দেবরাজ সদৃশ বিক্রমশালী পুত্র রণন্থলে সমস্ত শক্রদিগকে পরাজয় করিবে। ইহার বাহুবলেই খাণ্ডবপ্রস্থে দেবতা ও অন্যান্য প্রাণিগণ পরাজিত হইবেন। এই বীর মদ্র, কলিঙ্গ, কেকয় ও কৌরবগণকে নিহত করিবে ৮ ইহার তুল্য ধমুদ্ধর আর প্রাত্নসূতি হইবে না। ইহারে কেহই কথন পরাজয় করিতে भातिरव ना। अरे वौत्रं ममस्य विकास भातकर्गी 'इंस्टर अवः हेम्स कतिरनहें যাবতীয় প্রাণিগণকে বশীভূত করিতে পারিবে। ছে কুন্তি! স্থরজননী অদিতির পুত্র অরিনিসূদন মধুসূদনের ন্যায় এই পুত্র তোমার গর্ভে প্রাহ্নভূতি হইয়াছে। এই মহাবীর সৌন্দর্ব্যে শশাঙ্ক, বেগে বায়ু, ধীরতায় হুমেরু, ক্ষমাগুণে পৃথিবী, তেজেঁ দিবাকন, ঐথর্ব্যে কুবের, শৌর্ব্যে শক্ত ও বলবীর্ব্যে বিষ্ণুর অনুরূপ इटेटर । देश इटेटल्टे कोतर्राम तर्का इटेटर । **अ**टे रौत आपनामिटगर्त জয় ও শব্রুগণের পরাজ্ঞারে নিমিত্ত খ্যাতি ও প্রতিপত্তি লাভ করিবে।"

হে ধনপ্রয়! তৎকালে অন্তরীকে এইরূপ দৈববাণী হইয়াছিল। শতশৃঙ্গ পর্বত শিখরে অবস্থিত মহর্ষিগণও ইহ। এবণ করিয়াছিলেন। কিন্তু একণে সেই দৈবধাণা নি**ষ্ফল হইল।** অভূএব বোধ হইতেছে, দেবগণও মিথ্যা বাক্য প্রয়োগ করিয়া থাকেন। হে বীর! আমি মহর্ষিগণের মুখে নিরন্তর ত্যোমার প্রশংসাবাদ প্রবণ করিয়া তুর্ব্যোধনের উন্নতি বিষয়ে অণুমাত্র প্রত্যাশা করি-ভাম না এবং ভূমি যে সূতপুক্র হইতে ভীত হুইবে, আমার মনেও কখন এরপ বিশ্বাস হয় নাই। দেখ, ভূমি বিশ্বকর্মানিশ্মিত অশব্দ চক্র সম্পন্ন কপিথক রথে আরোহণ এবং হেমপট্ট সমলঙ্কতে খড়গা ও তাল প্রমাণ গাণ্ডীব ধারণ করি-তেছ; বিশেষত বাস্থদেব তোমার সার্থি হইয়াছেন; তথাচ তুমি সূতপুত্র হইতে ভীত হইয়া রণস্থল হইতে প্রত্যাগমন করিলে ! এক্ষণে তুমি বাস্থদেবকে গাণ্ডীব শরাসন প্রদান কর। তুমি যদি ক্ষেত্র সার্থি হইতে তাহা হইলে উনি পুরন্দর যেমন বজ্র গ্রহণপূর্ব্ধক ব্রত্তাপ্লরকে সংহার করিয়াছিলেন, তজ্জপ প্রবল পরাক্রম সূতপুত্রকে বিনাশ করিতেন, সন্দেহ নাই। হে অর্জ্বন ! যদি অদ্য তুমি সমরচারী সূতপুত্রকে নিবারণ করিতে সমর্থ না হও, তাহা হইলে তোমা অপেকা অস্ত্র শত্ত্রে স্থনিপুণ অন্য এক ভূপালকে এই গাণ্ডীব প্রদান কর। তাহা হইলে লোকে আমাদিগকে পাপ পুরুষ পরিদেবিত অগাধ নরকে নিপতিত পুজ কলত্র বিহীন এবং স্থখ ও রাজ্যপরিভ্রম্ভ নিরীক্ষণ করিবে না। তোমার সমর পরিত্যাগপূর্বক পলায়ন করা অপেক। প্রঞ্ম মাদে গর্ভজ্ঞাবে বিনষ্ট হওয়৷ বা কুন্তীর গর্ভে জন্ম পরিগ্রহ না করাই: ভ্রেয়ঃ-কল্ল ছিল। হে ছুরাত্মন! এক্ষণে তোমার গাণ্ডীবে ধিক্, বাহুবীর্য্য ও व्यमः था भन्निक्रत धिक् धवः वानतक्ष्वक । शावक श्रानक क्षिता त्रावं धिक्।

#### সপ্ততিতম অধ্যার।

তে মহারাজ ! যুধিষ্ঠির এইরূপ কহিলে, মহাবীর অর্জ্জন রোষাবিষ্ট ইইয়া তাঁহার, বিনাশ বাদুনায় সত্ত্বে অসি গ্রহণ করিলেন'। অন্তর্যামী হাষীকেশ অর্জ্জনকে ক্রুদ্ধ দেখিয়া কহিলেন, হে পার্থ ! তুমি কি নিমিত্ত খড়প গ্রহণ করিলে ? একণে ত তোমার কোন প্রতিদ্ধকা উপস্থিত নাই । ধ্রুমান্ ভানকেন কেরিরাছেন । তুমি মহারাজের দর্শনার্থ রণভূমি হইতে শ্রমাপত ছইয়াছ । একণে সেই সিংহবিক্রাপ্ত মহারাজ মুধিষ্ঠিনকে কুশনা

দেখিয়া এই আহ্লাদ সময়ে কেন বিমে। হিতের ন্যায় কার্য্য করিতেছ ? এখন ত তোমার বধার্হ কেহ উপস্থিত নাই, তবে কি নিমিত্ত প্রহারে উদ্যত্ত হইতেছ ? অথবা 'বোধ হয়, তোমার চিত্ত বিজ্ঞম উপস্থিত, হইয়া থাকিবে; নচেৎ ভূমি কি নিমিত্ত সম্বরে করে করবারি গ্রহণ করিলে ?

হে মহারাজ! মহাত্মা হ্র্যাকেশ এইরূপ কহিলে মহাবীর ধনঞ্জয় যুধিতিরের প্রতি দৃষ্টিপাত করিয়া ক্রুদ্ধ সর্পের ন্যায় নিশ্বাদ পরিত্যাগ করত কেশবকে কহিলেন, হে জনার্দ্দন! তুমি অন্যকে গাণ্ডীব শর্মিন সমর্পণ কর এই কথা যিনি আমারে কহিবেন, আমি তাঁহার মস্তক ছেদন করিব; এই আমার উপাংশুব্রত। এক্ষণে তোমার সমক্ষেই মহারাজ আমারে সেই কংশ কহিয়াছেন। অতএব আমি এই ধর্মভীরু নরপতিরে নিহত করিয়া প্রতিজ্ঞা প্রতিপালন ও সত্যের আন্ন্য লাভ করিয়া নিশ্চিন্ত হইব। আমার থড়গ গ্রহণ করিবার এই কারণ। তোমার মতে এক্ষণে কি করা কর্ত্ব্য। তুমি এই জগ্ণতের সমস্ত র্ত্তান্ত বিদিত আছ। এ সময়ে বিবেচনাপ্র্বেক যেরূপ কহিবে,

হে মহারাজ ! মহাত্মা কেশব অর্জ্জনের বাক্য শ্রাবণে তাঁহারে বারংবার ধিকার প্রদানপূর্বক কহিলেন, হে ধনপ্তম ! এক্ষণে তোমারে রোষপরবশ দেখিয়া নিশ্চয় জানিলাম যে, তুমি যথাকালে জ্ঞানরদ্ধ ব্যক্তির উপদেশ গ্রহণ কর নাই। তুমি ধর্মজীরু ; কিন্তু ধর্মের প্রকৃত তত্ত্ব সম্যক্ অবগত নহ। ধর্মজ্ঞ ব্যক্তিরা কথন ঈদৃশ কার্য্যান্ম্ন্তানে প্রবৃত্ত হন না। আজি তোমারে এরপ অকার্য্যে প্রবৃত্ত দেখিয়া মুর্থ বলিয়া বোধ হইতেছে। যে ব্যক্তি অকর্ত্তর কার্য্যকে কর্ত্তর্য করিয়া থাকেন, তুমি তাহা অবগত নহ। অনিশ্চয়জ্ঞ ব্যক্তি কার্য্যকোর্য্য বলিয়া হির করে, সে নরাধম। বহুদর্শী পণ্ডিতগণ ধর্মান্ম্নারে যে উপদেশ প্রদান করিয়া থাকেন, তুমি তাহা অবগত নহ। অনিশ্চয়জ্ঞ ব্যক্তি কার্য্যাকার্য্য অবধারণ সময়ে তোমার মন্ত নিতান্ত অবশ ও মুন্ধ হইয়া থাকে, কার্য্যাকার্য্যের যাথার্য্য নির্ণয় কয়া অনায়াদ্দার নহে। শাক্রবার্রাই সমস্ত জ্ঞান জিময়া থাকে। তুমি যথন মোহবশ্র ধর্ম্ম রক্ষার মানসে প্রাণিবধরূপ মহাপাপপক্ষে নিময় হইতে উদ্যুত্ত হয়য়ছি, তথন নিশ্চয়ই তোমার শাক্তজ্ঞান নাই। আমার মতে অহিংলাই পরম ধর্ম। বরুর মিধ্যা রাক্যপ্ত প্রয়োগ করা ঘাইতে পারে; কিন্তু কর্থনই প্রাণিকিহিংলা

করা কর্ত্তব্য নহে। তুমি কিরপে প্রাকৃত পুরুষের ভায় পুরুষপ্রধান, ধর্মনিবিদ, জ্যেষ্ঠ জাতার প্রাণ সংহারে উদ্যত হইলে ? সজ্জনেরা সমরে অপ্রবৃত্ত, শরণাগত, বিপদ্রাস্ত, প্রমত ও রণপরাদ্ম্থ শক্তবেও বিনাশ করা নিন্দনীয় কহিয়া থাকেন ; কিন্তু তুমি যুদ্ধে অপ্রবৃত্ত গুরুর প্রাণ সংহারে সমুদ্যত হইয়াছ। পূর্বের তুমি বালকত্ব প্রযুক্ত এই ব্রত অবলম্বন করিয়াছ এবং এক্ষণে মুর্খতা বশত অধর্ম্য কার্য্যের অনুষ্ঠানে উদ্যত হইয়াছ। তুমি অতি হুদ্ধের স্ক্রমতর ধর্মপথ অবগত না হইয়াই গুরুর বিনাশে অভিলাষ করিতেছ। হে ধনঞ্জয় ! কুরুপিতামহ ভীত্ম, ধর্মরাজ যুধিষ্ঠির, বিচুর ও মুশ্রিনী কুন্তী যে ধর্মরহন্ত কহিয়াছেন, আমি মধার্থরূপে তাহাই কীর্ত্তন করিতেছি; শ্রবণ কর।

সাধু ব্যক্তিই সত্য কথা কহিয়া থাকেন, সত্য অপেক্ষা আর কিছুই প্রেষ্ঠ নাই। সত্যতত্ত্ব অতি হুজের । সত্য বাক্য প্রয়োগ করাই অবশ্য কর্ত্তবা। কিন্তু যে স্থানে মিথা সত্য স্বরূপ ও সত্য মিথা স্বরূপ হয়, সে স্থলে মিথা বাক্য প্রয়োগ করা দোষাবহ নহে। বিবাহ, রতিক্রীড়া, প্রাণ বিয়োগ ও সর্বস্বাপহরণ কালে এবং ব্রাক্ষণের নিমিক্ত মিথা। প্রয়োগ করিলেও পাতক হয় না। যে, সত্য ও অসত্যের বিশেষ মর্ম্ম অবগত না হইয়া সত্যামুষ্ঠানে সমূল্যত হয়, সে নিতান্ত বালক। আর যে ব্যক্তি সত্য ও অসত্যের যাথার্থ্য নির্ণয় করিতে পরেন, তিনিই যথার্থ ধর্মজ্ঞ । ক্রতপ্রজ্ঞ ব্যক্তি অন্ধবধকারী বলাক ব্যাধের স্থায় দারুণ কর্মানুষ্ঠান করিয়াও বিপুল পুণ্যলাভ করিতে পারেন। আর অক্তপ্রজ্ঞ ব্যক্তি ধর্মাভিলাষী হইয়াও কৌশকের ভায় মহাপাপে নিময় হয়।

অর্জুন কহিলেন, হে জনার্দ্দন ! আমি বলাক ও কৌশিকের যথাবৎ রভাস্ত শ্রবণ করিতে বাসনা করি, কীর্তুন কর।

বাহদেব কহিলেন, হে অর্জ্ন ! পূর্বকালে বলাক নামে এক সত্যবাদী অসূয়াশ্ন্য ব্যাধ ছিল। সে কেবল বৃদ্ধ পিতা মাতা ও পুত্র কলত্র প্রভৃতি আপ্রিত ব্যক্তিদিগের জীবিকা নির্বাহের নিমিত্ত মুগ বিনাশ করিত। একদা ঐ ব্যাধ মুগয়ায় গমন করিয়৷ কুত্রাপি মুগ প্রাপ্ত হইল না। পরিলোবে এক অপূর্বব নৈত্রবিহীন স্থাপদ তাভার নয়নলোচর হইল। ঐ স্থাপদ জ্ঞাণ ছায়া ছুল্ক কস্তব্ত

শবগত হইতে পারিত। ব্যাধ উহারে একাঞ্চিত্তে জলপান করিতে দেখিয়া তৎক্ষণাৎ বিনাশ করিল। তখন সেই অন্ধ স্থাপদ নিহত হইবামাত্র আকাশ হইতে পূপার্ষ্টি নিপ্তিত হইতে লাগিল। অপ্সরাদিগের অতি মনোরম গীত বাদ্য আরম্ভ হইল এবং সেই ব্যাধকে স্বর্গে সমানাত করিবার নিমিত্ত বিমান সমুপন্থিত হইল। হে অর্জ্জন! সেই স্থাপদ তপঃপ্রভাবে বর লাভ করিয়া প্রাণিগণের বিনাশহেতু হওয়াতে বিধাতা উহারে অন্ধ করিয়াছিলেন। বলাক সেই ভূতগণনাশক মুগকে বিনাশ করিয়া অনায়াসে স্থাহর্গহেণ করিল। অতএব ধর্মের মর্ম্ম অতি হুত্তের্য় য

আর দেখ, কৌশিক নামে এক বহুল্রুন্ত তপিয়ল্রেষ্ঠ ব্রাহ্মণ প্রামের অনতিদূরে নদীগণের সঙ্গমন্থানে বাস করিতেন। ঐ ব্রাহ্মণ সর্বাদা স্বাদ্য প্রায়ের প্রবাদ সক্ষাদ্য বাস করিতেন। ঐ ব্রাহ্মণ সর্বাদা হইয়া-ছিলেন। একদা কতগুলি লোক দহ্যভয়ে ভীত হইয়া বনমধ্যে প্রবেশ করিলে দহ্যারাও ক্রোধভরে যত্মহক্তারে সেই বনে তাহাদিগকে অন্থেষণ করত সেই সত্যবাদী কৌশিকের সমীপে সমুপন্থিত হইয়া কহিল, হে ভগবন্! কতগুলি ব্যক্তি এই দিকে আগমন করিয়াছিল, তাহারা কোন্পথে গমন করিয়াছে, যদি আপনি অবগত থাকেন, তাহা হইলে সত্য করিয়া বলুন। কৌশিক দহ্যাণ কর্ত্তুল লোক এই বৃক্ষ, লতা ও গুলাপরিবেন্তিত অটবীমধ্যে গমন করিয়াছে। তথন সেই ক্রুরকর্মা দহ্যাণ তাহাদের অনুসন্ধান পাইয়া তাহাদিগকে আক্রমণ ও বিনাশ করিল। সূক্ষমধর্ম্মানভিজ্ঞ সত্যবাদী কৌশিকও সেই সত্য বাক্য জনিত পাপে লিপ্ত হইয়া ঘোর নরকে নিপতিত হইলেন।

্তে ধনঞ্জয়! ধর্শনির্পয়ানভিজ্ঞ অল্লবিদ্য ব্যক্তি জ্ঞানর্দ্ধদিগের নিকট
সন্দেহ ভঞ্জন না করিয়া ঘোরতর নরকে নিপতিত হয়। ধর্ম ও অধরের
তত্ত্ব নির্পয়ের বিশেষ লক্ষণ নিদ্দিষ্ট আছে। কোন,কোন হুলে, অসুমান
দারাও নিতান্ত তুর্বেবাধ ধর্মের নির্পয় করিতে হয়। অনেকে প্রুভতিরে ধর্মের
প্রমাণ বিলয়া নির্দেশ করেন। আমি তাহাতে দোষারোপ করি না; কিন্ত
প্রশাভতে সমুদার ধর্মাতত্ত্ব নিন্দিষ্ট নাই এই নিমিত্ত অসুমান দারা অর্নেক
স্থান ধর্মা নিন্দিষ্ট করিতে হয়। প্রাণিগণের উৎপত্তি নিমিত্তই ধর্ম্ম নির্দেশ

করা হইয়াছে। অহিংসাযুক্ত কার্য্য করিলেই ধর্মানুষ্ঠান করা হয়। হিংঅ-দিগের হিংসা নিবারণার্থেই ধর্ম্মের সৃষ্টি হইয়াছে। উহা প্রাণিগণকে ধারণ (রকা) করে বলিয়া ধর্মনামে নির্দ্ধিউ হইতেছে। অতএব যদ্ধারা প্রাণিগণের রকা হয়, তাহাই ধর্ম। যাহারা অন্যের সম্ভোষ উৎপাদনই ধর্ম, ইহা স্থির করিয়া অন্যায় সহকারে প্রদারাপহরণাদি কার্য্যে প্রবৃত্ত হয়, তাহাদের সহিত আলাপ করাও কর্ত্তব্য নহে। যদি কেছ কাছারে বিনাশ করিবার মানদে কাহার নিকট ভাহা অনুসন্ধান করে, তাহা হইলে জিজ্ঞাদিত ব্যক্তির মৌনাব-লম্বন করা উচিত। যদি এক্স্তেই কথা কহিতে হয়, তাহা হইলে সে স্থলে মিখ্যা বাক্য প্রয়োগ করাই কর্ত্তব্য। প্ররূপ হলে মিখ্যাও সত্য স্বরূপ হয়। যে ব্যক্তি কোন কার্য্য করিবার মানসে ত্রত অবলম্বন করিয়া তাহা সেই কার্য্যে পরিণত না করে, দে কখনই তাহার ফল লাভে সমর্থ হয় না। প্রাণিবিনাশ, বিবাহ, সমস্ত জ্ঞাতি নিধন এবং উপহাস, এই কয়েক স্থলে মিধ্যা কহিলেও छेश (मार्यावर रहा ना । धर्माक्यमभौता । छेशांक व्यथ्या निर्द्धन करतन ना । य ম্বলে মিথ্যা শপ্রথ দারাও চৌরদংদর্গ হইতে মুক্তিলাভ হয়, দে মুলে মিথ্যা বাক্য প্রয়োগ করাই শ্রেয়ঃ। সে মিধ্যা নিশ্চয়ই সত্য স্বরূপ হয়। সমর্থ হইলেও চৌরাদিরে ধন দান করা কদাপি বিধেয় নহে। পাপাস্থাদিগকে ধন দান করিলে অধর্মাচরণ নিবন্ধন দাতারেও নিতান্ত নিপীড়িত হইতে হয়। হে গর্জ্ন! আমি তোমার হিতার্থ শাস্ত্র ও ধর্মাতুদারে আপনার বৃদ্ধিদাধ্যাতুরূপ ধর্মলক্ষণ কীর্ত্তন করিলাম। ধর্মার্থে মিথ্য। কহিলেও যে অনুত নিবন্ধন পাপ-ভাগী হইতে হয় না, তাহার আর সন্দেহ নাই। একণে ধর্মরাজ তোমার বধার্হ কি না, তাহা বিবেচনা করিয়া বল।

অর্জ্বন কহিলেন,—হে বাস্থাদেব ! তুমি অসাধারণ ধীশক্তিদঁপার ; তুমি
আঁমাদের হিতার্থে যাহা কহিলে, তাহা নিশ্চয়ই সত্য । তুমি আমাদের পিতা
মাতার সদৃশ এবং তুমিই আমাদের গতি ও আগ্রয় । এই ত্রিলোক মধ্যে
তোমার অবিদিত কিছুই নাই, অতএব সত্যধর্ম যে তোমার বিশেষ বিদিত
আছে, ইহা আশ্চর্যের বিষয় নহে । ধর্মরাজ যে আমার অবধ্য, তাহা আমার
বোধগম্য হইয়াছে । এক্ষণে তুমি আমার মনোগত অভিপ্রায় শ্রবণ করিয়া
অমুগ্রহপূর্বক ভাহার উপায় নির্দেশ কর । হে কৃষ্ণ । যদি কোন সমুষ্য

আমারে কহে যে, হে পার্থ ! তুমি তোমা অপেকা সমধিক অন্তর্বন ও ভূজবীর্য্য সম্পন্ন ব্যক্তিকে এই গাণ্ডীব প্রদান কর, তাহা হইলে আমি তৎক্ষণাৎ তাহারে সংহার করিব। আমারে এই ব্রত তোমার অবিদিত নাই। মহাক্সা ভীমসেনেরও এই প্রতিজ্ঞা যে, যদি কেহ তাঁহারে তুবরক বলে, তাহা হইলে তিনি তাহারে বিনাশ করিবেন। এক্ষণে ধর্মরাজ্ঞ তোমার সমকেই আমারে বারংবার অন্যকে গাণ্ডীব প্রদান করিতে কহিলেন। এক্ষণে আমি যদি ইহারে সংহার করি, তাহা হইলে ক্ষণকালও এই জীবলোকে অবস্থান করিতে সমর্থ হইব না। হে কেশব! আমি বিমোহিত হইয়া ধর্মরাজের বধ চিন্তা করিয়াও পাপাসক হইয়াছি, সন্দেহ নাই। এক্ষণে যাহাতে আমার প্রতিজ্ঞা যিপ্যা না হয় এবং আমার ও ধর্মরাজের জীবন রক্ষা হয়, তাহার উপায় অবধারণ কর।

বাহ্নদেব কহিলেন,—হে সখে.! ধর্ম্মাজ সূতপুজের নিরন্তর নিকিপ্ত শরনিকরে সাতিশয় তাড়িত ও কতবিকত কলেবর হইয়া একান্ত পরিশ্রান্ত ও তুঃখিত হইয়াছেন, এই নিমিত্তই ইনি রোষভরে তোমার প্রতি এইরূপ অসকত বাক্য প্রয়োগ করিলেন। ভূমি উঁহার বাক্যে কুপিত হইয়া কর্ণকে বিনাশ করিবে, এই-উঁহার অভিপ্রায়। পাপাত্মা সূতপুত্র একান্ত দুর্দ্ধর্য; আজি কৌরব-গণ তাহারে পণস্বরূপ করিয়া যুদ্ধরূপ দূতেক্রীড়ায় প্রবৃত্ত হইয়াছে; স্থতরাং এক্ষণে দেই তুর্দ্ধর্য কর্ণের বিনাশ সাধন করিতে পারিলেই কৌরবেরা অক্লেশে পরাজিত হইবে। মহাত্মা ধর্মনন্দন এই বিবেচনা করিয়াই কটু বাক্য দ্বারা ভোমারে কোপিত করিয়াছেন। এই নিমিত্ত ইংগরে বিনাশ করা তোমার উচিত নহে; কিন্তু প্রতিজ্ঞা প্রতিপালন করাও তোমার সতি কর্ত্তব্য। অতএব 🕺 একণে ইনি জীবন দত্ত্বেও যাহাতে মুত বলিয়া নির্দ্দিন্ট হইতে পারেন, এইরূপ এক উপায় কহিতেছি, প্রাবণ কর। হে পার্থ! এই জাবলোকে মাননীয় ব্যক্তি যতদিন সম্মান লাভ করেন, তভদিন ভিনি জীবিত বুলিয়া নির্দিষ্ট হইতে পারেন। তিনি অপমানিত হইলেই তাঁহারে জীবন্মৃত বলিয়া নির্দেশ কর। যায়। দেখ, বৃদ্ধবৰ্গ ও অন্যান্য বীরগণ ভুগি, ভীম, নকুল ও দহদেব ভোমরা সকলেই ধর্মরাজকে সম্মান করিয়া থাক, আজি তুমি তাঁহারে অপুমাত্র অগ-মানিত কর। হে অর্জ্বন। গুরুরে "ভূমি" বলিয়। নির্দেশ করিলেই ভাঁহারে কা

করা হয়, অতএব তুমি পূজাতম ধর্মরাজকে 'তুমি' বলিয়া নির্দেশ কর। একংশে আমি ঘে প্রকার কহিলাম, অথবি বেদে এইরূপ নির্দিষ্ট আছে এবং মহর্ষি অঙ্গরাও এইরূপই কহিয়া গিয়াছেন। 'ফলত গুরুলোককে 'তুমি' বলিয়া নির্দেশ করিলে' তাঁহারে এক প্রকার বধ করা হয়; অতএব মঙ্গল লাভার্যী ব্যক্তি অবিচারিতিতি আবশ্যক সময়ে ইহার অনুষ্ঠান করিবে। হে ধনঞ্জয়! একণে তুমি আমার বাক্যান্স্নারে ধর্মনন্দনহক 'তুমি' বলিয়া নির্দেশ কর, তাহা হইলেই ইনি অপমানিত হইয়া আপনারে তোমার হস্তে নিহত জ্ঞান করিবেন। তৎপরে তুমি ইহার চরণে প্রণত হইয়া সাজ্বনা করিবে। তুমি এই-রূপ করিলে এই ধর্মরাজ ধর্মার্থ পর্য্যালোচনা করিয়া কথনই রোষাবিষ্ট হই-বেন না। অত এব তুমি একণে এইরূপে স্বীয় সত্য প্রতিপালন ও ভাতার প্রাণ রক্ষা করিয়া সূতপুত্রকে বিনাশ কর।

#### একসপ্ততিত্য অধ্যায়।

হে মহারাজ ! অর্জ্বন বাহ্নদেব কর্তৃক এইরূপ অভিহিত হইয়া তাঁহার বাক্যের প্রশংসা করত পর্ক্ষ বাক্যে ধর্মরাজকে কহিতে লাগিলেন, তে রাজন্! তুমি রণস্থল হইতে একজোশ অন্তবে স্বস্থান করিতেছ ; স্তত্ত্রব আমারে তিরকার করা তোমার কর্ত্তব্য নহে। মহাবল পরাক্রান্ত শক্রসুদন ভীমদেন কৌরব পক্ষীয় বীরগণের সহিত যুদ্ধ করিতেছেন, তিনিই আমারে তিরক্ষার করিতে পারেন। ঐ মহাবীর অসংখ্য রথী, হস্ত্যারোহী ও অশ্বারোহী মহীপালগণকে নিপীড়িত ও নিপাতিত করিয়া মুগনিহন্তা দিংহের ভায় বহু সহত্র কুঞ্জর এবং অযুত কামোজ ও পার্নিতীয়কে সংহারপূর্বক তোমার ম্পাধ্য **অতি চুক্তর** কার্য্য সম্পাদন করত সিংহনাদ পরিত্যাগ করিতেছেন। উনি ইস্ত্রের কুর্বেরের ক্রায় প্রতাপশালা। ঐ মহাবার রথ হইতে অবতীর্ণ হ<sup>ছ</sup>য়া গদা ও খড়েগর আঘাতে চ্হুরঙ্গিণী দেনা নিপাতিত করিয়া হস্ত প্দের আঘাতে স্কুসংখ্য অরাতির প্রাণ সংহার করিতেছেন এবং রথে আরোহণ-পূর্বক শরাসন নিমুক্তি শরনিকরে শক্তগণকে সহস্৷ দগ্ধ করিতে প্রবৃত্ত ইইয়াছেন। ঐ মহাবীর একাকী তুর্ব্যোধনের চতুরঙ্গ বল প্রমথিত कরত নীলী মেখ সদৃশ কলিঙ্গ, বঙ্গ, অঙ্গ, নিষাদ, মাগধ ও অন্যান্য শত্রুগণের প্রাণ সংহার अविः यथामग्रद्ध तरथ ञारताङ्ग्यूर्वक जल्मवातावधी जलरनत न्याय भत्र वर्षन

করিতৈছেন। অদ্য তাঁহার নিশিত শরে অফ্ট শত গজ নিপাতিত হইয়াছে। অত এব সেই বীরই আমারে তিরস্কার করিতে পারেন। কিন্তু তুমি সতত স্থ্যদাণ কর্ত্ত রক্ষিত হইয়া থাক ্রী প্রতরাং আমার নিন্দা করা তোঁমার কদাচ কর্ত্তব্য নহে। হে রাজন্! পণ্ডিতেরা দ্বিজগণের বাক্যবল ও ক্ষত্রিয়গণের বান্ত্ বল নির্দ্দিষ্ট করিয়াছেন। তুমি ক্ষত্রিয় হইয়াও বাক্য প্রকাশ করত নিতান্ত নিষ্ঠুরের ভাষ আমারে বলহীন কহিতেছ। সত্যসন্ধ পিতামহ 'তোমার প্রিয়-কামনায় স্বয়ং আপনার মৃত্যুর উপায় নির্দেশ করাতে ত্রুপদনন্দন মহাবীর শিথগু সেই মহাত্মারে নিপাতিত করিয়াছেন। শিখগু ভীত্মের সহিত সংগ্রামে প্রবৃত হুইলে আমিই তাঁহারে রক্ষা করিয়াছিলাম : নচেৎ ক্রুপদত্তনয় কদাপি পিতামহকে সংহার করিতে পারিতেন না। ফলত আমি স্ত্রী, পুত্র, শরীর ও জীবন পর্য্যন্ত পণ করিয়া তোমার হিতার্থে যত্নবান্ রহিয়াছি, তথাপি তুমি আমারে বাক্যবাণে নিপীড়িত করিতেছ ? আমি তোমার নিমিত্ত মহার্থগণকে নিহত করিতেছি, কিন্তু তুমি নিঃশঙ্কচিত্তে দ্রৌপদীর শয্যায় শয়ন করিয়া আমার' অবমাননায় প্রব্রত হইয়াছ। ভূমি নিতান্ত নিষ্ঠুর। তোমার নিকট থাকিয়া কোন মতেই স্থী হইতে পারি না। হে রাজন্! তুমি **অক্**ক্রীড়ায় আসক্ত হইয়া স্বয়ং অসাধুব্যবহৃত ঘোরতর অধন্মানুষ্ঠান করিয়া এক্ষণে আমাদিগের প্রভাবে অরাতিগণকে পরাজয় করিতে অভিলাষ করিতেছ। অতএব আমি তোমার রাজ্যলাভে সম্ভুষ্ট নহি। সহদেব স্বক্ষক্রীড়াতে বহুতর দোষ ও অধর্ম কীর্ত্তন করিয়াছিল। তথাপি ভূমি তাহা পরিত্যাগ কর নাই; দেই নিমিত্তই আমরা এই পাপগ্রস্থ হইয়াছি। তুমি দ্যুতক্রীড়ায় মত্ত হইয়া স্বয়ং তুঃখোৎ-পাদনপূর্বক অদ্য আমার প্রতি নিষ্ঠুর বাক্য প্রয়োগ করিতেছ; অতএব জানিলাম তোমা হইতে অমাদিগের কিছুমাত্র স্থ লাভের প্রত্যাশা নাই। তোমার অপরাধেই শত্রুপক্ষায় দৈনিকগণ অমাদিগের শরে নিহত হইয়া চীক্ষ কার করত ছিন্নগাত্রে ভূমিতলে পতিত হইতেছে। তোমা হইতেই কৌরব-গণের বিনাশ উপস্থিত হট্য়াছে; তোমার দোষেই উদীচ্য, প্রাচ্য, প্রতীচ্য ও দাক্ষিণাত্যগণ নিহত হইয়াছে এবং উভয় পক্ষীয় যোধগণ. সমরে অন্তত কার্য্য সম্পাদন করিয়া পরস্পারকে সংহার করিতেছে। হে রাজর্ব : তুমি দ্যুতক্রাড়ায় প্রবৃত্ত হইয়াছিলে; তোমার নিমিত্তই আমাদের রাজ্যনাশ

ও যাহার পর নাই ছঃখ উপস্থিত হইয়াছে; অতএব তুমি পুনরায় ক্রুর বাক্য দ্বারা অমারে ব্যথিত করিও না।

হে কুরুরাজ ! ধর্মভারু স্থিরপ্রজ্ঞ 'স্ব্যুসাচী ধর্মরাজ্বকে এইরূপ পরুষ বাক্য শ্রেবণ করাইয়া অল্পমাত্র পাপের অনুষ্ঠানপূর্বক নিতান্ত বিমনা হইয়া অসুতাপ করিতে লাগিলেন এবং অবিলম্বেই দার্ঘ নিশ্বাস পরিত্যাগ করত কোষ<sup>°</sup> ইইতে অসি নিষ্কাশন করিলেন। তথন বাস্থদেব কহিলেন, হে অৰ্জ্জ্বন ! \*কুমি কি নিমিত্ত পুনরায় এই আকাশ সদৃশ শ্রামল অসি নিষ্কা-দিত করিলে ? তুমি অবিলম্বে ভোমার 'অভিপ্রায় প্রকাশ কর, আমি তোমার প্রয়োজন সিদ্ধির দহজ উপায় উদ্ভাবন করিতেছি। মহাবার ধনঞ্জয় বাহ্নদেব কর্ত্ত্বত এইরূপ অভিহিত হুইয়া তাঁহারে কহিলেন, ছে ক্বঞ্চ ! আমি জ্যেষ্ঠ ভ্রাতার অবমানন। করিয়া নিতান্ত গহিত কার্য্যের অমুষ্ঠান করিয়াছি; অতএব এঞ্চণে আত্মবিনাশ করিব। তথন পরম ধার্ম্মিক বাস্থদেব অর্জ্রনের বাক্য প্রাবন করিয়া কহিলেন, হে পার্থ! তুমি রাজারে এই রূপ ছুর্কাক্য কহিয়া আপনারে মহাপাপে লিপ্ত জ্ঞান করত আত্মবিনাশে উদ্যত হইয়াছ; কিন্তু আত্মহত্যা সাধুজনের সর্বতোভাবে নিন্দনীয়। দেখ, যদি আজি তুমি খড়গাঘাতে ধর্মাত্মা জ্যেষ্ঠ ভ্রাতারে বিনাশ করিতে, তাহা হইলে তোমার ধর্মভারতা কোথায় রহিত এবং তুমি পরিশেষেই বা কি করিতে? দূক্ষা ধর্মা অতিশয় চুরবগাহ। অজ্ঞ ব্যক্তি উহ। কথনই সহস। বুঝিতে পারে না। হে অর্জুন! তুমি আত্মঘাতী ২ইলে ভাতৃবধ অপেকা ঘোরতর নরকে নিপতিত হইবে। অতএব এক্ষণে স্বয়ং আপনার গুণ কার্ত্তন কর; তাহাঁ হইলে তোমার আত্মবিনাশ করা হইবে।

হে মহারাজ! তখন মহাত্মা ধনঞ্জয় বাস্তদেবের বাকেট অনুসোদন করিয়া
শীরাসন অবনত করত ধর্মরাজকে কহিলেন, হে রাজন্! পিণাকপাণি মহাদেব
ভিম আম্বর তুল্য ধনুর্দ্ধর আর কেহই নাই। আমি তাঁহার অনুস্হীত ও
মহাত্মা। আমি কণকাল মধ্যে এই স্থাবর জঙ্গমাত্মক জগৎ নক্ট করিতে
পারি। আমিই ভূপতিগণের সহিত সমুদার পৃথিবী জয় করিয়া আপনার
বিশান্ত করিয়াছি। আমার পরাক্রমেই আপনার দিব্য সভা নির্দ্ধিত ও সমাপ্তদক্ষিণ রাজসুদ্ধ যক্ত স্থাপশা ইইয়াছিল। আমার করে নিশিত শ্রানকর ও

জ্যাযুক্ত দশর শরাদন এবং পদন্বয়ে রথ ও ধবজের চিহ্ন বর্ত্তমান রহিয়াছে; মাদৃশ থ্যক্তিরে দমরে পবাজিত কর। কাহারও দাধ্য নহে। আমি কৌরব-পক্ষীয় উদীচ্য, প্রতাচা, প্রাচ্য ও দাক্ষিণাত্যগণকে নিপাতিত করিয়াছি। দংশপ্তকগণের কিঞ্চিল্মাত্র অর্থশিষ্ট রহিয়াছে; বস্তুত আমি কৌরবপক্ষের অর্দ্ধাংশ দৈন্য ধবংদ করিয়াছি। দেবদেনা দদৃশ বিক্রম দম্পন্ন কৌরব দৈন্যগণ আমান শবে নিহত হহয়া দমর শয়ায় শয়ন করিয়াছে। আমি অস্ত্রজ্ঞান করিছে না। এক্ষণে ক্ষেও ও আমে গামরা উভ্যে জয়শীল ভীষণ রথে আরেয়িণ কারয়, কর্ণ বিনাশার্থ গমন করিতেছি। আপনি স্থান্থর হউন। আমি অবশ্যই শর্পনকনে কর্ণকৈ নিপাতিত করিব। অন্য হয় কর্ণের মাতা প্রভান। হইবে, না হয় খামার মৃত্যু নিবন্ধন জননা কুন্তী নিতান্ত বিষ্ণা হইবেন। হে ধশ্মরাজ গ্লাম প্রতিজ্ঞা করিতোছে যে, অন্য কর্ণকে নিপাতিত না করিয়া কদাচ করচ প্রত্যাগ কনিব না।

হে কুরুরাজ! মহাত্মা অর্জ্জ্ন ধর্মবাজ যুধিষ্ঠিরকে এইরপ কহিয়া শরাদন ও শস্ত্র পরিভ্যাগ এবং অদি কোষ মধ্যে সংস্থাপনপূর্বক লজ্জায় অধ্যেয়খ হইয়া কুতাঞ্জলিপ্টে কহিলেন, হে মহারাজ! আমি আপনারে নম-ক্ষার করিভোচ। গাপান প্রদান হইবা আমাবে ক্ষমা করুন। আমি কি 'নমিত্ত আপনারে এরপ কাহলাম, ভাহা আপান পারণামে ব্যুক্তে পারিবেন। হে মহারাজ! সূভগুজ্ঞ আমার সহিত সংগ্রামার্থে আগমন করিতেছে। আমি অচিরাৎ ভাহারে সংহার করিব। আমি কেবল আপনার হিত সাধনার্থে জীবন্ধারণ করিয়াছি। এক্ষণে ভীমদেনকে সমর হইতে মুক্ত ও সূভপুজ্ঞকে বিনষ্ট করিতে চাল্লাম। মহাত্মা ধনঞ্জয় এই রূপে জ্যেষ্ঠ জাতার পাদ বন্দনানন্তর সমরে গমন করিবার মানদে সমুখ্যেত হইলেন।

হে কুরুরাজ। ঐ সময় ধর্মরাজ যুখিন্ঠির ভ্রাতার পূর্বেবাক্ত পরুষবাবের নিতাস্ত অবমানত হইয়া শাষ্যা হইতে গাত্রোত্থানপূর্বক হুঃথিত চিত্তে কহিলেন, হে অর্জ্জুন। আম অতি অসৎ কার্য্য করিয়াছিলাম, তাহাতেই তোমরা।বষম হুঃথে পাতত হইয়াছ। আমি নিতাস্ত ব্যসনাসক্ত, মুঢ়, অর্লস, ভীক ও পক্ষ, আমা হইতেই আমাদের কুল বিস্ফু হইল। অতঞ্জক তুমি অচিরাৎ আমার মস্তক ছেদন কর। কি স্থপে আর আমার অধীন থাকিবে। অথবা আমি অচিরাৎ বনে গমন করিতেছি ; তুমি স্থী হও। মহাত্মা ভীম-দেন রাজ্য লাভের উপযুক্ত। আমি অকর্মণ্য, আমার্ রাজকার্য্যে প্রয়োজন কি ! আমি আর তোমার পরুষ বাক্য সহু করিতে পারিব না। এক্ষণে ভীম-দেনই রাজা হউক। অপমানিত হইয়া আমার জীবন ধারণে প্রয়োজন নাই। ধর্মরাজ এই বলিয়া সহসা গাজোত্মানপূর্বক বন গমনে উদ্যত হইলেন।

তথন নহামতী বাহ্বদেব ধর্মরাজকে প্রণতি পুরঃদর কহিলেন, হে মহারাজ ! সত্যসদ্ধ গাণ্ডবিধয়া গাণ্ডীব বিয়য়ে যে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহ। ত আপনার অবিদিত নাই। যে ব্যক্তি উঁহারে অত্যের হস্তে গাণ্ডীব প্রদান করিতে কহিবে, উনি তাহারে বিনাশ করিবেন। আপনি ধনঞ্জয়কে অত্যের হস্তে গাণ্ডীব সমর্পন করিতে কহিয়াছেন, সেই নিমিত্তই উনি স্বীয় প্রতিজ্ঞা প্রতিপালনার্থে আমার প্রবর্তনায় আপনার অপমান করিয়াছেন। গুরুলোকের অপমানই মৃত্যু স্বরূপ। হে মহারাজ! এক্ষণে আমরা উভয়ে আপনার শরণাপন্ন হইলাম। অর্জ্জনের প্রতিজ্ঞা রক্ষার্থে আমরা যে অপরাধ করিয়াছি, তাহা ক্ষমা করেন। আমি আপনার নিকট প্রতিজ্ঞা করিতেছি যে, অদ্য পৃথিবী কর্পের শোণিত পান করিবে। এক্ষণে আপনি সূতপুক্রকে নিহত বোধ করুন।

ধর্মরাজ যুধিষ্ঠির বাস্তদেবের এই বাক্য প্রাবণে সসন্ত্রমে তাঁহারে উত্থাপিত করিয়া ক্বতাঞ্চলিপুটে কহিলেন,—হে ক্ষণ্ড! তুমি যহা কহিলে, সকলই যুথার্থ। আমি অর্জ্জনকে অন্যের হস্তে গাণ্ডীব প্রদান করিতে বালয়া নিতান্ত কুকর্মা করিয়াছি। একণে তোমার বাক্যে প্রবাধিত হইলাম। অন্য তুমি আমা-দিগকে ঘোরতর বিপদ্ হইতে মুক্ত করিলে। আজি অর্জ্জ্ম ও আমি আমরা উভয়েই অজ্ঞান প্রভাবে মোহিত হইয়াছিলাম। একণে তোমার প্রভাবে এই ভীষণ বিপদ্ সাগর হইতে উত্তীর্ণ হইলাম। তোমার বুদ্ধি প্রবন্ধরূপ হইয়া আমাদিগকে অমাত্য ও বন্ধুবান্ধবগণের সহিত্র ভূঃখ শোকার্ণব হইতে উদ্ধার করিল।

#### দ্বিসপ্ততিতম অধ্যায়।

হে মহারাজ। ধর্ম্মপরায়ণ বাস্তদেব ধর্মরাজের প্রীভিযুক্ত বাক্য শ্রাবণ করিয়া তাঁহারে প্রদন্ন করিতে ধনঞ্জয়কে অনুরোধ করিলেন এবং মহাত্রা অর্জ্বেকে জ্যেষ্ঠ ভাতার প্রতি পরুষ বাক্য প্রয়োগ নিবন্ধন নিতান্ত বিষণ্ণ দেখিয়া কহিলেন, হে পার্থ! যদি তুমি তীক্ষণার থড়গ দ্বারা ধর্মান্তা। যুধিষ্ঠিরকে বিনাশ করিতে, তাহা হইলে ডোমার কি শ্রব্য হইত, তুমি রাজারে ছর্বাক্য বলিয়া এইরপ ছর্মানায়মান হইয়াছ, হার তাঁহারে বিনাশ করিলে না জানি কি করিতে! যথার্থ ধর্ম স্বভাবতই নিতান্ত ছর্ব্বাধা। বিশেষত অজ্ঞানেরা উহা কথনই সহজে বুবাতে পারে না। তুমি ধর্মাভ্রে জ্যেষ্ঠ ভাতার প্রাণ সংহার করিলে নিশ্চয়ই ঘোর নরকে নিগতিত হইতে। থাহা হউক, এক্ষণে আমার বাক্যানুসারে পরম প্রার্মিক ধর্মারাজ্ঞকে প্রসন্ধ কর। যুধিষ্ঠির প্রীত হইলে আমরা উভয়ে সত্বরে কর্ণের শতিত্ব করিয়া ধর্মারাজ্ঞের বিপুল প্রীতি সম্পাদন করিবে। এক্ষণে জ্যেষ্ঠ ভাতারে প্রসন্ধ করিয়া সংগ্রামক্ষেত্রে গমন করিবার উপযুক্ত সময় উপস্থিত হইয়াছে। অতএব উহা করিলেই তোমার কার্য্য দিদ্ধি হইবে।

হে মহারাজ ! মহাবীর অর্জ্জন বাস্থদেবের বাক্য প্রাবণ করিয়া লজ্জিত ভাবে ধর্মারাজের চরণে নিপতিত হইয়া বারংবার কহিলেন, হে মহারাজ ! আমি ধর্মারক্ষার্থে আপনারে যে সমস্ত তুর্ব্বাক্য কহিয়াছি, আপনি প্রসন্ধ হইয়া তৎসমুদায় ক্ষমা করুন। তথন ধর্মারাজ ধনপ্রয়েরে পদতলে নিপতিত ও রোরুদ্যমান অবলোকন করিয়া তাহারে উত্থাপনপূর্বক আলিঙ্গন করত সম্মেহ নয়নে রোদন করিতে লাগিলেন। এইরূপে সেই আতৃহয় বহুক্ষণ রোদন করিয়া পরিশেষে পরম প্রীতিযুক্ত হইলেন। অনন্তর রাজা মুধিষ্ঠির প্রীতমনে মর্জ্জনের মন্তকান্তাণ ও তাহারে আলিঙ্গন করত কহিলেন, হে অর্জ্জন ! কর্ন সংগ্রাম নিপুণ সমুদায় সৈন্যের সমক্ষে শর্মাছে। আমি তাহার ক্ষেদ্র, শরাসন, শক্তি, অর্থ ও শরনিকর ছেদন করিয়াছে। আমি তাহার প্রভাব জানিয়া ও কার্য্য দেখিয়া বিষাদে নিতান্ত অবসন্ধ হইতেছি। আমার জীবনে আর আন্থা নাই। যদি তুমি অদ্য তাহারে নিপাতিত করিতে না পার, ৩০ন নিশ্চমই প্রাণ পরিত্যাগ করিব।

মহাত্মা ধনপ্পয় ধর্মরাজ কর্তৃক এইরূপ অভিহিত হইয়া কহিলেন, হে গ মহারাজ! আমি সত্য, মহাশয়ের স্বাস্থ্য, ভীমদেন, নকুল ও সহদেবের - শপথ করিয়া কহিতেছি যে, অদ্য হয় সমরে কর্ণকে নিপাতিত করিব, নচেং স্বয়ং তাহার হস্তে নিহত হইয়া মহীতলে নিপতিত হইব। একণে এই প্রতিজ্ঞা করিয়া অন্ত্র গ্রহণ করিলাম। মহাবীর ধনঞ্জয় যুধিষ্ঠিরকে এইরূপ কহিয়া বাস্থদৈবকে কহিলেন, হে কৃষ্ণ ! অদ্য তোমার বুদ্ধিবলে নিশ্চয়ই স্তপুত্রকে সংহার করিব। বাস্থদেব অর্জ্জুনের বাক্য শ্রেবণ করিয়া কহিলেন, হে পার্থ ! তুমি মহাবল কর্ণকে বিনাশ করিবার উপযুক্ত পাত্র। তুমি পরাক্রান্ত সূত্রপুত্রকে নিহত করিবে। ইহা আমি সতত অভিলাধ করিয়া থাকি। অনন্তর মহামতি বাস্থদেব পুনরায় ধর্মনন্দনকে কহিলেন, হে মহারাক্র ! আপনি অর্জ্জুনকে সান্ত্রনা করিয়া তুরাক্ম। কর্ণের বিনাশে অনুজ্ঞা করুন। আমরা আপনারে কর্ণশরনিপীড়িত শ্রেবণ করিয়া আপনার বৃত্তান্ত অবগত হইবার নিমিত্ত গ্রেখানে আগমন করিয়াছি। ভাগ্যক্রমে আজি আপনি নিহত বা ধ্রত হন নাই। এক্ষণে অর্জ্জুনকে সান্ত্রনা করিয়া বিজয় লাভার্থে আশার্কাদ করুন।

তথন যুধিষ্ঠির অর্জ্জুনকে সম্বোধনপূর্ন্সক কহিলেন,—হে ধনপ্পয়! তুমি আমারে অবশ্য কর্ত্তব্য হিতকর কথা কহিয়াছ, অতএব উহা পরুষ হইলে আমি ্রজন্য অনুজ্ঞা করিতেছি, তুমি কর্ণকে জয় কর। আমি ভোমার প্রতি তুর্বাক্য প্রয়োগ করিয়াছি বলিয়া ক্রুদ্ধ হইও না। হে মহারাজ ! মহাত্মা ধনঞ্জয় জ্যেষ্ঠ আতার বাক্য শ্রেবণানস্তর প্রণত হইণা তাঁহার চরণ ধারণ করিলেন। তখন ধর্মরাজ অর্জ্জুনকে উত্তোলন ও আলিঙ্গন করিয়া মস্তকাস্ত্রাণ-পূর্ব্বক পুনর্বার কহিলেন, ভাত ! তুমি আমারে বিশেষ রূপে দম্মানিত করি-য়াছ, অতএব আশীর্বাদ করিতেছি, অচিরাৎ জয় ও মাহাত্ম্য লাভ কর। অর্জুন কহিলেন, হে মহারাজ! অদ্য শর্নিকরে বলগর্বিত পাপাত্মা কর্ণকে শ্মন-সদনে প্রেরণ করিব**া তুরাজা সূতপুজ্ঞ শরাসন আনত করিয়া শরজালে আপ**-শনারে যে নিপীড়িত করিয়াছে, অবিলম্বে তাহার প্রতিফল প্রাপ্ত হইবে। একণে এই প্রতিজ্ঞা করিতেছি যে, কর্ণকে নিপাতিত করিয়া খোর সংগ্রামস্থল হইতে প্রত্যাগমনপূর্বক আপনারে দর্শন ও আপনার সম্মান করিব। হে মহারাজ। আমি আপনার পদ স্পর্শ করিয়া দত্য করিতেছি যে, মদ্য দূতপুজকে দংছীর মা করিয়া কদাচ সংগ্রামস্থল হইতে প্রত্যাগত হইব না। তথন মহাত্মা ধর্মারাজ " অর্জুনের রাক্য প্রবণ করিয়। কহিলেন, হে ধনঞ্জয় ! তোমার শোকক্ষয়, অরাতি

বিনাশ, আয়ুর্দ্ধি ও জয় লাভ ছউক। দেবগণ ভোমার মঙ্গল র্দ্ধি করুন এবং ভোমার নিমিত্ত যাহা ইচ্ছা করি, তুমি তৎসমুদায় লাভ কর। একণে পুরন্দর যেমন পূর্বে আপনার র্দ্ধির নিমিত স্ত্রাহ্ণরের প্রতি গমন করিয়াছিলেন, তদ্ধেশ, তুমিও সূতপুত্রের প্রতি ধাবমান ছও।

### ত্রিসপ্ততিত্য অধ্যায়।

হে মহারাজ ! মহাবার ধনঞ্জয় এইরূপে প্রাহৃষ্ট মনে ধর্মরাজ্ঞাকে প্রশন্ধ করিয়া সূতপুজের বধাভিলাষে বাস্তদেবকে কহিলেন, সথে ! ,তুমি. পুনরায় আমার রথ স্পাক্জিত এবং উহাতে অশ্ব সকল সংযোজিত ও সমুদায় অস্ত্র শস্ত্র সন্ধিবেশিত কর । স্থাশিক্ষিত অশ্ব সকল প্রমাপনোদনের নিমিত্ত ভূপৃষ্ঠে বারং – বার বিলুষ্ঠিত হইয়াছে । এক্ষণে উহাদিগকে স্প্রমজ্জিত করিয়া শীস্ত্র আনম্ন কর এবং সূতপুজ্ঞাকে সংহাব করিবার নিমিত্ত অবিলম্বে আমারে রণস্থলে লইয়া চল ।

মহাত্মা ধনঞ্জয় এইরপ কহিলে মহামতি থাস্থদেব স্বীয় সারথি দারুককে আহ্বানপূর্বক তাঁহারে অর্জ্জুনের বাক্য অবিকল বলিয়া অবিলম্বে রথানয়নে আদেশ করিলেন। দারুক বাস্থদেবের আদেশ প্রাপ্ত হইবামাত্র তৎক্ষণাৎ রথে অর্থ সংযোজনপূর্বক মহাত্মা অর্জ্জুনকে সংবাদ প্রদান করিলেন। তথন মহাবীর ধনঞ্জয় রথ সংযোজিত হইয়াছে দে নিয়া ধর্মারাজকে আমন্ত্রণপূর্বক উহাতে আরোহণ করিলেন। ব্রাহ্মণগণ তাঁহার প্রস্তিবাচন ও রাজা যুথিন্তির তাঁহারে আশীর্বাদ করিতে লাগিলেন।

অনস্তর মহাবীর ধনঞ্জয় সূতপুত্তের রথাভিমুখে গমন করিতে আরস্ত করিলেন। সকলে তাঁহারে মহাবেগে ধাবদান দেখিয়া সূতপুত্তকে নিহত বলিয়া বোণ করিল। ঐ সময় সমুদায় দিক্বিদিক্ নির্মান হইল। চাস, শতপত্ত ও ক্রেণিঞ্চপক্ষিগণ অর্জ্ন্ত্র্ক প্রদক্ষিণ করিতে লাগিল। পুংনামক মঙ্গলজনক বিহঙ্গণ ধনঞ্জয়কে যুদ্ধে ত্বরা প্রদর্শনিপূর্বক হাট্চিত্তে শব্দ করিতে প্রবৃত্ত হইল। নিতান্ত ভীষণদর্শনি গৃধ, বক, শ্যেন ও বায়সগণ মাংসলোল্প, হইয়া অর্জ্নের অত্যে অত্যে গমন করত অর্জ্নের অরিদৈন্য বিনাশ ও স্তপ্তা সংহার্রুপ গুড় নিমিত্ত সূচিত করিতে লাগিল।

হে মহারাজ ! এইরূপে মহাবীর ধনপ্রয় সংগ্রামস্থলে গমন করিতে' আরম্ভ করিলে তাঁহার কলেবর হইতে অনবরত ক্ষেদজল নির্গত হইল '

এল তিনি কিরপে এই ছকর কার্য্য সম্পাদন করিবেন, মনে মনে তাহারই অন্দোলন করিতে লাগিলেন। তথন মধুসুদন ধনঞ্জয়কে চিন্তায় আক্রান্ত নিরাক্ষণ করিয়৷ কহিলেন, সথেঃ গাণ্ডাব' প্রভাবে তুমি ্যাহাদিগকে পরাজয় করিয়াছ, তোমা ভিন্ন অন্ত কোন মনুষ্ট তাহাদিগকে জয় করিতে সমর্থ নহে। দেবরাজ সদৃশ বলবীগ্য সপ্পন্ন বছদংখ্য বীরগণ তোমার সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া পদাম গতি লাভ করিয়াছেন ; তোমা ভিন্ন অন্য কোন্ বীর ভীষা, দ্রোণ, ভগদত্ত, , আচতায়ু, অচ্যুতায়ু, কামোজ দেশীয় স্থদক্ষিণ এবং অবস্থি দেশীয় বিন্দ ও অনুবিন্দের গৃহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া শ্রেষোলাভে সমর্থ হয় ? তোমার দিব্য অ্স্ত্র, হস্তলাখন, বাহুবল, যুদ্ধে অসংমোহ, বিজ্ঞান, দৃঢ়ভেদিতা, লক্ষ্যে অস্থালন ও প্রহার বিষয়ে স্বিশেষ নিপুণতা আছে। তুমি দেব গন্ধব দমবেত সমুদায় স্থাবর জঙ্গমাত্মক ভূত বিনাশ করিতে পার। এই পৃথিবীতে তোমার তুল্য যোদ্ধ। আর নাই। অধিক ক্রি, সমরতুর্মণ ধনুর্দ্ধর ক্ষতিয়গণের °কথা দূরে থাকুক, দেবভাদিগের মধ্যেও ভোমার তুল্য বার কথন শ্রবণ বা দর্শনগোচর হয় নাই। সর্বলোকপ্রান্টা পিতামহ গণ্ডীব শরাসন নির্মাণ করিয়াছেন। তুমি দেই গাণ্ডাব লই।। হুদ্ধ করিতেছ; অতএব তোমার অমু-ৰূপ বার আর কেহই নাই। যাহ। হউক, তোমার যাহা হিত্কের, তাহা নিদ্দেশ করা আমার অবশ্য কর্ত্তব্য। তে মহাবাহে। ! তুমি কর্ণকে অবজ্ঞা করিও না। মহারথ সূতপুত্র মহাবল পরাক্রান্ত, নিতান্ত গর্বিত, হুশিক্ষিত, कार्याकुणन, विविद्य (यामा ও (नगकानरकार्विन् । श्रामि अक्ररण मरक्ररल তাহার গুণের বিষয় কহিতেছি, শ্রবণ কর। ঐ বীর আমার মতে তোমার তুল্য বা তোমা অপেক্ষা সম্ধিক বলশালী হইবে, সন্দেহ নাই ; অতএব প্রম যত্ন সহকারে তাহারে সংহার করা তোমার কর্ত্তব্য। ঐ মথাবার তেজে হুতাশন শিক্ষাশ, বেগে বায়ু সদৃশ ও ক্লোধে অন্তক তুল্য ; ঐ বিশাল বাহুশালী বীর-বরের দৈর্ব্যে আট অর্ত্রি পরিমিত, বক্ষস্থল অতি বিস্তৃত প্রবং দেনি তাস্ত তুর্জ্বয়, অভিমানী, প্রিয়দর্শন, যোধগুণে সমলঙ্ক, মিত্রগণের অভয়প্রদ, পাগুবগণের বিদ্বেষী ও ধার্ত্তরাষ্ট্রদিগের হিতাকুষ্ঠান নিরত। আমার বোধ হইতেট<del>্র, এক</del>টো তোম। ব্যক্তিরেকে অন্য কেছই ঐ মহাবীরকে বিনাশ করিতে সমর্থ নহেন; শতএব তুমি. অন্য তাহ্যরে বিনাশ কর। ইন্দ্রাদি সম্পায় দেবত। মিলিত

হইয়াও পরম যত্ন সহকারে ঐ মহারথকে বিনাশ করিতে পারিবেন না। হে ধনঞ্জয়! সূতপুত্র অতিশয় তরাত্বা, পাপস্বভাব, ক্রুর ও তোমাদিগের প্রতিবিষেষ বৃদ্ধি সম্পন্ধ; দে এক্ষণে অকারণ তোমাদিগের সহিত এইর প বিরোধ করিতেছে; অতএব তুমি অবিলম্বে তাহারে বিনাশ করিয়া ক্রকার্য্য হও। ঐ ত্রাত্বারে পরাজয় করে, এমন আর কেহই নাই; অতএব তুমি তাহারে সংহার করিয়া ধর্মরাজের প্রতি প্রতি প্রদর্শন কর। তুরাত্বা সূতপুত্র বলদর্পে গর্বিত হইয়া সতত পাগুরগণকে অপমান করিয়া থাকে। পাপপুর্মায়ণ তুর্ব্যোধ্যর উহার বার্য্য প্রভাবে আপনাত্র মহারীর বিলয়া বিবেচনা করে। অত এব আজি তুমি সেই শরশরাসন থড়গধারী গর্বিতমভাব পাপকার্য্যের মূলম্বরূপ সূতপুত্রকে বিনাশ করিয়া আমার প্রতিভাজন হও। আমি তোমার বলবীয়্যা সম্যক্ অবগত আছি; এক্ষণে তুর্বোধন যাহার ভুজবীয়্য আশ্রয় করিয়া তোমার বলবীর্য্যে মনাদর প্রদর্শন করিয়া থাকে, তুমি সেই সূতপুত্রকে কেশরী যেমন মাতঙ্গকে বিনাশ করে, তত্রপ অচিরাৎ সংহার কর।

# চতুঃসপ্ততিতম অধ্যায়।

হে মহারাজ! খনন্তর উদারস্কভাব বাস্তদেব কর্ণ বিনাশে ক্তসঙ্কল্ল আর্জ্বনকে প্র্নরায় কহিলেন, হে সথে! অদ্য সপ্তদেশ দিন হইল, খনবরত অসংখ্য হস্তা, অশ্ব ৭ মনুষ্য বিনষ্ট ইইতেছে। পাণ্ডবপক্ষীয় বিপুল সৈত্য কৌরবগণের সহিত সংগ্রামে প্রায়ন্ত ও নিহত ইইয়া অল্লমাত্রাবশিষ্ট ইইন্যাছে। কৌরবগণ প্রভৃত গজবাজি সম্পন্ন ইইয়াও তোমার প্রভাবে শমন সদনে আত্রিথ্য গ্রহণ করিতেছে। যাবতীয় পাণ্ডব, স্প্রেয় ও সমাগত অত্যাত্র ভূপালগণ তোমারে আপ্রেয় করিয়াই সমরে অবস্থান করিতেছেন। পাঞ্চাল, পাণ্ডব, মহস্ট, কারষ ও চেদিগণ তৎকর্ত্ক রক্ষিত ইইয়াই শক্তকয়ে কৃতকার্য্য ইইয়াছেন। হে অর্জ্জন! পাণ্ডবগণের মধ্যে কোন্ ব্যক্তি তোমা কর্ত্ক রক্ষিত না ইইয়া কৌরবগণকে জয় করিতে পারে! আফ্নিন্স্ট্য কহিতেছি যে, কৌরব সৈন্তের কথা দূরে থাকুক্, ভূমি হ্ররাহ্রনর সমবেত ত্রিস্থেক প্রাজয় করিতে পার। ভূমি ভিন্ন আর কোন্ ব্যক্তি দেবরাজ, সদৃশ পরাক্রমশালী ইইয়াও রাজ। ভগদত্তকে পরাজয় করিতে পারে! ভূপতিগণ তোমার বাত্বলে রক্ষিত সৈন্যগণকে দর্শন করিতেও সমর্থ নহেন। শিথপ্র

ও ধৃষ্টত্বান্ন তোমা কর্ত্ত্ব নিয়ত ,রক্ষিত হইয়াই ভীন্ম ও দ্রোণকে নিপাতিত , করিয়াছে, নচেৎ সেই ইন্দ্রতুল্য পরাক্রমশালী মহারথ বীরদ্বয়কে পরাজ্ঞয় করা কাহার সাধ্য ! তুমি ভিন্ন আর কোন্ ব্যক্তি অনেক অকোহিণীর অধীশ্বর যুদ্ধতুর্মদ শাস্তর্নন্দন ভীম্ম, দ্রোণাচার্য্য, কর্ণ, ক্রপ, অশ্বত্থামা, সৌমদত্তি, ক্লত-বর্মা, জয়দ্রথ, শল্য ও রাজা ছুর্য্যোধনকে পরাজয় করিতে পারে ? তোমার শরে নানা জনপদবাদী অসংখ্য ক্ষত্রিয় বিনষ্ট এবং রথ ও হস্তি সমুদায় বিদীর্ণ হইতেছে। প্রস্থৃত গজবাজি সম্পন্ন গোবাস, দাশমীয়, বশাতি, প্রাচ্য, বাটধান ও অভিমানী ভোজ দৈন্যগণ তোগার ও ভামের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছে। তুমি ভিন্ন অন্য কোন্ ব্যক্তিই তুর্য্যোধনের কার্য্যে নিযুক্ত কৌরবগণ পরিবৃত অতি ভীষণ উগ্রস্থভাব দণ্ডপাণি যুদ্ধবিশারদ তুষার, যবন, খশ, দার্ব্বাভিদার, দরদ, শক, রামঠ, কৌঙ্কণ, অন্ধুক, পুলিন্দ, কিরাত, য়েচ্ছ, পার্বিতীয় ও সাগরকূলবর্তী শূরগণতক জয় করিতে পারে নাই। ফদি ভূমি চর্য্যোধন দৈন্যগণকে ব্যুহিত ও উগ্র দেখিয়া সপক রক্ষণে তৎপর না হইতে, ভাহা হইলে কোন্ ব্যক্তি ভাহাদিগের প্রতিগমনে সমর্থ হইত ? কোপাবিফ পাণ্ডবগণ তোমা কর্ত্ক রক্ষিত হইয়াই দাগরের ন্যায় দমুদ্ধৃত ধূলিপটল সংবৃত কৌরবদৈন্যগণকে বিদারণপূর্বক নিহত করিয়াছেন। আজি শাত দিন হইল, মগধাধিপতি মহাবল প্রাক্রান্ত জয়ৎদেন অভিমন্তার শরে নিপাত্তিত হইয়াছেন এবং ভীমদেন গদাগ্রহারে তাঁহার অনুগামী দশ সহস্র হস্তীর প্রাণ সংহারপূর্বক অন্যান্ত শত শত নাগ ও রথ বিনষ্ট করিয়াচ্ছন। হে ধনঞ্জয় ! কৌরবগণ এইরূপে মহাবীর ভীমদেনের ও তোমার সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া অশ্ব, রথ ও মাতৃঙ্গণের সহিত নিহত হইয়াছে।

পাশুবগণ এইরূপে কৌরবদিগের সেনামুখ নিপাতিত করিলৈ পরমান্ত্রবিদ্ ভীম্মদেব শরজাল বর্ষণপূর্বক চেদি, কাশা, পাঞ্চাল, করম, মৎস্য ও
কৈকয়গণ্যক শরনিকরে সমাচ্ছন্ন করিয়া নিহত করিয়াছেন। তাঁহার শরাসনচ্তে পরদেহ বিদারণ স্থবর্ণপুঝ শরনিকরে নভোমগুল সমাচ্ছন্ন হইয়াছিল।
তিনি এঁক এক বার শর পরিত্যাগপূর্বক সহত্র রথ বিনক্ট ক<del>রিয়া এক</del>
লক্ষ মনুষ্য ও হস্তী নিহত করিয়াছেন। তাহারা বিনক্ট হইয়া পতন সময়ে
অসংখ্য গঞ্জ, ক্রশ্ম ও রথ সংহার করিয়াছে। মহাবীর ভীম্মদেব ধর্মারুদ্ধে প্রব্রত্ত

• হইয়া দশ দিন অনবরত শরবর্ষণপূর্বক রণ সকল রথিশুন্য ও গজবাজিগণকে নিহত করিয়া ইন্দ্র ও উপেন্দ্রের ন্যায় অন্তুত রূপ প্রদর্শন পুরঃসর চেদি, পাঞ্চাল ও কেকয় দেশীয় নরপতিদিগকৈ নিপীড়িত করত প্রদীও পাবকের ন্যায় পাওবসৈন্যগণকে দগ্ধ করিয়াছেন। তিনি সমরসাগরে নিমম মন্দবৃদ্ধি ছর্ষ্যোধনের উদ্ধারণর্থ সমরে বিচরণ করিতে আরম্ভ করিলে স্প্রুয়দিগের সহস্র কোটি পদাতি ও অন্যান্য মহীপালগণ তাহারে দর্শন করিতেও সমর্থ হন নাই। তিনি তৎকালে একাকী সমরে পাগুব ও স্প্রুয়গণকে বিজ্ঞাবণপূর্বকৈ অন্তিতীয় বীর বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। শিখণ্ডী কেবল জোমার প্রভাবে রক্ষিত হইয়া নতপ্রব শরনিকরে পুরুষ প্রধান কুরুপিতামহকে নিপাতিত করিয়াছে। ফলত মহান্মা ভীম্ম ভোমার প্রভাবেই শরশব্যায় শয়ান রহিয়াছেন।

প্রতাপান্থিত দ্রোণাচার্য্যও পাঁচদিন শক্ত দৈন্য নিপাঁড়িত করিয়াছিলেন। তিনি মভেদ্য ব্যুহ নির্ম্মাণপূর্বক পাণ্ডবপক্ষীয় মহারথগণকে সংহার ও জয়-দ্রথকে রক্ষা করেন। ঐ গন্তক সদৃশ প্রতাপশালী মহাবীরের শরানলে রাত্রি-যুদ্ধে অসংখ্য যোধ দক্ষ হইয়।ছিল। মহাবল পরাক্রান্ত আচার্যা এইরূপে অরাতি সংহার করিয়া পরিশেষে ধুষ্টপ্রামের হত্তে প্রাণত্যাগপূর্বক পরম গতি লাভ করিয়াছেন : কিন্তু বিশেষ বিবেচনা করিয়া দেখিলে অবশ্যই ইহা স্থির হইবে যে, তোমার প্রভাবেই দ্রোণের মৃত্যু হইয়াছে। যদি তুমি সমরে কর্ণ-প্রস্থু রথিগণকে নিবারণ না করিতে, তাহা হইলে ঐ বীর কখনই নিহত হই-তেন না। তুমি তুর্য্যোধনের সমুদায় বল নিবারণ করিয়াছিলে, এই নিমিত ধুষ্টত্যুম্ন তাঁহাতে নিপাতিত করিয়াছে। হে ধনঞ্জয় ! তুমি জয়দ্রথ বিনাশ সময়ে যেরপ বীরত্ব প্রকাশ করিয়াছ, আর কোনু ক্ষত্তিয় তজ্ঞপ করিতে পারে। তুমি সমুদায় কৌরবসৈন্য নিবারণ ও মহাবীর ভুপতিগণকে সংহার করিয়া অস্তবলে সিন্ধুরাজ্ঞকে নিহত করিয়াছ। ভূপালগণ সিন্ধুরাজের বধ আশ্চর্য্য বলিয়া **জান** করেন, কিন্তু তুমি ঞুরূপ বিক্রম প্রকাশপূর্বক তাহারে নিহত করিয়াছ বিশায়া আমার উহা আশ্চর্য্য বোধ হয় না। তুমি যদি সম্পূর্ণ এক দিন যুদ্ধ করিরা এই সমুদার ক্তিয়কে বিনষ্ট কর, ভাহা হইলেও আমি উহাদিগকে বলবান্ বলিয়া স্বীকার করি। তুমি ্যুহূর্ত্ত মধ্যেই সকলকে বিনষ্ট করিতে পার, সন্দেহ নাই। যথন ভীম্ম ও জোণ নিহত হইয়াছেন, তখন ভয়ক্ষর কৌরব সেনা বীক্ষপুর্ন্য

হইয়াছে। যোধগণ নিপতিত এবং হস্তী, অশ্ব ও রথ সমুদায় বিনষ্ট হওঁয়াতে অন্য কৌরব সৈন্য চন্দ্র, সূর্য্য ও তারকাবিহীন আকাশের ন্যায় শোভা পাই-তেছে। পুর্বেকালে অস্থ্র দেনাগণ, যেমন ইন্দ্রের পরাক্রমে ধ্বংস ইইয়াছিল, এক্ষণে কৌরব দেনারাও তজ্জপ তোমার প্রভাবে বিনষ্ট হইতেছে। এক্ষণে কৌরব পক্ষে অখ্যামা, কুতবর্মা, কর্ণ, মন্ত্রাজ ও কুপাচার্ঘ্য এই পাঁচ জন মাত্র মহারথ 'অবশিষ্ট রহিয়াছেন। তাতএক পূর্বেব বিষ্ণু যেমন দানবগণকে বিনাশ করিয়া ,ইন্দ্রকে বস্তন্ধরা প্রদান করিয়াছিলেন, তজ্ঞাপ তুমি অদ্য ঐ পাঁচ মহারথকে নিপাতিত করিয়া মহারাজ যুধিষ্ঠিরকে গিরিকানন সমন্বিত পৃথিবী প্রদান ক্র। পূর্বে দানবগণ বিষ্ণু কর্ত্তক নিহত হইলে দেবতায়া যেমন হুষ্ট হুইয়াছিলেন, অদ্য অরাতিগণ তোমার হস্তে বিনফ্ হুইলে পাঞ্চালগণ সেইরূপ পরিভূষ্ট চইবেন। যদি ভূমি তোমার গুরু দিজাগ্রগণ্য দ্রোণাচার্য্যের সম্মান রক্ষার্থে অশ্বত্থামার প্রতি ও জাচার্য্যগৌরব প্রযুক্ত কুপাচার্য্যের প্রতি দয়া কর, এবং যদি মাতৃবান্ধৰ বলিয়া কৃতবন্দারে ও মাতার ভাতা বলিয়া মদ্রাধি-পতি শল্যকে বিনাশ না কর, তাহাতে আমার কিছুমাত্র আপত্তি নাই; কিন্তু পাপাত্মা নীচাশয় সূতপুত্রকে অবিলয়ে নিশিত শরে নিহত করা তোমার অবষ্ঠা কর্ত্তব্য। আমি কহিতেছি, এ বিষয়ে তোমার অণুমাত্রও দোষ নাই। ছুর্য্যোধন রজনীযোগে যে ভোমাদিগকে মাতার সহিত দগ্ধ করিতে উদ্যত এবং সভামধ্যে দূতে ক্রীড়ায় প্রবৃত্ত হইয়াছিল, পাপপরায়ণ দূতপুত্রই তৎসমুদায়ের মুল। ত্বরাত্ম। তুর্য্যোধন প্রতিনিয়ত কর্ণ হইতেই পরিত্রাণ বাসন। করিয়া থাকে এবং তাহা দারা আমারে নিগ্রহ করিতে উদ্যত হইয়াছিল। তুরাত্মা ধৃতরাষ্ট্রতন্য ইহা স্থির নিশ্চয়ই করিয়াছে যে, কর্ণ ই পাগুবগণকে পরাজিত করিবে, তাহার আর সন্দেহ নাই। ঐ তুরাত্মা তোমার বলবীধ্য অব্যত হইয়াও একমাত্র "কর্ণকে আশ্রয় করিয়া ভোমাদের সহিত যুদ্ধে প্রব্ত হইয়াছে। ছুরাত্মা সূত-পুত্রও স্থামি পাগুবগৃণকে এবং মহারথ বাস্থদেবকে পরাজয় করিব বলিয়। প্রতিনিয়ত তুরাশয় তুর্য্যোধনকে উৎসাহ প্রদানপূর্বক সমরাঙ্গনে গর্জন করিয়া থাকে। ফলত ভ্রাত্মা ভূর্য্যোধন তোমাদের প্রতি যে সকল শঙ্যাচার করিয়াছে, পাপাত্মা কর্ণ সেই সমুদায়েরই মূলীস্থত। অতএব আজি ভূমি ভাছারে বিনাশ কর।

হৈ ধনঞ্জয় ! বৃষভক্ষ মহাযশস্বী অভিমন্যু দ্রোণ, অশ্বত্থামা ও কুপাচার্য্য প্রভৃতি বীরগণকে পরাজিত এবং মাতঙ্গণকে আরোহিশূন্য, মহারথদিগকে त्रथमृत्य, जूत्रगगगरक ज्ञारताहिशीन এवः भागित्रगगरक जाश्चर e ज्ञीविक विशेन করিয়া সমস্ত সৈন্য ও মহারথগণকে বিদলিত করত হস্তী, অশ্ব ও মনুষ্যগণকে শমন সদনে প্রেরণপূর্বক সমরে অগ্রসর হইতেছিল; ক্রেরকর্ম্মকারী ছয় মহারথ একত্ত হইয়া সেই মহাবীরকে নিহত করিয়াছে। আমি সত্য দারা শপথ করিয়া কহিতেছি যে, তদ্দর্শনাবধি ক্রোধানলে আমার দেহ দগ্ধ হইতেছে। তুরাজা কর্ণ মভিমনুরে সংগ্রাম সময়ে তাহারও দ্রোহে প্রয়ত হইয়াছিল: কিন্তু তাহার শরনিকরে ক্ষত বিক্ষত ও রুধিরাক্ত কলেবর হইয়া তাহার অগ্রে অবস্থান করিতে সমর্থ হয় নাই। তৎকালে ঐ তুরাত্মা স্বভদ্যাতনয়ের প্রহারে জর্জ্জরী-স্থৃত, উৎসাহশূত্ম ও জীবনে নিরাশ হইয়া ক্রোধভরে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করত কণকাল অজ্ঞানাবস্থায় অবস্থান করিয়াছিল। পরিশেষে ঐ মহাত্ম। দ্রোণাচার্য্যের তৎকাল সদৃশ ক্রুরতর বাক্য শ্রেবণ করিরা অভিমন্ত্যুর শরাসন ছেদন করিলে ছলপরায়ণ অবশিক্ত পাঁচ মহারথ সেই আয়ুধশূন্য বালককে শরনিকরে বিনষ্ট করিল। তদ্দর্শনে কর্ণ ও হুর্য্যোধন ব্যতীত আর সকলেই সাতিশয় তুঃপিত হইয়াছিল।

হে ধনঞ্জয়! পাপাত্ম। সূতপুত্র সভামধ্যে কৌরব ও পাগুবগণ সমক্ষে দ্রৌপদীরে কহিয়াছিল, হে বিপুলনিত্রে! মৃত্রভাষিণি কৃষ্ণে! পাগুবগণ বিনফ হইয়া শাখত নরকে গমন করিয়াছে; অতএব তুমি অন্য কাহাকে পতিত্বে বরণ কর। তোমার পূর্ববিপতিগণ বর্ত্তমান নাই, অতএব এক্ষণে দাসীভাবে কুরু-রাজসদনে প্রবেশ করা তোমার কর্ত্তব্য। হে পার্থ! পাপপরায়ণ সূত্রনন্দন তোমার সমক্ষেই দ্রৌপদীর প্রতি এইরূপ কুবাক্য সকল প্রয়োগ করিয়াছিল। আজি তুমি জীবিতনাশক শিলাসিত স্থবর্ণময় শরনিকরে সেই ত্রাত্মারে নিহত করিয়া তাহার হর্বাকের এবং সে তোমার প্রতি যে সকল পাপাচরগ করিয়াছে, তৎসমুদায়ের শান্তি বিধান কর। গান্তি কর্ণ গান্তীব নিম্মৃক্তি ঘোরতর শরনিকর স্পর্শ করিয়া ভীম্ম ও দ্রোণাচার্য্যের বচন স্মরণ করুক। আজি তোমার ভুজনিক্ষিপ্ত বিদ্যুৎসপ্রভ হ্বর্ণপুষ্ম নারাচ সমুদায় সূতপুজের বর্ম ও মর্ম্ম বিদারণপূর্বক শোণিত পান করত উহারে যমরাজের রাজধানীতে প্রেরণ

করুক। আজি ভূপালগণ তোমার শরে ক্ষতবিক্ষতাঙ্গ হইয়া হাহাকার করত। বিষয় মনে কর্ণকৈ রথ হইতে নিপতিত এবং তাহার বান্ধবগণ দীনুভাবে তাহারে শোণিতময় ও রণশয্যায় শয়ান অবলোকন করুক। এই হরাত্মার হস্তিকক্ষ ধ্বজ তোমার ভল্লৈ উন্মথিত হইয়া কম্পিত হইতে হইতে ভূতলে নিপতিত হউক। মহাবীর শল্য তোমার শরনিকরে সংচূণিত, যোগশূন্য, কনকমণ্ডিত রথ পরিত্যাগপূর্বকৈ ভয়ে পলাধন করুক। আজি হ্রাত্মা হুর্য্যোধন সূতপুত্রকে নিহত নিরীক্ষণ করিয়া রাজ্য লাভ ও জাবনে নিরাশ হউক।

ঐ দেখ, পাঞ্চালগণ ঠুরাত্ম। কর্ণের' নিশি চ শরে নিপাড়িত হইয়াও তোমাদিগের উদ্ধার বাদনায ধাবমান হইতেছে। সূতপুজ্ঞ পাঞ্চালগণ, দ্বৈপি-দাব পাঁচ পুত্র, ধৃষ্টগ্রুল্ল, াশখণ্ডা, ধৃষ্টগ্রুল্লের তন্যগণ, নকুলপুত্র শতানীক, নকুল, সহদেব, তুম্মুখ, জনমেজ্য, স্থর্মা ও সাত্যকিরে আক্রমণ করিবাছে। ঐ কর্ণার্রনিপ্রাড়িত প্রমাত্মায় পাঞ্চালগণের সিংহনাদ শ্রেবণগোচর স্ইতেছে। পূর্বেমহাবীর ভীম্ম একাকী শরজালে সমুদায় পাণ্ডব সৈন্যকে সমাচ্ছন্ন করিয়া-ছিলেন ; কিন্তু মহাধকুদ্ধৰ পাঞ্চাল্গণ ঠাহার শরে নিপাড়িত হইযাও সমর-পরামুগ বা ভাঁচ হয় নাই। উহারা ধনুর্দ্ধরগণের অস্ত্রগুরু, প্রত্বলিত পাণক দদৃশ, কেজস্বা দ্রোণাচার্য্যকে পরাজ্য করিবাব নিমিত্ত নিয়ত সম্পুদ্যত হইত এবং কর্ণ হইতে ভাত হইয়। কথন রণপরাল্প হয় নাই। খাজি জ্তাশন যেমন শলভ'দগকে ভস্মদাৎ করে, তদ্রপ ত্রাত্ম। সূতপ্তা মিত্রার্থ প্রাণ পরিত্যাংগে উদ্যত মহাবেগে সমাগত সেই পাঞ্চালগণকে শমন সদনে প্রেবণ করিতেছে। সতএব হে অর্জ্ন ! তুমি আজি প্লব স্বরূপ ইইখা সেই সমর্সাগরে নিমগ্ন মহ।-ধক্ষরিগণকে পরিত্রাণ কর। সূতপুত্র ঋষিসত্তম পরশুরামের নিকট হইতে যে ভীষণ অস্ত্ৰ প্ৰাপ্ত হইয়াছিল, আঁজি সেই শক্তমৈন্যভাপন' তেজ প্ৰজ্বলিত অস্ত্ৰ শাত্ভুত করিয়াতে। দেই অস্ত্রের প্রভাবে অসংখ্য শর সন্ৎপন্ন হইয়া ভ্রমর-পংক্তির ন্যায় রণস্থলে ভ্রমণ করত পাণ্ডব দৈন্যগণকে দন্তপ্ত করিতেছে। পাঞ্চালগণ কর্ণের অনিবার্য্য অস্ত্রপ্রভাবে ব্যথিত হট্য' চার্গিকে ধানমান হট-তেছে ় ঐ দেখ, সমর্পরায়ণ ভামদেন স্প্রয়গণে পরিবৃত হট্যা কর্পের পতিত যুদ্ধ করত তাহার নিশিত শরনিকবে নিপাড়িত হইতেছেন। এক্ষণে যদি তুমি মূতপুত্রকে উপেক্ষা কর; তাহা হইলে ঐ মহাবার শরীরন্থিত ব্যাধির ন্যায়

প্রবিশ ইইয়া পাণ্ডব, পাঞ্চাল ও স্প্রেয়গণকে বিনাশ করিবে। হে অর্জ্বন! বুধিন্তিরবল মধ্যে তোমা ভিন্ন এমন কোন যোদ্ধাই নাই যে, সূতপুজের সহিত সমরে প্রস্ত হইয়া হুছে শরীরে স্বস্ত্রে প্রত্যাগমন করে। আমি সত্য বলিতেছি, ভোমা ভিন্ন আর কেহই সমরাঙ্গনে কর্ণের সহিত কৌরবগণকে পরাজিত করিতে সমর্থ হইবে না; অত্এব আজি তুমি নিশিত শরজালে মহারথ কর্ণের বিনাশরূপ মহৎকার্য্যের অনুষ্ঠান করিয়া স্বায় প্রতিজ্ঞা প্রতিপালন, কীর্ত্তিলাভ ও অন্ত্রশিক্ষার সার্থকতা সম্পাদনপূর্বক স্থী হও।

## পঞ্চসপ্ত তিতম অধ্যায়।

হে মহারাজ ! মহাবীর ধনঞ্জয় বাস্থানেবের বাক্য শ্রেবণ করিয়া ক্ষণমধ্যে শোকশুল ও সন্তম্ভ হইলেন। তখন তিনি কর্ণ বিনাশার্থ গাণ্ডীব গ্রহণ ও উহার জ্যাপরিমার্চ্জন করিয়া কেশবকে সম্বোধনপূর্বক কহিলেন, হে সথে ! তুমি ভূত ও ভবিষ্যতের প্রবর্ত্তিরিতা, তুমি যথন·স্থামার প্রতি প্রাসম হইয়া **স্থা**মার সহায় হইরাছ, তখন নিশ্চয়ই আমার জয় লাভ হইবে। হে কৃষ্ণ! আমি তোমার সাহায্য লাভ করিয়া সূতপুলের কথা দূরে থাকুক, একত্র মিলিত ত্রিলোকস্থ সমস্ত ব্যক্তিরই বিনাশ দাধন করিতে পারি। হে জনার্দন! আমি একণে পাঞ্চাল দৈন্যগণকে ধাৰমান হইতে এবং সূতপুত্ৰকে অশঙ্কিতচিত্তে সমরাঙ্গনে সঞ্চরণ করিতে নিরীক্ষণ করিতেছি। দেবরাজনিমুক্তি বজ্রের ন্যায় সূতপুজ্র পরি-ত্যক্ত ভার্গবাস্ত্রও চতুদ্দিকে প্রস্থালিত হইতেছে। আজি এই ঘোরতর সংগ্রামে আমি দৃতপুজ্ঞকে সমরে নিহত করিলে যত দিন এই পৃথিবা বিদ্যমান থাকিবে, ততদিন আমার এই কীর্ত্তি দর্ববত্ত দেদীপ্রমান রহিবে। আজি আমার বিকর্ণ অস্ত্র সকল গাণ্ডীব নিম্মৃক্তি হই।। কর্ণকে যমালয়ে প্রেরণ করিবে। আজি রাজা ধৃতরাষ্ট্র রাজ্য লাভের অযোগ্য হুর্য্যোধনকৈ রাজ্যে অভিষেক করিয়াছেন বলিয়া আপনার বুদ্ধির নিন্দা করিবেন। আজি তিনি রাজ্যহীন, স্থথহীন, শ্রীহান ও পুত্র বিহান হইবেন, সন্দেহ নাই। আজি কর্ণ নিহত হইত্তে চুর্য্যো-ধন নিশ্চরই রাজ্যে ও জীবিতাশায় নিরাশ হইয়া তুষি সন্ধিস্থাপনোপলকে যে সকল ক্রা কহিয়াছিলে, তৎসমুদায় স্মরণ করিবে। আজি গান্ধাররাজ শকুনি আমার শরনিকর গ্লহ, গাণ্ডীব ছুরোদর ও রথকে শরীস্থাপনমগুল বলিয়া অবগত হইবে। আজি আমি নিশিত শরজালে দূতপুত্রকে সমরশায়ী

করিয়া ধর্ম্মরাজের রজনীজাগরণফুঃখ অপনীত করিব। আজি তিনি প্রীত ও প্রসন্ধ মনে শাশ্বত স্থভোগে কৃতনিশ্চয় হ্ইবেন ৷ আজি আমি নিশ্চয়ই এক নিতান্ত তুঃসহ অপ্রতিম শর পরিত্যাগপূর্বক কর্ণকে শমরশায়ী করিব। হে কৃষ্ণ ! ছুরাত্মা সৃতপুত্র পূর্বে প্রতিজ্ঞা ক্রিয়াছিল যে, আমি অর্জ্জনকে বিনাশ না করিয়া কদাচ পদক্ষালন করিব না; আজি আমি সমতপর্ব শর দারা তাহার দৈহ রথ হইতে নিপাতিত করিয়া তাহার দেই ব্রত নিতান্ত নিক্ষল করিব > ছুরাত্মা সূতপুজ্র রণস্থলে কোন মনুষ্যকেই লক্ষ্য করে না কিস্তু আজি আমার শরপ্রভাবে অবনী তাহীর শোণিত পান করিবেন। পূর্বে ঐ হতভাগ্য, তুর্য্যোধনের অভিলাষা্ত্র্দারে আত্মশাঘা করিয়া দ্রৌপদীরে, হে কুষ্ণে ! তুমি এক্ষণে পতিহীনা হইয়াছ বলিয়া যে উপহাস করিয়াছিল ; আজি আমার রোধোদ্ধত আশীবিষের স্থায় ভীষণদর্শন স্থানশিত শরজাল তাহার সেই বাক্যের অসত্যতা প্রতিপাদন করত তাহার শোণিত পান করিবে। আজি বিহ্যুতের ন্যায় একাস্ত উচ্ছল নারাচনিকর মদীয় ভুজদগুদমাকৃষ্ট গাণীব হইতে বিনির্গত হইয়া সূত্নন্দনকে উৎকৃষ্ট গতি প্রদান করিবে ! পূর্বেক কর্ণ সভামধ্যে পাগুবগণকে ভর্ৎ সনা করিয়া দ্রৌপদীর প্রতি যে সমস্ত নিষ্ঠুর বাক্য প্রয়োগ করিয়াছিল, আজি তলিমিত্ত নিশ্চয়ই অনুতাপ করিবে। যে পাণ্ডবেরা কৌরব সভায় ষণ্ডতিল হইয়াছিলেন, আজি তুরাত্মা কর্ণ নিহত হইলে তাঁহার। তিল হইবেন। নির্কোধ রাধানন্দন আপনার গুণগ্রহ প্রকাশ করিয়া পাণ্ডবগণের হস্ত হইতে ধ্বতরাষ্ট্রপুত্রদিগকে পরিত্রাণ করিবৈ ুক্হিয়াছিল, আজি আমার স্থাণিত শরজাল তাহার সেই বাক্য নিক্ষ**ল** করিবে। যে ছুর।জ্ঞা পাণ্ডবগণকে পুজের সহিত বিনাশ করিবে বলিয়াছিল এবং ছুর্য্যোধন যাহার ভুজবীর্য্যের উপর নিভর করিয়া প্রতিনিয়ত পাণ্ডবগণের " অবমাননা করিয়া থাকে, আজি জামি ধ্রুর্ন্নরদিগের সমক্ষে দেই সূতনন্দনের বিনাশ সাধন করিব ৷ আজি মহাবীর কর্ণ পুত্রগণ ও বর্দ্ধবান্ধব সমভিব্যাহারে আমার শরে নিছত হইলে ধৃতরাষ্ট্রতনয়গণ সিংহদর্শনভাত মুগযুথের ন্যায় ভ্যাকুলিতচিত্তে চতুর্দিকে পলায়নে প্রবৃত্ত হৃইবে এবং ছরাত্মা ছুয়্যোধন স্বীয় ছক্ষের নিমিত্ত অনুতাপ ও আমারে ধনুর্দ্ধরদিগের অগ্রগণ্য বলিয়া গণনা করিবে। আজি আমি কর্ণকে নিহত করিয়া রাজা ধতরাষ্ট্রকে পুত্র, পৌত্র,

অমাত্য ও ভূত্যবর্গের সহিত নিরাশ্রয় করিব। আজি চক্রাঙ্গ ও বিবিধ ক্রব্যাদগণ আমার শরনিক্রে ছিন্ন সূতপুত্রের দেহের উপর সঞ্চরণ করিবে। আজি আমি সমস্ত ধতুর্দ্ধর সমক্ষে তীক্ষ্ণ বিপাঠ ও ক্ষুরান্ত দারা তুরাত্মা রাধাপুত্রের শরীর বিদারণ ও মস্তক ছেদন করিব। আজি রাজা যুধিষ্ঠির চিরদঞ্চিত মনস্তাপ ও মহাকক হইতে মুক্ত হইবেন। আজি আমি সূতপুত্রকে বান্ধবগণের সহিত বিনাশ করিয়া ধর্মনন্দনকে আনন্দিত করিব। আজি আমার সপবিষ সদৃশ পাবক দন্নিভ গুপ্রপত্রযুক্ত সায়কে কর্ণের অনুচরগণ নিহত হইবে। আজি আমি নরপালগণের দেহে বহুদ্ধরা 'সমাচ্ছন্ধ এবং নিশিত শরনিকরে অভিমন্ত্যুর শক্রগণের মস্তক ছিন্ন ও কলেবর ক্ষত বিক্ষত করিব। আজি আমি হয় এই... পৃথিবী ধৃতরাষ্ট্রতনয় শূন্য করিয়া জ্যেষ্ঠ ভাতার হস্তে সমর্পণ করিব, না হয় তুমি অৰ্জ্বন বিহীন হইয়া ইহাতে বিচরণ করিবে। আজি আমি সমুদায় ধকুর্দ্ধর সমক্ষে ক্রোধ, শর সমুদায় ও'গাণ্ডীর শরাসনের ঋণ পরিশোধ করিব। হে কৃষ্ণ ! পুরন্দর যেমন সম্নরকে বিনাশ করিয়াছিলেন, তদ্ধপ আজি আমি কর্ণকে নিহত করিয়া ত্রয়োদশবর্ষ সঞ্চিত ছুঃখ হইতে বিমুক্ত হইব। আজি সূতপুত্র বিনষ্ট হইলে মিত্রজয়লাভার্থী সোমবংশীয় মহারথগণ চরিতার্থ হইবেন। স্বাজি আমি সমরে জয় লাভ করিলে সাত্যকির আহলাদের মার পরিসীমা থাকিবে না। আজি আমি কর্ণকে ও উহার মহারথ তনয়কে নিহত করিয়া ভীমদেন, নকুল, দহদেব ও সাত্যকিরে পরম প্রীত এবং ধৃষ্টছ্যুম্ব, শিখণ্ডী ও অন্যান্য পাঞ্চালগণের ঋণ হইতে মুক্ত হইব। আজি সকলে অমর্থ-পরায়ণ ধনঞ্জয়কে সমরাঙ্গনে কৌরবগণের সহিত সংগ্রাম ও সূতপুজকে বিনাশ করিতে সন্দর্শন করুক।

হে মাধব। আমি পুনরায় তোমার নিকট আত্মগুণ কীর্ত্তন করিতেছি, শ্রুবণ কর। এই ভূমগুলে ধমুর্বিদ্যাপরায়ণ পরাক্রমশালা ক্রোধপরায়ণ বা ক্রমাগুণসম্পন্ন আর কোন ব্যক্তিই নাই। আমি ধমুর্ধারণ করিলে একাকী একত্র সমবেত সমুদায় স্থর, অস্তর ও অন্যান্য প্রাণিগণকে পরাভূত করিতে পারি। অতএব তুমি আমারে অন্যান্য ব্যক্তি অপেক্ষা সমধিক পুরুষকার সম্পন্ন বলিয়া অবগত হও। আমি গ্রীষ্মকালীন কক্ষদহন দহনের ন্যায় একাকীই গাণ্ডীব নির্মাক্ত শর্মকর ভারা সমস্ত কোরব ও বাহ্লিকগণকে দগ্ধ করিতে পারি। আমার হস্তে শরনিকর ও শরস্মাযুক্ত দিব্য শরাসন এবং পদতলে রথ ও ধ্বজের চিহ্ন বিদ্যমান রহিয়াছে; অভএব মাদৃশ ব্যক্তি যুদ্ধার্থে গমন করিলে কেহই তাহারে পরাজয় করিতে সুমর্থ হয় না

হে মহারাজ ! লোহিতলোচন অদ্বিতীয় বার অর্জ্জুন কেশবকে এই কথা বলিয়া ভীমসেনের পরিত্রাণ ও কর্ণের মস্তক ছেদন বাসনায় সমরে অগ্রসর হইলেন।

## ষট্সপ্ততিতম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হৈ সঞ্জয় ! মহাবীর ধনঞ্জয় রণস্থলে গমন করিলে সূতপুজের সহিত তাহার কিরূপ সংগ্রাম হইতে লাগিল ?

সঞ্জয় কহিলেন, হে মহারাজ! পাণ্ডবগণের ধ্বজদণ্ড সম্পন্ন স্থসজ্জিত দৈন্যগণ রণস্থলে সমাগত হইয়া নিনাদ সহকারে বর্ধাকালীন জলদপটলের ন্যায় গর্জন করিতে আরম্ভ করিল। তৎকালে সেই ভাষণ সংগ্রাম অসাময়িক খনিকজনক বর্ষার নায়ে নিতান্ত ক্রেও প্রজাবিনাশক হইয়। উঠিল। মহা-কায় মাতৃঙ্গ সকল মেঘ, বাদ্য, নেমি ও তলধ্বনি গভীর নির্ঘোষ ; স্থবর্ণময় বিচিত্র আয়ুধ সমুদায় বিহ্যুৎ ; শর, অসি ও নারাচ প্রভৃতি অস্ত্র সকল জল-ধারার ন্যায় শোভা ধারণ করিল। ঐ যুদ্ধে রুধিরপ্রবাহ অনবরত প্রবাহিত হইতে লাগিল। অসংখ্য ক্ষত্রিয় কালকবলে নিপতিত হইলেন। তৎকালে বহুদংখ্য রথী সমবেত হইয়া একমাত্র রথীরে, একমাত্র রথা বহুদংখ্য রথীরে এবং এক জন রথী অন্য এক জন রথীরে মৃত্যুমুখে নিপাতিত করিতে লাগিলেন। কোন রথী প্রতিপক্ষ রথীরে অশ্ব ও সার্থির সহিত সংহার ক্রিলেন এবং কোন কোন গজারোহী একমাত্র মাতঙ্গ দারা বহুসংখ্য রথ ও অশ্ব সমুদায় চূর্ণ করিয়া ফেলিলেন। ঐ সময় মহাবীর ধর্মঞ্জয় শ্রনিকর বর্ষণপূর্বক অরাতিপক্ষীয় অদুংখ্য পদাতি, মহাকায় মাতঙ্গ, অশ্ব সার্থি শমবেত রথ, সাদি সমবেত অশ্ব সমুদায়কে শমন সদনে প্রেরণ করিতে লাগিলেন। তথন রূপাচার্য্য শিখণ্ডীর সহিত সংগ্রামে প্রবৃত্ **হইলেন** ; শাত্যক্নি ছর্ষ্যোধনের প্রতি গমন করিলেন এবং ব্রুতপ্রতা দ্রোণপুক্তের, খুধারস্থ্য চিত্র্বদেনের ও উত্তমৌজ। কর্ণপুজ্র স্থধেণের সহিত খোরতর যুদ্ধ করিতে লাগিলেন। দহদেব কুধার্ত্ত সিংহ যেমন রুষের প্রতি ধাবমান হয়, তজ্ঞপ

পান্ধাররাজ শকুনির প্রতি ক্রতবেগে ধাবমান, হইলেন। নকুলনন্দন শতানীক কর্ণপুত্র ব্রহস্নের প্রতি শরনিকর বর্ষণ করিতে লাগিলেন। মহাবল পরাক্রান্ত ব্রহসেনও শতানীককে লক্ষ্য করিয়া অনবরত শরজাল নিক্ষেপ করিতে আরম্ভ করিলেন। মহাবীর নকুল কুতবর্মারে এবং পাগুব সেনাপতি ধৃষ্টপুত্রন্ধ সদৈন্য কর্ণকে শরনিকরে সমাচ্ছন্ন করিয়া কেলিলেন। মহারথ তুঃশাসনও সংশপ্তক সৈম্বাপণ সমন্তিব্যাহারে ভীমপরাক্রম ভীমসেনের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। অনন্তর মহাবার উত্তমোজা শাণিত শর দ্বারা অরিলক্ষে কর্ণান্মজ স্ব্রেণের মন্তক ছেদন করিলেন। কর্ণতন্ত্রের ছিন্ন মন্তক ভূমগুল ও নভোন্তল প্রতিধ্বনিত করত সমরাঙ্গনে নিপত্তিত হইল।

মহাবীর কর্ণ স্থমেণের মৃত্যু দর্শনে একান্ত কাতর হইয়। ক্রোধভরে স্থানিশিত শরনিকরে উত্তমৌজার অশ্ব, রথ ও ধ্বজদণ্ড থণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তথন উত্তমৌজা শাণিত শরনিকরে ও ভাস্বর থড়গ দ্বারা রূপাচার্য্যের পাঞ্চিপ্রাহ গণকে বিনফ্ট করিয়া অবিলম্বে শিথণ্ডীর রথে আরোহণ করিলেন। ঐ সময় শিথণ্ডী রূপাচার্য্যকে রথশূন্য নিরীক্ষণ করিয়া তাঁহার উপর শর প্রহার করিতে অভিলাষী হইলেন না। অনন্তর মহাবীর দ্যোণপুত্র কুপাচার্য্যহক পঙ্কে নিপতিত র্যভের ন্যায় বিপন্ন দেখিয়া সন্থরে তাঁহার নিকট আগমনপূর্বক তাঁহারে সেই বিপদ্ হইতে উদ্ধার করিলেন। ঐ সময় হিরণ্যবর্ম্মধারী ভামদেন গ্রীম্মকালান মধ্যাহ্লগত দিবাকরের ন্যায় প্রথর তেজ প্রকাশপূর্বক স্থনিশিত শরনিকরে আপনার পুত্রগণের দৈন্যসমুদায়কে নিপাতিত করিতে লাগিলেন।

## সপ্তসপ্ততিতম অধ্যায়।

হে মহারাজ! অনন্তর মহাবীর ভীমদেন সেই তুমূল সংগ্রামন্থলে অসংখ্য অরাতিসৈন্থে সমারত হইয়া সারথিরে কহিলেন, হে সারথে! তুমি বেগে ধৃতরাষ্ট্র সৈন্থমধ্যে রথ সঞ্চালন কর। আমি অবিলম্বে ধৃতরাষ্ট্রতনয়-গণকে যমরাজের রাজধানীতে প্রেরণ করিব। মহাবীর ভীমদেন এইরূপ কহিলে তাঁহার সারথি বিশোক জনতবেগে রথ সঞ্চালন করত রকোদর যে স্থানে গমন করিতে বাসনা করিয়াছিলেন, অবিলম্বে তাঁহারে সেই শ্বলে উপনীত করিল। তথন অন্যান্য কৌরবগণ চতুদ্দিক্ হইতে হস্তী, অশ্ব ও

পদাতি সমভিব্যাহারে ব্রকোদরের অভিমুখীন হইয়া তাঁহার বেগগামা রথের উপর শর বর্ষণ করিতে লাগিল। মহাত্মা ভীমদেনও প্রবর্ণময় শরনিকরে সেই সমাগত শর সমুদায় তুই তিন থাও ভূতলে নিপাতিত করিলেন। ঐ সময় হস্তা, অশ্ব, রথা ও পদাতি সমুদায় ভাম শরে সমাহত হইয়া বজাহত পর্বতের তায় ভাষণ শব্দ করিতে লাগিল। ভূপালগণ ভীমদেনের ভীষণ শরে নির্ভিন্ন কলেবর হুইয়া পুপ্পলাভার্থী বিহঙ্গমগণ যেমন ব্ল্লাভিমুখে গমন করে, তদ্রেপ চতুর্দিক্ হইতে ভীমদেনের প্রতি ধাবমান হইলেন। তথন বারবরা-গ্রগণে রকোদর কল্লান্তকালান ভূত সংহারে প্রব্রু দণ্ডধারী অন্তকের ন্যায় মুখব্যাদানপূর্বক মহাবেগে তাহাদের প্রতি গমন করিতে লাগিলেন। কৌরব-দৈন্যগণ ভীমদেনের ভীষণ বেগ সহ্ করিতে অসমর্থ ও তাঁহার শরনিকরে নিতান্ত নিপীড়িত হইয়া ভীতচিত্তে অনিলাহত মেঘমণ্ডলের ন্যায় চতুর্দিকে ধাবমান হইলে।

তথন প্রবল প্রতাপশালী ধীমান্ ভামদেন পুনরায় সাতিশয় আহলাদিত
হইয়া সারথিরে কহিলেন, হৈ বিশোক! আমি একণে যুদ্ধে একান্ত আমক্ত
হইয়াছি। সমাগত রথ সমূহ স্বকায় রা পরকায় বুঝিতে পারিতেছি না।
অতএব তুমি উহা বিশেষরূপে অবগত হও। আমি যেন সমরোদ্যত হইয়া
শরনিকরে স্বীয় সৈন্যগণকে সমাচছর না করি। চতুদ্দিকে অসংখ্য শক্ত,
রথ ও ধ্বজাপ্র সকল দৃষ্টিগোচর হইতেছে, বিশেষত মহারাজ অদ্য অতিশ্র নিপীড়িত হইয়াছেন এবং অর্জ্বনও একাল পর্যান্ত প্রত্যাগত হয় নাই,
এই সমুদায় কারণ বশত আমার অধিকতর কই হইতেছে। হে বিশোক!
আজি ধর্মরাজ আমার নিকট হইতে শক্তমগুলী মধ্যে গমন করিয়াছেন।
ধর্মাজা ধনপ্রয়েতও অবলোকন করিতেছি না। একণে উইরো তুই জন
জীবিত আছেন কি না জানিতে না পারিয়া আমার অতিশয় তুঃথ হইতেছে।
যাহা হৃতুক, আজি আমি এই সমরাঙ্গনে সমবেত শক্ত সৈন্যদিগকে বিনাশ
করিয়া তোমার সহিত আনন্দানুত্ব করিব। একণে তুমি আমার রথন্থিত
তুণীরে কোন্ কোন্ বাণ কি পরিমাণে অরশিন্ত আছে, তাহা বিশোষরূপে
পর্যবেক্ষণ করিয়া আমারে জ্ঞাপিত কর।

বিশোক কহিলেন,, হে কুকোদর ! এক্ষণে আপনার ভূণীরে অযুত সংখ্যক

্শর, অযুত সংখ্যক ক্ষুর, অযুত সংখ্যক ভল্প, তুই সহস্র নারাচ, তিন সহস্র প্রদর এবং অসংখ্য গদা, অসি, প্রাস, মুদগর, শক্তি ও তোমর বিদ্যমান আছে। যে সকল সত্ত্ব অবশিষ্ট রহিরাছে, তৎসমুদায় শকটে নিহিত করিলে ছয় বলীবর্দ্দেও উহা বহন করিতে পারে না। অতত্রব তুমি স্বীয় বাহুবল প্রকাশপূর্বক নিঃশঙ্কচিত্তে অসংখ্য অস্ত্র পরিত্যাগ কর। অস্ত নিঃশেষিত হইবার কিছুমাত্র আশস্কা করিও না।

ভাসদেন কহিলেন,—হে বিশোক ! মাজি দেখ, আমার নৃপদেহবিদারণ বেগবান্ বাণপ্রভাবে সূর্য্য তিরোহিত হুইলে সমরস্থ্য মৃত্যুলোক সদৃশ ফুর্দর্শ হইয়া উঠিবে। আজি স্থপালগণ হয় ভামদেনকে সমরে নিহত না হয় একমাত্র ভাহার প্রভাবে কৌরবগণকে পরাজিত জানিতে পারিবেন। আজি আমি সমস্ত কৌরবগণকে নিপাতিত করিলে লোকে আমার শৈশবাবিধি সঞ্চিত গুণ কীর্ত্তন করিবে। আজি হয় আমি কৌরবগণকে নিহত করিব, নচেৎ তাহারাই খামারে নিপাতিত করিবে। এক্ষণে মঙ্গলাভিলাধী দেবগণ আমার বিশ্ব বিনাশ করুন। শক্রেঘাতক ধনঞ্জয় যজ্জন্থলে আছত পুরন্দরের স্থায় অবিলম্বে এই সমরাঙ্গনে সমুপক্ষিত হউক।

হে সারথে ! ঐ দেখ, ভারতী দেনা ছিন্ন ভিন্ন ইইয়াছে এবং নরপালগণ পলায়ন করিতেছেন, ইহার কারণ কি ? আমার বোধ হয়, নরোত্তম ধীমান্ অর্চ্ছন শরনিকরে কৌরব দৈন্যগণকে সমাচ্ছন্ন করিতেছেন। ঐ দেখ, প্রস্তুত ধ্বজসম্পন্ন চতুরঙ্গ বল অসংখ্য শর ও শক্তির আঘাতে নিপীড়িত ইইয়া পলায়ন করিতেছে। অনেক দৈন্য ধনঞ্জয়ের অশনি তুল্য স্থবর্ণপুথা সায়কে সমাহত হইয়া নিরস্তর বিঘূর্ণিত হইতেছে। হস্তী, অংশ ও রথ সমুদায় পদাতিগণকে বিমদ্দিত করিয়া ধাবমান ইইয়াছে। কৌরবগণ দাবাগ্নিদহন ভীত মাতঙ্গগণের স্থায় বিমুগ্ধ হইয়া পলায়ন এবং অন্যান্য ভূপতিগণ হাহাকার করিতেছে।

বিশোক কহিলেন, হে মহাত্মন্! মহাবীর অর্জ্জনের ঘোরতর গাণ্ডীব নিন্দ্র ক্রি আপনার প্রবণগোচর হয় নাই? মহাবল পরাক্রান্ত অমর্ধ্রায়ণ ধনঞ্জয়ের ধনুষ্টক্ষারে কি আপনার প্রবণেক্রিয় বিনষ্ট হইয়া গিয়াছে? "হে পাণ্ডব! আজি আপনার সমুদায় মনোরথ সফল হইল। এ. দেখুন, গজ- দৈশ্য মধ্যে ধনঞ্জয়ের ধ্বজাগ্রন্থিত বানররাজ শক্তদৈশ্যগণকে বিত্রাদিত করি- 'তেছে। উহারে দেখিয়া আমিও ভীত হইয়াছি। ঐ দেখুন, মহাবীর অর্জ্জনের শরাসনজ্যা নীল নীরদবিরাজিত চপলার ন্যায় বিশ্বারিত হইতেছে। উহার বিচিত্র কিরীট ও কিরীটমধ্যন্থিত দিবাকর সদৃশ দিব্যমণি অতিমাত্র শোভা ধারণ করিয়াছে এবং উহার পার্শ্বে পাণ্ডুর মেঘসবর্ণ ভীষণ নিম্বন সম্পন্ন দেবদত্ত শন্থা বিশ্বমান রহিয়াছে। ঐ দেখুন, রথরশ্মিধারী রণচারী জনার্দনের পার্শ্বে মার্তিগুপ্রভ যশোবর্দ্ধন ক্ষুরধার চক্র ও শশধরের ন্যায় শুল্র পাঞ্চলত শন্থা এবং বক্ষস্থলে জাজ্ল্যমান কৌস্তুভ্যণি ও বিজয়প্রদ মাল্য শোভা পাই-ক্রছে। যতুবংশীয়েরা সর্ব্বদা উহার চক্রের অর্চনা করিয়া থাকেন।

ঐ দেখুন, মহাবীর অর্জ্জুন ক্ষুরাস্ত্রে করিগণের সরল রক্ষ সদৃশ কর সমুদায় ছেদনপূর্বক উহাদিগকে আরোহিগণের সহিত সংহার করাতে উহার। বজ্রবিদারিত পর্বতের স্থায় নিপতিত হইতেছে। একণে মহা-র্থাগ্রগণ্য ধনঞ্জয় বাহ্মদেবদৃঞ্চালিত শ্বেতাশ্বযুক্ত রথে আরোহণপূ**র্বকে শক্র** দৈভাগণকে বিদ্রোবিত করত সমরাঙ্গনে আগমন করিতেছেন, সন্দেহ নাই। ঐ দেখুন, অসংখ্য রথ, হস্তী ও পদাতি পুরন্দর সদৃশ প্রভাবসম্পন্ন ধনঞ্জয়ের শরনিকরে বিদ্রোবিত হইয়া গরুড়ের পক্ষবায়ুবিপাটিত মহাবনের স্থায় নিপতিত হইতেছে। এক্ষণে অশ্ব ও সার্থি সমবেত চারি শত র্থ, সাত শত হস্তী এবং অসংখ্য সাদি ও পদাতি নিহত হইয়াছে। ঐ দেখুন, মহাবীর ধনঞ্জয় কৌরবগণকে সংহার করত আপনার সমাপে আগমন করি-তেছেন। এক্ষণে হে ভীমদেন! আপনার শত্রু সকল বিনষ্ট ও মনোরও পরিপূর্ণ হইল। আপনার আয়ু ও বল রুদ্ধি হউক। তথন ভীমদেন সার-থির বাক্য শ্রেবণ করিয়া কহিলেন, হে বিশোক ! তুমি আমারে অৰ্জ্জুনের অাগমন বার্ত্তা বিজ্ঞাপিত করাতে আমি তোমার প্রতি নিতান্ত প্রসন্ন হইয়া এই প্রিফ় সংবাদ প্রদান নিবন্ধন তোসারে চতুর্দশ গ্রাম, এক শত দাদী এবং বিংশতি রথ প্রদান করিব।

## অষ্টসপ্ততিতম অধ্যায়।

হে মহারাজ ! এ দিকে মহাবীর অর্জ্জুন সংগ্রামন্থলে রথ নির্ঘোষ ও
সিংহনাদ শ্রেবণ করিয়া বাস্তদেবকে কহিলেন, হে গোবিন্দ ! তুমি সত্তরে অশ্ব

'সঞ্চালন কর। তথন বাস্তদেব কহিলেন, ছে ধনপ্রয়! যে স্থানে ভীমদেন অবস্থান করিতেছেন, অচিরাৎ তোমারে তথায় লইয়া ঘাইতেছি, এই বলিয়া তিনি তুবার শন্ধ ধর্বল মণিমুক্ত। ভূষিত স্তথর্ণজালজড়িত অশ্ব সকলকে বায়ু-বেগে সঞ্চালন করিতে লাগিলেন। তথন সেই কৌরবদিগের চতুরঙ্গিনী সেনা জম্ভাত্মর সংহারার্থ প্রস্থিত নিতান্ত ক্রোধাবিষ্ট বজ্রধারী হ্ররাজ ইন্দ্রের স্থায় মহাবীর অর্চ্জুনকে বিজয় লাভাভিলাষে গমন করিতে দেখিয়া ক্রোধভরে তাঁহার প্রতি ধাবমান হইল। অনবরত নিক্ষিপ্ত শরনিকরের ভীষণনিস্বন রথ-চক্রের ঘর্ষর রব ও অশ্বগণের খুরশব্দে রণস্থল ও দিল্লগুল প্রতিধ্বনিত হইতে লাগিল। অনন্তর ত্রিলোক রক্ষার্থ অন্তরগণের সহিত বৈকুণ্ঠনাথ বিষ্ণুত্র যেরূপ যুদ্ধ হইয়াছিল, তদ্ধেপ কৌরবপক্ষীয় বীরগণের সহিত অর্জ্জুনের ঘোরতর যুদ্ধ আরম্ভ হটল। তথন মহাবীর ধনঞ্জয় একাকীই ক্ষুর, অর্দ্ধচন্দ্র ও নিশিত ভল্ল দ্ধারা বিপক্ষগণের বিবিধ আয়ুধ, ছত্র, চামূর, ধ্বজ, অশ্ব, রথ, পদাতি ও মাতঙ্গণকে বিনষ্ট করিয়া অরাতিগণের মস্তক ও ভুজদণ্ড খণ্ড ্করিতে লাগিলেন। বীরগণ অর্জ্জনের শ্রাঘাতে বিকৃতরূপ হইয়া বাযুবেগে উন্মূলিত অরণ্যানীর ন্যায় ভূতলে নিপতিত হইল। যোধ ও ধ্বজপতাকা সম্পন্ন স্থবর্ণকাল সমলক্ষত বৃহদাকার করিনিকর স্থবর্ণপুঙা শরনিকরে সমাচ্ছন হইয়া প্রজ্বলিত অচলের ন্যায় শোভা ধারণ করিল।

হন্তী, অশ্ব ও রথ বিদীর্ণ করিয়া বলাস্তর সংহারার্থে প্রস্থিত স্থররাজের ন্যায় সূতপুত্রের বিনাশ সাধনার্থে দ্রুতবেগে গমন করিতে লাগিলেন। অনস্তর তিনি মকর যেমন সাগরে প্রবেশ করে, তদ্রুপ বিপক্ষ সৈন্য মধ্যে প্রবিদ্ধ হইলেন। তথন কৌরবপক্ষীয় বীরগণ একান্ত হুন্টচিত্তে প্রভূত রথ, পদাতি, হন্তী ও অশ্ব সমভিব্যাহারে দ্রুতবেগে অর্জ্জুনের অভিমুখে গমন করিতে লাগিলেন। তাঁহাদিগের গমন সময়ে ক্ষুভিত মহাসাগরের জলকলোলের ন্যায় তুমুল্ কোলাহল সম্থিত হইল। এইরূপে সেই ব্যান্তের ন্যায় বিক্রম সম্পেষ্ক মহারথগণ প্রাণভয় পরিক্যাগ করিয়া পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনের প্রতি ধাবনান হইলে মহাবীর পাণ্ডুনন্দন প্রবল বায়ু যেমন জলদক্ষালকে সমাহত করে, তদ্ধপ তাঁহাদের সৈন্যগণকে নিপাড়িত করিতে লাগিলেন। তথন তাঁহারী

সকলে মিলিত হইয়। অর্জ্জুনের ক্তিমুখে আগমনপূর্বক তাঁহারে শরনিকরে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। মহাবার ধনঞ্জয় তাঁহাদের শরে আহত হইয়া ক্রোধভরে বিশিথজালে সহস্র সহস্র রথ, হস্তী ও অশ্ব ধ্বংস করিয়া ফেলিলেন। মহারথগণ পার্থণরে নিপাড়িত ও ভাঁত হইয়া স্পান্দহীনের ন্যায় স্ব স্থ রথে অবস্থান করিতে লাগিলেন। তথন মহাবার অর্জ্জুন নিশিত শরনিকরে সংগ্রামনিপুণ চাঁরি শত মহারথের প্রাণ সংহার করিলেন। হতাবশিষ্ট যোধগণ ধনপ্পরের নানাবিধ শরনিকরে নিপাড়িত হইয়া তাঁহারে পরিত্যাগপ্র্বিক দশ দিকে পলায়ন করিতে লাগিলেন। তাঁহাদের পলায়ন সময়ে বাহিনীমুখে গিরিসভ্য ট্রত জলধিজলের গভীর নিস্বনের ন্যায় তুমুল শব্দ সমুখত হইল। অনন্তর মহাবার অর্জ্জুন শরনিকরে সেই দৈন্যগণকে বিদ্ধ ও বিদারিত করিয়া সূত্পুজ্জের দেনাগণের প্রতি ধাবমান হইলেন। পূর্বে গরুড় নাগগণের প্রতি ধাবমান হইলে যেঁরপ ভীষণ শব্দ হুইয়াছিল, মহাবীর ধনঞ্জয় অরাতি দেনাগণের প্রতি ধাবমান হইতে লাগিল।

হে,মহারাজ । ঐ সময় বায়ুর ন্যায় বেগবান্ মহাবল পরাক্রান্ত পবননদন ভীমদেন সেই গভীর শব্দ শ্রবণে পরম প্রীত ও অর্জ্জনকে দেখিবার নিমিত্ত নিতান্ত উৎস্থক হইলেন এবং হস্তলাঘ্য প্রদর্শনপূর্বক প্রাণপণে স্থতীক্ষ্ণ শরনিকরে কৌরব সেন। সকলকে বিমাদ্দিত করত বায়ুবেগে সমরাস্থনে বিচরণ করিতে আরম্ভ করিলেন। কৌরব সৈন্যগণ সেই যুগান্তকালীন কৃতান্ত সদৃশ বুকোদরের অলোকিক পরাক্রম দর্শনে একান্ত ভীত ও শর্দনির নিতান্ত নিপীড়িত হইয়া ইতন্তত বিঘূর্ণিত ও ভগ্ন অর্ণবিধানের ন্যায় বিদীর্ণ হইতে সাগিল।

হে মহারাজ ! এইরূপে মহাবীর ভামদেন দেই কোরব দৈন্যগণকে বিমদিত করিতে আরম্ভ করিলে রাজা দুর্য্যোধন মহাধসুদ্ধর দৈনিক পুরুষ ও যোধগণকে কহিলেন, হে বীরগণ ! তোমরা অবিলম্বে ভীমদেনকে নিহত কর । ভীমদেন বিনফ হইলেই পাশুব দৈন্য নিঃশেষিত হইবে । দুর্য্যোধন এই-রূপ কহিলে ভূপালগণ তাঁহার আদেশানুসারে চতুদ্দিক্ হইতে শ্রানকর নিকেপ করত ভামদেনকে সমাচহন্ন করিয়া ফেলিলেন । অসংখ্য হন্তী, রথা ও পদাতি স্বকোদরকে পরিবেষ্টন করিল । তথন তিনি নক্ষত্র পরিবেষ্টিত

পরিবেষমধ্যপত পূর্ণচক্তের ন্যায় শোভা ধারণ করিলেন। অনস্তর নরপাল-গণ সকলে সমবেত হইয়া রোষারুণিত নেত্রে রুকোদরের বিনাশ বাসনায় তাঁহার উপর অন্বরত শর বর্ষণ করিতে লাগিলেন। তখন কৃতান্ত সদৃশ প্রভাব দম্পন্ন মহাবীর ভীমদেন দন্ধতপ্র শরনিকরে দেই প্রভূত দৈন্য বিদারণপূর্বক মহাজাল বিনিগ্ত মৎস্তের ন্যায় তাহাদের মধ্য হইতে বহির্গত হইলেন এবং অবিলম্বে দশ সহস্র অনিবার্য্য হস্তী, তুই লক্ষ ছুই শত মনুষ্য, পাঁচ সহত্র অশ্ব ও এক শত রথ বিনাশ করিয়া সংগ্রামস্থলে বৈতরণী নদীর স্থায় ভীরুজনের ভয়বর্দ্ধন শোনিত্রনদী প্রবাহিত করিলেন। র্থ সমুদায় ঐ নদীর আবর্ত্ত, হস্তী দ্কল গ্রাহ, মকুষ্যগণ মীন, অশ্ব সমুদায়। নক্র, কেশকলাপ শৈবাল ও শাঘল, মজ্জা পঙ্ক, মস্তক সমুদায় উপলথণ্ড, কার্ম্মুকনিচয় কাশকুস্থম, শরনিকর নিম্নোন্ধত ভূমি, উফীষ ফেনা, হারাবলি পদ্ম, পার্থিবরজ তরঙ্গমালা এবং ছত্তে ও ধর্বজ উহার হংদ স্বরূপ শোভমান হইল। ঐ নদা ভীরু জনের নিতান্ত হুন্তর; কিন্তু বলবিক্রমসপ্রাম নিভীক-চিত্ত বীরগণ উহ। অনায়াদে দমুত্তীর্ণ হইতে পারেন। হে মহারাজ। ঐ দময় র থসত্তম ভীমদেন যে যে স্থানে প্রাবেশ করিলেন, দেই দেই স্থানেই অদংখ্য ঘোধ বিনষ্ট হইল।

তথন রাজা তুর্য্যোধন ভীমদেনের সেই অস্তুত কার্য্য দর্শনে শকুনিরে কহিলেন, হে মাতুল! তুমি অবিলম্বে মহাবল পরাক্রান্ত ভীমদেনকে পরাজয় কর। উহারে জয় করিতে পারিলেই সমুদায় পাণ্ডব দৈন্য পরাজিত হইবে।

হে কুরুরাজ ! প্রবল প্রতাপশালী স্থবলনন্দন শকুনি ছুর্য্যোধনের বাক্যু প্রবানস্থর আতৃগণে পরিবেষ্টিত হইয়া সমরে অবতীর্ণ হইলেন এবং তীরভূমি যেমন সমুদ্রবেগ নিবারণ করে, তদ্রপ রকোদরের অভিমুখীন হইয়া তাঁহারে নিবারণ করিতে লাগিলেন। মহারার রকোদর শকুনির শরনিকরে নিবারিত হইয়া তাঁহার অভিমুখীন হইলেন। তথন স্থবলনন্দন বুকোদরের বক্ষস্থলে স্থবর্ণপুষা শিলাশানিত নারাচনিকর নিক্ষেপ করিলেন। নারাচ সকল মহান্তা ভীমসেনের বক্ষস্থল বিদীর্ণ করিয়া ভূতলে নিপ্তিত হইল। তথন ভীমসেন অভিমাত্ত বিদ্ধাত রোষভরে শকুনির প্রতি এক স্থবর্ণ বিভূষিত ঘোরতর সায়ক প্রয়োগ করিলেন। স্থবলনন্দন দেই ভীষণ শর্ম

সমাগত সন্দর্শন করিয়া হস্তন্ধাবৰ প্রদর্শনপূর্বক সপ্তথা ছেদন করিয়া ফেলিলেন। মহাবীর ভীমদেন তদ্দর্শনে নিতান্ত ক্রুদ্ধ হইয়া হাস্ত করক এক ভল্লে শকুনির শরাসন ছেদন করিলেন। প্রবল প্রতাপ শকুনিও অবিলম্বে দেই ছিম কার্ম্মুক পরিত্যাগ এবং অন্ত শরাসন ও সমতপর্বে ষোড়ণ ভল্ল গ্রহণপূর্বক তুই ভল্লে ভীমের ছত্রে ও এক ভল্লে ধ্বজ ছেদন করিয়া সাত ভল্লে তাঁহারে, কুই ভল্লে সার্থিরে এবং চারি ভল্লে চারি অশ্বকে বিদ্ধ করিলেন। জ্বন্দর প্রবল প্রতাপশালী ভীমদেন যৎপরোনান্তি ক্রোধাবিষ্ট হইয়া শকুনির প্রতি এক স্থবর্ণদণ্ড লোহময় শক্তি নিক্ষেপ করিলেন। দেই ভীমভুজ নির্ম্মুক্ত ভুজগজিহবার তায় চঞ্চল ভীষণ শক্তি মহাবেগে শকুনির উপরি নিপতিত হইল। শকুনি তদ্দর্শনে ক্রোধাবিষ্ট চিত্তে দেই শক্তি গ্রহণপূর্বক ভীমদেনের উপর নিক্ষেপ করিলেন। তথন সেই কনকভূষিত ভীষণ শক্তি ভীমদেনের বামবান্থ বিদারণপূর্বক নভোমগুলচুতে বিচ্যুতের তায় ভূতলে শনিপতিত হইল। তদ্দর্শনে কৌববগণ চতুদ্দিক্ হইতে সিংহনাদ করিতে লাগিলেন।

হে মহারাজ! মহাবল পরাক্রান্ত ভাগদেন কোরব বীরগণের সেই

সিংহনাদ সন্থ করিতে না পারিয়া সজরে জ্যাযুক্ত অন্য শরাসন গ্রহণপূর্বক

ইতন্তত বিচরণ করত প্রাণপণে মুন্তুর্ত্তমধ্যে শরজালে শকুনির সৈন্যগণকে

সমাচ্ছম করিলেন এবং অবিলম্বে স্থবলনন্দনের চারি অশ্ব ও সার্থিরে বিনাশপূর্বক এক ভল্লে তাঁহার রথধ্বজ ছেদন করিয়া ফেলিলেন। তখন মহাবীর

শকুনি সেই অশ্বশৃত্ত রথ পরিত্যাগপূর্বক ভূতলে অবতীর্ণ হইয়া দীর্ঘনিশ্বাস

পরিত্যাগ ও শরাসন বিক্ষারিত করিয়া রোষাক্রণ নেত্রে চতুর্দ্দিক্ হইতে
ভামসেনকে শরজালে সমাচ্ছম করিলেন। প্রবল প্রতাপ ভাগদেন তদ্দর্শনে

অবিশয়ের স্থবলনন্দনের শরজাল নিরাক্ত করিয়া ক্রোধারিক চিত্তে তাঁহার

শরাসন ছেদন্দপূর্বক ভাঁহারে নিশিত শরে বিদ্ধ করিতে লাগিলেন। মরাতিকর্ষণ শকুনি রুকোদরের প্রহারে অভিমাত্র বিদ্ধ হইয়া মৃতের ন্যায় ভূতলে

নিপতিত হইলেন। ঐ সময় আপনার পুত্র তুর্য্যোধন শকুনিরে বিহ্বল

অবলোকন করিয়া ভীমসেনের সমক্ষেই তাঁহারে রথে আরোপিত করিলেন।

ক্ষীরবরণণ শকুনিরে তদবক্ষ অবলোকনপূর্্ত্বক সমরপরাত্ম্ব হইয়া ভীতাঁচিত্তে

চতুর্দিকে পলায়ন করিতে লাগিলেন। হে কুরুরাজ! রাজা তুর্ষ্যোধনও শকুনিরে ভীম কর্তৃক পরাজিত দেখিয়া একাস্ত ভয়াবিষ্ট চিত্তে মাতুলের জীবিত রক্ষা প্রভ্যাশায় ভাঁহারে লইয়া দমারাঙ্গন হইতে অপস্ত হইলেন।

কৌরব সৈন্যগণ নরপতিরে রণপরাত্ম্ অবলোকন করিয়া ছৈরথ যুদ্ধ
পরিত্যাগপূর্বক চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিল। মহাবীর ভীমসেন
তাহাদিগকে সমরপরাত্ম্য ও পলায়ন পরায়ণ অবলোকন করিয়া অসংখ্য
শর বর্ষণ করত মহাবেগে তাহাদিগের প্রতি ধাবমান হইলেন। তথন সেই
কৌরব সৈন্যগণ ভীম শরে নিভাস্ত নিপীড়িত হইয়া সূতপুজ্রের আশ্রায় গ্রহণ
করিল। হে মহারাজ! ভগ্ন নৌকাসংস্থিত নাবিকেরা যেমন দ্বীপ প্রাপ্ত
হইয়া আশ্রাদ যুক্ত হয়, তদ্ধেপ কৌরব সৈন্যগণ তৎকালে মহাবল পরক্রান্ত
করিক আশ্রায় করিয়া আশ্রাদিত হইল এবং পর্যাহ্লাদ সহকারে পুনরায়
প্রাণপণে যুদ্ধ করিতে লাগিল।

# . একোনাশীতিতম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—তে দঞ্জয়! মহাবীর রকোদরের প্রভাবে কৌরব পক্ষীয় সৈনাগণ ভয় হইলে তুর্য্যোধন, শকুনি, কর্ণ, কৃতবর্মা, অশ্বত্থামা, তুঃশাসন ও আমাদের পক্ষীয় অন্যান্য যোধগণ কি করিলেন ? ভীমদেন একাকী সমুদায় যোধগণের সহিত যুদ্ধ করাতে তাহার পরাক্রম অতি অস্কুত বলিয়া প্রতীয়মান হইতেছে। শক্রদূদন কর্ণ সমস্ত কৌরবগণের সঙ্গন, বর্মা, যশ ও জীবিতাশা স্বরূপ। সে কি ঐ সময় আপনার প্রতিজ্ঞান্তরূপ যোধ-গণকে বিনাশ করিল ? হে দঞ্জয়! ভীমদেনের প্রভাবে কৌরব সৈন্য ভয় হইলে আমার তুর্দ্ধর পুত্রগণ, মহারথ ভূপতিগণ ও সূত্রপুত্র কর্ণ কি করিল ? তৎসমুদায় আমার নিকট কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন, মহারাজ! সেই অপরাহ্ন সময়ে মহাবল পরাক্রান্ত কর্ণ ভীমদেনের সমক্ষে সমুদায় সোমকগণকে নিপীড়িত করিতে আরম্ভ করিলেন। রুকোদরও কৌরব সৈন্যগণকে ধ্বংস করিতে লাগিলেন। তথ্ন সূতপুত্র ভীমদেন কর্তৃক্ স্বীয় সৈন্য সমুদায় বিদ্রাবিত দেখিয়া লল্যকে কহিলেন, হে মন্তরাজ! আমারে অবিলম্বে পাঞ্চালগণের অভিমুখে লইয়া চল। মহাবল পরাক্রান্ত মন্তরাজ কর্ণের বাক্য প্রবণে চেদি, পাঞ্চাল হি কার্মাদিশের অভিমুখে সেই মনোমারুতগামী খেতাখ সকল সঞ্চালন করিতে লাগিলেন এবং অবিলয়ে অরাতি সৈন্যগণের মধ্যে প্রবেশপূর্বক সূতপুত্র যে যে হানে গমন করিতে অভিলামী হইলেন, সেই সেই স্থানে রথ সমানীত করিলেন। পাণ্ডব ও পাঞ্চালগণ কর্ণের সেই ব্যাঅচর্মান্ত মেঘ সদৃশ রথ সন্দর্শন করিয়া একাস্ত ভীত হইলেন। তৎকালে বিদীর্ণ পর্বত ও মেঘের ন্যায় সেই রথের ঘোরতর নির্ধোষ প্রাত্ত ভূতি ইইল। মহাবীর কর্ণপ্র আকর্ণ-পূর্ণ স্থতীক্ষ শরনিকরে শত শত সহস্র সহস্র পাণ্ডব সৈন্য নিশীড়িত করিতে লাগিলেন।

হে মহারাজ! মহাবীর সূতপুত্র সমরে এইরপ দারুণ কার্য্যে প্রিবৃত্ত হইলে পাণ্ডব পক্ষীয় মহারথ শিথণ্ডী, ভীমদেন, ধৃষ্টকুন্নে, নকুল, সহদেব, দাত্যকি ও দ্রৌপদীর পাঁচ পুত্র শরজাল বর্ষণপূর্বক তাঁহারে নিপীড়িত করত চহুদ্দিক্ হইতে পরিবেষ্টন করিতে লাগিলেন। ঐ সময় মঝাবীর সাত্যকি বিংশতি ও ভীমদেন শত বাণে কর্ণের জক্রদেশ আহত এবং শিথণ্ডী পঞ্চবিংশতি, ধৃষ্টকুন্ন সাত, দ্রৌপদীতনয়গণ চতুঃষ্ঠি, সহদেব সাত ও নকুল এক শত বাণে তাঁহারে বিদ্ধ করিলেন। তথন মহাবল পরাক্রান্ত সূত্রনন্দন শরাদনে টক্ষার প্রদান ও নিশিত শরনিকর পরিত্যাগপূর্বক জাঁহাদিগের প্রত্যেককে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করত নিমেষ মধ্যে সাত্যকির ধ্বজ ও শরান্যন ছেদন করিয়া ফেলিলেন এবং নয় বাণে তাঁহার বক্ষন্থল আহত ও ত্রিংশং শরে ভীমদেনকে বিদ্ধ করিয়া ভল্ল দ্বারা সহদেবের ধ্বজ ছেদন ও তিন বাণে তাঁহার সারথিরে নিপীড়নপূর্বক দ্রৌপদেরগণকে রথবিহীন করিলেন। তদ্দর্শনে সকলেই চমৎকৃত হইল।

এইরপে সূতপুত্র শরনিকরে মহারথগণকে বিমুখ করিয়া মিশিত সায়ক দারা মহাবীর পাঞ্চাল ও মহারথ চেদিগণকে নিশীড়িত করিতে লাগিলেন। মহাবল পরাক্রান্ত চেদি ও পাঞ্চালগণ কর্ণের শরে নিশীড়িত হইয়া ক্রোধ-ভরে তাঁহার অভিমুখে গমনপূর্বক তাঁহার প্রতি ম্নবরত শর বর্ষণ করিতে আরম্ভ, করিল। মহারথ কর্ণও নিশিত শ্রনিকরে তাহাদিগকে নিশীড়িত ও নিবারিত করিতে লাগিলেন। হে মহারাজ! তৎকালে প্রতাপশালী শূতপুত্র একাকী সমরে শর বর্ষণপূর্বক সংগ্রামে যত্নশীল পাণ্ডব পক্ষীয় ্ অসংখ্য ধসুর্দ্ধরকে নিবারণ্ করিতেছেন দেখিয়া আমি নিতান্ত আশ্চর্যান্থিত হইলাম। মহাত্মা কর্ণের হস্তলাঘব দর্শনে দেব, সিদ্ধ ও চারণগণ পরম পরিতুষ্ট হইলেন এবং মহাধসুর্দ্ধর কৌররগণও সেই ধসুর্দ্ধরাগ্রগণ্য মহারথ সৃতপুত্রকে বারংবার প্রশংসা করিতে লাগিলেন।

হে মহারাজ! ঐ সময় মহাবার সূতপুত্র গ্রীষ্মকালান কক্ষদহন দহনের স্থায় শরশিখায় অরাতি দৈন্তগণকে দগ্ধ করিতে আরম্ভ করিলেন। সৈত্যগণ কর্ণ শরে নিপীড়িত হইয়া তাঁহারে সন্দর্শন করত ইতস্তত পলায়ন করিতে লাগিল। পাঞ্চালগণ মৃতপুজের সায়কে নিতান্ত ব্যথিত হইয়া তুর্মূল আর্ত্তনাদ করিতে আরম্ভ কবিল। অন্যান্য পাণ্ডব সৈন্যের। সেই শব্দ শ্রেবণে শক্ষিত হইয়া কর্ণকে অদ্বিতীয় যোদ্ধা বলিয়া বোধ করিতে লাগিল। তথন শক্তনিসূদন রাধেয় পুনর্কার এরূপ অদ্ভূত পরাক্রম প্রকাশ করিলেন যে, পাণ্ডব সৈন্যগণ ভাঁহারে দর্শন করিতেও সমর্থ ইইল ন।। তাঁহার। সূতপুত্রের সহিত মিলিত হইয়। পর্বতলগ্ন জনরাশির ন্যায় ইতস্তত বিকীর্ণ হইতে লাগিল। তখন মহাবাহু কর্ণ প্রত্ত্বলিত পাবকের ন্যায় পাগুব সৈন্যগণকে দগ্ধ করিতে আরম্ভ করিলেন। তাঁহার শরনিকরে বিপক্ষ বীর-গণের মস্তক, কুণ্ডলাম্বিত কর্ণ, বাহু এবং হস্তিদন্তনির্দ্মিত মৃষ্টি সম্পন্ন খড়গ, ধ্বজ, শক্তি, অশ্ব, গজ, রথ, পতাকা, ব্যজন, অক্ষ, যুগযোক্ত্র ও চক্র সমুদায় অন্বয়ত নিকৃত হইতে লাগিল। তাঁহার সায়কে নিহত প্রভূত গজবাজি ও ভাহাদের মাংশশোণিতসঞ্জাত কর্দমে সমরাঙ্গম তুর্গম হইয়। উঠিল। চতুরঙ্গিণী দেন৷ নিহত ও নিপাতিত হওয়াতে সম কি বিষম কিছুই নির্দ্ধারিত **হটল না। ঐ সম**য়ে কর্ণের মন্ত্রপ্রভাবে সমরভূমি অন্ধকার সমাচ**ছন হ**ইলে যোধগণ কে আত্মীয়, কে পর কিছুই বুঝিতে পারিলেন না। অনন্তর সূত-নন্দন স্বৰ্ভ দ্বিত শ্রনিকর দ্বারা পাগুবপক্ষায় মহারথগণকে সমাচ্ছন " করিতে আরম্ভ করিলে তাঁহার। বারংবার ভগ্ন হইতে লাগিলেন,। মহারাজ! যেরূপ অরণ্যে মুগেন্দ্র ক্রুদ্ধ হইয়া মুগযুধকে বিদ্রাবিত করে, তজ্ঞপ এশস্থী সূতপুত্র মহারথ পাঞ্চালগণকে বারংবার বিদ্রোবিত করত পশুহস্তা ব্রকের ন্যায় তাহাদিগকে ভয় প্রদর্শনপূর্বক সংহার করিতে আরম্ভ করিলেন। কৌশ্লব পক্ষীয় যোধগণ পাগুব সেনাদিগকে পরাত্মথ দেখিয়া

সিংহনাদ করত তাহাদের প্রতি ধাবমান হইল। মহারাজ তুর্য্যোধন গ্রতিশয় আহলাদিত হইয়া নান।বিধ বাদিত্র নিম্বন করিতে আদেশ করিলন। তথন মহাধসুর্দ্ধর পাঞ্চালগণ ভয়াস্ত্র হইয়াএ বীরপুরুষের ন্যায় প্রাণপণে য়ুদ্ধ করিতে লাগিল। শক্তবাপন কর্ণও তাহাদিগকে বারংবার ভয় করিয়া শরনিকরে বিংশতিজন পাঞ্চাল ও শতাধিক চেদির প্রাণ সংহার করিলেন। তাহার শরে বিপক্ষগণের রথোপন্থ, বাজিপৃষ্ঠ ও গজক্ষম নিশ্মসুষ্য এবং পদাতি দকল বিদ্রুত হইতে লাগিল। তথন তিনি মধ্যাহ্ণ-কালীন তুর্নিরীক্যা সূর্যের ন্যায়,কালান্তক যমের ন্যায় শোভমান হইলেন।

হে মহারাজ! অরাতিঘাতন মহাধমুর্দ্ধর রাধেয় এইরূপে পাওবপক্ষীয় চতুরঙ্গিণী দেনা নিপাতিত করিলেন। বলবান্ কৃতান্ত যেমন প্রাণিগণকে সংহার করেন, তজ্ঞপ মহারথ কর্ণ একাকী সোমকগণকে নিহত করিয়া সমরে অবস্থান করিতে লাগিলেন। ঐ সময় আমরা পাঞ্চালদিগেরও অন্তুত পরাক্রম অবলোকন করিলাম। তাহারা সমরাঙ্গনে নিতান্ত নিপীড়িত হইয়াও, কর্ণকে পরিত্যাগপূর্বক পলায়ন করিল না। হে মহারাজ! ঐ অবস্রো মহাবল পরাক্রান্ত রাজা হুর্য্যোধন, হুঃশাসন, কুপ, অশ্বত্থামা, কৃত্তর্ম্মা এবং শকুনি ইহারাও অসংখ্য পাগুবদেনা নিহত করিতে লাগিলেন। কর্ণের বলবিক্রমশালী পুত্রদ্বয় ক্রুদ্ধ হইয়া ইতন্তত পাগুবদেনা নিপীড়িত করিতে লাগিলেন। পাগুব পক্ষীয় মহাবীর মৃক্তরুদ্ধ, শিখণ্ডী এবং জ্রোপদিনির পুত্রগণও কোপাবিন্ত ইয়া কৌরব সৈন্যগণকে সংহার করিতে আরম্ভ করিলেন। হে মহারাজ! এইরূপে সেই ভীষণ সংগ্রাম আরম্ভ হইলে কর্ণ প্রভৃতি বীরগণের প্রভাবে পাগুব পক্ষীয় ও ভীমদেন প্রভৃতি বীরগণের প্রভাবে পাগুব পক্ষীয় ও ভীমদেন প্রভৃতি বীরগণের

হে মহারাজ! ঐ সময় অরাতিঘাতন অর্জ্বন শহারণে কৌরব পক্ষীয়
চতুরঙ্গিণী সেনা নিপাতিত করিলেন। তাঁহার শর্নিকরে অসংখ্য সৈন্য
নিহত, হল্যাতে সংগ্রামন্থানে বীরজনের স্থাতর, ভীরুগণের হুতার শোণিত
নদী প্রবাহিত হইল। মাংস, মজ্জা ও অন্থি সকল ঐ নদীর পকা; নরশিস্তক সমুদায় উহার উপলথও; হস্তী, অশ্ব ও রথ সমুদায় তীর স্বরূপ;

·আ গণতা সকল হংস; হার সকল পদ্ম; উষ্ণীয় সমুদায় ফেনা; শরাসন সকল শরবন; রথ সমুদায় উদ্পুপ এবং বর্মাও চর্মা সকল উহার আবর্ত স্বরূপ বোধ হইতে লাগিল।, বীরগণ রক্ষাসমুদায়ের ন্যায় উহার স্রোতে প্রবাহিত হইতে লাগিলেন এবং কাক ও গৃধুগণ উহার উভয় পার্যে ভীষণ রবে চীৎ-কার করিতে আরম্ভ করিল।

অনস্তর মহাবীর ধনপ্পয় 'কর্ণকে ক্রোধান্থিত দেখিয়া বাস্থানেবকে কহিলেন, হে কৃষ্ণ ! ঐ দেখ, সূতপুজের ধ্বজ লক্ষিত হইতেছে । ভীমসেন প্রস্তৃতি বীরগণ উহার সহিত যুদ্ধ করিতেছেন । পাঞ্চালগণ কর্ণের প্রভাবে ভাত হইয়া ইতস্তত ধাবমান হইতেছে । ঐ দেখ, রাজা হুর্য্যোধন খেতাতপত্রে পরিশোভিত হইয়া কর্ণনায়ক নিভিন্ন পাঞ্চালগণকে বিদ্রাবিত করিতছে । মহারথ কৃপ, কৃতবর্মা ও অশ্বর্থামা সূতপুজ কর্তৃক রক্ষিত হইয়া হুর্য্যোধনের রক্ষার প্রবৃত্ত হইয়াছেন । আমরা উহাদিগকে নিধন না করিলে উহারা নিশ্চয়ই দোমকগণকে সংহার করিবেন । ঐ দেখ, রাশ্মগ্রহণ বিশারদ মদ্রেরাজ শল্য সূতপুজ্রের রথ সঞ্চালন করি । আমি সূতপুজ্রকে সংহার না করিয়া ক্রদাপি সমরাঙ্গন হইতে প্রতিনিক্ত হইব না । যদি আমি এক্ষণে কর্নের অভিমুথীন না হই, তাহা হইলে ঐ হুরাজ্যা নিশ্চয়ই আমাদিগের সমক্ষে স্প্রের ও পাণ্ডব পক্ষীয় মহরথগণকে নিঃশেষিত করিবে ।

হে মহারাজ! মহাত্মা বাহ্নদেব ধনঞ্জয় কর্তৃক এইরপ অভিহিত হইয়া তাঁহারে কর্পের দহিত ছৈরথ মুদ্ধে প্রবর্তিত করিবার মানদে সূতপুজের অভিমুখে রথ সঞ্চালন করিতে লাগিলেন। পাণ্ডব দৈলগণ তদ্ধনি আখাদযুক্ত হইল।" তথন পুরক্ষরের বজের লায়, জলধির তরঙ্গের ন্যায় মহাবার ধনঞ্জয়ের রথের ভীষণ নির্ঘোষ ইইতে লাগিল। সত্যবিক্রম মহাত্মা অর্জ্নেন কৈরব দৈন্যগণকে পরাজিত করত কর্ণ স্মীপে ধাবমান ইইলেন।

তথন মদ্রাধিপতি শল্য কৃষণারথি খেতাথ অর্চ্ছানের বানরধ্বজ নিরীক্ষণ করিয়া কর্ণকৈ কহিলেন, হে রাধেয়! তুমি যাহার অনুসন্ধান করিভোছিলে, ঐ সেই কৃষ্ণসারথি খেতাখ ধনঞ্জয় গাণ্ডীব ধারণপূর্বক শক্রণণকে নিপাড়িত করত আগমন করিতেছে। যদি আজি উহারে নিপাতিত করিজে পার, তাহা

हरेलरे आंगाएनत मन्नल लांख श्रीरत। अर्ज्यून कोत्रत शकीय धरूर्व्वतंशनरक নিপীড়িত ক্রত আমারেই আক্রমণ করিবার নিমিত্ত আগমন করিতেছে; অতএব তুমি অবিলম্বে উহার প্রতি গমন কর। ঐ কৌরব সেনাগণ শত্রু-चाउन व्यक्क्रानतं ভरा प्र प्रकृपितक विकीर्ष श्रेराजरह । धनक्षाय अ छैशानिशतक পরিত্যাগপূর্বক তোমার অভিমুখে ধাবমান হইয়াছে। একণে স্পষ্টই বোধ হইতেছে যে, অমর্ষপরায়ণ অর্জুন তোনা ভিন্ন অন্য কোন ব্যক্তির দহিত সংগ্রাম °করিবে না। ঐ মহাবীর ভীমদেনকে নিতান্ত নিপীড়িত, ধর্মরাজকে বিরথ ও ক্ষতবিক্ষত এবং শিখণ্ডী, সাত্যকি, ধৃষ্টত্যুল্ল, যুধা<u>মুক্</u>যু উত্তর্মোজ়া, নকুল, সহদেব ও দ্রৌপদীতনয়গণকে পরাজিত অবলোকন করিয়া কৌরবপক্ষীয় সমুদায় পার্থিবগণের বিনাশ সাধনার্থ অন্যান্য দৈন্য-গণকে পরিত্যাগপূর্বক রোষরক্ত নয়নে মহাবেগে আমাদিগেরই প্রতি ধাব-মান হইতেছে; অত্এব সন্তবে তুমি উহার প্রতি গমন কর। ইহলোকে ভূমি ভিন্ন আর কেহই ক্রোধপরায়ণ ধনঞ্জয়কে সমরে আক্রমণ করিতে সমর্থ নহে। ঐ দেখ, মহাবীর কুন্তীনন্দন একাকী তোমার প্রতি ধাবমান হই-তেছে, কেহই উহার পৃষ্ঠ বা পার্খদেশ রক্ষা করিতেছে না। অতএব এক্ষণে তুমি আপনার কার্য্য দিদ্ধির উপায় দেখ। তুমিই দংগ্রামে বাস্তদেব ও অর্জ্জ্নকে আক্রমণ করিতে পারিবে; ঐ ভার তোমার উপরই অর্পিড হইয়াছে; অতএব তুমি অবিলম্বে ধনঞ্জয়ের প্রতি গমন কর। তুমি ভীর্মা, দ্রোণ, অশ্বত্থামা e কুপের সদৃশ, অতএব এই মহাসংগ্রামে লেলিহান সর্পের ন্যায়, গর্জ্জনশীল ঋষভের ন্যায় ও বনস্থিত ভীষণ ব্যান্তের ন্যায় প্রভাবসম্পন্ন ধনঞ্জয়কে নিবারণপূর্বক সংহার কর। ঐ দেখ, কৌরবপক্ষীয় মহারখ স্পালগণ অর্জ্বনের ভয়ে সমরনিরপেক হইরা পলায়ন করিতেছেন। এ সময়ে তুমি ভিন্ন আর কেহই ভাঁহাদিগের ভয় নিবারণে সমর্থ নহেন। কৌরবগণঃ এই সমরসাগরে দ্বীপের ন্যায় তোমার আশ্রের গ্রহণপূর্বক অব-<sup>স্থান</sup> করিতেছেন। অতএব ভূমি যেরূপ ধৈর্য্য সহকারে বৈদেহ, অম্বর্চ, কামোজ, নগ্নজিৎ ও গান্ধারগণকে পরাজয় করিয়াছ, দেইরূপ ধৈর্ঘ অবলম্বন-পূর্বক স্বীয় পুরুষকার প্রকাশ করত অর্চ্ছন ও বাহুদেবের প্রতি গমন কর। হ মহারাজ ! মহাবীর কর্ণ শল্য কর্তৃক এইরূপ অভিহিত হইয়া কহি-

লেন, হে মদ্রবাজ! তুমি একণে প্রকৃতিত ও আমার অভিমত হইয়াছ। ধনপ্রয় হইতে তোমার কিছুমাত্র ভয় নাই। আজি তুমি আমার ভুজবল ও অন্ত্রশিকা অবলোকন কর। মামি একাকাই সমুদায় পাগুবসৈন্য সংহার कतित। आकि कृष्ठ ও अर्ज्ञ्चनत्क विनाभ ना कतिया कलाह तथ्यल हरेट প্রতিনির্ক্ত হইব না। যুদ্ধে জয় লাভের কিছুই স্থিরতা নাই; শত এব হয় কুষ্ণ ও অর্জ্বনকে সংহার নচেৎ তাহাদিগের শরনিকরে প্রাণ পরিত্যাগ-পুর্বক সমর শধ্যায় শগ্ন করিয়া এককালে নিশ্চিন্ত হইবন তথন মদ্রেরাজ শল্য কর্ণের বাক্য শ্রবণগোচর করিয়া কহিলেন, ছে কর্ণ ! মহারথগণ সেই অৰ্জ্জনকে নিতান্ত হুর্জ্জয় বলিয়া নির্দেশ করিয়া থাকেন। সে একাকী থাকিলেও তাহারে আক্রমণ করা দহজ নহে। এক্ষণে আবার দে বাহ্নদেব কর্ত্তক রক্ষিত হইতেছে। এখন তাহারে পরাজয় করা কাহার সাধ্য। কর্ণ কহিলেন, হে শল্য ! আমিও শুনিয়াছি ষে, ধনঞ্জয় অপেকা উৎকৃষ্ট রথী আর কেহই নাই; তথাপি আমি দেই মহাবীরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব। একণে তুমি আমার পৌরুষ প্রত্যক্ষ কর। ঐ দেখ, পাণ্ডুতনর মহাবীর সর্জ্ব খেতাখ সংযোজিত রথে আরোহণপুর্বক রণস্থলে সঞ্চরণ করিতেছে। অদ্য হয় ত ঐ বীরই আমারে বিনাশ করিবে। আমি বিনক্ট হইলে কৌরব পক্ষীয় কোন যোদ্ধাই জীবিত থাকিবে না । হে মদ্ররাজ ! ধনঞ্জয়ের ভুজযুগল স্থণীর্ঘ ত্রণাঙ্কিত; উহা হইতে স্বেদজল নির্গত বা উহা কদাচ বিকম্পিত হয় না। দৃঢ়ায়ুধ মহাবীর অৰ্জ্বন অদিতীয় কুতী ও কিপ্রহস্ত। এই পৃথিবীতে উহার সদৃশ যোদ্ধা আর কেহই নাই। ঐ মহাবীর এক শরের স্থায় এককালে বহু-সংখ্য শর গ্রহণ ও অবিলম্বে সন্ধানপূর্বক এক ক্রোশ অস্তরে নিকেপ করিয়া থাকে। ঐ মহাবীর কুষ্ণের সমভিব্যাহারে থাগুবারণ্যে ভ্তাশনকে পরিতৃষ্ট করাতে তিনি বাহ্নদেবকে চক্র এবং উহারে গাণ্ডাব শরাদন, শ্বেতা-খযুক্ত মেঘগন্তীর নিষ্ঠন রথ, অক্ষয় তুণীর ও দিব্য শস্ত্র সমূদায় প্রদান করেন। **ঐ মহাবীর ইন্দ্রলোকে একত্র সমবেত লোকপালগণের নিকট পৃথক্ পৃথক্** अञ्च ६ (नरम् । अधाना कर्तिया अमः था काना क्या रेम जाना कि विनाम করিয়াছিল। অতএব এই পৃথিবীতে উহার তুল্য বলবীর্য্যসম্পন্ন আর কে আছে ? ঐ মহাবীর ধর্ম যুদ্ধে অস্ত্র ছারা দেবাদিদৈব মহাদেবের ভুষ্টি সাধন

করিয়া ত্রৈলোক্য সংহারকর একান্ত ভয়ঙ্কর পাশুপতান্ত্র লাভ করিয়াছে। ঐ মহাবীর একাকীই বিরাটনগরে সমবেত কৌরবপক্ষীয় বীরগণকে পরাজ্ঞয় করিয়া গোধন প্রত্যাহরণ ও মহারথদিগের বস্ত্র গ্রহণ করিয়াছিল। বিশেষত সকল লোক সমবেত হইয়া অযুত বৎসরেও যে শহাচক্রগদাপাণি জয়শীল গহাত্মা বাস্থদেবের গুণ বর্ণন করিয়া শেষ করিতে পারে না : সেই অনস্ভবীর্ষ্য অপ্রতিম প্রভাবসম্পন, দেবকীনন্দন ঐ মহাবীরকে সতত রক্ষা করিয়া থাকেন। একণে আমি দেই অশেষ গুণসম্পন্ন কৃষ্ণসহায় ধনঞ্জয়কে সংগ্রামে আহ্বান করিয়া আপনারে দর্কাপেক্ষা দাহদী জ্ঞান করিতেছি। মহাবীর বাহ-দেব ও ধনঞ্জয়কে এক রথে সমবেত দেখিয়া আমার অন্তঃকরণে ভয় সঞ্চারও হইতেছে। ধনঞ্জয় শরযুদ্ধে ও বাহ্নদেব চক্রযুদ্ধে অতিশয় স্থনিপুণ। যদিও হিমাচল স্বস্থান হইতে বিচলিত হয়, কিন্তু ঐ চুই মহাবীর কিছুতেই বিচলিত হইবার নহে। যাহ। হউক, একণে আমা ব্যতিরেকে ঐ মহাবল পরাক্রান্ত ্ মহারথঘয়ের নিকট যুদ্ধার্থ জার কে অগ্রসর হইবে ? আজি ধনঞ্জয়ের সহিত যুদ্ধ করিতে আমার যে অভিলাষ হইয়াছে, উহা অচিরাৎ পূর্ণ হইবে। আমি অবিলম্বেই অর্জ্জনের সহিত ঘোরতর বিচিত্র সংগ্রাম করিব। ঐ যুদ্ধে হয় আমি ঐ বীরদ্বয়কে বিনষ্ট করিয়া ভূতলে নিপাতিত করিব, না হয় উহারাই আমারে নিহত করিবে।

হে মহারাজ! মহাবীর কর্ণ এই বলিয়া জলধরের ন্যায় গন্তীর গর্জ্জন করিতে লাগিলেন। অনন্তর তিনি তুর্য্যোধন দমিধানে সমুপদ্তিত ও তৎ-কর্ত্বক অভিনন্দিত হইয়া তাঁহারে এবং কুপ, ভোজ, অনুজ দমবেত গান্ধার-রাজ শকুনি, অশ্বত্থামা, স্বীয় কনিষ্ঠ পুত্র এবং পদাতি, গজারোহী ও অশ্বা-রোহিগণকে দম্বোধনপূর্বক কহিলেন, হে বীরগণ! তোমরা বাহ্মদেব ও অর্জ্জনের প্রতি ধাবমান হইয়া তাহাদিগকে অবরুদ্ধ ও পরিপ্রাপ্ত কর। তোমরা ঐ বীর্দ্বয়কে শর্নিকরে সাতিশয় ক্তবিক্ষত করিলে আমি অরুদ্রেশ উহাদিগকে সংহার করিতে সমর্থ হইব। হে মহারাজ! তথন ঐ সমস্ত বীরেরা সূতপুত্রের আদেশানুসারে অর্জ্জনকে বিনাশ করিবার নিমিত্ত সম্বরে ধাবমান হইয়া শর্নিকর বর্ষণপূর্বক তাঁহারে সমাহত করিতে লাগিলেন। মহারীর অর্জ্কন্ত মহারাগর যেমন বহুল সলিল সম্পন্ধ নদ নদী সমুদারের

বেগ ধারণ করিয়া থাকে; তজ্ঞপ অনায়াদে । কৌরব পক্ষীয় বীরগণের শর-নিকর সহা করিলেন। অনস্তর তিনি বিপক্ষগণের উপর অনবরত শরনিকেপ করিতে লাগিলেন। তৎকালে তিনি যে কখন শর সন্ধান ও বর্ষণ করিতে লাগিলেন. শত্ৰুগণ তাহা কিছই অবগত হইতে সমৰ্থ হইল না। তখন অসংখ্য হস্তী, অশ্ব ও মনুষ্য তাঁহার শরে বিদীর্ণকলেবর ও নিহত হইয়া সমরাঙ্গনে নিপতিত হইতে লাগিল। ঐ সময় মহাবীর কুণ্ডানন্দন যুগান্ত-কালীন মার্ত্তরে ভায় শোভা ধারণ করিলেন। তাঁহার শর্মিকর কিরণ ও গাণ্ডীব শরাসন পরিবেশের ন্যায় শোভমান হইল। চক্ষুরোগ**পী**ড়িত ব্যক্তি যেমন দিবাকরকে নিরীক্ষণ ক্রিতে পারে না, তজ্ঞাপ কোরবগণ তাঁহারে অবলোকন করিতে সমর্থ হইলেন না।

অনন্তর মহাবীর অর্জ্জন হাস্তমুথে শরকাল বিস্তারপূর্বক জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসের মধ্যগত দিবাকর 'যেমন জ্বলরাশি বিশোষিত করে, তদ্ধাপ বিপক্ষ নিক্ষিপ্ত শরনিকর নিরাকৃত করিয়া স্বীয় তেজ প্রভাবে কৌরব সৈয় দক্ষ করিতে লাগিলেন। তথন মহাবীর কুপ, ভোজ, রাজা তুর্য্যোধন ও মহারথ অশ্বত্থামা, জলধর যেমন মহীধরের উপর বারি বর্ষণ করিয়া থাকে, তজ্ঞপ অনবরত অর্জ্জনের উপর শর্মিকর বিস্ক্রন করত তাঁহার প্রতি দ্রুত-বেগে ধাবমান হইলেন। মহাবীর ধনঞ্জয় জীবনান্তকর শরনিকর দ্বারা সেই শার সমূহ ছেদনপূর্বক তাঁহাদিগের প্রত্যেকের কক্ষয়লে তিন তিন বাণ বিদ্ধ করিলেন এবং গাণ্ডীব আকর্ষণপূর্বক বিপক্ষগণকে শরানলে নিতান্ত সন্তপ্ত করত জ্যৈষ্ঠ ও আঘাঢ় মাদের মধ্যগত পরিবেশ স্থাশেভিত প্রচণ্ড মার্ক্তের স্থায় শোভা পাইতে লাগিলেন।

অনস্তর মহারথ অত্থথামা দশ শরে ধনঞ্জাকে, চারি শরে তাঁহার চারি অশ্বকে ও তিন শরে বাস্থদেবকে বিদ্ধ করিয়া ধ্বজাগ্রন্থিত বানরের উপর<sup>ঁ</sup> নারাচনিকর বর্ষণ করিতে আরম্ভ করিলেন। মহাবীর ধনপ্রয় তদ্দর্শনে ক্রেদ্ধ হুইয়া তিনু শরে অশ্বন্ধার কার্শ্মুক, ক্ষুরান্ত ছারা তাঁহার সার্থির মন্তক ও চারি শরে অশ্বগণকে ছেদ্নপূর্বক তিন শরে তাঁহার ধ্বজদণ্ড থণ্ড খণ্ড করিয়া কেলিলেন। তথন মহাবীর অখ্যামা একাস্ত রোষাবিষ্ট হইয়া হীরকমণিসমলস্কৃত, স্বর্ণজাল জড়িত, তক্ষক দেহের স্থায় তেজ সম্পর্ম,

অদিতিটিশ্ব অজগরের ন্যায় প্রকাণ্ড এক মহামূল্য কার্ম্ম গ্রহণ করিলেন এবং উহাতে জ্যারোপণপূর্বক শরনিকর বর্ষণ করত অর্জ্জন ও বাহ্মদেবকে নিপীড়িত ও বিদ্ধ করিতে লাগিলেন। তথন বারিধর যেমন দিবাকরকে অবরোধ করে, তক্রপ মহাবীর কৃপ, ভোজ, তুর্য্যোধন ও অন্যান্য মহারথগণ শরনিকর বর্ষণপূর্বক ধনঞ্জয়কে অবরোধ করিলেন। কার্ত্রবীর্য্য সদৃশ বল-বীর্য্য সম্পন্ন মহাবীর অর্জ্জুন তদ্দর্শনে শরনিকর দ্বারা কৃপাচার্য্যের সম্পর শরাসন, অর্থ, ধ্বজ্ঞ ও সার্থিরে ছেদন করিয়া ফেলিলেন। হে মহারাজ ! পূর্বের গাঙ্গেয় যেমন অর্জ্জুনৈর অসংখ্য শরে নিপীড়িত হইগ্রাছিলেন, একণে কৃপাচার্য্য ও ত্ত্রপ একান্ড নিপীড়িত হইলেন।

অনস্তর মহাবীর অর্জ্জ্বন ফুর্য্যোধনকে সিংহনাদ পরিক্যাগ করিতে দেখিয়া তাঁহার ধ্বজ ও শরাদন ছেদন করিয়া কুতবর্মার অশ্বগণকে বিনষ্ট ও ধ্বজদণ্ড খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। অমস্তর তিনি অশ্ব, সার্থি, ধ্বজ ও শ্রাসন্যুক্ত ুর্থ সমুদায় এবং গ্রুষ্থকে নিপাতিত করিলেন। কৌরব সৈন্যগণ জলবেগ বিদীর্ণ সেতুর ন্যায় সমস্তাৎ বিকীর্ণ হইয়া পড়িল। ঐ সময় মহাত্মা কৃষ্ণ রণপীড়িত শক্রেগণকে অর্জ্জনের দক্ষিণ পার্ষে রাখিয়া রথ সঞ্চালন করিতে লাগিলেন। তথন অন্যান্য যোধগণ র্ত্তাস্থর নিধনোন্তত বাসবের ন্যায় মহাবীর ধনপ্রয়কে ধাবমান অবলোকন করিয়া উন্নত ধ্বজযুক্ত স্থকল্পিত রথে আরুঢ় হইয়া যুদ্ধ বাসনায় তাঁহার অনুগমন করিলেন। তদ্দর্শনে মহারথ শিখুগুী, সাত্যকী, নকুল ও সহদেব ধনঞ্জয়ের সমীপে গমনপূর্বক তাঁহার অরাতিগণকে নিবারণ ও শাণিত শরনিকরে বিদারণ করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তথন কৌরব ও স্ঞায়গণ পরস্পার ক্রোধাবিষ্ট হইয়া অবক্রগামী শায়ক **স্থার। পরস্পরকে প্রহার করিতে আরম্ভ করিলেন। পূর্ব্বকালে** অস্তরগণ যেমন দেবগণের সহিত যুদ্ধ করিয়াছিল, এক্ষণে কৌরবগণের সহিত স্ঞায়গ্রণের ডজেপ সংগ্রাম আরম্ভ হইল। উভয়পক্ষীয় হস্ত্যারোহী, আশ্বা-রোহী ও র্থিগণ জয় ও স্বর্গলাভে সমুৎস্কুক হইয়া সমরে গমন ও পরস্পার্কে প্রহার করত গর্জন করিতে লাগিল।

ৈ হে মহারাজ। ঐ সময় যোধগণ পরস্পারের প্রতি অনবরত শরনিকর নিক্ষেপ করাতে সূর্য্যের প্রভা তিরোহিত ও সমুদায় দিক্ বিদিক্ অন্ধকারাচ্ছন হইল।

#### একাশীতিতম অধ্যায়ণ।

হে মহারাজ ! অনন্তর মহাবীর ধনঞ্জয় প্রধান প্রধান কৌরব সৈন্সগণকে ভীমদেনের আক্রমণে প্রস্তুত দেখিয়া তাঁহার উদ্ধার বাসনায় সূত্পুত্রের সৈন্ত-গণকে বিমৰ্দ্দিত করত যমরাজের রাজধানিতে প্রেরণ করিতে লাগিলেন। ঐ সময় মহাবীর ধনপ্রয়ের শরজাল বিহঙ্গমকুলের ভায় নভোমগুল সমাচহয় করিল। মহাবীর কুন্তীনন্দন কোরবগণের অন্তক্ষরূপ হইয়া ভল্ল, ক্লুরপ্র ও বিমল নারাচ দ্বারা তাঁহাদের গাত্র ও মস্তক ছেদন করিতে লাগিলেন। ঐ দময় সমরভূমি ছিলগাত্র, ছিলমস্তক, কবচশূতা যোধগণের কলেবরে সমার্ত এবং ছিল ভিন্ন বিকলাঙ্গ হস্তী, অশ্ব ও রথ সমূহের নিপাতে ভীষণাকার বৈতরণী নদীর স্থায় অতিশয় তুর্গম ও তুর্নিরীক্ষ্য হইয়া উঠিল। অসংখ্য ঈ্ষা, চক্রন, অক ও ভল্ল হতস্তত নিপতিত হইতে লাগিল; ঐ সময় কোন কোন রথ অশ্বদার্থি বিহীন, কোন কোন রথ কেবল অখ্যুক্ত ও কোন কোন রথ কেবল সার্থি-যুক্ত দৃষ্টিগোচর হইল। শুবর্ণবর্ণ বশ্বধারী, কনক ভূষণালক্কত, যোধগণ সমারুচ, ক্রুর মহামাত্রগণ কর্তৃক পার্ফি ও অঙ্গুষ্ঠ দ্বারা পরিচালিত, মদমত, কবচভূষিত চারি শত মাতঙ্গ অর্জ্জনের শর্মিকরে সমাহত হইয়া সমরাঙ্গনে নিপতিত হইলে বোধ হইল ঘেন মহাপর্কতের সমৃদ্ধিশালী শুঙ্গ সকল বিশীর্ণ ও ধরাতলে সমা-কীর্ণ হইয়াছে। মহাবীর অর্জ্জন দেই জলদ সন্ধিত মদবর্ষা বারণগণকে নিপা-তিত করিয়া মেঘবিনির্গত মার্ক্তণ্ডের স্থায় শোভা ধারণ করিলেন। এইরূপে অন্তর, যন্ত্র ও কবচশূত্য চতুরক্ষ বল সমরাঙ্গনে নিপাতিত হওয়াতে পথ সকল আছিয় হইল। তথন মহাবীর অর্জ্জনের ঘোরতর বজ্জনির্ঘোষ দদৃশ গাণ্ডীব শরাদনের ভীষণ শব্দ সমুখিত হইতে লাগিল। সাগর মধ্যে নৌকা যেমন প্রবল সমীরণে সমাহত হইয়া বিদীর্ণ হয়, তজাপ সেই কৌরব সৈত্যগণ ধনঞ্জের শরে সমা-হত হইয়া ছিন্ন ভিন্ন হইল। অঙ্গার, উল্কা.ও অশনির ন্যায় প্রাণবিনাশক গাণ্ডীব নিঃস্ত বিবিধ বাণ তাহাদিগকে দগ্ধ করিতে নারম্ভ করিলে ভাহার। রজনীষোগে পর্বতন্থিত প্রস্থলিত বেণুবনের স্থায় শোভা ধারণ করিল। অটবী মধ্যে মুগগণ যেমন দাবদহনভীত হইয়া ইতস্তত পর্যাটন করে, তজ্ঞপ কৌরবগণ অর্জ্জনের শরানলে দগ্ধ ও ভীত হইয়া চতুর্দিকে ধাবমান **হইল।** ঐ সময় যাহারা ভীমদেনকে আক্রমণ করিয়াছিল, 'তাহারাও

ভীত চিত্তে তাঁহারে পরিত্যাগগুর্বক রণপর। মুখ হইয়া চতুর্দ্ধিকে পলায়ন. করিতে লাগিল।

হে মহারাজ ! এইরূপে কৌরবগণ ছিন্ন ভিন্ন হইলে সমরবিজ্যী ধনঞ্জয় ভীমদেনের নিকট সমুপস্থিত হইয়া ক্ষণকাল তাঁহার দহিত মন্ত্রণা করত ভাঁহারে যুধিষ্ঠিরের নিরাপদবার্ত্তা বিজ্ঞাপিত করিলেন এবং তাঁহার অনুমতি গ্রহণপূর্বক 'পুনরায় রথ নির্ঘোষে ভূমণ্ডল ও নভোমণ্ডল প্রতিধ্বনিত করত সমরস্থলে সমাগত হইলেন। ঐ সময় তঃশাসনের অসুজ দশ জন মহাবীর ধন-ঞ্জয়কে পরিবেষ্টন করিয়া স্থতীক্ষ শরনিকরে নিপীডিত করিতে লাগিলেন। তৎকালে বোধ হইল যেন তাঁহারা জ্যারোপিত শরাসন আয়ত করিয়া নৃত্য করিতেছেন। মহাত্মা বাহ্নদেব ধনঞ্জয়কে উল্কানিপীড়িত কুঞ্জরের ন্যায় আপনার পুত্রগণের শরে সমাহত দেখিয়া, অর্জ্জ্বন অচিরাৎ তাঁহাদিগকে শমন-मनरन (প্ররণ করিবেন স্থির করিয়া ভাঁছাদিগের বাম পাশ্রে রথ সঞ্চালন করিতে লাগিলেন। তাঁহারা অর্জ্জনের রথ অন্য দিকে ধাবমান দেখিয়া সভুরে তাঁহার অভিমুখনে হইলেন। তথ্ন মহাবীর ধনঞ্জয় নারাচ ও অর্দ্ধচনদ্র শরে সেই বীরগণের রথকেতু, অখ, চাপ ও নায়ক সকল থণ্ড খণ্ড করিয়া স্থবর্ণপুঞ দশ ভল্লে তাঁহাদিগের লোহিত নেত্রযুক্ত দফীধর মস্তক সকল ছেদনপুর্বক পুনরায় গমন করিতে লাগিলেন। আপনার আত্মজগণের বদন সমুদায় ভূতলে নিপতিত হইয়া প**রজে**র ন্যায় শোভিত হইল।

## দ্বাশীতিতম অধ্যার।

হে মহারাজ ! ঐ সময় মহাত্মা মধুসূদন ধনঞ্জয়ের স্থবপৃত্বণ বিভূষিত মুক্তাজাল জড়িত খেতাখগণকে কর্ণের রথাভিমুখে সঞ্চালিত করিলেন। অনন্তর কৌরব পক্ষীয় মহাবল পরাক্রান্ত নবতি সংখ্যক সংশপ্তক অর্জ্জনের সহিত যুদ্ধ করিবার নিমিত্ত ঘোরতর পারলোকিক শপথ করিয়া তাঁহারে পরিক্রেনপূর্বক শরনিকরে নিপীড়িত করিতে লাগিল। মহাবীর অর্জ্জননিশিত শরজালে অবিলম্বে সেই সংগ্রামতংপর নবতি বারকে তাহালের সার্ত্তি, শরাসন ও ধ্বজের সহিত নিপাতিত করিলেন। পুণ্যক্ষয় হইলে বিমানন্ত সিদ্ধাণ যেরপ স্বর্গ হইতে পতিত হয়, তত্ত্বপ তাহারা অর্জ্জনের নানারূপ শরনিকরে নিহত হইয়া নিপতিত হইল। স্বনন্তর কৌরবগণ

প্রস্তুত হস্তী, অশ্ব ও রথ লইয়া নির্ভয়ে ধনপ্লায়ের সন্মুখীন হইয়া তাঁহারে অবরোধ করত অসংখ্য শক্তি, ঋষ্টি, প্রাস, গদা, তলবার ও শরনিকর দ্বারা সমাচ্ছন করিলেন। মহাবীর অর্জ্জনও দিবাকর যেমন কিরণজালে তিমির নাশ করেন, তজ্জপ শরনিকর দ্বারা অরাতি নিক্ষিপ্ত অন্তরীক্ষে বিস্তৃত শরজাল ছেদন করিয়া ফেলিলেন।

অনস্তর ত্রেরাদশ শত মত্ত গজসমারত ফ্লেচ্ছ তুর্য্যোধনের আদেশাসুসারে কর্ণ, নালাক, নারাচ, তোমর, প্রাস, শক্তি, মুষল ও ভিন্দিপাল দারা রপস্থ পার্থের পার্যদেশে আঘাত করিতে লাগিল। তথন অর্চ্ছন নিশিত ভল্ল ও অর্দ্ধিট্র দারা সেই ফ্লেচ্ছগণ নিক্ষিপ্ত শস্ত্রর্প্তি নিরাক্তত করিয়া নানাবর্ণ শরনিকরে ধরজ পতাকা বিশিষ্ট দ্বিরদগণকে আরোহিগণের সহিত নিহত করিলেন। স্থবর্ণমালারত মাতঙ্গণণ অর্চ্ছনের স্থবর্ণ পুঝ শরনিকরে সমারত ও নিহত হইরা বজ্রবিদারিত পর্বতের ভারা, আরোয় গিরির ভার ভূতলে পত্তিত হইল। অনন্তর সংগ্রামন্থলে মনুষ্য, গজ ও অন্থগণের নিম্বন এবং গাণ্ডীবের গভীর নির্ঘেষ প্রেতিগোচর হইতে লাগিল। অসংখ্য কুঞ্জর ও আরোরাহীবিহীন অন্থগণ শরনিকরে নিপীড়িত হইয়া দশ দিকে ধাবমান হইল। অন্থইন রিথিবিহীন গন্ধর্বে নগরাকার সহস্র সহস্র রথ চতুর্দিকে দৃষ্ট হইতে লাগিল এবং অন্থারোহিগণ ইতন্ততে ধাবমান হইয়া অর্চ্ছনের বাণে নিহত হইল। হে মহারাজ! মহাবীর ধনঞ্জয়ের কি অন্তত্ত বাহুবল! তিনি তৎকালে একাকীই সেই হস্তী, অন্ধারোহী ও রথিগণকে পরাজয় করিলেন।

ঐ সময় মহাবীর ভীমসেন অর্জ্জ্নকে ত্রিবিধ সৈত্র পরিবৃত্ত দেখিয়া কোরবপক্ষীয় হতাবশিক্ট কতিপয় রখীরে পরিত্যাগপূর্বক মহাবেগে মর্জ্জ্বনের রখাভিমুখে ধাবমান হইলেন। তখন কোরবগণের অল্পমাত্রাবশিক্ট কতবিক্ষত সৈন্যগণ ইতস্তত পলায়ন করিতে লাগিল। গদাপাণি রুকোদরও অর্জ্জুনের সমীপে গমন করত ধনঞ্জয় হতাবশিক্ট কোরব পক্ষীয় মহাবল ভ্রক্সমগণকে নিপীড়িত কবিতে আরম্ভ করিলেন। তাঁহার প্রাকার, অট্রালিকা ও পুরন্ধার বিদারণে সমর্থ; কালরাত্রির ন্যায় ভীষণ গদা নর, নাগ ও অশ্বগণের উপর অনবরত নিপতিত হইতে লাগিল। লোহবর্মধারী অশ্ব ও অশ্বারোহিগণ সেই প্রচণ্ড গদার আঘাতে ভ্রমস্তক, ভ্রাফ্রি ও ভ্রমচরণ

হইয়া শোনিতাদ্র কলেবরে চাৎকার করত ধরাতলে নিপতিত ও দশন ধারা ভূতল দংশন করত পঞ্চ প্রাপ্ত হইল। ক্রব্যাদগণ আনন্দিত চিত্তে তাহাদের মাংস ভোজন করিতে লাগিল। তখন ভামদেনের সেই ভাষণ গদা শোণিত, মাংস, বসা ও অন্থি দারা পরম পরিতৃপ্ত হইয়া তুর্লক্য কালরাত্রির ন্যায় নিতান্ত তুর্দ্ধর্য ইইয়া উঠিল। এইরপে ভামদেন দশ সহত্র মশ্ম ও বহুসংখ্যক পদাতিরে নিপাতিত করিয়া গদা হস্তে সরোষ নয়নে ইতন্তত সঞ্চরণ করিতে আরম্ভ করিলেন। কৌরবগণ ঠাহারে গনা হস্তে সমীপে সমাগত হইতে দেখিয়া সাক্ষাৎ কালদগুর্ধর ক্তান্তের ন্যায় বোধ করিতে লাগিলেন। অনন্তর মকর ঘেমন সাগরে প্রবেশ করে, তদ্রুপ মহাবার ব্রেদার মন্ত মাতঙ্গের ন্যায় ক্রেদ্ধ হইয়া গজ দৈন্য মধ্যে প্রবেশপূর্বক কণকাল মধ্যে তাহাদিগকে নিপাতিত করিলেন। বর্মাচ্ছাদিত, পরিশোভিত, আরোহি সমবেত, মন্ত মাতঙ্গগণ পক্ষযুক্ত পর্বতের ন্যায় ভূতলে পতিত ইইতে লাগিল।

মহাবল ভীমদেন এইরূপে দেই গজ দৈন্য নিপাতিত করিয়। রথারোহণ-পূর্বক পুনর্বার অর্জ্জনের অনুগমনে প্রায়ত হইয়। দমরে নিরুৎদাহ ও পরায়্থ হইয়। নিশ্চেইবং অবস্থান করিতে লাগিল। অর্জ্জুন দেই দৈনিকগণকে তেজোহীন দেখিয়। প্রাণানাণক শরনিকরে দমাচ্ছয় করিতে লাগিলেন। কৌরব পক্ষীয় চতুরঙ্গিণী দেনা অর্জ্জুনের শরনিকরে বিদ্ধ হইয়া কেশর বিরাজিত কদম্ম ক্রুমের ন্যায় শোভা ধারণ করিল। ঐ দময় অর্জ্জুনের শরে অসংখ্য নাগ, নর ও অয় নিহত হওয়াতে কৌরব পকে ভীষণ আর্ত্তনাদ দম্থিত হইল। দৈনিকগণ নিতান্ত ভাত হইয়। হায়াকার করত অলাত চক্রের নায়ে অমণ করিতে লাগিল। ঐ দময় কৌরব পক্ষীয় কোন রথ, অয়, অয়ারোহী বা মাতঙ্গ জাকত ছিল না। দৈন্যুগণ ছিয়কবচ ও শোনিতলিপ্ত হইয়া বিক্রিত জশোক কাননের ন্যায় শোভা পাইতে লাগিল। ঐ দময় কৌরবগণ দব্য-দাচার পেরক্রম দর্শনে কর্ণের জীবিতাশা প্রিত্যাগ করিলেন এবং পার্থের শর্মম্পাত অসহ্য বেধি করিয়। শক্ষিত চিত্তে দশ দিকে পলায়ন করত সূত্ত-শুক্রকে আহ্বান করিতে লাগিলেন। মহাবীর অর্জ্জুনও শত শত শর বর্ষণ-শক্রকে আহ্বান করিতে লাগিলেন। মহাবীর অর্জ্জুনও শত শত শর বর্ষণ-শক্রকে

· পূর্বক তাঁহাদিগের প্রতি ধাবমান হইগ্না ভীমদেন প্রমুখ পাণ্ডব পক্ষীয় যোধগণকৈ স্মাহলাদিত করিলেন।

হে মহারাজ ! তথন আপনার পুত্রগণ অর্জ্জুন শরে ব্যথিত হইয়া কর্ণের রথসমাপে প্রতিগমন করিলেন। ঐ সময় সূতপুত্র সেই বিপদদাপরে নিময়প্রায় বীরগণের দ্বীপ স্বরূপ হইলেন। অন্যান্য কৌরবগণ ও অর্জ্জুনের ভয়ে ভীত হইয়া নির্বিষ পর্মগের ন্যায় পলায়ন করত কর্ণেরই আপ্রয় প্রহণ করিলেন। ক্রিয়াবান্ প্রাণিগণ যেমন মৃত্যু হইতে ভীত ইইয়া ধর্মকে অবলম্বন করে, তত্রপ আপনার তনয়গণ মহাত্রা অর্জ্জুনের ভয়ে মহাধমুর্জর কর্ণের শরণাপম হইলেন। তথন শস্ত্রধরাত্রগণ্য মহাবীর কর্ণ সেই শরপাড়িত শোণিতরিম বীরগণকে অভয় প্রদান করিলেন এবং সৈনিকগণকে অর্জ্জুন প্রভাবে ভয় দেখিয়া শক্রে সংহার বাসনায় শরাসন বিফারণ করিতে লাগিলেন। অনস্তর তিনি মনে মনে ইর্জ্জুনের বধ চিন্তা করিয়া নিশ্বাস পরিত্যাগপূর্বক তাহারই সমক্ষে পুনরায় পাঞ্চালগণের প্রতি ধাবমান হইলেন। পাণ্ডব পক্ষীয় ভূপালগণ তদ্দর্শনে আরক্তনয়ন হইয়া জলদজাল যেমন পর্বেতোপরি বারিবর্ষণ করে, তত্রূপ কর্ণের উপর শরবৃষ্টি করিতে লাগিলেন। অনস্তর মহাবীর কর্ণ সহস্র সহত্র শর নিক্ষেপপূর্বক পাঞ্চালগণের প্রাণ সংহার করিতে আরস্ত করিলে তাহাদের মধ্যে ভীষণ শব্দ সমুথিত হইল।

# ত্রাশীতিতম অধ্যায়।

হে মহারাজ! এইরপে মহারথ সূতপুত্র মহাবীর অর্জ্বনের বীর্য্য প্রভাবে কৌরবগণকে পলায়ন পরায়ণ দেখিয়া বায়ু যেমন জলদজাল ছিন্ন করে, তদ্রুপ পাঞ্চালতনয়গণকে ছিন্ন ভিন্ন করিতে লাগিলেন। তিনি অঞ্জলিকার্ত্রে জনমেজয়ের অশ্ব সমুদায় ও সার্বথিরে নিপাতিত করিলেন এবং ভল্ল দ্বারা শতানিক ও হৃতসোমকে বিদ্ধ করত তাঁহাদিগের কাম্মুক ছেদন করিয়া ফেলিলেন। তংপরে তিনি ছয় শরে ধৃষ্টত্যুম্বকে বিদ্ধ ও শরনিকরে তাঁহার অশ্ব সকলকে নিহত করিয়া সাত্যকির অশ্বগণকে সংহারপূর্বক কৈকেয়পুত্র বিশোককে বিন্ধু করিলেন। কৈকেয় সেনাপতি উপ্রকর্মা রাজকুমারকে নিহত দেখিয়া কর্ণাত্মক প্রসেনকে উগ্রবেগ সম্পন্ন শরনিকরে সমাহত ও বিচলিত করিলেন। মহাবীর কর্ণ তদ্ধর্শনে হাস্তমুথে তিন

অর্দ্ধিন্দ্র শরে কৈকেয় সেনাপতির ভুজযুগল ও মন্তক ছেদন করিলে তিনি গতান্ত হইরা পরশুছির শাল রক্ষের ন্যায় ভূতলে নিপতিত হইলেন। অনন্তর কণিত্মজ্ঞ প্রদেন শরাসন আকর্ণ আকর্ষণ ও নিশিত শরনিকর বর্ষণপূর্বক সাত্যকিরে সমাচ্ছম করত যেন নৃত্য করিতে লাগিলেন। তখন মহাবীর সাত্যকি কোধাবিষ্ট হইয়া শাণিত শরে তৎক্ষণাৎ প্রসেনের প্রাণ সংহার করিলেন। মহাবীর কর্ণ পুত্রের নিধন দর্শনে ক্রোধে একান্ত অধীর হইয়া সাত্যকিরে সংহার করিবার বাসনায়, অরে শৈনেয়। তুই নিহত হইলি, এই বলিয়া তাঁহার প্রতি এক ভীষণ শর বিসর্জ্জনপূর্বক গর্জ্জন করিতে লাগিলেন। মহাবীর শিখণ্ডী তদ্দর্শনে অবিলম্বে তিন বাণে সেই কর্ণ নিক্ষিপ্ত শর ছেদন করিয়া তাঁহারে তিন শরে বিদ্ধ করিলেন। তখন মহাতজম্বী সূতপুত্র ক্রোধভরে ক্ষুর দ্বারা শিখণ্ডীর শরাসন ও ধ্বজ ছিন্ন এবং ছয় শরে তাঁহারে বিদ্ধ করিয়া ধ্বাইত্যন্ন উনয়ের শিরশ্ছেদনপূর্বক স্থশাণিত শর দ্বারা স্থতসোসকে বিদ্ধ করিলেন।

হে মহারাজ! এইরূপে দেই তুমুল যুদ্ধ উপস্থিত ও ধৃষ্ট হ্যাদের পূ্ত্র নিহত হইলে বাস্থাদেব অর্জ্জ্নকে সম্বোধনপূর্বক কহিলেন, হে ধনঞ্জয়! ঐ দেখ, কর্ণ প্রায় সমস্ত পাঞ্চালদিগকে বিনফ করিল; এক্ষণে ভুমি শীঘ্র গিয়া উহারে সংহার কর। নরপ্রবীর অর্জ্জ্ন বাস্থাদেবের বাক্য শ্রেবণে ঈষৎ হাস্ত করিয়া পাঞ্চালদিগকে ভয় হইতে পরিক্রাণ করিবার নিমিত্ত অবিলম্বে সূতপুত্রের প্রতি গমন করিতে লাগিলেন এবং গাণ্ডীব বিক্ষারণ ও তলধ্বনি করিয়া সহসা শরাদ্ধকার বিস্তারপূর্বক অসংখ্য হস্তী, অন্ধ, রথ ও ধ্বজ্ব সকল ছেদন করিয়া ফেলিলেন। তাঁহার শরাদনের টক্ষার শব্দ অন্ধরীক্ষমগুল ও ভয়ঙ্কর গিরিগহ্বরে প্রতিধ্বনিত হইতে লাগিল। ঐ সময় ভীমসেন পৃষ্ঠরক্ষক হইয়া তাঁহার অনুসরণে প্রবৃত্ত হইলেন। হে মহারাজ! এইরূপে, দেই বীরদ্বয় রথারোহণে সূতপুত্রের প্রতি গমন করিতে লাগিলেন।

এদিকে মহাবীর সূতপুত্র সোমকদিগের সহিত ঘোরতর যুদ্ধে প্রবৃত্ত হইয়া র্থ, অশ্ব ও মাতঙ্গগণকে নিহত এবং শর্রনিকরে দিল্লগুল সমাচ্ছাদিত করিলেন। তথন উত্তমোজা, জনমেজয়, যুধামন্ত্য ও শিখণ্ডী ধৃষ্টছ্যুদ্ধের সহিত সমবেত ও ক্রোধাবিষ্ট হইয়া শরজাল বিস্তারপূর্বক সূতপুত্রকে বিমর্দ্ধিত ও বিদ্ধ করিতে লাগিলেন; কিন্তু রূপ রূদ প্রস্কৃতি বিষয় সমুদায় যেমন সংযমী ব্যক্তিকে ধৈর্ঘাচ্যত করিতে পারে না, তদ্রাপ দেই পাঞ্চাল দেশীয় পাঁচ মহা-বীর একত্র হইয়াও'সূতপুত্রকে রথ হইতে বিচলিত করিতে সমর্থ হইলেন না। অনস্তর মহাবীর কর্ণ শরনিকর দারা ঐ মহাবীরগণের ধন্তু, ধর্জ, অশ্ব, সার্থি ও পতাক। দকল অবিলম্বে ছিন্ন ভিন্ন করিয়া পাঁচ পাঁচ বাণে তাঁহাদিগকে আঘাত করত সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন। তৎকালে সকলেই তাঁহার শরাসন নিম্বনে অক্সিদ্রুগ পরিশোভিত পৃথিবী বিদীর্থ হইল অমুমান করিয়া একান্ত বিষধ হইয়া উঠিল। মহাবীর সূতপুত্র ইন্দ্রচাপদদৃশ নিতান্ত আয়ত শরাদন আকর্ষণ ও অনবরত শরনিকর বর্ষণপূর্বক করজাল-বিরাজিত পরিবেশ সম্পন্ন প্রচণ্ড সূর্য্য মণ্ডলের স্থায় শোভা পাইতে লাগিলেন। তৎপরে তিনি শিথভীরে দাদণ, উত্মোজারে ছয় এবং যুধামপ্যা, জনমেজয় ও ধৃষ্ট-ত্তাম্বকে তিন তিন শরে বিদ্ধ করিলেন। ত্রইরূপে সেই পাঞ্চাল দেশীয় পাঁচ মহারথ ভোগ্য বস্তু সকল যেমন জিতেন্দ্রিয় কর্তৃক পরাজিত হইয়া থাকে, তজপ সূতপুত্তের বলবীর্ঘ্যে পরাজিত ও নিশ্চেট হইয়া অবস্থান করিতে লাগিলেন। তখন দ্রোপদীর আত্মজগণ স্বীয় মাতুলগণকে সূতপুত্র বিহিত বিপদ সাগরে নিমগ্ন অবলোকন করিয়া নৌকাভগ্ন নিবন্ধন সমুদ্রে নিমগ্ন বণিকগণকে যেমন অন্ত নৌকা দারা উদ্ধার করে, তদ্রূপ স্থসজ্জিত রথ দারা উ:হাদিগকে উদ্ধার করিলেন।

অনন্তর মহরথ সাত্যকি নিশিত শরনিকরে সূতপুত্র প্রেরিত শর সমূহ থণ্ড থণ্ড ও তাঁহার কলেবর ক্ষত বিক্ষত করিয়া আট শরে মহারাজ তুর্যো-ধনকে বিদ্ধ করিলেন। তথন মহাবীর কুপ, কুতবর্মা, কর্ণ ও রাজা তুর্যো-ধন স্থানিশিত শরজাল বিস্তারপূর্বক সাত্যকিরে প্রহার করিতে লাগিলেন। শিনিপ্রবীর যুগ্রান সেই চারি মহাবীরের সহিত সমরানল প্রজ্বলিত করিয়া দিক্পতিদিগের সহিত সমরে প্রবৃত্ত দানবরীজের ভায় শোভা ধারণ করিলেন এবং অনবরত শরনিকরবর্ষী অতিমাত্র আগত মহাস্বন শরাসন প্রভাবে শরৎ-কালীন নভোমণ্ডল মধ্যন্তিত প্রচণ্ড দিবাকরের ন্যায় একান্ত তুর্দ্ধর্ষ হইরা উঠিলেন। ইত্যবদরে পাঞ্চালদেশায় মহারথগণ সমবেত হইয়া দেবতারা যেমন দেবরাজকে রক্ষা করিয়াছিলেন, তদ্ধেপ মহাবীর সাত্যকিরে রক্ষা করিকে লাগিলেন। হে মহারাজ ! তখনু আপনার সৈনিকগণের সহিত বিপক্ষণিগের দেবাস্থর সংগ্রামের ন্যায় রথ, অশ্ব ও মাতঙ্গ বিনাশন তুমুল যুদ্ধ আরম্ভ হইল। রথী, হস্তী, অশ্ব ও পদাতি সকল নানাবিধ শস্ত্রজ্ঞালে সমাচ্ছেম হুইয়া পরিভ্রমণ করিতে লাগিল । কতকগুলি পরস্পার আহত ও স্থালিত হুইয়া আর্ত্তনাদ পরি-ত্যাগ করিতে আরম্ভ করিল এবং কতকগুলি শরনিকরে নিতান্ত নিপাড়িত হুইয়া প্রাণ পরিত্যগপূর্বক ভূতলে নিপতিত হুইল।

এ দিকে মহাবীর ছঃশাদন শরনিকর বর্ষণপূর্বক নির্ভয়ে ভীমের প্রতি ধাবমান হইলেন। মহাবল পরাক্রান্ত ভীমও সিংহ যেমন রুকুর অভিগমন করে, তদ্রেপ দ্রুতবেগে তাঁহার প্রতি গমন করিলেন। তথন শহর 🤒 শক্রের ন্যায় সেই রোষাবিষ্ট বারদ্বরের খোরতর যুদ্ধ উপস্থিত হইল। অনবরত মদধারাব্যী মন্মথাসক্তচিত্ত মাত্রপ্রন্ন ব্যেমন করিণীর নিমিত্ত পর-স্পারকে আঘাত করিয়া থাকে, তজ্জাপ দেই বীরদ্বয় জয়শ্রী লাভ করিবার অভিলাষে দেহ বিদারণক্ষম হৃতীক্ষ্ম শরনিকর 'দ্বারা পরস্পারকে প্রহার করিতে লাগিলেন। মহাবীর ভীম ছুই ক্ষুর দারা ছঃশাসনের কার্ম্ম ও ধ্বজদণ্ড খণ্ড খণ্ড করিয়া তাঁহার ললাটদেশে এক শর নিক্ষেপপূর্বিক স্থতীক্ষ্ণ শরে সার্থির মস্তক ছেদন করিয়া ফেলিলেন। তথন রাজকুমার হুঃশাসন সম্বরে অন্য শরাসন গ্রহণ করিয়া দ্বাদশ শরে রুকোদরকে বিদ্ধ করিলেন এবং স্বয়ং অস্বের রশ্মি গ্রহণপূর্বক পুনরায় ভামের প্রতি শরনিকর বুর্ষণ করিতে লাগিলেন। অনন্তর তিনি ভাষকে লক্ষ্য করিয়া এক সূর্য্যরী চি-সপ্রভ, হীরকরত্ন সমলঙ্কৃত, স্থবর্ণজালে জড়িত, অশনি তুল্য নিতা<del>ন্ত</del> তুঃসহ, দেহবিদারণক্ষম, ভীষণ শর পরিত্যাগ করিলেন। ভীমদেন দেই শরে নিভিন্ন কলেবর ও গতান্ত্র ন্যায় স্থালিতদেহ হইয়া বাহু প্রেদারণপূর্বক রথমধ্যে নিপতিত হইলেন এবং অবিলম্বে পুনরায় সংজ্ঞালাভপূর্বক ভীষণ রবে সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন।

# চতুরশীতিতম অধ্যায়।

হে মহারাজ ! অনন্তর আপনার পুত্র তুঃশাঁদন দেই দমরাঙ্গনে নিদা-রুণ যুদ্ধ করত এক শরে ভীমদেনের শরাঁদন ছেদনপূর্বক ষষ্টি শরে তাঁহার দার্থিরে ও নয় শরে তাঁহারে বিদ্ধ করিয়া পুনরায় তাঁহার উপর অসংখ্য ় উত্তম উত্তম সায়ক নিক্ষেপ করিতে লাগিলেন। ্রতথন অসামান্য পরাক্রম শালী মহাবীর বুকোদর ক্রোধাবিষ্ট হইয়া ছুঃশাসনের প্রতি এক স্থতীক্ষ্ শক্তি প্রয়োগ করিলেন। আপনার পুত্র প্রত্বলিত মহোল্কার ন্যায় দেই ভীষণ শক্তি সহসা সমাগত হইতেছে দেখিয়া আকর্ণ সমাকৃষ্ট দশ শরে উহা ছেদন করিয়া ফেলিলেন। তদ্দর্শনে সকলেই আহলাদিত হইয়া তাঁহার সেই মহৎকার্য্যের প্রশংদা করিতে লাগিল। খনন্তর মহবীর ছুঃশাসন পুনরায় ভীমসেনকে অতিমাত্র বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। মহাবীর ভীমদেন আপনার পুজের শরাঘাতে ক্রোধে প্রজ্বলিত হইয়া ভাঁহারে কহিলেন, হে বীর! তুমি ত আমারে বিদ্ধ করিলে, একণে আমি গদা প্রহার করিতেছি, সহ্ন কর। ভীমদেন এই বলিয়া ক্রোধভরে ছঃশা-সনের বিনাশবাসনায় সেই দারুণ গদ। গ্রহণ করত পুনরায় তাঁহারে কহি-লেন, হে তুরাত্মন ! আজি আমি রণস্থনে তোমার শোনিত পান করিব। মহাবীর তুঃশাসন ভীম কর্তৃক এইরূপ অভিহিত হইয়া সাক্ষাৎ মৃত্যু স্বরূপ এক ভীষণ শক্তি গ্রহণপূধ্বক তাঁহার উপর নিক্ষেপ করিলেন। তখন ভীমদেনও ক্রোধাবিষ্ট হইয়া স্বীয় ভীষণ গদা পরিত্যাগ করিলেন। ভীম-নিক্ষিপ্ত গদা ছুঃশাসনের শক্তি ভগ্ন করত তাঁহার মস্তকে নিপতিত হইয়া তাঁহারে রথ হইতে দশ ধনু অন্তরে নিপাতিত এবং তাঁহার রথ, অশ্ব ও সার্থিরে চূর্ণিত করিল। মহাবীর হুঃশাদন দেই বেগবতী গদার প্রহারে কম্পিত কলেবর ও বেদনায় নিতান্ত কাতর হইয়া ভূতলে বিলুপ্তিত হইতে সাগিলেন। পাণ্ডব ও পাঞ্চালগণ তদ্দর্শনে সাতিশয় আহলাদিত হইয়া সিংহ-নাদ করিতে আরম্ভ করিলেন। বীরবর রুকোদরও ছুঃশাদনকে পাতিত করিয়া মহা আহলাদে দশ দিক্ প্রতিধ্বনিত করত গর্জ্জন করিতে লাগিলেন। পার্শ্ব-বর্ত্তী লোক সকল তাঁহার সিংহনাদ শব্দে মুর্চ্ছিত হইয়া রণস্থলে নিপতিত হইল। তথন অচিন্ত্যকর্মা মহাবীর ভীমদেন রথ হইতে অবতীর্ণ হইয়া মহাবেগে ছঃশাসনের প্রতি ধাবমান হইলেন। তৎকালে সেই বীর জন-ভূমিষ্ঠ ঘোরতর সংগ্রামন্থলে তুঃশাসনকে নিরীক্ষণ করিবামাত্র আপনার পুত্রগণ যে যে প্রকারে পাগুবগণের সহিত শক্ত্রতা করিয়াছিলেন, তৎ-সমুদায় এবং পতিপরায়ণা ঋতুমতী দ্রৌপদীর কেশাকর্ষণ, ব্স্তাপহরণ ও

অন্যান্য ছঃখ সকল র্কোদরের স্মৃতিপথে সনুষ্থিত হইল, পরে ক্রোধে ইত হুতাশনের ন্যায় প্রস্থালিত হইয়া কর্ণ, হুর্য্যোধন, রূপাচার্য্য, অশ্বত্থামা ও রুত্বর্মারে কহিলেন, হে যোধগণ! আজি আমি পাপাত্মা হুঃশাসনকে যুমালয়ে প্রেরণ, করিব, তোমাদের সাধ্য থাকে ত উহারে রক্ষাকর।

বলবান্ রুকোদর এই বলিয়াই তৎক্ষণাৎ তুঃশাসনের বিনাশ বাসনায় ধাৰমান হইয়া ছুর্য্যোধন ও কর্ণের সমক্ষেই কেশরী যেমন মহামাতঙ্গকে আক্রমণ করে, তদ্রূপ তাঁহারে আক্রমণ করিয়া লক্ষ প্রদানপূর্বক রথ হইতে ভূতলে অবতীর্ণ হুইলেন। অনন্তর তিনি সোৎস্থ নয়নে কণক!ল তুঃশাসনকে নিরীক্ষণ করত আপনার প্রতিজ্ঞ। সত্য করিবার মানসে শিতধারী অদি সমুদ্যত করিয়া কম্পিত কলেবরে তাঁহার উপর পদার্পণপূর্বক বক্ষস্থল বিদীর্ণ করিয়া ঈষত্বফ্ষ শোণিত পান করিলেন এবং তাঁহারে অবিলম্বে ভূতলে নিপাতিত করিয়া দেই খড়েগ তাঁইার মস্তক ছেদনপূর্বক পুনরার বারংবার 'ঈষত্ব্যু রক্ত পান করত কহিলেন যে, মাতৃস্তন্য, ঘুত, প্ররা, উৎকৃষ্ট জল এবং দধি ও তুগ্ধ হইতে সমুৎপন্ম উত্তম তক্র প্রভৃতি যে সকল অমৃত রস তুল্য স্বাহ্ পানীয় আছে, আজি এই শক্তশোনিত সর্বাপেকা আমার স্বাহ্ বোধ হইল। ক্রুরকর্ম। ক্রোধাবিষ্ট ভীমদেন এই কথা বলিয়া হুঃশাসনকে গতাস্থ নিরীক্ষণপূর্বক হাস্ত করিয়া কহিলেন, ছে ছুঃশাসন! এক্ষণে মৃত্যু ভোমারে রক্ষা করিয়াছেন, আর আমি ভোমার কিছুই করিতে পারিব না। হে মহারাজ! ঐ সময়ে যে সকল বীরগণ শোণিতপায়ী ছাটচিত্ত ভীমদেনকে অবলোকন করিয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে কেহ কেহ ভয়ার্ভ হইয়া ভূতলে নিপতিত হইতে লাগিলেন; কহার কাহারও হস্ত হইতে অস্ত্র সকল পরিভ্রম্ট হইল এবং কেহ কেহ অক্ষুট স্বরে চীৎকার করত সঙ্গুচিত নেত্রে চহুর্দিক্ নিরীক্ষণ করিতে আরম্ভ করিলেন। দৈশ্যগণ ভীমদেনকে ছঃশাসনের রক্ত পান ক্রিতে অবলোকন করিয়া এ ব্যক্তি মনুষ্য নম্ন, অবশ্য রাক্ষদ হইবে এই বলিতে বলিতে চিত্রদেনের সহিত ভয়ে পলায়ন ক্রিতে লাগিল।

্র সময়ে নৃপত্নর যুধামন্ত্র দৈন্য সমভিব্যাহারে পলায়মান চিত্রসেনের অভিমুখে ধাবমান হইয়া নির্ভয়ে নিশিত দাত শরে তাঁহারে বিদ্ধ করিলেন।
শেহাবীর চিত্রদেন যুধামন্ত্রর শরাঘাতে পাদম্পৃষ্ট লেলিহান ভীষণ ভূজক্সমের

ত্যায় ক্রুদ্ধ ও প্রতিনির্ত্ত হইয়া যুধামন্ত্রারে তিন ও তাঁহার সার্থিরে সাত শরে বিদ্ধ করিলেন। তথন মহাবার যুধামন্ত্রা ক্রুদ্ধ হইয়া আকর্ণপূর্ণ স্থান্দর পুঞাযুক্ত স্থাণিত শরে চিত্রিসেনের মস্তক ছেদন করিয়া ফেলিলেন। চিত্রসেন নিহত হইলে মহাবীর কর্ণ স্থীয় পুরুষত্ব প্রদর্শনপূর্ণক পাণ্ডবনৈত্য বিদ্রাবিত করিতে লাগিলেন। তদ্দর্শনে মহাবীর নকুল অবিলম্বে তাঁহার প্রত্যাদামন করিলেন।

এ দিকে মহাবীর ভীমদেন রোষপরায়ণ নিহত হুঃশাসনের রুধিরে অঞ্জলি পরিপূর্ণ করিয়া বীরপণের সমক্ষে তাঁহারে সম্বোধনপূর্ব্বিক কহিতে লাগিলেন, রে পুরুষাধম! এই আমি তোর কণ্ঠ হইতে রুধির পান করিতেছি, এক্ষণে পুনরায় হুষ্টচিত্তে গরু গরু বলিয়া উপহাস কর। সে সময়ে যাহারা আমাদিগকে গরু গরু বলিয়া উপহাস করত নৃত্য করিয়াছিল, এখন আমরা তাহাদিগকে গরু গরু বলিয়া উপহাস করত নৃত্য করিয়াছিল, এখন আমরা তাহাদিগকে গরু গরু বলিয়া উপহাস করত নৃত্য করিয়াছিল, এখন আমরা তাহাদিগকে গরু গরু বলিয়া উপহাস করত নৃত্য করিয়াছিল, এখন আমরা হুর্য্যোধন, শকুনি ও সূতপুত্তের কুমন্ত্রণাতে যে প্রমাণকোটী নামক প্রাসাদে শয়ন, কালকৃট ভোজন, কৃষ্ণসর্পের দংশন, দ্যুতে রাজ্যাপহরণ, জৌপদীর কেশাকর্ষণ, জতুগৃহে দাহ, অরণ্যে নিবাস, সংগ্রামে অস্ত্রাঘাত এগং স্বগৃহে ও বিরাট ভবনে বিবিধ ক্রেশ পরম্পরা সহ্য করিয়াছি, তুই সে সকলের মূল! আমরা ধৃতরাষ্ট্র ও তাহার পুত্রগণের দৌরাজ্যে চিরকাল ছঃথ ভোগ করিতেছি, কখন স্থথের লেশমাত্রও জানিতে পারি নাই।

ে মহারাজ! রক্তাক্ত-কলেবর, লোহিতাস্ত ক্রোধপরায়ণ রুকোদর জয় লাভের পর এই দকল কথা বলিয়া হাস্ত করত কেশব ও মর্জ্জুনকে দমোধনপূর্বক পুনরায় কহিলেন, হে বীরদ্বয়! আমি ফুঃশাদন নিধনার্থ যে প্রতিজ্ঞা করিয়াছিলাম, আজি রণন্থলে তাহা দফল করিলাম। এক্ষণে অবিলম্বে এই সংগ্রামরূপ মহাযজ্ঞে ভূর্য্যোধনরূপ দিতীয় পশুরে সংহার করিব। আমি নিশ্চয়ই কৌরবগণের দমক্ষে পদাঘাতে ঐ জুরাত্মার মস্তক্ বিমর্দ্দনপূর্বক উহারে বিনাশ করিয়া শান্তি লাভ করিব। হে মহারাজ! ক্রম্বিক্ত কলেবর মহাবীর রুকোদর এই বলিয়া রুত্রান্তর নিপাতন স্থ্ররাজ পুরন্দরের তায় হুফ চিত্তে দিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন।

## পঞ্চাশীতিতম অধ্যায়।

হে মহারাজ ! এইরূপে মহাবীর তুঃশাদন নিহত হইলে নিবঙ্গী, কবচী,

পাশী, দগুধার, ধরুগ্রহ, অলুলোঁপ, সহ, ষণ্ড, বাতবেগ ও স্থবর্চা আপনার এই দশ পুলু জাতৃশোকে নিতান্ত কাতর হুইয়া ক্রোধভরে শরনিকরে মহাবীর ভীমসেনকে দ্মাচ্ছন্ন করিতে লাগিলেন। বীরবরাগ্রগণ্য রকোদর সেই ক্রোধনস্বভাব সমরে অপরাগ্র্থ মহারথগণের বিশিথজালে বিদ্ধ ও রোষে লোহিতনেত্র হুইয়া ক্রুদ্ধ কালান্তক যমের ভায় শোভা ধারণপূর্বক স্থবর্ণপুথা বেগবান্ দশ ভল্লে তাঁহাদের দশ জনকে নিপাতিত করিলেন। কোরব সৈভাগণ তদ্দশনে ভীমভয়ে একান্ত ভীত হুইয়া সূতপুজ্রের সমক্ষেই পলায়ন করিতে লাগিল।

প্র সময় মহাবীর কর্ণ প্রজানাশক কুতান্তের ভাষ ভীমদেনের ভীষণ পরাক্রম দেখিয়া নিতান্ত ভীত হইলেন। তখন মহামতি শল্য তাঁহার শরীর দর্শনে মনের বিকার বুঝিতে পারিয়া তাঁহারে তৎকালোচিত বাক্যে কহিতে লাগিলেন, হে কর্ণ ঐ দেখ, ভূপতিগণ ভীমদেনের ভয়ে ইতস্তত 'পলায়ন করিতেছেন। মহাবল পরাক্রান্ত ভীমদেন ছুঃশাদনের রুধির পান করাতে তুর্য্যোধন ভ্রাভূণোকে নিতান্ত কাতর ও বিমোহিত হইয়াছেন। তাঁহার হতাবশিষ্ট সহোদরগণ ও মহাত্মা কুপ নিতান্ত শোকসম্ভপ্ত ও বিষণ্ণ হইয়া তাঁহার চতুদ্দিকে উপবেশনপূর্বক শুক্রাষা করিতেছেন। ধনঞ্জয় প্রভৃতি মহাবল পরাক্রান্ত পাণ্ডবগণ অখান্য বারগণকে পরাক্ষয় করিয়া তোমার অভিমুখেই সমাগত হইতেছে। অতএব এ সময় ব্যথিত বা বিষণ্ণ হওয়া তোমার উচিত নহে। তুমি ক্ষত্রধর্মাতুসারে পৌরুষ প্রকাশ করিয়া অবিলম্বে ধনঞ্জয়ের প্রতি গমন কর। তুর্য্যোধন তোমার প্রতি সমুদায় ভার অর্পণ করিয়াছেন, তুমি আপনার সাধ্যানুসারে সেই ভার বহন কর। সংগ্রামে জয় লাভ করিলে বিপুল কার্ত্তি এবং পরাজিত হইয়া নিহত হইলে স্বৰ্গ লাভ হয়, সন্দেহ নাই। ঐ দেখ, তুমি বিমোহিত হওয়াতে তোমার পুত্র রুষ্ণেন কোপাবিষ্ট হইয়া পাগুবগণের প্রতি ধার্বমান হইতেছে। হে মহারাজ। মহাতেজম্বা মদ্ররাজ এই কথা কহিলে মহাবীর কর্ণু মনে মনে যুদ্ধ অবশ্য কর্ত্তব্য বলিয়। স্থির করিলেন। ঐ সময় কর্ণপুত্র র্ষদেন কোপা-বিষ্ট হইয়া গৃহীতদণ্ড কালান্তক যমের ভায় সংগ্রামনিরত গদাহন্ত ব্রকোদরের 'প্রতি ধাবমান হইলেন ৷ মহবীর নকুল তত্বর্শনে ক্রোধভরে কর্ণপুত্রের

'উপর শরনিকর বর্ষণ করত জম্ভাস্থরাভিমুখে ধাবমান পুরন্দরের ভাগ্ন তাঁহার প্রতি ধাবমান হইলেন এবং অবিলম্বে ক্ষুর দ্বারা তাঁহার স্ফটিকবিন্দু শোভিত থবজ ও ভক্ল দারা হৃবর্ণভূষিত বিচিত্র শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তখন কর্ণতনয় ছুঃশাসনের ঋণ হইতে মুক্ত হুইবার মানদে অবিলম্বে অন্য শরাসন গ্রহণ করিয়া দিব্য মহাস্ত্র দ্বারা নকুলকে নিপীড়িত করিতে লাগিলেন। মহাত্মা নকুল বৃষ্দেনের অস্ত্রাঘার্তে কোপাশ্বিত হইয়া মহোল্কা সদৃশ শরনিকরে তাঁহারে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। শিক্ষিতান্ত্র বৃষদেনও নকুলের প্রতি দিব্যান্ত্রনিচয় বর্ষণ করিতে লাগিলেন। অনস্তর কর্ণপুত্র শরাভিঘাতজনিত ক্রোধ এবং স্বীয় দীপ্তি ও অস্ত্র প্রভাবে হুত হুতাশনের স্থায় প্রস্থালিত হুইয়া উৎকৃষ্ট অস্ত্র দ্বারা নকুলের স্বর্ণজাল-জড়িত বন।য়ুদেশীয় শুভ্রবর্ণ অশ্বগণকে নিপাতিত করিলেন। তথন বিচিত্র যোদ্ধা নকুল দেই হতাশ্ব রথ হইতে অববোহণপূর্বক স্থবর্ণময় চন্দ্র পরি-শোভিত চর্মা ও আকাশসরণ অসি ধারণ করিয়া বিহঙ্গমের ভায় বিচরণ-পূর্বক অন্তরীকে লক্ষ প্রদান করত র্যদেনের হস্তী, অশ্ব ও রথ সমুদায় ছেদন করিতে লাগিলেন। কর্ণপুজের দেই ত্রিবিধ দৈন্য নকুলের খড়গা-ঘাতে যাজ্ঞিক কর্তৃক নিকৃত্ত পশুর তায় ছিন্ন ভিন্ন হইয়া ভূতলে নিপতিত হইল। ঐ সময় সমরবিশারদ, সত্যপ্রতিজ্ঞ, চন্দনচ্চিচ্ছ, নানা দেশসম্ভূত, ছুই সহস্র বীর বিজয়াভিলাষী একমাত্র মহাবীর নকুলের অসি প্রহারে নিহত হইয়া ধরাশয্যা গ্রহণ করিলেন।

তথন মহাবীর ব্যসেন মহাবেগে নকুলের সম্মুখীন হইয়া তাঁহারে শরনিকরে বিদ্ধ করিতে লাগিলেন। নকুলও তাঁহারে অনবরত শরজালে
বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। ব্যসেন নকুলশরে গাঢ়তর বিদ্ধ হইয়া
ক্রোধে একান্ত অধীর হইলেন। হে মহারাজ! এইরূপে মহাবীর নকুল
ভাতা ভামসেন প্রভাবে সেই তুমুল রণস্থলে রক্ষিত হইয়া অতি ভয়প্কর
কার্য্যের অনুষ্ঠান করিতে লাগিলেন।

অনস্তর কর্ণের আত্মজ র্ষদেন মহারথ নকুলকে রথী, অশ্ব, মাতঙ্গ ও মসুষ্যগণকে শরনিকরে নিরন্তর বিদ্ধ করিতে দেখিয়া ক্রোধভরে তাঁহারে অফাদশ শরে বিদ্ধ করিলেন। তথন মহাবার নকুল সেই কর্ণস্থ নিক্ষিপ্ত শরনিকরে গাঢ়তর বিদ্ধ হইয় তাঁহার বিনাশ বাসনায় মহাবেগে ধাবমান হইলেন। র্ষসেন বিস্তার্গ পক্ষ আমিষলুক শ্রেন পক্ষীর ভায় নকুলকে সহসা আগমন করিতে দেখিয়া ভাহার প্রতি নিশিত শুরজাল বর্ষণ করিতে লাগিলেন। মহাবীর নকুল র্ষসেন নিক্ষিপ্ত শরনিকর নিতাস্ত নিক্ষল করিয়া বিচিত্র গতি প্রদর্শনপূর্বক রণস্থলে সঞ্চরণ করিতে প্রবৃত্ত হইলেন। অনন্তর কর্ণস্থতি র্ষসেন শরজাল দ্বারা নকুলের সহস্র তারকা সমলঙ্কৃত চর্ম থণ্ড থণ্ড করিয়া নিশিত ছয় শরে তাঁহার গুরুভার সাধন শক্রগণের প্রাণনাশক সপ্বিষের ভায় নিতান্ত উত্তা কোষনিক্ষাসিত স্থতীক্ষ অসি ছেদনপূর্বক শাণিত শরনিকরে তাঁহার বক্ষঃস্থল সাতিশয় বিদ্ধ করিলেন। এইরাপৌ মহাবীর নকুল র্ষসেনের শরনিকরে বিরথ, থভুগহীন ও সাতিশয় সন্তপ্ত হইয়া অনিলম্বে ধনপ্রযের সমক্ষে সিংহ যেমন অচলশিথরে আরোহণ করে, তদ্ধেণ ভীমসেনের রথে আরোহণ করিলেন।

অনন্তর মহাবীর ব্যক্ষেন সেই ছুই মহারথকে এক রথে অবস্থান করিতে দেখিয়া কোধাবিফ চিত্তে তাঁহাদিগকৈ বিদ্ধ করিবার অভিলাষে অনবরত শরবৃষ্টি করিতে লাগিলেন। তৎপরে অভাভা কোরবগণও দমবেত হইয়া তাঁহাদের প্রতি শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। তখন মহাবীর ভীম ও অর্জ্জন রোষ প্রভাবে হুত হুতাশনের ভায় সাতিশয় প্রদীপ্ত হইয়া ব্যক্ষেনের প্রতি অনবরত শরবর্ষণ করিতে লাগিলেন। প্রক্রময় মহাবীর ভীম অর্জ্জনকে সম্বোধন করিয়া কহিলেন, হে ধনঞ্জয়! এই দেখ, নকুল কর্ণাত্মজ নিক্ষিপ্ত শরনিকরে নিতান্ত নিপীড়িত হইতেছে। মহাবীর ব্যব্দন আমাদিগের উপরও শর বর্ষণ করিতেছে। অত এব তুমি অবিলম্বে উহার প্রতি গমন কর। হে মহারাজ! মহাবীর ধনঞ্জয় ব্রকাদরের বাক্য প্রবণ করিবামান্ত তৎক্ষণাৎ তাঁহার রথ সন্ধিননে সমুপস্থিত, হইলেন। মাদ্রীতনয় নকুল তাঁহারে তথায় সমাগত দেখিয়া কহিলেন, হে বীর! আপনি শীঘ্র ব্রষ্পেনকে বিনাশ করুন। তথন মহাবীর ধনঞ্জয় ভ্রাতা নকুলের বাক্য প্রবণগোচর করিয়া কেশবকে অবিলম্বে বৃষ্পেনের অভিমুথে অশ্ব সঞ্চালন করিতে কহিলেন।

ষড়শীতিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় ক্রেপদ রাজার পাঁচ পুত্র, দ্রোপদীর পাঁচ পুত্র ও

্মহাত্মা শিনিরনপ্তা সাত্যকি এই একাদশ বীর নকুলকে কর্ণপুজের শরনিকরে ছিন্ন শরাসন, খড়গহীন, রথবিহীন ও নিতান্ত নিপীড়িত অবগত হইয়া পবন-চালিত পতাকাঁযুক্ত, গভীর নিস্বন সম্পন্ন রথে আরোহণ করিয়া ভুজগগতি সদৃশ শর্মিকরে আপনার হস্তী, অশ্ব ও মনুষ্যগণকে মিপীড়িত করত সম্বরে মাদ্রীতনয়ের সাহায্যার্থ ধাবমান হইলেন। তখন মহাবীর কুতবর্মা, কুপ, অশ্বত্থামা, ছুর্য্যোধন, শকুনির পুত্র, ব্বক, চক্রাথ, এবং দেবারুধ, কৌরব পক্ষীয় এই কয়েক জন মহারথগণ জলদগম্ভীর নিম্বন রথারোহণপূর্বক অনবরত জ্যানির্ঘোষ ও শরবর্ষণ করত দেই একাদশ বীরকে নিবারণ করিতে লাগি-- লেন। কুলিন্দগণ তদ্দর্শনে নবজলধর সন্নিভ পর্ববতশৃঙ্গ সদৃশ বেগগামী মাতকে সমারত হইয়া সেই কৌরবপক্ষীয় বীরগণের প্রতি ধাবমান হইল। তাহাদের হিমালয় সম্ভূত স্থবর্ণজাল সমার্ত মদোৎকট মাতঙ্গণ চপলা-বিরাজিত জলধরের ন্যায় শোভা পাইতে লাগিল। অনন্তর কুলিন্দরাজ লোহ-ময় দশ বাণে কুপাচার্য্যকে অশ্ব ও দার্থির সহিত দাতিশয় নিপীড়িত করিল। মাহাবীর কুপাচার্য্য তাহার সায়কে দমাহত হইয়া অচিরাৎ স্থতীক্ষ্ণ শরে তাহারে মাতঙ্গের সহিত ভূতলে নিপাতিত করিলেন। কুলিন্দরাজের অনুজ জ্যেষ্ঠ জাতারে নিহত দেখিয়া সূর্য্যরশ্মি সদৃশ লৌহময় তোমরে কুপাচার্য্যের রথ আলোড়িত করত সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিল। মহাবীর শকুনি তদ্দর্শনে সম্বরে তাহার মস্তক ছেদন করিয়া ফেলিলেন।

অনন্তর ভোজরাজ কৃতবর্মা শরনিকরে শতানীকের অসংখ্য মাতঙ্গ, অখ, রথ ও পদাতিগণকে নিহত ও নিপাতিত করিলেন। ঐ সময় বহুতর আয়ুধ ও পতাকাযুক্ত অন্য তিন মহাগজ অশ্বথামার শরে আরোহীর সহিত নিহত হইয়া বজ্ঞাহত অচলের ন্যায় ভূতলে নিপতিত হইল। অনন্তর কুলিন্দরাজ্ঞের ভূতীয় সহোদর উৎকৃষ্ট শরে ছুর্য্যোধনকে তাড়িত করিলে তিনি নিশিত শরনিকরে তাহারে ক্ষতবিক্ষত করত তাহার মাতঙ্গকে নিহত করিলেন। গজরাজ ছুর্য্যোধনের শরে নিহত হইয়া বর্ষাকালীন বজ্ঞাহত গৈরিক ধাতু-ধারাবর্ষী পর্বতের ন্যায় শোণিত ক্ষরণ করত ভূতলে নিপতিত হইল। কুলিন্দরাজের সহোদর হস্তী পতিত না হইতে হইতেই অবিলম্বে লক্ষ্ম প্রদানপূর্বক ধরাতলে অবতরণ করিল এবং সত্বরে অন্য এক মহামাত্রে

আরোহণপূর্ব্বক ক্রাণের অভিমুখে, ধাবমান হইল। মহাবীর ক্রাণ তদ্দর্শনে ক্রুদ্ধ হইয়া শরনিকরে কুলিন্দরাজের সহোদরকে তাহার মাতকের সহিত নিতান্ত নিপীড়িত কারতে লাগিলেন। তথম দেই গজারত, মহাবীর ত্রুজ্জর ক্রাথাধিপকে শরনিকরে নিহত করিল। মহাধমুর্দ্ধর ক্রাথ কুলিন্দরাজ্ঞ সহোদরের শরে নিহত হইয়া বায়ুবিপাটিত বনস্পতির ন্যায় অখ, সারথি, শরাসন ও ধ্বজের সহিত ভূতলে নিপতিত হইলেন। অনন্তর মহাবীর রক সেই গজারত কুলিন্দরাজ্ঞ সহোদরকে দাশ শরে বিদ্ধ করিলে তাহার মাতক্ষ পদাঘাতে অখ ও রথের সহিত রককে বিপোথিত করিল। তথম বক্রতন্য শরনিকর নিক্ষেপ করত কুলিন্দরাজ সহোদরকে তাহার মাতক্ষের সহিত বিদ্ধা করিতে লাগিলেন। নাগরাজ বক্রতনয়ের শরে সমাহত হইয়া দ্রুতবেগে তাহার প্রতি ধাবমান হইল। এই অবসরে মহাবীব সহদেবতনয় বক্রতনন্দনকে নিপাতিত কবিলেন। অনন্তর কুলিন্দরাজ্পহোদর শেই যোধবিদারণক্ষম মহাগজ লইয়া শকুনির বিনাশ বাসনায় মহাবেগে গমন কবত তাহার মন্তক ছেদন করিয়া কেলিলেন।

হে মহারাজ! অনন্তব অন্যান্য কুলিন্দগণ নিহত হইলে আপনার ধনুর্দ্ধারী পুজ্রগণ মহা আহলাদে লবণ-সমুদ্র সম্ভূত শন্ধ দকল প্রশ্বাপিত করত
কামুক ধারণ করিয়া গ্রাতিগণের অভিমুখে ধাবমান হইলেন। তথন পাণ্ডব
ও স্প্রেরগণের সহিত কৌরবাদগের পুনরায় ঘোরতর যুদ্ধ হইতে লাগিল। ঐ
যুদ্ধে খড়গা, বাণ, শক্তি, ঋষ্টি, গদা ও পরশুর আঘাতে অসংখ্য রথ, হস্তী,
অশ্ব ও মনুষ্য নিহত হইয়া ভূতলে নিপতিত হউল। উভয় পক্ষীয় চতুরঙ্গ বল
পরস্পরের আঘাতে নিহত ও নিপাতিত হওয়াতে বােধ হইতে লাগিল যেন
বিহ্যদ্বিরাজিত ও নির্হাদযুক্ত মেঘ সকল মহামাক্ষতবেগে সমাহত হইয়া
চতুদ্দিকে সঞ্চালিত হইতেছে। ঐ সময় আপনার হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণ নকুলপুক্র শতানীকের শবে নিহত হইয়া স্থপর্ণের পক্ষবায়্ত্র-বিদলিত
ভূজঙ্গমের আয় ভূতলে নিপতিত হইল। তথন কোরবপক্ষীয় একজন কুলিন্দ
অসংখ্য শরে শতানীককে সমাহত করিতে লাগিল। মহাবার নকুলনন্দন
কুলিন্দের শরে সমাহত হইয়া জেলাধভরে ক্ষুর দ্বারা তাহার মস্তক ছেদন

করিয়া ফেলিলেন। অনস্তর কর্ণের পুত্র মহাবীর ব্ধনেন লৌহময় তিন শরে শতানীককে বিদ্ধ করিয়া ভীমকে তিন, অর্জ্জুনকে তিন, নকুলকে সাত ও জনার্দ্দনকে ঘাদশ শরে বিদ্ধ করিলেন। ঐ সময়ে কৌরবগণ কর্ণপুত্রের লোকাতীত কার্য্যদন্দর্শনে আহ্লাদিত হইয়া তাঁহার ভূয়দা প্রশংদা করিতে লাগিলেন। কিন্তু যাঁহারা অর্জ্জুনের পরাক্রম সবিশেষ অবগত ছিলেন, তাঁহারা কর্ণপুত্রকে হুতাশনে আহ্ত বলিয়া বোধ করিলেন।

অনন্তর মহবীর ধনঞ্জয় মাদ্রীনন্দন নকুলকে হতাশ্ব ও বাস্তুদ্দেবকে নিতান্ত ক্ষতবিক্ষত নিরীক্ষণ করিয়া রুষ্দেনের প্রতি ধাবমান হইলেন। সূতপুজের শমুখন্থিত মহাবীর বৃষদেনের অসংখ্য বাণধারী নরবীর অর্জুনকে সাগমন করিতে দেখিয়া পূর্বের দানবরাজ নমুচি যেমন ত্রিদশাধিপতি ইন্দ্রের প্রতি গমন করিয়াছিল, তদ্ধেপ দ্রুতবেগে তাঁহার অভিমুখে গমনপূর্বক তাঁহারে বহুসংখ্য শরে বিদ্ধা করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তৎপরে তিনি অর্জ্বনের দক্ষিণ ভুজমূলে শর্নিকর নিক্ষেপপূর্বক কুষ্ণকে নয় বাণে বিদ্ধ করিয়া পুনরায় ধনঞ্জয়কে দশ বাণে বিদ্ধ করিলেন। এইরূপে কর্ণতনয় অর্জ্ঞানের উপর অত্যে শরাঘাত করিলে মহাবীর পার্থ ঈষৎ রোষ-পরবশ হইয়া তাঁহার বিনাশে মনোনিবেশপুর্বক ললাটে জ্রুকুটি বিস্তার করিয়া নিরস্তর শরজাল বর্ষণ করিতে লাগিলেন। অনস্তর তিনি রোষক্যায়িত লোচনে গর্ব্ব প্রকাশপুর্ব্বক সূতপুত্রকে সম্বোধন করিয়া কহিলেন, হে কর্ণ! আজি আমি তোমার সমক্ষেই দ্রোণপুত্র প্রভৃতি বীরগণ এবং তুর্য্যোধন ও রুষদেনকে নিশিত শরনিকরে -যমলোকে প্রেরণ করিব। সকলেই কহিয়া থাকে যে, গাণার পুক্র অভিমন্য যৎকালে রথ মধ্যে একাকী অবস্থান করিতেছিল, দেই সময় তোমরা সকলে সমবেত হইয়া তাহারে সংহার করিয়াছ। কিন্তু আমি তোমাদিগের সমক্ষেই র্যদেনকে বিনাশ করিব; তোমার ক্ষতা থাকে, তাহারে রক্ষা কর। হে মুর্থ ! তুমি আমাদের এই কলছের মূল ; বিশেষত হুর্য্যোধনের আঞায় লাভে ভোমার অন্তঃকরণে অহস্কার সঞ্চার হইয়াছে। অতএব আমি অন্ত ব্রষ্দেনের বিনাশের পর বল প্রকাশপুর্বক তোমারে বিনাশ করিব। আর ঘাছার নিমিত এই লোকক্ষ উপস্থিত হইয়াছে, মহাবীর ভীম সেই নরাধম ছুর্য্যেধনকে বিনাশ করিবেন।

হে মহারাজ ! মহাবীর ধনঞ্জয় এই কথা বলিয়া শরাসন পরিমার্জ্জিত করত র্ষসেনকে লক্ষ্য করিয়া তাঁহারে সংহার করিবার বাসনায় শরজাল বিস্তারপূর্বক হাস্তমুখে অশঙ্কিত চিত্তে দশ শরে তাঁহার মর্মাদেশ বিদ্ধ করিলেন এবং থরধার চারি ক্লুর নিক্ষেপপূর্বক তাঁহার শরাসন, বাহুযুগল ও মস্তক ছেদন করিয়া ফেলিলেন। এইর্নপে কর্ণাত্মজ র্ষসেন অর্জ্জ্নের ক্লুরাস্ত্রে ছিন্নবাহ্ট ও ছিন্নমন্তক হইয়া বায়ুবেগভয় কুসমোপশোভিত অতি বিশাল শালরক থেমন শৈলশিথর হইতে নিপতিত হয়, তত্রূপ রথ হইতে ধরাতলে নিপতিত হইলেন। তথন মধাবীর কর্ণ আপনার আত্মজকে অর্জ্জ্ন শরে নিহত্ত ও ভূতলে নিপতিত নিরীক্ষণপূর্বক যৎপরোনান্তি কাতর ও রোষান্থিত হইয়া তৎক্ষণাৎ কৃষ্ণ ও ধনঞ্জয়ের প্রতি ধাবমান হইলেন।

সপ্তাশীতিতম অধ্যায়।

হে মহারাজ ! তথন পুরুষপ্রধান বাস্থদেব দেবগণেরও ত্রনিবার্য্য মহাকায় ্ৰতপুত্ৰকে উদ্বেল মহোদধির আয় গৰ্জন করত সুমাগত হইতে দেখিয়া হাস্ত-মুখে অৰ্জ্নকে কহিলেন, সথে! যাহার সহিত তোমারে যুদ্ধ করিতে হইবে, ঐ দেই কর্ণ শল্য দঞ্চালিত শ্বেতাশ্বযুক্ত রথে আরোহণ করিয়া আগমন করি-করিতেছে; অতএব তুমি এক্ষণে স্থির হও। ঐ দেখ, মহাত্মা কর্ণের কিঙ্কিনীজাল জড়িত নানা পতাকা পরিরতখেতাখযুক্ত রথ আকাশস্থিত বিমানের ভায় সমাগত হইতেছে। উহার শক্রচাপদন্ধিভ নাগকক্ষ ধ্বজ্ঞ যেন আকাশমার্গ উল্লিখিত করিতেছে। ঐ দেখ, সূতনন্দন হর্ষ্যোধনের হিত **हिको**र्घाय वातिश्रातावर्षी जलात्तत नाग्र भावजाल वर्षण कत्र जनाग व हरेरा । মদ্ররাজ শল্য উহার রথে অবস্থিত হইয়া অশ্ব সঞ্চালন করিতেছেন। ঐ চতুদ্দিকে তুল্দুভিধ্বনি, শন্ধনিস্বন ও বিবিধ সিংহনাদ প্রবণগোচর ইংতছে। কর্ণের কোদগুনিস্থন সমুদায় মহাশৃব্দ তিরোহিত করিয়াছে। মহারণ্যে মুগগণ যেমন কোপাবিষ্ট সিংহকে দর্শন করিয়া পলায়ন করে, তদ্ধপ মহারথ পাঞ্চাল-গণ সূতপুত্রকে নিরীক্ষণ করিয়া সৈন্যগণ সমভিব্যাহারে ইতস্তত ধাবমান হই-য়াছে। অতএব এক্ষণে তুমি সম্পূর্ণ যত্ন করিয়া সূতপুত্রকে নিপাতিত কর। তুমি ভিন্ন আর কেহই কর্ণের বাণ দহু করিতে দমর্থ নহে। আমি বিশেষরূপে •অবগত আছি যে, তুমি দেখাহ্মর গন্ধবি সম্বলিত তিন লোক জয় করিতে পার।

দেখ, জটাজুটধারী ভীষণাকার ত্রিনয়ন মহাদেবের সহিত যুদ্ধ করা দূরে থাকুক, কেহ তাঁহারে দর্শন করিতে সমর্থ নহে; কিন্তু তুমি সেই সর্বস্থৃতের মঙ্গলপ্রদ মূর্ত্তিমান্ দেবদেবের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়৷ তাঁহারে প্রীত করিয়াছ। অন্যান্য দেবগণও তোমারে বর প্রদান করিয়াছেন। এক্ষণে তুমি সেই শূল-পাণির প্রসাদে ইন্দ্র যেমন নমুচিরে নিহত করিয়াছিলেন, তত্ত্বপ সূতপুত্তকে সংহার কর। তোমার সর্ববদা মঙ্গল ও সংগ্রামে জয় লাভ হউক।

তখন অর্জ্জুন কহিলেন, হে সথে ! তুমি সর্বালাকের গুরুঁ। তুমি যথন আমার প্রতি পরিতৃষ্ট হইয়াছ, তখন অবশ্যই আমার জয় লাভ হইবে; অতএব এক্ষণে তুমি রথ দঞ্চালন কর। অর্জ্জুন কর্ণকে দমরে নিপাতিত না করিয়া কদাচ প্রতিনির্ভ হইবে না। আজি তুমি হয় আমার বাণে কর্ণকে না হয় কর্ণের বাণে আমারে ক্ষতবিক্ষত ও নিহত নিরীক্ষণ করিবে। যতদিন পৃথিবী বর্ত্তমান থাকিবে, ততদিন লোকে এই উপস্থিত ভয়য়র য়ুজের বিষয় কীর্ত্তন করিবে। হে মহারাজ! মহাবীয় ধনঞ্জয় বাস্থদেবকে এই কথা বিশয়া মাতক্ষের অনুগামী মাতক্ষের ন্যায় কর্ণের অভিমুখে ধাবমান হইলেন। অনন্তর তিনি পুনরায় বাস্থদেবকে কহিলেন, হে কৃষ্ণ! দময় অতিবাহিত হইতেছে; অতএব অবিলম্বে অয় দঞ্চালন কর। মহাত্মা বাস্থদেব অর্জুন কর্তৃক এইরপা কথিত হইয়া ভাঁহারে জয়াশীর্বাদ করিয়া ভাঁহার মনোমার্রুতগামী অশ্বগণকে মহাবেগে দঞ্চালন করিতে লাগিলেন। তখন অর্জ্জুনের রথ ক্ষণকাল মধ্যেই কর্পরথের অ্রে উপনীত হইল।

# অষ্টাশীতিত্য অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় মহাবীর কর্ণ ব্যদেনের বিনাশ দর্শনে পুত্রশোকসন্তপ্ত হইয়া বাষ্পাবারি পরিত্যাগ করিতেছিলেন, ইত্যবসরে তিনি সর্জ্জ্নকে
সমীপে অবলোকন করিয়া রোষতাত্র নেত্রে ভাঁহারে যুদ্ধার্থ আহ্বান করত
তাঁহার অভিমুখে ধাবমান হইলেন। তথন সেই বীরদ্বয়ের ব্যান্ত্রচর্ম্ম
পরিব্বত রণদ্বয় একত্র মিলিত হইয়া উদিত সূর্য্যদ্বয়ের ন্যায় শোভা পাইতে
লাগিল এবং সেই অরাতিসূদন বীরদ্বয় শেতাশ্ব যুক্ত রণে অবস্থানপূর্বক
গগনমণ্ডলন্থ চক্রসূর্য্যের ন্যায় শোভা ধারণ করিলেন। সৈনিকগণ ত্রৈলোক্য
জয়াকাঙকী ইক্র ও বলি রাজার স্থায় সমরে সমুত্রত সেই বীরদ্বয়কে দর্শন

করিয়া বিস্ময়াপন্ন হইল। ভূপালগণ তাঁহাদিগকে রথনির্যোধ, জ্যাতলশব্দ, শরনিম্বন ও দিংহনাদ করত দ্রুভবেগে পরস্পারের প্রতি ধাবমান
এবং কর্ণের ধ্বজে হস্তিকক্ষ ও অর্জ্জুনের ধ্বজে ভীমণ বানর বিরাজমান
দেখিয়া বিস্ময়াবিষ্ট চিত্তে দিংহনাদ সহকারে দেই রথিদ্বয়কে অনবরত
দাধুবাদ করিতে লাগিলেন। সহস্র সহস্র বীরপুরুষ ছুই বীরকে দ্রৈথ
মুদ্ধে সমুস্তত দৈখিয়া বাহ্বাস্ফোটন ও বস্ত্রকাপ্রন করিতে আরম্ভ করিলেন। কৌরবর্গণ কর্ণকে গামোদিত করিবার নিমিত্ত চতুর্দ্ধিকে বাদিত্রধ্বনি ও শঙ্খনিম্বন করিতে লাগিলেন। পার্ত্রগণও ভূর্য ও শঙ্খের নিনাদে
ধনজ্বয়কে আনন্দিতে করত দশদিক্ প্রতিধ্বনিত করিলেন। ঐ সময় চতুর্দ্ধিকে
শ্বগণের সিংহনাদ ও বাহ্বাস্ফোটন প্রবণগোচর হইতে লাগিল।

হে মহারাজ! তৎকালে মহাবীর অর্জ্জন ও কর্ণ শর, শরাসন, শক্তি, খড়গা, ভূণীর, শঙা ও বর্মা ধারণপূৰ্বিক বপারেরাহণ করিয়াছিলেন। তাঁহারা উভথেই অতি প্রিয়দর্শন। তাঁহাদের কক্ষ সিংহের ভাষ, বাছ যুগল বিশাল, লোচন লোচিতবর্ণ, স্থবিস্তীর্ণ কক্ষঃস্থল, স্বর্ণ মাল্যদামে সমলস্কৃত ও সর্কাঙ্গ রক্তচন্দ্নে চর্চিত। পরিচারকগণ মহারুষভের ন্যায় গর্বিত, মহাবল পরা-ক্রান্ত বীরদ্বয়কে চামর ব্যক্ষন ও তাঁহাদের মস্তকে শ্বেত ছত্র ধারণ করিয়া-ছিল। ঐ বীরদ্বয়ের মধ্যে এক জনের রথে মহাবীর শল্য এবং অন্যের রথে মহাত্মা বাস্তদেব দারথ্য করিতেছিলেন। দেই যুগান্তকালীন কুতান্ত তুলা আশীবিষশিশু সন্নিভ বীরদ্বয় পরস্পারের বধ সাধন ও জয় লাভের গভিলাষ করিয়া পরস্পারের প্রতি ধাবমান হওয়াতে তাঁহাদিগকে গোষ্ঠস্থিত র্ণভবয়ের ন্যায়, প্রভিন্নগণ্ড মাতঙ্গ যুগলের ন্যায়, রোষাবিষ্ট পর্বত ছয়ের ন্যায়, ক্রোধোদ্ধত পুরন্দর ও রত্রীস্বের ন্যায়, ক্রুদ্ধ মহাগ্রছয়ের ন্যায় বোধ হইতে লাগিল। তাঁহোরা উভয়েই দেবাংশসঞ্জাত, দেবতুল্য বলশালী ও রূপে দেবভার অনুরূপ। দেই নানা শস্ত্রধারী মহাবীরদ্বয় তৎকালে সমরা-পনে যদৃচ্ছাক্রমে আগত সূর্য্য ও চক্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন। হে মহারাজ ! আপনার পক্ষীয় বীরগণ মহারীর অর্জ্জুন ও কর্ণকে শার্দ্দুল-ष्ट्यत ন্যায় পরস্পর সম্মুখান নিরীক্ষণ করিয়া অতিশয় হুফট হইল। পৌরুষ 🔊 বলপ্রভাবে বিশ্রুত্র, দ্বর ও অমররাজের সদৃশ ঐ মহাবীরদ্বয় সংগ্রামে

মহাবীষ্য কার্ত্তবীষ্য তুল্য, দশরথতনয় রামের অনুরূপ ও ভূতভাবন ভগবান্
ভবানীপৃতির তুল্য। তাঁহাদিগের বলবীষ্য বৈকুণ্ঠনাথ বিষ্ণুর সদৃশ। ঐ
সময় তাঁহার। বাহুবাস্ফোটন শব্দে নভস্তল অনুনাদিত করিতে লাগিলেন।
তথন কেহই সেই একত্র সমবেত বীরদ্বয়ের মধ্যে যে কাহার জয় লাভ
হইবে, তাহা স্থির করিতে সমর্থ হইল না।

অনস্তর দিন্ধচারণগণ দেই মহারণদ্বয়কে সমরাঙ্গনে শোভমান দেখিয়া নিতান্ত বিস্ময়াপন্ধ হইলেন। তথন আপনার মহাবল প্রাক্রান্ত পুত্রগণ সৈন্য সমভিব্যাহারে সমরশোভী মহাত্রা কর্ণকে পার্বেফন করিলেন। ধ্রফ্টন প্রস্তুতি পাগুবগণও শবিতীয় যোদ্ধা মহাত্রা ধনপ্তবের চতুদ্দিকে অব্যান করিতে লাগিলেন। ঐ সংগ্রামে মহাবীর কর্ণ কৌরবগণের ও অর্জ্জন পাগুবগণের পণস্বরূপ হইলেন। বীরগণ পক্ষদ্বয়ের জয় পরাজয় দর্শনার্থে অবস্থান করিতে লাগিলেন।

হে মহারাজ ! ঐ সময় সেই সমরশোভী ক্রোধানিস্টচিত বীরদয় পর স্পার পরস্পারের প্রতি গ্রহার ও পরস্পারকে বিনাশ করিতে সমুগ্রত হওয়াতে তাঁহ।দিগকে ইন্দ্র ৭ বৃত্রাস্থরের ন্যায়, ভীষণমূত্তি মহাধুমকেতুদ্বয়ের ন্যায় বোধ হইল। অনন্তর কর্ণ ও অর্জ্জনের নিমিত্ত অন্তরীক্ষন্থিত প্রাণিগণের পরস্পর মহাবিবাদ ও ভেদ উপস্থিত হইল। দেব, দানব, গন্ধর্বে, পিশাচ, উরগ ও রাক্ষদগণ দকলেই কেহ কর্নের এবং কেহ বা অর্জ্জুনের পক্ষ অবলয়ন করিলেন। আকাশমণ্ডল সূতপুত্রের এবং ভূমণ্ডল অর্জ্জনের পক স্বলম্বন করিল। পর্বতে, সমুদ্র, নদী, মেঘ, রুক্ষ ও লতা সকল কেহ কর্ণ ও কেহ অর্জুনের পক্ষ আশ্রেষ করিল। মুনি, সিদ্ধ ও চারণ; গরুড় ও অন্যান্য পক্ষী; রত্ন ও নিধি; চতুর্বেদ, আথ্যান, উপবেদ, উপনিষদ, রহস্ত ও সংগ্রহ; বাস্থকী, চিত্রদেন, তক্ষক, মণিক, ঐরাবত, সৌরভের ও বৈশা-লেয়; রুক, শশ ও অন্যান্য মঙ্গলজনক পশুপক্ষী; আট বস্তু, বায়ু, সাধ্য, রুদ্র, বিশ্বদেব, অশ্বিনীকুমারদ্বয়, অগ্নি, ইন্দ্র, চন্দ্র, দশ দিক্, পদাকুগ সম-বেত দেবলোক ও পিত্লোক; যম, কুবের, বরুণ, ব্রাহ্মণ, ক্ষজ্রিয়, যজ্ঞ, দক্ষিণা, সমুদায় রাজষি এবং তুদ্ধু রু প্রভৃতি গন্ধর্বগণ অর্জ্বনের পক্ষ হইলেন। আদিত্য, অস্তর, রাক্ষদ, গুহুক, পক্ষী, বৈশ্য, শুদ্রু, সূত্র, সঙ্করক্ল!তি, প্রেত, পিশাচ, অন্যান্য ক্রব্যাদ, জলজন্ত, শৃগাল, কুরুর ও ক্ষুদ্র সর্পাণ কর্ণের পক্ষ অবলম্বন করিলেন। প্রাধেয়, মৌনেয়, অপ্সরা ও গন্ধর্বগণ কর্ণ ও অর্জ্জনের সংগ্রাম দর্শন বাসনায় রক, শশ, হস্তী, অশ্ব, রথ, •মেঁঘ ও বায়ু বাহনে আরোহণ করিয়া সমাগত হইলেন। দেব, দানব, গন্ধব্ব, যক্ষ, রাক্ষ্য, পক্ষী, তপোস্ঠাননিরত বেদজ্ঞ মহিষি, স্থাভোগী পিতৃলোক এবং ওষধি সকল কোলাহল ধ্বনি করত নভোমগুলে গবস্থান করিতে লাগিলেন। ক্ষলধানি ব্রক্ষা ব্রক্ষাধি ও প্রজাপতিগণের সহিত সমবেত হইয়া এবং মহাত্মা মহাদেব দিব্যয়ানে আরোহণ করিয়া যুদ্ধ দর্শনার্থ সমাগত হইলেন।

অনন্তর ত্রিদশাধিপতি ইন্দ্র মহাত্মা কর্ণ ও ধনঞ্জয়কে সংগ্রামার্থ পরস্পর দ্মাগত দেখিয়া কহিলেন, এত আমার তন্য় ধনঞ্জয় সূতপুত্রকে বিনাশ করিবে, সূর্য্যদেব কহিলেন, আমার আত্মজ কর্ণ অর্জ্জুনকে বিনাশ করিয়া জয় শ্রী লাভে কৃতকার্য্য হইবে। এইরূপে তৎকালে, স্বরাজ ইন্দ্র ও সূর্য্যের বিবাদ উপাস্থত হইল। ত্থন ঠাহারাপ রস্পর পৃথক্ পঞ্জ আ<u>আ</u>য় করিলেন। হে মহারাজ! তৎকালে দেব্যি ও চারণগণ সমবেত ত্রিলোকস্থ সমস্ত ব্যক্তি কর্ণ ও ধনঞ্জয়কে যুদ্ধার্থ মিলিত দেখিয়া বিকম্পিত হইতে লাগেলেন। গ্রন্থরগণ কর্ণের পক্ষে এবং অমরগণ ও অন্যান্য ভূত সমুদায় অর্জ্জনের পক্ষে অবস্থান করিলেন। অনন্তর দেবগণ সর্বলোক পিতামহ ব্রহ্মারে কহিলেন, ভগবন্! অর্জুন ৬ কর্ণ এই হুই মহাবারের মধ্যে কোন্ বীর বেজঃ লাভ কবিবে ? আমাদের মতে ইহাদিগের উভয়েরই জয় লাভ হওয়া উচিত। অতএব ইহারা উভয়েই সমরে ক্ষান্ত হউক। হে দেব! এই সুই বীরের বিবাদে দমস্ত জগৎ সংশয়গ্রস্ত হইয়াছে। এক্ষণে ইহাদের মধ্যে কে বিজয় লাভে সম্যক্ আধকারী, আপনি তাহা নিশ্চয় ক্রিয়া বলুন। হে ব্রহ্মন্! ইহাদের উভয়েরই যে বিজয় লাভ হ এয়া উচিত, ইহা আপনি স্বীকার করুন।

হে মহারাজ। তখন স্থারাজ ইন্দ্র দেবগণের দেই থাক্য আবণু করিয়া বিক্ষারে প্রণিপাতপূর্বক কছিলেন, হে ভগবন্। পূর্বে দেবাদিদেব মহা-দেব কহিয়াছিলেন, বাস্থদেব ও অর্জ্জ্বের নিশ্চয়ই বিজয় লাভ হইবে। ক্ষেণে আমি আপনাদ্র বারংধার নমস্কার করিতোছি, আপান আমার প্রতি

প্রদান হউন। মহেশ্বর যেরূপ কহিয়াছেন, তাহার যেন অন্যথা না হয়। তথন ভগবান্ ত্রক্ষা ইত্তেরে এই বাক্য তাবণগোচর করিয়া মহাদেবের সমক্ষে তাঁহারে কহিলেন, হে স্করাজ! যে মহাবীর খাণ্ডবপ্রস্থে হুতাশনের তৃপ্তি-সাধন ও দেবলোকে উপস্থিত হইয়। তোমারে যথোচিত সাহায্য দান করি-য়াছে, তাহার অবশুই জয় লাভ হইবে। সূতপুত্র দানব দগের পক্ষ; অত-এব তাহার পরাজর হওরাই উচিত। অর্জ্জুন কর্ণকে পরাজয় করিলে দেব-গণেরও দানবজয়রূপ কার্য্য দাশন হইবে. সন্দেহ নাই। এই নিমিত্তই আমরা মর্জ্বনের জয় প্রার্থনা করিতেছি। অজ্বিকার্য্য দংসাধন করাই সকলের গুরুতর কার্যা। আর দেখ, মহাত্মাধনঞ্জয় সতত সত্যধর্মনিরত। ঐ বীর অস্ত্রবলে ভগবান রুষভবাহনের সম্ভোষ সম্পাদন করিয়াছিল। অত-এব সেই মহাবীরের অবশ্যই জয় লাভ হইবে। মহাবীর ধনঞ্জয় মহাবল পরাক্রান্ত, শিক্ষিতান্ত্র ও তপোবল সম্পন্ন ; ঐ মহাবীর ধনুর্বেদে সম্যক্ অধিকারী হইয়াছে; বিশেষত জগতের প্রভু ভগবান্ বিষণু স্বয়ং তাহার শার্থ্য করিতেছেন; অতএব কি নিমিত্ত তাহার জয় লাভ হইবে না। এক্ষণে অর্জ্বনের জয় লাভ হইলে একটি দেবকার্য্য সাধন এবং পাগুবগণের বনবাস প্রভৃতি বিবিধ ক্লেশ নিবারণ হয়। অতএব তাহারই জয় লাভ হওয়া উচিত।

হে দেবেন্দ্র: মহবীর অর্জ্জুন তপঃপ্রভাব সম্পন্ন; তাঁহার দৈববল মহত্ত্ব নিশন্ধন পুরুষকারকে অতিক্রম করিয়াছে। অতএব উঁহার অরাতিগণ সমূলে. উন্মূলিত হইবে, সন্দেহ নাই। ধনঞ্জয় ও বাস্তদেব রোষপরবশ ছইলে সমরাঙ্গনে মর্য্যাদা অতিক্রম করিয়া থাকেন। ইহারা পুরাণ ঋষি নর ও নারায়ণ ; ইহারাই জগতের স্প্তিকর্তা। ইহারাই সকলকে শাসন করিয়া থাকেন। কিন্তু ইঁহাদিগের নিয়ন্তা কেহই নাই। কি স্বর্গ, কি মর্ত্ত্য কুত্রাপি ইহাদিগের ভুল্য ব্যক্তি নাই। দেবর্ষি, চারণ, দেবতা ও অন্যান্য প্রাণিগণ ইংাদিগের একুগত হইথা আছেন। ইং।দেরই প্রভাবে সমগ্র বিশ্ব বিভাষান রহিয়াছে; অতএব এক্ষণে ইহারাই জয় 🖺 অধিকার করুন। আর এই সূতপুত্র দ্রোণের সহিত দেবলোক বা ভীম্মের সহিত বশ্লোক প্রাপ্ত হউক। হে মহারাজ! দর্মলোক পিতামহ ব্রহ্মা এই কথা কহিলে দেবাদিদেব মহাদেবও তাঁহার বাক্যে অমুমোদন করিলেন।

তথন দেবরাজ পুরন্দর ব্রহ্মা ও রুদ্রদেবের বাক্য প্রবণগোচর করিয়া তত্রত্য সমুদায় প্রাণীকে আমন্ত্রণপূর্বক কছিলেন, হে মহাত্মাগণ! ভগবান্ ব্রহ্মা ও রুদ্রে যে জগতের হিতকর কথা কছিলেন, তাহা আপনারা প্রবণ করিলেন। উহাদের কথা কদাচ অন্তথা হইবে না। অত এব এক্ষণে আপনারা নিশ্চিন্ত হইয়া অবস্থান করুন। তথন তত্রত্য সমস্ত প্রাণী দেবরাজের সেই বাক্য প্রবণগোচর করিয়া একান্ত বিস্ময়াবিষ্ট চিত্তে তাঁহার ভূয়সী প্রশংসা করিছে লাগিলেন। দেবগণ হর্ষভরে নানাপ্রকার হুগন্ধি পূষ্প বর্ষণ ও ভূর্যাধ্বনি করিতে আরম্ভ করিলেন। স্থর, জ্বর ও গন্ধর্বগণ দেই বীরহ্বের অন্তে বৈরথ যুদ্ধ অবলোকন করিবার নিমিন্ত অবস্থান করিতে লাগিলেন। প্রসময় সমরাঙ্গনস্থ মহাবীরগণ সেই বীরহ্বের অধিষ্ঠিত দিব্য রথস্মীপে সমাণ্ড হইয়া শন্ধনাদ করিতে আরম্ভ করিল। তথন মহাত্মা অর্জ্জন ও বাস্থদেব এবং মহাবীর কর্প ও শল্য ইহারাত হুফ্ট চিত্তে শন্ধ্বাদন করিতে লাগিলেন।

অনন্তর দেবরাজ ইন্দ্র ও শহরাস্থরের ভারু সেই বীরদ্বয়ের ভীরুজন ভয়ক্কর ঘোরতর সংগ্রাম সমুপিছিত হইল। মহাবীর কর্ণের আশীবিষ দদৃশ, রত্নময়, স্থৃদৃঢ়, শক্তশরাদন তুল্য হস্তিককাধ্বজ এবং অর্জ্ঞ্নের মধ্যাহ্নকালীন দিবাকরের ভাষ, ব্যাদিতবদন কুভান্তের ন্যায় নিভান্ত ছুনিরীক্ষ্য বিকটদশন বানরধ্বজ সকলের অন্তঃকরণে ভয় সঞ্চার করিয়া শোভা পাইতে লাগিল। তৎকালে তাঁহাদিগের সেই তুইটি ধ্বজ প্রলগ্নকালে নভোমগুলে সমুদিত রাহ্ন ও কেতৃপ্রহের স্যায় নিরীক্ষিত হইল। অনন্তর মহাবীর ধনঞ্জয়ের ধ্বজন্মিত কপিবর সংগ্রামার্থী হইয়। স্বস্থান হইতে মহাবেগে কর্ণের হস্তি-কক্ষাধ্বজে উৎপত্তিত হইল এবং গরুড় যেমন ভুজঙ্গকে টুন্ন ভিন্ন করে, তক্ষপ নথ ও দন্ত দারা উহা ছিম ভিম করিতে লাগিল। তখন সূতপুজের সেই কিন্ধিণীজালজড়িত কাল্পাশোপম হস্তিককা ক্রোধাবিষ্ট হইয়া কপি-বরের প্লতি ধাবমান হইল। এইরূপে সেই বীর দ্বয়ের ঘোরতর দৈরথযুদ্ধে প্রথমত হুই ধরজের তুমুল সংগ্রাম হইতে লাগিল। 💁 সময় উভয়ের অখ-গণ পরস্পার স্পর্দ্ধা প্রকাশপূর্বক হ্রেষারব পরিত্যাগ করিতে আরপ্ত করিল। অনস্তর বাস্থাদেব শল্যের প্রতি এবং অর্জ্জন সূতপুত্রের প্রতি কটাক্ষনিক্ষেপ ,করিতে লাগিলেন।, তখন মদ্ররাজ ও কর্ণ বারংবার কৃষ্ণ ও অর্জনের

প্রতি কটাক্ষপাত করিলেন। অনন্তর মহাবীর সূতপুত্র হাস্তমুথে শল্যকে সম্বোধনপূর্বক কহিলেন, হে মদ্ররাজ! যদি ধনঞ্জয় আজি আমারে বিনাশ করে, তাহা হইলে তুমি কি করিবে, ভাহা সত্য করিয়া বল। শল্য কহি-লেন, হে সূতপুত্র ! যদি আজি মহাবীর খেতাশ্ব অর্জুন সমরাঙ্গনে তোমারে নিহত করে, তাহা হইলে খামি দত্য কাহতেছি যে, একাকাই কৃষ্ণ ও অর্জ্রুনকে বিনাশ করিব। হে মহারাজ ! এ দময় মহাবার ভার্জ্রুন কৃষ্ণকে জিজ্ঞাদা করিলেন, হে বাস্থদেব ! যদি আজি কর্ণ আমারে 'নিহত করে, তাহা হইলে তুমি কি করিবে ? কৃষ্ণ অৰ্জ্জুনের বাক্য প্রবণে ঈষ্ণ হাস্ত করিয়া কহিলেন, হে ধনঞ্জয় ! যাদ দিবাকর স্বস্থান হইতে নিপতিত হন, যদি মহোদধি পরিশুক্ষ হয় এবং যদি ত্তাশন শৈত্যগুণ অবলম্বন করেন, তথাপি কর্ণ তোমারে বিনাশ করিতে সমর্থ হইবে না। যাদও কথঞিৎ এরপ ঘটনা হয়, তাহা হইলে নিশ্চয়ই প্রলয়কাল উপস্থিত হইবে। আমি কর্ণ ও শল্যকে ভুজ দ্বারা নিহত করিব।

হে মহারাজ! কপিকেতন অর্জুন বাহ্নদেবের এই কথা শুনিয়া হাস্ত করত কহিলেন, হে জনার্দন ! সূতপুত্র ও শল্য উহার৷ উভয়ে সমবেত হইলেও আমি উহাদিগকে আপনার সমকক্ষ জ্ঞান করি না। আজি তুমি অচিরাৎ দেখিতে পাইবে যে, হস্তী যেমন রুক্ষ বিমদ্দিত করিয়া চূর্ণ করে, তদ্রের আমি কর্ণকে রণ, অশ্ব, ধ্বজ, পতাকা, ছত্র, ক্বচ, শ্ব, শক্তি, শরাসন ও সারথি শল্যের সহিত শতধ। ছিন্ন ভিন্ন ও বিচুণিত করিব। হে মাধব! আজি কর্ণের পত্নাগণের বৈধব্য দশা উপস্থিত হইবে। তাহারা নিশ্চরই হুঃস্বপ্প দর্শন করিয়াছে। হে কৃষ্ণ ! গাজি ভুমি কর্ণপদ্মীদিগকে ৰিধব। দর্শন ,করিবে, দল্দেহ নাই। পূর্বের তুরাত্ম। সূতপুত্র সভামধ্যে কৃষ্ণারে ও আমাদিগকে বারংবার উপহাদ করাতে আমার মনোমধ্যে যে ক্রোধোদয় হইয়াছিল, অন্যাপি তাহার শান্তি হর নাই। অতএব মত মাতস্থেমন পুষ্পিত বনস্পতিরে উন্মূলিত করে, তজ্ঞপ আমি কর্ণকে উন্মধিত করিব। হে গোবিন্দ! আজি সূতপুত্র নিপাতিত হইলে তুমি জয় লাভে আহলাদিত হইয়া অভিমন্ত্র্যর জননী, স্বীয় পিতৃষদা কুন্তা, সজলনধনা দ্রোপদী এবং ধর্মরাজ যুধিষ্ঠিরকে অমৃত তুল্য মধুর বচনে দাস্ত্রনা করিবে।

#### একোননবতিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় নভোমগুল দেব, নাগ, অহুর, সিদ্ধ, যক্ষ, গন্ধব্ব, রাক্ষস, অপ্ট্রা, গরুড়, ব্রহ্মর্ষি ও রাজ্মিগণে সমাকীপ হইয়া অত্যক্ত শোভা ধারণ করিল। মানবগণ বিস্তাহে। হেলুল লোচনে আকাশপথ গীত, বাদ্য, স্তুতি, নৃত্য, হাস্ত ও স্থমধুর শব্দে পরিপূর্ণ দেখিয়া পরম পরিতোষ প্রাপ্ত হইল। তথন °কৌরব ও পাগুবপক্ষীয় ফোধগণ সাহলাদিত হইয়া বাদিত্র-শব্দ, শহ্ম নিশ্বন,ও সিংহনাদে ভূমণ্ডল ও দিল্লণ্ডল প্রতিধ্বনিত করিয়া শত্রু-পীতন করিতে লাগিল। বীরগণের শোণিতধারা অনবরত নিপতিত হওয়াতে দেই চতুরঙ্গিণীদ্নোপরিবৃত, মৃত দেহ পূর্ণ, শর শক্তি ঋষ্টিসঙ্কুল সমরাঙ্গন লোহিতবর্ণ হইয়া উঠিল। অনন্তর দেবাস্থর যুদ্ধের লায় কৌরব ও পাওব-গণের যোরতর সংগ্রাম আরম্ভ হইল। ঐ সময় মহাবীর ধনঞ্জয় ও কর্ণের সরল শরনিকরে উভয় পক্ষীয় শৈতা ও সমুদায় দিক্ বিদিক্ সমাচ্ছন্ন হইয়া গেল। তথন আর কাহারও কিছুই দৃষ্ঠিগোচর চ্ইল না। অন্যান্য বীরগণ ভয়াকুলিত চিত্তে মহারথ সর্জ্বন ও কর্ণের গাঞায় গ্রহণ করিলেন। তথন দেই মহাবীরদয় অস্ত্র দারা পরস্পারের অস্ত্র নিবারণ কারয়া কিরণজালবর্ষী অম্বরতলম্ব অন্ধকারাপহারী সমুদিত চক্র সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগি-লেন। শুনন্তর সেই বীরদয় উভয়পক্ষীয় সৈন্যগণকে পলায়ন করিতে নিষেধ করিলে, তাহারা দেবতা ও গল্পরগণ যেমন ইন্দ্রকে পরিবেষ্টন করিয়াছিল, ক্ত্রপে তাঁহাদিগের চত্দিকৈ অবস্থান করিতে লাগিল। এ সময় সমরাঙ্গনে ইতস্তত মুদঙ্গ, ভেগী, পণৰ ও আনকের নিম্বন এবং বীরগণের সিংহনাদ সমুখিত হইলে মহাবীর সূতপুত্র ও ধনঞ্জয় শব্দায়মান মেঘমণ্ডল পরিরত শশাক্ষ ও সূর্য্যের ন্যায় শোভা ধারণ করিলেন। সেই অরাতি নিপাতন সজেয় বীরদ্বয় শরাসন মণ্ডলাকার করিয়া অনবরত শর নিক্ষেপ করাতে তাঁহাদিগকে সচরাচর ক্রগৎ দহনে প্রবৃত্ত পরিবেশ মধ্যস্থ সমুখ-পরিশোভিত প্রলয়কালীন পূর্য্য ছয়ের ন্যায় বোধ হইতে লাগিল। তখন তাঁহারা জািঘাংদা পরতন্ত্র হইয়া ইন্দ্র ও জম্ভাস্থরের ন্যায় অশঙ্কিত চিত্তে পরস্পারের প্রতিধাবমান হইলেন এবং অনবরত মহাস্ত্রজাল বর্ষণ করিয়া পরস্পরকে নিপাড়িত ও উভগ পক্ষীয় ্মসংখ্য হস্তী, অশ্ব ও মনুষ্যকে নিপাতিত করিতে মারম্ভ করিলেন। উভয়

পক্ষীয় চতুরঙ্গিণী দেনা দেই বীরদ্বয় কর্ত্তৃক পুনর্ব্বার নিপীড়িত হইয়া দিংহ-তাড়িত মুগযুথের ন্যায় পলায়ন করিতে লাগিল।

তথ্ন তুর্য্যোধন, কৃতবর্মা, শকুনি, কুপ ও সম্বর্থামা এই পাঁচ মহারথ
শরীরবিদারণ শরনিকরে ধনপ্রয় ও বাহ্নদেবকে বিদ্রাবিত করিতে লাগিলেন।
মহাবীর অর্জ্জ্ন অরাতিশরে স্থাইত ইইয়া শরনিকরে তাহাদিগের শরাসন,
তুণীর, ধ্বজ, অন্ধ, রথ ও সার্বিরে এককালে ধ্বংস করিয়া বাদশ বাণে সূতপুজ্রকে বিদ্ধ করিলেন। অনন্তর এক শত রথী, এক শত গজারোহী এবং
মন্থারোহী শক, যবন ও কাম্বোজগণ অর্জ্জ্নের বধাভিলামে সন্থরে তাঁহার
প্রতি ধাবমান ইইল। মহাবীর ধনপ্রয় তদ্দর্শনে সম্বরে শরনিকর ও ক্ষুর
দ্বারা সেই গন্ধ, হস্তী ও রথারোহী বীরগণের গন্ত্র শন্ত্র শন্তনক হিলা
তাহাদিগকে বাহনগণের সহিত ভূতলসাৎ করিয়া সন্তর্কী চিত্তে ভূর্যা নিম্বন,
ধনপ্রয়কে সাধুবাদ প্রদান ও তাঁহার মন্তর্কে ম্গন্ধি পুষ্পর্স্তি করিতে লাগিলেন।
হে মহারাজ! তৎকালে সেই অন্ত্র ব্যাপার অবলোকন করিয়া সকল
লোকেই বিস্ময়াপন্ন হইল, কিন্তু একমতাবলন্ধী তুর্য্যাধন ও সূত্রপুক্র কিছুমাত্র ব্যথিত বা বিস্মিত ইইলেন না।

অনন্তর দ্রোণপুত্র সম্বর্থামা তুর্য্যোধনের হস্ত-ধারণপূর্বক দান্ত্রনা বাক্য কহিলেন, হে মহারাজ! একণে কান্ত হও; আর পাণ্ডবদিগের দহিত বিরোধে প্রয়োজন নাই। যুদ্ধে ধিক্, এই সংগ্রামে আমার পিতা অস্ত্রবিদ্যা-বিশারদ ব্রহ্মদদৃশ দ্রোণাচার্য্য ও ভাষ্ম প্রভৃতি মহারথগণ নিহত হইয়াছেন। আমি ও আমার মাতৃল কুপাচার্য্য, আমরা উভয়ে অবধ্য এই নিমিত্ত অন্তাপি জীবিত আছি। অতএব একণে তুমি পাণ্ডবগণের দহিত দন্ধি-ছাপনপূর্বক পরম স্থথে চিরকাল রাজ্য শাদন কর। আমি নিবারণ করিলে অর্জ্জ্বন দমরে কান্ত হইবে; জনার্দ্দনের বিরোধে বাদনা নাই; যুধিন্তির নিয়ত প্রাণিগণের হিতদাধনে তৎপর; আর রকোদর এবং যমজ নকুল ও দহদেব ধর্মবাজের বাধ্য, অতএব পাণ্ডবগণকে অনায়াদে শাস্ত করা ঘাইবে। একণে তুমি ইচ্ছাপূর্বক পাণ্ডবদিগের দহিত দন্ধি স্থাপন করিলে প্রজা দলে ক্ষেমবান্ হয়। সতএব তুমি দম্বে কান্ত হও। হতা-

বশিষ্ট বান্ধবগণ স্ব স্ব গৃহে প্রতিগমন করুন এবং সৈনিক পুরুষেরাও যুদ্ধে নির্ত্ত হউক। হে কুরুরাজ! যদি তুমি আমার বাক্যে কর্ণপাত না কর, তাহা হইলে নিশ্চয়ই বলিতেছি যে, তুমি এই যুদ্ধে নিহত হইবে। একণে তুমি এবং পৃথিবীস্থ অত্যান্য ব্যক্তিগণ তোমরা স্বচক্ষে দেখিলে যে, ইন্দ্র, যম, কুবের ও ভগবান্ বিধাতা যে কার্য্য দম্পাদনে অসমর্থ হন, অর্জ্যুন একাকী দেই কার্য্য দাধন করিল। হে রাজন্! ধনপ্রয় এতাদৃশ গুণশালী হইয়া কদাচ আমার বচন লক্ষ্য করিবে না। সে দর্শ্বদা তোমার অনুগত হইয়া কদাচ আমার বচন লক্ষ্য করিবে না। সে দর্শ্বদা তোমার অনুগত হইয়া কাল যাপন করিবে। অতএব তুমি প্রদাম হইয়া শান্তি অব্লম্বন করে। তুমি আমারে সম্মান করিয়া থাক এবং তোমার দহিত আমার অতিশয় সৌহাদি আছে বলিয়া আমি এরূপ কহিতেছি। এক্ষণে তুমি ক্ষান্ত হইলে আমি সূতপুত্রকেও নিবারণ করিব। হে রাজন্! বিচক্ষণ ব্যক্তিদিগের মতে বন্ধু চারি প্রকার। সাম, দান ও দণ্ড ঘারা বশীভূত এবং স্বভাবসিদ্ধ। পাণ্ডবগণ তোমার স্বাভাবিক বন্ধু। এক্ষণে সন্ধি ঘারা তাহাদিগের সহিত পুনরায় বন্ধুতা কর। একণে তুমি প্রসম হইয়া যদি পাণ্ডবগণের সহিত সিন্ত্রা লাভে কৃতকার্য্য হও, তাহা হইলে তোমা হইতে জগতের বিলক্ষণ হিত সাংধন হইবে।

হে মহারাজ! পর্যাত্মীয় সম্বধানা এইরপ হিত কথা কহিলে আপনার পুজ্র হুর্যোধন ক্ষণকাল চিন্তা করিয়া দীর্ঘ নিশাদ পরিত্যাগপূর্বক বিমনায়মান হইনা কহিলেন, দথে! ভূমি বাহা কহিলে, তাহা দত্য বটে; কিন্তু আমি যাহা কহিতেছি, আবণ কর। হুরাত্মা রকোদর শাদ্দ লের তায় দহদা ছুঃশাদনকে নিহত করিয়া আপানার দাক্ষাতেই যে দকল বাক্য প্রয়োগ করিয়াছে, তাহা আমার হৃদ্ধে গ্রিথত রহিয়াছে; অতএব এক্ষণে কি রূপে দক্ষি স্থাপন করিব। আর দেখুন, আমরা পাণ্ডবৃগণের সহিত্ব বার্ম্বার বৈরাচরণ করিয়াছি। তাহারা তৎদমুদায় স্মরণ করিয়া কথনই দহদা, সন্ধিস্থাপনে দক্ষত হৃদ্ধে না। বিশেষত এ দময় কর্ণকৈ যুদ্ধ হৃদ্ধতে নিহত করা আপনার কর্ত্বর নহে। প্রচণ্ড বায়ু যেমন উন্নত নেরু পর্বৈতকে ভগ্ন করিতে পারে না, তদ্ধেপ মহাবার, অর্জ্জুন ও কথনই কর্ণকে নিপাতিত করিতে দমর্থ হৃদ্ধে না। হে গুরুপুক্র । আদ্ধি অর্জ্জুন দাতিশয় প্রান্ত হুইয়াছে; সূত্পুক্র এখনই উহারে বিনাশ করিবে।

হে মহারাজ ! শাপনার পুত্র তুর্য্যোধন বিনয়পূর্বক বারংবার আচার্য্য-তনয়কে এইরূপ কহিয়া স্বীয় গৈনিকগণকে কহিলেন, হে বীরগণ ! তোমরা কেন নিশ্চিম্ত রহিয়াছ, শীঘ্র বাণ বর্ষণ করত শক্রুদিগের প্রতি ধাবমান হও।

# নবতিত্রম অধ্যার।

হে মহারাজ! অনন্তর মহাবল পরাক্রান্ত পুরুষভোষ্ঠ সূতপুত্র ও অর্জ্বন পরস্পারের প্রতি শরবর্ষণ করত হিমালয়সভূত উদ্ভিন্ন দন্ত মতিসদ্বয় যেমন করিণীর নিমিত্ত পরস্পার যুদ্ধে মিলিত হয়, তজাপ দেই শহা ও ভেরী শব্দ সমাকুল সংগ্রামন্থলে মিলিত হইলেন। তৎকালে বোধ হইতে লাগিল যেন, সহস। মহামেণে মেলে ও পর্বতে পর্বতে সন্মিলিত হই-তেছে; যেন নিঝর র্ক, লতা ও ওধধিযুক্ত উন্নতশৃঙ্গ অচলদ্বয় চলিত ছইতেছে। তথন সেই মহাবল পরাক্রান্ত নীরদ্বয় পরম্পারের প্রতি অস্ত্রা-ঘাত করিতে লাগিলেন। স্থররাজ ইন্দ্র ও দানবরাজ বলির ভায় তাঁহাদের মহাযুদ্ধ উপস্থিত হইল। উভ্যের শরে উভ্যেরই অশ্ব ও সার্থির অঙ্গ ক্ষত বিক্ষত হওয়াতে অনবরত শোণিত্রারা নিপতিত হইতে লাগিল। হে মহারাজ! তৎকালে বীরদ্ধ ধ্বজদ্যাযুক্ত রথদ্বয়ে একত্র স্মা-গত হওয়াতে বোধ হইল যেন পদা, উৎপল, মৎস্থা, কচ্ছপ ও পক্ষিগণে সমারত, বায়ুদঞালিত হ্রদষয় পরস্পার নিকটবর্ত্তা রহিয়াছে। অনন্তর দেই মংহক্ত তুল্য পরাক্রমশালা মহরথ বীরদ্বয় বজ্রসদৃশ সায়কে পরস্পার পর-স্পরকে আঘাত করিতে লাগিলেন। বিচিত্র বর্মা, আভরণ ও অম্বরধারী উভয় পক্ষীয় চতুরঙ্গ বল মহাবীর কর্ণ ও অর্জ্ঞ্নকে রুত্র ও বাদবের স্থায় ঘোর সমরে প্রবৃত্ত দেখিয়া বিশ্বয়াবিষ্ট ও কম্পিত হইয়া উঠিল। ঐ সময় মহাবীর অর্জ্বন মত মাতক্ষ বধার্থে ধাব্যান মত মাতক্ষের ন্যায় অধির্থীর বিনাশার্থে গমন করিলে, দর্শনাভিলাষী বীরগণ মহা আহলাদে দিংহনাদ পরিত্যাগপূর্ব্বক অঙ্গুলি সমুখিত ও বস্ত্র বিধ্নিত করিতে লাগিল। তথন অর্জুনের পুরোবর্ত্তী দোমকগণ চাৎকার করত তাঁহারে কহিলেন, হে ধনঞ্জয়! তুমি অবিলম্বে কর্ণের মস্তক ছেদন করিয়া তুর্য্যোধনের রাজ্য-পিপাদা নিরাক্ত কর। হে মহারাজ। তথন আমাদিগেরও অসংখ্য যোদ্ধা কর্ণকে সম্বোধনপূর্ণকি কহিতে লাগিল, দ্বৈ সূতপুত্র ! তুমি শীঘ্র

গিয়া স্থতীক্ষ্ণ শরনিকরে অর্জ্জুনকে বিনাশ কর। পাগুবগণ দীন ভাবাপন্ন . হইয়া পুনরায় বন গমন করুক।

হে মহারাজ! অনন্তর মহাবার কর্প দশ শরে অর্জ্জনকে প্রথমে বিদ্ধান করিলে তিনিও হাস্থা করত সূতপুজের বক্ষন্থলে শির্ডধার দশ শর নিক্ষেপ করিলা। তৎপরে সেই বারদ্বয় অসংখ্যা স্থপুদ্ধা সায়ক নিক্ষেপপূর্বক পরস্পারকে কত বিক্ষত করত পরস্পরের প্রতি ধাবদান হইলেন। তথন মহাধকুদ্ধর ধনপ্রয় বাহ্বাক্ষেটিন ও গাণ্ডীবের জ্যা পরিমার্জ্জনপূর্বক অনবরত নারাচ, নালীক, বরাহকর্ণ, ক্ষুর, অঞ্জলিক ও অর্দ্ধচন্দ্র বাণ নিক্ষেপ করিতে লাগিলেন। সায়ংকালে বিহঙ্গমগণ যেমন অবাদ্ধ্য হইয়া রক্ষাভিমুখে গমন করে, তদ্রেপ সেই অর্জ্জনের শরজাল কর্ণের রথাভিমুখে ধাবমান হইল। মহাবার কর্ণ তদ্দর্শনে রোষপরবশ হইয়া অবিলক্ষে তৎসমুদায় ছেদন করিলেন। তথন মহাবার অর্জ্জন বারংবার কর্ণের প্রতি বিবিধ শর নিক্ষেপ করিতে লাগিলেন। মহাবার কর্ণও তৎসমুদায় নিরাক্ষ্ত করিলেন। এইরূপে অরাতিনিপাতন অর্জ্জন জ্বুটী বন্ধনপূর্বক তৎকালে যে যে শর পরিত্যাগ করিলেন, সূতপুজ্র স্বীয় শরনিকর দ্বারা তৎসমুদায়ই ছেদন করিয়া ফেলিলেন।

তখন মহাবীর ধনঞ্জয় কর্ণের প্রতি শক্রুঘাতন ভীষণ আয়েয়, অন্ত্র পরিত্যাগ করিলেন। ঐ অন্তর ভূমণ্ডল, আকাশমণ্ডল, দিল্লণ্ডল ও সূর্য্যমণ্ডল
আচহন করিয়া প্রজ্বলিত হইয়া উঠিল। যোধগণ সেই অন্তের প্রভাবে, দগ্ধবসন হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল। ঐ সময় বেণুবন দগ্ধ হইলে
যেরূপ শব্দ হয়, সমরাঙ্গনে তত্রূপ ঘোরতর নিস্তন হইতে লাগিল। তথ্ন
প্রতাপান্থিত সূতপুত্র সেই প্রস্থলিত আয়েয়ান্ত্র নিরীক্ষণ করিয়া উহার
নিবারণার্থে বারুণান্ত্র নিক্ষেপ করিলেন। মহাবীর কর্ণের সেই মহান্ত্রপ্রভাবে নভামণ্ডল মেঘমণ্ডলে সমাচ্ছন হইল এবং অনবরত বারিধারা
নিপত্তিত হইয়া সেই অর্জ্জ্নবাণসঞ্জাত অতি প্রচণ্ড অগ্নি নির্বাপিত করিল।
ঐ সময় মেঘমণ্ডলে সমুদায় দিক্, বিদিক্ ও আকাশ্যার্গ পরিব্যাপ্ত হওয়াতে
অন্ধ্রতমসপ্রভাবে আর কিছুই দৃষ্টিগোচর হইল না। মহাবীর অর্জ্জ্ন
তদ্দর্শনে অবিলম্থে বায়ব্যান্ত দ্বারা কর্ণের বারুণান্ত্র নিবারণ করিলেন।

অনস্তর নিতান্ত হর্দ্ধর্য মহাবীর ধনপ্রয় গাণ্ডীব, জ্যা ও বিশিখজাল মন্ত্রপূত

করিয়া এক বজ্রহুল্য প্রভাব, দেবরাজের মাতি প্রিয়তর অস্ত্র প্রাহুত্তি করিলেন। তথন তাঁহার গাও ব হইতে অসংখ্য স্ত্তীক্ষু ক্রপ্র, অঞ্লিক, অদ্ধিচন্দ্র, নালাক, নারাচ ও বরাহকর্ণ অনবরত নির্গত হইয়। সূতপুত্তের দেহ, অশ্ব, শরাসন, যুগ, চক্র ও ধ্বজনও ভেদ করিয়া গরুড়ভীত ভুক্ষস্কের ন্যায় অবিলম্বে ভূতলে প্রবেণ করিল। তখন মহাত্মা সূতপুত্র অৰ্জন নিক্ষিপ্ত শরনিকরে দমাচ্ছন্ন ও ক্ষিরলিপ্ত কলেবর হইয়া ক্রোধবিবৃত্ত নেত্রে সমুদ্রের ন্যায় গম্ভীর নির্বোদ সম্পন্ন শরাসন আনত করিয়া ভার্গবাস্ত্র প্রাত্ন-স্থৃতি করিলেন। ঐ অস্ত্র প্রভাবে ধনঞ্জয় বিনির্গাক্ত অস্ত্রজাল বিনষ্ট এবং পাণ্ডৰ পক্ষায় অসংখ্য রথী, হস্তা ও পদাতি বিনষ্ট হইল। অনন্তর সূতপুত্র একাস্ত ক্রোধাবিষ্ট হইয়া শিলাশিত স্থবর্ণপুষ্ম শরনিকরে পাঞ্চাল দেশীয় প্রধান প্রধান যোদ্ধা ও দোমক্দিগকে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন। তাঁহারাও তাঁহার শর্নিকরে নিতান্ত নিপাড়িত হইয়া ক্রোণভরে স্থতীক্ষ্ শরজাল বিস্তারপূর্বক চতুদিক হইতে তাঁহারে বিদ্ধ করিতে লাগিলেন। তখন মহবার সূতপুত্র হর্ষভরে শর্নিকরে পাঞ্চালদেশীয় রথী, হস্তী ও অখ-গণকে বলপূর্বক নিহত, বিদ্ধ ও নিতান্ত নিপীড়িত করিতে লাগিলেন। তাহারা কর্ণের শরজালে বিদীর্ণ কলেবর হইয়া অরণ্যমধ্যে ক্রোধোদ্ধত ভীমপরাক্রম সিংহ কর্তৃক নিহত গজঘূথের ন্যায় প্রাণ পরিত্যাগপূর্বক ভূতলৈ নিপতিত হইল। এইরূপে মহবীর সূতপুত্র বল প্রকাশপুৰ্বক পাঞ্চালগণের প্রধান প্রধান বীরদিগকে বিনাশ করিয়া নভোমগুলস্থ প্রচণ্ড দিবাকরের ন্যায় শোভা ধারণ করিলেন। হে মহরাজ। তথন আপনার পক্ষীয় বীরগণ সৃতপুত্তের জয় লাভ হইল এই বিবেচনা করিয়া প্রফুল্ল মনে সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন এবং অতুমান করিলেন যে, মহাবীর কর্ণ বাস্তদেব ও অর্জ্জুনকে অতিশয় আঘাত করিয়াছেন।

ঐ সময় ভীমপরাক্রম ভীমদেন মহারথ সূতপুজের পরাক্রম নিতান্ত চুর্বিষহ ও ধনঞ্জয় নিক্ষিপ্ত অন্ত্র প্রতিহত দেখিয়া রোষারুণিত লোচনে করে কর নিষ্পেষণ ও ঘন ঘন দীর্ঘ নিখাদ পরিত্যাগপূর্বক অর্জ্জুনকে কছিলেন, হে বীর! আজি তোমার সমক্ষে এই অধ্যাপরায়ণ সূতনন্দন কি রূপে বল-পুর্বক পাঞ্চালগণের প্রধান প্রধান বীরদিগকে বিনাশ করিল ? পুর্বের রুদ্র- দেবের প্রভাবে কালকেয় অন্তর্গণিও তোমারে পরাজয় করিতে সমর্থ হয় নাই; আজি সূতপুত্র দশ শরে কি রূপে তোমারে বিদ্ধ করিল ? আজি সূতপুত্র ছমিকিপ্তা শরনিকর নিরাক্ত করাতে আমি স্নতিশয় বিস্মিত হইয়াছি। হে অর্জুন! ঐ ত্রাত্মা সূতপুত্র দৌপদীরে যেরূপ ক্লেণ প্রদান
করিয়াছিল এবং সভামধ্যে আমাদিগকে ষণ্ডতিল বলিয়া অতি কঠোর বাক্যে
যে উপহাস করিয়াছিল, তুমি একণে তৎসমুদায় স্মর্গ করিয়া অবিলম্বে
উহারে সংহার •কর। একণে তুমি কি নিমিত্ত সূতপুত্রের বিনাশে উপেক্ষা
প্রদর্শন করিতেছ? ইহা উপেক্ষার প্রকৃত অবসর নহে। পূর্বের তুমি
খাণ্ডবারণ্যে ভগবান্ পাবকের তৃপ্তিসাধনার্থে যেরূপ ধৈর্য্য অবলম্বন করিয়া
তত্রত্য প্রাণি সমুদায়কে বিনন্ট করিয়াছিলে, একণেও সেই রূপ ধৈর্য্য দ্বারা
সূতপুত্রকে বিনাশ কর। ঐ ত্রাত্মা তোমার শরে নিহত হইলে আমি
উহারে গদাঘাতে বিপোথিত করিব ।

ত্র পদায় মহাত্মা বাস্তদেবও কর্ণশরে অর্জ্জুনের অন্ত্র সমুদায় প্রতিহত্ত দেখিয়া ত্রাহারে সম্বোধনপূর্বক কৃহিলেন, হে সথে ! আজি সূতপুত্র যে অন্ত্র দ্বারা তোমার অন্ত্রজাল নিরাকৃত করিল, ইহার কারণ কি ? হে বীর ! তুমি কেন উহার বিনাশে মনোনিবেশ করিতেছ না এবং কেনই বা বিমোহিত হইতেছ। ঐ দেখ, কৌরবগণ তোমার অন্ত্র প্রতিহত দেখিয়া সূত্রপুত্রের পুরস্কার করত সিংহনাদ পরিত্যাগ করিতেছে। অতএব ভূমি যেরপ ধৈর্য্য অবলম্বন করিয়া যুগে যুগে তমোগুণপ্রধান ভয়ঙ্কর রাক্ষম ও গর্বিত অন্তর্নগণকে বিনাশ করিয়াছিলে এবং যেরূপ ধর্য্য অবলম্বন করিয়্ম ভ্তভাবন ভগবান্ শঙ্করকে সন্তন্ত্র করিয়াছিলে, আজি সেইরূপ ধর্য্য সহকারে সূত্রপুত্রকে অনুচরবর্গ সমভিব্যাহারে সংহার কর। পূর্বের ম্বরুরাজ ইন্দ্র যেনন বজ্র দ্বারা দানবরাজ নমুচিরে বিনাশ করিয়াছিলেন, তত্রূপ এক্ষণে তৃমি ও মহপ্রদক্ত এই ক্ষুর্ধার স্থদশন দ্বারা উহার শিরশেছদনপূর্বক ধর্ম্মরাজ যুধিন্তিরকে গ্রাম নগর পরিপূর্ণা সাগরাম্বরা ধরণী প্রদান করিয়া ম্বয়ং অসামান্য যশমী হও।

হে মহারাজ ! মহাবল পরাক্রান্ত অর্জ্জ্বন ভীমসেন ও বাস্থদেবের এই-রূপ বাক্য প্রবণগোচর করিয়া সূতপুত্তের সংহারে একান্ত অভিলাষী হইলেন 'এবং আপনার অসাধারণ বিক্রম স্মরণ ও ভূতলে জন্ম গ্রহণ করিবার কারণ অনুধাবন করিয়া কেশবকে কহিলেন, হে বাস্থদেব ! সামি সূতপুজের বধ ও লোকের উপকার সাধনের নিমন্ত সতি ভয়ঙ্কর অন্ত্র প্রাত্ত্ত্ব করিতেছি; তুমি আমারে অনুষতি প্রদান কর, আর ভগবান্ ব্রহ্মা, রুদ্র এবং বেদজ্ঞ ব্রাহ্মণ ও স্তরগণ ইহারাও এ বিষয়ে অনুমতি প্রদান করুন। হে মহারাজ ! মহাবীর অর্জ্জুন এই বলিয়া প্রজাপতি ব্রহ্মারে প্রণিপাতপূর্বক নিতান্ত হুংসহ ব্রাহ্ম অন্ত্র প্রাত্ত্ত্ব করিলেন। তখন মহারথ সূতপুজ্র জলধর যেমন জলধারা বর্ষণ করে, তজ্ঞাপ অনবরত শরনিকর বর্ষণপূর্বেক সেই অর্জ্জুন নিক্ষিপ্ত ব্রহ্মান্ত করিলেন। তদ্ধনে মহাবল পরাক্রান্ত ভীম একান্ত ক্রোধাবিষ্ট হইয়া সত্যসন্ধ ধনঞ্জয়কে ক্হিলেন, হে অর্জ্জুন! লোকে তোমারে ব্রহ্মান্ত্রবেত্তা বলিয়া নির্দেশ করে, অত্থব তুমি অন্ত এক ব্রহ্মান্ত্র যোজনা কর।

তথন মহাবীর ধনঞ্জয় ভামদেনের বাক্যানুসারে পুনরায় ব্রহ্মান্ত প্রাত্ত প্রথ করিয়া দিবাকরের করজাল সদৃশ স্থ গিক্ষা ভূজগের ভায় নিতান্ত ভয়স্কর অসংখ্য শরনিকর পরিত্যাগ কবিতে লাগিনোন। তথন সেই গাণ্ডাব নিশ্ম ক যুগান্তকালীন অনল ও সূর্য্যের ন্যায় প্রদাপ্ত শর্রাকর কালা মধ্যে দিল্প- ওল ও সূত্পুত্রের রথ সমাচহন্ন করিয়া ফেলিল। অনন্তর অর্জ্জুনের শরাসন হইতে পূল, পরশু, চক্র ও নারাচ সমুদায় অনবরত নির্গত হইতে আরম্ভ হইল। তথন কোরবপক্ষীয় যোধগণ চতুদ্দিকে নিহত হইতে লাগিল। ঐ সময় কোন কোন যোদ্ধা অর্জ্জুনের শবে অন্তের মস্তক ছিন্ন ও দেহ ভূতলে নিপতিত নিরীক্ষণ করিয়া নিতান্ত ভাত হইয়া প্রাণত্যাগ করিল। কোন বীরের করিশুগুসদৃশ দক্ষিণ ভূজদণ্ড গর্জ্জুন শরে ছিন্ন হইয়া শাণিত অসির সহিত এবং কোন বীরের বাম হস্ত ক্ষুরনিক্ত হইয়া চর্ম্মের সহিত ধরণীতলে পতিত হইল। হে মহারাজ। এইরূপে মহাবীর অর্জ্জুন জীবনান্তকর ভয়ঙ্কর শরনিকর দ্বারা হুর্য্যোধনের প্রধান প্রধান যোদ্ধাদিগকে বিনষ্ট করিলেন।

ঐ সময় মহারথ কর্ণন্ত অর্জ্জনের প্রতি পর্জ্য নিমুক্তি বারিধার ক্যায় অনবরত শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। পরে তিনি কৃষ্ণ, অর্জ্জন ও ব্রকোদরকে তিন তিন শরে আঘাত করিয়া ঘোররবে সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তথন মহাবীর ধনঞ্জয় সূতপুক্ত শরে সাতিশয় ব্যথিত হইয়া ভীম ও জনার্দ্দনকৈ নিরীক্ষণপূর্বক, ক্রোধভরে অফীদশ শর

সন্ধান করত তিন শরে সূতপুত্রকে, এক শরে তাঁহার ধ্বজ ও চারি শরে মদরাজকে বিদ্ধ করিয়া স্বর্ণবর্ষ সমলক্ষ্ত্ সভাপতির প্রতি দশ শর প্রযোগ করিলেন। রাজকুমার সভাপতি অর্জ্জুন নিক্ষিপ্ত শরে ছিন্নমস্তক, ছিন্নবাছ এবং অশ্ব, সার্থি, শরাসন ও কেতু বিহান ইইয়া পরশু নিক্ত শাল রক্ষের আয় তৎক্ষণাৎ রুথ হইতে ভূতলে নিপতিত হইলেন। অনন্তর মহাবাব ধনপ্রয় পুনরায় ক্রমে ক্রমে তিন, আট, ছুই, চাবি ও দশ শরে কর্ণকে বিদ্ধ করিয়া চারি শত দ্বিদ, আয়ুধসম্পত্র আট শত র্থী, আরোহী সমবেত সহত্র সহত্র আশ্ব আট সহত্র পদাতিরে নিহত করিলেন এবং স্থতীক্ষ্ণ শরনিকরে সূত্রপ্রকে সার্থি, রুথ ও কেতুর সহিত অদুশ্য করিয়া ফেলিলেন।

অনন্তর কৌরবগণ ধনপ্রয় কর্ত্ব নিহ্ম্মান ইইয়া চাৎকার করত সূতপুজ্ঞকে কহিতে লাগিলেন, হে কর্ণ! তুমি অনবরত শরনিকর বর্ষণ-পূর্বেক অবিলম্বে সর্জ্জুনকে বিনাশ কর, নচেৎ ঐ মহানীর অল্পকাল মধ্যেই কৌরবপক্ষায় সমুদায় বারগণকে নিহত করিবে। গহাবার সূতপুজ্ঞ কৌবব-গণ কর্ত্বক এইরূপ আভহিত ইইয়া পারম যত্ন সহকাবে অনবরত মন্মচেছ্ল। শবজাল বর্ষণপূর্বেক পাণ্ডব ও পাঞ্চালগণকে আঘাত করিতে লাগিলেন। গে মহারাজ! এইরূপে সেই ধ্যুর্জরাপ্রগণ্য মহাবল পরাক্রান্ত বারদ্বয় মহান্তজ্ঞাল বিস্তারপূর্বেক উভয পক্ষায় সৈত্যগণকে ও পারস্পারকে নিপীড়িত করিতে প্রবৃত্ত ইইলেন।

ইত্যবদরে ধর্মরাজ যুধিষ্ঠির চিকিৎসকগণের সাহাব্যে যন্ত্র ও ওমধি দারা বিশল্য হইয়া যুদ্ধ দন্দর্শনার্থ সন্থরে সংগ্রাম স্থলে আগমন করিলেন। তথন সকলে তাঁহারে অশ্বনীকুমার প্রভৃতি স্বর্গ বৈভাগণ কর্ভৃক চিকিৎসিত অস্বন্ধরে ক্ষতবিক্ষতাঙ্গ স্থাররাজ পুরন্দরের ভায়, রাভ্র করাল আস্তদেশ হইতে বিমৃক্ত অথণ্ড চন্দ্রমণ্ডলের ন্যায় তথায় স্মাগত দেখিয়া সাতিশ্য সন্থাই ২ইল।

হে, মহারাজ ! তৎকালে স্বর্গবাসী ও ভূতল নবাসিগণ খানমেষ নেত্রে সূতপুত্র ও ধনঞ্জয়ের সেই ঘারতর সংগ্রাম অবলোকন করিতে লাগিলেন। তখন সেই পরস্পার প্রহাবে প্রবৃত্ত বীর্দ্বয় খনবর ৩ জ্যানিস্থন ও তলধ্বনি করত বিবিধ শ্রনিকর পরিত্যাগ করিতে খারস্ত করিলেন। ঐ সময় মহাবার ধনঞ্জয়ের শ্রাসনজ্যা খৃতিশাত্র খাকুষ্ট হওয়াতে ঘোর রবে সহসা ছিল হইয়া ি গেল। এই অবসরে মহাবীর সূতপুত্র এও শত ক্ষুদ্রক ও নির্মোকনির্মুক্ত সর্পের ন্যায় কঙ্কপত্রভূষিত তৈলধৌত অপরাপর বাণে ধনপ্রয়কে সমাচ্ছন্ন কারলেন। তৎপঁয়ে তিনি ষষ্টিশরে বাহ্নদেবকে ও আট বাণে পুনরায় অর্জ্বকে বিদ্ধ করিয়া অসংখ্য উৎকৃষ্ট শরে বুকোদরের মর্মভেদপূর্বক অর্জুনের ধ্বজদণ্ডে শর নিক্ষেপ ও তাঁহার অনুগামী সোমকদিগকে বিনাশ করিতে লাগিলেন। তথন সোমকগণ ক্রোধভারে ধাবমান হুইয়া মেঘমগুল যেমন সূর্য্যকে সমাচ্ছন্ন করে, তদ্রূপ শরনিকরে কর্ণকৈ আচ্ছন্ন করিল। অস্ত্র-বিচাবিশারদ সূতপুত্রও অসংখ্য শরে তাহাদিগকে নিস্তর করিয়া তাহাদিগের অস্ত্র শস্ত্র নিরাকৃত, হস্তী, অশ্ব ও রথ সকল নিপাতিত এবং প্রধান প্রধান সৈন্যদিগকে নিপাড়িত করিতে লাগিলেন। বীরগণ সূতপুজের শর প্রভাবে ক্রেদ্ধ সিংহসমুমাথিত কুকুরগণের ন্যায় আর্ত্তনাদ করত বিগতাম্ন হইয়া ভূতলে নিপতিত হছল। তখন মহাবীর সূতপুত্র তাঁহার নিধন ও অর্জুনের সাহায্যের নিমিত্ত মহাবেগে সমাগত পাঞ্চালগণকে স্থানিশিত শরনিকরে নিপাতিত করি-লেন। কৌরবগণ তদ্দর্শনে খাপনাদিগকে সমরবিজয়ী জ্ঞান করিয়া তলধ্বনি e সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। ঐ সময় সকলেই বোধ করিল (य, এইবার কৃষ্ণ ও অৰ্জ্জুনকে কর্ণের বশবর্তী হইতে হইবে।

তথন সূতপুত্রের শরে ক্ষতবিক্ষতাঙ্গ মহাবীর ধনঞ্জয় ক্রোধভরে শরাদনজ্যা অবনামিত করত কর্পের শর সমুদায় নিরাক্ষত করিয়া চাপজ্যা পরিমার্চ্জনপূর্বক কর্ণ, শল্য ও সমস্ত কৌরবগণকে বিদ্ধ করিতে লাগিলেন।
তাঁহার মহান্ত প্রভাবে অন্তরীক্ষ অন্ধকারে সমাচ্ছন্ন হওয়তে পক্ষিগণের
গতিরোধ হইল। ঐ সময় আকাশন্থিত জীব সকল স্থগন্ধি সমীরণ সঞ্চালিত
করিতে লাগিলেন। তথন মহাবীর অর্জ্জুন হাস্তমুথে শল্যের বর্ম্মোপরি
দশ বাণ নিক্ষেপ করিয়া কর্ণকে প্রথমত দাদশ বাণে ও পুনরায় সাত শরে
বিদ্ধ করিলেন। মহাবীর সূতপুত্র অর্জ্জুনের অশনিসদৃশ শরে সাতিশয়
সমাহত, হইয়া রুধিরাক্ত কলেবর হইলে তাঁহারে প্রলয়কালীন শাশান
মধ্যন্থিত শোণিতদিশ্বগাত্রে রুজেদেবের হায় বোধ হইতে লাগিল। অনন্তর
সূতপুত্র স্বররাজ সদৃশ ধনঞ্জয়কে তিন শরে বিদ্ধ করিয়া ক্ষেরে বিনাশ বাদনায় তাঁহার প্রতি ভাষণ স্কুজঙ্গন সদৃশ গুজ্বলিত পাঁচ শের নিক্ষেপ করিলেন।

ঐ পাঁচ শর তক্ষকপুত্র অশ্বদেনের পক্ষীয় পাঁচ মহাদর্প। উহারা সূতপুত্র কর্ত্তক নিক্ষি হইয়া পুরুষোত্তম বাস্তদেবের বর্ণ্ম বিদারণ পূর্বাক মুহাবেগে পাতালতলে প্রবেশ ও ভোগবতী জলে স্নান করিয়া পুনবায় কর্ণাভিমুথে আগমন করিতে লাগিল। মহাবার ধনঞ্জয় তদ্দর্শনে দশ ভল্লে তাহাদের প্রত্যেককে তিন তিন খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। অনন্তর তিনি কৃষ্ণকে কর্ণবিক্ষিপ্ত নাগান্তে ক্ষতবিক্ষতাক নিরীক্ষণপূর্বক তৃণ দহন প্রবৃত্ত ত্তা**শনের ভার 'ক্রোধে প্রজ্লি**ত হইয়া আকর্ণাক্রফ দেহাস্তকর শরনিকরে কর্ণের মর্মান্থল বিদ্ধ করিলেন। সূতপুক্ত অর্জ্জ্বনের শরে গাঢ় বিদ্ধ হইয়। নিভাস্ত ্রেশ নিবন্ধন অভিমাত্র বিচলিত হইলেন; কেবল ধৈর্য্যাতিশয় প্রযুক্ত রথ হইতে নিপতিত হইলেন না। হে মহারাজ ! ঐ সময় মহাবীর ধনঞ্জয় ক্রোধাবিষ্ট হইয়া শর বর্ষণ করিতে আরম্ভ করিলে সমুদায় দিক্, বিদিক্, সূর্য্যরশা ও আধিরখির রথ এককালে অদৃশ্য হইয়া গেল এবং নভোমগুল নীহারদম।চ্ছন্নের ন্যায় বোধ হইতে লাগিল। তথন সরাতি-পাতন পার্থ একাকীই ক্ষণকাল মধ্যে ছুর্য্যোধন প্রেরিত দ্বিসহত্র চক্র-রক্ষক, পাদরক্ষক ও পৃষ্ঠরক্ষককে অশ্ব, রথ ও সার্থির সহিত শ্মনসদনে প্রেবণ করিলেন। অনস্তর আপনার পুত্রেরা ও হতাবশিষ্ট কৌরবগণ নিহত ৬ ক্ষত বিক্ষত আত্মায়দিগকে এবং বিলপমান পিতা ও পুত্রগণকেও পরি-ত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিলেন। হে মহারাজ ! ঐ সমর্ট্রে মহাবীর সূতপুত্র কৌরবগণ ভাঁহারে পরিত্যাগ পূর্বক ভয়ে দশ দিকে পলা-য়ন করিয়াছে অবলোকন করিয়াও কিছুমাত্র ভাত হইলেন না, প্রত্যুত হাউচিত্তে অর্জ্বনের অভিমূখে ধাবমান হইলেন।

### একনবতিত্রম অধ্যায়।

ছে মহারাজ ! এইরপে মহাবীর ধনঞ্জারে ভীষণ অন্ত্রপ্রভাবে কেরিবগণ দিলতে প্রলায়ন করিয়া দূরে অবস্থান করত চতুদ্দিক্ হইতে বিত্যুতের ন্যায় শম্চ্ছল অর্জ্জুনান্ত্র অবলোকন করিতে লাগিলেন। তথন মহাবীর সূতপুত্র ভাহার বধার্থী অর্জ্জুনের শারে কেরিবগণকে নিপীড়িত, নিহত ও পলায়িত অবলোকন করিয়া দৃঢ় জ্যাযুক্ত স্বায় শরাসন বিস্ফারণ পূর্বক পরশুরামের নিকট শিক্ষিত মহান্ত্রজাল নিরাক্কত

করিলেন। অনস্তর পরস্পর দস্তাঘাতে প্রবৃত্ত মত্ত মাতক্ষদ্রের ন্যায় মহাবীর ধনঞ্জয় ও কর্পের তুমুল সংগ্রাম আরম্ভ হইল। তাঁহারা অনবরত শরনিকর বর্ষণ করত এককালে আকাশমার্গ সমাচ্ছন্ন করিলেন। তাঁহাদের বাণবর্ষণে সংগ্রামভূমি তিমিরারত হইলে কৌরব ও সোমকর্গণ শরজাল ভিন্ন আর কিছুই দেখিতে পাইলেন না। সেই শরনিকরবর্ষী ধন্দুর্দ্ধর বীরদ্বয় নিরস্তর শর সন্ধান করত সংগ্রামে বিচিত্র গতি প্রদর্শন করিতে লাগিলেন। ঐ সময় বল, বীর্যা, পৌরুষ ও অস্ত্রমায়ার প্রভাবে কখন সূত্রপুক্ত ধনঞ্জয়ের অপেক্ষা এবং কখন বা ধনপ্রয় সূত্রপুক্তের অপেক্ষা প্রবল হইতে লাগিলেন। অন্যান্য যোধগণ সেই পরস্পর ছিদ্রাম্বেদী বীরদ্বয়ের ত্র্বিসহ ঘোর সংগ্রাম নিরীক্ষণ করিয়া একান্ত বিশ্বয়াপন্ন হইলেন এবং অন্তরীক্ষন্থিত প্রাণিগণ কেহ কেহ সাধু কর্ণ ও কেহ কেহ বা সাধু অর্চ্জুন বলিয়া তাঁহাদের প্রশংসা করিতে লাগিলেন। ঐ সময় অসংখ্য রথ, অশ্ব ও মাতক্ষ্ণণের গতায়াতে সমরাঙ্গণ বিদলিত হইয়া গেল।

হে মহারাজ! পূর্বে অশ্বনেন নামে যে দর্প থাণ্ডবদাহ হইতে মুক্ত হইরা রোষভরে পাতালতলে প্রবেশ করিয়াছিল, ঐ সময় সেই নাগরাজ অর্জ্জনুকৃত মাতৃবধ জনিত পূর্বে বৈর স্মরণ করিয়া বেগে পাতালতল হইতে উথিত হইল এবং অন্তরীক্ষ হইতে সূতপুক্র ও ধনপ্রয়ের সংগ্রাম সন্দর্শন করত বৈরনির্য্যাতনের এই প্রকৃত অবসর ইহা বিবেচনা করিয়া কর্ণের সেই একতৃণীরশায়ী শরমধ্যে প্রবেশ করিল। অনন্তর সেই বীরন্ধয়ের কিরপজালময় অন্তর্জালে দশ দিক্ ও নভোমগুল সমাচ্ছন্ম হইল। কৌরব ও সোমকগণ সেই ভীষণ বাণান্ধকার দর্শনে অতিমাত্র ভীত হইলেন। তৎকালে ভয়ানক শরজাল ভিন্ন আর কিছুই দৃষ্টিগোচর হইল না। ঐ সময় সেই অন্ধিতীয় ধনুর্দ্ধর মহাপুরুষন্বয় প্রাণপণে যুদ্ধ করিয়া উভয়েই প্রান্ত হইয়া পড়িলেন। তথন অস্পরাগণ তাঁহাদিগকে দিব্য চামর বীজন ও চন্দন সলিলে সেচন ক্রিত্তে লাগিল এবং দেবরাজ পুরন্দর ও দিবাকর করতল দারা তাঁহা-দিগের মুথকমল মার্জ্জিত করিয়া দিলেন।

তৎকালে সূতপুত্র যথন বলবীর্য্যে অর্জ্জুনকে কোন ক্রমেই অতিক্রম করিতে সমর্থ হইলেন না, প্রত্যুত তমিক্ষিপ্ত শরনিকরে সাতিশয় ক্ষত বিক্ষত

ও সম্ভপ্ত হইয়া উঠিলেন। তথন সেই এক তুণীরশায়ী শর তাঁহার স্মৃতিপথে সম্দিত হইল। ঐ শর ঐরাবত নাগবংশ সম্ভূত। সূতপুত্র ধ্নঞ্জয়ের নিধনার্থে অতি যত্ন সহকারে উহা বহুদিন স্থবর্ণ ভূণীর মধ্যে চন্দন চূর্ণোপরি রক্ষা করিয়াছিলেন। ঐ সময় তিনি অর্জ্জুনের মস্তক ছেদনার্থে সেই জালাকরাল দর্পমুখ শর শরাদনে দক্ষান ও আকর্ণ করিলেন। তৎ-কালে সেই দর্শবাণ শরাদনে সংহিত হইলে দিল্লগুল ও নভোমগুল প্রক্-লিত হইয়া উঠিল। শত শত ভীষণ উল্কা নিপতিত হইতে লা**গিল** এবং ইন্দ্র প্রভৃতি লোকপালগণ হাহাকার শব্দ পরিত্যাগ করিতে লাগিলেন। হে মহারাজ! তৎকালে যে ঐ ভাষ্ণ শরমধ্যে মহানাগ অশ্বদেন যোগবলে প্রবেশ করিয়াছিল, সূতপুত্র তাহার কিছুই বিদিত হয় নাই। ত্রিদশাধিপতি ইন্দ্র কর্ণের শরমধ্যে নাগরাজকে প্রবিষ্ট অবগত হইয়া এই বারেই আমার আত্মজ অর্জ্বন বিনষ্ট হইল মনে করিয়া নিতান্ত ভাত হইলেন। ভগবান্ क्रमनरयानि ञ्चतत्राङ्गरक जनवन्दाशम जनताकन कतिया किश्तनन, रह हेन्द्र ! তুমি কিছুমাত্র ব্যথিত হইও না। সহাবার ধনঞ্জয়েরই জয় 🕮 লাভ হইবে। ঐ সময় মদ্রবাজ শল্য সূতপুত্রকে সর্পশর সন্ধান করিতে দেখিয়া কহিলেন, হে কর্ণ! এই শরটি অর্জ্জুনের গ্রীবা ছেদনে সমর্থ হইবে না; অতএব যদ্ধারা অর্জ্জুনের মন্তক ছেদন করা যাইতে পারে, এমন একটি শর সন্ধান কর। তথন মহাবীর সূতপুক্ত মদ্রোজের সেই বাক্য আইবণ করিয়া রোষ্।-রুণিত লোচনে কহিলেন, ছে শল্য । কর্ণ কথনই এক শর সন্ধানপূর্ণক তাহ। পরিত্যাগ না করিয়া অত্য শর সন্ধান করেন না এবং আমার সদৃশ ব্যক্তিরু 🕡 কদাচ কৃট যুদ্ধে প্রব্ত হন না। সূতপুক্ত শল্যকে এই কথা বলিয়া বিজয় লাভার্থ উদ্যত হইয়া তৎক্ষণাৎ দেই বছবর্ষ পরিপুঞ্জিত প্রযন্ত্র, সহকারে শংরক্ষিত ভয়ক্ষর শর পরিত্যাগপূর্বক অর্জ্জুনকে কহিলেন, হে ধন্ঞায়! তুমি এই বারেই বিনষ্ট হইলে। তথন দেই কর্ণশরাদনচ্যুত ভ্**তাশ**ন ও সূর্য্যের ন্যায় প্রদাপ্ত অতি ভাষণ সায়ক অন্তরাক্ষে উত্থিত হইয়া প্রস্থালিত ইইতে লাগিল। ঐ সময় মহাত্মা বাহ্নদেব দেই সূতপুক্ত নিক্ষিপ্ত শর অন্তরীকে প্রস্থালিত দেখিয়া সত্তবে পদদারা রথ আক্রমণ পূর্বক অবলীলাক্রমে ভূতল মুধ্যে কিঞ্চিৎ, প্রবেশিত ক্রিলেন। অর্জ্জুনের হুবর্ণ জালজড়িত চক্রমরীচির

ন্যায় ধবলবর্ণ অশ্বগণও জামু আকুঞ্চিত ক্রিয়া ভূতলে অবস্থান করিতে লাগিল। তথন নভোমগুলে তুমুল কোলাহল সহকারে বাস্থদেবের প্রশংসাবাদ উচ্চারিত হইল এবং অনবরত পুষ্পায়প্তি হইতে লাগিল।

এইরপে মহাত্মা সধুসূদনের প্রয়ন্ত্র অর্জ্জুনের রথ ভূতলে নিমা হওরাতে কর্ণের সেই নাগান্ত্র ধনঞ্জয়ের ইন্দ্রদত্ত স্থদ্ঢ় কিরীটে নিপতিত হইয়া তাহা চূর্ণ করিয়া ফেলিল। মহাবীর ধনঞ্জয়ের ঐ ত্রিলোকবিশ্রুত, স্থবর্ণ থচিত, মণিহারক সমলঙ্কত, সূর্য্য, চন্দ্র ও জ্বলনের ন্যায় দীপ্তিশীল মহামূল্য কিরীট ভগবান্ স্বয়ন্তু স্বয়ং তপোবলে প্রয়ন্ত্র সহকারে দেবরাজ ইল্রের নিমিত্ত নির্মাণ করিয়াছিলেন। বিপক্ষেরা উহা নিরীক্ষণ করিতে ভীত হইত। পূর্বের পুরন্দর অস্তর সংহার কালে অর্জ্জনকে ঐ কিরীট প্রদান করিয়াছিলেন। উহা রুদ্রের বিজ্ঞ ও কুবেরের সায়ক ছারাও বিনক্ট হইবার নহে। এক্ষণে ঘ্রক্টমভার অশ্বদেন সূতপুজ্রের শরে প্রবিষ্ট হইয়া অর্জ্জনের সেই কিরীট বিমর্দ্দিত করিল।

হে মহারাজ! অর্জ্জুনের সেই স্থবর্ণজাল পরিস্বত অতি ভাস্থর কিরীট বিষায়ি দ্বারা বিমণিত ও ক্ষিতিতলে নিপতিত হইয়া অন্তাগিরিশিথর হইতে নিপতিত সন্ধ্যারাগ রঞ্জিত দিবাকরের ন্যায় শোভা ধারণ করিল। বজ্ঞু যেমন ফলপুল্পোপশোভিত পাদপ পরিপূর্ণ গিরিশিথরকে বিচুর্ণিত এবং প্রবল বায়ু যেমন ভ্ষণ্ডল, নভোমগুল ও সলিলরাশি বিঘট্টিত করে, তজ্ঞাপ সেই নাগান্ত অর্জ্জুনের দিব্য কিরীট মহাবেগে চুর্ণ করিয়া ক্ষেলিল। তথন ত্রিভুবন মধ্যে একটি ঘোরতর শব্দ সমুখিত হইল। সেই শব্দ শ্রেবণ সকলেই একান্ত ব্যথিত ও শ্বালিত হইতে লাগিল। ঐ সময় মহাবীর ধনপ্রমু সেই কিরীট ব্যতিরেকে নীলবর্ণ উভুঙ্গ শৈলশৃঙ্গের ন্যায় শোভা ধারণ করিলেন। তথন তিনি অনাকুলিত চিত্তে শ্বেতবর্ণ বসন দ্বারা কেশকলাপ বন্ধন করিয়া শিথরগত সূর্য্যমরীচি দ্বারা একান্ত উদ্ভাসিত উদয় পর্বতের আয় শোভা পাইতে লাগিলেন। এইরূপে সেই অর্জ্জুনের সহিত বন্ধবির সূত্রপুত্র নিক্ষিপ্ত নাগ ধনপ্রমকে মৃত্যুমুখে নিপাতিত করিতে অসমর্থ হইয়া কেবল তাঁহার কিরীট চুর্ণ করত পুনরায় স্বন্ধানে গমন করিতে লাগিল। ইত্যবসেরে মহারথ কর্প সেই মহারগকে নিরীক্ষণ করিলেন। ত্তখন সেই ভুক্সেক করিকে

দ্যোধন করিয়া কহিল, হে কর্ব ! তুমি আমারে না দেখিয়াই পরিত্যাগ করিয়াছিলে, এই নিমিত্ত আমি অর্চ্জুনের মস্তক ছেদন করিতে পারিলাম না; অতএব এক্ষণে তুমি আমারে দেখিয়া পরিত্যাগ কর, তাহা হইলে আমি নিশ্চয়ই তোমার ও আমার শক্রুকে সংহার করিব। তথন মহাবীর কর্ণ ভুজঙ্গের এই রূপে বাক্য শ্রেবণগোচর করিয়া কহিলেন, হে ভদ্র ! তোমার আকার অতি ভয়য়র দেখিতেছি। এক্ষণে তুমি কে, তাহা সবিশেষ করিয়াবল। নাগ কহিল, হে কৃর্ব ! পূর্বে অর্চ্জুন আমার মাতৃবধ করিয়াছিল, তদবধি উহার সহিত আমার শক্রভাব বদ্ধমূল হইয়া রহিয়াছে; অতএব যদি স্বয়ং দেবরাজও উহার রক্ষক হন, তথাপি আমি উহারে ব্যরাজের রাজধানীতে প্রেরণ করিব।

তখন সূতপুত্র কহিলেন, হে নাগ! কর্ণ কখন অন্সের বলবীর্য্য অবলম্বন করিয়া সমরবিজয়ী হয় না এবং একশত অর্জ্জুনকে বিনাশ করিতে হইলেও কথন এক শর ছুই বার সন্ধান করে না। অত্এব আমি রোধ ও যত্ন সহ-কারে বিবিধ উৎকৃষ্ট শরে অর্জ্জুনকে বিনাশ করিতেছি, ভূমি নিরাপদে গমন কর। হে মহারাজ ! সূতপুত্র এই রূপ কহিলে নাগরাজ তাঁহার দেই বাক্য অস**হু জ্ঞান ক**রিয়া অস্ত্ররূপ ধারণপূর্বক রোষভরে অর্জ্জুনের বিনাশ বাসনায় গমন করিতে লাগিল। ঐ সময়ে বাহুদেব অর্জ্জুনকে কহিলেন, হে পার্থ। তুমি শীভ্র ঐ কৃতবৈর উরগপতিরে বিনাশ কর। তথ্ন গাণ্ডীবধারী ধনপ্রয় মধুসূদনকে কহিলেন, হে জনার্দ্দন ! যে মহানাগ গরুড়-মুখগমনোদ্যতের ভায় ইচ্ছ। পূর্ব্বক স্বয়ং আমার সমীপে আগমন করি-তেছে, ও কে ? কৃষ্ণ কহিলেন, হে ধনপ্লয়! তুমি যৎকালে খাণ্ডব দাহন পূর্বক ত্তাশনের তৃপ্তি সাধন করিয়াছিলে, সেই সময় ঐ ভুজক্ষমের মাতা অাপনার ক্রোড়ে উহারে লুক্কায়িত করিয়া আকাশমার্গে অবস্থান করিতে-ছিল। জুমি তৎকালে উহার মাতারে বিনাশ করিয়াছিলে কিন্তু উহারে দেখিতে পাও নাই। একণে ঐ তুরাত্মা সেই মাতৃবধজনিত পূর্বে বৈর স্মরণ করিয়া তোমার বিনাশ বাসনায় আকাশচ্যুত প্রস্থলিত মহোক্ষার স্থায় সমাগত হইতেছে।

হে মহারাজ ! তথ্ন মহাবীর অর্জ্জুন ক্রোধে মূখ পরিবর্তন করিয়া

নভোমগুলে পক্ষীর ন্যায় সমাগত সেই নাগরাজকে ছয় নিশিত শরে ছেদন করিয়া দেলিলেন। ভুজগরাজ নিহত হইলে পুরুষোত্তম হৃষীকেশ স্বয়ং বাছ্যুগল ছার। পৃথিবী হইতে অর্জ্ঞানের রথ উত্তোলন করিলেন। ঐ সময়ে মহাবীর কর্ণ ক্রোধভরে দৃষ্টিপাত করত বিচিত্র ময়ূরপুচ্ছযুক্ত নিশিত দশ শরে পুরুষপ্রধান ধনঞ্জয়কে বিদ্ধ করিলেন। তথন অজুন ও কর্ণের প্রতি স্থাণিত দ্বাদশ বরাহ কর্ণ বাগ নিক্ষেপ করিলেন। অনস্তর তিনি পুনরায় শরাসন আকর্ণ আকর্ষণপূর্বক এক আশীবিষদদৃশ নারাচ নিক্ষেপ করিলেন। দেই উৎকৃষ্ট শর কর্ণের প্রাণ সংহারাথই যেন তাঁহার বন্ম বিদারণ ও রুধির পান করিয়া শোণিতলিপ্ত গাত্রে ধরাতলে প্রবিষ্ট হইল। তখন সূতপুত্র সেই শরপাতে দণ্ডবিঘ ট্রিত সর্পের ন্যায় জোধাবিষ্ট হইয়া বিঘাক্ত সর্প যেমন বিষ পরিত্যাগ করে, তজ্ঞাপ উত্তম উত্তম শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন এবং প্রথমত দাদশ শরে জনার্দনকে ও নবতি শরে অর্জ্জ্নকে বিদ্ধ করিয়া পুনরায় ঘোরতর শরে ধনঞ্জয়ের দেহ বিদারণপূর্বক সিংহনাদ পরিত্যাগ ও হাস্য করিতে লাগিলেন। তথন পুরন্দর তুল্য পরাক্রমশালী মহাবীর ধনঞ্জয় মৃতপুত্তের আহলাদ সহু করিতে না পারিয়া স্থররাজ ইন্দ্র যেমন বলাস্থরের মশ্ম বিদারণ করিয়াছিলেন, তদ্রূপ অসংখ্য শরে সূতপুজের মর্ম ভেদ করিয়া পুনরায় তাঁহার প্রতি যমদণ্ড সদৃশ নবতি শর পরিভ্যাগ ক্রিলেন। মহাবার কর্ণ অর্জ্জুনের শরাখাতে বজ্ঞাহত অচলের ন্যায় নিতাস্ত বাথিত হইলেন। তৎপরে তাঁহার স্বর্ণ, হারক ও মণিমুক্তাদিখচিত শিরো-্ভূষণ এবং কুণ্ডলদ্বয় অৰ্জ্জনের শরাঘাতে ভূতলে নিপতিত হইল। উত্তম উত্তম শিল্পীর৷ বহু যত্নগছকারে দার্ঘকালে কর্ণের যে মহামূল্য ভাস্বর বশ্ম প্রস্তুত করিয়াছিল, মহাবীর অর্জ্জুন ক্ষণকাল মধ্যে তাহাও বহুধা বিদার্প করিয়া ফেলিলেন। অনন্তর তিনি ক্রোধভরে সেই বর্ম বিরাহত কর্ণকে নিশিত চারি শরে অতিমাত্র বিদ্ধ করিলে সূতপুত্র সান্নিপাতিক স্ক্রাক্রান্ত আতুরের ন্যায় সাতিশয় ব্যথিত হইলেন। তথন অৰ্জ্জুন শরাসন নির্গত নিশিত শরনিকরে তাঁহার অঙ্গ ক্ষত বিক্ষত ও মর্মান্থল বিদ্ধ করিতে লাগিলেন। মহা-বার কর্ণ অর্জ্জনের বিবিধ শরে অতিমাত্র বিদ্ধৃহইয়া শোণিত ক্ষরণ করত গৈরিকধাতু ধারাবর্ষী পর্বতের ন্যায় শোভমান হইলেন।

অনস্তর মহাবীর অর্জ্জ্বন ক্রৈপিঞ্চবিদারণ কার্ভিকেয়ের ন্যায় যমদগু ও অগ্নিদণ্ড সদৃশ্ লৌহময় স্থদৃঢ় শরনিকরে পুনরায় কর্ণের বক্ষস্থল,ভেদ করি-লেন। সৃতপুত্র অর্জ্বুনের শরে নিতান্ত নিপীড়িত ও শিথিলমৃষ্টি হইয়। ইন্দ্রায়ুধ সদৃশ শরাসন ও ভূণীর পরিত্যাগপূর্বক রথোপরি মুচ্ছিত হ**ইলেন।** তথন পরম ধার্ম্মিক ধনঞ্জয় আতুর ব্যক্তিরে নিপাতিত করা অকর্ত্তব্য বিবে-চনা করিয়া সূত্রপুজ্রকে সেই ব্যসনকালে বিনাশ করিতে অভিলাষ করিলেন না। তথন ইন্দোবরজ বাহেদেব সমন্ত্রেম ধনপ্রয়কে কহিলেন, হে অর্জ্জুন! তুমি কি নিমিত্ত প্রমত্ত হইতেছ। পণ্ডিতের। তুর্মল অরাতিদিগকেও নিধন করিতে কাল প্রতীক্ষা করেন না। তাঁহারা ব্যসননিমগ্ন শত্রুগণকে নিপাতিত করিয়া ধর্ম ও কীর্ত্তি লাভ করিয়া থাকেন। অতএব তুমি প্রবল শত্রু বীর-প্রধান কর্ণকে সহসা নিহত করিতে সচেষ্ট হও। তুমি নমুচিনিসূদন পুর-न्मरतत नाग मञ्चरत छेशारत भत्रविक कत, नरहर ्र वीत अविनास शूर्मतर পরাক্রম প্রকাশ পূর্বক ভোমার অভিমুখীন হইবে। হে মহারাজ ! তখন মহাবীর অজ্ব বাস্থাদেবের বাক্য শিরোধার্য করিয়া দেবরাজ ইন্দ্র যেমন দানবরাজ বলিরে বিদ্ধ করিয়াছিলেন, তজ্ঞপ শর্মিকর দ্বারা কর্ণকে বিদ্ধ করিতে লাগিলেন এবং অচিরাৎ বংসদন্ত বাণ দারা সূতপুত্রকে অশ্ব ও রথের দহিত সমাচ্ছন্ন করিয়া স্থবর্ণপুদ্ধ শরজালে দিল্লগুল আরুত করিলেন। সুলবক্ষা সূত্রনন্দন অজ্জুনের বৎসদন্ত বাণে সমাচ্ছন্ন হইয়া কুরুমিত व्यामाक, श्रमाम ६ भावानि द्रक धवः हन्त्रन कानरन ममाकीर्ग बहरनद ভায়, বৃক্ষভোশী পরিপূর্ণ বিকশিত কর্ণিকার পরিশোভিত হিমালয়ের ভাষ ' শোভা পাইতে লাগিলেন।

হে মহারাজ ! অনন্তর মহাবীর কর্ণ অব্দ্রুনকে লক্ষ্য করিয়া প্রস্তাচলগামী দিনকরের করজাল সদৃশ অসংখ্য শার বর্ষণ করিতে আরম্ভ করিলেন। অব্র্জুনও নিশিতাগ্র শারনিকর দ্বারা সেই ভুজঙ্গমের ন্যায় দেদীপ্যমান কর্ণ নিম্মৃত্তি শারজাল ছেদন করিয়া ফেলিলেন। তথন কর্ণ শৈর্য্যাবলম্বনপূর্ণকি রোষিত সর্পের ন্যায় বিশিশজাল বর্ষণ পূর্ণকে দশ বাণে অব্রুন ও ছয় বাণে বাহ্য-দেবকে বিদ্ধ করিলেন। অনন্তর মহামতি ধনপ্তয় সেই মহাযুদ্ধে কর্ণের উপর

করিলেন। হে মহারাজ। ঐ সময় কর্ণেয় বিনাশ কাল উপস্থিত হওয়াতে কাল অদৃশ্যভাবে তাঁহারে আক্ষণের শাপ বৃত্তান্ত জ্ঞাপিত করত কহিলেন, স্তপুক্র। বহুদ্ধরা তোমার রথচক্র গ্রাস করিতেছেন। কাল এই কথা কহিবামাত্র কর্ণ পরশুরাম প্রদত্ত অন্ত বিস্মৃত হইলেন এবং পৃথিবী তাঁহার রথের বামচক্র গ্রাস করিতে লাগিলেন। ঐ সময় ব্রাহ্মণ সন্তানের শাপে হুতপুজের রথ বিঘূর্ণিত হইতে আরম্ভ হইল। রথও বেদিবন্ধ বিশিষ্ট পুষ্পিত চৈত্য বৃক্ষের ন্যায় ভূতলে নিমগ্ন হইয়া গেল।

হে মহারাজ ! এইরূপে স্থতপুত্রের সর্পমুথ বাণ বিনষ্ট, রথ ঘূর্ণিত ও পরশুরাম প্রদত্ত অন্ত্র স্মৃতিপথ হইতে তিরোহিত হওয়াতে তিনি সাতিশয় বিষয় ও বিহবল হইলেন। অনন্তর তিনি সেই ক্লেশ সকল সহ্য করিতে না পারিয়া হস্ত বিধানন পূর্বক আক্ষেপ প্রকাশ করত কহিতে লাগিলেন, ধর্মজ্ঞ ব্যক্তিরা সতত কহিয়া থাকেন যে, ধর্ম 'ধার্ম্মিককে সতত রক্ষা করেন। আমরা শাস্ত্র ও শক্তি অসুদারে ধর্ম রক্ষণে যত্ন ও ধর্মে দৃঢ ভক্তি করিয়। থাকি, ধর্ম তথাপি আমাদিগকে বিনাশ করিতেছেন। অতএব বোধ হয়, ধর্ম আর নিয়ত ধার্মিকগণকে রক্ষা করেন ন।। মহারাজ ! মহাবীর স্তপুত্র । এইরূপ কহিতে কহিতে অব্দুন শরে বিচলিত হইলেন। তাঁহার অশ্ব ও সার্থি শ্বলিত হইল। তিনিও স্বীয় কার্য্যে শিথিলপ্রয়ত্ব হইয়া বারংবার ধর্ম্মের নিন্দা করিতে লাগিলেন। অনস্তর তিনি ভীষণ তিন বাণে বাহ্নদেবের হস্ত ও সাত বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিলেন। অর্জ্জুনও তাঁহার উপর দেবরাজের বজ্রসদৃশ অনলোপম ভীমবেগ সপ্তদশ শর পরিত্যাগ করিলেন। অর্জ্জুন নিক্ষিপ্ত শরজাল প্রবলবেগে কর্ণশরীর ভেদ করিয়া পৃথিবীতলে নিপতিত হইল। তথন সূতনন্দন কম্পিতাত্ম। হইয়া পরাক্রম প্রদর্শন করত বলপূর্বক ব্রহ্মান্ত মন্ত্রপূত করিয়া পরিত্যাগ করিলেন। শক্ত-হুদন অৰ্চ্জ্বনও তদ্দৰ্শনে ঐন্তৰ অন্তৰ মন্ত্ৰপূত করিলেন এবং গাণ্ডীৰজ্ঞা ও অন্তাত্ত শরনিকর মন্ত্রপৃত করিয়া বারিবর্ষী পুরন্দরের ন্যায় শর বর্ষণ করিতে লাগিলেন। তথন পার্থরও নিঃস্থত তেকোময় শরজাল সূতপুত্তের রথসমীপে প্রাত্নভূতি **হইল। মহারথ কর্ণও সেই সম্মুখাগত শরজাল ব্যর্থ** করিয়া रफिलिएन। े अर्ब्यूटनत अख विनक्षे स्ट्रेल त्रिक्वीव वास्ट्रास्व करिएनन,

হে অর্জ্বন! কর্ণ তোমার শরনিকর বিনষ্ট করিতেছে; অতএব তুমি উৎ-কৃষ্ট অন্ত্র পরিত্যাগ কর। তখন ধনঞ্জয় অতি ভাষণ ব্রহ্মান্ত্র মন্ত্রপুত ও শরাসনে সংযোজিত করিয়া শরজালে কর্ণকে সমাচ্ছর করেত বিদ্ধ করিতে লাগিলেন। অনন্তর সূতপুত্র স্নিশিত শরনিকরে ক্রমে ক্রমে একাদশ বার অর্জ্নের মৌববী ছেদন করিলেন কিন্তু অর্জ্নের যে এক শত জ্যা আছে, তাহা ভাঁহার বোধগম্য হয় নাই। তথন অৰ্জ্বন গাণ্ডীবে জ্যা সংযোজিত ও • মন্ত্রপুত করিয়। সর্পের ন্যায় দেনীপ্যমান শরনিকরে কর্ণকে সমা**চ্ছন ক**রিলেন। ঐ সময় মহাবীর অর্জ্জুন জ্যা ছিন্ন হইবামাত্র অবি-লম্বে অন্যজ্যা সংযোজন করাতে কূর্ণ তাঁহার জ্যাযোজন রভান্ত বুঝিতে না পারিয়া চমৎকৃত হইলেন। অনন্তর সূতপুত্র অন্ত্রজালে সব্যসাচীর অন্ত ছেদন করত অসাধারণ পরাক্রম প্রদর্শন পূর্ব্বক তাঁহা অপেক্ষাও প্রবল হইয়া উঠিলেন। তথন বাস্থাদেব অৰ্জ্জ্বাকে কণাস্ত্রে নিপীড়িত দেখিয়া কহিলেন, ছে অৰ্জ্বন ! প্ৰধান অঁক্ত গ্ৰহণ পূৰ্বক কৰ্ণের সমীপ্ৰভী হও। শক্ত ভাপন ধনঞ্জয় কুষ্ণের বাক্য প্রবর্ণানন্তর দর্পবিষ ও অনলের ন্যায় ভয়ক্ষর দিব্য রৌদ্রাস্ত্র মন্ত্রপৃত করিয়া ক্ষেপণ করিতে বাসনা করিলেন। ঐ সময়ে বহু-মতী সূতপুত্তের রথচক্র দৃঢ়রূপে গ্রাদ করিলেন। মহাবীর কর্ণ কদর্শনে তৎক্ষণাৎ রথ হইতে অবতীর্ণ হইয়া ভুজদ্বয় দারা চক্রের উদ্ধার চেষ্টা করিতে লাগিলেন। তখন গিরিকানন সমবেতা সপ্তদ্বীপা মেদিনী কর্ণের-বাহুবলে আরুট হইয়া চারি অঙ্গুলি পর্যান্ত উৎক্ষিপ্ত হইলেন। কিন্তু সূত-পুজের চক্র কোন ক্রমেই উদ্বৃত হইল না। তথন তিনি ক্রোধে অঞ্চ-পরিত্যাগ পূর্বক কোপাবিষ্ট অর্জ্জ্নকে কহিলেন, হে পার্থ! তুমি মুহূর্ত্ত-কাল যুদ্ধে নিব্নত হও। আমি মহীতল হইতে রথচক্র উদ্ধার করিতেছি। দৈব বশত আমার দক্ষিণ চক্র পৃথিবীতে পোণিত হইয়াছে। এ সময় ভুমি কাপুরুষোচিত তুরভিদন্ধি পরিত্যাগ কর। তুমি রণপণ্ডিত বলিয়া ব্রবিখ্যাত মাছ; এক্ষণে মভদের ন্যায় কার্য্য করা ভোমার কর্ত্তব্য নহে। হে মর্জ্বন! দাধুব্রতাবলম্বী শুরগণ মুক্তকেশ, বিমুখ, বদ্ধাঞ্জলি, শরণাগত, যাচমান, ন্যস্ত-শস্ত্র, বাণ বিহীন, কবচহীন ও ভগ্নায়ুধ ব্যক্তির এবং ব্রাহ্মণের প্রতি শর পুরিত্যাগ করেন না। ইহলোকে ভূমি শুরতম, ধার্ম্মিক, যুদ্ধর্মাভিজ্ঞ,

দিব্যক্তবেন্তা, মহাস্থা, বেদপারগ ও কার্ত্রবীর্য্যের ন্যায় পরাক্রান্ত বলিয়া বিখ্যাত হইয়াছ। বিশেষত আমি এক্ষণে ভূতলগত ও বিকলাঙ্গ হট্য়াছি। ভূমি রথোপরি অবস্থান করিতেন্ত; অতএব যে পর্যান্ত রথচক্র উদ্ধার করিতে না পারি, তাবং আমারে বিনাশ করা তোমার কর্ত্র্য নহে। আমি বাহ্ণদেব বা তোমা হটতে কিছুমাত্র ভীত হই নাই। ভূমি ক্ষত্রিয়দিগের মহাকুলে সমুংপন্ন হইয়াছ বলিয়াই তোমারে কহিতেছি যে, ভূমি মুহূর্ত্ত্কাল আমারে ক্ষমা কর।

#### ছিনবতিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় বাস্তদেব কর্ণের বাক্য প্রাবণ করিয়া তাঁহারে কহিলেন, হে সূতপুত্র ! তুম ভাগ্যক্রমে এক্ষণে ধর্ম স্থারণ করিতেছ। নীচা-भारत्रता द्वःतथ निमञ्च क्षेत्रता खात्रहे रेनवरक निन्ना कतिया थारक ; जापना-দিগের ছফ্কর্মের প্রতি কিছুতেই দৃষ্টিপাত করে না। দেখ, ছর্ষ্যোধন, ছঃশাসন ও শকুনি তোমার মতাকুদারে একবস্ত্রা দ্রৌপদীরে যে সভায় আনয়ন করিয়াছিল, তথন তোমার ধর্ম কোথায় ছিল ? যথন তুফ শকুন তুর ভগন্ধি পরতন্ত্র হইয়া তোনার অনুমোদনে অক্ষক্রীড়ায় নিতান্ত অনভিজ্ঞ রাজা যু'ধস্তিরকে যে পরাজয় করিয়াছিল, তখন তোমার ধর্ম কোথায় ছিল যথন রাজা তুর্য্যোধন তোমার মতাসুযায়ী হইয়া ভামদেনকে যে বিধার ভোজন করাইয়াছিল, তখন তোমার ধর্ম কোথায় ছিল ? যখন তুমি বারণা-.বত নগরে জতুগৃহমধ্যে প্রস্থপ্ত পাণ্ডবগণকে দশ্ধ করিবার নিমিত্ত অগ্নি প্রদান কারয়াছিলে, তখন তোমার ধর্ম কোখায় ছিল ? যখন তুমি সভামধ্যে .ছু:শাসনের বশীভূতা রক্ষমলা দ্রৌপদীরে, ছে কুষ্ণে। পাগুবগণ বিনষ্ট হইয়া শাশ্বত নরকে গমন করিয়াছে, এক্ষণে তুমি মন্য পতিরে বরণ কর এই কথা ব:লয়া উপহাস করিয়াছিলে এবং অনার্য্য ব্যক্তিরা ঠাছারে নিরপরাধে ক্লেশ প্রদান করিলে উপেক্ষা করিয়াছিলে, তথন তোমার ধর্ম কোথায় ছিল ? যথন তুমি রাজ্য লোভে শকুনিকে আত্রায় পূর্ব্বক পাগুবগণকে দ্যুতক্রীড়া করিবার নিমিত্ত আহ্বান করিয়।ছিলে, তথন তোমার ধর্ম কোথায় ছিল ? যখন তুমি মহারথগণ সমবেত হইয়া বালক অভিম্যুরে পরিবেন্টন পুরবক বিনাশ করিয়াছিলে, তখন তোমার ধর্ম কোথায় ছিল ? হে কর্ণ! তুমি যথন তত্ত্ৎকালে অধন্মানুষ্ঠান করিয়াছ; ত্রখন আর এ সময় ধর্মা ধর্ম

করিয়া তালুদেশ শুক করিলে । ক হইবে ? তুমি যে এক্ষণে ধর্মপরায়ণ হইলেও জীবন সত্ত্বে মুক্তি লাভ করিতে সমর্থ হইবে, ইহা কদাচ মনে করিও না। 'পূর্বে নিষর দেশাধিপাত নল যেমন পুক্র দ্বারা দৃত্ত্রেড়ায় পরাজিত হইয়া 'পুনরায় রাজ্য লাভ করিয়াছিলেন, তদ্রূপ ধর্মপরায়ণ পাগুবগণও 'ভুজবলে' সোমকদিগের সহিত শক্ত্রগণকে বিনাশ করত রাজ্য-লাভ করিবেন। ধুতরাষ্ট্রতনয়গণ অবশ্যুই ধর্মাণংরক্ষিত পাগুবগণের হত্তে নিহত হইবে।

হে মহারাজ ! মহাবীর সূত্রনন্দন বাস্ত্রেব কর্ত্ব এইরূপ অভিহিত্ত হট্যা লজ্জায় অধোবদন হইয়া রহিলেন। তৎকালে তাঁহার মুখে বাক্য ক্ষুর্ত্তি হইল না। অনস্তর তিনি ক্রোধে প্রক্ষুরিতাধর হইয়া শরাসন উদ্যত করত অর্জ্বের সহিত ঘোরতর যুদ্ধে প্রবৃত হইলেন। তদ্দর্শনে বাস্থদেব ধনঞ্জয়কে কহিলেন, হে পার্থ! তুমি দিব্যান্ত্রলাল বিস্তার পূর্বক সূতপুত্রকে বিনাশ কর। মহাবার অর্জুন বাস্তদেব কর্তি এইরপ অভিহিত হইয়া সূতপুত্তের ছুর্মান্ত্রণাজনিত ক্লেশপরম্পার। স্থারণ পূর্বক ক্রোধে একান্ত অধীর হট্যা উঠিলেন। তথন তাঁহার লোমকূপ হইতে তেজোরাশি বিনির্গত হইতে লাগিল। তদ্দর্শনে সকলেই বিস্ময়াবিকী হইল। অনন্তর সূত্পুত্ত অন্ধান্ত্রের প্রাত্ত্রাব করিয়া ধনঞ্জরের উপর অনংখ্য শর বর্ষণ করত পুনরায় তাঁহার র**থ নিমগ্ল** করিতে 'যজুবান্ছইলেন। তথন মহাবীর ধনঞ্য়ও ব্রহ্মা<mark>ক্ত</mark> প্রভাবে সূতপুজের প্রতি শররৃষ্টি বিসর্জ্জন করত তাঁহার অস্ত্র নিবারণ করিয়া তাঁহারে প্রহার করিতে লাগিলেন। অনন্তর তিনি কর্ণকে লক্ষ্য করিয়া আগ্নেয়াক্ত্র পরিত্যাগ করিলে উহা স্বীয় তেজ প্রভাবে প্রত্বলিত হইয়া উঠিল। তথন কর্ণ বারুণান্ত্র প্রাত্ন করিয়া দেই প্রস্থানিক নির্বাণ করিলেন। তৎকালে সূতপুজের সায়ক প্রভাবে জলদজালে দিল্লগুল সমাচ্ছন ও গাঢ়তর তিমিরে চতুর্দিক্ পরিপূর্ণ হইয়া গেল। মহাবীর অর্জ্বন তদর্শনে অসংস্ত্রান্তচিত্তে বায়ব্যান্ত্র দ্বারা সূতপুক্তের সমক্ষেই সেই অস্ত্রজাল অপসারিত করিলেন।

আনস্তর সূতপুত্র ধনঞ্জয়কে সংহার করিবার বাসনায় এক প্রস্থালিত পাবক সদৃশ ,ভয়ক্ষর শরাগ্রহণ ও শরাসনে সংযোজন করিলেন। ঐ শর সংযোজিত হইবামাত্র শৈল কানন সম্পন্ন। স্বান বিচলিত হইল। সমীরণ কর্বরাশি প্রবাহিত করিতে লাগিল, দিল্লগুল ধূলিপটলে পরিবৃত হইয়া গেল। দেবগণ দেবলোকে হাহাকার করিতে লাগিলেন এবং পাশুবগণ বিষাদসাগরে নিমগ্ন হইলেন। তথন সেই কর্ণবিস্ফ অশনি সদৃশ শিতধার সায়ক ভুজগরাজ যেমন বল্মীক মধ্যে প্রবেশ করে, তদ্ধেপ অর্চ্ছনের বক্ষস্থলে প্রবেশ করিল। তথন মহাত্মা অর্জ্জ্ব সৃতপুজ্রের সায়কে অতিমাত্র বিদ্ধ হওয়াতে তাঁহার হস্তন্মিত গাণ্ডীব কোদণ্ড শিথিল হইয়া পড়িল এবং তিনি **पृ**श्चिकम्भकालीन व्यवस्ति न्याय किम्भिक इटेलन। के व्यवस्ति महारीत কর্ণ ভূতলগত স্বীয় রথের উদ্ধারাভিলাষে লক্ষ প্রদান পূর্বক ভূতলে অবতীর্ণ হইয়া বাছ্যুগল দ্বারা রথচক্রে গ্রহণ করিয়া আকর্ষণ করিতে লাগিলেন, কিন্তু দৈব প্রভাবে কৃতকার্য্য হইতে সমর্থ হইলেন ন।। অনন্তর অর্জ্জন সংজ্ঞা লাভ করিয়া অঞ্জলিক নামে এক ষমদণ্ড সদৃশ বাণ গ্রহণ করিলেন। ঐ সময় মহাত্মা বাস্তদেব ধনঞ্জয়কে কহিলেন, হে পার্থ! কর্ণ রথে আরোহণ না করিতে করিতেই উহার মস্তক ছেদন কর। তথন মহাবীর অঞ্জুন বাহ্নদেবের ভাদেশামুদারে প্রজ্বলিত ক্ষুরান্ত্র গ্রহণ করিয়া দূতপুজের রথ-ধ্বজন্মিত বিমলার্ক সদৃশ হস্তিকক্ষা ছেদন করিলেন। মহাবীর কর্ণের ঐ স্বর্ণ, হীরক ও মণিযুক্তাদি খচিত হস্তিককা কেতৃ বহুতর জ্ঞানরুদ্ধ শিল্পি-গণের প্রয়ত্ত্বে স্থন্দররূপে নিশ্মিত হইয়াছিল। ঐ কক্ষা দর্শনে আপনার সৈম্মগণের মনে বিজয় বাসনা এবং অরাতিগণের মনে ভয় সঞ্চার হইত। উহার প্রভা চক্র, সূর্য্য ও হুতাশনের স্থায় দেদীপ্যমান ছিল। অনস্তর মহারীর অর্জনুন অগ্নি সদৃশ স্থবর্ণপুত্ম ক্ষুরপ্র দারা অধির্থির ধ্বজদণ্ড ছেদন করিয়া ফেলিলেন। তদ্দর্শনে কৌরবগণের দর্প, যশ, প্রিয়কার্য্য ও মনোরও সকল ভগ্ন এবং হাহাকার শব্দ সমুখিত হইল। সূতপুজের বিজয়াশা তাহাদের মনোমন্দির হইতে এককালে ভিরোহিত হইয়া গেল।

অনস্তর মহাবীর অর্জ্জন কর্ণের বিনাশ বাসনায় ভূণীর হইতে ইন্দ্রের বজু, হুতাশনের দণ্ড ও দিবাকরের তীক্ষ্ণ রশ্মি সদৃশ অঞ্চলিক নামে এক বাণ গ্রহণ করিলেন। ঐ মর্মাভেদী বাণ মাংস ও শোণিতলিপ্ত এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের প্রাণ নাশক। উহার পরিমাণ তিন রিদ্ধ ও ছন্ন পাদ।

উহা ব্যাদিতাক্ত কুতান্তের আয়ং, মহাদেবের পিনাকের আয় ও নারায়ণের চক্রের স্থায় নিতাস্ত ভীষণ এবং দেবতা ও অহ্রগণের বিজ্ঞানু সমর্থ এবং মহাত্মা অর্জুন সতত উহার পূজা করিতেন। হে মহারাজ ! 🖄 সময় মহাবীর ধনপ্রায় হাট চিত্তে ঐ অন্ত গ্রহণ করাতে চরাচর বিশ্ব বিচলিত হইল। তদ্দর্শনে মহষিগণ জগতের মঙ্গল প্রার্থনা করিতে লাগিলেন। অনস্তর মহাধসুর্দ্ধর ধনপ্রায় সেই অনুপম মহাস্ত্র শরাদানে সংযোজিত করিয়া গাণ্ডীব আকর্ষণ করস হাউ চিত্তে কহিলেন যে, যদি আমি তপোমুষ্ঠান, গুরুজনের সম্ভোষ সাধন ও অহাদ্যাণের হিত .কথা আবণ করিয়া থাকি, তাহা হইলে এই অরাতিঘাতন মহান্ত্র অবিলম্বে প্রবল শক্ত সূতপুল্লের প্রাণ সংহার পূর্বক স্থামারে জয় 🕮 প্রদান করুক। মহাবীর অর্জ্জুন এই বলিয়া সেই অন্তকেরও অনতিক্রমণীয়, সাক্ষাৎ আথব্বণ ও আঙ্গিরস কার্য্যের স্থায় অতি ভীষণ, চন্দ্র সূর্যাসমপ্রভ অঞ্জলিক শর সূত্রপুত্রের প্রতি নিক্ষেপ করিলেন। অর্জুন নিক্ষিপ্ত মন্ত্রপুত সায়ক সেই অপরাহ্নকালে দিল্লগুল ও নভোমগুল উদ্তাসিত করিয়া পুরন্দর নিক্ষিপ্ত বজ্ঞান্ত যেমন র্ত্তাহ্মরের শিরশ্ছেদন করিয়াছিল, তজ্ঞপ সূতপুজের মস্তক ছেদন করিল। তথন কর্ণের সেই ছিন্ন মস্তক গৃহস্থ যেমন অভিক্লেশে ধনরত্ব পরিপূর্ণ গৃহ পরিত্যাগ করে, ভজ্জপ তাঁহার দাতিশয় হ্ররণ সতত হুথোপভোগপরিবদ্ধিত দেহ অতি কষ্টে পরিত্যাগপূর্বক শরৎকালীন নভোমগুল হইতে নিপতিত দিবাকরের স্থায় স্তলে নিপতিত হইল। অনস্তর সূতপুত্রের ধনঞ্জয় শরনিভিন্ন উন্নত কলে-বরও কুলিশ বিদলিত গৈরিক ধারাত্রাবী গিরিশিখরের ন্যায় ধরাশয্যা গ্রহণ ' করিল। হে মহারাজ। এইরূপে মহাবীর সূতপুত্র সমরে নিপতিত হইলে তাঁহার দেহ হইতে একটি তেজ বিনির্গত হইয়া নভোমগুল সমাচহন্ন করত সূ<del>র্য্যশুলে প্রবিষ্ট হইল। তদ্পনে যোধগণ সাতিশয় বিস্মিত হইয়া</del> রহিল। 🗳 সময় বাস্তদেব-সমবেত ধনঞ্জয় ও অভাভ পাণ্ডবগণ সূতপুত্তের নিধনে যাহার পর নাই আহলাদিত হইয়া অতি গন্ধীর স্বরে শন্ধধ্বনি করিতে লাগিলেন'। সোমকগণ দৈভগণ সমভিব্যাহারে সিংহনাদ, ভূর্য্যধ্বনি এবং বস্ত্র ও হস্ত বিধূনন করিতে আরম্ভ করিলেন। অন্যান্য যোধগণ প্রফুল্ল মনে শৃৰ্ক্ন সাম্বানে আগমন, পূৰ্বক তাঁহার সম্বৰ্ধনা করিতে প্রবৃত্ত হইলেন।

কতকণ্ঠাল বীর পরস্পারকে আলঙ্গনপূর্বক নৃত্য ও সংহনাদ করত কহিতে লাগিলেন, আজি ভাগ্যবলে সূতপুত্র ধনঞ্জায়ের শর্মিকরে বিনষ্ট হইয়া ভূতলে নিপতিত হইয়াছে।

হে মহারাজ! এইরপে সূতপুত্র শরনিকরে পাণ্ডব দৈন্যগণকে সন্তপ্ত করিয়া দিবাবদান সময়ে অর্জ্জনের ভুজবীর্যা প্রভাবে বিনক্ট হইলেন। তাহার সমরাঙ্গনে নিপতিত ছিন্ন মস্তক যজ্জাবদানে প্রশান্ত হুতাশনের ন্যায়, অন্তগত সূর্য্যবিষ্কের ন্যায় শোভা পাইতে লাগিল। তাঁহার শর্নিফর সমাচিত শোণিত পরিপ্লুত কলেবর কিরণজাল পরিব্যাপ্ত সূর্য্যের ন্যায় শোভমান হইল। দিবাকর যেমন অন্তগমনকালে স্বায় প্রভাজাল লইয়া গমন করেন, তদ্রপ অর্জ্জন নিক্ষিপ্ত শর কর্ণের প্রাণ লইয়া গমন করিল। কৌরবগণ ও শক্তশরে গাঢ়তর বিদ্ধ ও ভয়বিহবল হইয়া অর্জ্জনের প্রভাপুঞ্জোন্তাদিত ধ্বজ বারংবার নিরীক্ষণ করত দশ দিকে ধাবমান হইলেন।

#### ত্রিনবভিত্তম অধ্যায়।

হে মহারাজ ! এইরপে মহাবীর হার্জ্বন সূতপুত্রকে নিহত করিলে, মহানরথ শল্য সৈন্যগণকে নিতান্ত নিপীড়িত নিরীক্ষণ করিয়া ক্রোধাবিষ্ট চিত্তে সেই ছিন্নধ্বজ ছিন্ন পরিচছদ রথ লইয়া ধাবমান হইলেন । রাজা ছুর্য্যোধন সূত্তপুত্রকে অসংখ্য হস্তা, অশ্ব ও রথের সহিত নিহত অবলোকন করিয়া অক্ষেত্র নয়নে দীন ভাবে বারংবার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন । তখন অন্যান্য বীরগণ শর সমাচিত ও শোণিতলিপ্ত গাত্রে সহসা অধঃশ্বলিত দিবাকরের সদৃশ সূতপুত্রকে দর্শন করিবার মানসে তাঁহারে পরিবেষ্টন করিলেন । ঐ সময়ে সপক্ষীয় ও পরপক্ষীয় যোধগণ স্ব স্ব প্রকৃতি অমুসারে কেহ আফ্রান্দিত, কেহ ভীত, কেহ শোকার্ত্ত ও কেহ কেহ বিম্ময়াবিষ্ট হইললেন । মহাবীর অর্জ্বন বর্ম্ম, আভরণ, অন্তর ও আয়ুধ ছিন্ন ভিন্ন করিয়া সূত্তপুত্রকে নিপাতিত করিয়াছেন, তাবণ করিয়া কৌরবগণ নির্জ্বন বনে গোযুথ যেমন ব্যন্থ নিহত হইলে পলায়ন করে, তদ্ধেপ পলায়ন করিতে লাগিলেন । ঐ সময় মহাবল পরাক্রান্ত ভীমদেন ভীষণ সিংহনাদে ও বাহ্বান্ফোটশন্দে রোদসী পরিপুরিত করত আপনার পুত্রগণকে বিত্রাসিত করিয়া নৃত্য করিতে আরম্ভ করিলেন । সোমক ও সঞ্জয় প্রভৃতি ক্ষত্রিয়গণ মহাত্ আহ্লাদে শল্পধ্বনি ও

পরস্পার আলঙ্গন করিতে লাগ্নিলেন। হে মহারাজ ! এইরূপে মহাবার ধনঞ্জয় কেশরী যেমন হস্তীকে বিনাশ করে, তদ্ধপ কর্ণকে বিনাশ করিয়া বৈরভাব ওঁ প্রতিজ্ঞা হইতে উদ্ভার্ণ হইয়াছেন।

অনস্তর মন্তরাজ একাস্ত বিমোহিত চিত্তে সেই ছিন্নধ্বজ রথ লইয়া ছুর্য্যাধন সন্ধিবনে গমনপূর্বক বাষ্পাদান বচনে কহিতে লাগিলেন, হে মহারাজ! তোমার গিরিশিখর সদৃশ হস্তী, অশ্ব ও মনুষ্যগণ শক্রাসেন্যগণ কর্তৃক নিহত্ত হয়নছে। কর্ণার্চ্জুন সংগ্রামের ন্যায় ভয়ঙ্কর যুদ্ধ আর কথনই উপস্থিত হয় নাই। মহাবীর কর্ণ প্রথমত রাস্থদেব ও অর্জুন প্রস্তৃতি আপনার শক্তাগতে নিপীড়িত করিয়াছিলেন। কিন্তু দৈব পাণ্ডবগণের পক্ষে নিতান্ত অমুকূল। এই নিমিত্তই তাহারা জীবিত রহিয়াছে আর আমরা বিনষ্ট হই-তেছি। হে মহারাজ! কুবের, যম ও বাসবের আয় প্রভাবসম্পন্ন শৌর্যাশালী বিবিধ গুণভূষিত অবধ্য ভূপালগন তোমার কার্য্য সংসাধনে উদ্যত হইয়া পাণ্ডবগণের বাহুবলে নিহত হইয়াছেন। অত্তাব এক্ষণে তুমি আর শোকাকুল হইও না। অদুষ্টে যাহা আছে, তাহা অতিক্রম করা অতিশয় স্থকটিন। এক্ষণে আখাস্যুক্ত হও। সকল সময়ে কার্য্যাদান্ধ হইবার সম্ভাবনা নাই। হে মহানরাজ! রাজা ছুর্য্যোধন মন্তরাজের বাক্য প্রবণ স্বায় ছুর্নীতি প্র্য্যালোচনা করত বিচেতন প্রায় হইয়া দীন মনে বারংবার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন।

## চতুর্নবভিতম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! কর্ণার্চ্জনের সেই ভীষণ সংগ্রাম দিবুদে কৌরব ও স্প্রেয়দিগের শরবিক্ষত দৈন্যগণ কিরুপে পলায়ন করিয়াছিল।

সঞ্জয় কহিলেন,—মহারাজ ! ঐ দিন যেরপে লোকক্ষয় হইয়াছিল, অবহিত হইয়া প্রবণ করুন। মহাবীর কর্ণ নিপাতিত ও ধনপ্লয় সিংহনাদে প্রস্তুত হইলে আপনার পুজ্রগণের অন্তঃকরণে ভয় সঞ্চার হইল। তথন কৌরব পক্ষায় কোন যোদ্ধাই সৈন্য সংস্থাপন ও পরাক্রম প্রকাশে সমর্থ হইলেন না। শক্ষিত, শস্ত্রাক্ষত ও নাথবিহান কৌরব সেনাগণ সমুদ্দমগ্ন প্রবহীন বণিক দিগের ন্যায় কিরপে সমরদাগর হইতে উত্তীর্ণ হইবে, তাহাই চন্তা করিতে লাগিল। পরি-শেষে তাহারা অর্প্রনের, শরজালে নিতান্ত ক্ষত বিক্ষত হইয়া সিংহাদিত মুগ-

যুখের ন্যায়, ভয়শৃঙ্গ ব্যগণের ন্যায় ও ভয়দৃংষ্ট্র ভুজঙ্গমকুলের ন্যায় পলায়ন করিতে আরম্ভ কারল। ঐ সময় আপনার পুজ্রগণ যন্ত্র কবচ বিহান, ভয়ার্দ্দিত ও বিচেতন প্রায় হইয়া পরস্পরকে বিমন্দিত করিয়া পলায়ন করত, অর্জ্জন ও রকোদর আমারই অভিমুখে আগমন করিতেছে, এই মনে ফরিয়া নিপতিত ও মান হইতে লাগিলেন। অন্যান্য মহারথগণ কেহ অশ্বে, কেহ গজে, কেহ বা রথে আরোহণ করিয়া পদাতিদিগকে পরিত্যাগপূর্বক মহাবেগে দেশ দিকে ধাবমান হইলেন। ঐ সময় পলায়মান কুঞ্জরগণ দ্বারা রথ সমুদায়, রথসমূহ দ্বারা অশ্বারোহিগণ ও অশ্ব সমুদায় দ্বারা পদাতি সকল বিনফ হইতে লাগিল। ব্যালতক্ষর সমাকীর্ণ অরণ্যে নিঃসহায় ব্যক্তিদিগের যেরূপ অবস্থা হয়, সেই সংগ্রাম স্থলে আপনার পক্ষীয় যোধগণেরও তদ্রুপ ত্রবন্থা হইল। তাহারা সৃতপুজ্রের নিধনে আরোহিবিহীন গজ্বথের ন্যায়, ছিন্ন হস্ত মনুষ্যগণের ন্যায় নিতান্ত বিপন্ন হইল এবং সমুদায় জগৎ পাশুবময় অবলোকন করত মহাবেগে পলায়ন করিতে লাগিল।

হে মহারাজ ! ঐ সময় কুরুরাজ তুর্য্যোধন সৈন্যগণকে ভীমসেনের ভয়ে নিতান্ত অভিভূত দেখিয়া সার্থিরে কহিলেন, হে সূত ! তুমি সৈন্যগণ মধ্যে শনৈঃ শনৈ অশ্ব সঞ্চালন কর । আজি আমি সমরে অর্জ্জ্নকে সংহার করিব, সন্দেহ নাই । মহাসাগর যেমন বেলা অতিক্রম করিতে সমর্থ হয় না, তজ্রপ ধনপ্তম আমারে অতিক্রম করিতে কথনই সমর্থ হইবে না । আজি আমি অর্জ্জ্ন, বাস্তদেব, মহামানী রকোদর ও অন্যান্য শক্ত্রগণকে নিপাতিত করিয়া কর্পের আর্যানের করিব । হে মহারাজ ! তথন কুরুরাজের সার্থি তাঁহার শূর ও আর্য্য লোকের ন্যায় বাক্য প্রবণ করিয়া মৃত্র ভাবে তাঁহার স্বর্ণালঙ্ক্ত অশ্বনগণকে সঞ্চালন করিতে লাগিল । তথন আপনার পক্ষীয় গজ্ঞাশ্ব রথবিহীন পঞ্চবিংশতি সহত্র পদাতি যুদ্ধার্থে প্রস্তুত হইল । তদ্দর্শনে মহাবীর ভামদেন ও ধৃষ্টত্বান্ধ কোপাবিক্ট হইয়া চতুরক্ষিণী সেনা সমভিব্যাহারে তাহাদিগকে পরিবেক্টনপূর্বক শর্নিকরে নিপীড়িত করিতে লাগিলেন । তাহারাও তাঁহাদের উভয়ের সাইত সংগ্রামে প্রস্তুত্বহল এবং কেহ তেহ ভীম ও ক্রুণ্ডাননন্দনের নাম গ্রহণপূর্বক তাঁহাদিগকে আহ্বান করিতে আরম্ভ করিল । তথন রকোনদর ক্রোধান্থিত হইয়া চেই ভূতলন্থ যোধগণের সন্তিত ধর্মাকুসারে সংগ্রাম

করিবার মানসে গদাহস্তে দণ্ডপায়ি কৃতাস্তের স্থায় রথ হইতে স্তৃতলে অবতীর্ণ হইরা সকলকে তাড়িত করিতে লাগিলেন। তথন পদাতিগণও জাবিতাশা পরিত্যাগ পূর্বক পাবকে পতনোমুখ পতক্ষকুলের খায় ভীম্সেনের প্রতি ধাবনান হইল। মহাবীর ভীমসেনও সমরাঙ্গনে শ্যেন পক্ষার ন্যায় বিচরণ করত জীবসংহর্তা অন্তকের ন্যায় তাহাদিগকে বিনাশ করিলেন। এইরূপে মহাবল পান্ত্নন্দন আপনার পক্ষায় পঞ্চবিংশতি সহস্র বীর পুরুষকে বিনাশ পূর্বক ধৃষ্টগুলকে অন্থান করিতে লাগিলেন।

অনস্তর বার্যান্ধনঞ্জয় কৌরব পক্ষীয়,র্থিগণের প্রতি ধাবমান হই-লেন। নকুল, সহদেব ও মহারথ সাত্যাক হাউচিত্তে তুর্য্যোধনের সৈন্য নিপীজ়িত করত শকুনির প্রতি বেগে ধাবমান হইয়া আঁহার অস্বারোহীদিসকে নিপাতিত কারতে লাগিলেন। মহাবার ধনঞ্জয়ও রথিগণের দমুখীন হইয়। ত্রিলোক বিশ্রুত গাণ্ডীব শরাসন বিক্ষারণ করিতে আরম্ভ করিলেন। আপ-নার পক্ষীয় যোধগণ মহাবীর অর্জ্জুনকে খেতাশ্বযুক্ত কৃষ্ণ সঞ্চালিত রথে খারোহণপুর্বক সমাগত হইতে দোখয়। ভয়ে পলায়ন করিতে লাগিল। এদিকে পুরুষপ্রধান মহারপ পাঞ্চালপুত্র ধৃউত্যুদ্ধ ভামদেনকে অগ্রসর করিয়া কৌরব পক্ষীয় পঞ্চাবংশতি দহত্র পদাতি বিনষ্ট করিয়া অবিলম্বে অন্যান্য যোধগণের প্রতি ধাবমান হইলেন। আপনার পক্ষীয় যোধগণ **সংগ্রামে কোবিদার নির্মিত ধ্বজ**যুক্ত পারাবতের ন্যায় শ্বেতবর্ণ **অ**শ্ন সংযোজিত রবে সমারত ধৃষ্টগুরুত্বকে নিরাকণ করেয়া শঙ্কিত চিত্তে দশ দিকে পলায়ন করিতে লাগিল। সাত্যকি এবং মাদ্রাপুজ্ঞ নকুল ও সহদেব লঘু- -হস্ত গান্ধাররাজের অভিমুখীন হইরা তাঁহার অশ্বগণকে সংহার পূর্বক অন্যান্য দৈন্য সংহারে প্রবৃত্ত হইলেন। মহাবার চেকিতান, শিষ্তী এবং দ্রোপ-দেয়গণ ও গাঞ্জাররাজের অসংখ্য দৈন্য নিপাতিত করিয়া শন্থনাদ করিতে লাগি-লেন। এইরূপে সেই বীরগণ ব্যভগণ যেমন ব্যভদিগকে পরাজিত ও পরা-মুখ করিয়া তাহাদের প্রতি ধাবমান হয়, তদ্রূপ কৌরব দৈন্যগণকে পরাজিত ও সমরপরাত্মধ করিয়া তাহাদের প্রতি ধাবমান হইলেন।

তথন পরাক্রান্ত সব্যসাচী অর্চ্জুন হতাবশিষ্ট কৌরব সৈন্যগণকে সমরে শ্ববিত দেখিয়া কোপাবিষ্ট চিত্তে রথিগণের সম্মুখীন হইয়া তিলোকবিশ্রুত গাণ্ডীব বিস্ফারণপূর্বক তাঁহাদিগকে শর্মিকরে সমাচ্ছন্ন করিলেন। ঐ সময় সমুদায় সংগ্রামস্থল ধূলিপটল সমারত ও অন্ধকারে সমাচ্ছন্ন হওয়াতে আর কিছুই দৃষ্টিগোচর হইল না। তখন কৌরব পক্ষীয় যোধগণও ভয়ে পলায়ন করিতে আরম্ভ করিল।

(ह महाताकः । এই कारण रेमिक गण शलायन श्रायण इंटेल ञाशनात्र পুত্র ছুর্য্যোধন সমাগত শক্তগণের প্রতি ধাবমান হইলেন এবং পূর্বে দানব-রাজ বলি যেমন যুদ্ধার্থে দেবগণকে আহ্বান করিয়াছিলেন, ওজ্রপ পাণ্ডব-গণকে আহ্বান করিতে লাগিলেন। তাঁহারাও সমবেত হইয়া নানাবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্বক বারংবার দ্বর্য্যোধনকে ভর্ৎ সনা করত তাঁহার প্রতি ধাবমান হইলেন। কুরুরাজ তদ্দর্শনে কিছুমাত্র ভীত না হইয়া বিপক্ষগণকে শরনিকরে নিপীড়িত করত তাহাদিগের দহিত যুদ্ধ করিতে লাগিলেন। হে মহারাজ! ঐ সময় আপনার পুত্রের অদ্ভূত পৌরুষ লক্ষিত হইতে লাগিল। তিনি একাকী একত্র সমবেত অসংখ্য বিপক্ষের সহিত অনায়াদে যুদ্ধ করি-লেন। অনন্তর তিনি স্বীয় দৈনিকগণকে অতিশয় তুঃখিত দেখিয়া তাহা-मिशरक आनिमि छ अमिरविभि छ कतिवात मानरम कहिरमन, रह वीतश्री ! এক্ষণে এমন কোন স্থানই নাই, যেখানে তোমরা ভীত হইয়া পলায়ন করিলে পাণ্ডবগণের হস্ত হইতে পরিত্রাণ পাইবে। অতএব তোমাদের পলায়ন কর। নিতান্ত নিফল। আর দেখ, পাগুবদিগের দৈন্য অতি অল এবং কৃষ্ণ ও অৰ্জ্জন একান্ত ক্ষতবিক্ষত হইয়াছে ; অতএব আমি অবশাই তাহাদিগকে সংগ্রামে নিপাতিত করিয়া জয় লাভ করিব। হে যোধগণ! যদি তোমরা এক্ষণে সমর পরিত্যাগ পূর্বক পলায়ন কর, তাহা হইলে পাণ্ডবগণ নিশ্চয়ই তোমাদের অনুগমন পূর্ব্বক তোমাদিগকে নিপাতিত করিবে; অতএব তাহা না করিয়া সমরে প্রাণত্যাগ করাই তোমাদের কর্ত্তব্য। ক্ষত্রধর্মাবলম্বী যোধগণের সংগ্রামে মৃত্যু স্থপ্তনক। সমরে প্রাণ-ত্যাগ করিলে মৃত্যুযন্ত্রণা অনুভূত হয় না এবং পরলোকে অনস্ত হংখ ভোগ হয়। হে দমাগত ক্ষত্রিয়গণ! ধখন কালান্তক ক্তান্তের নিকটে কি বীর, কি ভীরু পুরুষ, কাহারও পরিত্রাণ নাই, তখন মাদৃশ ক্ষত্তিয়ব্রতধারী কোন্ ব্যক্তি বিমৃত্ হইয়া সংগ্রামে পরাগ্ন্থ হইবে। তোনরা কি সমরে পরাগ্ন্থ, হইয়া কোপাবিষ্ট ব্লকোদরের ধশীভূত হইতে উদ্যুত হইয়াছ ? পিতৃপিতা-মহাচরিত ধর্ম পরিত্যাগ করা তোমাদিগের কদাপি কর্ত্তব্য নহে। ক্ষত্তিয়-দিগের সমর হইতে পলায়ন করা অপেক্ষা অধর্ম আরু কিছুই নাই। হে কৌরবগণ! যুদ্ধধর্ম ব্যতীত অর্গের উত্তম পথ আর নাই। তোমরা অবিলম্বেই নিহত হইয়া স্বর্গ লাভ কর। হে মহারাজ! আপনার পুত্র তুর্য্যো-ধন এইরূপে সৈনিকগণকে প্রোৎসাহিত কল্পিতে লাগিলেন। কিন্তু তাহারা অরাতিশরে নিত্যন্ত কত্ত্বিক্ষত হইয়াছিল; স্নতরাং তাহার বাক্যে উপেক্ষা করিয়া নানাদিকে ধাবমান হইল।

### পঞ্চনবতিত**ম অধ্যা**য়।

হে মহীরাজ ! ঐ সময় মদ্রদেশাধিপতি শল্য রাজ! হুর্য্যোধনকে সৈন্য-দিগকে বিনিবর্ত্তিত করিতে উদ্যত দেখিয়া ভীত ও বিমোহিত চিত্তে তাঁহারে সম্বোধন পূর্বক কহিলেন, হে রাজন্ ! ঐ দেখ, নিহত হস্তী, অখ ও মনুষ্য-পণে সমরাঙ্গণ পরিপূর্ণ হইয়া গিয়াছে। কোন স্থানে মাতঙ্গণ একবারে শরভিন্ন কলেবর, বিহ্বল ও গতাস্ন হইয়া বিদীর্ণ পাষাণ, বৃক্ষ, ভষধি সম্পান, বজ্র বিদলিত অচলের ন্যায় নিপতিত রহিয়াছে এবং উহাদিগের বর্মা, চর্মা, ঘণ্টা, অঙ্কুশ, তোমর ও ধ্বজ দকল ইতন্তত বিক্ষিপ্ত আছে। কোন স্থানে স্বর্ণজ্ঞাল পরিবেষ্টিত শোণিতলিপ্ত তুরঙ্গমগণ শরনির্ভিন্নদেহ, নিতাস্ত নিপী-ড়িত ও নিপত্তিত হইয়া ঘন ঘন নিশ্বাদ পরিত্যাগ ও অন্যরত রুধির ব্যুন করিতেছে। উহাদের মধ্যে কতিপর বীর আর্ত্তস্বরে চীৎকার করিতেছে; কতকগুলি নেত্র পরিবর্তিত করিয়া রহিয়াছে এবং কতকগুলি ভূতল দংশন করিতেছে। রণম্বল বিশীর্ণান্ত হস্তী, অশ্ব ও মনুষ্যগণে পরিপূর্ণ হইয়া বৈত-রণী নদীর ন্যায় এবং স্থবর্ণজাল জড়িত যোধহীন অসংখ্য রথে সমার্ত হইয়া জলদজাল পরিবৃত শরৎকালীন নভোমগুলের ন্যায় নিরীক্ষিত হইতেছে। **ঐ সমস্ত** রথে ভূণীর, পতাকা, কেতু, অমুকর্ষ, ত্রিবেণু, যোক্ত্র, চক্র, অক, ইয়ু ও যুগ ইতন্তত বিক্ষিপ্ত আছে। উহাদের নীড় সমুদায় ভগ্ন ও বন্ধন **দকল ছিন্ন ভিন্ন হই**য়া গিয়াছে। পূর্কে মস্থাবেগগামী তুরক্সমগণ ঐ দকল রথ বছন করিত। কোন স্থানে স্থালিত বর্মা, স্থালিতাভরণ, বস্ত্রহীন, আয়ুধ ্বিহীন উভয়, পক্ষীয় চজুরঙ্গ বল মহাবল পরাক্রান্ত কর্ণ ও অর্জ্জনের শর-

নিকরে ভিন্ন কলেবর ও বিচেতন হইয়া রহিয়াছে, বীরগণ রক্ষনীযোগে বিমল প্রভাশালী নভোমগুল পরিচ্যুত অতি প্রদীপ্ত গ্রহগণের ন্যায় ভূতলে নিপতিত হইয়া মৃত্যুক্ত উচ্ছাদ পরিত্যাগপূক্তক প্রশান্ত পাবকের ন্যায় নিরীক্ষিত হইতেছে। ঐ দেখ, কর্ণ ও অর্জুনের বাহুনিমুক্ত শরনিকর হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেহ ভেদ পূর্বক তাহাদিগকে বিনষ্ট করিয়া উরগগণ যেমন আবাদগর্ত্ত মধ্যে প্রবেশ করে, তদ্রুপ নত্মমুখে ভূগর্ভে প্রবিষ্ট হইয়াছে। এক্ষণে কর্ণ ও অর্জ্জনের শরনিকর, এবং নিহও শরসমাচিত অশ্ব গজ ও মনুষ্য দার। রশস্থল নিভাস্ত তুরভিগম্য হইয়াছে। ঐ দেশ, হেমপট্রমণ্ডিত পরিঘ, পর্ভ, শাণিত শূল, মুঘল ও মুদ্দার দকল চতুরঙ্গ বলের গতায়াতে চূর্ণিত হইয়া গিয়াছে। বিমল কোষ নিজাসিত অসি, হ্বর্প পট্ট সংযত গদা, স্বপ্র্ছা শর, হেমবিভূষিত শরাসন, নিশিত ঋষ্টি, কনকদণ্ড সমলঙ্কত বিকোষ প্রাস, ছত্ত্র, চামর, ছিন্নপুষ্কা, বিচিত্র মাল্য, চিত্র কম্বল, পতাকা, বস্ত্র, ভূষণ, কিরীট, মুকুট, প্রবাল মুক্তা সমলঙ্কৃত হার, পীতবর্ণ কেয়ুর, স্থবর্ণসূত্র সমবেত নিষ্ক, নানাবিধ রত্ন এবং নরেন্দ্রগণের স্থাপভোগ পরিবর্দ্ধিত দেহ ও ইন্দ্রপ্রতিম মস্তক সকল নিপতিত রহিয়াছে। ভূপতিগণ বিবিধ ভোগ, মনোজ্ঞ স্থুখ ও পরিচ্ছদ সমুদায় পরিত্যাগ পূর্বক লোক মধ্যে যশোবিস্তার ও ধর্ম লাভ করিয়া লোকাস্তরে প্রস্থান করিয়াছেন। অতএব হে মহারাজ। এক্ষণে সৈন্যগণ স্বেচ্ছাতুসারে গমন করুক। তুমিও প্রতিনিবৃত্ত হইয়া স্বশিবিরে প্রবেশ কর। ঐ দেখ, ভগবান্ কমলিনীনায়ক অস্তাচল চূড়াবলম্বী হইয়াছেন।

হে মহারাজ ! শোকাকুলিতচিত্ত মদ্রদেশাধিপতি শল্য রাজা চুর্য্যোধনকে এই কথা ধলিয়া মৌনাবলম্বন করিলেন। তথন দ্রোণাত্মজ্ব প্রভৃতি নৃপতি-গণ কুরুরাজকে হঃখিত মনে অবিরল বাঙ্গাকুললোচনে হা কর্ণ ! হা কর্ণ ! বলিয়া পরিতাপ করিতে দেখিয়া তাঁহারে বারংবার আশ্বাল প্রদান পূর্বক মহাবীর অর্জ্জুনের যশঃ প্রভাবে সমুক্ষ্মল অতি প্রকাশু ধরজনশু বারংবার নিরীক্ষণ করত গমন করিতে লাগিলেন। সেই ভয়ঙ্কর কালে স্বর্গসমনে কৃতনিশ্চয় কৌরবগণ হন্তি, অশ্ব ও মসুষ্যগণের দেহ হইতে নিঃস্ত ক্লাধির প্রবাহে সমাচ্ছন্ম সমরভূমিতে রক্তাম্বরধারিণী বাল্লবিলাসিনীর, ভারে বিবিধ্

মাল্য বিস্থৃষিত, স্বৰ্ণালক্ষার সম্পন্ন ও সর্বলোকগম্য অবলোকন পূর্বক তথায় অবস্থান করিতে সমর্থ হইলেন না এবং কর্ণ বধে অভিমাত্র তুঃখিত হইয়া বারংবার হা কর্ণ! হা কর্ণ! বলিয়া বিলাপু এ পরিতাপ করত দিবাকরকে সন্ধীরাগলোহিত নিরীক্ষণ পুর্বক সত্বরে শিবিরাভিমুখে ধাব-মান হইলেন। হে মহারাজ। ঐ সময় অর্জ্জুনের শিলাশিত স্থবর্ণপুস্থ দম্পন্ন শরনিকারে সমাচিত মহাবীর সূতপুত্র মৃত্যুমুখে নিপতিত হইয়াও অংশুমান্ মার্ত্তমগুলের স্থায় নিরীক্ষিত হইতে লাগিলেন। ভক্তাসুকম্পী ভগবান্ ভাক্ষর করজালে কর্ণের রুধিরসিক্ত দেহ স্পর্শে আরক্ত কলেবর হইয়া স্নান করিবার নিমিত্তই যেন অপর সমূদ্রে গমন করি-লেন। তথন স্থার্ষিগণও স্ব স্থাভিমুখে প্রস্থান করিতে লাগিলেন। অভ্যা-গত ব্যক্তিগণ মহাবীর সূতপুত্র ও অর্জ্জনের সেই ভীষণ যুদ্ধ দর্শনে বিশ্মিত হইয়া তাঁহাদের প্রশংসা করত স্ব স্থ স্থানে গমন করিতে আরম্ভ করিলেন। হে মহারাজ ! ঐ সময় মহাবীর কর্ণ রুধিরাক্ত বস্ত্র, নিকৃত কচব ও গতাস্থ হইয়াও কিছুমাত্র শোভাবিহীন হন নাই। তাঁহার প্রদীপ্ত সূর্য্য-সমপ্রভ ও তপ্তকাঞ্চনাভ মূর্ত্তি দর্শনে সকলেরই বোধ হইল যেন তিনি জীবিত রহিয়াছেন। সিংহ নিহত হইলেও যেমন অন্যান্য মুগগ্ণ তাহার দর্শনে শঙ্কিত হয়, ভজ্রপ সৃতপুত্র নিহত হইলেও যোধগণ তাঁহারে দর্শন করিয়া নিতাস্ত ভীত হইল। তাঁহার মনোহর গ্রীবা সম্পন্ন স্থমগুল পূর্ণচন্দ্রের স্থায় বোধ হইতে লাগিল। সেই বিবিধ ভূষণ বিভূষিত কনক-কেয়ুরধারী মহাবীর রণশয্যায় শয়ন করাতে বোধ হইল, যেন শাখা প্রশা্থা -পরিশোভিত বনস্পতি বিপাটিত হইয়াছে। হে মহারাজ ! এইরূপে মহাবীর সূতপুত্র স্বযুদ্ধে স্বীয় কীর্ত্তি সঞ্চয় করত দিবাকর যেমন স্বীয় ক্রিরণজালে সমস্ত জগৎ সম্ভপ্ত করেন, তজ্ঞপ শরজালে দশ দিক্, সমুদায় পাণ্ডব, পাঞ্চাল ও তাঁহাচদর সৈম্মগণকে সম্ভপ্ত করিয়া প্রস্থলিত হুতাশন যেরূপ সলিল স্পার্শে নির্বাপিত হয়, তদ্ধেপ পুত্র ও বাহনগণের স্হিত অর্জ্ন শরে নিহত হইলেন। তিনি অর্থিগণের কল্পবৃক্ষ স্বরূপ ছিলেন। তিনি যাচকদিগকৈ কখনই প্রত্যাখ্যান করিতেন না। সাধু ব্যক্তিরা বাঁহারে সর্বদা সৎপুরুষ বলিয়া গণন। করিতেন : বাঁহার সমস্ত সম্পত্তি ত্রাহ্মণসাৎ হইয়াছিল ; যিনি ত্রাহ্মণের

নিমিত্ত জীবনদানেও উদ্যত হইতেন, যিনি কামিনীগণের সভত প্রিয়পাত্র ছিলেন এবং আপনার পুত্রগণ ধাঁহারে আশ্রয় করিয়া পাগুবগণের সহিত বৈরাচরণে প্রস্তুত হইয়াছিলেন, একণে কোরবকুলের বর্ম স্বরূপ দেই মহারথ কর্ণ অর্জুনের সহিত দ্বৈরথ যুদ্ধে প্রস্তুত হইয়া আপনার পুর্ক্রগণের জয়াশা ও মঙ্গলের সহিত নিহত ও পরম গতি প্রাপ্ত হইলেন।

হে মহারাজ! মহারথ কর্ণ এইরূপে নিহত হইলে নদী সমুদায়ের বেগ রুদ্ধ হইল; দিবাকর অন্তগমন করিলেন; দিখিদিকু, সকল ধুমাকীর্ণ ও প্রজ্ব-লিত হইয়া উঠিল; প্রদীপ্ত মার্ভণ্ড সদৃশ বুধগ্রহ তির্য্যগ্ ভাবে অস্ত্যুদিত হই-লেন; নভোমণ্ডল যেন ভূতলে নিপতিত হইল; বহুদ্ধরা গভীর ধ্বনি করত কম্পিত হইয়া উঠিল; বায়ু প্রচণ্ড বেগে প্রবাহিত হইতে লাগিল। মহার্ণক সকল সংক্ষুদ্ধ ও শব্দায়মান হইল; কাননের সহিত ভূধর সকল কম্পিত হইতে লাগিল; জীব সকল নিতান্ত ব্যথিত হইয়া উঠিল। বহুস্পতি রোহিণীরে নিপী-ড়িত করিয়া চন্দ্র ও সূর্য্য সদৃশ শোভা ধারণ করিলেন; নভোমণ্ডল অন্ধ কারে, আছেম হইল; অনল সদৃশ উল্কা সকল নিপতিত হইতে লাগিল এবং নিশাচর-গণের আর আহ্লাদের পরিসীমা রহিল না।

ছেদন করেন, ঐ সময় সহসা অন্তরীকে হারগণ হাহাকার শব্দ করিয়াছিলেন।
পূর্বকালে পুরন্দর র্ত্রাহ্ররকে নিহত করিয়া যেমন প্রভাবশালী হইয়াছিলেন,
তক্রেপ এক্ষণে মহাত্রা অর্জ্রন্ত মনুষ্য, দেব ও গন্ধর্বগণের সম্মানিত সূতপূত্রকে নিপাতিত করিয়া মহাপ্রভাবশালী হইয়া উঠিলেন। অনস্তর পুরন্দরপরাক্রম, অগ্নি ও দিবাকরের সদৃশ তেজস্বী, হ্ববর্ণ হীরক মণি মৃক্তা ও প্রবালে
বিভূষিত পুরুষযোত্তম কেশব ও অর্জ্র্ন মেঘগস্তীরনির্যোষ, তুষার, চন্দ্র, শহা ও
করিয়া বিষ্ণু ও বাসবের ন্যায় নির্ভয়ে রণস্থলে বিচরণ করিতে লাগিলেন।
হতাবশিষ্ট কৌরবগণ মহাবীর ধনপ্রয়ের জ্যানিস্থন ও তলশব্দে হতপ্রভ ও
শরনিকরে সমাচহন্ন হইলেন। তথন মহাত্রা বাহ্নদেব ও অর্জ্র্ন অরাতিগণের
অন্তঃকরণে ভয় সঞ্চারিত করত মহা আহ্লাদে হ্বর্ণজ্ঞালজড়িত তুষারস্বর্ণ
মহান্তন শহা বাহ্নপূর্বক এককালে প্রশ্নাপিত করিত্রে লাগিলেন। পাঞ্চলন্য

ও দেবদত্ত শক্ষের ভীষণ শব্দে ভূমণ্ডল, দিখ্ণ্ডল ও নভোমণ্ডল প্রতিধ্বনিত এবং নদী, ভূখর ও বন সমুদায় পরিপুরিত হইল। সেই গভীর নির্দোষ প্রবণে চুর্যোধনের দৈন্তাণ বিত্রাসিত ও যুধিষ্ঠির যৎপরোনান্তি আনন্দিত হইলেন। কৌরবগণ সেই ভীষণ শব্ধধ্বনি প্রবণে মদ্ররাজ শল্য ও চুর্যোধনকে পরিত্যাগপূর্বক দ্রুতবেগে পলায়ন করিতে আরম্ভ করিলেন। প্র সময় জীবগণ সমবেত হইয়া সমরশোভী ধনপ্রয় ও জনার্দ্ধনের অভিনন্দন করিতে লাগিল। তৎকালে প্র কণ্মরসমাচিত বীরদ্বয়কে অবলোকন করিয়া বোধ হইল যেন চন্দ্র ও সূর্য্য গাঢ়ান্ধকার নাশ করিয়া অভ্যুদিত ইয়াছেন। তখন সেই মহাবল পরাক্রান্ত বীরদ্বয় বিষ্ণু ও বাসবের ন্যায় স্ক্র্যান্তন। তখন সেই মহাবল পরাক্রান্ত বীরদ্বয় বিষ্ণু ও বাসবের ন্যায় স্ক্র্যান্তন পরিবেষ্টিত হইয়া পরম পরিত্বী হইলেন। মনুষ্য, গদ্ধর্বব, যক্ষ, দেবতা, মহিষ, চারণ ও মহোরগগণ তাহাদিগকে জয়াশার্বাদ করিতে লাগিলেন। অনন্তর তাহারা যথানিয়মে পূজিত ও প্রশংসিত হইয়া বলির নিধনানন্তর বিষ্ণু ও বাসব যেরপ পরিত্বী হইয়া-ছিলেন, তদ্রেপ স্বান্ধবৈ যাহার পর নাই আনন্দ অনুভব করিতে লাগিলেন।

#### ষপ্পবভিতম অধ্যায়।

হে মহারাজ ! এইরূপে মহারথ সূতপুত্র নিহত হইলে কোরবগণ বিপক্ষণণের শর্মিকরে ক্ষতবিক্ষত ও নিতান্ত ভীত হইয়া দশ দিক্ অবলোক্নপূর্বক গমন করিতে লাগিলেন। অনস্তর আপনার পক্ষীয় যোধগণ তঃখিত ও উদ্বিয় মনে অবহার করিতে বাসনা করিলেন। রাজা তুর্য্যোধনও তাঁহাদিগের অভি্প্রায় অবগত হইয়া শল্যের অকুমত্যকুসারে সেনাগণের অবহারে আদেশ করিলেন। তথন মহাবীর কৃতবর্দ্মা কোরবপক্ষীয় রিথগণ ও অবশিষ্ট নারায়ণী সেনার সহিত, শকুনি অসংখ্য গান্ধার সৈন্যগণের সহিত, কৃপাচার্য্য মহামেঘ সন্ধিভ মাতক বলের সহিত ও মহাবীর স্থশর্মা হতাবশিষ্ট সংশপ্তকগরণর সহিত ক্ষেত্রভাভ দশনে বারংবার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগপূর্বক শিবিরাভিমুখে ধাবমান হইলেন। রাজা তুর্য্যোধন হতসর্বব্ধ ও হতবান্ধব হইয়া শোকাকুলিত চিত্তে গমন করিতে লাগিলেন। রিথাতে শল্য করিলেন। তথন কৌরব পক্ষীয় অন্যান্থ মহারথক অবলোকন করত শিবিরে প্রস্থান করিলেন। তথন কৌরব পক্ষীয় অন্যান্থ মহারথক করিপেন করত শিবিরে প্রস্থান করিলেন। তথন কৌরব পক্ষীয় অন্যান্থ মহারথক কলেপ কল্পিত কলেবরে ভীত ও উদ্বিয় মনে অনবরত ক্ষধির ক্ষরণপূর্বক

দর্শ দিকে ধাবমান হইলেন। তাঁহাদের মধ্যে কেছ কেই অর্জ্বনের ও কেই কেই বা কর্ণের প্রশংসা করিতে লাগিলেন। হে মহারাজ ! তৎকালে সেই অসংখ্য যোধগণ মধ্যে কাহারই আর যুদ্ধ করিবার বাসনা ধহিল না। কর্ণ নিহত হওয়াতে কৌরবগণ আপনাদের জীবন, রাজ্য, ধন ও কলত্রের আশা এককালে পরিত্যাগ করিলেন।

তথন রাজা ছর্য্যোধন শােক ছঃথে একান্ত সমাকুল হইয়া যত্ন সহকারে তাঁহাদিগকে প্রতিনিব্নত করত শিবিরে গমন করিতে অনুমতি করিলেন। তাঁহারাও কুরুরাজের আজ্ঞা দািরোধার্য্য করিয়া মান বদনে স্ব স্ব শিবিরে গমন করিতে লাগিলেন।

#### সপ্তানবভিতম অধ্যায়।

হে মহারাজ! এ দিকে মহাত্মা বাস্থদেব ধনপ্রয়কে আলিঙ্গন করিয়া কহিলেন,—হে অর্জ্জন! দেবরাজ যেমন এজ দ্বারা ব্র্রাহ্মরকে নিহত করিয়া-ছেন, তজ্ঞপ তুমি শরনিকরে কর্ণকে নিপাতিত করিলে। অতঃপর মানবগণ কর্ণ ও ব্র্রাহ্মর এই উভয়েরই বধোপাখ্যান কীর্ত্তন করিবে। এক্ষণে যশস্কর কর্ণবিধ ব্রত্তান্ত ধর্মরাজকে নিবেদন করা আমাদের অবশ্য কর্ত্তব্য। তুমি বহু দিবসাবিধি কর্ণবিধে সচেই ছিলে, এক্ষণে এই ব্যাপার ধর্ম্মরাজকে করিয়া তাঁহার ঋণ পরিশোধ কর। পূর্বের পুরুষপ্রধান যুধিষ্ঠির তোমাদিগের যুদ্ধ দর্শন করিতে আগমন করিয়াছিলেন, কিন্তু নিতান্ত শর্বিদ্ধ হইয়াছিলেন বলিয়া সমরাঙ্গন হইতে স্বশিবিরে প্রস্থান করিয়াছেন।

হে মহারাজ! যতুপুঙ্গব বাহুদেব এই কথা কহিলে মহাবীর ধনঞ্জয় যুধিন্তির সমীপে গমনের অভিপ্রায় প্রকাশ করিলেন। তথন দেবকীতনয় অর্জ্জনের রথ পরিবর্ত্তিত করত দৈনিকদিগকে কহিলেন, হে যোধগণ! তোমা-দিগের মঙ্গল হউক, তোমরা সজ্জীভূত হইয়া শক্তগণের অভিমুখে অবস্থান কর। মহামতি বাহ্যদেব দৈন্যগণকে এইরূপ আদেশ করিয়া ধ্রুইত্যুক্ত, যুধা-মন্ত্যু, রকোদর, সাত্যকি ও মাদ্রীপুক্তবয়কে কহিলেন, হে বীরগণ! আমরা এক্ষণে ধর্ম্মরাজের নিকট অর্জ্জন হস্তে কর্ণের নিধনবার্ত্তা প্রদান করিতে চলিলাম; যে পর্যান্ত প্রত্যাগত না হই, তাবৎকাল তোমরা সকলে স্থলজ্জিত হইয়া যত্ন সহকারে এই স্থানে অবস্থান কর। হে মহারাজ! মহাত্মা কুক্ক এই

কথা কছিলে শূরগণ জাঁহার বাক্যে দল্মত হইয়া ভাঁহারে গমনে অসুজ্ঞা করি- ' লেন। তথন তিনি পার্ব সমভিব্যাহারে শিবিত্র গমনপূর্বক যুধিষ্ঠিরকে স্থবর্ণময় উত্তম শয্যায় শয়। সন্দর্শন করিয়া তাঁহার চরণযুগল গ্রহণ করিলেন। অরাতি-ঘাতন মহাবাহ যুধিষ্ঠির কৃষ্ণ ও অর্জ্জুনের হর্চিহ্ন দর্শনে কর্ণকে নিহত বোধ করিয়া আনন্দা্রে পরিত্যাগ ও গাত্রোত্থানপূর্বক বারংবার তাঁহাদিগকে আলিঙ্গন করত কর্ণের নিধনবার্ত্তা জিজ্ঞাদা করিষ্ট্রত লাগিলেন। তথন বাস্থদেব ও অর্জ্জন ধর্মরাজের সমীপে কর্ণের নিধনরভাস্ত । দোপাস্ত কীর্ত্তন করিলেন। অনস্তর মহাত্মা মধুসূদন ঈষৎ হাস্ত করত ক্তাঃ লিপুটে কহিলেন, হে মহা-রাজ ! আজি নৌভাগ্য বশত মহাবীর অর্জুন, ব্লুকোদর, নকুল, সহদেব ও আপনি আপনারা দকলে এই লোমহর্ষণ ভীষণ দংগ্রাম হইতে পরিত্রাণ পাইয়া কুশলী হইয়াছেন। অতঃপর সময়োচিত কার্য্যের অনুষ্ঠান করুন। আজি ভাগ্যক্রমে মহারথ কর্ম নিপাতিভ, আপনি বিজয় প্রাপ্ত ও আপনার সৌভাগ্য পরিবর্দ্ধিত হইয়াছে। যে নরাধম দ্রোপদীরে দ্যুতক্রীড়ায় পরাঞ্চিত দেখিয়া উপহাস ক্রিয়াছিল, আজি পৃথিবী সেই সূতপুত্রের শোণিত পান করিতেছে। আপনার সেই শত্রু শরজালে বিভিন্ন কলেবর হইয়া সমরশয্যায় শয়ন করি-য়াছে। আপনি সমরাঙ্গনে গমনপূর্বক তাহার ছর্দ্দশা সন্দর্শন করুন। আপনার রাজ্য নিকণ্টক হইল। একণে আপনি আমাদিগের সহিত যত্ন সহকারে এই ষরাতি খুন্য পৃথিবী শাসন ও বিপুল হুথ ভোগ ক্রুন।

হে মহারাজ ! তথন ধর্মনন্দন যুধিষ্ঠির হাষীকেশের বাক্য প্রাবণে সাতিশয় আহলাদিত হইয়া কহিলেন, হে দেবকীনন্দন ! আজি আমার পর্ম
সৌভাগ্য ! তুমি সারথি হওয়াতেই ধনপ্রয় সূতপুত্রকে নিহত ক্রিয়াছে ।
তোমার বৃদ্ধি কৌশলেই সূতপুত্র নিহত হইয়াছে । অতএব উহা আশ্চর্ম্যের
বিষয় নহে । ধর্মাত্রা যুধিষ্ঠির কেশবকে এই কথা বলিয়া তাঁহার অঙ্গদমুক্ত দক্ষিণ বাছ ধারণ পূর্বক পুনরায় তাঁহারে ও অর্জ্বনকে কহিলেন, হে
বীরদ্ম ! আমি নারদের নিকট শুনিয়াছি এবং মহর্ষি বেদব্যাসও থারংবার
বিলয়াছেন যে, তোমরা পুরাতন ঋষি মহাত্রা 'নর ও নারায়ণ ৷ হে কৃষ্ণ !
ক্বেল তোমার অন্থগ্রহেই ধনপ্রয় শক্ষেগণের অভিমুখীন হইয়া তাহাদিগকে
পরাস্ত করিয়াছে; কর্থনই সমরে বিমুখ হয়্নাই । যথন ভূমি অর্জ্বনের সারথ্য

স্বীকার করিয়াছ, তখন নিশ্চয়ই আমাদিগের জয় লাভ হইবে, কখনই পরাজয় হইবে না। হে গোবিন্দ। তোমার বৃদ্ধি কৌশলে ভীম্ম, দ্রোণ ও কর্ণ নিহত হওয়াতে মহাবীর কুপ ও কৌরব পক্ষীয় অস্থান্থ বীরগণও নিহত হইয়াছেন।

হে মহারাজ! ধর্মরাজ যুধিষ্ঠির এই কথা বলিয়া কৃষ্ণপুচ্ছ মনোবেগ-গামী খেতাশ্ব সমুদায়ে সংযোজিত কনকমণ্ডিত রথে আরোহণ করিয়া সৈন্য-গণ সমভিব্যাহারে কৃষ্ণ ও অর্চ্জুনকে প্রিয়বার্ত্তা জিজ্ঞাসা কুরত সমরভূমি সন্দর্শনার্থ যাত্রা করিলেন। /ারে অবিলম্বে তথায় উপস্থিত হইয়া দেখি-लन, महावीत कर्ग अनःथा भारत नमाहिक हहेश क्ला পतित्रक कन्य কুস্থমের ন্যায় রণশব্যায় শয়। রহিয়াছেন। স্থগন্ধ তৈলযুক্ত সহস্ম সহস্র কাঞ্চনময় দীপ তাঁহারে উদ্রাণিত করিতেছে। অর্জ্জনের শরপাতে তাঁহার কবচ ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে এনং তাঁহাুর পুত্রগণও সংগ্রামস্থলে নিহত ও নিপতিত রহিয়াছেন। তখন ধর্মারাজ বারংবার কর্ণকে নিরীক্ষণ করিয়া সন্দেহ ভঞ্জন করিলেন এবং ক্লফ ও অর্জ্জনকে বারংবার প্রশংসা করত বাস্থদেবকে কহিলেন, হে গোবিন্দ! তুমি সহায় ও রক্ষক হওয়াতেই আজি আমি ভ্রাতৃগণের সহিত রাজপদে প্রতিষ্ঠিত হইলাম। আজি চুরাত্মা ছুর্য্যোধন সূতপুত্তের নিধন নিবন্ধন রাজ্য ও জীবিতে নিরাশ হইবে। আজি কেবল তোমার অনুগ্রহেই আমরা কুতকার্য্য হইলাম। আজি ভাগ্যক্রমে শাঞা নিপাতিত হইল এবং ধনপ্রয় ও তুমি তোমরা উভয়ে বিজয়ী হইলে। আমাদিগের ত্রয়োদশ বৎসর অতি কক্টে অতিবাহিত হইয়াছে; এক দিনও নিজা হয় নাই। আজি তোমার অসুগ্রহে নিজ্রান্থ অসুভব করিব।

হে মহারাজ! ধর্মরাজ মুধিন্তির এইরূপে জনার্দ্দন ও অর্জ্জুনকে ভূরি প্রশংসা করিতে লাগিলেন। তিনি অর্জ্জুনশরে সূতপুত্রকে পুত্রগণের সহিত নিহত নিরীক্ষণ করিয়া আপনারে পুনর্জাত বলিয়া বোধ করিলেন। অনস্তর মহারথ নকুল, সহদেব, রকোদর, সাত্যকি, ধৃষ্টত্যুল্ল, শিখণ্ডী এবং পাঞ্চাল ও স্প্রয়গণ স্তবার্হ বাক্যে কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা ও ধর্মরাজ্ঞের সম্বর্জনা করিয়া মহা আহলাদে স্ব স্থ শিবিরে প্রবিষ্ট হইলেন। হে মহারাজ! কেবল আপনার হুর্মন্ত্রণা বশতই এরূপ লোমহর্ষকর মহাক্ষয় উপন্থিত হইয়াছে। এখন আর কেন র্থা অনুতাপ করিতেছেন।

বৈশালপায়ন কহিলেন, হে জনুমেজয় ! অম্বিকাপুত্র ধৃতরাষ্ট্র সঞ্জয়ের মুথে এইরপ অমঙ্গলবার্তা শ্রেবণ করিবামাত্র জ্ঞানশূন্য হইয়া ছিয়মূল বনস্পতির ন্যায় ভূতলে নিপতিত হইলেন । দূরদর্শিনী গান্ধারীও ভূতলে নিপতিত হইয়া কর্পের উদ্দেশে নানা প্রকার বিলাপ করিতে লাগিলেন । তথন মহাস্থা বিছর ও সঞ্জয় উভয়ে ধৃতরাষ্ট্রকে ধারণ করিয়া আখাদ প্রদান করিতে লাগিলেন । কৌরব পত্নীগণও গান্ধারীরে উত্থাপিত করিলেন । চিস্তাকুলচিত শোকসম্ভপ্ত মহারাজ ধৃতরাষ্ট্র বিলুর ও সঞ্জয় কর্তৃক সমাখাদিত হইয়া দৈব ও ভাবতব্য সর্ব্বাপেকা বলবান বিবেচনা করিয়া বিচেতনের ন্যায় ভূফীভাব অবলম্বন করিয়া রহিলেন ।

হে ভূপালু। যে ব্যক্তি মহাত্মা ধনপ্তায় ও সৃচপুক্তের সমর্যজ্ঞের রন্তান্ত পাঠ বা শুবণ করেন, তাঁহার বিধিবিহিত যাজের অথগু ফল লাভ হয়। পণ্ডিতগণ অগ্নি, বায়ু, চন্দ্র, দিবাকর ও ভগবান্ বিফুরে যজ্ঞ স্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। অতএব যে ব্যক্তি অস্যাশূন্য হইয়া এই সমর্যজ্ঞ র্ভান্ত শ্রুবণ বা পাঠ করেন, তিনি স্থা ও সর্বাপেকা শ্রেষ্ঠ হইয়া থাকেন। সানবগণ ভক্তিপরায়ণ হইয়া নিরন্তর এই পবিত্র উৎকৃষ্ট সংহিতা পাঠ করিলে ধনধান্ত সম্পন্ধ, ধশস্বী ও সমস্ত স্থখ লাভে অধিকারী হয় এবং ভগবান্ স্বয়স্তু, শস্তু ও বিফু সতত তাহার উপর সন্তন্ত থাকেন। এই কর্ণপর্ব পাঠ করিলে আন্ধাণের বেদ লাভ, ক্ষত্রিয়ের বল ও যুদ্ধে জয় লাভ হইয়া থাকে। বৈশ্যের প্রভূত ধন লাভ এবং শুদ্রের আরোগ্য লাভ হয়। এই পর্বেব সনাতন ভগবান্ নারায়ণের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। অতএব যে ব্যক্তি এই কর্ণপর্ব পাঠ বা শ্রেবণ করিবেন, তাঁহার সকল মনোরথ পূর্ণ হইবে, সন্দেহ নাই। ব্যাসদেবের এই কথা কদাচ মিথ্যা হইবার নহে। এক বংসর নিরন্তর সবৎসা ধেন্ত প্রদান করিলে যে পূণ্য লাভ হয়, এই কর্ণপর্ব শ্রেবণও সেই পুণ্য হইয়া থাকে।

कर्गशक्त मण्लूर्ग ।

## ীৱজ্ঞাপন।

আসিয়াটিক, সোসাইটি তথা শ্রীযুক্ত রাজা কমলকৃষ্ণ, দেব বাহাছর ও মৃত বাবু আশুতোষ দেব মহাশয়ের পুস্তকালয়ন্থ হস্তলিখিত মূল পুস্তক দৃষ্টে এই খণ্ড সঙ্কলিত হইল।

# পুরাণসংগ্রহ।

## মহর্ষি, কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত

## মহাভার**ত**

## मना शर्व।

স্বৰ্গীয় মহাত্মা কালীপ্ৰসন্ধ সিংহ মহোদয় কুৰ্তৃক মূল সংস্কৃত হইতে বাঙ্গালা ভাষায় অনুবাদিত।

## শ্রীসত্য চরণ বস্থ কতু ক.

শ্যানপুকুব---২নং, অভয়চরণ ঘোষের লেন হইতে প্রকাশিত।

অস্টম সংস্করণ।

"ষেথানে ক্লফ, .নইথানেই ধর্মা , ষেথানে ধর্মা, সেই খানেই জন্ম।"

মহাভারত।

\_\_\_\_\_

কলিকাতা,

এল, এন্, প্রেস,—২৪ নং রাজা নবকুক্তের ষ্ট্রীট, জ্ঞীলন্ধানারায়ণ দাস দারা মুদ্রিত।

সন ১৩২১ সাল।

## ভূমিকা

পুরাণসংগ্রাহের একাদশ খণ্ডে বাররসদার শল্য পর্বের অবিকল অমুবাদ প্রচারিত হইল।
অঙ্গান্ধ কর্ণ সমরণারী, হইলে কুরুপতি, মদ্রকদেশের অধিপতি শল্যকে সেনাপতিপদে
প্রতিষ্ঠিত করেন। মহারাজ শল্য পাওবগণের মাতুল, কিন্তু কুরুক্তেত্রে গমর সজ্জিনের পূর্বে
তিনি তুর্ব্যোধনকে সাহায্য দানে অস্পাকার করিয়াছিলেন; স্কতরাং ভাগিনেরদিগের মেহ ও
আন্ধারতায় উপেকা করিয়া ক্ষত্রিয় ধর্মানুসারে স্বায় প্রতিজ্ঞা প্রতিপালনার্থ কৌরবপক্ষই
অবলম্বন করেন। মদ্ররাজ কৌরবদিশের পক্ষ হইয়া বৃদ্ধ করিয়াছিলেন বটে, কিন্তু নৈস্গিক
সেহের বশবন্তী হইয়া পাওবদিগের শতি পক্ষপাতে পরাল্পুথ ইতে পানেন নাই। কুরুপাওবের
বৃদ্ধ আরম্ভ হইলে ধর্মারাজ মৃধিষ্টির তাঁহার নিকট সাহায্য প্রাথনা করাতে তিনি কর্ণের ভেজোহাস করিব বলিয়া ধর্মারাজের সমক্ষে অস্পাকার করেন। মহারাজ শল্য মদ্ররাজ্যের রাজা
ছিলেন। অন্যাপিও ঐ দেশ ঐ নানে প্রথাত আছে।\*

মহর্ষি বেদব্যাস এই শলা পরে শল্যবধ, তর্য্যোধনের বৈপায়ন হলে প্রবেশ, বলদেবের তীর্থবাত্রা রুব্রাস্ত, ভীম ও তর্য্যোধনের সদাযুদ্ধ এবং তর্য্যোধনের উক্তঙ্গ সবিস্তর কীর্ত্তন করিয়।
গিমাছেন। যে ক্ষত্রিয়াস্তক মহাসমর ভারতভূমিরে উচ্ছিন্ন প্রায় করে, যাহাতেই হিন্দ্কলের প্রতাপস্থ্য প্রক্ষ গমনোন্থ হয়, এবং যাহা হইতেই ধরিত্রী বীরশৃষ্ট হইয়া যায়, এই শল্য পর্নেই স্থানিশ দিবসবাপী সমরের উপদংহার হইয়াছে। দেই পোরতর সমরানল অষ্টাদশ দিবসেব মধ্যে একাদশ অক্ষেহিণী সেনা ভন্নাভূত করিয়া নির্দাপিত হইলে বস্কুর্বরা নরশোণিতলোল্প নিশাচরার উপ্রবেশ পরিত্যাগ পূর্ব্বক শাস্ত মৃত্তি পরিপ্রহ্র করেন।

মহাভারতের ভূতপূর্ব পদ্যানুবাদক মৃত কাশীরাম দাস গদাপর্ব নামে স্বতন্ত্র একটা পর্ব করনা করিয়াছেন। ঐ পর্ব্বে তিনি ছর্ব্যোধনের উরুভঙ্গ ও বলদেবের তার্থযাত্রা কীর্ত্তন করিয়া গিরাছেন; কিন্তু বস্তুত উহা তাঁহার ত্রম মাত্র। গদাপর্ব্ব নামে স্বতন্ত্র একটা পর্ব্ব মূল মহাভারতে দৃষ্ট হয় না। শল্য পর্ব্বের শেবে গদাযুদ্ধ পর্বাধ্যায়েই গদাযুদ্ধ, কুরুপতির উরুভঙ্গ ও বলদেবের তার্থযাত্রা কীর্ত্তিত হইয়াছে। কাশীরাম দাস মহাভারত অঞ্বাদে প্রবৃত্ত হইয়া ভারতের গৌরব বৃদ্ধির সহিত উহার বিশৃদ্ধালতা সম্পাদন করিয়া গিরাছেন। তথাপি তাঁহারে বন্ধদেশের হিত্তিকায়ু বিলয়া স্বীকার করিতে হইবে। ছরস্ত যবন রাজাদিগের অধিকার সময়ে হিন্দুনামান্ত্রশীলন উচ্ছিন্ন প্রায় হইলে তিনি ছলোবন্দে মহাভারতের মর্মার্থ প্রচার করিয়া হিন্দুনামান্তে চিরম্মরণীয় হইয়া গিরাছেন। তাঁহার প্রসাদে সহস্র সহস্র অনভিজ্ঞ ব্যক্তি কথঞ্চিৎ ভারতের রসাস্বাদন করিতে সমর্থ হইরাছেন; এমন কি, কাশিদাসের অন্ত্র্বাদ না থাকিলে এত দিনে মহাভারতও অন্যান্য পুরাণ ও উপপুরাণের ন্যায় হিন্দুসমাজে একান্ত বিরন্ধ প্রচার হইত।

<u>সারস্বতাশ্র</u>ম

শ্ৰীকালী প্ৰদন্ধ সিংহ।

>9be 新在 |

# মহাভারতীয় শল্যপর্বের সূচিপত্র। 🔅

		6	•	
প্রকরণ	•			পৃষ্ঠা
ধৃতরাষ্ট্র বিশাপ	•••	***	•••	•
কৌরব সৈন্যের যুদ্ধযাত্র।	•••	•••	*** }	>
হুৰ্য্যোধনকে <b>আশ্বাস</b> প্ৰদান	•••	•••	* ****	>>
শল্যের দৈন্যাপত্য স্বীকার	•••	•••	•••	>>
বৃাহ নিৰ্মাণ	•••		•••	२२
मङ्ग युष	•••		.***	₹8
শरनात युक	•••		•••	৩৮
मना ও यूधिष्ठिरतत यूक्	•••		•••	8¢
मला बश	•••		•••	<b>e ?</b>
<b>শাৰ ব</b> ধ ,	• • •		•••	<b>⊌</b> ₹
কৌরব দৈন্যাপধার্ন	•••		▶.	₩8
তর্য্যোধনের পলায়ন	•••		•••	94
সুশৰ্ম বধ	,	•••	•••	৮২
শকুনি ও উলুকের বিনাশ ,	•••	••• •	•••	<b>F</b> 4
र्जाभरनत इन्थर्यन ,	•••	* * #	•••	P 9
ত্র্য্যোধনের অুরেষণ	•••	•••	•••	20%
পাণ্ডৰ কৰ্তৃক ছৰ্যোগন ভৰ্গন	• • •	• • •		. ৯٩
যুধিষ্ঠির তুর্য্যোধন সংবাদ	•••	•••	•••	, >••
ভীমসেন ছুৰ্য্যোধন সংবাদ	•••	•••	•••	> 0%
वलरमरवत्र व्यागमन	•••	***	•••	>•9
চল্লশাপোশাশান	•••		•••	220
বলদেবের তীর্থমাত্রা কথন	•••	•••	***	>>0
<u>শারত্মতোপাথ্যান</u>	•••	•••	•••	274
গদাযুদ্ধ	•••	•••	•••	১৬৭
হুর্য্যোধনের উব্ধ ভঙ্গ ,	•••	•••	***	১ ৭৩
যুধিষ্ঠির বিশাপ	•••	•••	***	59€
বলদেবের রোষাপনয়ন	***	•••		390
কৃষ্ণ পাণ্ডর সংবাদ	•••	•••	•••	ste
বাস্থদেব বাক্য	•••	*** 9	***	246
কৃষ্ণ কর্তৃক ধৃতরাষ্ট্র ও গান্ধারীর প্রবোধন	•••		•••	766
চ্ৰ্য্যোধন বিলাপ	•••	•••	•••	54%
অৰখামার সেনাপতি পদে অভিবেক	•••	•••	•••	86¢
•		,		

# মহাভারত ৷

## भना शर्व।

#### প্রথম অধ্যার।

নারায়ণ, নরোক্তম নর ও দেবী সরস্বতীরে নমস্কার করিয়া জ্বয় উচ্চারণ করিবে,।

জনমেজয় কহিলেন, হে তপোধন! এইরুর্ণি মহাবীর সূতপুত্র ধনঞ্জয়ের হস্তে নিহত হইলে অল্পমাত্রাবশিষ্ট কৌরবর্ণ কি করিলেন ? আর মহারাজ তুর্য্যোধনই বা পাণ্ডবগণের প্রভাবে আপনার প্রভূত সৈন্য বিনষ্ট নিরীক্ষণ করিয়া কি কার্য্যের অমুষ্ঠানে প্রবৃত্ত হইলেন ? হে ব্রহ্মন্ ! এই রভান্ত শ্রেণ করিত্বে আমার একান্ত কৌতূহল উপস্থিত হইয়াছে, অতএব আপনি ইহা কীর্ত্তন করন। পূর্বব পুরুষগণের বিচিত্র চরিত্র প্রবণ করিয়া আমার কিছুতেই তৃপ্তি লাভ হইতেছে না।

বৈশাপায়ন কহিলেন, মহারাজ! রাজা ছুর্য্যোধন মহারথ সূতপুজ্রের
নিধন দর্শনে শোকসাগরে একান্ত নিময় ও নিতান্ত ছুঃপত হইয়া হা কর্ণ!
হা কর্ণ! বলিয়া বারংবার বিলাপ ও পরিতাপ করত হতাবশিষ্ট ভূপালগণের সহিত অতি কফে স্থানিবিরে প্রবেশ করিলেন। তথায় ভূমিপতিরগণ
শাস্ত্রবিহিত যুক্তি অনুসারে কুরুরাজকে নিরন্তর আশাসিত করিতে লাগিলেন; কিন্তু তিনি কর্ণের নির্ধন চিন্তা করিয়া কিছুতেই হুখ লাভ্ করিতে
সমর্থ হইলেন না। পরিশেষে তিনি দৈব ও ভবিতব্যকেই বলবান্ বিবেচনা
করত সংগ্রামে কুতনিশ্চয় হইয়া মহাবীর শল্যকে সেনাপতিপদে প্রতিষ্ঠিত
করত হতাবশিষ্ট ভূপালগণের সহিত অবিলম্বে যুদ্ধার্থে গমন ক্রিলেন।
তথন কোরব ও পাণ্ডব পক্ষীয় সৈন্যগণের হুরাহ্বর সংগ্রাম সদৃশ ঘোরতর
যুদ্ধ উপন্থিত হইল। ঐ যুদ্ধে মহাবীর শল্য ভয়ঙ্কর সমরকার্য্য সমাধান ও
সসংখ্য শক্রিসেয় ক্রম করত পরিশেষে হতসৈন্য হইয়া মধ্যান্তকালে ধর্ম্ম

্রাজের হস্তে নিহত হইলেন। তখন রাজা তুর্য্যোধন বন্ধবান্ধবের নিধন দর্শনে শক্রভয়ে নিতান্ত ভীত ও সমরাঙ্গণ হইতে অপস্ত হইয়া এক ভয়ঙ্কর হুদ মধ্যে প্রবেশ ক্রিলেন। মহাবীর রুকোদর ঐ রুত্তান্ত জানিতে পারিয়া ঐ দিন অপরায় সমায় মহারথগণের সহিত সমবেত হইয়া ছুর্য্যোধনকে **আহ্বান পূর্বক হুদ হইতে উত্থাপিত ও বল প্রকাশ পূর্বক নিপাতিত** করিলেন। অনন্তর হতাবশিষ্ট কৌরব পক্ষীয় তিন জন 'মহারথ ঐ দিন রজনীযোগে রোষভরে পাঞ্চার্ল দৈন্যগণকে নিপাতিত করিলেন। পর দিন পূর্ব্বাহ্নে মহামতি সঞ্জয় শিবির হইতে আগমন করিয়া শোকাকুলিত চিত্তে তুঃখিত মনে পুর মধ্যে প্রবিষ্ঠ হইলেন। তিনি পুরপ্রবেশ পূর্বক বাত্ত্যুগল উদ্যত করিয়া দীন ভাবে কম্পিত কলেবরে গ্নতরাঞ্জের আর্বানে প্রবেশ করত হা মহারাজ ! হা মহারাজ ! রাজা তুর্য্যোধনের নিধনে আমরা সক-লেই বিনষ্ট হইলাম, বুলবান্ কালের 'কি বিষম গতি! হায়! আমাদের পক্ষ বীরগণ দেবরাজ তুল্য মহাবল পরাক্রান্ত হইয়াও পাগুবগণের হস্তে নিহত হইলেন, এই বলিয়া অনবরত রোদন করিতে লাগিলেন। তৎকালে সেই পুর মধ্যে আবালর্দ্ধ দকল লোকই সঞ্জয়কে ক্লেশে নিতান্ত, অভিভূত নিরীক্ষণ করিয়া উদ্বিগ্ন মনে হা মহারাজ ! হা মহারাজ ! বলিয়া মুক্তকঠে ক্রন্দন ও আর্দ্তনাদ পরিত্যাগ করিতে লাগিল। মহারাজ হুর্য্যোধন নিহত হইয়াছেন শ্রবণ করিয়া তত্রত্য যাবতীয় স্ত্রী পুরুষ শোকে একান্ত নিপীড়িত ও নফচিত হইয়া উন্মতপ্রায় ধাবমান হইতে আরম্ভ করিল।

হে মহারাজ ! অনন্তর সঞ্জয় শোকে নিতান্ত বিহবল হইয়া প্রজ্ঞাচকু
মহারাজ ধতরাষ্ট্রের গৃহে প্রবেশ পূর্বক তাঁহারে গান্ধারী, বিহুর এবং
অন্থান্য স্থছবর্গ, হিতানুষ্ঠান নিরত জ্ঞাতি সমুদায় ও পুত্রবধূগণ কর্তৃক পরিকৃত্য এবং কর্ণের বধানুধ্যানে নিতান্ত বিষয় নিরীক্ষণ করিকোন । তথন তিনি
বাস্পাকুল লোচনে অনতি হুন্ট মনে গদগদ বচনে বৃদ্ধ ভূপতিরে সম্খোধন
পূর্বক কহিলেন, মহারাজ ! আমি সঞ্জয়, আপনারে নমস্কার করিতেছি।
মদ্রোজ শল্য, স্থবলনন্দন শকুনি, উলুক ও কৈতব্য, ইহারা সমরাঙ্গনে শয়ন
করিয়াছেন। সংশপ্তক, শক, কাম্বোজ, ক্লেচ্ছ, পার্ব্বতীয় ব্বন, প্রাচ্য,
দাক্ষিণাত্য, উদীচা ও প্রতীচ্যগণ নিহত হইয়াছে। সমুদায় রাজা ও রাজ-

পুত্রগণ শমনসদনে আতিথ্য স্থীকার করিয়াছেন। মহাবীর ভীমদেন স্বীয় প্রতিজ্ঞামুসারে রাজা মুর্য্যোধনের বধ সাধন করিয়াছেন। কুরুরাজ এক্ষণে ভয়োক ও শোণিতরাগরঞ্জিত হইয়া ধূলিশয্যায় শ্যান রহিয়াছেন। পাগুব পক্ষীয় মহাবীর ধুষ্টগুল্ল ও নিতান্ত হুৰ্জ্জয় শিখণ্ডা, উত্তমোজা ও যুধামন্ত্য এবং প্রভদ্রেক, পাঞ্চাল ও চেদিগণ নিহত হইয়াছেন। আপনার পুত্রেরা, দ্রোপদীর পাঁচ পুত্র ও কর্ণাত্মজ ব্যসেন, শমনসদনে গমন করিয়াছেন। উভয় পক্ষীয় প্রায়ু সমুদায়ু বীর এবং যাবতীয় হস্তী, রথী ও অশ্ব সকল সমরে নিহত ও নিপতিত হইয়াছে। এক্ষণে আপনাদিগের শিবিন মধ্যে অতি অল্প মাত্র বীর অবশিষ্ট আছে। হে মহারাজ। কৌরব ও পাগুবগণ পরস্পর সংগ্রামে প্রস্তুত হওয়াতে সমস্ত জগৎ কালবশে বিমোহিত হইয়া প্রায় স্ত্রীলোক মাত্রাবশিষ্ট হইল। এক্ষণে আপনাদের উভয় পক্ষীয় অষ্টাদশ অক্ষেহিণী সেনার মধ্যে পাণ্ডবপ্দেল পঞ্চ পাণ্ডব, বাহ্নদেব ও সাত্যকি এই মাত জন এবং কৌরব পক্ষে কুপ, কৃতবর্ম। ও মধুখামা এই তিন জন মাত্র অবশিষ্ট আছেন। অন্যান্য সকলেই কালকবলে নিপতিত হইয়াছেন। হে মহারাজ ! কাল তুর্য্যোধনকে উপলক্ষ্য করিয়া সমরানল প্রজ্বলিত করত **এই সমুদা**য় জগৎ বিনষ্ট করিলেন।

হে মহারাজ জনমেজয়! রাজা ধৃতরাষ্ট্র সঞ্জয়মূথে এই কথা শ্রবণ করিবামাত্র বিচেতন হইয়া ভূতলে নিপতিত হইলেন। যশসী বিজুর এবং রাজমহিষী গান্ধারী ও অন্যান্য কৌরব মহিলাগণ সেই কঠোর বাক্য শ্রবণগোচর করিয়া ধরাতলে নিপতিত হইলেন। তথন সম্প্রারাজমণ্ডল চিত্রাপিতের ন্যায় সংজ্ঞাশূত্য হইয়া ধরাশয়্যা গ্রহণ করিলেন এবং সকলেই হা হতোশ্মি! বলিয়া বিলাপ ও পরিতাপ করিতে, লাগিলেন। শ্রবজর পুত্রবিনাশ তঃথে নিতান্ত তঃখিত মহারাজ ধৃতরাষ্ট্র অতি কফে সংজ্ঞা লাভ করিয়া দীন মনে কম্পিত কলেবরে চতুর্দ্দিক্ অবলোকন প্র্বেক বিত্ররকে কহিলেন, হে বিত্রর! আমি পুত্রহীন ও অনাথ; একণে তুমিই আমার একমাত্র আশ্রয়। এই রলিয়া ধৃতরাষ্ট্র পুনরায় জ্ঞানশূন্য হইয়া ধরাতলে নিপতিত হইলেন। তাঁহার বন্ধ্বান্ধবগণ তাঁহারে তদবন্ধাপদ্ধ অবলোকন করিয়া স্থাতল সলিল সেচন ও তালরন্ত সঞ্চালন

ষারা তাঁহার শুক্রাষা করিতে লাগিলেন। খানন্তর রাজা ধৃতরাষ্ট্র বহু বিলম্বে কিঞ্চিৎ আশ্বস্ত হইয়া তৃষ্ণীভাব অবলম্বন পূর্ব্যক কুন্ত মধ্যে নিক্ষিপ্ত ভুজক্সের ন্যায় ঘন ঘন দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করত চিন্তা করিতে লাগিলেন'। সঞ্জয় এবং যশম্বিনী গান্ধারী ও অন্যান্য নারীগণ মহীপালকে পুক্রশোকে নিতান্ত কাতর নিরীক্ষণ করিয়া রোদন করিতে আরম্ভ করিলেন।

অনস্তর রাজা ধৃতরাষ্ট্র মৃত্যুত্ত মোহে অভিভূত হইয়া বিচ্রেকে সম্বোধন পূর্বক কহিলেন, হে বিচ্র । আমার অন্তঃকরণ অতিশ্রু চঞ্চল হইয়া উঠিয়াছে, অতএব এক্ষণে গ্রেমারী ও অন্যান্য রমণী এবং বন্ধুবান্ধবগণ এ স্থান হইতে প্রস্থান করুন। তখন মহাপ্রাস্ত বিচ্র রাজার আদেশাসুসারে সেই সকল মহিলাদিগকে গমনে আদেশ করিলেন। কামিনীপণ এবং বন্ধুবান্ধব সমৃদায় মহীপালকে পুত্রশোকে নিতান্ত কাতর নিরীক্ষণ করিয়া কম্পিত কলেবরে তথা হইতে নিজ্ঞান্ত হইলেন। অনন্তর সঞ্জয় দীন নয়নে লক্ষপংজ্ঞ নৃপতিকে শোকাবেগে অন্গলি অঞ্জল বিস্ক্তন ও ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ্র করিতে দেখিয়া ক্রতাঞ্জলিপুটে মধুর বাক্যে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।

## দ্বিতীয় অধ্যায়।

বৈশৃষ্পায়ন কহিলেন,—হে মহারাজ ! কামিনীগণ প্রস্থান করিলে রাজ্ঞা ধৃতরাষ্ট্র নিতান্ত হুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন। পরে দীর্ঘ নিখাস পরিত্যাগ ও বারংবার বাছ্যুগল বিধুনন করত ক্ষণকাল চিন্তা করিয়া কহিলেন, হে সূত ! তোমার নিকট পাণ্ডবগণকে সমরাঙ্গনে নিরাপদ শ্রেবণ করিয়া নিতান্ত হুঃখিত হইলাম। আমি নিশ্চয় কহিতেছি, আমার হৃদয় বক্তু নির্মিত ; নতুবা পুত্রগণের নিধনবার্তা শ্রেবণ উহা সহস্রধা বিদীর্ণ হইত। হে সঞ্জয় ! আজি পুত্রগণের বয়ঃক্রম ও বাল্যক্রীড়া স্মরণ হওয়াতে আমার চিত্ত বিদীর্ণ হইতেছে। যদিও আমি জন্মান্ধ প্রযুক্ত তাহাদের রূপ সন্দর্শনে বঞ্চিত ছিলাম, তথাপি তাহাদিগের প্রতি আমার অপত্য স্নেহ নিতান্ত বলবান্ ছিল। তাহারা বাল্যাবন্থা অতিক্রম করিয়া যৌবনাবন্থা ও যৌবনাধন্তর প্রোঢ়াবন্থায় অধিরা হইয়াছে শ্রবণ করিয়া আমি যংপ্পরানান্তি আহলাদিত হইয়াছিলাম; কিন্তু আজি তাহাদিগকে প্রশ্বর্য বিহীন ও নিহত শ্রবণ করিয়া শোকে নিতান্ত অধীর হইতেছি, কিছুতেই

শান্তি লাভ হইতেছে না। হা পুঞ্জ ফুর্য্যোধন! এক্ষণে আমি অনাথ হই-য়াছি, একবার আমারে দর্শন প্রদান কর। তোমার অভাবে আমার কি দশা **ঘটিবে। ° ছে বৎস! ভূ**মি সমাগত নরপালগণকে প্রিত্যাগ<sup>°</sup> করিয়া কি নিমিত্ত প্রাকৃত ভূপতির তায় ভূতলে নিপতিত রহিয়াছ! তুমি জ্ঞাতি ও বন্ধুগণের অনভ অবলম্বন ছিলে, এক্ষণে এই বৃদ্ধ অন্ধ পিতারে পরিত্যাগ করিয়া কোথায় • গমন করিলে ! ছে রাজেন্দ্র ! তোমার দে ভক্তি, দে স্নেহ ও সম্মান কোখায়ু গেল! তুমি ত সমরে অপরাজিত ছিলে, তবে পাণ্ডব-গণ কিরূপে তোমারে নিহত করিল! ুহে বৎস! আমি যথা সময়ে গাতো-খান করিলে কে আর হে তাত! হে মহারাজ! হে লোকনাথ! বলিয়া বারংবার সম্বোধন পূর্বক স্লেহভরে আলিঙ্গন করিয়া অমুজ্ঞা প্রার্থনা করিবে। হে বৎস! এক্ষণে একবার সেই মধুর বাক্য প্রয়োগ কর। আমি তোমার মুখে শুনিয়াছি যে, এই সমুদায় পৃথিবীতে পাণ্ডুতনয়ের ভায় আমা-রও অধিকার আছে। তুমি বলিয়াছিলে, ভগদত্ত, রুপাচার্য্য, অবন্ধীনাথ, জয়দ্রেথ, ভূরিশ্রবা, গল, সোমদত্ত, বাহ্লিক, অশ্বত্থামা, ভোজ, নাগধ, র্হদ্বল, কাশীশ্বর, শকুনি, কাম্বোজাধিপতি স্থদক্ষিণ, ত্রিগর্তাধিপতি, পিতা-মহ ভীষা, দ্রোণাচার্ঘ্য, কুপাচার্য্য, শ্রুচার্যু, শতায়ু, জলসন্ধ, স্বাহ্ন, ঋষ্যশুঙ্গ তনয়, রাক্ষস অলায়ুধ ও অলমুষ, অভাত্ত নরপালগণ এবং শক, যবন ও মেচছগণ সকলেই আমার নিমিত্ত প্রাণপণে সমরে সমুদ্যুত হইয়াছে। আমি সেই সমস্ত বারগণ মধ্যে ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া পাণ্ডব, পাঞ্চাল, চেদিগণ এবং সাত্যকি, ভোজ, রাক্ষস ঘটোৎকচ ও দ্রৌপদীর পাঁচ পুত্রের সহিত সমরে প্রবৃত্ত হইব। তুমি বলিয়াছিলে, আমি ক্রেদ্ধ হইলে একাকীই পাণ্ডব পক্ষীয় সমস্ত বীরগণকে নিবারণ করিতে পারি, তাহাতে আবার অন্যান্য অসংখ্য বীর একত্র সমবেত ও পাশুবদিগ্নের সহিত বৈরাচরণে প্রবৃত্ত হইয়াছেন। পাশুবগণের প্রধান অবলম্বন বাস্ত্রেদৰ সংগ্রামে প্রবৃত্ত হইবেন না। অতএব নিশ্চয়ই অস্ত্রপক্ষীয় বীরগণ পাগুবপক্ষীয় বীরগণের সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে বিনাশ করিবেন; আর মহাবীর কর্ণ একাকীই আমার দহিত সমবৈত হইয়া পাগুবগণকে বিনষ্ট कतिरत । তाहा इहेरल नमल नत्रभानगणहे आमात वनवर्जी इहेरवन ।

হে সঞ্জয়! ছুর্যোধন বারংবার আমার নিকট এই সমস্ত বাক্য প্রয়োগ করাতে আমি বোধ করিয়াছিলাম, পাশুবগণ আমাদিগের বলপ্রভাবে সমরে নিহত হ'ইবে। এক্ষাে যখন আমার পুত্রগণ দেই দমস্ত বীরমণ্ডলে অবস্থিত হইয়াও বিনফ হইল, তখন আমার তুরদৃষ্ট ভিন্ন আর কি হইতে পারে। শৃগাল হস্তে সিংহ যেমন নিহত হয়, তদ্রেপ প্রবল পরাক্রম ভীম্ম শিখণ্ডীর হত্তে নিহত হইয়াছেন। সর্কাস্ত্রবিশারদ দ্রোণাচার্য্য, স্থরিপ্রেবা, সোমদত, বাহলীক, গজযুদ্ধবিশারদ ভগদত, জয়দ্রথ, স্থদক্ষিণ, জলসন্ধ, শ্রুতায়ু, অচ্যতায়ু, মহাবল পরাক্রম পাণ্ড্য, বৃহদ্বল, মগধরাজ, উগ্রায়ুধ, বিদ্ধ, অমু-বিন্ধ, ত্রিগর্ত্তাধিপতি, অসংখ্য সংশপ্তক, রাক্ষদরাজ অলমুষ ও অলায়ুধ, ঋষ্যশুঙ্গতনয়, নারায়ণী সেনাগণ, যুদ্ধতুর্মদ গোপালগণ, অসংখ্য ফ্লেচ্ছ, সসৈন্য স্থবলনন্দন শকুনি, মহাবল কৈতব্য, দর্বব অস্ত্রবিশারদ নানাদেশ সমাগত মহেন্দ্র তুল্য পরাক্রমশালী ক্ষত্রিয়গণ এবং আমার পুজ, পৌত্র, ভাতা ও বয়স্যগণ, ইঁহারা সকলেই কালকবলে নিপতিত হইয়াছেন! অতএব এ বিষয়ে হুর্ভাগ্য ভিন্ন আর কি সম্ভব হইতে পারে। মানবগণ নিশ্চরই ভাগ্য সহযোগে জন্ম গ্রহণ করিয়া থাকে; যাহার সৌভাগ্য থাকে, সে শুভ ফল প্রাপ্ত হয়। আমি নিতান্ত হতভাগ্য বলিয়াই পু<u>ত্র</u> বিহীন হইলাম। হায়! আমি কিরুপে অরাতির বশবর্তী হইয়া কাল যাপন করিব! একণে বনবাদ ভিন্ন উপায়ান্তর দেখিতেছি না। এরূপ সহায়-হীন ও বন্ধুবান্ধব বিহান হইয়া লোকালয়ে অবস্থান করা কলাপি কর্ত্তব্য নছে; বনগমনই আমার পক্ষে শ্রেয়ঃ। হায়! ছুর্য্যোধন, ছুঃশাসন, শল্য ও বিকর্ণ প্রভৃতি মহাবল পরাক্রান্ত বীরগণ নিহত হইল! ভীমদেন একাকীই আমার এক শত পুত্রকে বিনাশ করি-য়াছে। সে হুর্য্যোধনের বিনাশ জন্য বারংবার আত্মশ্লাঘা করিলে আমি কিরূপে তাহার সেই কঠোর শব্দ প্রাবণ করিব। আমি দুঃখ শোভক নিতান্ত সম্ভপ্ত হইয়াছি, আর.রুকোদরের পরুষ বাক্য প্রবণে সমর্থ হইব না।

বৈশম্পায়ন কহিলেন,—হে মহারাজ ! এইরপে পুত্রশোকাভিভূত মহারাজ ধৃতরাষ্ট্র বহুক্ষণ বিলাপ ও পরিতাপ করিয়া শক্তেক্বত পরাভব স্মরণে বারংবার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্বক পুনরায় সঞ্জয়কে জিজ্ঞানা করিলেন,

হে সঞ্জয় ! আমার পক্ষীয় বীর্নগণ ভীষা, দ্রোণ ও কর্ণকে নিহত আর্বণ করিয়া কাহারে দেনাপতিপদে প্রতিষ্ঠিত করিল। তাহারা যাহারে দেনা-পতিপদে অভিষিক্ত করে, দেই বারই অচিরকাল মধ্যে পাণ্ডবগণের হত্তে নিহত হয়। দেখ, তোমাদের এবং অন্যান্য ভূপালগণের সমক্ষে মহাবীর ধনঞ্জয় ভীষা ও সূতপুত্রকে এবং ধ্রউত্যুক্ষ ক্রোণাচার্য্যকে সমরে নিপাতিত করিয়াছে। পূর্বে সর্বব ধর্মবেভা বিহুর আমারে কহিয়াছিল যে, হুর্য্যো-ধনের অপরাধেই, সমস্ত, প্রজা ক্ষয় হইবে। তৎকালে কোন ব্যক্তিই মোহাবেশ প্রভাবে উহার সেই ঝক্য পর্য্যালোচনা করে নাই, কিন্তু ঐ মহাত্মা যাহা ক্হিয়াছিল, এক্ষণে তা্হা সত্যই হইল। যাহা হউক, এক্ষণে আমার হৈন্দিব নিবন্ধন যে জুনীতি উপস্থিত হইয়াছে, তাহার ফল পুনরায় কীর্ত্তন কর। মহাবীর কর্ণ নিপাতিত হইলে কোন্বীর দেনাপতি হইয়া-ছিল ? কোন্ রথী অৰ্জ্বন ও বাহ্ণদেবের প্রত্যুদ্ধামনে প্রবৃত্ত হইল ? মহাবীর মন্দ্রাজ সমরোদ্যত হইলে কোন্ কোন্ ব্যক্তি তাঁহার দক্ষিণ চক্র, বাম চক্র ও পূর্তদেশ রক্ষা করিয়াছিল ? মহাবল পরাক্রান্ত মদ্রেরাজ ও আমার আত্মজ হুর্য্যোধন তোমাদের সমক্ষে কিরূপে পাগুবগণের হস্তে নিহত হই-লেন ? অমুচরবর্গ সমবেত পাঞ্চালগণ, ধুস্টত্যুন্ন, শিখণ্ডী ও দ্রোপদীর পাঁচ পুত্র, ইহারাই বা কিরুপে সমরশয্যায় শয়ন করিল ? আর পঞ্চ পাণ্ডব, বাস্থদেব ও সাত্যকি এবং কুপ, কৃতবর্মা ও অশ্বথামা, ইহারাই বা কি প্রকারে মৃত্যুমুখ হইতে নিম্মুক্ত হইলেন ? হে সঞ্জয় ! তুমি সমর রুত্তান্ত বর্ণনে স্থনিপুণ, এক্ষণে কৌরব ও পাগুবগণের যেরূপে যুদ্ধ হইয়াছিল, তাহা আদ্যোপান্ত কীর্ত্তন কর।

## ভৃতীয় অধ্যায়।

সঞ্জয় কহিলেন,—মহারাজ! কৌরব ও পাণ্ডবগণ য়ূদ্ধার্থ পরস্পার মিলিত হইলে যেরূপে জনক্ষয় হইয়াছিল, আপনি অবহিত হইয়া তাহা প্রবণ করন। মহাবীর সূতপুত্র নিহত, হস্তা ও মনুষ্য সমৃদায় বিনষ্ট এবং দৈন্যগণ ট্রবারংবার পলায়িত ও পুনঃ পুন সমানিত হইলে মহাত্রা ধনপ্রয় শিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। আপনার আত্মজগণ দেই ভীষণ শেক প্রয়া নিতান্ত ভীত হইলেন। ফলত কর্ণের নিধনানন্তর কোরব

পক্ষীয় কোন বীরই সৈন্য সন্ধান বা বিক্রম প্রকাশ করিতে সমর্থ হইলেন না। .আপ্নার আত্মজগণ নিতান্ত ভীত ও শস্ত্রে ক্তবিক্ষত হইয়া অগাধ সমুদ্রে নৌকা ভগ্ন হইলে বণিকের। যেমন ভেলা লাভের অভিলাষ করে. তক্রপ দেই অপার বিপদদাগরে আশ্রয়লাভ প্রত্যাশা করিতে লাগিলেন এবং অর্দ্ধানের ভুজবলে পরাজিত হইয়া সায়াহ্নকালে ভগ্নশুক রুষভের न্যায়, শীর্ণদংষ্ট্র উরগের ন্যায়, দিংহার্দ্ধিত মুগযুথের ন্যায় পলায়ন করিতে আরম্ভ করিলেন। তাঁহাদিগের বর্ম সমুদায় ছিন্ন ভিন্ন ও শস্ত্র সকল খণ্ড খণ্ড হইয়া গেল। তৎকালে- তাঁহার। মোহে এমনই অভিভূত হইলেন যে, কোন দিকে গমন করিবেন, কিছুই নির্ণয় করিতে পারিলেন না। অন্যান্য বীরগণ ভয়ে বিহবল হইয়া দশ দিকু নিরীক্ষণ করত পরস্পার প্রহারে প্রবৃত্ত হইলেন এবং কেহ কেহ অর্জ্জুন আমারই অভিমুখে আগমন করিতেছে এবং কেহ কেহ বা রুকোদর" আমার প্রতি ধাবমান হইতেছে, এইরূপ বোধ করিয়া মানমুখে ভূতলে নিপতিত হইতে লাগিলেন। কোন মহারথ অখে, কেহ কেহ মাতঙ্গে এবং কোন কোন বীর রথে আরোহণ পূর্ব্বক ভীতমনে পদাতিগণকে পরিত্যাগ করিয়া মহাবেগে পলায়ন করিতে প্রবৃত্ত হইলেন। তখন কুঞ্জর দ্বারা রথ ভগ্ন, রথ দ্বারা সাদী নিহত ও অশ্বসমূহ দ্বারা পদাতিগণ সাতিশয় সমাহত হইল। এইরূপে তৎকা ল অপেনার পক্ষীয় বারগণ ব্যালতক্ষর সমাকীর্ণ অরণ্যমধ্যে সার্থহীন বণিকের ন্যায় প্রতীয়মান হইতে লাগিলেন। কতগুলি নাগ আরোহীবিহীন ও কতগুলি ছিমশুগু হইয়া ভীতচিত্তে চতুর্দিক্ অর্জ্জুনসয় নিরাক্ষণ করিতে লাগিল।

অনস্তর মহারাজ তুর্য্যোধন সেই দৈন্যগণকে ভীমভয়ে ভীত ও পলায়ন পরায়ণ অবলোকন করিয়া স্বীয় সার্থিরে কহিলেন, হে সূত! আমি ধকু-দ্ধারণ পূর্বক পশ্চাৎভাগে অবস্থান করিতেছি। সাগর যেমন তীরভূমি অতিক্রম করিতে পারে না, তজ্ঞপ অর্জ্জুন আমারে কদাচ অতিক্রম করিতে সমর্থ হইবে না; অতএব তুমি অবিলম্বে অশ্ব সঞ্চালন কর। আজি আমি অর্জ্জুন, বাহ্মদেব, অভিমানা ব্রকোদর এবং অবশিষ্ট শক্রদিগকে নিহত করিয়া সূত-পুজ্রের ঋণ হইতে নিম্মৃক্তি হইব। সার্থি রাজা তুর্য্যোধনের সেই শূর-জনোচিত বাক্য শ্রেবণ করিয়া স্থ্বর্ণজ্ঞাল জড়িত অশ্বগণকে সক্ষা, মন্দ সঞ্চালন করিতে লাগিল। তখন হস্তী, অঁশ ও রথহান বীর এবং পঞ্চবিংশতি সহত্র পদাতি মৃত্ভাবে ধাবমান হইল। মহাবীর ভীম ও ধ্রুটছ্যুমু ক্রোধাবিষ্ট হইয়া চতুরঙ্গ বল দাহাযের তাহাদিগকে অবরোধ করিয়া, শরনিকরে আহত করিতে লাগিলেন। তাহারাও ভীম ও ধৃষ্টত্যুদ্ধের সহিত সংখ্যামে প্রবৃত্ত ছইল এবং বারংবার ভাঁহাদিগের নাম এছণ করিতে লাগিল। তথন মহাবীর ব্লকোদর একান্ত ক্রোধাবিষ্ট হইয়া গদা হল্তে সত্তরে রথ হইতে অবতরণপূর্বক তাহাদিগের দহিত দংগ্রামে প্রব্তত হইলেন। তৎকালে তিনি অধর্ম ভয়ে রথস্থ হইয়া দেই ভূমিস্থ ব্যক্তিদিগের সহিত যুদ্ধ করিলেন না। তিনি স্বীয় ভুজবল অবলম্বন ক্রিয়া যমদণ্ড সদৃশ স্থবর্ণমণ্ডিত বিপুল গদা দ্বারা কৌরব পক্ষীয় দৈন্যগণকে সংহার করিতে লাগিলেন। তখন পদাতিগণ হতবান্ধব হইয়া বহ্নিমুখে পতনোমুখ পতঙ্গের ন্যায় প্রাণপণে ভীমের প্রতি ধাবমান হইল এবং স্কৃত সমুদায় যেমন কুতান্তকে নিরীক্ষণ ক্রিয়া বিনফ হয়, তজ্ঞপ ভীমের সমীপবন্তী হইয়া প্রাণত্যাগ করিতে লাগিল। এইরূপে মহাবার রুকোদর কথন খড়গ কথন বা গদা গ্রহণ পূর্বকে দ্মরাঙ্গণে শ্রেন পক্ষীর ন্যায় বিচরণ করত দুর্য্যোধনের সেই পঞ্-বিংশতি সহস্র সৈন্য বিনষ্ট করিয়া ফেলিলেন এবং পরিশেষে ধুফুদ্রাস্মকে পুরোবর্ত্তী করিয়া পুনরায় যুদ্ধার্থে প্রস্তুত হইয়া রহিলেন।

মহাবল পরাক্রম ধনঞ্জয় রথিগণের অভিমুখে ধাবমান হইলেন। নকুল, সহদেব ও মহারথ সাত্যকি শকুনির নিধন বাসনায় তাঁহার প্রতি ধাবমান হইয়া নিশিত শরে তাঁহার অশ্বগণকে বিনাশ পূর্বক তাঁহার অনুগয়ন করিলে তাঁহাদিগের ঘোরতর মুদ্ধ উপস্থিত হইল। ঐ সময় কৌরব পক্ষীয় বীরগণ কৃষ্ণসারথি শেতাশ্ব অর্জুনকে ত্রিলোকবিখ্যাত গাণ্ডীব শরাসন ধারণ পূর্বক রথসৈন্য মধ্যে প্রবিষ্ট হইতে দেখিয়া তাঁহারে পরিবেইন করিতে লাগিলেন। তখন রথাশ্ব্ন্য শরনিকর নিবারিত পঞ্চবিংশতি সহত্র পদাতি সৈন্য মহাবীর ধনঞ্জয়ের প্রতি ধাবমান হইল। পাঞ্চালবংশীয় মহারথগণ তদ্দর্শনে ভীমদেনকে অগ্রদর ক্রিয়া অবিলম্বে তাঁহাদিগকে বিনাশ করিলেন। অরাতিনিপাতন, মহাযশস্বী ও মহাধ্মুর্বর পাঞ্চাল তনয় ধ্রইত্বন্ধ পারাবেভসবর্ণ হয়সংযোজিত রথারোহণে সমরাঙ্গনে প্রবেশ

করিলে কৌরব পক্ষীয় বীরগণ তাঁহারে অবলোকন করিয়া ভয়ে প্রস্থান
করিতে লাগিলেন। মাজীতনয় নকুল ও সহদেব সাত্যকি সমভিব্যাহারে
লঘুহস্ত গান্ধাররাজ শকুনির অনুসরণ ক্রমে অচিরাৎ আমাদেয় দৃষ্টিপথের
বহিস্থতি হইলেন। মহাবীর চেকিতান, শিখণ্ডী ও জৌপদীয় পাঁচপুত্র
কৌরব পক্ষীয় অসংখ্য দেনা বিনাশ করিয়া শত্মধ্বনি করিতে লাগিলেন।
তখন পাণ্ডব পক্ষীয় বীরগণ কৌরব পক্ষীয় সৈন্যগণকে রণপরাদ্ম খ অবলোকন করিয়া র্ষগণ য়েমন র্ষকে পরাজয় করিয়া তাহার প্রস্থামন করে,
তজ্বপ তাহাদিগের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন। মহাবল পরাক্রান্ত
ধনঞ্জয় অবশিক্ট সৈন্যগণকে রণস্থলে অবস্থিত অবলোকন করিয়া রোষভরে
শর বর্ষণ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় রজোরাশি উত্থিত হওয়াতে
আর কিছুই লক্ষিত হইল না। সমস্ত জগৎ অন্ধকারময় ও ধরাতল শরসমাচ্ছন্ন হইলে কৌরব সৈন্যগণ ভয়ে চতুদ্ধিকে পলায়ন করিতে লাগিল।

হে মহারাজ ! এইর্ন্নপে দৈন্যগণ ছিন্নভিন্ন হইলে রাজা তুর্য্যোধন সংগ্রামে ধাবমান হইয়া দানবরাজ বলি যেমন দেবগণকে আহ্বান করিয়াছিলেন, তদ্ধেপ পাণ্ডবগণকে মাহ্বান করিতে লাগিলেন। তথন পাণ্ডবগণও সমবৈত হইয়। ক্রোধভরে নানাবিধ গস্ত্র পরিত্যাগ ও বারংবার তুর্য্যোধনকে ভর্থনা করত তাঁহার প্রতি ধাবমান হইলেন। কুরুরাজ তদর্শনে কিছুমাত্র ভীত না হইয়া স্মরে সেই শত্রুগণের প্রতি শর বর্ষণ করিতে লাগিলেন। হে মহারাজ ! ঐ সময় আমরা আপনার পুত্রের অতি আশ্চর্য্য পরাক্রম অবলোকন করিলাম। . পাণ্ডবগণ সকলে সমবেত হইয়াও তাঁহারে অতিক্রম করিতে সমর্থ হইলেন না। অনন্তর রাজা তুর্য্যোধন অনতিদুরস্থিত স্বীয় দৈন্যগণকে ক্ষত বিক্ষত ও পলায়নে কুতনিশ্চয় অবলোকন করিয়া তাহাদিগকে রণস্থলে অবস্থাপন ও তাহাদিগের হর্ষোৎপাদন করত কহিলেন, হে যোধগণ! তোমরা লোকালয় বা পর্বত মধ্যে যে কোন প্রদেশে পলায়ন করিবে, পাগুবগুণ সেই স্থানে গিয়া ভোমাদিগকে বিনাশ করিবে। তবে ভোমাদিগের পলায়নের প্রয়োজন कि ? দেখ, এক্ষণে উহাদিগের বল অতি অল্পমাত্র অবশিষ্ট এবং কৃষ্ণ ও অর্জুনের কলেবর ক্ষত বিক্ষ্ঠ হুইয়াছে। অতএব এক্ষণে যদি আমরা একত্র হইয়া এই সমরাঙ্গনে অবস্থান করি, তাহা হুইলে নিশ্চয়ই আমাদিগের

জয় লাভ হইবে। তোমরা সমর পরাশ্ব্যুথ হইয়া পলায়ন করিলে পাপাশ্বা। পাণ্ডবগণ অবৃশ্বাই তোমাদের অনুগমন করিয়া তোমাদিগকে বিনষ্ট করিবে। অতএব সেরপে প্রাণ ত্যাগ করা অপেক্ষা সমরন্থলে বিনষ্ট হওয়াই তোমাদের শ্রেয়ঃ। ক্ষত্রিয় ধর্মানুসারে সাংগ্রামিক মৃত্যুই অতীব স্থেকর। সংগ্রামে মৃত্যু হইলে মৃত্যুযন্ত্রণা ভোগ করিতে হয় না, পরলোকেও অনন্ত স্থেদস্তোগের অধিকারী হওয়া যায়। হে সমাগত ক্ষত্রিয়গণ! সংগ্রামে প্রবৃত্ত হইয়া ক্রোধাবিষ্ট হুরাত্রা ভীমসেনের বশবত্তী হওয়াও তোমাদের কর্ত্ব্যু, কিস্তু কুলাচরিত ধর্ম পরিত্যাগ করা কদাপি বিধেয় নহে। ক্ষত্রিয়ের রণস্থল হইতে পলায়ন অপেক্ষা পাপ কর্ম্ম আর কিছুই নাই এবং যুদ্ধ অপেক্ষা স্থা গমনেরও অন্য সত্পায় নাই। অন্যান্য লোকে বহু দিনে যে সমুদায় ছুর্লভ লোক লাভ করে, যোধগণ অনায়াসে অতি অল্পকণে তৎসমুদায় লাভ করিতে পারে।

হে মহারাজ ! মহারথগণ রাঁজা তুর্য্যোধনের সেই বাক্য প্রবণ ও তাঁহার প্রশংসা করিয়া শুক্তকৃত পরাজয় তুঃয় সহ্য করিতে না পারিয়া বিক্রম প্রকাশে অভিনিবেশ পূর্বক পাণ্ডবগণের প্রতি পুনরায় যুদ্ধার্থে গমন করিলেন। তথন উভয় পক্ষে দেবাস্থর সংগ্রাম সদৃশ ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। মহারাজ তুর্য্যোধন সৈন্যগণের সহিত যুধিষ্ঠিরপ্রমুখ পাণ্ডবগণের প্রতি ধাবমান হইলেন।

# চতুর্থ অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় সচ্চরিত্র কুপাচার্য্য সেই রুদ্রদেবের ক্রীড়াভূমি সদৃশ সংগ্রাম স্থলে ইতস্তত দৃষ্টিপাত করত দেখিলেন, কোন স্থানে রথ ও রথনীড় সমুদায় নিপতিত রহিয়াছে, কোন স্থলে হস্তী ও পদাতি সকল নিহত হইয়াছে এবং কোন স্থলে লোকান্তরিত ভূপতিগণের বিক্ষত অভিজ্ঞান সকল শোভা পাইতেছে। রাজা হুর্য্যোধন শোকে নিতান্ত কাতর হইয়াছেন; সৈন্যগণ পার্থের বিক্রম দর্শনে নিতান্ত উদ্বিগ্ন, ধ্যানপরায়ণ ও একান্ত ছংখিত হইয়াছে এবং মধ্যমান বল সমুদায় আর্ত্তরে চীৎকার করিতেছে। মহাত্মা কুপাচার্য্য কোরব সৈন্যের সেই রূপ হুর্দ্দশা দর্শনে ক্রোধানিই হইয়া ক্রুরাজ ছুর্য্যাধনের সন্ধিধানে গমন পূর্বক কহিলেন, হে ছুর্য্যাধন ! আমি একণে যাহা কহিতেছি, তাহা প্রবণ পূর্বক যদি অভিপ্রেত হয়, তবে

তাহার অনুষ্ঠান কর। দেখ, যুদ্ধধর্ম ব্যতিরেকে ক্ষত্রিয়গণের শ্রেয়ক্ষর পথ আর কিছুই নাই। তাহারা ঐ ধর্ম আশ্রয় করিয়া পূজ, মাতা, পিতা, স্থ্রীয়, মাতুল, সম্বন্ধী ও বান্ধবগণের সহিত যুদ্ধ করিয়া থাকে। যুদ্ধে মৃত্যু হইলে প্রমধর্ম ও যুদ্ধ হইতে পলায়ন করিলে যাহার পর নাই অধর্ম হয়। অতএব ক্ষত্রিয়গণের জীবিতার্থে পলায়ন করা নিতান্ধ দোষাবহ, সন্দেহ নাই। এক্ষণে আমি তোমারে যে কিছু হিত কথা কহিতেছি, তাহা শ্রবণ কর।

মহাবীর ভীষা, দ্রোণ, কর্ণ, জয়দ্রথ ও তোমার ভ্রাতৃগণ এবং তোমার আত্মজ লক্ষণ নিহত হইয়াছেন, স্কুতরাং এক্ষণে আমরা আর কি করিব। আমরা যে সমস্ত বীরের হস্তে যুদ্ধভার অর্পণ করিয়া নিক্ষণ্টকে রাজ্য ভোগ করিতে অভিলাষী হইয়াছিলাম, তাঁহারা কলেবর পরিত্যাগ পূর্বক ব্রহ্মবিদ্-গণের গতি লাভ করিয়াছেন। আমরাই ঐ সমুদায় ভূপতির নিধনের হেতু। এক্ষণে আমরা দেই সমস্ত গুণবান্ মহারথের বিরহে অতি দীন ভাবে অবস্থান করিতেছি। দেখুন, ভীম্ম দ্রোণ প্রভৃতি বীরগণ জীবিত থাকিতেও মহাবীর ধনপ্রায় পরাজিত হয় নাই। বাস্তদেব অর্জ্জনের চক্ষুঃস্বরূপ, স্বতরাং দেবগণও তাহারে পরাজয় করিতে সমর্থ নহে। তাহার শক্রচাপ ও বজ্রের ন্যায় প্রভা সম্পন্ন ইন্দ্রধ্বজ সদৃশ উন্নত বানর ধ্বজ অবলোকন করিয়া আমাদিগের বল সমুদায় বিচলিত হইয়াছে। এক্ষণে তাহার পাঞ্জন্য শশ্বের ধ্বনি ও গাণ্ডীব নির্ঘোষ এবং ভীমদেনের ভীষণ সিংহনাদে আমাদিগের অন্তঃ-করণে ভয় সঞ্চার হইবে। ঐ দেখ, অর্জ্জুনের গাণ্ডীব শরাসন বারংবার কম্পিত হইয়া অলাতচক্রের ন্যায় শোভা ধারণ করিতেছে এবং জলধর মধ্যন্থিত চপুলার ন্যায় চতুদ্দিকে বিরাজিত হইয়া সকলের নয়নজ্যোতি অপহরণ করিতেছে। উহার শশি কাশ সমপ্রভ তুরঙ্গমগণ বায়ুদঞ্চালিত জলধরপটলের ন্যায় কৃষ্ণ কর্ত্ব চালিত হইয়া উহারে বহন করত আকাশকে পান করিয়াই যেন মহাবেগে গমন করিতেছে। ত্তাশন যেমন অর্ণ্যমধ্যে প্রাহ্নভূত ইইয়া ত্ণরাশি দক্ষ করে, তদ্রূপ মহাবীর ধনঞ্জয় শরানলে আপনার সৈন্যগণকে নিভান্ত সন্তপ্ত করিভেছে। ঐ মহেন্দ্র সদৃশ প্রভাব সম্পন্ন महावीत मर्द्वोष्ठकृष्टेय পतिर्गाञ्चिक बिर्शिटक्रत नाग्न मामिर्गत रेमना मर्सा

প্রবিষ্ট হইয়া সৈন্যগণকে বিক্ষোভিত ও মহীপালগণকে বিত্রস্ত করত কমল-বনপ্রমাধী মাতকের ন্যায় শোভা পাইতেছে। উহার গাণ্ডীব নির্দ্বোষে আমা-দিগের বল সমুদায় সিংহগর্জ্জনভীত মুগয়ুথের ন্যায় বারংবার বিত্রোসিত হইতেছে। ঐ 'দেখ, ধকুর্দ্ধরাগ্রগণ্য বাহ্নদেব ও ধনঞ্জয় বর্দ্ম ধারণ পূর্ববক লোকমধ্যে বিরাজিত হইতেছেন। অভ সপ্তদশ দিবস হইল, এই ভয়ঙ্কর দমর দমুপস্থিত ছওয়াতে অসংখ্য লোকক্ষয় হইতেছে। তোমার দৈন্যগণ ধনপ্রয়ের প্রভাবে রায়ুসঞালিত শারদীয় জলধরপটলের ন্যায় ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে। মহাবীর ধনঞ্জয় ভাহাদিগকে মহার্পব মধ্যে বায়ু বিধুনিত নৌকার ন্যায় নিরন্তর কম্পিত করিয়াছেন। *(হ* মহারাজ! যুখন সিন্ধুরাজ জয়দ্র**ণ** অর্জুনের বাণগোচরে নিপতিত হইয়াছিলেন, তথন তোমার সূতপুত্র, অসুচর-বর্গ সমবেত দ্রোণ, হৃদিকাত্মজ এবং ভ্রাতৃগণ পরিবৃত তুঃশাসনই বা কোথায় ছিলেন ? আমি কোথায় ছিলাম ? আর তুমি স্বয়ংই বা কোথায় ছিলে ? মহাবীর ধনঞ্জয় তোমার সম্বন্ধী, ভ্রাতা, সহায় ও মাতুলগণের প্রতি বিক্রম প্রকাশ করিয়া সকলের মস্তক আক্রমণ পূর্বেক তাঁহাদের সমক্ষেই সিন্ধুরাজকে নিহত করিয়াছে। এক্ষণে আর আমরা কি করিব ? অর্জ্জুনকে পরাজয় করিতে পারে, এমন আর কেহই নাই। ঐ মহাবীরের নিকট বিবিধ দিন্য অস্ত্র বিভাষান আছে। তাহার গাণ্ডীব নির্ঘোষ আমাদিগের বলবীর্য্য বিনষ্ট করিয়া থাকে। এক্ষণে আমাদিগের দেনাপতি বিনষ্ট হওয়াতে অনিকিনী নিশানাপ্প বিরহিত নিশীথিনীর ন্যায় হতপ্রভ ও ভগ্নপাদপা শুক্ষতোয়া তটিনীর ন্যায় আকুলিত হইয়া উঠিয়াছে। অতএব হুতাশন যেমন তৃণরাশি মধ্যে প্রজ্বলিত হইয়া বিচরণ করে, তত্ত্রপ মহাবীর ধনঞ্জয় আমাদের এই সেনাপতিশুন্য দৈন্যমধ্যে স্বেচ্ছানুসারে সঞ্চরণ করিবে, সন্দেহ নাই। মহাবীর সাত্যকি ও ভীমসেনের ভীষণ বেগ পর্বত বিদারণ ও সমুদ্র শোষণ করিতে পারে। মহাবীর বৃহকাদর সভামধ্যে যে যে প্রতিজ্ঞা করিয়াছিল, তৎসমুদায় প্রায় সফল করিয়াছে এবং যাহা অবশিষ্ট আছে, তাহাও অচিরাৎ সফল করিবে। আর দেখ, ইতিপূর্বে মহাবীর সূতপুত্র সম্মুখে অবৃদ্ধান করিলেও ধনঞ্জয় নিতান্ত হর্ভেন্ত স্বীয় সৈন্য সমুদায় অনায়াসে রক্ষা করিয়াছে। হে হুর্য্যোধন! শাধু লোকের অবশ্য পরিহার্য্য, তোমরা অকারণে তাহারই অমুষ্ঠান করিয়াছ।

শলপৈঠা ।

্রাক্ত দেই সমস্ত তুক্তর্মার ফল উপস্থিত হইয়াছে। তুমি আত্মকার্য্য সংসাধনার্থ অত্ন সহকারে এই সমুদায় লোক আহরণ করিয়া একণে ইহাদের সহিত প্রাণসঙ্কটে নিপতিত হইয়ছি। অতএব তুমি আত্মরকায় যত্ন কর। আত্মাই সকলের মূল। আত্মানা থাকিলে কেংই আর বশীভূত থাকিবে না। হে মহারাজ! স্বরগুরু বুহস্পতি এইরূপ নীতি বিধান করিয়াছেন যে, লোকে শক্ত অপেকা হান বা তাহার সমান হইলে সন্ধি স্থাপন করিবে, আর শক্ত অপেক। প্রবল হইলে যুদ্ধে প্রবৃত্ত হইবে। একণে আমরা পার্ত্তবগণ অপেক। বলবিক্রমে ন্যুন হইতেছি; মত্তএব তাহাদের সহিত সন্ধি স্থাপন করাই আমাদের কর্ত্তব্য। যে ব্যক্তি শ্রেয় অরগত নহে এবং যে শ্রেয়ক্ষর কার্য্যে অনাদর প্রদর্শন করে, সে অবিলম্বেই রাজ্যভ্রম্ট হয় এবং তাহার কদাচ মঙ্গল লাভ হয় না। এক্ষণে আমরা যদি রাজা যুধিষ্ঠিরের নিকট বিনত হইয়া রাজ্য লাভ করিতে পারি, তাহা হইলে আর্মাদের মঙ্গল হইবে। মূঢ়তা বশত পাণ্ডবগণের নিকট সমরে পর।ভূত হওয়া আমাদিণের কদাপি কর্ত্তব্য হইতেছে না। হে মহারাজ! রাজা বুধিষ্ঠির অ্তিশয় দয়ালু, তিনি রাজা ধৃতরাষ্ট্র ও বাহ্নদেবের বাক্যে তোমারে অবশ্যই রাজপদে নিয়োগ করিবেন। দেখ, বাস্থদেব যাহা কহিবেন, ধর্মরাজ, অর্জ্জুন ও ভীমদেন কখন তাহা উল্লজ্জ্বন করিবেন না। হে মহারাজ। স্পৃষ্টই বোধ হইতেছে, কৃষ্ণ ধৃতরাষ্ট্রের বাক্য উল্লঙ্ঘন করিতে সমর্থ হইবেন না এবং ধর্মারাজ যুধিষ্ঠিরও ক্লফের বাক্যে অনাস্থা প্রদর্শন করিবেন না। অতএব পাণ্ডবগণের সহিত সন্ধি স্থাপন করাই তোমার কর্ত্তব্য, যুদ্ধ করা কদাপি শ্রেয়ক্ষর নহে। হে মহারাজ! আমি দানতা বা প্রাণ রক্ষার নিমিত্ত এ কথা কহিতেছি না, ইহা হিতকর বলিয়াই তোমারে কহিলাম। আমি যাহা কহিলাম, ইহা তোমার পক্ষে ভোয় কি না, তাহা তুমি গতান্ত হইগা স্মরণ করিবে। হে অস্বিকানন্দন! রুদ্ধ কুপাচার্য্য ছুর্য্যোধনকে এইরূপ কহিয়া দীর্ঘ ও উষ্ণ নিশ্বাদ পরিত্যাগ পুর্বেক বিমোহিত হইলেন।

# <sup>ূ</sup> পঞ্চম অধ্যার।

হে মহারাজ! মহাত্মা কৃপাচার্য্য এইরূপ কহিলে রাজা তুর্য্যোধন দীর্ঘ নিশাস পরিত্যাগ করত ক্ষণকাল তুঞ্জীস্তাব অবলম্বন পূর্ব্যক চিস্তা করিয়া

কহিলেন, হে আচার্য্য ! আপনি অমিতপরাক্রম পাগুবগণের দৈন্যমধ্যে প্রবিষ্ট হইয়া প্রাণপণে যুদ্ধ করিয়াছেন এবং এক্ষণেও বন্ধুজনোচিত বাক্য প্রয়োগ করিলৈন। ভাপনি যে দকল কথা কহিলেন, দে সমস্তই হৈতুগর্ভ, উৎকৃষ্ট ও হিতকর; কিন্তু মুমুর্ ব্যক্তির যেমন ঔষধে অভিরুচি হয় না, ভজ্ঞপ আপনার ঐ সকল বাক্যে আমার অভিক্লচি হইতেছে না। দেখুন, যে মহাবল নরপতিরে আমি রাজ্য হইতে নিরাকৃত করিয়াছি, যে ব্যাক্ত আমার নিকট দ্যুতক্রীফায়ু পরাজিত হইয়াছে, সে কি রূপে আমাদিগের বাক্যে বিশ্বাস করিবে। আর মহামতি বাস্থদেব যৎকালে, পাগুবগণের হিত সাধনে তৎপর হইয়া তাহাদিগের দৌত্য কার্য্য স্বীকার করিয়াছিলেন, তৎকালে আমরা তাঁহারে প্রতারণা করিয়া নিতান্ত অবিবেচকের কার্য্য করিয়াছি। এক্ষণে তিনি কি রূপে আমাদিগের বাক্য গ্রাহ্ম করিবেন। বিশেষত সভাস্থলে দ্রৌপদীর রোদন এবং পাণ্ডবদিগের রাজ্য হরণ তাঁহার নিতাস্ত অস্থ্য হটুয়াছে। হে ব্ৰহ্মন্·! পূৰ্বে কৃষ্ণ ও অৰ্জ্জুন অভিন্নাত্মা এবং পরস্পার নিতান্ত অনুরক্ত ইহা শ্রবণ করিয়াছিলাম, আজি তাহা স্বচক্ষে প্রত্যক্ষ করিলাম। মহাত্মা বাঁহ্নদৈব অভিমন্ত্যুর বিনাশ বার্ত্তা প্রবণাবধি নিতান্ত তুঃখে কাল যাপন ক্রিতেছেন। আমরা তাঁহার নিকট অপরাধী হইয়াছি। তিনি কি রূপে আমাদিগকে ক্ষমা প্রদর্শন করিবেন ? মহাবীর অর্জ্জুনও অভিমন্তার বিনাশে নিতান্ত অন্ত্র্থী হইয়া আছে, প্রার্থনা করিলে কি রূপে সে আমাদিগের হিত্ সাধনে যত্নবান হইবে ? মহাবল পরাক্রান্ত মধ্যম পাণ্ডব ভীমসেন অতি উগ্র-সভাব। বিশেষত সে ঘোরতর প্রতিজ্ঞা করিয়াছে। এক্ষণে বরং স্বয়ং বিনফ্ট . হইবে, তথাপি প্রতিজ্ঞা লঙ্মনপূর্বক শান্তি লাভ করিবে না। দমদ্ধকবচ, विष्ठ শিখণ্ডী আমাদিগের সহিত বৈরাচরণ করিয়াছে, তাহারা কি রূপে আমাদিগের হিতসাধনে যত্ন করিবে ? তুঃশাসন সভাগধ্যে সর্ববেলাক সমক্ষে একবস্ত্র। রঞ্জ-ষলা ক্রোপদীরে বিবস্তা করিয়া যে ক্লেশ প্রদান করিয়াছিল, পাগুবগণ অদ্যাপি তাহা বিষ্মৃত হয় নাই। অতএব আপনি কখনই তাহাদিগকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে সমর্থ হইবেন না। জৌপদী আমাদিগের নিকট অপমানিত ইইয়া খবধি আমাদিগের বিনাশ ও ভত্ত গণের অর্থনিদ্ধির নিমিত নিত্য স্থাপ্তিলে

শারন করত অতি কঠোর তপশ্চরণ করিতেছে। কৃষ্ণসংহাদ্ধা স্বভন্তা স্বীয় মান ম্র্যাদায় জলাঞ্জলি প্রদানপূর্যকি দাসীর ভায় নিয়ত তাহার শুশ্রাধার নিযুক্ত রহিয়াছে। হে প্রভা! এইরূপে ফ্রোপদার অপমান ও অভিমন্তার বিনাশ নিবন্ধন পাণ্ডব পক্ষীয় সকলেরই রোধানল প্রজ্বলিত হইয়া রহিয়াছে, কখনই নির্বাণ হইবে না। স্বতরাং সন্ধিন্থাপন কখনই স্থাধ্য নহে। আর দেখুন, আমি এই সাগরাম্বরা ধরিত্রী উপভোগ করিয়া এক্ষণে কি রূপে পাণ্ডব-গণের অনুত্রাহে রাজ্য ভোগ করিব। পূর্বের আমি দ্বিবাকরের ভায় সমস্ত নরপালগণের উপর তেজ প্রকাশ করিয়াছি, এক্ষণে কি রূপে দাসের ভায় যুধিতিরের অনুগমন করিব এবং কিরূপেই বা চির্কাল বিবিধ স্থভোগে কালযাপন ও বিপুল ধন দান করিয়া এক্ষণে দীন জনের সহিত দীন ভাবে

হে আচার্য্য ! এক্ষণে আপনি স্নেহ' প্রযুক্ত ঘাহা কহিলেন, আমি সেই হিতকর বাক্যে অসূয়া প্রদর্শন করিতেছি না। কিন্তু পাণ্ডবগণের সহিত সন্ধি স্থাপন করা এক্ষণে সমূচিত নহে, যুদ্ধ করাই শ্রেয়ক্ষর বোধ হইতেছে। দেখুন, আমি বহুবিধ যজ্ঞ অনুষ্ঠান, ব্রাহ্মণগণকে প্রভূত দক্ষিণা দান, বৈদাধ্যয়ন ও বিপক্ষগণের মস্তকে অবস্থান করিয়াছি। আমার সমুদায় অভিল্যিত দ্রব্যই লাভ হইয়াছে। আমার ভূত্যবর্গেরা উত্তমরূপে প্রতিপালিত হইতেছে। আমি তুঃথিত ব্যক্তিদিগের তুঃখ দূর, পররাষ্ট্র পরাজয়, স্বরাজ্ঞ্য প্রতি-পালন, বিবিধ ভোগ্যদ্রব্য উপভোগ এবং ধর্মা, অর্থ ও কামের দেবা ক্রিয়াছি। ক্ষত্রিয়ধর্ম ও পিতৃগণের ঋণজাল হইতে আমার মুক্তি লাভ হইয়াছে। অতএব পাণ্ডবগণের নিকট দল্ধি প্রার্থনা করা আমার কদাপি বিধেয় নহে। হে ব্ৰহ্মন্! এই পৃথিবীতে কিছুতেই হৃথ নাই। এই ধরা-তলে কেবল কীর্ত্তি স্থাপন করাই লোকের কর্ত্তব্য ; কিন্তু উহা যুদ্ধ ব্যতিরেকে আর কিছুতেই হইবার সম্ভাবনা নাই। ক্ষত্রিয়দিগের গৃহে মৃত্যু নিতান্ত নিন্দনীয় ও অধন্ম। ,যে ক্ষত্রিয় বিবিধ যজ্ঞানুষ্ঠান পূর্বক অরণ্যে বা সংগ্রামে কলেবর পরিত্যাগ করেন, তিনি অবশ্যই মহিমা লাভ করিয়া থাকেন। আর যে ক্ষত্রিয় জরাজীর্ণ হইয়া রোদনপরায়ণ জ্ঞাতিগণ মধ্যে দীনভাবে বিলাপ ও পরিতাপ পূর্ব্বক মানবলীলা সম্বরণ করেন, তিনি কদাপি পুরুষ মধ্যে পরিগণিত

হইতে পারেন না। অতএব আমি একণে বিবিধ বিষয়োপভোগ পরিত্যাগ পূর্ব্বক যুদ্ধ দারা দেবলোক লাভ করিতে অভিলাষ করিয়াছি। সমরে মপ-ধাল্প সত্যসন্ধ যজ্ঞানুষ্ঠায়ী শস্ত্রাবভূতপূত আর্যার্ক্ত বীর পুরুষগণের স্বর্গে গতি লাভ হইয়া থাকে। অপ্সরোগণ যুদ্ধকালে পরম কুতৃহল সহকারে তাঁহাদিগকে নিরীক্ষণ করে। পিতৃগণ সংগ্রামনিহত বীরবর্গকে হ্রদমাজে পুজিত ও অপ্সরা-দিগের সহিত আমোদ প্রমোদে অবস্থিত অবলোকন করিয়া থাকেন। একণে সমরে অপরাধার, নিহত গিতামহ ভীম্ম, আচার্য্য দ্রোণ, মহাবীর জয়দ্রথ, কর্ণ ও তুঃশাসন প্রস্থৃতি বীরগণের ও দেবগণের উৎকৃষ্ট গতি লাভ করিতে আমার একান্ত বাসনা হইয়াছে। হে আচার্য্য। উত্তমাস্ত্রবেত্তা অবনিপালগণ আমার নিমিত্ত যুদ্ধে দম্ভত, শরনিকরে কত বিক্ষত ও নিহত হইয়া শোণিতলিপ্ত কলেবরে সমর শ্যাায় শ্যান রহিয়াছেন। ঐ সমুদায় মহাবার ইন্দ্রসভায় গমন করত দেবলোকে গমনের পথ প্রস্তুত করিয়া দিয়াছেন। সদগতি লাভার্থী মহা-ৰেগে গমনোজত বীরবর্গে পুনর্কার উহা নিতান্ত তুর্গম হইয়া উঠিবে। একণে যে সকল বীরেরা আমার নিমিত্ত নিহত হইয়াছেন, তাঁহাদিগকে কৃতজ্ঞত। প্রদর্শন ও তাঁহাদের ঋণজাল হইতে মুক্তি লাভ করিতে আমার নিতান্ত বাসনা হইতেছে ; রাজ্যে কিছুতেই মনোনিবেশ হইতেছে না। যদি এক্ষণে আমি বয়স্থ ও ভাতৃগণ এবং পিতামহকে মৃত্যুমুখে নিপাতিত করিয়া আপনার জীবিত রক্ষা করি, তাহা হইলে লোকে নিশ্চয়ই আমার নিন্দা করিবে। হে আচাৰ্য্য ! এক্ষণে আমি বন্ধু বান্ধব বিহীন হইয়া ধর্মরাজ যুধিষ্ঠিরকে প্রণিপাত পুর্বক রাজ্য লাভ করিলে উহা কিরূপে আমার প্রীতিকর হইবে। দেখুন, আমা হইতে সমুদায় জগতের পরভিব হইয়াছে, অতএব একণে ধর্মাকুসারে সমরকার্য্য সমাধান পূর্বক স্ফর্গ লাভ করাই আমার শ্রেয় বোধ হইতেছে। রাজ্য লাভে কোনক্রমেই অভিরুচি হইতেছে না।

হে॰ মহারাজ অম্বিকানন্দন ! কুরুরাজ তুর্য্যোধন এই কথা কহিলে ক্ষত্তিয়গণ সাধু সাধু বলিয়া বারংবার তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। তৎকালে পরাজয়ের নিমিত্ত তাঁহাদিগের মনোমধ্যে কিছুমাত্র অনুতাপ উপস্থিত হইল না। প্রত্যুত তাঁহারা বিক্রম প্রকাশে স্থিরনিশ্চয় হইয়া যুদ্ধার্থ প্রস্তুত ইলেন। অনস্তর কৌরবগণ স্থাগণের প্রমাপনোদন করিয়া সংগ্রাম স্থলের

ঈষদূন দ্বিয়োজন অন্তরে অবস্থান করিতে লাগিলেন এবং হিমাচলের প্রস্থানেশ অরুণবর্ণ স্রোতস্বতী সরস্বতী সন্দর্শন করিয়া উহার জলে অবগাহন ও উহার জল পান করিলেন। হে মহারাজ। এইরূপে ক্ষত্রিয়গণ রাজা তুর্য্যোধনের বাক্যে উত্তেজিত ও কালপ্রেরিত হইয়া তথায় অবস্থান করিতে লাগিলেন।

## ু ষষ্ঠ অধ্যায়।

হে মহারাজ! এইরূপে মহারথ শল্য, চিত্রসেন, শকুনি, অশ্বত্থামা, কুপাচার্য্য, কুতবর্মা, স্থযেণ, অরিষ্টদেন, মৃতদেন ও জয়ৎদেন প্রস্থৃতি যুদ্ধ-বিশারদ নরপালগণ সকলে সমবেত হইয়া হিমালয়প্রস্থে সেই রজনী অতি-বাহিত করিলেন। জয়শীল পাগুবগণ কর্ত্তক মহাবীর কর্ণ নিহত হওয়াতে আপনার পুত্রগণ নিতান্ত ভীত হইয়া হিমালয় পর্বত ভিন্ন আর কুত্রাপি শান্তি লাভে সমর্থ হইলেন না। তৎকালে তাঁহার। সকলে একত্র হইয়া শল্য-সমক্ষে তুর্য্যোধনকে সম্বোধন করিয়া কথিলেন,—হে মহারাজ ! আপনি এক জনকে দেনাপতি পদে অভিষিক্ত করিয়া শত্রুগণের সহিত সমরে প্রব্রত্ত হউন। তাহা হইলে আমরা সেই সেনাপতি কর্ত্তক রক্ষিত হইয়া সমরে শত্রুগণকে পরাজিত করিব। তখন রাজা দুর্য্যোধন রথ হইতে অবতীর্ণ না হইয়।ই সর্ব্ব-যুদ্ধবিশারদ প্রচছন্নমস্তক কম্বুগ্রীব মহারথ অশ্বত্থামার সমীপে সমুপস্থিত হই-শেন। মহাবীর দ্রোণপুত্রের লোচনদ্বয় বিক্ষিত পদ্মপত্রের ন্যায়, আস্তদেশ ব্যান্ডের স্থায়, গাত্র মেরুপর্বতের স্থায় এবং কল্প, নেত্র, গতি ও কণ্ঠস্বর মহাদেবের ব্যভের স্থায়। তাঁহার বাস্ত্যুগল পুষ্ট ও আয়ত এবং বক্ষঃস্থল দৃঢ় ও বিশাল। তিনি গরুড় ও বায়ুর স্থায় বল ও বেগশালী এবং তেজে দিবাকর, বুদ্ধিতে শুক্রাচার্য্য ও রূপে স্র্ধাকর সদৃশ। তাঁহার উরুদেশ, কটিদেশ ও জঞ্চা অতি স্ববৃদ্ধ। পাদ, অঙ্গুলি ও নথর অতি মনোহর। বোধ হয়, যেন বিধাতা গুণগ্রাম বারংবার স্মরণ করত অতি যত্ন সহকারে তাঁহারে নির্মাণ করিয়াছেন। তাঁহার কিছুমাত্র অঙ্গবৈলক্ষণ্য নাই। তিনি সকল কার্ষ্যে দক্ষ এবং বিদ্যার সাগর। তিনি বলপূর্বক অরাতিগণকে পরাজয় করিতে পারেন, কিন্তু শত্তপণ কদাচ তাঁহারে জয় করিতে সমর্থ নহে। তিনি দশ অঙ্গ ও চতুষ্পাদযুক্ত অস্ত্রবিদ্যা এবং চারি বেদ, উপবেদ ও আখ্যান বিশেষরূপ অবগত আছেন। অযোনিজ মহাতপা দ্রোণাচার্য্য অতি কঠোর তপশ্চরণ পূর্বক মহাদেবের আরাধনা করিয়া অযোনিজার গর্ভে তাঁহার উৎপত্তি দাধন করিয়াছেন। তিনি অমুতকর্মা ও অলৌকিক রূপ সম্পন্ন। রাজা চুর্য্যোধন দেই অরাতিনিপাতন দ্রোণপুজের সমীপে সমুপন্থিত হইয়া কহিলেন, হে গুরুপুজ্র। আজি অপনিই আমাদিগের অন্যাগতি: অত্ত্রব কাহারে সেনাপতিপদে অভিষক্ত করিব, আদেশ করুন।

মহাবীর অশ্বত্থামা তুর্য্যোধনের বাক্য প্রবণ করিয়া কহিলেন,—হে মহারাজ! মন্ট্রাধিপতি শল্য বলবীর্য্য, প্রী ও যশ প্রভৃতি অশেষ গুণ সম্পন্ন এবং সৎকূল সম্ভূত; জ্বত্রব ঐ কার্ত্তিকেয় সদৃশ প্রভাবশালী মহাবীরই আমাদিগের সেনাপতিপদে অভিষিক্ত হউন। ঐ ক্বত্তর মহাত্ম। স্বীয় ভাগিনেয়-গণকে পরিত্যাগ করিয়া আমাদিগের নিকট উপস্থিত হইয়াছেন। দেবগণ কার্ত্তিকেয়কে সেনাপতি করিয়া যেমন জয় লাভ করিয়াছিলেন, তদ্ধপ আমরাও ইহারে সেনাপতিপদে অভিষক্ত করিয়া জয় লাভে সমর্থ হইব।

হে মহারাজ! আচার্যাতনয় এই কথা কহিলে সমুদায় মহারথ শল্যকে পরিবেউন করিয়া জয়ধ্বনি করত যুদ্ধার্থে উৎস্কক হইলেন। ঐ সময় রাজা ছুর্যোধন রথ হইতে ভূতলে অবতীর্ণ হইয়া কুতাঞ্জলিপুটে ভীম্ম দ্রোণ সদৃশ সমরপারদশী রথস্থিত মহাবীর শল্যকে কহিলেন, হে মিত্রবৎসল! যে সময় বিদ্ধান ব্যক্তিরা মিত্র ও অমিত্রের পরীক্ষা করিয়া থাকেন, এক্ষণে সেই সময় সমুপস্থিত হইয়াছে। আপনি আমাদিগের বন্ধু; অতএব এক্ষণে সেনাপতিপদে অভিষিক্ত হউন। আপনি সমরাঙ্গনে অবতীর্ণ হইলে পাণ্ডব ও পাঞ্চালগ়ণ অমাত্যগণের সহিত সময়ে নিক্রৎসাহ হইবে।

শল্য কহিলেন,—হে কুরুরাজ ! তুমি আমারে যাহা অনুমতি করিতেছ, 'আমি তাহাই করিব। আমার রাজ্য, ধন, প্রাণ প্রভাত যা কিছু আছে, তৎ-সমুদায়ই তোমার প্রিয় কার্য্য সাধনার্থ নিবেশিত হইবে। তথম হুর্য্যোধন কহিলেন, হে মাতুল ! আমি আপনারে সেনাপতিপদে বরণ করিতেছি। কার্ত্তি-কেয় ফোন সমরাঙ্গনে দেবগণকে রক্ষা করিয়াছিলেন, তদ্ধপ আপনিও আমা-দিগের রক্ষায় প্রস্তু হউন এবং দেবরাজ ইন্দ্র যেমন দানবগণকে বিনাশ করিয়াছিলেন, আপনিও তদ্ধপ শক্ত্রগণকে বিনাশ করুন।

#### সপ্তম অধ্যায়।

হে মহারাজ ! এবল প্রতাপশালী মদ্ররাজ রাজা ছুর্য্যোধনের এইরূপ

বাক্য শ্রবণ করিয়া তাঁহারে কহিলেন, হে মহারাজ! আমি যাহা কহিতেছি, তুমি তাহা অবহিত হইয়া শ্রবণ কর। তুমি ধনপ্তয় ও বাহ্মদেবকে রথি-প্রধান জ্ঞান কর, কিন্তু উহারা আমার তুল্য ভুজবীর্য্য সম্পন্ন নহে। পাগুবগণের কথা দূরে থাকুক, স্থরাস্তর মনুষ্য সমবেত সমস্ত পৃথিবী যুদ্ধার্থ উদ্যত হইলেও আমি ক্রোধাবিষ্ট হইয়া অনায়াসেই উহার বিপক্ষে যুদ্ধ করিতে পারি। এক্ষণে আমি তোমার সেনাপতি হইয়া বিপক্ষ-গণের নিতান্ত তুর্ভেদ্য বৃহহ রচনা এবং সমাগত সমস্ত সোমক ও পাগুবদিগকে পরাজয় করিব, সন্দেহ নাই।

হে মহারাজ ! রাজা তুর্য্যোধন মন্দ্রবাজের এইরূপ বাক্য শ্রেবণ করিয়া হাষ্ট মনে শাস্ত্রদৃষ্ট বিধি অনুসারে তাঁহারে সেনাপতিপদে অভিষেক করিলেন। তখন বীরগণ সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন এবং সৈত্যগণ মধ্যে বিবিধ বাদিত্র বাদিত হইতে লাগিল। মহারথ মন্দ্রকগণ ও অত্যাত্য যোধ সম্দায় হৃষ্টান্তঃকরণে সেনাপতি শল্যের তুষ্টি সম্পাদনপূর্বক কহিলেন, হে মহারাজ! আপনি চিরজীবী হউন। সমাগত শক্রগণ আপনার নিকট পরাজয় হউক এবং মহাবল পরাক্রান্ত ধার্ত্ররাষ্ট্রগণ আপনার বাহুবলে শক্রগণের বিনাশ মাধনপূর্বক সমগ্র পৃথিবী শাসন করুন। মর্ত্র্য ধর্ম্মাবলম্বী সোমক ও স্ক্রয়গণের কথা দূরে থাকুক, আপনি হুরাহ্রয়দিগকেও সমর্বে পরাজয় করিতে সমর্ধ।

হে মহারাজ ! মদ্রাধিপতি শল্য এইরূপে সংস্তৃত হইয়া তুর্বলের নিতান্ত তুর্ল ভ হর্ব লাভ পূর্বক তুর্ব্যোধনকে কহিলেন, হে কুরুরাজ ! আজি আমি হয় পাণ্ডব ও পাঞ্চালদিগকে বিনাশ, না হয় স্বয়ং তাহাদিগের হস্তে নিহত হইয়া দেনলোকে গমন করিব। আজি দকলে রণহলে আমারে নিতান্ত নিত্তীকের স্থায় বিচরণ করিতে নিরীক্ষণ করুক। পাণ্ডব, পাঞ্চাল, চেদি, দিদ্ধ, চারণ ও প্রভক্তকগণ এবং বাহ্মদেব, সাত্যকি, দ্রৌপদীর পঞ্চ পুত্র, ধৃষ্টত্যন্ত্র ও শিথণ্ডী আমার অতুল বিক্রম, ভুজবীর্য্য, হস্তলাঘ্ব, অস্ত্র সম্পত্তি ও কাম্মুক্রকল অবলোকন করুন এবং পাণ্ডব পক্ষীয় মহারথগণ আমার বিক্রম নিরীক্ষণ পূর্বক প্রতীকার করিবার আশায়ে নানা প্রকার কার্য্যের মুক্তানে প্রস্তৃত্ব হউক। হে মহারাজ ! আজি আমি তোমার প্রিয় কার্য্য

সংসাধনার্থ দ্রোণ, ভীম ও সূতপুত্র অপেক্ষা সমধিক বল বীর্ঘ্য প্রদর্শন করিয়া। রণস্থলে সঞ্চরণ করিব।

হে মহারাজ ! এইরপে রাজা তার্য্যাধন মন্তর্জ্বেক সেনাপতিপদে অভিষিক্ত করিলে সকলেরই কর্ণাবনাশজনিত তঃগ অপনীত চইল। সৈত্য-গণ একান্ত পুলকিত হইয়া পাণ্ডবাদগকে মন্তরাজের বশীভূত ও নিহত বলিয়া স্থির করিল এবং পরম স্থা সচ্ছন্দে নিদ্রাস্থ্য অনুভব করত সেই রজনী অতিবাহিত্ব করিয়া পূর্ববিৎ স্থিরচিত্ত হইল।

হে মহারাজ ! এ দিকে রাজা যুধিষ্ঠির • কৌরব পক্ষায় দৈন্যগণের দেই কোলাহল শব্দ প্রবণ করিয়া সমস্ত ক্ষত্তিয়ের সমক্ষে ক্ষণ্ডকে কহিলেন, হে মাধব ! রাজা তুর্যোধন মহাধক্ষির মদ্রাধিশতি শল্যকে দেনা শতিপদে অভি-যিক্ত করিয়াছে। তুমিও আমাদিগের সেনাপতি ও রক্ষাকর্তা। এক্ষণে বিবেচনা পূর্বকি যাহা কর্ত্তব্য হয়, স্থির কর।

তথন মহামতি 'বাস্থদেব কহিলেন,—হে মহারাজ! গামি মহাত্মা মদ্র-রাজকে বিশেষরূপ অবগত আছি। ঐ বার বিপুল বলশালী, মছাতেজস্বী, বিচিত্র যোদ্ধা ও ক্ষিপ্রহস্ত। আমান বোধ হয়, উনি মহাবার ভীমা, দ্রোণ ও কর্ণের সদৃশ বা তাহাদের অপেক্ষা সমধিক রণবিশারদ। উঁহার তুল্য যোদ্ধা আর কাহারেও লক্ষিত হয় না। উনি শিখণ্ডী, অর্জ্জ্ন, ভীম, সাত্যকি ও ধ্রষ্ট-ত্ত্যাম্ন অপেকা অধিক বলশালী এবং হস্তা ও দিংহের ভাষ বিক্রোন্ত। উনি যুদ্ধ-কালে নির্ভীক চিত্তে ক্রন্ধ কুতান্তের মায় সমরাঙ্গনে বিচরণ করিবেন। হে কুরুনন্দন! আজি এই ত্রিলোক মধ্যে আপনি ভিন্ন উঁহার সহিত যুদ্ধ-বা উঁহারে বিনাশ করিতে পারে, এমন আর কাহারেও দেখিতেছি না। হে মহা-রাজ! মন্ত্রাধিপতি দিন দিন-আপনার বল সমুদায় বিক্ষোভিত করিতেছেন; অতএব পুরন্দর যেমন শম্বরাস্থর ও নমুচিবে বিনাশ করিঘাছিলেন, তজাপ আপনি উহারে বিনাশ করুন। তুর্য্যোধন উহারে অজেয় বিবেচনা করিয়া দেনাপতিপদে অভিধিক্ত করিয়াছে। ঐ মহাবীর নিহত হইলে নিশ্চয়ই সমু-দায় কৌরব সৈতা বিনাশ ও অপেনার জয় লাভ চইবে। হে মহাত্মন্। মাতুল বলিয়া মন্তরাজ্ঞকে দয়া করিবার প্রয়োজন নাই। স্থাপনি ক্ষাত্ত ধর্মাকুসারে উঁহার প্রভ্যাদগমন করিয়া উঁহারে বিনাশ করুন। ভাষা, ফ্রোণ ও কর্ণরূপ

্মহাসমুক্ত সমুক্তীর্ণ হইয়া একণে শল্যরূপ গোষ্পাদে নিমগ্ন হইবেন না। আপনার যে তপোবল ও ক্ষাত্র বীর্য্য আছে, একণে সমরাঙ্গনে তৎসমুদায় প্রদর্শন করুন।

হে মহারাজ! অরাতিপাতন বাস্থদেব ধর্মরাজকে এই কথা বলিয়া পাশুবগণের নিকট সম্মান লাভপূর্বক স্বীয় শিবিরে প্রস্থান করিলেন। তথন ধর্মরাজ যুখিন্ঠিরও স্বীয় আতৃগণ এবং পাঞ্চাল ও সোমকদিগকে বিশ্রামার্থ বিদায় করিয়া গপেতশল্য কুঞ্জরের ন্যায় স্থথে শয়ান হইয়া নিদ্রাস্থথ অমুভব করিতে লাগিলেন। মহাধমুর্দ্ধর পাঞ্চাল ও পাশুবগণ সূতপুত্তের বিনাশে মহা আহলাদিত হইয়া নিদ্রিত হইলেন। পাশুব পক্ষীয় সৈত্যগণও সূতপুত্তের নিধনে জয় লাভ করিয়া মহা আহলাদে সেই রজনা অতিবাহিত করিল।

#### ञ्चेत्र ञधात्र ।

হে মহারাজ! রজনী প্রভাত হইলে রাজা তুর্যোধন আপনার সৈন্যগণকে বর্ম্ম ধারণ করিতে অনুমতি করিলেন। দৈন্যগণ রাজার আদেশ লাভ করিবানাত্র বর্ম্ম ধারণ করিতে লাগিল। কেহ কেহ অবিলম্বে রথে অশ্ব যোজনা করিল; কেহ কেহ দ্রুতবেগে ধাবমান হইল; কেহ কেহ মাতঙ্গ সকলকে স্থাজ্জত করিয়া দিল এবং সহস্র লোক রথ সমুদায়ে আস্তরণ বিস্তীর্ণ করিতে লাগিল। ঐ সমর সৈত্য ও যোধগণের সমরোৎদাহ উদ্দীপনার্থ নানা-বিধ বাদ্যধ্বনি প্রাত্তর্ভুক্ত হইল।

অনস্তর মহারথগণ সৈত্যগণকে সমদ্ধ নিরীক্ষণ করিয়া তাহাদিগকে বিভক্ত ও পৃথক্ পৃথক্ অবস্থাপিত করিলেন। মহাবীর শল্য সেনাপতি হই-লেন। তথন মহারথ কপ, কতবর্দ্মা, অশ্বত্থামা, শল্য, শকুনি ও অত্যাত্য পার্থিব-গণ রাজা হুর্য্যোধনের সহিত সমবেত হইয়া নিয়ম সংস্থাপন করিলেন যে, এক ব্যক্তি কদাচ পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিবে না। যে একাকী পাশুব-দিগের সহিত যুদ্ধ করিবে এবং যে ব্যক্তি কোন পাণ্ডবকে যুদ্ধ করিতে দেখিয়া পরিত্যাগ করিবে, তাহারে পঞ্চ পাতক ও উপপাতকে লিপ্ত হইতে হইবে। আর আমরা সকলে মিলিত হইয়া পরস্পারের রক্ষা বিষয়ে সবিশেষ যদ্ধ করত যুদ্ধ করিব। হে মহারাজ। কৌরব পক্ষীয় বীরগণ এই রূপ নিয়ম স্থাপন পূর্বক মন্দ্রাজকে পুরোবর্ত্তা করিয়া সন্থরে বিপক্ষগণের প্রতি ধাবমান হইলেন। তথন পাশ্তবেরাও ব্যুহ রচনা করিয়া সেই ক্ষুভিত মহাসাগ্রের তায়

ভূমুল কোলাহল সম্পন্ন রথকুঞ্জর বহুল সৈন্যগণের সহিত যুদ্ধ করিবার অভি-লাষে চারি দিক্ হইতে কৌরবগণের অভিমুখে আগমন করিতে লাগিলেন।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে দঞ্জয় ! মহাবল দ্রোণ, ভাষা, সূতপুত্র, ইহাদিগের বিনাশ র্ভান্ত শ্রবণ করিয়াছি, এক্ষণে মদ্ররাজ শল্য ও আমার আত্মজ হুর্য্যো-ধনের নিধন র্ত্তান্ত কীর্ত্তন কর । শল্য ধর্মারাজ যুধিষ্ঠিরের হস্তে এবং আমার পুত্র হুর্য্যোধন ভীমের হস্তে কিরুপে নিহত হইল ।

সঞ্জয় কহিলেন,—মুহারাজ! আমি মনুষা, অশ ও করিনিকরক্ষয়কর ঘোরতর সংগ্রামন্তান্ত কীর্ত্তন করিতেছি, আপনি অবহিত হইয়া প্রবণ করুন। হে মহারাজ! দ্রোণ, ভীমা ও সূতপুত্র নিপাতিত হইলেও ঐ সময় আপনার পুত্রগণের অন্তঃকরণে এই বলবতী আশার সঞ্চার হইয়াছিল যে, মদ্রাজ শল্য অনায়াসে পাণ্ডবদিগকে সমরে পরাজিত করিবেন। মহারাজ ছর্য্যোধন ঐ আশায় আশাদিত হইয়া মদ্রাজ শল্যকে আশ্রয় করত আপনারে সনাথ বলিয়া বিবেচনা করিলেন।

হে মহারাজ! সূতপুল নিহত হওয়াতে পাণ্ডবগণ দিংহনাদ পরিত্যাগ করিলে উহা জাবণে আপনার পুল্রগণের অন্তঃকরণে ভয় সঞ্চার হইয়াছিল; এক্ষণে মদ্ররাজ তাঁহাদিগকে আখাদ প্রদান করিয়া অতি সমৃদ্ধ দর্শবিতাভদ্রে ব্যুহ নির্মান করিলেন এবং স্বয়ং এক স্কুসচ্জিত রণে আরোহণপূর্ণক ভারসহ বেগশালী শরাসনে অনববত টঙ্কার প্রদান করত পাণ্ডবগণের প্রতি গম্ন করিতে লাগিলেন। তাঁহার সার্থি রথারাত হইয়া রথের অপূর্ণ্ব শোভা বিস্তার করিল। প্রবল প্রতাপশালী বর্মধারী মদ্রাজ আপনার আত্মজগণের ভয় অপনোদনপূর্ণক মদ্রদেশীয় বীরবর্গ ও নিতান্ত তুর্জ্জয় কর্ণাত্মজগণের সহিত ব্যুহের মুথে অবস্থান করিলেন। কৌরবগণ পরিরক্ষিত মহারাজ হুর্য্যোধন ব্যুহের মধ্যভাগে, ত্রিগর্ত্তগণ পরির্ত কৃতবর্ম্মা উহার বাম পার্মে, শক যবন পরিবেন্তিত কৃপাচার্য্য দক্ষিণ পার্ম্বত কৃতবর্ম্মা উহার বাম পার্মে, শক যবন পরিবেন্তিত কৃপাচার্য্য দক্ষিণ পার্মে এবং কাম্বোজ্ঞগণ সমবেত মহাবীর অশ্বর্থামা উহার পৃষ্ঠদেশে অবন্ধিত হইলেন। মহাবীর শকুনি, ও কৈতব্য অশ্ব সৈত্য পরির্ত্ত হইয়া বহুল বল সমভিব্যাহারে পাণ্ডবণ্ণের অভিমুখে গমন করিলেন।

হে মহারাজ ! তখন পাণ্ডবগণও ব্যুহ রচনা করত তিন ভাগে বিভক্ত হইয়া আপনার সৈন্দুগণের প্রতি ধাবমান হইলেন। মহাবীর ধ্**ফীহান্ন, শি**খণ্ডা ও সাত্যকি মহারথ শল্যের সৈন্যগণের প্রতি ক্রতবেগে গমন করিতে লাগিলনে। ধর্মারাজ যুধিষ্ঠির জিঘাংসা পরবশ হইয়া স্বীয় সৈন্যগণের সহিত মহাবীর শল্যের প্রতি, প্রবল প্রতাপশালী অর্জ্জ্বন মহাবেগে কৃতবর্মা ও সংশপ্তক-গণের প্রতি, মহাবার রকোদর ও সোমকগণ শক্তগণের বিনাশ সাধন বাসনায় কৃপাচার্যের প্রতি এবং মাদ্রীতনয় নকুল ও সহদেব সসৈন্যে মহারথ শকুনি ও উলুকের প্রতি ধাবমান হইলেন। এই রূপে পাগুবগণ কৌরবগণকে আক্রমণ করিতে সমৃদ্যত হইলে কৌরব পক্ষীয় অসংখ্য মহারৎ বিবিধ আয়ুধ ধারণ পূর্বক ক্রোধভরে ক্রতবেগে তাঁহাদিগের প্রতি গমন করিতে লাগিলেন।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে দঞ্জয়। মহাধনুর্দ্ধর ভীষ্ম, দ্রোণ ও কর্ণের নিধনানন্তর অল্লাবশিষ্ট কৌরব ও ক্রোধাবিষ্টচিত্ত মহাবল পরাক্রান্ত পাণ্ডব-গণের কি পরিমাণে দৈন্য অবশিষ্ট ছিল ?

সঞ্জয় কহিলেন,—মহারাজ! যেরূপে আমাদিগের সহিত পাশুবগণের যুদ্ধ হইল এবং যে পরিমাণে দৈন্য অবশিক্ট ছিল, তাহা সমস্তই নিবেদন করিতেছি, শ্রেবণ করুন। কৌরব সৈন্যমধ্যে একাদশ সহস্র রথ, দশ সহস্র সাত শত হস্তী, তুই লক্ষ অশ্ব ও তিন কোটি পদাতি এবং পাশুব সৈন্য মধ্যে ছয় সহস্র রথ, ছয় সহস্র হস্তী, দশ সহস্র অশ্ব ও এক কোটি পদাতিমাত্র অবশিক্ট ছিল। আপনার সেই সমুদায় সৈন্য মন্তাধিপতির আদেশানুসারে রীতিমত্ত বিভক্ত হইয়া জয় লাভার্থ ক্রোধভরে পাশুবগণের প্রতি গমন করিল। তথন জয়োল্লাসিত যশস্বী মহাবল পরাক্রান্ত পাশুব ও পাশুশেগণ ও কৌরব সৈন্যগণের প্রতি ধাবমান হইলেন। হে মহারাজ! এইরূপে সেই প্রভাত সময়ে কৌরব ও পাশুবগণ পরস্পার বধার্থী হইয়া ধাবমান হইলে উভয় পক্ষে ঘোরতর যুদ্ধ সমুপস্থিত হইল।

#### নবম অধ্যার।

হে মহারাজ ! এইরপে উভয় পক্ষে দেবাস্থর সংগ্রাম তুল্য ভয়ানক যুদ্ধ উপস্থিত হুইলে সহস্র সহস্র পরাক্রান্ত হস্তা, অশ্ব, রথ ও পদাতি পরস্পার মিলিত হুইতে লাগিল। ধাবেমান ভীষণাকার মাতঙ্গগণের বংছিতধ্বনি বর্ষাকালীন জলদপটলের গভীর গর্জনের স্থায় শ্রুছতিগোচর হুইল। কোন কোন রথী ধাবমান মদোশত কুঞ্জরগণের আঘাতে রথের সহিত ভূতলে নিপ-

তিত হইয়া বেগৈ পলায়ন করিতে লাগিলেন। অশ্ব সকল ও পাদরক্ষকর্গণ স্থানিকত রথিগণের শরাঘাতে পরলোক প্রস্থান করিল। স্থানিকত অখা-রোহিগণ মহারথগণকে পরিবেষ্টন করিয়া প্রাস, শক্তি ও ঋষ্টির আঘাত করত ভ্রমণ করিতে লাগিল। ধনুদ্ধারী বীর সকল সমবেত হইয়া মহারথগণকে পরিবেস্টন পূর্বিক এক এক জনকে শসনভবনে প্রেরণ করিতে লাগিলেন মহারথগণ ধাবমান মাতঙ্গকে পরিবেষ্টন করিয়া বিনাশ করিলেন। কুঞ্জরগণ ও ক্রোধাবিক্ট অসংখ্য শর্ব্ধী রথিবরকে পরিবেক্টন পূর্ব্বক বিনাশ করিতে হস্ত্যারোহী হস্ত্যারোহারে ও রথী রথীরে আক্রমণ পূর্বক শক্তি, তোমর ও নারাচ দ্বারা নিহত করিতে আরম্ভ করিল। হস্তী, অশ্ব ও রথ সমুদায় পদাতিগণকে বিমৰ্দ্দিত করাতে সমরস্থল অতি সমাকুল হইয়া উঠিল। চামর বিরাজিত অখগণ হিমালয় প্রস্থান্তত হংস সমুদায়ের ন্যায় ধাবমান হওয়াতে বোধ হইতে লাগিল যেন উহারা বস্তব্ধরা গ্রাদ করিতে উদ্যত হইয়াছে। বস্ত-মত্তী দেই দকল অশ্বগণের পদাঘাতে ক্ষত্বিক্ষত হুইয়া নথচিহ্লাঞ্চিত কামি-নীর ন্যায় শোভা ধারণ করিল এবং নির্ঘাত শব্দের ন্যায় অশ্বগণের খুরশব্দ, রণনেমির ঘর্ষর নির্ঘোষ, পদাতিগণের কোলাহল, গজগণের রংহিত ধ্বনি, শাষ্মের নিম্বন ও বাদিত্র সমুদায়ের বিবিধ শাকে প্রতিধ্বনিত হইতে লাগিল। ঐ সময় শরাসনের ভীষণ টক্কার এবং দেদীপ্রমান খড়গ ও কবচের প্রভা-প্রভাবে আর কিছুই বিদিত হইল না। করিশুগুকার ছিন্ন বাহু সকল মহা-বেগে কখন উদ্বেষ্টন ও কখন বিচেষ্টন করিতে লাগিল। পরিপক তালফল পতিত হইলে যেরপে শব্দ হয়, বীরগণের মস্তক পতনেও দেইরপ শব্দ হইতে আরম্ভ হইল। উদ্বৃত্তনেত্র মস্তক সকল চতুদ্দিকে নিপতিত থাকাতে সমর্ভুম বিক্ষিত পুগুরিক সমূহে সমাচ্ছন্ন বলিয়া বোধ হইতে লাগিল। কেয়ুর সমলক্ষত চন্দনচচিত বাহু সকল শক্রথকের ন্যায় বস্থা ললে শোভমান হইল। সমরাঙ্গন নরেন্দ্রগণের করিশুণ্ডোপম নিকৃত উরুদণ্ড সমুদায়ে আকীর্ণ হঁইয়া গেল এবং শত শত কবন্ধে সঙ্কীর্ণ ও রাশি রাশি ছত্র চামরে শঙ্কুল হইয়া কুন্তম সমূহ হুশোভিত কাননের ভায় শোভা পাইতে লাগিল। যোধগণ শোণিতলিপ্ত কলেবরে ও নির্ভয়ে বিচরণ করত পুষ্পিত কিংশুক রক্ষের স্থায় নিরীক্ষিত হইতে লাগিলেন। মাতঙ্গণ শর'তোমর নিপীড়িত

হইয়া বায়ু সঞ্চালিত জলদজালের ন্যায় ছিন্ন ভিন্ন ও বেগে প্রধাবিত এবং প্রলয়কালান কুলিশবিদলিত অচলের ন্যায় ভূতলে নিপতিত হইল। সাদিগণের সহিত নিপতিত অশ্বগণের পর্বতাকার স্তুপ সকল ইতন্তত দৃষ্টি হইতে লাগিল। ঐ সময় শূরগণের হর্ষজনন ও ভীক্ষ জনের ভয়বর্ষন শোণিততরঙ্গিণী সমরাঙ্গনে প্রবাহিত হইল। ক্ষধির উহার সলিল; রথ সমুদায় আবর্ত্ত; ধ্বজ, পতাকা সকল রক্ষ ও অন্থিনিচয় কর্কর; বাহু সমুদ্ নক্ষ; শরাসন সকল প্রোত; হন্তী সমুদায় শৈল; অশ্বান্সকল উপল; মেদ ও মজ্জা কর্দ্দম; ছত্র সমুদায় হংস; গদা সমূহ ভেলা ও চক্র সমুদায় চক্র-বাকের ন্যায় শোভা পাইতে লাগিল। উহা কবচ, উষ্ণীয়, ত্রিবেণু ও দণ্ড দারা সমাকীর্ণ হইল। পরিঘাকার ভুজদণ্ড সম্পন্ন বারগণ বাহনরপ নৌকা দারা সেই যমলোকাভিমুখে প্রবহ্মান ভয়ঙ্কর শোণিতনদী উত্তীর্ণ হইতে লাগিলেন।

হে মহারাজ! এই রূপে দেই চতুরঙ্গ বল ক্ষয়কর দেবাস্ত্র সংগ্রাম
সদৃশ ভয়ন্ধর যুদ্ধ প্রবর্ত্তিত হইলে কোন কোন বার ভয়ে বাদ্ধরগণকৈ আহ্বান
করাতে বাদ্ধবেরা তাঁহাদিগকে ভয়ার্ত্ত দেখিয়া চীংকার করত নিরুত্ত করিতে
লাগিলেন। ঐ সময় মহাবার ধনপ্রয় ও ভামদেন স্বীয় বল বার্য্যে বিপক্ষগণকে বিমোহিত করিতে আরম্ভ করিলেন। তখন যোষিদ্গণ যেমন মদভরে জ্ঞান শৃত্য হয়, তদ্ধেপ সেই কোরব পক্ষীয় সেনাগণ অর্জ্বন ও ভামদেন
কর্ত্বক নিহন্যমান হইয়া হত্জান হইতে লাগিল।

এইরপে মহাবীর বুকোদর ও অর্জ্জন বিপক্ষ দৈন্যগণকে বিমোহিত করিয়া শহ্মধনি ও দিংহনাদ করিতে আরম্ভ করিলেন। মহাবীর ধৃউরুদ্ধ ও শিখণ্ডী দেই দিংহনাদ শ্রেবণ করিবামাত্র ধর্মরাজ যুপিষ্ঠিরকে সমভিন্যাহারে লইয়া মদ্রাধিপতি শল্যের প্রতি ধাবমান হইলেন। হে মহারাজ! বীরগণ শল্যের সমুখে সমাগত ও বিভক্ত হইয়া যেরূপ যুদ্ধে প্রবৃত্ত হইলেন, তদর্শনে আমরা সকলেই বিম্মানিটি হইলাম। অনন্তর শিক্ষিতান্ত্র যুদ্ধ- ত্রুদ্ধে মাদ্রীতনয় নকুল ও সহদেব জিগীবাপরবশ হইয়া সম্বরে আপনার দৈন্যগণের প্রতি ধাবমান ইইলেন। সৈন্যগণ শান্তবগণের শর প্রহারে ছিন্ম ভিন্ন ও যুদ্ধে নির্ত্ত হইয়া আপনার পুত্রগণের সমক্ষেই পলায়ন করিতে লাগিল। তদর্শনে যোদ্ধারা সকলে হাহাকার শব্দ পরিত্যাগ করিতে

আরম্ভ ক্রিলেন। পাশুবেরাও মুক্তকণ্ঠ রণস্থলে অবস্থান কর বলিয়া আফালন ক্রিতে লাগিলেন। জয়াভিলাষ্ট্র ক্রিয়গণ বারংঝার কৌরব দৈন্যগণকে স্থির ক্রিবার চেন্টা পাইলেন; কিন্তু তাহারা তাঁহাদের সমক্ষেই সমরে পরাশ্ব্য হইয়া পলায়ন করিতে লাগিল। অনেক ঘোদ্ধা প্রিয়তম পুত্র, ভ্রাতা, মাতুল, পিতামহ, ভাগিনেয়, সম্বন্ধী ও অন্যান্য বান্ধবগণকে পরিত্যাগ ক্রিয়া আত্মরক্ষার নিমিত্ত অত্ম ও হস্তাদিগকে দ্রুতবেগে সঞ্চালন করত চতুদ্ধিকে পলায়ন করিতে আরম্ভ ক্রিলেন।

#### দশন অধ্যার i

হে মহারাজ ! ঐ সময় প্রবল প্রতাপশালী মদ্রাধিপতি শল্য কৌরব সৈন্যগণকে পলায়মান অবলোকন করিয়া সার্থিরে কহিলেন, হে সূত ! যে ছানে শ্রেত ছত্রধারী পাণ্ডণতনয় য়ুধিষ্ঠির অণস্থান করিতেছে, আমার মনোমারুতগামী অশ্বগণকে সঞ্চালন পুন্বক সন্থরে আমারে ঐ স্থানে লইয়া চল । আমি অচিরাই তোমারে বীয় ভুজবল প্রদর্শন করিব । সমরাঙ্গনে পাণ্ডবগণ কথনই আমার অত্যে অবস্থান করিতে সমর্থ হইবে না । তথন মদ্রোজের সারথি তাঁহার আদেশানুসারে সত্যপ্রতিজ্ঞ ধর্মরাজ য়ুধষ্ঠিরের নিকট রথ সঞ্চালন করিতে লাগিল। ঐ সময় মহাবীর শল্য বেলা যেমন উদ্ধৃত সাগরের মহাবেগ নিবারণ করে, তদ্রেপ একাকাই সেই সহসা সমাগত পাণ্ডব সৈন্যগণের বেগ নিবারণ করিলেন। তথন অচল সমাগমে শিক্ষুবেগ যেমন প্রতিহত হয়, তদ্রেপ শল্য সমাগ্রেম পাণ্ডব সৈন্যগণের গতিরোধ হইল। কৌরবগণ মদ্ররাজকে সমরসাগরে অবতীর্ণ অবলোকন করিয়া যথাক্রেমে সমরে প্রস্তুত হইলেন, তথন উভয় পক্ষে শোণিতবর্ষী ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল।

যুদ্ধপূর্মণ মহাবীর নকুল ক্র্পুত্র চিত্রদেনের সহিত ঘোরতর সংগ্রাম আরম্ভ ক্রিলেন। তখন সেই বিচিত্র কাম্মুকধারা বীরদ্বয় দক্ষিণ ও উত্তর দিক্ষিত বারিবর্ষা মেঘদ্বয়ের ন্যায় পরস্পারের উপর, শরধারা বর্ষণ করিতে লাগিলেন। ঐ সময় তাঁহাদের উভয়ের কিছুমাত্র ইতর বিশেষ লক্ষিত হইল না। তুই মহাবারই অক্রবিদ্যায় নিপুণ ও রথচর্য্যা বিশারদ। তাঁহারা পরস্পার পরস্পারের ছিদ্রাশ্বেষী ও বধসাধনে যত্নবান্ হইয়া তুমুল

সংগ্রাম করিতে লাগিলেন। মহাবীর চিত্রদেন স্থনিশিত ভল্পে নকুলের শরাসনের 'মৃষ্টিদেশ ছেদনপূর্বক স্থতীক্ষ্ণ শরে অশ্বগণকে নিরত এবং তিন তিন শরে ধ্বজ ও' দারথিরে নিপাতিত করিয়া তাঁহার ললাটে স্থবপুদ্ধা তিন শর নিক্ষেপ করিলেন। মহাবীর নকুল শক্তানিক্ষিপ্ত শরত্রয়ে ললাটিদেশে বিদ্ধ হইয়া ত্রিশৃঙ্গ পর্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং অবিলম্বে করে করবারি ধারণ পূর্বক কেশরী ঘেনন পর্বতশৃঙ্গ হইতে অবতীর্ণ হয়, তজ্রপ রথ হইতে ভূতলে অবতীর্ণ হইলেন। মহাবীর চিত্রসেন ও নকুলকে পাদচারে সমাগত সন্দর্শন করিয়া অনবরত শর বর্ষণ করিতে লাগিলেন। তথন বিচিত্র যোদ্ধা অন্তুত পরাক্রমশালী মহাবীর নকুল চর্মা ঘারা সেই শরনিকর নিবারণ করত সমস্ত সৈন্য সমক্ষে চিত্রসেনের রথোপার আরোহণ পূর্বক তাঁহার মুকুট কুগুলভূষিত, বিস্তার্ণ নধনযুক্ত মস্তক ছেদন করিয়া ফেলিলেন। দিবাকরপ্রভ মহাবীর চিত্রসেন নকুলের অভ্যাঘাতে ছিন্ধনস্তক হইয়া রথোপরি নিপতিত হইলেন। পাণ্ডবপক্ষীয় মহারথগণ চিত্রসেনকে গতাস্থ নিরীক্ষণ করিয়া নকুলকে সাধুবাদ প্রদান ভূসিংহনাদ করিতে মাগিলেন।

হে মহারাজ ! ঐ সময়ে কর্ণের পুত্র মহারথ স্থ্যেণ ও সত্যদেন স্বীয় জাতারে নিহত নিরীক্ষণ করিয়। বিবিধ শর পরিত্যাগ করত নিবিড় অরণ্য মধ্যে ব্যাত্ররয় যেমন কুঞ্জরের বিনাশ বাসনায় ধাবমান হয়, তত্রপ নকুলের প্রতি ধাবমান হইলেন এবং মেঘর্য় যেমন সলিলধারা বর্ষণ করে, তত্রপ মাদ্রীতনয়ের উপর অনবরত শর বর্ষণ করিতে আরম্ভ করিলেন। মহাবল পরাক্রান্ত নকুল সর্বাঙ্গে শরবিদ্ধ হইথা ছাই চত্তে রথারোহণ পূর্বক পুনরায় শরাসন ধারণ করিয়া ক্রুদ্ধ কৃতান্তের ন্যায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন। তথন কর্ণপুত্ররয় সমতপর্বে সায়কনিকরে নকুলের রথ খণ্ড করিতে উল্যত হইলেন। তদ্দর্শনে মহাবীর নকুল ঈষৎ হাস্ত করিয়া চারি নিশিত বাণে সত্যসেনের চারি অশ্ব নিপাতিত ও স্থ্বর্ণপুত্র শিলানিশিত নারাচে তাঁহার শরাসন ছেদন করিলেন। তথন মহাবীর সত্যসেন অন্য এক রথে আরোহণ ও অপন্ন শরাসন গ্রহণপূর্বক স্থাবেণ সমজিব্যাহারে নকুলের প্রতি ধাবমান হইলেন। প্রবল প্রতাপশালী মাদ্রীতনয় তদ্দর্শনে অসম্বান্ত চিত্তে তুই তুই শরে সেই বীরদ্বয়কে বিদ্ধ করিলেন।

অনন্তর মহাবার স্থাবে একান্ত ক্রোধাবেন্ট হইয়া হাস্তামুখে ক্ষুব্রপাস্ত্রে নকুলের শ্রাদন ছেদন করিয়া ফেলিলেন। তথন মহাবল মানোতনয় ক্রোধে একান্ত অধীর হইয়া অন্য কাম্মুক গ্রহণপূর্বিক পাঁচ শরে ইয়েণচে বিদ্ধ করিয়া এক শরে তাঁহার ধ্বজনগুখণু খণ্ড করিলেন এবং বল প্রকাশ পূর্বক সত্যসেনের কাম্মুক ও হস্তাবাপ ছেন্দন করিয়া ফেলিলেন। তদ্দর্শনে দকলেই চীৎকার কারতে লাগিল। অনস্তর মহাবীর দত্যদেন ভারদহ অন্য এক শ্রাদন গ্রহণ করিয়া শ্রনিকরে নকুলকে স্মাচ্ছন্ন করিলেন। মহাবীর মাদ্রীতনয় সেই সত্যদেন নিক্তি শর সমুদায় নিবারণ করিলা তুই ছুই বাণে তাঁহারে ও তাঁহার ভাতা স্বযেণকে বিদ্ধ করিলেন। মহাবল পরাক্রান্ত কর্ণতনয়বয় তদর্শনে ক্রুদ্ধ হইয়া সরলগামা শরজালে নকুলকে বিদ্ধ করিয়া শাণিত শরে ভাঁহার সাুুুর্গিতে বিদ্ধ করিতে লাগিলেন। অনন্তর কিপ্রহন্ত প্রবল প্রত্যাপশালী সত্যদেন ছুই শরে সকুলের রথেষা ও শরাসন ছেদন করিয়া কেলিলেন। তখন মহাবীর নকুল হ্বর্ণদণ্ড সমলক্কত অকুষ্ঠি-তাগ্ৰ তৈলধেতি স্থানিৰ্মাণ লেলিহান মহাবিধ নাগকন্যা দদৃশ অতিভাষণ এক রথশক্তি গ্রহণ ও পরামর্ষণ পূর্বক সত্যদেনের প্রতি নিকেপ করিলেন। ভীষণ শক্তি মাদ্রীতনয়ের হস্ত হইতে নিক্ষিপ্ত হইবামাত্র সত্যদেনের হৃদয়-দেশ শতধা বিভিন্ন করিয়া ফেলিল। মহাবীর কর্ণনন্দন সেই আঘাতেই গতসত্ব ও অচেতন হইয়া রথ হইতে ভূতলে নিপতিত হইলেন।

মহাবল স্থাবেণ দ্বীয় ভ্রাতা সত্যাদেনকে নিহত নিরীক্ষণ করিয়া ক্রোধান, বিষ্ট চিত্তে নকুলের প্রতি অনবরত শরানকর পরিত্যাগ করিতে লাগিলেন এবং চারি শরে তাঁহার চারি অখ, পাঁচ শরে ধরজ ও তিন শরে সারথিরে ছেদন করিয়া সিংহনাদ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় ট্রোপদীতনয় স্থতান্সাম স্বীয় পিতা নকুলকে রথহীন নিরীক্ষণ করিয়া তাঁহারে রক্ষা করিবার মানসে ক্রতবেগে তাঁহার সমীপে সমুপস্থিত হইলেন। তখন মহাবার নকুল স্বতানামের রথে আরোহণপূর্বক গিরিশিখরক্ষ কেশরীর ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং অবিলম্মে অন্য এক শরাদন গ্রহণ করিয়া স্থয়েণের সহিত ঘোরতর যুদ্ধে প্রস্ত হইলেন। তখন দেই তুই মহারথ পরস্পারের প্রতি শর পর্যণ পূর্বক পরস্পারের বধ সাধনে যত্ন করিগ্রেত লাগিলেন।

অনন্তর মহাবার স্থারেন ক্রোধাবিকী হইয়া তিন শরে নকুলকে এবং
বিংশতি শরে নস্তসোমের বাজ্যুগল ও বক্ষন্থল বিদ্ধ করিলেন। মহাবীর
মাদ্রৌতনয় তদ্দর্শনে রোষপরবশ হইয়া শরনিকরে স্থাষ্থেরে চ্তুদ্দিক্ সমাচ্ছয়
করিলেন এবং 'সন্থারে এক স্থতীক্ষাতা অদ্ধিচন্দ্র বাণ গ্রহণপূর্বক মহাবেগে
নিক্ষেপ করিয়া সৈন্যগণ সমক্ষে কর্ণপুজের মস্তক ছেদন করিয়া কেলিলেন।
তদ্দর্শনে সকলেই বিশ্বয়াবিকী হইল। মহাবীর কর্ণাত্মজ স্থাইণ নকুলশরে
নিহত হইয়া নদীবেগভয় তীরস্থ জার্ণ রক্ষের ন্যায় ভূতয়ল নিপতিত হইলেন।

তথন কৌরবপক্ষীয় সৈন্যগণ কর্ণান্মজ হুষেণের বধ ও নকুলের বিক্রম নিরীক্ষণ করিয়া ভীত মনে দশ দিকে ধাবমান হইল। তদ্দর্শনে সেনাপতি শল্য তাহাদিগকে নির্ত্ত করিয়া নির্ভয়ে রণস্থলে অবস্থান করিতে লাগিলেন। কৌরব পক্ষীয় বীরগণ মদ্রাধিপতি শল্যের প্রভাবে হুরক্ষিত হইয়া বারংবার সিংহনাদ ও শরাদনধ্বনি কুরত প্রফুল্ল মনে বিপক্ষগণের প্রতি ধাবমান হইলেন এবং অনেকে দেনাপতি শল্যকে পরিবেন্টন পূর্বক যুদ্ধ করিবার অভিশ্লামে অবস্থান করিতে লাগেলেন। এ দিকে মহাবার সাত্যকি, ভীম্দেন ও মাদ্রীকুমারদ্বয় লক্ষ্ণশীল রাজা যুধি স্থাবকে গগ্রুগ করিয়া বারংবার সিংহনাদ ও বাণশন্দ করিতে আরম্ভ করিলেন।

তখন উভয় পক্ষীয় বারগণের ভীরু জনভয়াবহ যমরাষ্ট্র বিবর্জন দেবাহ্রর সংশ্রোম সদৃশ ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। কপিকেতন ধনঞ্জয় সংশপ্তকগণকে সংহার করিয়া কোরব সৈন্যদিগের প্রতি ধাবমান হইলেন এবং জন্মান্য পাশুবেরাও ধ্রুক্তিপ্তান্ধ সমাভব্যাহারে নিশিত শরনিকর পরিত্যাগ করত বিপক্ষ সৈন্যগণের প্রতি ক্রুত্র সমাভব্যাহারে নিশিত শরনিকর পরিত্যাগ করত বিপক্ষ দৈন্যগণের প্রতি ক্রুত্র বিগে গমন করিতে লাগিলেন। তখন কোরব সৈন্যগণ পাশুবদিগের শরে সমাহত হইয়া বিমোহিত হইল। তৎকালে তাহাদিগের কিছুমাত্র দিয়েদিক জ্ঞান রহিল না। তখন মহারথ পাশুবেরা তাহাদিগের শরনিকরে সমাচ্ছন্ন করিয়া বহুসংখ্য বীরগণকে নিহত করিলেন। এ দিকে আপনার আত্মজগণও বহুসংখ্য পাশুব সৈন্যগণকে সংহার করিতে লাগিলেন। এইরূপে সেই উভয় পর্কায় সৈন্যগণ নিহন্যমান ও সাতিশয় সম্ভপ্ত হইয়া বর্ষাকালীন নদীবয়ের ন্যায় নিতান্ত ব্যাকুল হইয়া উঠিল। তদ্দর্শনে কৌরব ও পাশুব পক্ষীয় বীরগণের অন্তঃকরণে ভয় সঞ্চার হইল।

#### একাদশ অধ্যায়

হে মহারাজ! এইরূপে দেই প্রাতঃকালে নানান্ত্র স্মাকীর্ণ চতুরঙ্গ বলদমাকুল যমরাজ্য বিবর্জন ভীরু জনের ভয়জনক বীরগণের হর্ষবর্জন ঘোর-তর সংগ্রামন্থলে উভয় পক্ষায় বীরগণ প্রস্পারের বধ সাধনে সমুদ্যত হইয়া নিশিত শরনিকরে পরস্পরকে নিপীড়িত করিতে আরম্ভ করিলে সৈন্যগণ নিতান্ত আন্ত'ও ইতন্তত ধাবমান হইল; কুঞ্জর সকল চীৎকার করিতে লাগিল এবং 'কোলাহলপ্রবৃত্ত পদাতি দৈন্যমধ্যে অশ্বগণ চতুদিকে ধাবমান হইল। ঐ সময় লব্ধলক্ষ্য পাণ্ডবপক্ষায় বীৰগণ মহাত্মা বুধিষ্ঠির কর্তৃ হ পরি-রক্ষিত হইয়া প্র: পণণে যুদ্ধ করিতে লাগিলেন। প্রবল পরাক্রমশালী পাওব-গণের প্রভাবে দেই অদংখ্য কৌরবদেন৷ অনলদমাকুল কুরঙ্গীর ন্যায় নিতান্ত অবসন্ন হইয়া পাউল। মহাবীর শল্য তাছাদিগকে পঙ্কনিমন্ন গাভীর ন্যায় নিতান্ত অবসন্ন অবলোকন করিয়া তাহাদিগের উদ্ধারার্থ উৎকৃট শরাসন গ্রহণ পূর্বক ক্রোধভরে পাণ্ডব দৈন্যগণের প্রতি ধাবমান হইলেন। তথন মহাবল পরাক্রান্ত পাণ্ডবগণ্ও নিশিত শরনিকরে মদ্রবাজকে বিদ্ধ করিতে লাগিলেন। মহারথ শল্য বিপক্ষগণের শরাঘাতে কুদ্ধ হইয়া ধর্মরাজ যুধি-ষ্ঠিরের সমক্ষেই শাণিত শর্মকির দ্বারা তাঁহার দৈন্যগণকে নিপীড়িত করিতে আরম্ভ করিলেন।

হে মহারাজ! ঐ সময় সমরাঙ্গনে বিবিধ ছরিমিত্ত প্রাত্ত হইল।
বহুদ্ধরা শদায়মান হইয়া ভ্ধরগণের সহিত কম্পিত হইতে লাগিল। দণ্ড ও
শ্ল সমুদায়ের সহিত উল্কা সকল সূর্য্যমণ্ডল তিরোহিত করিয়া আকাশ
হইতে ভ্তলে নিপতিত হইতে আরম্ভ হইল। অসংখ্য মুগ, মহিষ ও পাজিগণ
কৌরব সেনার বাম পার্ষে অবস্থান করিতে লাগিল এবং শুক্র, মঙ্গল ও বুধএই পাণ্ডবগণের পশ্চাংভাগে ও অন্যান্য নরপতিগণের সম্মুখে সমবস্থিত
হইলেন্। অস্ত্র সমূহের অগ্রভাগ হইতে দৃষ্টি প্রতিঘাতিনী প্রভা বিনির্গত
হইতে লাগিল এবং কাক ও উলুক সকল বারগায়ের মস্তকে ও রথকাজে
উপবেশন করিতে আরম্ভ করিল।

অনস্তর উভয় পক্ষে ধোরতর সংগ্রাম আরম্ভ হইল। কৌরবগণ সমস্ত . সৈন্য সম্ভিব্যাহারে পাণ্ডব সৈন্যের প্রতি ধাবমান হইলেন। তথন মন্তরাজ শল্য সলিলবর্ষী সহস্রলোচনের ভায় ধর্মরাজ যুধিন্ঠিরের প্রতি অনবরত শর বর্ষণ করিতে লাগিলেন এবং ভ মদেন, নকুল, সহদেব, ধ্রুইন্থান্ধ, সাত্যকি, শিখণ্ডী ও দ্রৌপদার পঞ্চ পুত্রকে স্থানপিয়া শিলানিশিত দশ দশ শরে বিদ্ধা করিয়া শরনিকরে সমরাঙ্গন সমাচছন করিয়া ফেলিলেন। সহস্র সহস্র সোমক ও প্রভত্রক মদ্রাজের শরজালে সমাহত হইয়া কলেবর পরিত্যাগ করিল। মহাবীর শল্যের শরনিকর ভ্রমরাবলি, শলভ্রশৌ ও জলদনির্গত বজের ন্যায় অনবরত নিপত্তিত হইতে লাগিল। অসংখ্য হন্তী, অন্ধ, রথী ও পদাতি মদ্রনাজের শরাঘাতে ইতন্তত ভ্রমণ ও গার্ভনাদ পরিত্যাগ করত ভূতলে নিপ্রতিত হইল। তথন কালপ্রেরিভ অন্তক্ত সদৃশ মদ্রেরাজ ক্রোধাবিন্ট হইয়া পুরুষকার প্রকাশ করিবার মানদে মেহের ন্যায় গভীর গর্জন করত শরজালে শক্রগণকে সমাচছন করিলেন।

এইরপে পাশুবদৈন সমুদায় শল্য কর্তৃক নিহন্যমান হইয়া আত্মরক্ষার্থে যুধিষ্ঠিরের প্রতি ধাবমান হইল। তথন মহাবার মদ্রাধিপতি ক্ষিপ্রহস্তে শরজাল বর্ষণ করত ধর্মরাজকে নিপাড়ত করিতে লাগিলেন। মহারাজ ধর্মরাজ মদ্র-রাজকে পদাতি ও অখনৈন্যের সহিত ধাবমান দেখিয়া মাতসকে যেমন অঙ্কুশ দ্বারা নিবরেণ করে, তজ্ঞাপ নিশিত শরনিকরে তাঁহারে নিবারণ করিতে আরম্ভ করিলেন। মহাবল পরাক্রান্ত মদ্রাজ তাঁহার প্রতি এক আশীবিধাপম নিতান্ত ভীষণ শর পরিত্যাগ করিলেন। শল্যনিক্ষিপ্ত সায়ক ধর্মরাজের দেহ ভেদ করিয়া মহাবেগে ভুতলে নিপ্তিত হইল।

তথন মহাবাব বৃকোদর সাত, সহদেব পাঁচে ও নকুল দশ শরে মদ্রাজকে বিদ্ধা করিলেন এবং দ্রোবাদাতনয়গণ জলদ জাল যেমন মহাধরের উপর বারিধারা বর্ষণ করে, তজ্ঞাপ তাঁহার উপর অনবরত শরনিকর বর্ষণ করিতে লাগিলেন। ঐ সময় মহাবীর কৃতবর্মা ও কুপ মদ্রাজকে পাগুবগণের শরজালে ক্তবিক্ষত নিরীক্ষণ করিয়া জোণভরে তাঁহাদিগের প্রতি ধাব্যান হুইলেন। মহাবল পরাজান্ত উল্কু, শকুনি, অশ্বতামা ও আপনার পুত্রগণ মদ্রাজের সমীপে আগমন পূর্বক তাঁহারে রক্ষা করিতে লাগিলেন। তথন মহাবীর কৃতবর্মা তিন শরে রোধান্ধত ভীম্সেনকে বিদ্ধা করিয়া শরনিকর বর্ষণ পূর্বক তাঁহারে দিবীজ্ত করিতে আরম্ভ করিলেন।

ঐ দময় মহাবীর শকুনি দ্রোপদার পাঁচ পুজের প্রতি এবং অশ্বত্থামা নকুল ও দহদেবের প্রতি ধাবমান হইলেন। মহারাক্ষ দ্র্য্যোধনও অর্ক্র্নের অভি-মুখীন হইয়া তাঁহাদের উপর শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন।

হে মহারাজ ! এইরপে বিপক্ষগণের সহিত কৌরবদিগের খোরতর যুদ্ধ হইতে লাগিল। মহাবার কৃতবর্মা ভীনদেনের ঋক্ষবর্ণ অশ্ব সকল বিনাশ করিলেন। তথ্ন মহাবার বীকোদর দণ্ডধারা কৃতান্তের ন্যায় গদা হস্তে রথ হইতে অবতার্ণ হইয়া য়ুদ্ধ প্রবৃত্ত হইলেন। ঐ সময় মহারাজ মদ্ররাজ সহদদেবের অশ্ব সকল বিনাশ করিলেন। মহাবার সহদেবেও ক্রুদ্ধ হইয়া অসি দারা শল্যপুজের মস্তক ছেদন করিয়া ফেলিলেন। মহাত্মা কৃপাচার্ম্য অসম্রান্ত চিত্তে নির্ভাক প্রকৃত্যন্তের সহিত পুনরায় সংগ্রামে প্রবৃত্ত হইলেন। আচার্ম্যতনয় অশ্বামা অমান মুখে দ্রোপদীতনয়গণকে দশ দশ শরে বিদ্ধাকরিলেন। ঐ সময় মহাবার ভীমসেনের রথে নৃতন অশ্ব সমুদায় সংযোজিত হইয়াছিল। মহাবার মশ্বামা আবিলম্বে উহাদিগকৈও নিপাতিত করিলেন। তথন মহাবল পরাক্রান্ত পাতৃপুক্র রুকোদর পুনরায় হতাশ্ব হইয়া অবিলম্বেরথ হইতে থবরোহণ পূর্বক দণ্ডধারী ক্রুদ্ধ কৃতান্তের ন্যায় গদা গ্রহণ করিয়া কৃতবর্মার রথ ও এথ সকল চুর্ণ করিয়া ফেলিলেন। কৃতবর্ম্মা সম্বরে দেই ভয় রথ হইতে অবতীর্ণ হইয়া পলায়ন করিলেন।

প্রতিষ্ঠ শল্প বিশেষ নার্ম প্রতিষ্ঠ হইরা পুনরায় নিশিত শর্মিকরে দোমক ও পাশুব দৈন্যগণকে সংহার করত যুধিষ্ঠিরকে নিপীড়িত করিতে লাগিলেন। মহাবীর ভীমদেন তদ্দর্শনে জুদ্ধ হইরা অধর দংশন করত শল্যের বিনাশ বাসনায় স্থায় স্থ্রিখ্যাত লোহময় গদা সমুদ্যত ক্রিলেন। প্রথান বাসনায় স্থায় স্থ্রিখ্যাত লোহময় গদা সমুদ্যত ক্রিলেন। প্রথান আখ,গজ ও মনুষ্যগণের প্রাণ সংহারকারী, স্থ্র্বপিট্রে সমলক্কত, গিরিশুস বিনারণক্ষম, শত্র্বভাযুক্ত, বদা, মেদ ও রুধিরে চর্চিত, রিপুসৈন্যের ভ্রবর্দ্ধন, স্বদিন্যের হর্ষজনক, কামিনীর ন্যায় অগুরু ও চন্দন চর্চিত এবং ব্যাদণ্ডের ন্যায়, কালরাজির ভাষা, প্রস্কৃতিক মহোল্কার ন্যায়, উপ্র ভূজানীর ভাষা, ইন্দ্র নির্মান্ত অশনির ন্যায়, যমের জিহ্বার ভাষা নিতান্ত ভীষণ; মহাবল পরাক্রান্ত ভামদেন প্রগান প্রথান করিয়া কৈলাশ ভর্বনে মহেশ্বরের স্থা জুদ্ধ অলকাধিপ কুবেরকে পাইরান এবং জৌপদীর প্রিয় কার্য্য

সাধনার্থ সৌগন্ধিক গ্রহণাভিলাবে গন্ধনাদনে গর্বিত গুন্থকগণকে সংহার করিয়াছিলেন। একণে তিনি সেই বিবিধ মণিরত্নখচিত ভীষণ গদা উদ্যুত্ত করিয়া মদ্রবাজ্ঞ শল্যকে আহ্বান করত তাঁহার অভিমুখীন হঁইয়া অবিলম্বে তাঁহার বেগবান্ অশ্বচতুইয়কে সংহার করিলেন। মদ্রাধিপতি তদ্দর্শনে নিতান্ত ক্রুদ্ধ হইয়া ভীমসেনের বিশাল বক্ষন্থলে তোমর নিক্ষেপ পূর্বক সিংহনাদ করিতে লাগিলেন। শল্যনিক্ষিপ্ত তোমর ভীমসেনের বর্দ্মাত্র ব্যথিত না হইয়া অশক্ষিত চিত্তে স্বীয় দেহ হইতে সেই তোমর উত্তোলন পূর্বক শল্য-সার্থির হৃদয় ভেদ করিলেন। সার্থি তোমরাঘাতে মর্ম্মণীড়িত হইয়া ক্ষির বমন করত নিপতিত হইল। তথ্যন মদ্রবাজ্ঞ ভীমসেনের পরাক্রম দর্শনে বিশ্বয়াপন্ন হইয়া রথ হইতে অবরোহণ পূর্বক গদা হস্তে রকোদরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন। পাশুবগণ ভীমসেনের ভয়ক্ষর কর্ম্ম নিরীক্ষণ করিয়া আহ্লাদিত চিত্তে তাঁহারে ধন্যবাদ প্রদান করিতে লাগিলেন।

# ছাদশ অধ্যায়।

হে মহারাজ! এইরূপে মহাবার শল্য সার্থির বিনাশ দর্শনে সম্বরে লোহময় গদা গ্রহণ পূর্বক অচলের ন্যায় অবস্থান করিতে লাগিলেন। মহাবার ভীমদেন ভাঁহারে প্রদীপ্ত কালাগ্লির ন্যায়, পাশধারী ক্বভাশ্তের ন্যায়, সশৃঙ্গ কৈলাশ পর্বভের ন্যায়, বজ্রপাণি বাসবের ন্যায়, শূলহস্ত মহা-দেবের ন্যায় এবং বনমধ্যস্থিত মন্ত মাতক্ষের ন্যায় শল্যকে অবস্থান করিতে অবলোকন করিয়া স্বীয় ভীষণ গদা সম্দ্যত করত মহাবেগে তাঁহার প্রতি ধাবমান হইলেন। ঐ সময় চতুর্দ্দিকে বীর জ্বনের হর্ষবর্দ্ধন অসংখ্য শন্ধ-নিস্বন, তুর্যাধ্বনি ও সিংহনাদ আরম্ভ হইল। উভয় পক্ষীয় যোধগণ চতুর্দ্দিক্ হইতে সেই বীরদ্ধয়ের বিক্রম দর্শন করত তাঁহাদিগকে সাধ্বাদ প্রদান পূর্বক কহিতে লাগিল, মহাবীর মন্ত্রাধিপতি শল্য ও যতুনন্দন বলরাম ভিয় আর কেহই রকোদরের বেগ ধারণ করিতে সমর্থ নহেন। আর মহাবীর মৃক্রাদর ব্যতীতও অন্য কোন যোদ্ধাই মন্ত্রাধিপতির গদাবেগ নিবারণ করিতে পারেন না।

হে মহারাজ! অনস্তর সেই বীরম্বয় গদাপাণি হইয়া র্যভন্মের ন্যায়

গর্জ্জন করত মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিলেন। তাঁহারা উভয়েই ভূল্য-রূপে মগুলাকার গতি প্রদর্শন ও গদা সঞ্চালন করিতে আরম্ভ করিলেন। মদ্রাধিপতির মগ্নিজ্বালা সদৃশ বিচিত্র স্থবর্ণপট্ট পরিবেষ্টিত গদা দর্শনে সকলেরই মনে ভয় সঞ্চার হইল। মহাবীর ভীমদেনের গদাও জলদবিরাজিত চপলার ন্যায় শোভা পাইতে লাগিল। অনন্তর মন্ত্রাজ ভীমদেনের গদার উপরে গদাঘাত করিলে ভীমের গদা হইতে ভাগ্নিকণা নির্গত হইল। ভীমের গদা-ঘাতেও শল্যের 'গদা হইতে অঙ্গারবৃষ্টি হইতে লাগিল। তদ্দর্শনে সকলেই চমংকৃত হইল। তখন কুঞ্জরদ্বয় যেমন দক্তে দত্তে ও রুষদ্বয় যেমন শৃঙ্গে শৃঙ্গে যুদ্ধ করে, তদ্রপ সেই মহাবীরদ্বয় ভীষণ গদাদ্বয় দ্বারা পরস্পারকে প্রাহার করত ক্ষণকাল মধ্যে রুধিরাক্ত কলেবর হইয়া পুষ্পিত কিংশুকছয়ের ন্যায় শোভা পাইতে লাগিলেন। মহাবীর শল্য ভীমদেনের দক্ষিণ ও বামপার্ষে গদা প্রহার করিলে বুকোদর কিছুমাত্র বিচলিত হইলেন না। মদ্রাধিপতিও ভাম-দেনের গদা প্রহারে বারংবার নিপীড়িত হইয়াও গজনিভিন্ন মহাগিরির ন্যায় কিছুমাত্র- ক্লেশাসুভব করিলেন না। ঐ সময় চতুর্দ্দিকে বজ্রনিস্বনের ন্যায় গতি ভাষণ গদানিপাতশব্দ শ্রুতিগোচর হইতে লাগিল। অনন্তর সেই মহাবল পরাক্রান্ত অম।তুষকর্মা বীর্দ্বয় ক্ষণকাল যুদ্ধে নির্ত্ত হইরা পুনরায় গদাঁ উদ্যত করত মণ্ডলাকারে পরিভ্রমণ আরম্ভ করিলেন। কিয়ৎক্ষণ পরে উভয়ে পরস্পারের বধ দাধনার্থ অন্টপদমাত্র অগ্রদর ও যুদ্ধে প্রবৃত্ত হইয়া মণ্ডলাকারে বিচরণ করত স্ব স্ব শিক্ষানৈপুণ্য প্রদর্শন করিতে লাগিলেন। ভূমিকম্প-কালে অচলত্ত্বয় যেমন শৃঙ্গ দ্বারা পরস্পারকে আঘাত করে, তজাপ দেই ঘোর-তর গদা দারা পরস্পারকে আঘাত আরম্ভ করিলেন। অনন্তর তাঁহার। পরস্পার গদা প্রহারে উভয়েই ক্ষতবিক্ষত ও মর্ম্মপীড়িত হইয়া এক কালে ইস্তর্ধেক দ্বের ন্যায় ভূতুলে নিপতিত ও বিমোহিত হইলেন। তদ্দর্শনে উভয় পক্ষীয় দৈয়-গণই হাহাকার করিতে লাগিল। তথন মহাবল পরাক্রান্ত রূপাচার্য্য মন্ত্রাধি-পতিরে , স্বীয় রথে আরোপিত করিয়া সমরাঙ্গন হইতে অপসত হইলেন। এ সময় মহাবীর ভীমদেন মত্তের ন্যায় নিমিষ মধ্যে পুনরায় উত্থিত হইয়া গদা গ্রহণ পূর্ব্বক মন্ত্রাধিপতিরে আহ্বান করিতে লাগিলেন।

অনস্কর আপনার পক্ষীয় বীরগণ বিবিধ শস্ত্র উদ্যত ও নানা প্রকার বাদ্য

বাদিত করিয়া পাগুব দৈন্যগণের দহিত যুদ্ধ করিতে লাগিলেন। ছর্ষ্যোধন প্রভৃতি বীরগণ ভুজনগু ও অস্ত্র শস্ত্র দমুচ্ছিত করিয়া তুমুল কোলাহল সহ-কারে পাণ্ডবর্গণের প্রতি ধাবমান হইলেন। পাণ্ডবেরাও বিপক্ষগণকে নিরীক্ষণ করিয়া দিংহনাাদ পরিত্যাপ পূর্বক তাঁহাদিগের অভিমুখে গমন করিতে লাগিলেন। তথন আপনার, আল্লজ তুর্য্যোধন পাণ্ডব দৈন্যগণকে আগমন করিতে দেখিয়া প্রাস দার। চে<sup>†</sup>কতানের হৃদয়দেশ বিদ্ধ কার্লেন। মহাবীর চেকিতান হুর্য্যোধন নিক্ষিপ্ত প্রাদের সাঘাতে একান্ত তাড়িত ও কধিরে অভি-ষিক্ত হইয়া প্রাণ পরি ত্যাগ পূর্বক রথমধ্যে নিপ্তিত হইলেন। পাগুবগণ চেকিতানকে নিহত নির্বাক্ষণ করিয়া অনবরত শরনিকর পরিত্যাগ পূর্বক সর্ব সমকে কৌরব দৈন্যগণমধ্যে নির্ভয়ে বিচরণ করিতে লাগিলেন।

অনন্তর মহাবার কুপ, কুতবর্মা ও মহাবল পর।ক্রান্ত স্থবলনন্দন শকুনি, ইহারা মন্তরাজ শল্যকে পুরোবর্ত্তী করিয়া ধর্মরাজ যুধিষ্ঠিরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। রাজা চুর্য্যোধন ভুজবীর্য্য সম্পন্ন দ্রেণিনিহন্তা ধৃষ্টভুচুনের সহিত সংগ্রাম করিতে লাগিলেন। তিন সহস্র রথী রাজা দুর্য্যোধনের আদেশান্তসারে অশ্বত্থামারে অগ্রবর্ত্তী করিয়া বিজয় লাভাতিলাযে প্রাণপণে ধনঞ্জয়ের সহিত ঘোরতর যুদ্ধ আরম্ভ করিলেন। এই রূপে উভয় পক্ষে পরস্পর বধাভিলায় বীরগণের প্রাতিবর্দ্ধন ভীষণ সংগ্রাম সমুপস্থিত হইল। ঐ সময় বায়ুদহযোগে ধূলিপটল উড্ডান হইয়া সমরাঙ্গন সমাচছ।দিত করিল। তৎকালে আমরা বীরগণের নাম শ্রেবণ করিয়াই বুঝিতে পারিলাম যে, যোদ্ধার। নির্ভয়ে যুদ্ধ করিতেছেন। কিয়ৎক্ষণ পরে সেই ধূলিজাল রুধির প্রবা**হে প্রশমিত** হওয়াতে দিল্লগুল হুনির্মাল হইল।

এইরপে দেই ভীরু জনভয়াবহ ঘোর দংগ্রাম সমুপস্থিত হইলে উভয় পক্ষের কোন বীরই সমরপরাগ্নুথ হইলেন না। তাঁহারা স্ব স্থ প্রভুর ঋণ পরি-শোধ, জয় লাভ ও স্বর্গলাভে কৃত্রিশ্চয় হইয়া তুমুল যুদ্ধ করিতে লাগিলেন। মহারথগণ স্পর্দ্ধা সহকারে বিবিধ শস্ত্র পরিভ্যাগ পূর্বক পরস্পরকে প্রহার করিতে আরম্ভ করিলেন। তৎকালে উভয় পক্ষীয় বলমধ্যেই বিনাশ কর, বিদ্ধ কর, আক্রমণ কর, প্রহার কর ও ছেদন কর, কেবল এই সকল বাক্য শ্রবণগোচর হইতে লাগিল।

ঐ সময় মহাবীর শল্য ধর্মরাজ যুধিষ্ঠিরের বিনাশ বাসনায় তাঁহারে নিশিত শরনিকরে বিদ্ধ করিতে লাগিলেন। মহারাজ ধর্মারাজ শল্যের শরাঘাতে ক্রুদ্ধ হইয়া অবলীলাকেনে তাঁহার মর্মান্থলে চতুর্দ্দশ নারাচ নিক্ষেপ করিলেন ৷ তথন মহাযশস্বী মক্রাধিপতি যুধিষ্ঠিকের বিনাশ বাদনায় ক্রোধভরে ভাঁহার উপর কক্ষ-পত্র ভূষিত অসংখ্য শর নিক্ষেপ পূর্বক সমস্ত সৈন্য সমক্ষে পুনরায় ওঁ।হার বক্ষলে এক আনতপর্বে শর প্রহার করিলেন। মহাযশন্বী ধর্মরাজ শল্যের শরাঘাতে মহাক্রুদ্ধ হইয়া তাঁহারে কঙ্কপত্র ভূষিত শরনিকরে শিদ্ধ করিয়া তাঁহার সার্থিরে নয় এবং চক্ররক্ষক চন্দ্রদেনকে সপ্ততি ও ক্রমসেনকে চতুঃ-ষষ্টি শরে বিনাশ করিলেন। এইরূপে চক্ররক্ষকদ্বয় নিহত হইলে মদ্রাধিপতি শল্য ক্রেশ্বভরে চেদিদেশীয় পঞ্চবিংশতি বীরকে বিনাশপ্রবিক সাত্যকিরে পঞ্চবিংশতি, ভীমদেনকে দাত এবং যমজ নকুল ও সহদেবকে একশত শরে বিদ্ধ করিয়া সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন। তথন মহাবীর যুধিষ্টির আশ্লীবিষ সদৃশ শরনিকর পরিত্যাগ পূর্ববিক এক ভল্লে মদ্রাধিপতির গিরিশৃঙ্গ সদৃশ ধ্বজদণ্ড ছেদন করিয়া ফৈলিলেন। মদ্রাধি শতি শল্য ধ্বজযৃষ্টি নিপতিত ও জ্যেষ্ঠ পাণ্ডবকে সম্মুখে অবস্থিত অবলোকন করিয়াক্রোধভরে বারিধারাবর্ষী পর্জ্বন্যের ভায় ক্ষত্রিয়গণের উপর শর বর্ষণ করিতে আরম্ভ ক্রিলেন এবং সাত্যকি, ভীমদেন, নকুল ও সহদেনকে পাঁচ পাঁচ বাণে বিদ্ধ করিয়া পুনরায় যুধিষ্ঠিরকে শরনিকরে নিপীড়িত করিতে লাগিলেন। মদ্রাধিপতির. জলদজাল সদৃশ শরজালে ধর্মরাজের বক্ষরল সমাচ্ছন্ন হইয়া গেল। পরিশেবে মহাবীর শল্য একান্ত ক্রোধাবিষ্ট হইয়া সমতপর্বব শর্মকরে এককালে যুধিষ্ঠিরের দশ দিক্ সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। ধর্মারাজ শল্যনিমুক্তি শরজালে নিতান্ত নিপীড়িত হইয়া পুরন্দর বিদলিত জম্ভাস্তবের ন্যায় হতপরাক্রম,হইলেন।

## ত্রয়োদশ অধ্যায়।

হে মহারাজ ! এইরূপে মহাত্মা ধর্মরাজ মদ্ররাজের শরজালে নিপীড়িত হইলে মহাবীর সাত্যকি, ভীমদেন, নকুল ও সহদেব শ্ল্যকে রথ সমুদায়ে পরিবেইটন পূর্বক নিপীড়িত করিতে লাগিলেন। মহাবীর মদ্ররাজ একাকী অসংখ্য মহারথের শরনিকরে নিপীড়িত হইলে চতুর্দ্দিকে মহান্ সাধুবাদ সমুখিত হইল। সিদ্ধাণ আনন্দিত হইলেন ও মহর্ষিণণ মিলিত হইয়া বিস্ময়-

সূচক বাক্য প্রয়োগ করিতে লাগিলেন। তথন মহাবীর ভীমদেন মহাবল পরাক্রান্ত শল্যকে প্রথমত এক বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত বাণে নিপী-ড়িত করিলেন। সাত্যকি ধর্মরাজকে মুক্ত করিবার অভিলাষে, শল্যকে সাত বাণে সমাচহন্দ করিয়া সিংহনাদ করিতে লাগিলেন। নকুল মদ্ররাজকে পাঁচ শরে বিদ্ধ করিলেন এবং সহদেব তাঁহারে সাত বাণে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচ বাণে নিপীড়িত করিলেন।

সগরনিপুণ মহাবীর মদ্ররাজ এইরূপে সেই মহারথগণ কর্তৃক নিপীড়িত হইয়া ভারদহ ভীষণ শরাদন সাকর্ষণ করত পঞ্চবিংশতি শরে সাত্যকিরে, ত্রিদপ্ততি শরে ভীমদেনকে ও দাত বাণে নকুলকে বিদ্ধ করিয়া ভল্ল দারা ধকুদ্ধর দহদেবের দশর শরাদন ছেদন পূর্বক ত্রিদপ্ততি শরে তাঁহারে নিপী-ড়িত করিলেন। তথন মহাবীর দহদেব দত্তরে স্বন্থ শরাদন জ্যাযুক্ত করিয়া মহাতেজা মদ্ররাজের উপর প্রজ্বলিত পার্বকের আয়, ভীষণ ভুজঙ্গের আয় পাঁচ বাণ নিক্ষেপ পূর্বক আনতপর্বর এক বাণে তাঁহার সার্থিরে ও তিন বাণে পুনরায় ভাঁহারে বিদ্ধ করিলেন। ঐ সময় মহাবীর ভীমদেন সপ্ততি, সাত্যকি নয় ও ধর্মরাজ ষষ্টি শরে শল্যের শরীর ভেদ করিলেন।

এইরপে মহাবীর মদ্ররাজ সেই মহারথগণ কর্তৃক নিপীড়িত হইরা গৈরিক ধাতৃধারাস্রাবী অচলের ন্যায় শোণিতধারা ক্ষরণ করিতে লাগিলেন এবং পাঁচ পাঁচ বাণে সেই মহাধসুর্দ্ধর বীরগণকে বিদ্ধ করিলেন। তদর্শনে সকলেই চমৎকৃত হইল। অনস্থর মহারথ শল্য অন্য এক ভল্ল দ্বারা ধর্মরাজের জ্যাসংযুক্ত শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তথন মহারথ যুধিষ্ঠির সম্বরে অন্ত শরাসন গ্রহণপূর্বক শরনিকরে শল্যকে অন্থ, সারথি, রথ ও ধরজের সহিত সমাচ্চন্ন করিলেন। মহাবীর মদ্ররাজ যুধিষ্ঠিরের শরজালে সমাকীর্ণ হইয়া অবিলম্বে স্থশাণিত দশ বাণে তাঁহারে বিদ্ধ করিলেন। তথন মহাবীর সাত্যকি একান্ত কোপাবিষ্ট হইয়া শরনিকর নিক্ষেপপূর্বক মদ্রোধিপতিরে নিবারণ করিতে লাগিলেন। তদ্ধর্শনে মহাবীর শল্য ক্ষুরপ্র দ্বারা, সম্বরে সাত্যকির শরাসন ছেদন করিয়া ভীমদেন প্রমুখ বীরগণকে তিন তিন বাণে নিপীড়িত করিলেন। তথন সত্যবিক্রম সাত্যকি নিতান্ত ক্রুদ্ধ হইয়া তাঁহার প্রতি এক স্বর্গদণ্ড ভীষণ তোমর নিক্ষেপ করিলেন। ঐ সমন্ন মহাবীর ভীমসেন এক প্রস্থানিত পদাগ সদৃশ নারাচ, নকুল ভীষণ শক্তি, সহদেব গদাঁ ও ধর্মরাজ শতম্মী প্রয়োগ করিয়া মদ্ররাজকে সংহার করিতে সচেই ইইলেন। মহাবীর মদ্রাজ তদ্ধনি মবিলম্বে ভল্ল সমুদায় দ্বারা সাত্যকির তোমর ও ভীমনিক্ষিপ্ত কনকভূষণ নারাচ ছেদন এবং শর্নিকরে নকুল পরিত্যক্ত হেমদণ্ড ভূষিত ভীষণ শক্তি ও সহদেব প্রেরিত গদা নিবারণ পূর্বক তুই বাণে যুধ্ঠিরের শতম্মী ছেদন করিয়া পাগুবগণের সমক্ষে সিংহনাদ করিতে লাগিলনে। শক্তনিসুদন সাত্যকি অরাতির জয়লাভ সহ্থ করিতে না পারিয়া কোধভরে অন্য শরাসন গ্রহণ পূর্বক তুই বাণে শল্যকে ও তিন বাণে ভাঁহার সার্থিরে বিদ্ধ করিলেন। তখন মদ্ররাজও অন্ধ্রুণতাড়িত মহাগজের ন্যায় ক্রোধাবিষ্ট হইয়া দশ বাণে সেই সাত্যকি প্রমুখ পাঁচ মহাবারকে বিদ্ধ করিলেন। শক্তস্থান মহারথগণ শল্যশরে নিবারিত হইয়া কোন করিকে সমর্থ ইইলেন না। ঐ সময় রাজা তুর্য্যোধন শল্যের পরাক্রম অবলোকন করিয়া পাণ্ডব, পাঞ্চাল ও স্প্রেয়গণকে নিহত বোধ করিলেন।

জনন্তর মহা প্রতাপশালী মহাবাহ্ন ভামদেন প্রাণপণে পুনরায় শল্যের সহিত সমরে প্রায়ন্ত হইলেন। তথন মহাবীর নকুল, সহদেব ও সাত্যকি ইহারাও মদ্ররাজকে পরিবেইটন করিয়া শরজালে সমাচ্ছন্ন করিলেন। প্রতাপাত্বিত শল্য এইরূপে সেই চারি মহারথ কর্ত্বক পরিবেষ্টিত হইয়া অনন্য মনে তাঁহানের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ঐ অবসরে ধর্মানন্দন যুধিষ্ঠির ক্ষুরপ্র দ্বারা তাঁহার চক্ররক্ষকের প্রাণসংহার করিলেন। মহাবল পরাক্রান্ত শল্য স্বীয় চক্ররক্ষককে নিহত দেখিয়া ক্রোধভরে শরনিকরে যুধিষ্ঠিরের সৈত্যগণকে সমাচ্ছন্ন করিয়া ফেলিলেন। তথন ধর্মারাজ যুধিষ্ঠির দৈনিকদিগকে শল্যশরে পরির্ত দেখিয়া চিন্তা করিতে লাগিলেন, এক্ষণে কি রূপে বাহ্মদেবের সেই সহাবাক্য সত্য হইবে, কি রূপে ক্রুদ্ধ মন্ত্রাজের হস্ত ইইতে আমার সৈন্যুগণ পরিত্রাণ পাইবে।

ংহে মহারাজ ! অনন্তর পাশুব পক্ষীয় বীরগণ অশ্ব, রথ ও নাগ সমূহে পরিবৃত হইয়া চতুর্দ্দিক্ হইতে শল্যকে নিপীড়িত করত তাঁহার সম্মুখীন হই-লেন। তথ্ন মহাকীর মদ্রোজ পবন যেমন মহামেঘ ছিন্ন ভিন্ন করে, তক্ষ্রপ তাহাদের শস্ত্রজ্ঞাল নিরাক্ত করিলেন। ঐ সময় আমরা আকাশপথে শলভশ্রেণীর ন্যায়, বিহুগাবলির ন্যায়, শল্যনিক্ষিপ্ত শর্জ্ঞাল অবলোকন করিতে
লাগিলাম। শল্যচাপ্থমুক্ত স্থ্বর্গ্রুষণ গরনিকরে গগনমার্গ পরিব্যাপ্ত ও
সমরস্থা তিমিরার্ত হইলে কি পাগুরপক্ষীয়, কি কৌরবপক্ষীয় কোন
ব্যক্তিই মার আমাদের দৃষ্টিগোচর হইল না। দেব, দানব ও গন্ধর্বগণ মদ্ররাজের গরজালে পাগুর দৈন্যগণকে বিলোড়িত দেখিয়া নিতান্ত বিশ্বয়াপন
হইলেন। এইরপে মহাবীর শল্য শরনিকরে পাগুর্বিন্যগণকৈ নিপীড়িত
করিয়া ধর্মাজকে সায়ক সমাচ্ছন্ন করত ধারংবার সিংহনাদ করিতে লাগিলেন। পাগুর পক্ষীয় মহারথগণ শল্যের শরে সমাচ্ছন্ন হইয়া তাঁহার অভিমুখীন হইতে সমর্থ হইলেন না; কিন্ত ধর্মারাজের অগ্রবর্ত্তী ভীমসেনপ্রমুখ
মহাবীরগণ সমরনি শুণ মহাবল পরাক্রান্ত মন্তরাজকে পরিত্যাগ পূর্বিক স্থানাস্তরে গমন করিলেন না।

# চতুর্দ্ধশ অধ্যায়।

হে মহারাজ! এ দিকে মহাবীর অর্জ্বন অশ্বর্থানা ও তাঁহার অনুচর বিগের্তদেশীয় মহারথগণ কর্তৃক শরনিকরে বিদ্ধ হইয়া তিন বাণে দ্রোণপুত্রকে ও ছই ছই শরে অন্যান্য বীরগণকে বিদ্ধ করিয়া তাঁহাদিগের উপর অনবরত শরনিকর পরিত্যাগ করিতে লাগিলেন। কৌরব পক্ষীয় বীরগণ অবিরত নিক্ষিপ্ত শরজালে কণ্টকিত কলেবর হইয়াও ধনঞ্জয়কে পরিত্যাগ করিলেন না, প্রত্যুত তাঁহারে রথ দমূহে পরিবেইটন করিয়া তাঁহার সহিত ঘোরতর যুদ্ধে প্রত্ত হইলেন। তথন অর্জ্বনের রথ দেই বীরগণের স্বর্ণজালজড়িত শরজালে এককালে সমাচহন্ন হইয়া উল্কাপাত পরিশোভিত ভূতলন্থিত বিমানের ন্যায় শোভা ধারণ করিল। মহারথগণ ধনুর্দ্ধরাগ্রগণ্য ধনপ্তার ও বাহ্বনেকে শরনিকরে ক্ষত বিক্ষত্ত কলেবর দেখিয়া একান্ত হাই হইলেন। ঐ সময় অর্জ্বনের রথক্বর, রথচ কে, ঈষা, যোক্ত্র, যুগ ও অনুকর্ষ দমুদায়ই শরময় বলিয়া বোধ হইতে লাগিল। হে মহারাজ! তৎকালে আপনার পক্ষীয় বীরগণের সহিত অর্জ্বনের যেরপে সংগ্রাম হইয়াছিল, তাদৃশ সংগ্রাম আরর কথন দর্শন বা শ্রেবণ করি নাই।

অন্তর মহাবীর ধনঞ্জয় জলধর যেমন মহীধরের উপর জলধারা বর্ষণ

করে, তজ্ঞপ সেই কৌরব দৈন্যগণের প্রতি সমতপর্ব শরনিকর বর্ষণ করিতে লাগিলেন। দেনাগণ পার্থনামাঙ্কিত শার সমূহে স্মাহত হইয়া সমস্তই অর্জ্বনুময় নিরীক্ষণ করিতে লাগিল। হে মহারাজ। :এইরেপে মহাবীর পার্থ হুতাশনের ন্যায় শরজালে আপনার দৈন্যগণকে দগ্ধ করিতে আরম্ভ করিলেন। তথন ধনঞ্জয়ের রথমার্গে রাশি রাশি রথচক্র, যুগ, ভূণীর পতাকা, ধ্বন্ধ, ঈষা, অনুকর্ষ, ত্রিবেণু, অক্ষ, যোক্ত্র, প্রতোদ এবং কুণ্ডল সমলক্ত উষ্ণীব্ধারী ছিন্ন মস্তক, হস্ত, ক্ষম, ছত্র, চামর ও মুকুট নিপতিত হইতে লাগিল। মাংদশোণিতজনিত ক্রদ্দমে থার্থের গমনপথ নিতান্ত তুর্গম হইয়। রুদ্রদেবের ক্রীড়াভূমির ন্যায় অতি ভাষণ বেশ ধারণ করিল। এইরূপে মহা-বীর ধনঞ্জয় বীরত্ব প্রকাশ পূর্বক ছুই সহস্র রথী সংহার করিয়। ক্রোধে চরাচর বিশ্বদহন ধুমশূন্য দহনের ন্যায় প্রজ্বলিত হইতে লাগিলেন। ঐ সময় মহাবীর অখত্থামা রণস্থলে অর্জ্জুনের পরাক্রম অবলোকন করিয়া বিচিত্র পতাকা পরি-শোভিত রথে আরোহণ পূর্বক তাঁহার নিবারণে প্রবৃত্ত হইলেন। তখন সেই মহাধকুর্দ্ধর বীরদ্বয় পরস্পার্টেরর সংহারে নিতান্ত অভিলাষা হইয়া পরস্পারের প্রতি গমন করিলেন। তাঁহাদের শরাদন হইতে ব্যাকালীন মেঘনিমুক্তি বারিধারার ন্যায় অনবরত শরধার। নিপতিত হইতে লাগিল। অনন্তর রুষদ্বয় যেমন শৃঙ্গ দ্বারা পরস্পরকে প্রহার করে, তদ্ধ্রপ সেই বীরদ্বয় স্পর্দ্ধা প্রকাশ পূর্ব্বক সন্নতপর্বব শরনিকরে পরস্পারকে ক্ষত বিক্ষত করিতে লাগিলেন। ঐ সময় সেই বীর্দ্বয়ের ঘোরতর সংগ্রাম বহুক্ষণ সমভাবে হইতে লাগিল। অনস্তর মহাবীর অশ্বত্থামা স্থতীক্ষ্ণ দাদেশ শরে অর্জ্জুনকে ও দশ শরে বাস্থদেবকে বিদ্ধ করিলেন। তথন মহাবীর ধনঞ্জয় হাস্তমুথে গাণ্ডীব শরাদন আকর্ষণ পূর্বরক প্রথমত গুরুপুজের উপর শ্বর নিক্ষেপ না করিয়া তাঁহার স্থ ও সার্থিরে বিনষ্ট করিলেন এবং তৎপরে মৃত্ ভাবে তাঁহারে বারংবার প্রহার করিতে লাগিলেন। তথন মহাবীর দ্রোণাত্মজ দেই অশ্বশূন্য রথে অবস্থান করিয়াই হাস্তমুথে অর্জ্জনের প্রতি এক পরিঘাকার মুঘল নিক্ষেপ করিলেন। মহাবার পার্থ দেই হেমপট্ট সমলক্ষৃত মুষল ভাঁহার প্রতি আগমন করিতেছে দেখিয়া অবিলম্বে উহ। দাত খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। সমরবিশারদ দ্রোণতনয় তদ্বর্শনে নিতাস্ত ক্রোধাবিষ্ট হইয়া অর্জ্জনের প্রতি এক গিরিশিখর সদৃশ

ভয়ক্ষর পরিঘ নিক্ষেপ করিলেন। তখন মহাবীর অর্জ্জুন সেই ক্রোধপরতন্ত্র অন্তক সদৃশ পরিঘ নিরীক্ষণ পূর্বেক সম্বরে উহা পাঁচ শরে ছেদন করিয়া ফেলিলেন। দ্রোণপুত্রনিকিপ্ত পরিঘ অর্জ্বনের শরে ছিন্ন ইইয়া মহীপাল-গণের হাদয় বিলোড়িত করিয়াই যেন ভূতলে নিপতিত হইল। অনস্তর মহা-বীর ধনঞ্জয় তিন ভল্লে অশ্বত্থামারে বিদ্ধ করিলেন। দ্রোণাত্মজ মহাবল পরা-ক্রান্ত ধনপ্রয়ের শরে গাঢ়তর বিদ্ধ হইয়াও স্বীয় পুরুষকার প্রকাশ করত অবিচলিত ভাবে অবস্থান করিতে লাগিলেন। পরে তিনি ক্ষত্রিয়গণ সমকে পাঞ্চাল দেশীয় স্থরথের প্রতি শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। তথন মহারণ স্থরণ মেঘগম্ভীরনির্ঘোষ রথে অবস্থান পূর্ববক অশ্বত্থামার প্রতি ধাবমান হইলেন এবং হৃদৃঢ় ভারসহ শরাসন আকর্ষণ পূর্বেক তাঁহার উপর আশীবিষ সদৃশ নিতান্ত ভীষণ শরনিকর পরিত্যাগ করিতে লাগিলেন। মহাবীর অশ্বত্থাসা স্থরথকে ক্রোধভ়রে আগমন করিতে দেখিয়া দণ্ডঘট্টিত উরগের ন্যায় ক্রোধে একান্ত অধীর হইয়া উঠিলেন এবং ললাটে ত্রিশিখা ভ্রুকুটি বিস্তার পূর্ব্বক স্থকণী লেহন করত তাঁহারে লক্ষ্য করিয়া এক যমদণ্ডোপ্ম স্থতীক্ষ্ নারাচ নিজেপ করিলেন। দ্রোণাত্মজনিক্ষিপ্ত নারাচ স্করপের হৃদয় ভেদ করিয়া বজের মাায় মহাবেগে ধরণীতলে প্রবেশ করিল। মহারথ স্থরও দেই নারাচে সমাহত হইয়া কুলিশবিদলিত অচলশিখরের ন্যায় ভূতলে নিপতিত হইলেন। ি অনন্তর মহাবীর অশ্বর্ত্থামা সম্বরে হ্বর্থের রথে আরোহণ পূর্ব্বক সংশপ্তক-গণ সমভিব্যাহারে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।। ঐ সময় ভগ-বান্ ভাস্কর গগনমগুলের মধ্যস্থলে অবস্থান করিতেছিলেন; তৎকালে আমরা মহাবীর অর্জ্জুনকে বহুসংখ্য বীরের সহিত যুদ্ধ করিতে দেখিয়া যাহার পর নাই বিশ্বিত হইলাম। পূর্বে দেবরাজ ইল্রের সহিত দৈত্য সৈন্যগণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, এক্ষণে সেই একমাত্র অর্জ্জুনের সহিত কৌরবগণের তজ্ঞপ যমরাষ্ট্র বিবর্দ্ধন অতি ঘোরতর সংগ্রাম হইতে লাগিল।

## **शक्षमः व्य**क्षात्र ।

হে মহারাজ ! ঐ সময় রাজ। হুর্য্যোধন ও ধ্রউত্যুদ্ধ অসংখ্য শর ও শক্তি পরিত্যাগ পূর্বক তুমূল যুদ্ধ করিতে লাগিলেন। বর্ধাকালীন জলদজাল যেমন জলধারা বর্ষণ করে, তজ্ঞপ সেই বীরদ্বয় অনবরত শরধারাঃ বর্ষণ করিতে. লাগিলেন। তথন হুর্য্যোধন দ্রোণহস্তা ধুষ্টহ্যস্পকে পাঁচ বাণে বিদ্ধ করিয়া পুনরায় সাত বাণে নিপাড়িত করিলেন। দৃঢ়বিক্রম ধৃষ্টহ্যস্পত হুর্য্যোধনের উপর সপ্ততি শ্র নিক্ষেপপূর্বক তাঁহারে নিতাস্ত, ব্যথিত করিলেন। কুরুরাজের সহোদরগণ তাঁহারে ধৃষ্টহ্যস্পের শরে নিপীড়িত দেখিয়া অসংখ্য সৈন্য সমভিব্যাহারে দ্রুপদপুত্রকে পরিবেক্টন করিলেন। মহাবীর ধৃষ্টহ্যস্প সেই মহাবল পরাক্রান্ত মহারথগণ কর্ত্ত্ক পরিবৃত্ত হইয়াও পাণিলাম্ব প্রদর্শন পূর্বক অনায়াদে সমরে বিচরণ করিতে লাগিলেন।

এ দিকে মহাবীর শিখণ্ডী প্রভ্রেকগণ পরিবৃত মহাধনুর্দ্ধর কৃতবর্মা ও কৃপাচার্য্যের সহিত দংগ্রানে প্রবৃত হুইলেন। ঐ তিন মহাবীরের যুদ্ধ অতি ভ্যানক হইয়া উঠিল। তাঁহারা তিন জনেই জীবিত নিরপেক্ষ হইয়া বাণ বর্ষণ করিতে আরম্ভ করিলেন। মহাবীর মন্ত্রাজ চারিদিকে শর বর্ষণ পূর্বেক সাত্যকি ও ব্রকোদর প্রভৃতি পাশুবগণকে নিপাড়িত করিয়া বার্য্য ও অস্ত্র বলে কৃতান্তের ন্যায় পরাক্রান্ত নকুল ও সহদেবের সহিত যুদ্ধ করিতে লাগিলনে। ঐ সময় কোন বারই সেই শল্যশরবিদ্ধ পাশুব পক্ষায় মহারণগণের পরিত্রাণে সমর্থ হইলেন না।

অনন্তর মহাত্ম। ধর্মরাজ শল্যের শরে নিতান্ত নিপীড়িত হইলে. মাদ্রীনদশন মহাবীর নকুল বেগে ধাবমান হইয়া মাতুল মদ্ররাজকে শরনিকরে সমাচ্ছম করিয়া কর্মার পরিমাজ্জিত স্থবপিন্থা দশ বাণে তাঁহার বক্ষহল বিদ্ধ করিলেন। মহাবল পরাক্রান্ত শল্য নকুলের শরে বিদ্ধ হইয়া তাঁহারে নতপর্বে শরনিকরে নিপাড়িত করিতে লাগিলেন। তথন মহারাজ যুধিষ্ঠির, ভীমদেন, সাত্যকি ও সহদেব মদ্ররাজের প্রতি ধাবমান হইলেন। আগমন সময়ে তাঁহাদিগের রথনির্ঘোষে সমুদায় দিক্ বিদিক্ প্রতিধ্বনিত এ নেদিনী কম্পিত হইয়া উঠিল। তখন অরাতিনিপাতন সেনাপতি শল্য অনায়াসে সেই বীরগণের মন্তিমুখীন হইয়া যুধিষ্ঠিরকে তিন, ভীমসেনকে পাঁচ, সাত্যকিরে শত ও সহদেবকে তিন বাণে বিদ্ধ করিয়া ক্ষুরপ্র দ্বারা মহাত্মা নকুলের শশ্র শর্মান ছেদন করিয়া ফেলিলেন। তৃখন মহারথ মাদ্রীতন্ম সম্বরে অন্য চাপ প্রহণ পূর্বকে শরনিকরে শল্যের রথ সমাচ্ছম করিয়া তাঁহারে দশ বাণে বিদ্ধ করিবেলন। ঞ সময় মহারাজ যুধিষ্ঠির দশ, ভীমদেন বৃষ্টি ও সাত্যকি

নয় বাণে নজরাজকে নিপীড়িত করিলেন। মজরাজ অরাতিগণের শরাঘাতে একান্ত কোধাবিষ্ট হইয়া প্রথমত নয় ও পশ্চাৎ সপ্ততি শরে সাত্যকিরে বিদ্ধ করিয়া তাঁহার সশর শ্বাসন ছেদন করিয়া ফেলিলেন এবং তৎপরে তাঁহার চারি অশ্বের প্রাণ সংহার পূর্বক তাঁহারে শত বাণে বিদ্ধ করিয়া নকুল, সহদেব এবং ভীমদেন ও যুধিষ্ঠিরকে দশ বাণে বিদ্ধ করিলেন। তৎকালে আমরা সংগ্রামন্থলে মজরাজের অতি অদ্ভূত পরাক্রম অবলোকন করিলাম। পাগুবগণ একত্র মিলিত হইয়াও তাঁহার সন্মুখীন ইইতে পারিলেন না।

অনন্তর সত্যবিক্রম সাত্যকি পার্থবগণকে শল্যের বশবন্তী ও নিতান্ত নিপ্নীড়িত দেখিয়া অক্ত রথে জারোহণ পূর্বক মহাবেগে তাঁহার প্রতি ধাব-মান হইলেন। মহারথ শল্যও সাত্যকিরে আগমন করিতে দেখিয়া মত মাতঙ্গ যেমন অন্য মাত্রের প্রতি ধাব্যান হয়, তদ্ধে তাঁহার অভিমুখে গমন করিলেন। পূর্বকালে শম্বরাস্থর ও অমররাজের যেরূপ ঘোর সংগ্রাম হইয়াছিল, এক্ষণে মহাবার শল্য ও সাত্যকির তক্ষপ ঘোরদশন তুমুল যুদ্ধ আরম্ভ হইল। সভ্যবিক্রম সাভ্যকি মন্ত্রোজকে সমরে অবস্থিত দেখিয়া তাঁহারে থাকু থাকু বলিয়া দশ বাণে বিদ্ধ করিলেন। মহাবল পরাক্রান্ত শল্য মহাত্ম৷ যুযুধানের শরে নিতান্ত নিপীভিত হইয়া তাঁহারে বিচিত্রপুখা নিশিত শরনিকরে বিদ্ধ করিতে লাগিলেন। ঐ সমগ্ন মহাধকুর্দ্ধর পাগুবগণ মদ্ররাজকে সাত্যকির সহিত সমরে প্রবৃত্ত দেখিয়া মাতুলের নিধন বাসনায় সম্বরে তাঁহার প্রতি ধাবমান হইলেন এবং গ্রামিষলোলুপ সিংহের স্থায় ভীষণ গর্জ্জন করত মহাবেগে শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন। তাঁহাদিগের শরজালে ধরণীতল সমাচ্ছন ও দিল্লাণ্ডল অনিকাচনীয় শোভা সম্পন্ন হইল ৷ আকাশমণ্ডল সেই নির্মোকনির্ম্মুক্ত ভুজঙ্গ সদৃশ শরজালে নিরন্তর সমার্ত হওয়াতে বোধ ছইতে লাগিল যেন ঘনঘটায় সমাচছন্ন হইয়াছে। ঐ সময় শক্রসূদন মহাবীর শল্য একাকী সেই অসংখ্য বীরের সহিত সংগ্রাম করিয়া সকলকে ঠ্রাশ্চর্য্যা-ষিত ক্রিলেন। তাঁধার ভূজনিশ্মুক্ত ভীষণ শরজালে মেদিনী সমাকীর্ণ হইল এবং রথ অহ্যর্যাতন দেবরাজের রথের হায় ভ্রমণ করিতে লাগিল।

বোড়শ অধ্যায়।

্ৰে মহারাজ! ঐ সময় যুদ্ধত্বন্দ অসংখ্য কৌরব সৈন্য মন্তরাজ্ঞকে,

অগ্রসর করিয়া মহাবেগে পাণ্ডব দৈন্যগণের প্রতি ধাবমান ইইয়া ক্ষণকাল মধ্যে একবারে তাহাদিগকে আলোড়িত ও বিদ্রাবিত করিল। মহাবীর রকোদর ক্বফ ও অর্জ্জনের সমক্ষেই স্বায় দৈন্যগণকে নিবারণ করিতে লাগিলন, কিন্তু তাহারা কোরবগণের শরে নিতান্ত নিপীড়িত ইইয়া কোন ক্রমেই সমরস্থলে অবস্থান করিতে সমর্থ ইইল না'। তথন মহাবীর ধনপ্রয় ক্রোধানিফ হইয়া কুর্ত্ববর্মা, কুপাচার্য্য ও তাঁহাদের অনুগামীদিগের উপর শর বর্ষণ করিতে লাগিলেন। মহাত্মা সহদেব দৈন্যপরিবৃত্ত শকুনির প্রতি শর নিক্ষেপ করিতে আরম্ভ করিলেন। নকুল ভাহার পার্যে অবস্থান করিয়া মদ্ররাজকে অবলোকন করিতে লাগিলেন। দ্রোপদীর পঞ্চ পুজ্র বহুসংখ্যক ভূপতির, পাঞ্চালনন্দন শিখণ্ডী অশ্বত্থামার, গদাপাণি ভীমসেন তুর্য্যোধনের ও কুন্তীতনয় যুধিষ্ঠির দৈন্য সমবেত মদ্ররাজের নিবারণে প্রবৃত্ত ইইলেন।

হে মহারাজ! এইরূপে উভয় পক্ষীয় বারগণের ঘোরতর যুদ্ধ উপাস্থত হইলে মদ্ররাজের অসাধারণ কার্য্য দর্শনে সকলেই চমংকৃত হইল। তিনি একাকীই সমস্ত পাণ্ডব সৈন্যের সৃহিত যুদ্ধ করিতে লাগিলেন। ঐ সময় যুধিষ্ঠির সমাপে শল্যকে অবলোকন করিয়া বোধ খইল যেন শশধর সমাপে শনিপ্রহ বিরাজিত হইতেছে। তথন মহাবার শল্য আশীবিষ সদৃশ শর্নিকরে ষুধিষ্ঠিরকে নিপীড়িত করিয়া পুনরায় শর বর্ষণ করত ভামদেনের প্রতি ধাবমান হইলেন। তদ্দ্রশ্যে কৌরব ও পাণ্ডব উভয় পক্ষীয় সৈন্যগণই মদ্রোজকে ধনা-বাদ প্রদান করিতে লাগিল। পাগুবদৈন্যেরা শল্যের শরে নিতান্ত নিপাড়িত হইয়া সমর পরিত্যাগ পূর্বক পলায়নে প্রবৃত্ত হইল। তথন মহারথ যুধিষ্ঠির ' রোষভরে হয় জয় লাভ করিব, না হয় বিনষ্ট হটব, এই স্থির করিয়া পুর্ক্ষ-কার অবলম্বন পূর্বক মদ্ররাজকে নিপীড়িত করিতে লাগিলেন এবং ধীয় ভাতৃগণ ও বাস্তদেবকে দম্বোধন, করিয়া কছিলেন, ভীম্ম, দ্রোণ, কর্ণ প্রভৃতি যে সকল বীরগণ কৌরবদিগের নিমিত্ত সমরস্থলে পরাক্রম প্রাকাশ করিয়া-ছিলেন, তাঁহার। সকলেই নিহত হইয়াছেন। তোমরাও উৎসাহ সহকারে স স্ব অংশানুসারে তাঁহাদিগকে বিনষ্ট করিয়া পুরুষত্ব প্রকাশ করিয়াছ। এক্ষণে আমার অংশে একমাত্র মহারথ মদ্র।ধিপতি অবশিষ্ট আছেন। আজি আমি . উহারে পরাঞ্জিত করিতে উদ্যুত হইয়াছি। একণে আমার যাহা অভিপ্রায়,

তাহা তোমাদিগের নিকট ব্যক্ত করিতেছি, প্রাবণ কর। মহাবীর মাদ্রীতনয়দ্বয় আমার চক্র রক্ষা করিতেছে। স্থররাজ পুরন্দরও এই সত্যপ্রতিজ্ঞ
বীরদ্বয়কে সমরে পরাস্তৃত করিতে সমর্থ নহেন। অতএব ইহারা আমার
হিতার্থে ক্ষাত্রধর্মানুসারে মাতুলের সহিত মুদ্ধে প্রস্তুত হউক। হে বীরগণ!
আমি সত্য বলিতেছি, আজি জয় হউক, আর পরাজয়ই ইউক, আমি ক্ষত্রিয়
ধর্মানুসারে মাতুলের সহিত সমরে প্রস্তুত হইব, সন্দেহ নাই। তাঁহার ও
আমার অত্র শস্ত্র এবং অভাভ্য উপকরণ সকল সমানুই আছে। একণে রথযোজকগণ শাস্ত্রানুসারে আমার রথে সমুদায় উপকরণ সংস্থাণিত করক।
সাত্যকি দক্ষিণ চক্র এবং প্রতিহ্যন্ন বাম চক্র রক্ষা করকন। ধনপ্রয় আমার
পৃষ্ঠ রক্ষায় নিমুক্ত হউক। আর মহাধনুর্দ্ধর ভীমসেন আমার অত্রে অবস্থান
করকন। তাহা হইলেই আমি মন্দ্রাজ গপেকা সমধিক বলশালী হইব।
হে মহারাজ! ধর্ম্মরাজ যুন্ধন্তির এই কথা কহিলে তাহার হিতৈষা বীরগণ
তাহার বাক্যানুসারে ভার্হা সম্পাদন করিলেন। তথন পাঞ্চাল, সোমক ও
মহস্ত সৈন্যগণ সাতিশয় হর্ম্মুক্ত হউল।

রাজা যুধিষ্ঠির এইরপে প্রতিজ্ঞার্ক্ত হইয়া মন্ত্রাধিপতি শল্যের প্রতি
গমন করিতে লাগিলেন। পাঞ্চালগণ শল্প নিম্বন, ভেরী নিনাদ ও সিংহনাদ
করত ক্রোধন্তরে মন্তরাজের প্রতি ধাবমান হইল। এ দিকে কৌরবগণ
গজ্বলীশন্দ, ভুর্যুধ্বনি, শন্থানাদ ও হর্ষজনিত কোলাহলে রণস্থল অনুনাদিত
করিতে লাগিলেন। তথন আপনার আত্মজ্ঞ রাজা হুর্য্যোধন ও মন্তরাজ
শল্যু উদয় ও অস্তাচল যেমন মহামেঘ সমূহকে প্রতিগ্রহ করে, তদ্দেপ সেই
পাশুবগণকে প্রতিগ্রহ করিলেন। অনন্তর মহাবীর শল্য ধর্মরাজ যুধিষ্ঠিরের প্রতি, ইন্দ্রনির্মুক্ত বারিধারার ন্যায়্ম অন্তর্যক্ত শরধারা বর্ষণ করিতে
লাগিলেন। ক্রুরাজ হুর্য্যোধনও রুচির শরাসন গ্রহণ ও বিবিধ অন্ত্রশিক্ষা
প্রদর্শন পূর্ব্বক ক্রিপ্রস্তেম্ব নিরন্তর শরনিকর পরিত্যাগ করিতে আরস্ক্ত করিলেন। তৎকালে কেহুই তাঁহার কোন রন্ধ্ব প্রাপ্ত হইল না। অনন্তর
মহাবল পরীক্রান্ত রাজা যুধিষ্ঠির ও মন্তরাজ বিবিধ শরজাল বিস্তার পূর্ব্বক
আমিবলোলুপ শার্দ্ধ লন্ধ্রের আয় পরস্পারকে ক্ষত বিক্ষত করিতে লাগিলেন।
মহাবীর রকোদের সমরদক্ষ হুর্য্যোধনের সহিত এবং ধ্রুক্তমুদ্ধ, সাত্যকি,

নকুল ও সহদেব ইঁহার। শকুনি । ভৃতি বীরগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হই-লেন। তথন উভয় পক্ষে পুনরায় ঘোরতর যুদ্ধ মারস্ত হইল। মহারাজ হুর্যোধন আন ত্রপর্বে শর দ্বারা ভীমনেনের হুবর্ণমণ্ডিত ধ্র র্গণণ্ড ছেদন করি-লেন। ভীমদেনের সেই কিঙ্কিণীজাল সমলঙ্কত রুচিরদর্শন ধ্বজ হুর্য্যোধনের শরে ছিন্ন হইয়া তাঁহার দমক্ষেই ভূতলে নিপতিত হইল। তৎপরে কুরুরাজ পুনরায় খরধার ক্ষুর নিক্ষেপ পূর্বক রুকোদরের করিশুগুোপম কোদও **ছেদন করিয়। ফেলিলেন । তথন ভীমদেন শরাদন বিহীন হইয়। বিক্রম** প্রকাশপূর্বক রণশক্তি দ্বারা দুর্য্যোধনের বক্ষস্থল ভেদ করিলেন। মহাবীর ছুর্য্যোধন ভীমের দেই রথশক্তির আঘাতে তৎক্ষণাৎ বিমোহিত হইয়া রথো-পরি নিষগ্ধ হইলেন। মহাবীর বুকোদর কুরুরাজকে মোহাবিষ্ট দেখিয়া সম্বরে ক্ষুরপ্র দ্বারা তাঁহার দার্থির মস্তক ছেদন করিয়া ফেলিলেন। ছুর্য্যোধনের অশ্বগণ সার্থিহান হইয়া রথ লইয়া যদৃচছাক্র: ইতন্তত বাবমান হইল। তদ্বশনে সকলেই হাহাকার করিতে লাগিল। তথন মহাবীর মধ্যামা, কুপ ও কুত্রশ্মা রাজারে রক্ষা করিবার নিমিত্ত ধাবমান হইলেন। ঐ সময় হর্ষ্যোধনের অনুচরগণ সৈত্যগণকে নিত।ন্ত বিশৃঙ্খল দেখিয়া যাহার পর নাই ভীত হইল। মহাবার ধনঞ্জয় দেই অবদরে গাণ্ডীব শরাদন আকর্মণ পূর্বক তাহাদিগকে বিনাশ করিতে লাগিলেন। ধর্ম্মরাজ যুধিষ্ঠির স্বয়ং মনোবেগগামী খেতবর্ণ সশ্বগণকে সঞ্চালন পূর্ব্বক ক্রোধভরে মদ্ররাজের প্রতি ধাবমান <sup>ছই</sup>লেন। তিনি মৃতুভাবাপন্ন ও জিতেন্দ্রিয় হইয়াও যে তৎকালে অতিশয় দারুণ কার্য্যের অনুষ্ঠান করিলেন, তদ্দর্শনে আমরা সকলেই বিস্মিত হইলাম। তিনি রোষভরে বিক্ষারিতলোচন ও কম্পিত কলেবর হইয়া স্থানিশিত ভল্ল দারা ষ্পাংখ্য যোধগণকে সংহার করিতে লাগিলেন। ফলত তৎকালে ধর্মরাজ যে যে দৈন্যের প্রতি গমন করিলেন, তাহার। দকলেই তাঁহার শরনিকরে বিদীর্ণ হইয়া কুলিশবিদলিত অচলের ন্যায় নিপতিত হইল। তিনি একাকী হইয়াও বায়ু যেমন জলদজালকে ছিন্ন ভিন্ন করে, তদ্রূপ অশ্ব, দার্থি ও ধ্বজদম্পন্ন রণ ও রথীদিগকে ছিন্ন ভিন্ন করিলেন এবং রুদ্রেদেব যেমন পশুদিগকে বিনষ্ট করিয়াছিলেন, তজ্রপ অসংখ্য অশ্ব, অশ্বারোহী ও পদাতিগণকে নিপাতিত . করিতে লাগিলেন। এইরূপে ধর্মরাজ শরনিকর বর্ষণপূর্বক রণস্থল শূন্যপ্রায়

করিয়া মন্ত্রাজের প্রতি ধাবমান হইলেন এবং তাঁহারে লক্ষ্য করত বারংবার থাক্ থাক্ বলিয়া আস্ফালন করিতে লাগিলেন। তৎকালে কৌরব পক্ষীয় বারগণ যুধিষ্ঠিরের প্রাক্রম নিরাক্ষণ করিয়া নিতান্ত ভীত হইয়াছিলেন।

অনস্তর নাজরাজ শল্য চ্রুতবেশে ধর্মরাজের অভিমুখে গমন করিলেন।
তথন সেই বীরদ্বয় ক্রোধভরে শহুধবনি করিয়া পরস্পারকে আহ্বান ও ভর্ৎসনা করত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। মহাবীর শল্য শরজান বর্ষণ পূর্বক
যুধিষ্ঠীরকে নিপীড়িত করিতে লাগিলেন। ধর্মারাজ যুধিষ্ঠির ও মদ্ররাজের
প্রতি শরনিকর পরিত্যাগ করিতে আরম্ভ, করিলেন। এইরূপে সেই বীরদ্বয়
পরস্পারকে শরসমূহে সমাচ্ছন্ন করিলে তাঁহাদিগের উভয়েরই কলেবর হইতে
অনবরত রুধিরধারা ক্ষরিত হওয়াতে তাঁহারা বসন্তকালে কুস্থমিত কিংশুক
রুক্ষদ্বয়ের স্থায় স্থশোভিত হইলেন। তৎকালে আজি ধর্মারাজ শল্যকে
সংহার করিয়া বস্করা উপভোগ করিবেন, কি মহাবীর মদ্ররাজ যুধিষ্ঠিরকে
বিনাশ করিয়া তুর্য্যোধনকৈ পৃথিবা প্রদান করিবেন, যোদ্ধারা ইহার কিছুই
অবধারণ করিতে পারিলেন না।

অনস্তর মহাবীর শল্য ধর্মরাজের প্রতি এক শর নিক্ষেপ করিয়া খরধার ক্ষুর দ্বারা তাঁহার কাম্মুক ছেদন করিলেন। তথন ধর্মরাজও সত্বরে অন্য এক শরাসন গ্রহণ ও তিন শত শরে শল্যকে নিপীড়ন পূর্বক ক্ষুর দ্বারা তাঁহার শরাসন ছেদন করিয়া ফেলিলেন এবং নতপর্বব শরানকরে তাঁহার চারি অশ্ব বিনাশ করিয়া তুই শরে পার্ফিও সার্থির প্রাণ সংহার পূর্বক এক স্থনিশিত সমুজ্জ্বল ভল্লে মদ্ররাজের ধ্বজ্বও খণ্ড খণ্ড করিলেন। তদ্বশ্নে তুর্য্যোধনের সৈন্যুগণ এককালে ছিন্ন ভিন্ন হইয়া পড়িল।

ঐ সময় মহারথ অশ্বথামা মদ্রবাজকে তদবন্থাপন্ধ অবলোকন করিয়া তাঁহারে রক্ষা করিবার নিমিত্ত তাঁহার সমীপে সমুপস্থিত হইলেন এবং সত্তবে তাঁহারে স্বরথে আরোপিত করিয়া তথা হইতে গমন করিতে লাগিলেন। মন্তরাজ দ্রোণপুজের রথারোহণে কিয়দ্দুর গমন করিয়া ধর্মরাজকে সিংহনাদ পরিত্যাগ করিতে দেখিয়া রথবেগ নিবারণ পুর্বক অবিলয়ে মেঘগন্তীরনিম্বন যজ্যোপকরণ সম্পন্ধ স্থসজ্জিত অন্য এক রথে আরোহণ করিছেন।

#### मश्रेष्म व्यशाम ।

হে মহারাজ ! অনন্তর মহারথ শল্য অতি স্থদৃঢ় বেগবান্ অন্য এক শরা-সন গ্রহণ পূর্বকে যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া দিংহনাদ পরিত্যাগ করত ধারাবর্ষী জলধরের ন্যায় ক্ষত্রিয়গণের উপর শর্নিকর বর্ষণ করিতে লাগিলেন এবং সাত্যকিরে দশ, ভীমদেনকে তিন ও সহদেবকে তিন শরে বিদ্ধ করিয়া যুধি-ষ্ঠিরকে নিপীঙিত করিতে আরম্ভ করিলেন। ঐ সময় মহাধনুর্দ্ধরগণ হস্তিযুথ যেমন উল্কা 'ছারা আছত হয়, তদ্রাপ মন্ত্রাজের শরনিকরে সমাহত হইতে नांशिन। यमःथा रुखी ७ रुखात्रारी, यथ ७ वर्षात्रारी धवः तथ ७ तथी তাঁহার শরে নিতান্ত নিপাড়িত ও পঞ্জ প্রাপ্ত হইল। শল্য অনেকের আয়ুধ-যুক্ত বাহু এবং অনেকের রথধ্বজ ছেদন করিয়া ফেলিলেন। সমরভূমি নিপ-তিত যোধগণে সমাকীর্ণ হইয়া কুশাস্তীর্ণ যজ্ঞবেদির ন্যায় শোভা পাইতে লাগিল। হে মহারাজ ! ঐ সময় পাণ্ডব, পাঞ্চাল ও সোমকগণ দেই অরাতি সৈনা নিপাতন কুতান্ততুল্য মদ্রবাজের পরাক্রম দেখিয়া রোমভরে তাঁহারে পরি-বেষ্টন করিলেন। মহাবীর সাত্যকি, ভীমদেন, নকুল ও সহদেব অসাধারণ বলসম্পন্ন মদ্রাধিপভিরে যুধিষ্ঠিরের সহিত সমরে প্রবৃত্ত দেখিয়া তাঁহারে আহ্বান ও পরিবেস্টন পূর্বিক মহাবেগ সম্পন্ন শরনিকরে নিপীড়িত করিতে লাগিলেন। তথন রাজা যুদিষ্ঠির ভীমদেন, নকুল, সহদেব ও সাত্যকি কর্ত্তক পরিরক্ষিত হইয়া মদ্রাধিপতির বক্ষস্থলে অনবরত শরাঘাত করিতে আরম্ভ করিলেন। ঐ সময় কৌরব পক্ষীয় মহারথগণ শল্যকে শর্মিপাডিত নিরী-ক্ষণ করিয়া তুর্য্যোধনের মাদেশানুসারে চতুর্দ্দিক হইতে তাঁহারে পরিবেষ্টন : করিতে লাগিলেন। তথন মহাবীর শল্য ছতি সম্বরে সাত বাণে যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলে তিনিও তাঁহারে নয় শরে বিদ্ধ করিলেন। পরে তাঁহার। উভয়ে আকর্ণাকৃষ্ট তৈলধেতি শরনিকরে পরস্পারকে সমাচ্ছাদিত করিয়া পরস্পারের ছিদ্রোম্বেমণ পূর্ব্বক শর নিক্ষেপ করিতে লাগিলেন। উভয়ের ধুকুফকার ও তলনিনাদ অশনিনির্ঘোষের ন্যায় প্রুতিগোচর হইল। তাঁহারা নিবিড় অরণ্য-মধ্যস্থিত আমিষগৃধ্ৰু ব্যাজ্ৰ শাবকদ্বয়ের ন্যায় স্মরাঙ্গনে বিচরণ করত বিষাণযুক্ত মাতঙ্গদ্বয়ের ন্যায় প্রস্পারকে ক্ষত বিক্ষত করিতে লাগিলেন।

অনস্তর মহাত্রা মন্ত্রাধিপতি সহসা মহাবল পরাক্রান্ত রাজা যুধিষ্ঠিরের

বক্ষন্থলে এক সূর্য্য ও অনল সদৃশ প্রভাসম্পন্ন শর নিক্ষেপ করিলেন। ধর্মরাজ্ব শারে শারে অতিমাত্র বিদ্ধা হইয়া মহাবেগে তাঁহার উপর শরাঘাত করত তাঁহারে মুচ্ছিত করিয়া যাহার পর নাই আহলাদিত হইলেন। দেবরাজপ্রতিম মহাত্মা মদ্রেরাজও মূহূর্ত্ত কালমধ্যে পুনরায় সংজ্ঞা লাভ করিয়া রোষারুণ নেত্রে অতি সন্থরে এক শত শারে ধর্মরাজকে বিদ্ধা করিলেন। তথন ধর্মনন্দন যুথিন্তির ক্রোধভরে নয় বাণে মদ্রোজের স্থবর্ণময় করচ ছেদন ও বক্ষন্থল ভেদ করিয়া ছয় শরে তাঁহারে নিপাড়িত করিলেন। মহাবীর শল্য যুথিন্তিরের শারে সমাহত হইয়া ছাফমনে শরাদন আকর্ষণ পূর্বক শার নিক্ষেপ করত তুই ক্ষ্রান্তে যুথিন্তিরের কাম্মুক ছেদন করিয়া ফেলিলেন। তখন মহাত্মা থর্ম্মতনয় অন্য এক নৃত্ন শারাদন গ্রহণ করিয়া দেবরাজ ইন্দ্র যেমন নমুচিরে শারনিকরে বিদ্ধা করিয়াছিলেন, ভজ্ঞপ চতুর্দিক্ হইতে শাল্যকে বিদ্ধা করিতে লাগিলেন।

অনস্তর মহাবীর শল্য নয় শরে ভাম ও রাজ। যুধিষ্ঠিরের স্থবর্ণময় বর্মা ছেদন করিয়া তাঁহাদিগের ভুজযুগল বিদ্ধ করিলেন। তাশন ও সূর্য্যেদ্ধ ন্যায় তেজসম্পন ক্ষুরদ্বারা পুনরায় ধর্ম্মরাজের শরাসন ছেদন করিয়া ফেলি-লেন। ঐ সময় মহাবীর কুপ ছয় শরে যুধিষ্ঠিরের সার্থির শিরশ্ছেদন পূর্বেক ভূতলে নিপাতিত করিলেন। তথন মদ্ররাজ চারি শরে ধর্ম্মরাজের চারি অশ্ব বিনাশ করিয়া তাঁহার সৈন্য সংহারে প্রযুক্ত হইলেন। তদ্দর্শনে মহাবীর রকোদর একান্ত কোধাবিষ্ট হইয়া এক শরে মদ্ররাজের কোদও দ্বিথণ্ড করিয়া ভূই শরে তাঁহারে বিদ্ধ করিলেন এবং তৎপরে অন্য এক শরে তাঁহার সার্থির শিরশ্ছেদন করিয়া সত্তরে তাঁহার চারি অশ্বকে বিনাশ করিয়া ফেলিলেন। এইরূপে মদ্ররাজ অশ্ব সার্থি বিহীন হইলে ভীমসেন ও মাদ্রীতনয় সহদেব উভয়ে সেই ধনুর্দ্ধরা গ্রগণ্য সমরচারী একমাত্র বীরকে শাণিত শরনিকরে সমাচছন্ন করিতে লাগিলেন।

অনস্তর ব্রকোদর মদ্ররাজকে শরজালে বিমোহিত দেখিয়া পুন্রায় শর প্রয়োগ পূর্বক মন্তরাজের বর্ম ছেদন করিয়া ফেলিলেন। তথন মন্তরাজ সহস্র তারকা সম্পন্ন চর্ম ও খড়গ গ্রহণ পূর্বক সম্বরে রথ হইতে অবতীর্ণ হইলেন এবং অবিলম্বে নকুলের রথেষা ছেদন পূর্বক ক্রন্তবেগে যুধিষ্ঠিরের প্রতি গমন করিতে লাগিলেন। অনন্তর মহাবীর ধ্রউহ্যন্ন, শিখণ্ডী, দাত্যকি ও দ্রৌপদীর পাঁচ পুত্র মদ্রাজকে ক্রুদ্ধ অন্তকের স্থায় আগমন করিতে দেখিয়া অরিলম্মে তাঁহার অভিমুখে গমন করিলেন। তখন মহাত্মা রকোদর নয়, শরে মদ্রাজের সেই অপ্রতিম চর্ম্ম ও জনিশিত ভল্লে তাঁহার খড়েগর মুষ্টিদেশ ছেদন করিয়া সৈম্পূণণ মধ্যে প্রফুল্ল মনে দিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। পাণ্ডব পক্ষীয় মহারথগণ মহাবীর ভামের দেই অভুত কার্য্য নিরীক্ষণ পূর্বক হৃষ্টান্তঃকরণে হাস্থাবদনে দিংহনাদ পরিত্যাগ ও শশাহ্রধবল শহ্মধানি করিতে আরম্ভ করিলেন। নিতান্ত জ্র্দ্ধি জ্রক্ষিত কোরব শৈন্যগণ দেই ভাষণ শব্দে একান্ত ভাত ও বিসংজ্ঞপ্রায় হইয়া শোণিত্যক্তিক কলেবরে ইতন্তক ধাবমান হইল।

ইত্যবদরে মন্তাধিপতি শল্য ভীমপ্রমুথ পাণ্ডব পক্ষীয় যোধগণ কর্তৃক শরনিকরে সমাচ্ছন্ন হইয়াও মৃগ বিনাশার্থী সিংহের ন্যায় মহাবেগে ধর্মাজ মুধিষ্ঠিরের অভিমুখে গমন করিতে শোগিলেন। তথন মহারাজ যুধিষ্ঠির মন্ত্রনাজকে আগমন করিতে দেখিয়া রোষপ্রভাবে হুতাশনের ন্যায় প্রদীপ্ত হইয়া উঠিলেন এবং বাস্থাদেবের বাক্য ম্মরণ করিয়া তৎকালে তাঁহারে বিনাশ করিতে কতনিশ্চয় হইলেন। তথন তিনি শল্যের অন্তুত কার্য্য নিরীক্ষণ করত সেই অশ্ব সার্থিশূন্য রথে অবস্থান করিয়াই এক কনকসঙ্কাশ মণিথচিত স্থবর্ণদণ্ড সম্পন্ন শক্তি গ্রহণ করিলেন এবং ক্রোধপ্রদীপ্ত নেত্রযুগল বিক্ষারিত করিয়া মদ্রাজকে অবলোকন করিতে লাগিলেন। তৎকালে মদ্রাজ সেই পবিত্রমভাব পাপহীন ধর্মারাজ কর্তৃক নিরীক্ষিত হইয়া যে ভ্যাসাৎ হইলেন না, ইহা দেখিয়া আম্রা সকলেই বিশ্বিত হইলাম।

হে মহারাজ ! ধর্মরাজ মদ্রাজের প্রতি নিক্ষেপ করিবার নিমিত্ত যে যমদগুপ্রতিম শক্তি গ্রহণ করিয়াছিলেন, উহা পাশহস্তা কালরাত্রির স্থায়, যমরাজের উগ্ররূপা ধাত্রীর স্থায় নিতান্ত ভাষণ ; পাগুবগণ গন্ধ, মাল্য, পান ও ভোজন দ্বারা প্রযন্ধ সহকারে নিরন্তর ঐ শক্তির অর্চনা করিতেন ; উহা শম্বর্তক অনলের ন্যায় প্রজ্বলিত ও অথব্ববেদপ্রোক্ত কার্য্যের স্থায় নিতান্ত উগ্র। পূর্বেব দেবশিল্পী বিশ্বকর্মা ভগবান্, শঙ্করের নিমিত্ত ঐ শক্তি নির্মাণ করিয়াছিলেন। উহা ভূচর, থেচর ও জলচর প্রভৃতি সমুদায় প্রাণীর বিনাশে সমর্থ। উহার দণ্ড ্ঘণী, পতাকা, মণি ও হীরক সমলঙ্কত এবং স্থবর্ণ ও

বৈত্র্য্য খচিত। ধর্মরাজ যুধিষ্ঠির মন্ত্রবাজের বিনাশ সাধনার্থ সেই অস্থর-বিনাশক, অন্যর্থ, ব্রহ্মদণ্ড দলিভ শক্তি মন্ত্রপূত করিয়া প্রযত্ন সহকারে মহা-বেগে নিক্ষেপ করিলেন। পূর্বে রুদ্রদেব যেমন অন্ধকাস্তরের প্রতি শর নিক্ষেপ করিয়াছিলেন, তজ্ঞাপ ধর্মরাজ এক্ষণে মদ্ররাজের প্রতি সেই প্রাণান্তকর শক্তি প্রয়োগ করিয়া রে পাপ ! তুই নিহত হইলি, এই বলিয়া তত্ত্বন গত্ত্বন করত হৃদ্ঢ় ভুজদণ্ড প্রদারণ পূর্ববক ক্রোধভরে যেন নৃত্য করিতে লাগিলেন। তথন মদ্রাজ হুতাশন যেমম বিধি-পূর্ববিক হুত স্থুত-ধারা গ্রহণ করিতে উৎস্থক হন, তদ্রূপ দেই যুধিষ্ঠিরপ্রেরিত তুর্নিবার শক্তি গ্রহণ করিবার নিমিত্ত .সমুখিত হইয়। সিংহনাদ করিতে আরম্ভ করিলেন। অনস্তর দেই শক্তি মন্তরাজের অতি বিশাল শুভ্র বক্ষস্থল ও সমুদায় মর্ম্ম ভেদ পূর্বক ধর্মরাজের যশ বিস্তার করিয়া সলিলের ভাগ অপ্রতিহতবেগে ভূমধ্যে প্রবেশ করিল। তথন মদ্রোজ নাসা, চক্ষু, কর্ণ ও আস্থাদেশ হইতে বিনিঃস্ত রুধিরধারায় সংসিক্ত কলেবর হুইয়া কার্ত্তিকেয়নিহত ক্রেক্টিঞ্চ পর্বতের ক্যায় শোভা পাইতে লাগিলেন এবং অবিলয়ে বাহু প্রসারণ পূর্বাক কুলিশদলিত গচলাশখারের আধি, সমুচ্ছ্রিত ইন্দ্রধাজের ন্যায় রথ হইতে ভূতলে নিপতিত হইলেন। বোধ হইতে লাগিল যেন বহুদ্ধরা প্রিয়তম পত্নীর ন্যায় প্রণয় পূব্দক তাঁহারে প্রত্যুদ্ধামন ও অালিঙ্গন করিতেছে। তিনি যেন বস্কন্ধরারে প্রিয়ত্ত্য পত্নীর স্থায় বহুকাল উপভোগ করিয়া তাহারে গাঢ় আলিঙ্গন পূর্ব্বক স্তযুপ্তি লাভ করিলেন। ে হে মহারাজ! এইরূপে মহাবীর শল্য ধর্ম্মযুদ্ধে ধর্মনন্দনের হস্তে নিহত হইয়া হোমাবসানে প্রশান্ত হুতাশনের ন্যায় শোভা পাইতে লাগিলেন। শক্তি দার৷ তাঁহার অঙ্গ, আয়ুধ ও হাদয় বিদীর্ণ হইলেও তিনি কিছুমাত্র শোভাবিহীন হন নাই। অনন্তর দর্মারাজ যুধিষ্ঠির ইন্দ্রধনু প্রতিম শরাসন গ্রহণ করিয়া খগরাজ যেমন পন্নগগণকে বিমদ্দিত করে, তজ্রপ কৌর্ষ সৈন্য-গণকে বিদলিত করিতে লাগিলেন। তাঁহার স্থানিশিত ভল্লে ক্ষণকাল মধ্যে অসংখ্য কৌরব দেন। বিনষ্ট হইল। অনেকে তাঁহার শর্নিকরে সমাচ্ছন্ন হইয়া নিমীলত লোচনে পরস্পর পরস্পরকে নিপীড়ন পূর্বক রুধিরাক্ত কলেবরে অন্ত শন্ত্র বিহীন ও পঞ্চত্ব প্রাপ্ত হইল।

অনস্তর মদ্রাজের অনুজ ভাতা জ্যেষ্ঠের নিধনে ক্রোধান্থিত হইয়া যুধিজিরের প্রতি ধাধমান হইলেন। ঐ মহাবীর মদ্রাজের ন্যায় সর্ববঞ্চ সম্পন্ন।
তিনি ভাতৃথাণ প্রারশোধের নিমিত্ত অসংখ্য নারাচ দ্বারা ধর্মনন্দনকৈ বিদ্ধ
করিতে লাগিলেন। তথন রাজা যুধিষ্ঠির অতি সম্বরে ছয় শরে তাঁহারে বিদ্ধ
করিয়া তুই ক্ষুরান্ত্রে তাঁহার শরাসন ও রথধ্বজ ছেদন পূর্বক এক দেদীপ্যমান
মৃদৃ ভল্পে তাঁহার শিরশেছদন করিয়া ফেলিলেন। তাঁহার সেই কুণ্ডলালক্ক্কত
মস্তক রথ হইতে নিপতিত ইলেন বোধ হইল যেন কোন স্বর্গবাসী পুণ্যাবসানে
মর্গ হইতে নিপতিত ইলেন। তৎপরে তাঁহার সেই মস্তকশূন্য রুধিরাক্ত
কলেবর ভূমিসাৎ হইল।

় হে মহারাজ ! এইরূপে বিচিত্র কবচমণ্ডিত মহারথ শল্যানুজ নিহত হইলে কৌরবগণ পাণ্ডবভয়ে ভাত হইয়া জীবিতাশা পরিত্যাগ পূর্বক ধূলি-ধুদারিত কলেবরে হাহাকার করত পলায়ন করিতে লাগিলেন। ঐ সময় মহা-বীর সাত্যকি সেই উয়পলায়িত কৌরবগণের প্রতি অনবরত শর বর্ষণ পূর্বক ধাবমান হুইলেন। মহাবীর ক্তবর্মা তদ্দর্শনে ক্রুদ্ধ হুইয়া নিভীকচিত্তে সেই তুর্দ্ধর মহাধনুদ্ধর যুযুধানকে আক্রমণ করিলেন। এইরূপে সেই মার্ভগু সদৃশ তেজঃ পুঞ্জকলেবর সিংহবিক্রান্ত বীরদ্বয় পরস্পার মিলিত হইয়া নিমালপ্রভ শরনিকরে পরস্পারকে আচ্ছন্ন করিতে লাগিলেন। তাঁহাদের শরাসনচ্যুত শরনিকর নভোমগুলস্থিত পক্ষিগণের ন্যায় শোভা ধারণ করিল। অনস্তর মহা-বীর কুতবর্মা দশ বাণে সাত্যকিরে এবং তিন শরে তাঁহার অশ্বগণকে বিদ্ধ করিয়া এক নতপর্বব শরে তাঁহার শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তথন মহাধনুর্দ্ধর সাত্যকি সেই ছিন্ন কাম্মুক পরিত্যাগ ও অবিলম্বে অন্য এক হুদৃঢ় শরাসন গ্রহণ পূর্বক দশ-বাণে কৃতবর্মার বক্ষন্থল বিদ্ধ করিয়া ভল্লাস্তে তাঁহার রথ, যুগ ও ঈষা ছেদন এবং অশ্বগণ ও পাঞ্চি সার্থিদয়কে বিনাশ করিলেন । ঐ সময় মহাবীর কুপাচার্য্য কুতবর্মারে রথবিহীন দেখিয়া সহরে ষীয় রথে আরোপিত করিয়া তথা হইতে অপস্ত হইলেন।

হে মহারাজ ! হুর্য্যোধনের সৈন্যগণ মন্ত্রাজের নিধনে পূর্ব্বেই নিতান্ত ভীত হইয়াছিল, এক্ষণে তাহারা কৃতবর্মারে রথবিহান দেখিয়া অধিকতর শঙ্কিত হইয়া পুনরায় পলায়ন ক্রিতে লাগিল। ঐ সময় সমরাঙ্গন রজোরাশিতে সমা- চহন্ন হইলে আর কিছুই দৃষ্টিগোচর হইল না। আপনার দৈন্যগণের অধিকাংশই বিন্ট হইথা গেল। কিয়ৎক্ষণ পরে দেই সমুখিত রজোরাশি শোণিত-নিস্রবে. সিক্ত ও প্রশাসত হইল। তথন রাজা তুর্য্যোধন স্থীয় দৈন্যগণকে পরাত্মুখ এবং পাশুবগণ, সাত্যকি ও ধ্রুট্যুম্বকে রখারোহণে বেগে সমাগত সন্দর্শন করিয়া একাকীই নিশিত শরনিকরে অরাতিগণকে নিবারণ করিতে লাগিলেন। মর্ত্তেরা যেমন আসম্ম মৃত্যুরে নিবারণ করিতে পারে না, তত্রপ অরাতিগণ কোন ক্রনেই তুর্য্যোধনকে নিবারণ করিতে সমর্থ হইলেন না। ঐ সময় মহাবীর ক্রতবর্মাও অন্য এক রথে আরোহণ করিয়া শক্রগণের সহিত্যুদ্ধে প্রস্ত হইলেন। তথন মহারথ রাজা যুধিষ্ঠির চারি বাণে ক্রতবর্মার অখ্বাণকে নিপাতিত করিয়া ছয় ভল্লে কুপাচার্য্যকে বিদ্ধ করিলেন। মহাবীর অখ্বামা ক্রতবর্মারে যুধিষ্ঠিরের শরে অখ্ব ও রথবিহীন দেখিয়া স্বীয় রথে আরোপিত করত যুধিষ্ঠিরের নিকট হইতে অপস্তত হইলেন। তথন মহাবীর কুপাচার্য্য যুধিষ্ঠিরকে ছয় ও তাঁহার অশ্বগণকে আট বাণে বিদ্ধ করিলেন।.

হে মহারাজ! এইরূপে আপনার ও আপনার পুত্র ছুর্য্যোধনের ছুর্মান্ত্রনায় অসংখ্য সৈন্য বিনফ হইল। কুরুপুঙ্গব যুধিষ্ঠির শল্যকে নিহত করাতে পাগুবগণ মহা আহলাদে একত্র সমবেত হইয়া রুত্রাহ্মর নিধনান্তে দেব-গণ যেমন ইল্রের প্রশংসা করিয়াছিলেন, তজ্রপ ধর্মরাজ্ঞকে অগণ্য ধন্যবাদ প্রশান করিয়া চতুদ্দিক্ হইতে শহ্ম ও বিবিধ বাদিত্র বাদন পূর্বক বহ্মরা প্রতিধানিত করিতে লাগিলেন।

### অষ্টাদশ অধ্যায় ।

হে মহারাজ ! এইরূপে মহাবার মন্দ্ররাজ নিহত হইলে তাঁহার অনুচর
সপ্তশত রথী সংগ্রামার্থে ধাবমান হইল। ছত্র ও চামর পরিশোভিত রাজা তুর্যোধন অচল দল্লিভ হস্তিপৃষ্ঠে আরোহণ পূর্বেক মন্দ্রকলিগকে বারংবার নিষেধ
করিলেন, কিন্তু তাহারা তাঁহার বাক্যে অনাস্থা করিয়া যুধিষ্ঠিরকে বিনাশ
করিবার মানদে পাণ্ডর সৈন্য মধ্যে প্রবেশ পূর্বেক শরাদনে টক্কার প্রদান
করত অরাতিগণের সহিত সংগ্রাম করিতে লাগিল। ঐ সময় মহাবীর ধনঞ্জয়
মন্দ্রাজ শল্য নিহত ও যুধিষ্ঠির নিপীড়িত হইয়াছেন শ্রাবণ করিয়া গাণ্ডীবনিশ্বন ও রথ নির্ঘোষে দশ দিক্ পরিপূর্ণ করত সংগ্রামে সমাগত হইলেন।

অনস্তর অর্জ্জুন, ভীমদেন, নকুল, সহদেব, সাত্যকি, ধ্রউত্যন্ধ, শিখণ্ডী, দ্রৌপদীর পাঁচ পুজ এবং পাঞ্চাল ও সোমকগণ যুধিষ্ঠিরের সাহায়্যার্থ তাঁহার চতুর্দিকে অবস্থান পূর্বক মকর যেমন সাগরকে ও মহাবাত যেমন রক্ষ সকলকে কম্পিত করে, তজ্ঞপ কৌরব সৈন্যগণকে বিক্ষোভিত করিতে লাগিলেন। ঐ সময় মহারথ মদ্রকগণ পাণ্ডব সেনাগণকে পুনরায় আলোড়িত করিয়া, রাজা যুঁধিষ্ঠির ও তাঁহার জাতৃগণ কোথায় ? এই বলিয়া চাৎকার করিতে লাগিলা। তথন মহাবীর ধ্রউত্যুন্ধ, সাত্যকি, শিখণ্ডী, দ্রৌপদীর পাঁচ পুজ ও পাঞ্চালগণ দেই মদ্ররাজের অনুচরদিগকে নিপীড়িত করিতে লাগিলান। মদ্রদেশীয় বীরগণ কেহ কেহ ছিন্ন মহাধ্বজ ও কেহ কেহ চক্রের আঘাতে বিমণ্ডিত হইয়া প্রাণ পরিত্যাগ করিল। অবশিষ্ট মদ্রকগণ পাণ্ডব-গণকে অবলোকন পূর্বক মহাবেগে তাঁহাদের প্রতি ধাবমান হইলে মহারাজ হুর্য্যোধন তাহাদিগকে সাজ্বনা করত বারংবার নিবারণ করিতে লাগিলেন; কিন্তু তাহারা কোন জৈমেই তাঁহার শাসন রক্ষা করিল না।

অনুন্থর গান্ধাররাজপুত্র শকুনি কুরুরাজকে কহিলেন, হে ছুর্য্যোধন! ছুমি সংগ্রামে বর্ত্তমান থাকিতে এই মন্ত্রক সৈন্যগণ নিহত হইতেছে; ইহা কোন রূপেই যুক্তিসিদ্ধ নহে। তুমি পূর্ব্বে নিয়ম করিয়াছিলে যে, সকলে সমবেত হইয়া যুদ্ধ করিবে, তবে এক্ষণে কি নিমিত্ত অরাতিগণকে সৈন্য সংহার করিতে দেখিয়াও নিশ্চন্ত রহিয়াছ ? ছুর্য্যোধন শকুনির বাক্য প্রাবণ করিয়া কহিলেন, হে মাতুল! আমি ইহাদিগকে সমরে প্রয়ন্ত হইতে বারংবার নিষেধ করিয়াছি; কিন্তু ইহারা তাহা অগ্রাহ্ম করিয়াছে। ইহারা আমার বাক্যে অনাস্থা প্রদর্শন পূর্বক পাশুব সৈন্যগণকে আক্রমণ করিয়াই নিহত হইতেছে, ইহাতে আমার অপরাধ কি ? তথন শকুনি কহিলেন, কুরুরাজ! বীরগণ ক্রেদ্ধ হইলে প্রভুর শাসন রক্ষা করিতে পারে না। অতএব তুমি কোপ সম্বরণ কর; এক্ষণে উপেক্ষা করিবার সময় নহে। চল, আমরা সকলেই রথ, কুঞ্জর ও অশ্বগণকে সমভিব্যাহারে করিয়া পরস্পরের রক্ষায় রুত্তনিশ্চয় হইয়া মন্ত্রক্ষণরের পরিব্রানার্থে গমন করি।

হে মহারাজ! রাজা ছুর্য্যোধন এইরূপ অভিহিত হইয়া অসংখ্য সৈন্য শুমভিব্যাহারে সিংহনাদে মেদিনী কম্পিত করত গমন করিতে লাগিলেন। অন্যান্য বীরগণও মদ্রকদিগের রক্ষার্থে ধাবমান হইলেন। তথন কৌরব সৈন্যান্য বিহৃত্ত, কর, বিদ্ধা কর, আক্রমণ কর, প্রহার কর, ছেদন কর, ইত্যাকার তুমুল শব্দ সমুখিত ইইতে লাগিল। ঐ সমগ্য পাগুবগণ মদ্রাজের অনুচরগণকে দর্শন পূর্বেক মধ্যম ব্যুহে অবস্থান করিয়া তাহাদিগের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। মদ্রকগণ মুহূর্ত্তকাল বাহুযুদ্ধ করিয়া নিহত হইল। এইরূপে পাগুবগণ কৌরব পক্ষীয় বীরগণের সমক্ষেই মদ্রকদিগকে নিপাতিত করিয়া আনন্দিত চিত্তে কোলাহল করিতে লাগিলেন। ঐ স্লময় চতুদ্দিক্ হইতে কবন্ধ সমূহ সমুখিত ও সূর্য্যমণ্ডল হইতে উল্লোজাল নিপতিত হইল। ভগ্ন রথ, যুগ, অক্ষ, নিহত মহারথ ও নিপতিত অশ্বগণে পৃথিবী সমাকীর্ণ হইল। বায়ুতুল্য বেগশালী তুরঙ্গমগণ সারথি বিহীন হইয়া যদৃচ্ছাক্রমে যোধগণকে ইতন্তত সমানীত করিতে লাগিল এবং কোন কোনটা ভগ্নচক্র রথ বহন ও কোন কোনটা রথান্ধ লইয়া দশ দিকে পরিজ্ঞমণ করিতে লাগিল। রথিগণ ক্ষীণপুণ্য স্বর্গচ্যুত সিদ্ধগণের স্থায় রথ হইতে ভূতলে পতিত হইলেন।

হে মহারাজ! এইরূপে মদ্ররাজের সন্ট্রগণ নিহত হইলে জয়গৄয়ৢ
মহারথ পাশুবগণ শশুনিস্থন ও শরশক করত মহাবেগে সমাগত কৌরব
সৈন্দের সম্মুখীন হইয়া চাপ নির্ঘোষ ও সিংহনাদ করিতে লাগিলেন। তখন
হুর্যোধনের সৈন্যগণ মহাবীর মদ্ররাজের দৈন্য সমুদায়কে নিহত দেখিয়া পুনরায় সমরে পরাজুখ ও জয়শীল পাশুবগণের শরে দৃত্তর নিপাড়িত হইয়া
প্রাণভয়ের দশ দিকে পলায়ন করিতে আরম্ভ করিল।

### একোনবিংশতিতম অধ্যায়।

হে মহারাজ! নিতান্ত তুর্দ্ধর্ব মহারথ মদ্ররাক্ষ নিপাতিত হওয়াতে আপনার পক্ষীয় বীরবর্গ ও আপনার পুত্রগণ প্রায় সকলেই দমরে পরাধ্যথ হইলেন। অগাধদাগরে নৌকা ভগ্ন হইলে বণিকেরা যেমন পার লাভের প্রত্যাশা করে, তক্ষপে তাঁহারা মদ্ররাজের নিধনানন্তর আশ্রয়লাভের অভিলাষ করিতে লাগিলেন। অনন্তর আমরা সকলেই দেই মধ্যাহ্নকালে শরনিকরে ক্ষতবিক্ষত, নিতান্ত ভীত ও প্রাজিত হইয়া দিংহনিপীড়িত মুগযুধের ন্যায়, ভগ্নশুক্র ব্যভের ন্যায়, শীর্ণদন্ত মাতক্রের ন্যায় প্রতিনিবৃত্ত হইলাম। তৎকালে কোন যোদ্ধাই দৈন্ত সন্ধান ও বিক্রম প্রকাশ ক্রিতে সাহদী হইলেন না।

মহাবীর ভীষা, দ্রোণ ও সৃত্যু নহত হইলে যোদ্ধাদিগের যেরূপ হুংখ ও ভয় উপস্থিত হইয়াছিল, একণে মন্ত্রাজ শল্য কলেবর পরিত্যাগ করিলে তাঁহাদের উদ্ধাপ ভয় ও শোক উপস্থিত হইল। তথন তাঁহারা জয় লাভে এককালে নিরাণ ইইয়া ক্ষত বিক্ষত কলেবরে ভাত চিত্তে কৈহ কেহ অথে, কেহ কেহ গজে, কেহ কেহ রথে ও কেহ কেহ বা পাদচারে মহাবেগে পলায়ন করিতে লাগিলেন। গনেকে শত্রুশরে সমাহত হইয়া সমরশ্যায় শয়ন করিলেন। প্রত্যাকার নিদহক্র নাত্র অঙ্কুশ এহার ও অঙ্গুঠের তাড়নে স্থালিত হইয়া মহাবেগে গমন করিতে লাগিল। হে মহারাজ! এইরপে আপনার পক্ষীয় বারগণ বিপক্ষের শরজালে সমাহত হইয়া ঘন ঘন দার্ঘনিশ্বাস পরিত্যাগ করত চতুদ্ধিকে পলায়ন করিতে আরম্ভ ক্রিলেন।

তথন পাণ্ডৰ ও পাঞ্চালগণ কৌৱৰগণকে প্ৰাজিত, হতোৎসাহ ও ছিন্ন ভিন্ন দেখিয়া বিজয়াভিলাষে ধাবমান হইলেন। ঐ সময় ঘোরতর শরশব্দ, ্সিংহনাদ ও শব্ধধানি সমুখিত হইল। পাণ্ডব ও পাঞ্চালগণ কৌরব সৈন্য-দিগকে ভয়বিহ্বল ও পলায়নপ্রায়ণ অবলোকন করিয়া প্রস্পার কহিতে লাগিলেন, আজি সত্যসন্ধ রাজা বুঁনিষ্ঠির শক্রহান হইলেন। আজি ধৃতরাষ্ট্র-তন্য তুর্য্যোধন রাজশ্রী বিহান হইল। আজি রাজা পুতরাষ্ট্র পুজের মৃত্যু-সংবাদ প্রবণে নিতান্ত বিহবণ ও বিনোহিত হইয়া ভূতলে নিপতিত হই-বেন। আজি তিনি ধর্মরাজ যুণিষ্ঠিরকে ধকুর্দ্ধরগণের মঞাগণ্য বলিয়া বিবেচন। এবং আপনারে মন্দবুদ্ধি বলিয়া অবজ্ঞা করিবেন। আঞ্জি উাহারে বিভূরের বাক্য সত্য বলিয়া অবধারণ করিতে হইবে। আজি. অবধি তিনি যুধিষ্ঠিরের নিকট ভূত্যভাবে অবস্থান করিয়া পাণ্ডবেরা য়েরূপ তুঃখ প্রাপ্ত হইয়াছিলেন, কৃদ্রপ তুঃখপরপ্ররা অনুভব করিবেন। আজি তিনি কুষ্ণের মহাত্ম্য এবং অর্জুনের আতি ভাষণ গাণ্ডীব নিষ্বন, অস্ত্রবল ও ভুক্কবীর্য্য সম্যক্ অবগত হইবেন। আজি কৌরবগণ দেবরাজনিহত. বলাস্তব্যের ন্যায় প্রর্যোধনকে বিনক্ট দেখিয়া ভীমের ভয়ঙ্কর বাহুবলের পরিচয় পাইবে। মহাবার রুকোদর জুঃশাসন বধকালে ফেরূপ ভাষণ কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন, মার কেঁহই তদ্ধপ কার্য্য করিতে সমর্থ নহে। আজি কৌরবগণ দেবগণেরও নিতান্ত তঃসহ মদ্রোঞ্জকে নিহত

শ্রেবর্ণ করিয়া পাণ্ডবজ্যেষ্ঠ যুধিষ্ঠিরের পরাক্রম বিদিত হইবেন। আজি রাজা ধৃতরাষ্ট্র মহাবল স্থবলনন্দন ও অন্যাত্য গান্ধারগণকে বিনফ শ্রেবন করিয়া মাদ্রীতনয় নকুল ও সহদেবকে নিতান্ত তঃসহ বলিয়া স্থির করিবেন। দেখ, মহাবীর খনঞ্জয়, সাত্যকি, ভীমদেন, ধৃষ্টত্যন্ন, দ্রোপদীর পঞ্চপুত্র, নকুল, সহদেব, শিখণ্ডী ও ধর্মারাজ যুধিষ্ঠির বাঁহাদিগের যোদ্ধা, ত্রিলোকীনাথ বাহ্মদেব বাঁহাদিগের একমাত্র আশ্রয় এবং নিরন্তর ধর্মান্ত্র্তানই বাঁহাদিগের অভিপ্রেত, তাঁহাদিগের কি নিমিত্ত জয় লাভ্, হইবে, না ? মহাত্মা বাহ্মদেব বাঁহার নাথ, সেই ধর্মারাজ যুধিষ্ঠির ব্যতিরেকে আর কোন্ বীর ভীম, দ্রোণ, কর্ণ, মদ্রবাদ্ধ ও অন্যাত্য অসংখ্য মহাবল পরাক্রান্ত নৃপতিরে পরাজয় করিতে সমর্থ হন।

হে মহারাজ! পাশুবপক্ষীয় বীরগণ আপনার যোদ্ধাদিগকে ছিন্ন ভিন্ন
দেখিয়া হৃন্টান্তঃকরণে পরস্পার এইরূপ কহিতে কহিতে তাঁহাদিগের অকুসরণ করিতে লাগিলেন। মহাবার ধনঞ্জয় রথদৈন্যের এবং মহারথ নকুল, সহদেব ও সাত্যকি শকুনির প্রতি পাবমান হইলেন। তথন রাজা তুর্য্যোধন ভীমভয়ে স্বীয় দৈন্যগণকে ধাবমান দেশিয়া বিশ্বয়াবিকী চিত্তে সার্থিরে কহিলেন,
হে সূত্ত! ধ্রুর্দ্ধর ধনঞ্জয় আমারে স্তিক্রম করিবার চেন্টা করিতেছে; অতএব
তুমি এক্ষণে দৈন্যগণের পশ্চাহভাগে অশ্ব সঞ্চালন কর। আমি পশ্চাহভাগে
মুদ্ধ ক্রিলে মহাসাগর যেমন তারভূমিকে স্তিক্রম করিতে সমর্থ হয় না, তজ্রপ
ধনঞ্জয় কিছুতেই আমারে অতিক্রম করিতে সমর্থ হইবে না। ঐ দেখ, পাশুবেরা
ভাষার দৈন্যগণের পশ্চাহ পশ্চাহ ধাবমান হইতেছে। দৈন্যগণের চরণ সমুবিত ধূলিজাল নভোমগুলে উজ্ঞীন ইইয়াছে এবং বীরগণ ভয়্মন্তর সিংহনাদ
পরিত্যাগ ক্রিতেছেন; স্বত্রব তুমি দৈন্যগণের পশ্চাহ ভাগ রক্ষা করিবার
নিমিত্ত মন্দ্রভাবে অশ্ব সঞ্চালন কর। আমি সমরে অবস্থান করিয়া পাশুবগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে আমার দৈন্যগণ নিশ্চয়ই প্রতিনির্ভ হইবে।

কুরুরাজ সারথি তাঁহার সেই বীরজনোচিত বাক্য প্রবণ করিয়া স্থবর্ণমণ্ডিত অশ্বগণকে মন্দমন্দ সঞ্চালন করিতে, লাগিল। তথন হস্তী, অশ্ব ও রথবিহীন এক বিংশতি সহক্র পদাতি প্রাণ পর্য্যন্ত পণ করিয়া যুদ্ধার্থ প্রস্তুত হইল এবং নানা দেশীয় অন্যান্য যোধগণ যশোলোলুপ হইয়া সংগ্রামে মনোনিবেশ করিলেন।

অনস্তর সেই ছাউচিত্ত দৈন্যগণ খ্রাতিগণের সহিত সমবেত হইলে উভয় পক্ষে হোরতর যুদ্ধ উপস্থিত হইল। মহাবীর ভীমদেন ও পুষ্ঠগ্রন্থ চতু-রঙ্গ বল সমভিব্যাহারে সেই বিবিধ জনপদবাসী কৌরব পক্ষীয় যোধগণকে নিবারণ করিতে লাগিলেন। বারলোক গমনাভিলাধী পদাতিগণও সিংহনাদ ও আম্ফোট শব্দ করিয়া পরমাহলাদে ভীমদেনের প্রতি ধাবমান হইল। আপনার পুত্রগণ রকোদরকে প্রাপ্ত হইয়া ক্রোধাবিষ্ট চিত্তে দিংহনাদ পরি-পরিত্যাগ পূর্বক চতুদ্দিক্ হইতে তাঁহারে পরিবেফীন করিয়া প্রহার করিতে আরম্ভ করিলেন। মহাবীর ভীমদেন সমরাঙ্গনে পদাতিগণ কর্ত্তক পরিবৃত এবং বারংবার সমাহত হইয়াও মৈনাক পর্বতের ন্যায় অবিচলিতভাবে অবস্থান করিতে লাগিলেন। ঐ সময় পাশুব পক্ষীয় মহারথগণ রোষভরে অন্যান্য যোধগণকে প্রহার করিয়া নিবারণ করিতে লাগিলেন। তথন ভীমপরাক্রম ভীমসেন ক্রোণভরে দণ্ডপাণি ক্তান্তের ভাষ এক স্থবর্ণমণ্ডিত ভাষণ গদা গ্রহণ পূর্ব্বক রথ হইতে ভূতৰে অবতীর্ণ হইয়া সেই একবিংশতি দহস্র পদাতি দৈন্যকে বিপোণিত করিয়া ফেলিলেন এবং অবিলম্বে ধ্র**উত্যান্নকে অগ্রসর** করিয়া তথা হুইতে তিরোহিত হুইলেন। পদাতিগণ নিহত হুইয়া রুধিরাক্ত কলেবরে বায়ুবিপাটিত পুষ্পিত কর্ণিকারের ন্যায় সমরশয্যায় শয়ান রহিল।

হে মহারাজ ! এইরপে ঐ যুদ্ধে অস্ত্রশন্ত্রধারী কুণুলালঙ্কত নানা দেশীয় নানা জাতীয় লোক সকল নিহত হইল। ধ্বজ পতাকাসম্পন্ধ পদাতি সৈন্য নিপ্তিত হওয়াতে সমরাঙ্গন অতি ভয়ানক হইয়া উঠিল। তথন যুধিষ্ঠির প্রভৃতি মহারথণ কৌরব পক্ষীয় মহাধকুর্দ্ধরগণকে সমরপরাত্ম্য অবলোকন করিয়া সদৈন্যে আপনার পুত্র তুর্ব্যোধনের প্রতি ধাবমান হইলেন। ঐ সময় আমরা হুর্যোধনের অতি অন্তুত পরাক্রম অবলোকন করিলাম। পাওঁবগণ একত্র সমবেত হইয়াও সেই একমাত্র বীরকে অতিক্রম করিতে সমর্থ হইলেন.না। অনন্তর কুরুরাজ কতবিক্ষতাঙ্গ হইয়া অনতিদূরপ্রস্থিত স্বীয় সৈন্যগণকে সম্বোধন ক্রিয়া কহিলেন, হে যোধগণ! তোমরা পৃথিবী বা পর্বত মধ্যে যে কোন প্রদেশে গমন কর, কোন স্থানেই পাণ্ডব্দিগের হস্তে পরিত্রোণ লাভে সমর্থ হইবে না; তবে র্থা পলায়ন করিবার প্রয়োজন কি ? দেখ, পাণ্ডবগণের প্রতি অল্পন্ত ক্রমাত্র সৈন্য অবশিষ্ট আছে এবং কৃষ্ণ ও অর্জ্বন অত্যন্ত ক্তবিক্ষত

হইলে নিশ্চয়ই সামাদিগের জয় লাভ হইবে। হে বারগণ। তোমরা পলায়নে প্রবৃত্ত হইলে পাশুবেরা নিশ্চয়ই তোমাদের অনুগমনপূর্বক তোমাদিগকে সংহার করিবে; অতএব তাহা অপেকা রণস্থলে মৃত্যুই শ্রেয়য়কয়। হে সমাগত ক্রিয়য়বা। আমি যাহা বলিতেছি, প্রবণ কর। সর্বান্তকারী কৃতান্ত, বারই হউক আর ভীরুই হউক, সকলকে বিনাশ করেন; অতএব ক্রিয়ের সমরপ্রাশ্ব্যুর হওয়া নিতান্ত মুর্যতার কার্যা। একণে ক্রোগাবিস্ট ভামসেনের সম্মুর্যে অবস্থান করাই আমাদিগের প্রেয়য়কয়। ক্রিয়েগ্রান্ত্রার ব্যালার পর নাই স্থজনক। দেখ, মানবগণ গৃহে অবস্থান করিলেও কদাচ মৃত্যুরে অতিক্রম করিতে পারে না। অতএম ক্রেয়রান্ত্রারে সংগ্রামে প্রবৃত্ত হওলোই অবশ্যু কর্ত্তরা। যুদ্ধে জয় লাভ হইলে ইহলোকে স্থভাগ এবং মৃত্যু হইলে পরলোকে কর্প লাভ হয়। হে কোরবগণ। যুদ্ধ অপেকা স্বর্গ লাভের আর কোন উৎকৃষ্ট উপায় নাই। যুদ্ধে নিহত হইলে অবিলম্বেই অতি চ্য়ের্জ লাকলাভে সমর্য হয়।

হে মহারাজ! ভূপালগণ তুর্য্যোধনের সেই নাক্য প্রবণ পূর্ব্বক উহার প্রশংসা করিয়া পুনরায় সেই বধোন্তত পাঙ্বগণের প্রতি ধাবমান হইলেন। তথন জয়াভিলাষা পাণ্ডবগণও ক্রোধভরে সমাগত কৌরবপক্ষীয় বীরগণকে আর্ক্রমণ করিলেন। মহাবল পরাক্রান্ত ধনঞ্জয় ত্রিলোকবিখ্যাত গাণ্ডীব শরাস্থানে টক্কার প্রদান করত সমরস্থালে সমুপস্থিত হইলেন। নকুল, সহদেব ও মহাবল পরাক্রান্ত সাত্যকি মহাবেগে আপনার সৈন্যমণ্যে শকুনির প্রতি গমন করিতে লাগিলেন।

### বিংশতিতম অধ্যার।

হে মহারাজ! দৈন্যগণ সমরে প্রবৃত্ত হইলে ফ্রেছাধিপতি শাল্প কোপাবিষ্ট হইয়া এক ঐরাবত সদৃশ অরাতিমর্দ্দন পর্বতাকার মহাগজে আরোহণ
পুর্বক পাগুব সৈন্যের প্রতি ধাবমান হইলেন। ফ্রেছরাজের সেই মাতক সৃদ্ধংশপ্রসূত, গজবিজ্ঞানবিশারদ ব্যক্তিগণ কর্ত্তক স্থশিক্ষিত ও তুর্য্যোধনের সতত
আদরণীয়। মহারাজ শাল্প সেই মহাগজে সমারত হইয়া নিশাবসানে উদয়াচলক্রিত দিবাকরের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং পাগুবগণের প্রতি ধাব-

মান হইয়া ইন্দ্রাশনি সদৃশ ভীষণ নিশিত শরনিকরে যোধগণকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন। তৎকালে কি আত্মপক্ষীয় কি পরপক্ষীয় কেইই দেই ঐরাবতিহিও বাদব সদৃশ বীরবরের কোন ছিদ্র দেখিতে পাইলেন না। পাশুব, পাঞ্চাল ও স্প্রেরণ দেই একমাত্র মাতঙ্গকে সহস্র কলিয়া বোধ করিতে লাগিলেন। বিপক্ষ পক্ষীয় সৈন্যগণ দেই মহাগজের প্রভাবে বিদ্রাবিত ও তাহার বেগ সহ্ করিতে অসমর্থ হইয়া ভীতচিত্তে সমর পরিত্যাগ পূর্বক সহসা মহীবেগে চতুর্দ্ধিকে ধাবমান হইল। আপনার পক্ষীয় যোধগণ পাশুব সৈন্যগণকে পলায়নে প্রত্ত্ত দেখিয়া মহারাজ শাল্পকে অগণ্য ধন্যবাদ প্রদান পূর্বক শশাঙ্ক সদৃশ শেতবর্ণ শন্ধ বাদিত করিতে লাগিলেন।

তথন পাণ্ডব ও সঞ্জয়গণের দেনাপতি মহাবীর ধৃষ্টত্বন্ধে প্রমোদিত . কৌরবগণের সেই শঙ্খনিনাদ অসহ্য জ্ঞান করিয়া জম্ভান্থর যেমন ইন্দ্রের সহিত যুদ্ধ করিবার সময় গজরাজ ঐরাবতের প্রতিধাবমান হইয়াছিল, তজ্ঞপ অতি সত্বরে বিজয় লাভার্য শাল্বরাজের গজের প্রতি ধাবমান হইলেন। মহারাজ শাল্প ধৃষ্টভূত্নেকে সহ্সা সুমাগত দেখিয়া তাঁহার বিনাশ বাসনায় তাঁহার অভিমুখে স্বীয় মাতঙ্গ সঞ্চালিত করিতে লাগিলেন। ধুষ্টগুল্ল সেই মহাগজকে আগমন করিতে দেখিয়া অনল দদৃশ উত্তাবেগ তিন নারাচ দারা তাহারে বিদ্ধ করিয়া তাহার কুম্ভদেশে পাঁচ নারাচ নিক্ষেপ করিলেন। শাব-রাজের মহাগজ এইরূপে ত্রুপদপুত্তের শরে বিদ্ধ হইয়া ত্রুভবেগে পলায়ন করিতে লাগিল। মহারাজ শাল্প অঙ্কুশ দ্বারা নাগরাজকে প্রতিনিবৃত্ত করিয়া পুনরায় অতি সম্বরে ধৃষ্টপ্রাম্বের অভিমুখে সঞ্চালন করিলেন। মহাবীর ক্রেপদ-তনয় মহাগজকে পুনর্ববার আগমন করিতে দেখিয়া ভীতচিত্তে গদা গ্রহণ পূৰ্বক মহাবেগে স্বীয় রথ হইঠে অবতীর্ণ হইলেন। গজরাজ তৎক্ষণাৎ দ্রুপদ-তনয়ের সেই স্থবর্ণভূষিত রণ, অশ্ব:ও দারণির সহিত উৎক্ষেপণ পূর্ণবিক চীৎ-কার কর্তৃ ধরাতলে বিপোথিত করিল। তথন ভীমদেন, শিখণ্ডী ও সাত্যকি সেই নাগবর কর্ত্ব ধ্রউদ্যান্তকে নিপীড়িত দেখিয়া মহাবেগে আগমন পূর্বক শরনিকরে মাতকের বেগ নিবারণ করিতে লোগিলেন। গজরাজ রথিগণ কর্ত্তক নিপীড়িত হইয়া নিতাস্ত বিচলিত হইল। তথন মহারাজ শাল্প চতুদ্দিকে ্দিবাৰুরের ক্রজাল সদুশ শরজাল বর্ষণ করিতে লাগিলেন। রথিগণ তাঁহার

শরনিকরে নিপীড়িত হইয়া ইতস্তত পলায়ন করিতে আরম্ভ করিলেন। এ
সময় যোধাশ্রেষ্ঠ পাঞাল, মংস্থাও সঞ্জয়গণ শাল্পরাজের সেই ভাষণ কার্য্য
দর্শনে হাহাকার 'করত মাতকের চতুদিক্' অবরোধ করিলেন। তথন কোরব
সৈন্যনিস্দন মহাবীর ধ্রুইত্যুম্ম অচলশৃঙ্গ সদৃশ গদা গ্রহণ পূর্বেক মহানেগে
ধাবমান হইয়া জলদ সদৃশ পর্বেতাকার মদশ্রাবী মাতঙ্গকে সমাহত করিতে
লাগিলেন। গজরাজ ধ্রুইত্যুমের গদাঘাতে গভীর গর্জ্জন ও রুধির বমন করিয়া
ভূকম্পাচালিত ভূধরের ন্যায় ভূতলে নিপতিত হইল'। তদ্দর্শনে কোরবপক্ষীয়
সৈন্যগণ হাহাকার করিতে লাগিল। তখন শিনিবংসাবতংস সাত্যকি নিশিত
ভল্পে শাল্পরাজের শিরশেন্তদন করিলেন। মহাবীর শাল্পও ছিন্নমন্তক হইয়া
বজ্জবিদলিত বিপুল গিরিশৃঙ্গের ভায় অচিরাৎ সেই নাগরাজের সহিত ভূতলে
নিপতিত হইলেন।

# একবিংশতিত্য অধ্যায়।

হে মহারাজ! এইরূপে মহাবার শাল্প নিহত হঠলে আপনার পক্ষীয় সৈনিকগণ সমর পরিত্যাগ পূর্ন্বক পলায়ন করিতে লাগিল। মহাবল পরাক্রাস্ত মহারথ কৃতবর্মা তদ্দর্শনে বল পূর্ন্বক শক্র সৈন্যগণকে আক্রমণ করিলেন। কৌরব সৈন্যগণ কৃতবর্মারে সমরে সম্মুখান দেখিয়া প্রতিনির্ত্ত হইল। তখন উভয় পক্ষে ঘোরতর সংগ্রাম হইতে লাগিল। ঐ সময় আমরা মহাবীর কৃতবর্মার আশ্চর্য্য পরাক্রম অবলোকন করিলাম। তিনি একাকীই সমুদায় পাশুব সৈন্য নিবারণ করিলেন। তদ্দর্শনে কৌরবগণ হাইচিত্তে উচ্চঃম্বরে সিংহনাদ করিতে লাগিলেন। পাঞ্চালগণ সেই গগনস্পর্শী সিংহনাদ শ্রাবণ নিতান্ত ভীত হইয়া উঠিল। তখন মহাবাহ্ত সাত্যকি মহাবেগে আগমন পূর্ব্বক নিশিত সাত বাণে মহাবল পরাক্রান্ত রাজা ক্ষেমকীর্ত্তিরে নিপাতিত করিলেন। মহামতি কৃতবর্ম্মা মহাবাহ্ত যুযুধানকে সমাগত দেখিয়া মহাবেগে ভাঁহার প্রতি ধাবমান হইলেন।

অনুস্তর সেই শরাসনধারী সাত্বতবংশাবতংশ রথিদ্বয় পরস্পারকে আক্রমণ করিলেন। পাগুব, পাঞ্চাল ও অন্যান্ত ভূপালগণ তাঁহাদিগের সমর দর্শন করিতে লাগিলেন। তথন মহারথ সাত্যকি ও কুতবর্মা বৎসদস্ত ও নারাচ নিক্ষেপ পুর্বাক পরস্পারকে প্রহায় কুঞ্জারদ্বয়ের ন্যায় নিপীড়িত করিয়া বিবিধ.

মার্গে বিচরণ করত পরস্পার পরস্পারের শরনিকরে বারংবার সমাচ্ছন্ন হই-লেন। তাঁহাদিগের চাপবেগ সমুদ্ধুত শরজাল বেগবান্ পতক্ষগুণের ন্যায় আকাশপথে লক্ষ্ত হইতে লাগিল। অনন্তর সমরনিপুণ ক্তব্রা নিশিত, চারি বাণে মহাবীর সাত্যকির চারি অশ্ব বিদ্ধ করিলেন। মহাবার্হ সাত্যকি 9 অঙ্কুশতাড়িত মাতঙ্গের ন্যায় ক্রুদ্ধ হইয়া আট বাণে কৃতবর্মারে নিপীড়িত করিলেন। তথন মহাবীর কৃতবর্মা শিলানিশিত তিন বাণে যুযুধানকে বিদ্ধ করিয়া এক বাণে তাঁহার, শরাসন ছেদন করিয়া ফেলিলেন। ধকুর্ব্ধরাগ্রগণ্য স্ত্রাক শরাসন ছিম্ম হওয়াতে জোধে প্রজ্বাত হইয়া উঠিলেন এবং অবি-লম্বে সেই ছিন্ন চাপ পরিত্যাগ করিয়া অন্য শরাসনে শর সংযোজন পূর্বাক কুতবৰ্মার অভিমুখীন হইয়া নিশিত দশ বাণে তাঁহার ধ্বজ ছেদন এবং অশ্ব ও দারণির প্রাণ সংহার করিলেন। তখন মহারথ কৃতবর্মা স্বীয় স্থবর্ণমণ্ডিত রথ অশ্বসূত বিবর্জ্জিত দেখিয়া রোষাবিষ্ট চিত্তে শূল গ্রহণ পূর্বক সাত্যকির প্রতি নিক্ষেপ করিয়া আক্ষালন করিতে লাগিলেন। শিনিপ্রবীর সাত্যকি কৃত-বর্মারে বিমোহিত করিয়াই যেন নিশিত শরনিকরে দেই **শুল শতধা ছেদন** পূর্বক ভল্ল দ্বারা তাঁহার হৃদয় ভেদ করিলেন। মহাবীর কৃতবর্ম্মা এইরূপে শিক্ষি-ভাস্ত্র যুযুধানের শরে হতাশ্ব ও হত্যার্থি হইয়া স্কুতলে দণ্ডায়মান হইলেন।

হে মহারাজ! সেই দৈরথ যুদ্ধে মহাবীর কৃতবর্মা সাত্যকির প্রভাবে রথহীন হইলে কৌরব সৈন্যগণ নিতান্ত ভীত ও রাজা তুর্য্যোধন যৎপরোনান্তি বিষণ্ণ হইলেন। তথন কৃপাচার্য্য কৃতবর্মারে তদবস্থাপম দেখিয়া সম্বরে সাত্য-কির প্রতি ধাবমান হইলেন এবং পাগুব পক্ষীয় ধনুর্দ্ধরগণের সমক্ষেই কৃত-বর্মারে স্বীয় রথোপরি মারোপিত করিয়া তথা হইতে অপস্ত হইলেন। ঐ সময় কৌরব সৈন্যগণ কৃতবর্মারে রথহীন ও সাত্যকিরে সমরাঙ্গনে, অবস্থিত দেখিয়া পুনরায় সমরপরাজ্ম্থ হইল; কিন্তু অরাতিগণ সৈন্যগণের পদাঘাত সমুপ্তিত ধুলিপটলে সমাচছন্ন হইয়া উহা অবগত হইতে পারিল না।

হে মহারাজ ! ঐ সময় কেবল মহারাজ হুর্য্যোধন একাকী সমরস্থমি পরিত্যাগ করিলেন না। তিনি আপনার সমকেই দৈন্যগণকে প্রায়ন করিতে দিথিয়া সরোষ নয়নে আগমন পূর্বক নিশিত শরনিকরে ধৃষ্টত্যুল্ল, শিথগুল, জৌপদীর পাঁচ পুক্ত এবং পাগুব, পাঞ্চাল, কৈকয়, সোমক ও স্প্পুয়গণকে

নিবারণ করত মন্ত্রপূত যজ্ঞীয় পাবকের ন্থায় সংগ্রামস্থলে অবস্থান করিতে লাগিলেন। শক্ত্রণণ দেই সাক্ষাৎ কতান্ত সদৃশ মহাবীরের সম্মুখীন হইতে সমর্থ হইল না। ঐ সময় মহাবীর কৃতবর্মা অন্য রথে আরোহণ করিয়া সংগ্রাম-স্থলে সম্পৃত্তি হইলেন।

#### ছাবিংশতিতম অধ্যার।

হে মহারাজ! ঐ সংগ্রামে আপনার পুত্র মহারথ তুর্য্যাধন রথোপরি অবস্থান পূর্বেক প্রবল প্রতাপান্থিত রুদ্রদেবের,ন্যায় শোভা পাইতে লাগিলেন। তাঁহার শরনিকরে সমরভূমি সমাচছন্ন হইল। জলধর যেমন ভূধরগণের উপর বারিধারা বর্ষণ করে, তত্রূপ তিনি, অরাতিগণের উপর অনবরত শরধারা বর্ষণ করিতে লাগিলেন। তৎকালে পাণ্ডবদৈন্য মধ্যে কি হস্তা, কি অশ্ব, কি রথ, কি মনুষ্য, কেহই অক্ষত রহিল না। আমরা সকলকেই কুরুরাজের শরে সমাচিত দেখিলাম। সমুখিত রজোরাশি দ্বারা সৈত্য সকল যেমন সমাচ্ছন্ন হইয়াছিল, ভূর্য্যাধনের শরনিকরে তত্রুপ আচ্ছন্ন হইয়া পড়িল। তথন সমস্ত পৃথিবী শরময় বলিয়া বোধ হইতে লাগিল। তৎকালে আমরা কোরব ও পাণ্ডব পক্ষীয় সহস্র সহস্র যোদ্ধার মধ্যে ভূর্য্যাধনকেই অদ্বিতীয় বলিয়া বোধ করিলাম। ঐ সময় পাণ্ডবগণ একত্র সমবেত হইয়াও তাঁহারে অতিক্রম করিতে পারিলেন না, ইহা দেখিয়া সকলেই বিস্ময়াবিষ্ট হইল।

শপ্ততি, সহদেবকৈ সাত, নকুলকে চতুঃষ্টি, ধ্রুইত্যুন্ধকে সাত, ডৌপদীর পাঁচ পুল্রকে সাত এবং সাত্যকিরে তিন শরে বিদ্ধ করিয়া এক ভল্লে সহদেবের শরাসন ছেদন করিয়া ফেলিলেন। তথন মহাবল পরাক্রান্ত সহদেব সেই ছিম্ন শরাসন পরিত্যাগ ও অন্য কাম্ম্ কি গ্রহণ পূর্বক ক্রতবেগে হুর্যোধনের প্রতি ধাবমান হইয়া তাঁহারে দশ শরে বিদ্ধ করিলেন। মহাবার নকুলও কুরুরাজকে অতি ভীষণ নয় শরে বিদ্ধ করিয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। ঐ সময় দৌপদীর পাঁচ পুল্র সপ্ততি, ধর্মারাজ যুধিষ্ঠির পাঁচ, ভীমদেন অশীতি ও সাত্যকি এক শরে হুর্যোধনকে বিদ্ধ করিলেন। মহাবীর হুর্যোধন সর্বিদ্যা সমক্ষে এইরূপে শরনিকরে সমাচ্ছম হুইয়াও কিছুমাত্র বিচলিত হুইলেন না। তাঁহার হস্তলাঘ্ব ও বীর্য্য সর্বাপেকা অধিক বলিয়া বোধ হুইতে

লাগিল। পলায়মান কৌরবপক্ষায় যোধগণ কিয়ন্দুর মাত্র গমন করিয়া পুনরায় তুর্য্যোধনের সমীপে সমুপস্থিত হইলেন। তাঁহাদিগের আগমনে তরঙ্গমালা
সঙ্গুল সন্মুদ্রের নিস্থনের ন্যায় ঘোরতর শব্দ সমুস্থিত হইলে। তথন সেই মহাধকুর্দ্ধরগণ অরাতিনাশন পাগুবগণের অভিমুখে গমন করিলেন।

প্রশিষ্য মহাবীর দ্রোণতনয় ভামদেনকে নিবারণ করিতে লাগিলেন।
তাঁহাদের উভয়ের শরনিকরে সমুদায় দিক্ বিদিক্ সমাচ্ছন্ম হওয়াতে যোধগণ
আর কিছুই অবঁঝাকন করিতে সমর্থ হইলেন না। তথন সসস্থ পরাক্রমশালী
মহাবীর অশ্বত্থামা ও রুকোদর পরস্পার প্রতিকারপরায়ণ হইয়া দশ দিক্ বিত্রাদিত করত ঘোরতর যুদ্ধ আরম্ভ করিলেন। এ দিকে মহাবীর শকুনি স্বুধিঠিরকে নিপীড়িত, তাঁহার চারি অশ্বকে নিহত ও দৈন্যগণকে কম্পিত করিয়া
দিংহনাদ করিতে লাগিলেন। প্রবল প্রতাপশালী সহদেব রাজা যুধিন্ঠিরকে
শকুনির শরে নিপীড়িত দেখিয়া স্বীয় রথে আরেম্পত করিয়া তথা হইতে
অথসত হইলেন। সানন্তর ধর্মনন্দন সম্বরে অন্য এক রথে আরোহণ পূর্বক
শকুনির সন্মুখান হইয়া তাঁহারে প্রথমে নয় ও তৎপরে পাঁচে বাণে বিদ্ধ
করিয়া দিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। ঐ বীরন্ধয়ের যুদ্ধ অতি
বিচিত্র, ঘোরতর ও দিদ্ধ চারণ প্রস্তুতি দর্শকগণের তৃপ্তিজনক হইয়াছিল।

প্রতি শর বর্ষণ করত ধাবমান হইলেন। মহাবল মাজীতনয়ও চতুর্দিক্ হইতে শর বর্ষণ করত ধাবমান হইলেন। মহাবল মাজীতনয়ও চতুর্দিক্ হইতে শর বর্ষণ করত তাঁহারে নিবারণ করিতে লাগিলেন। এইরপে সেই পরস্পর প্রতিকারপরায়ণ মহারথলয়ের ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন, তজেপ রুত্বর্মার সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন, তজেপ রুত্বর্মার সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন। ঐ সমর্য রাজা ছুর্যোধন ধুউত্যুদ্ধের শরাস্বন ছেদন করিয়া তাঁহারে নিশ্তে শরনিকরে নিপীড়িত করিলেন। মহাবার ধুউত্যুদ্ধও মহাল্ল ধারণ করিয়া ধুর্দ্ধরগণের সমলে তাঁহার সহিত সমরে প্রবৃত্ত ইইলেন। অনন্তর প্রভিন্নগণ্ড বন্য মাতক্ষরয়ের ভায়ারতাঁহাদিগের তুমুল যুদ্ধ উপস্থিত হইল। মহাবার রুপাচার্য্য কোপাশ্বিত হইয়া নতপর্বে শরনিকর দ্বারা মহাবল পরাক্রান্ত জোপদাতনয়গণকে বিদ্ধা করিতে লাগিলেন। ইজিমেন্দ্রের সহিত প্রাণার বৈরূপ বিরোধ হয়, তজ্ঞপ পাঞ্চালীতনয়গণের সহিত

ক্ষপাচার্য্যের অনিবার্য্য ভীষণ যুদ্ধ উপস্থিত হইল। ইন্দ্রিয় দকল মুর্খ কৈ যেমন কন্ট প্রদান করে, তত্রপ দ্রৌপদানন্দনগণ তাঁহারে কন্ট প্রদান করিতে লাগিলেন। তথন মহাত্বা কুপাচার্য্যও ক্রুদ্ধ হইয়া তাঁহার্দিগকে শরাঘাত করিতে আরম্ভ করিলেন। এইরূপে দ্রৌপদীতনয়দিগের দহিত কুপাচার্য্যের অতি বিচিত্র যুদ্ধ হইতে লাগিল।

হে মহারাজ ! ঐ সময় গতি ভীষণ ঘোরতর সঙ্গুল যুদ্ধ ভারস্ত হইল।
পদাতিগণ পদাতিদিগকে, গজ্যুথ গৃজ্যুথকে, অশ্বসকল অশ্বসকলকে এবং রথিগণ রথীদিগকে আক্রমণ করিতে লাগিলেন।শক্রস্দন বীরগণ পরস্পার সংগ্রামে
মিলিত হইয়া পরস্পারকে বিদ্ধ ও আহত করিতে ভারস্ত করিলেন। তাঁহাদের
অন্তবেগ, করিকুলের নিশাস এবং রথ ও অশ্বারোচ্গণের গমনাগমনজনিত
বায়ুবেগে সমরাঙ্গন হইতে ধুলিপটল সমুখিত হইয়া ভূমগুল ও অস্তরীক্ষ সমাচহন করিল। তথন নভোমগুল সন্ধ্যারাগরিঞ্জত বলিয়া বোধ হইতে লাগিল।
দিবাকরের প্রভা তিরোহিত হইয়া গেল ও বীরগণ এককালে অদৃশ্য হইলেন।
অনন্তর পরস্পার প্রহারপরায়ণ বীরগণের গাত্র হইতে শোণিতধার! নিঃস্তত
হওয়াতে গতি অল্প ক্ষণমধ্যে সেই প্রভূত রজোরাশি প্রশমিত হইয়া গেল।
যোদ্ধাদিগের বর্দ্ধের উপর মধ্যাহ্রকালান দিবাকরের করজাল নিপতিত হওয়াতে উহা সমধিক সমুজ্জ্বল হইয়া উঠিল। তথন আমরা পুনরায় বীরগণের
দক্ষমান বেপুবনের শব্দের ভায় প্রবণগোচর হইতে লাগিল।

# ত্ররোবিংশতিতম **অ**ধ্যার।

হে মহারাজ! এইরূপে সেই তুমুল সংগ্রাম সমুপস্থিত হইলে আপনার সৈন্যগণ সমরপরাগ্নুখ ও ইতস্তত ধাবমান হইল। তথন মহারাজ তুর্য্যোধন পরম প্রয়ন্ত সহকারে তাহাদিগকে নিবারণ করিয়া পাণ্ডব সৈন্যগণের সহিত যুদ্ধে প্রস্তুত হইলেন। যোদ্ধারা সকলেই প্রত্যাগত হইয় রাজা তুর্য্যোধনের বিজয় লাভাভিলাষে সংগ্রাম করিতে লাগিলেন। তথন উভয় পক্ষে সুরাম্বর-সংগ্রাম সদৃশ ঘোরতর যুদ্ধ উপস্থিত হইল। তংকালে উভয় পক্ষে কোন সৈন্যই আর সমরপরাগ্নুখ হইল না। সকলেই অনুমান ও পরস্পারের নাম নির্দেশ পূর্ব্বিক যুদ্ধ করিতে লাগিল। প্রশময় রণস্থলেও অসংখ্য সৈন্য বিন্তে হইয়াছিল।. অনস্তর ধর্মরাজ যুধিষ্ঠির অন্যান্য ভূপালবর্গ সমভিব্যাহারে বিপক্ষণণকৈ পরাজয় করিবার নিমিত্ত নিতান্ত ক্রোধাবিষ্ট হইয়া হুশাণিত তিন শরে কুপাচার্য্যকে বিদ্ধ করিয়া চারি নারাচে কুতবর্মার অশ্বরণকে সংহার করিলনে। মহাবার অশ্বথানা কৃতবর্মারে অশ্ববিহীন দেখিয়া তাঁহারে লইয়া রণস্থল হইতে অপস্তত হইলেন। অনন্তর কুপাচার্য্য আট শরে যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন। রাজা তুর্য্যোধন তাঁহার অভিমুখে সাত শত রখা প্রেরণ করিলেন। রথিগণ মহাবেগে ধর্মরাজের রখাভিমুখে অশ্ব সঞ্চালন করিতে লাগিলেন এবং জলদজাল যেসন দিবাকরকে তিরোহিত করে, তক্রপ শরনিকরে ধর্মরাজকে অদৃশ্য করিয়া ফেলিলেন। শিখণ্ডিপ্রমুখ মহারথগণ যুধিষ্ঠিরের সেইরূপ অবস্থা দর্শনে উহা নিতান্ত অসহ্য জ্ঞান করিয়া ক্রোধভরে তাঁহারে রক্ষা করিবার নিমিত্ত কিন্ধিণীজালজড়িত অশ্ব সংযুক্ত রথে আরোহণপূর্বক সম্বরে গমন করিলেন।

অনন্তর উভয়, পকে যমরাষ্ট্র বিবর্দ্ধন ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল। পাগুৰগণ পাঞ্চালদিগের সহিত কৌরব পক্ষীয় সাত শত রগীরে বিনাশ ক এয়া অক্যান্ত' বীরগণকে নিবারণ করিতে লাগিলেন। তথন রাজা তুর্ষ্যোধনের সহিত পাণ্ডবগণের ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল। ঐরপ যুদ্ধ আমরা কথন দর্শন বা শ্রাবণও করি নাই। ঐ সময় চতুদ্দিকে অব্যবস্থিত যুদ্ধ প্রবর্তীত ও উভয় পক্ষীয় গদংখ্য বীর পঞ্চত্ব প্রাপ্ত হইলে দমরাঙ্গণে অনবরত শ**ঙ্খ**-ধ্বনি ও সিংহনাদ হুইতে লাগিল। যোদ্ধারা শ্রনিকরে পরস্পারের মর্ম্ম ছৈদন পুর্বক জয় লাভাভিলাযে বিচরণ করিতে আরম্ভ করিলেন। ছে মহারাজ ! এইরেপে সেই বহুসংখ্য মহিলাগণের কেশসংস্কার নিবারক শোকজনক ভাষণ সংগ্রাম সমুপস্থিত হইলে ভুতল ও নভোমগুলে অতি ভয়ক্কর **তুর্নিমিত্ত** সমুদায় প্রাদুর্ভুত হইল। পর্বতবনসমাকীর্ণ পৃথিবী ঘোরতর শব্দ করত বিকম্পিত হইয়া উঠিল। দণ্ড ও উল্মুকয়ুক্ত উল্ক। সকল সূর্য্যঞ্জ সমাছত করিয়। নভোমওল হইতে নিপতিত হইতে লাগিল। প্রবল বায়ু প্রাত্তুতি হইয়া কর্কর-রাশি বর্ষণ করিতে আরম্ভ করিল এবং করিনিকর কম্পিতকলেবর হইয়া অজত্র অঞ্চ বর্ষণ করিতে লাগিল। ক্ষত্রিয়গণ এই সমস্ত ত্রনিমিত্ত দর্শনে কিছুমাত্র ভীত না হইয়া স্বৰ্গ লাভাভিলাবে দেই পুণ্যক্ষেত্ৰ কুৰুক্ষেত্ৰে যুদ্ধ করিতে লাগিলেন।

অনস্তর গান্ধাররাজ্তনয় শক্নি যোদ্ধাদিগকে সম্বোধনপূর্ণকি কহিলেন, হে যোধগণ। তোমরা সম্মুখে যুদ্ধ কর, আমি পশ্চাৎভাগে থাকিয়া পাণ্ডব-গণকে বিনাশ করিকেছি। মদ্রদেশীয় যোদ্ধা ও অন্যান্থ বীর্গণ স্থবলনন্দনের বাক্য প্রবণে যাহার পর নাই মাহলাদিত হইয়া তুমুল কোলাহল করিতে লাগিলেন। ঐ সময় বিপক্ষেরা শরাসন মাকর্ষণ পূর্বক আমাদিগের প্রতি অনবরত শরনিকর বর্ষণ করিতে আরম্ভ করিলে মদ্ররাজের সৈন্যগণ বিনষ্ট হইতে লাগিল। তদ্দর্শনে মহারাজ হুর্য্যোধনের সৈন্যগণ নিতান্ত ভীত হইয়া পুনরায় সমরপরাশ্মুখ হইল। তথন মহাবল পরাক্রান্ত শকুনি তাহাদিগকে কহিলেন, সৈন্যগণ! তোমরা প্রতিনিমৃত্ত হইয়া পুনরায় যুদ্ধে প্রমৃত্ত হও। প্রায়ন পূর্বক অধর্মানুষ্ঠান করা তোমাদিগের নিতান্ত অকর্ত্ব্য।

হে মহারাজ ! ঐ সময় গান্ধাররাজ শকুনির দশ সহস্র প্রাস্থান রোহী ছিল: তিনি পশ্চাৎভাগে অবস্থান করত সেই দমস্ত দৈন্য লইয়া বিক্রম প্রকাশ পূর্বক নিশিত শরনিকরে পাণ্ডবগণকে নিপীড়িত করিতে লাগিলেন। তথন পাণ্ডব দৈন্যগণ বায়ুদৃঞ্চালিত অভ্রজালের ন্যায় ছিন্ন ভিন্ন **ছইয়া গেল**া ধর্মরাজ যুধিষ্ঠির আপনার সমকে সৈন্যগণকে ছিন্ন ভিন্ন দেখিয়া অক্সুক্ত চিত্তে মহাবল সহদেবকে কহিলেন, হে সহদেব! ঐ দেখ, তুর্মতি স্থবলনন্দন আমাদিগের পশ্চাৎভাগে সৈন্যগণকে বিনাশ করিতেছে : অতএব ভুমি অবিলম্বে উহার সম্মুখীন হইয়া উহারে সংহার কর। দ্রৌপদীর পাঁচ পুত্র, তিন সহস্র পদাতি এবং হস্তা ও অশ্বগণ তোমার সমভিব্যাহারে গমন করুক। আমি পাঞ্চালগণ সমভিব্যাহারে শরানলে রথীদিগকে দগ্ধ করিতেছি। মহাবল পরাক্রান্ত সহদেব ধর্মরাজ কর্ত্তক এইরূপ আদিষ্ট হইয়া অবিলম্বে আরোহী দমবেত দাত শত হস্তা, পাঁচ দহস্র অশ্ব ও তিন দহস্র পদাতি এবং দ্রোপদীর আত্মজগণকে সমভিব্যাহারে লইয়। সমরতুর্ম্মদ শকুনির প্রতি ধাবমান হইলেন এবং শকুনিরে অতিক্রম করিয়া জয়াভিলাষে পশ্চাৎভাগে অবস্থান পূর্ব্বক তাঁহার সৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন। তাঁহার অশ্বারোহিগণ ক্রোধভরে রথীদিগকে অতিক্রম: পূর্ববক শকুনির দৈন্যগণ মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগের প্রতি অনবরত শর বর্ষণ করিতে আরম্ভ করিল। অনস্তর সহদেবের দৈন্যগণের সহিত শকুনির দৈন্যগণের ছোরতর যুদ্ধ আরম্ভ হইল। রথী সকল শর বর্ষণে বিরক্ত হইয়া তাহাদের সংগ্রাম দর্শন করিতে লাগিলেন। তৎকালে কে আত্মপৃক্ষ আর কেই বা পরপক্ষ, তাহা বোধগম্য হইল না। কৌরব ও পাগুবগণ ক্ষাত্মপাতের ন্যায় শূরগণবিস্ফ শক্তিসম্প্রাত নিরীক্ষণ করিতে লাগিলেন। নভোমগুল নির্দ্দি রৃষ্টি দ্বারা সমাচ্ছন্ন হইয়া গেল। প্রাস্বস্থায় শলভ্রেশীর ন্যায় নভোমগুলে বিরাজিত হইল। অসংখ্য অশ্ব শর-বিদ্ধ ও রুধিরলিপ্ত কলেবর হইয়া ভূতলে নিপতিত হইতে লাগিল এবং কত্তিল পরস্পর পরিপেষিত ও ক্ষতবিক্ষত হইয়া অনবরত রুধির বমন করিতে আরম্ভ করিল।

শনন্তর রণস্থল সৈন্যসমূথিত ধূলিজালে সমাচ্ছয় হইলে ঘোরতর অদ্ধকার প্রাত্ত্রত হইল। তথন শ্বাংখ্য অথ ও মনুষ্য তথা হইতে পলায়ন
করিতে আরম্ভ করিল। কহন্তলি সৈন্য ভূতলে নিপতিত হইয়া রুধির
বমন করিতে লাগিল। কেহ কেঁহ পরস্পরের কেশ গ্রহণ পূর্বক নিশ্চেষ্ট
ইইয়া রহিল এবং কৈহ কেহ পরস্পারকে অন্ধ্রপৃষ্ঠ হইতে আকর্ষণ পূর্বক
মল্লের ন্যায় পরস্পার যুদ্দে প্রবৃত্ত হইয়া নিহত হইল। কোন কোন বীর
অশ্ব পৃষ্ঠে নিহত হইলে অশ্বেরা তাহাদিগকে লইয়া ধাবমান হইল এবং কেহ
কেহ গতান্ত হইয়া অশ্বপৃষ্ঠ হইতে নিপতিত হইতে লাগিল। ঐ সময় রুধিরোক্ষিত শস্ত্রখণ্ডিত ভূজদণ্ড, ছিয় কেশপাশ, বিবিধ অন্ত্র শস্ত্র, নিহত অশ্ব
ও অশ্বারোহা এবং শোণিত্রসিক্ত বর্ণ্মধারী পরস্পার বধাভিলামী উদ্যতামুধ্ব
সৈনিকগণে সমরাঙ্গন স্মাচ্ছয় হইলে কেহই আর অশ্বারোহণ পূর্বক দূরে
গমন করিতে সমর্থ হইল না। তথন মহাবল পরাক্রান্ত স্ববলনন্দন মুহুর্ত্বকাল
যুদ্ধ করিয়া হতাবশিষ্ট ছয় সহস্র অশ্বসৈন্যের সহিত তথা হইতে
প্রেম্বান করিলেন।

# চতুর্বিংশতিতম অধ্যায়।

হেঁ মহারাজ ! তথন শোণিতলিপ্ত কলেবর পাণ্ডবদেনাগণও অবশিষ্ট ছয় সহত্র সন্থ লইয়া তথা হইতে গমন করিতে লাগিল। তথন জীবিত নিরপেক রক্তাক্তদেহ পাণ্ডবপক্ষীয় অশ্বারোহিগণ কহিল, হে বীরগণ ! এখানে মহাগজের কথা দূরে থাকুক, রথ লইয়া যুদ্ধ করাও সাধ্যায়ত্ত নহে ; . শতএব রথিগণ রথীদিগের প্রতি এবং কুঞ্জর সকল কুঞ্জরগণের অভিমুখে গমন করুক। স্থবলনন্দন শকুনি পলায়ন পূর্ব্বিক দ্বীয় দৈনা মধ্যে অবস্থান করিতেছে সার যুদ্ধ করিতে আগমন করিবে না।

অশ্বারে/হিগ্ণ ূএই কথা কলিলে ক্রৌপদীর পাঁচ পুজ্র 🥱 করিদৈন্যগণ পাঞ্চাল বংশোদ্ভব মহারথ ধৃষ্টভুচন্দের নিকট গমন করিল। সহদেবও একাকী রাজ। যুধিষ্ঠিরের দমাপে দমুপস্থিত হইলেন। এইরূপে দৈন্য দকল অপস্ত ছইলে শকুনি পুনরায় সংগ্রামে আগমন পূর্পাক এক পার্শ্ব হুইতে ধ্বউত্য়ন্ত্রের সৈন্যগণকে প্রহার করিতে লাগিলেন। তখন উল্লয় পক্ষীয় বারগণ পুনরায় প্রাণপণে তুমুল যুদ্ধ আরম্ভ করিল। যোধগণ পরস্পার পরস্পারকে লক্ষ্য করিয়। ধাৰমান হইলেন। মস্তক দকল থড়গাঘাতে ছিন্ন হইয়া নিপতিত হওয়াতে বোধ হইতে লাগিল যেন তালফল নিপ্তিত হইতেছে। ছিন্ন ভিন্ন কলেবর উরু ও অস্ত্রযুক্ত বাহুনিচয় নিপতিত হওয়াতে ঘোরতর চটচটা শব্দ সমুখিত হইল। যোধগণ শানিত শস্ত্র সমূহে ভাতা, পিতা ও পুত্রগণকে নিপীড়িত করত আমিষলোলুপ বিহঙ্গমকুলের ন্যায় বিচরণ করিতে লাগিলেন। ক্রোধানিষ্ট বীরগণ আমি পূর্নের প্রহার করিব, আমি পূনেন প্রহার করিব বলিয়া ধাবমান হইয়া সহস্র সহস্র যোদ্ধারে নিপাত করিলেন। গতাস্থ নিপতমান অস্থারোহি-গণের সংহার্ষণে শত শত বার ভূতলে নিপতিত হইল। নিতান্ত পিষ্ট চঞ্চল অশ্বগণের হ্রেয়ারব এবং সমদ্ধগাত্র পরমর্শ্মবিদারণোদ্যত মনুষ্যগণের চীৎকার - ও অন্ত্রশব্দে রণস্থল তুমুল হট্য়া উঠিল। ঐ সময় কৌরব পক্ষীয় সৈন্যগণ শ্রান্ত, পিপাসার্ত্ত নিশিত শরনিকরে ক্ষত বিক্ষত হইতে লাগিল। তাহাদের বাহনগণ নিতান্ত পরিশ্রান্ত হইল। বীরগণ রুধিরগন্ধে মত্ত ও বিচেতন প্রায় ছইয়া কি স্বকীয় কি পরকীয় যোধগণকে প্রাপ্তিমাত্রেই বিনাশ করিতে লাগিলেন ৷ কতগুলি ক্ষত্রিয় জিগীষাপরবশ হুইয়া বিপক্ষের শরনিকরে প্রাণ পরিত্যাগ পূর্বক ভূতলে নিপতিত হইলেন।

হে মহারাজ! আপনার পুজের সমক্ষেই এইরপ ঘোরতর সৈন্যক্ষয় হইতে লাগিল। তখন বৃক, গৃধ ও শৃগালগণের আহলাদের আর পরিসীমারহিল না। সমরভূমি মনুষ্য ও অখগণের দেহে সমাচহর ও রুধির প্রবাহে সমাকুল হইয়া ভীরুজনের নিতান্ত ভয়াবহ হইল। উভয় পক্ষীয় বীরগণ অসি, পটিশ ও শৃল প্রভৃতি অস্ত্রে বারংবার ক্ষত বিক্ষত হইয়াও সমরে নিবৃত্ত

হইলেন না; মতক্ষণ জীবিত রহিলেন, স্ব স্ব শক্তাসুদারে প্রহার করিতে লাগিলেন। অনেক যোদ্ধা অরাতিগণের অন্তে আহত হট্যা কেধির ক্ষরণ পূর্বক নিপজ্জিত, হটল। কবন্ধগণ সমুখিত হট্যা গোধগণের কেশাকর্ষণ পূর্বক শোণিতলিপ্ত অদি সমুদ্যত করিতে লাগিল। অসংখ্য যোদ্ধা রুধিরগন্ধে মোহ প্রাপ্ত হটল।

হে মহারাজ। ঐ সময় সমরশন্দ তিরোহিত প্রায় হইলে স্থবলনন্দন শকুনি অল্পাবশিষ্ট অখারোহী সমভিব্যাহারে পাশুবগণের বহুসংখ্যক সৈত্যের প্রতি ধাবমান হইলেন। জয়াভিলামী পাশুবগণও অতি সম্বরে শকুনির অভিমুখে গমন করিলেন। পাশুব পক্ষায় উদ্যতান্ত্র হস্ত্যারোহী, অখানরোহী ও পদাতিগণ সমরসাগর সমৃত্তার হস্ত্যারোহী মানুদে চতুদ্দিক্ হইতে শকুনিরে পরিবেন্টন করিয়া বিবিধ শর্মাকরে তাঁহারে নিপীড়িত করিতে লাগিল। তথন কৌরব পক্ষীয় হস্তা, অখ ও পদাতিগণ পাশুব পক্ষীয় সৈন্যগণকে চতুদ্দিক্ হইতে আগমন করিতে, দেখিয়া তাহাদিগের প্রতি ধাবমান, হইল। অল্পহীন পদাতিগণ কেহ কেহ পদ্দারা ও কেহ কেহ মৃষ্টি দ্বারা পরস্পারকে নিহত করিয়া ভূতলে নিপাতিত করিল। পুণ্যক্ষয় হইলে সিদ্ধাণ যেমন বিমান হইতে ভূতলে নিপাতিত হন, তদ্ধেপ রিখিণ রথ হইতে ও গজারোহিগণ গজ হইতে ভূতলে পতিত হইতে লাগিল। এই রূপে সেই প্রাস, অসি ও শরসঙ্কুল ঘোরতর যুদ্ধ উপস্থিত হইলে যোধ্বণণ পরস্পার মিলিত হইয়া কেহ কেহ পিতা, কেহ কেহ আতা, কেহ কেহ বন্ধু, কেহ কেহ পুজ্ঞগণকে বিনাশ করাতে সংগ্রাম অতি অব্যবস্থিত হইয়া পড়িল।

# পঞ্চবিংশতিত্তম অধ্যায়।

হে মহারাজ ! পাণ্ডবগণের শরে কৌরব সৈন্য নিহত ও সমরকোলাহল স্থাতি হইলে গান্ধাররাজতনয় . শকুনি হতাবশিন্ট সাত শত অশ্ব লইয়া সংগ্রামে আগমন পূর্বক সৈত্যগণকে যুদ্ধ করিতে অনুমতি করত ক্ষত্রিয়- দিগকে জিজ্ঞাসা করিলেন, হে বীরগণ ! মহারাজ হুর্য্যোধন একণে কোন্ স্থানে অবস্থান করিতেছেন ? তখন ক্ষত্রিয়গণ কহিলেন, হে স্থবলনন্দন ! ঐ যে স্থানে পূর্ণচন্দ্রের ভায় প্রভা সম্পন্ধ স্থন্দর আতপত্র বিরাজিত রহিয়াছে; যে স্থানে বর্মধারা রথিগণ অবস্থান করিতেছেন এবং যে স্থানে মেবগর্জনের

ন্যায় তুমুল শব্দ হইতেছে; আপনি ঐ স্থানে গমন করুন, মহারাজ তুর্যোধনের দাইবেন। মহাবার শকুনি যোধগণ কর্তৃক এইরূপ অভিহিত হইয়া বিচিত্র যুদ্ধনিপুণ বীরগণে পরিবেষ্টিত রাজা তুর্য্যোধনের সমাপে সম্প্রিত হইলেন এবং তাঁহারে আত্মপক্ষীয় রথিগণে পরিবৃত্ত দেখিয়া আপনারে কৃতকার্য্য বোধ করিয়া রথীদিগকে আনন্দিত করত তাঁহারে কহিলেন, মহারাজ! আমি সমুদায় অশ্ব জয় করিয়াছি, তুমি রথীদিগকে গরাজয় কর। একণে পাগুবগণের রথিগণ নিহত হইলে আমরা অনায়াসে প্রাপ্তবগণের সমুদায় গজনৈন্য ও পদাতির প্রাণ সংহার করিতে পারিব।

হে মহারাজ! তথন আপনার পক্ষীয় বিজয়াকাছ্মী বীরগণ স্থসজ্জিত ও রথারত হইয়া পাণ্ডব সৈন্যমধ্যে প্রবেশপূর্বক শরাসন বিধুনন ও সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। তাঁহাদিগের জ্যানির্ঘোষ, তলধ্বনি ও নিম্মুক্ত শরজালের স্থদারুণ শব্দে রণস্থল পরিপূর্ণ হইল। ঐ সময় মহাবীর ধনঞ্জয় দেই কার্ম্মকধারী বীরগণকে বেগে আগমন করিতে দেখিয়া বাহ্নদেবকে কহি-লেন, সথে। তুমি অসম্ভ্রান্ত চিত্তে অশ্ব চালনপূর্বক সৈন্যমধ্যে প্রবিষ্ট হও; আজি আমি নিশিত শর্রাকরে শক্তগণকে নিঃশেষিত করিব। আজি অফী।-দশ দিবস হইল, আমাদিগের এই ঘোরতর যুদ্ধ আরম্ভ হইয়াছে, ইহার মধ্যেই কৌরবগণের সাগর সদৃশ সৈন্য আমাদিগের বিক্রম প্রভাবে এক্ষণে গোস্পাদের ন্যায় হইয়া গিয়াছে। দৈবের কি অনির্বাচনীয় প্রভাব! মহাবীর ভীম্ম নিহত হইলে আমাদের সহিত সন্ধি স্থাপন করাই তুর্ষ্যোধনের শ্রেয়স্কর ছিল: কিন্তু ঐ তুরাত্মা মোহাবেশ প্রভাবে তৎকালে তদ্বিধয়ে সম্মত হইল না। পিতামহ দুর্য্যোধনকে যেরূপ হিতোপদেশ প্রদান করিয়াছিলেন, ঐ নির্বোধ তাহার কিছুই অনুষ্ঠান করে নাই। হে বাহ্নদেব! সেই ঘোরতর সংগ্রামে মহাবার ভীষ্ম সমরশয্যায় শয়ান হইলে কৌরবগণ পুনরায় যে কি নিমিত্ত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল, তাহা কিছুই বুঝিতে পারি না। ধৃতরাষ্ট্রের পু্জুগণ সকলেই মুখ, নচেৎ তাহারা ভীম্মকে নিপতিত দেখিয়া পুনরায় কি নিমিত্ত আমাদের সহিত সংগ্রামে প্রয়ত্ত হইল। যাহা হউক, পিতামহের মানবলীলা সম্বরণানস্তর মহাবীর দ্রোণাচার্য্য, কর্ণ, কর্ণপুত্র, বিকর্ণ, আচতায়ু, জলসন্ধ, শ্রুতায়ুধ, ভূরিপ্রবা, শল্য, শাল্প এবং জয়দ্রেথ, রাক্ষদ অলায়ুধ, বাহ্লিক, সোম-

দত্ত, ভগদত্ত, স্থদকিণ ও ছুঃশাসন এবং অবন্তিদেশীয় বীরগণ নিহত হইলেও এই ঘোরতর হত্যাকাণ্ড উপশমিত হইল না। মহাবল পরাক্রান্ত অংকৌহিণীপতি ভূপালগণ ভাঁমুশুরে সমরশয্যায় শয়ন করিলেও ধার্ত্তরাষ্ট্রগণ লোভ মোহ প্রভাবে যুদ্ধে নির্ত্ত হয় নাই। হায় ! মৃচ্মতি ছুর্য্যোধন ব্যক্তিরেকে কৌরব কুলোৎপন্ন আর কোন্ রাজা এই নিরর্থক .বৈরাচরণে প্রবৃত্ত হইতে পারে ? হিতাহিত জ্ঞান শ্লপন প্রাক্ত ব্যক্তি বিপক্ষকে গুণ ও বল বার্য্যে সমধিক অবগত হইয়া কুনাচ তাহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হন না। হে কুষ্ণঃ পূর্নেব তুমি আমাদিগের সহিত সন্ধি স্থাপন করিবার নিমিত্ত তুর্য্যোধনকে হিতোপদেশ প্রদান করিয়াছিলে; কিন্তু ঐ গুরাজা তৎকালে তদ্বিয়ে সম্মত হয় নাই। দে যথন তোমার বাক্য রক্ষা করে নাই, তথন অন্যের বাক্য কিছুতেই রক্ষা করিবে না। মহামতি ভীষ্ম, দ্রোণ ও বিত্বর দক্ষি স্থাপনে অনুরোধ করিলে যে ছুরাত্মা তাঁহাদের বাক্যে উপেকা করিয়াছিল, তাহার আর কিরুপে রক্ষা হইবে ? যে পাপাত্মা মূঢ়তা নিবন্ধন হিতবাদী রুদ্ধ পিতা ও মাতারে এসম্মান পূর্বক প্রত্যাখ্যান করিয়াছিল, সে এক্ষণে কি নিমিত্ত অন্যের বাক্য শ্রেবণ कतित्व। एक जनार्कन । प्रद्याधरनत कार्या ও प्रतिष्ठि पर्गतन जामात निम्हय বোধ হইতেছে যে, ঐ হতভাগ্যই কৌরবকুল সমূলে নির্মাুল করিবে । এক্ষণে সে কোনজমেই সহজে অ'মাদিগকে রাজ্য প্রদান করিবে না। মহাত্মা বিত্বর আমারে বারংবার কহিয়াছিলেন যে, প্রতরাষ্ট্রতনয় তুর্য্যোধন জীবনসত্ত্বে কদাচ তোমাদিগকে রাজ্যের অংশ প্রদান করিবে না। সে যত দিন জীবিত থাকিবেঁ, সততই তোমাদের অনিক চেফা করিবে। অতএব তোমরা যুদ্ধ ব্যতিরেকে অন্ত কোনরূপেই সেই তুরাত্মার নিকট হইতে রাজ্য গ্রহণে সমর্থ হইবে না।

হে মাধব! সত্যবাদী অহাত্মা বিছুর যেরূপ কহিয়াছিলেন, এক্ষণে ছরাত্মা ছর্যোধনের সেইরূপ কার্য্য সমুদায় প্রত্যক্ষ করিতেছি। ঐ ছুরাত্মা জমদিয়িলন্দন পরশুরাম হইতে আনুপূর্বিক হিতকর বাক্য প্রবণ করিয়াও তিছিয়ের অনাদর প্রদর্শন করিয়াছিল। এক্ষণে তাহার নিশ্চয়ই বিনাশ কাল উপস্থিত হইয়াছে। ঐ কুলাঙ্গার ভূমিষ্ঠ হইবামাত্র দিদ্ধ পুরুষেরা বারংবার কহিয়াছিলেন যে, এই ছুরাত্মার পাপেই সমস্ত ক্ষত্রিয় বিনক্ট হইবে। এক্ষণে তাহাদের সেই বাক্য সত্যই হইল। অসংখ্য ভূপাল ছুর্য্যোধনের সাহায়্যার্থ

সমুপন্তি হইয়া বিনাশ লাভ করিয়াছেন। একণে যে সকল সৈতা অবশিষ্ট আছে, আজি আমি তাহাদের সকলকেই বিনাশ করিব। ছুরাত্মা ছুর্য্যোধন করিবগণকে রিনষ্ট ও শিবির শৃত্য দৈখিয়া আমাদিগের হুন্তে নিহত হইবার নিমিত্ত অবশ্যই শ্বয়ং যুদ্ধার্থে আগমন করিবে। বোধ হয়, তাহা হইলেই এই বৈরানল নির্বাণ হইবে। হে মাধব! আমি ঐ ছুরাত্মার কার্য্য দর্শন, বিছুরের বাক্য শ্রেণও আপনার বুদ্ধির্ত্তি পরিচালন করিয়া এই রূপই অমুমান করিতেতি। একণে তুমি কৌরব সৈন্য মধ্যে অথ সঞ্চালন ফর্ন। আমি অত্য নিশিত শর্মনকরে ছুর্য্যোধন ও তাহার ছুর্বল সৈন্যগণকে বিনাশ করিয়া রাজা যুধিষ্ঠিরের প্রিয়ানুষ্ঠান করিব।

হে মহারাজ! মহাবীর অর্জ্জুন এইরূপ কহিলে মহাত্মা বাস্তদেব রথরশ্মি গ্রহণ করিয়া নিভাঁক চিত্তে বলপূর্ববক সেই শরশক্তিসঙ্কুল, গদা পরিঘ সমা-কীর্ণ, চতুরঙ্গ বল সম্পন্ন কৌরব সৈন্যমধ্যে প্রবেশ করিয়া বিচরণ করিতে লাগিলেন। তথন চতুর্দিকেই অর্জ্জুনের সেই বাস্তদেব পরিচালিত খেতাখগণ নয়নগোচর হইল। শক্রতাপন ধনজয় এইরূপে সমরাঙ্গনে সমাগত হইয়া জল-ধর যেমন জলধার৷ বর্ষণ করে, ভজাপ স্থতীক্ষ্ণ শরধার৷ বর্ষণ করিতে আরম্ভ করিলেন। তাঁহার নতপর্যব শর্মিকরের ছোরতর শব্দ প্রাত্নস্তুতি হুইল। গাণ্ডীবপ্রেরিত অশনি সদৃশ শরজাল বারগণের বর্ম্ম সমুদায় ছিন্ন ভিন্ন ও হস্তী, অথ ও মনুষ্যগণকে নিপাতিত করিয়া শব্দায়মান পতঙ্গের ন্যায় ভূতলে নিপ-তিত হইতে লাগিল। ফলত তৎকালে স্বর্ণপুষ্ম শরনিকরে একবারে সমুদায় সমরাঙ্গন সমাচ্ছন্ন হইল। তৎকালে কাহারও আর দিখিদিক জ্ঞান तिहल ना। वीतराग नावानत्ल नश्यान राज्यपुरशत गाय कार्ज्युत्नत भतनिकरत নিতান্ত নিপীড়িত হইয়াও তাঁহারে পরিত্যাগ পূর্বক পলায়ন করিল না। তথন প্রবল প্রতাপশালী ধনপ্রয় প্রজ্বলিত পাবক যেমন শুফ লতা পরিপূর্ণ অসংগ্য পাদপ সম্পন্ন মহাবন দগ্ধ করে, ভদ্রাপ ত্র্য্যাধনের সৈন্যগণকে শ্বানলে দ্যা করিয়া ফেলিলেন। তিনি কি হস্তা, কি গখ, কি মনুধা, কাহারও প্রতি ছুই বার শর প্রয়োগ করিলেন মা। পূর্বের বজ্রপাণি ইন্দের প্রভাবে দৈত্যগণ যেমন বিনষ্ট হইয়াছিল, ভজাপ একণে সেই এক বীর ধনঞ্জয়ের বিবিধ শর-নিকরে কৌরব সম্ভাগ নিহত হইতে লাগিল।

### ষড় বিংশতিত্রম অধ্যার।

হে মহারাজ ! ঐ সময় কৌরব পক্ষায় বীরগণ সংগ্রামে নিুর্ত্ত না হইয়া ধনপ্রয়কে প্রাক্তর করিবার মানদে ভাঁহার উপর শরনিকর নিক্ষেপ করিতে लागिरलन; किन्छ महावीत धनक्षय गांछीव প্রভাবে তাহাদিগের मैरनातथ विकल করিলেন। তাঁহার অশনি সদৃশ অসহ্য শরনিকর জলধর নির্ম্মুক্ত বারিধারার স্থায় নিপতিত হইতে লাগিল। কৌরব দৈন্যগণ দেই শর্নিকর সহ্ করিতে না পারিয়া কেহ কেহ পিতা, কেহ কেহ ভ্রাতা ও কেহ কেহ বয়স্তাগকে পরিত্যাগপুর্বক আপনার পুত্রের সমক্ষেই তথা হইতে পলায়ন করিতে আরম্ভ করিল। ঐ সময় অনেকের রথাশ্ব ও অনেকের সার্থি নিহত হইল এবং অনেকের অক্ষ্যুগ, চক্র ও ঈষা ভগ্ন হইয়া গেল। কেহ কেহ অস্ত্রহীন ও কেহ কেহ নিতান্ত শরপীড়িত হইল। কেহ কেহ অক্ষত শরীর হইয়াও ভয়ে পলায়ন করিতে লাগিল। বাহনশূন্য হইয়া কেহ কেহ পুত্র ও কেহ কেহ প্রিতাকে আহ্বান করিতে আরম্ভ করিল। অনেকানেক মহারথ দুত্তর আঘাতে মোহপ্রাপ্ত হইয়া নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। অঞান্ত মহারথগণ তাঁহাদিগকে স্বীয় রথে সমারোপিত করিয়া ক্ষণকাল আশ্বাস প্রদান পুৰ্বক পুনরায় সমরস্থলে সমাগত হইলেন। কেহ কেহ ছুর্য্যোধনের আদেশ রক্ষার্থে সমাহত ব্যক্তিদিগকে পরিত্যাগপূর্বকি যুদ্ধার্থে গমন করিলেন। কোন কোন বীর পানীয় পান, কেহ কেহ অশ্বগণের শ্রমাপনোদন, কেহ কেহ বর্ম পরিধান, কেহ কেহ রথসজ্জ। এবং কেহ পিতা, ভ্রাতা ও পুত্রগণকে আশ্বাস প্রদান ও স্বীয় শিবিরে সংস্থাপন করিয়া পাগুৰ দৈন্য মধ্যে প্রবিষ্ট হইয়া পুন--রায় যুদ্ধে প্রায়ুত্ত হইলেন। তৎকালে সেই কিঙ্কিণীজালজড়িত বীরগণুকে অবলোকন করিয়া বোধ হইতে লাগিল যেন দানবগণ ত্রৈলোক্য বিজয়ে সমুগ্রত হইয়াছে।

ঞ সময় অনেক মহাবীর স্থবর্ণভূষিত রথে আরোহণপূর্বক সহসা ।
সমাগত হইয়া পাঞ্চালরাজতনয় ধৃষ্টপ্রান্তের সহিত্যুদ্ধ করিতে আরম্ভ করিলেন। তথন মহারথ ধৃষ্টপ্রান্ত, শিখণ্ডী ও নকুলপুত্র শতানীক কৌরব পক্ষীয় বীরদিগের সহিত সমরে প্রবৃত্ত হইলেন। মহাবীর ধৃষ্টপ্রান্ত কৌরব দৈন্য পরিবেষ্টিত হইয়া ক্রোধভরে তাঁহাদের বিনাশ বাসনায় মহাবেগে

গমন করিতে লাগিলেন। আপনার পুত্র রাজা তুর্য্যোধন পাঞ্চালতনয়কে সমাগত সন্দর্শন করিয়া কর্মার পরিমাজ্জিত নারাচ, জর্ম নারাচ ও বৎসদন্ত বাণে তাঁহার , চাগি , অশ্বকে বিনাশ ও তাঁহার বাত ও বক্ষুপ্রণ নিদ্ধ করি-লেন। মহাবার প্রন্টত্যুদ্ধ তুর্য্যোধনের পদাঘাতে অঙ্কুশাহত মাতক্ষের ন্যায় নিতান্ত ক্রুদ্ধ হইয়া শরনিপাতে ক্রুদ্ধাজির চারি অশ্বকে শমনসদনে প্রেরণ পূর্বক তাঁহার সারথির মন্তক ছেদন করিয়া ফেলিলেন। রাজা তুর্য্যোধন রথবিহীন হইয়া অশ্বপৃত্তে আরোহণ পূর্বক স্বীয় সৈন্যগণকে নিতান্ত নিস্তেজ দেখিয়া স্থবলনন্দন শকুনির সমাপে সমুপস্থিত হইলেন।

এইরূপে কৌরবপক্ষার রথ দকল ভগ্ন হইলে তুই দহত্র গজারোহী ্দৈন্য চতুদ্দিক হইতে পঞ্চপাণ্ডবকে পরিবেষ্টন করিল। পাণ্ডবগণ করিদৈন্য পরিবৃত হইয়া মেঘাচ্ছাদিত গ্রহগণের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তথন কৃষ্ণদার্থি খেতাখ কৃৰ্জ্ন স্তীক্ষ্ব বিবিধ নারাচে সেই পর্বতাকার গজ-দৈন্য বিপে এত ক'রতে আরম্ভ করিলে কুঞ্জরগণ অর্জ্জনের এক এক শরে নিইত হইয়া নিপতিত হইতে লাগিল। তাহাদের পতনে অসংখ্য দৈন্য প্রাণ পরি-ত্যাগ করিল। ঐ সময় মত মাতঙ্গ সদৃশ পরাক্রান্ত মহাবীর ভীমদেন সেই গজদৈন্য সন্দর্শনে ক্রোধভরে গদা গ্রহণ পূর্বক রথ হইতে অবভার্ণ হইয়া দণ্ডপাণি কৃতান্তের স্থায় তাহাদিগের সম্মুখে সমুপস্থিত হইলেন। কৌরব-দৈন্যগণ তদর্শনে নিতান্ত ভীত হইয়া বিষ্ঠা মূত্র পরিত্যাগ করিতে লাগিল। পর্বতাকার হস্তী দকল রুকোদরের গদাঘাতে বিদীর্ণকুম্ভ ও রুধিরাক্ত কলৈবর হইয়া চীংকার করিতে করিতে কিয়দ্ধুরে গমন করিয়া ছিন্নপক্ষ পর্বতের ন্যায় ভূতলে নিপতিত হইল। তখন রাজ। যুধিষ্ঠির ও মাদ্রীতনয়ন্বয় রোষাবিষ্ট হইয়া গৃপ্পক্ষুক্ত নিশিত শরনিকরে দেই গজারোছিগণকে শমন-সদনে প্রেরণ করিতে লাগিলেন। এ দিকে আপনার পুত্র ধুউত্যুদ্ধের শরে পরাজিত হইয়া অশ্বারোহণে তথা হইতে প্রস্থান করিলে মহাবীর পাঞ্চাল-নন্দনও পাগুবগণকে পজদৈতে পরিবেষ্টিত মবলোকন করিয়া প্রভদ্রেকগণ সমভিব্যাহারে তাহাদিপের বিনাশ বাসনায় ধাবমান হইলেন।

ঐ সময় মহাবীর অশ্বত্থামা, কুপ ও কৃতবর্ণ্ম। ইহারা রথিগণ মধ্যে রাজা ছুর্য্যোধনকে অবলোকন না করিয়া বিধর্ণবিদনে উচ্চৈঃস্বরে কৃছিতে লাগি-. লেন, রাজা সুর্য্যোধন কোথায় গমন করিয়াছেন ? হে মহারাজ! সেই ঘোরতর ল্যোকক্ষয়কালে রাজা তুর্ঘ্যোধনকে নিরাক্ষণ না কৰিয়া আহাদের মনে এই ধ্ৰুশ্স্ক। হইয়াছিল যে, কুরুরাজ নিহত হইয়াছেন। তথন কোন কোন যোদ্ধা তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া কহিলেন, তুর্য্যোধনের সার্থি বিন্দ হওয়াতে তিনি শকুনির নিকট গমন করিয়াছেন। অন্যান্য ক্ষত বিক্ষত ক্ষত্রিয়গণ কহিঁলেন, তুর্য্যোধনকে লইয়া থার আমাদিগের কি কার্য্য দাধন হটবে, তবে ভিনি জাবিত আছেন কিনা একবার তাহার অনুসন্ধান কর। এক্ষণে দকলে দমবেত হুইয়া যুদ্ধে প্রবৃত্ত হুওঁয়াই আমাদের কর্ত্রা। ঐ দেখ, পাওবেরা মাতঙ্গণকে বিনাশ করিয়া এই দিকে আগমন করিতেছে; অতএব আমরা যে সমস্ত সৈন্যে পরিবেষ্টিত হইয়াছি, তাহাদিগকে বিনষ্ট করিতে প্রব্রত্ত হই। হে মহারাজ। তৎকালে শর্মিকর মিপীড়িত ক্ষত্বিক্ষত কলেবর হতবাহন ক্ষত্রিয়গণ অপরিক্ষুটরুপে এই প্রকার কহিতে লাগিলেন। \* মহাবল পরাক্রান্ত অশ্বর্থামা ক্ষত্রিয়দিগের মুখে এরপ কথা শ্রবণ করিয়া পাঞ্চাল দৈলগণের বিনাশ সাধন পূর্বক কুপাচার্য্য 🗷 কুতবর্মার সহিত স্থবল-নন্দন শকুনির সন্নিধানে গমনে সমৃদ্যত হইলেন। তথন মহাবীর পাগুবের। ধৃষ্টত্যুত্মকে পুরোবত্তী করিয়া কোরব দৈত্যগণকে বিনাশ করত আগমন করিতে লাগিলেন। আপনার দৈত্যগণ দেই মহাবল পরাক্রান্ত বারগণকে প্রহৃষ্ট মনে আগমন করিতে দেখিয়া এককালে প্রাণ রক্ষায় নিরাণ হইল। উহাদিগের মুখমণ্ডল ভয়ে বিবর্ণ হইয়া গেল। তথন মামরা পাঁচ জন সেই সমস্ত দৈন্যকে ক্ষীণায়ুধ ও অরাতিগণে পরিবেষ্টিত দেখিয়া বহুসংখ্যক 'অখ' ও হস্তী লইয়া কুপাচার্য্যের সমীপে অবস্থান পূর্বক প্রাণপণে পাঞ্চাল সৈন্য-গণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলাম এবং অল্পকণ মধ্যেই সর্জ্ঞানের শরে নিতান্ত নিপীড়িত হইয়া ধুউত্যুদ্ধের প্রতি গমন করিতে লাগিলাম। তথায় আমাদিগের ঘোরতর যুদ্ধ হইল। পরিশেষে মহাবার ধৃষ্টপ্রান্ধ আমাদিগকে পরাজয় করিলে আমরা রণম্বল হইতে অপস্ত হইলাম। অনস্তর মহারথ সাত্যকি চারি শত র্থীর সহিত আমার প্রতি ধাবমান হইলেন। আমি প্রান্তবাহন মহাবীর ধ্বষ্ট-

চ্যুম্বের নিকট হইতে কথঞ্চিং মুক্তি লাভ করিয়া নরকে নিপতিত পাপ-

পরায়শের ফ্রায় সাত্যকির সৈন্যমধ্যে নিপতিত হইলাম। তথন মুহূর্ত কাল

খেনিতর দংগ্রাম হইল। পরিশেষে মহাবার সাত্যকি আমার পরিচছন ছিন্ন ভিন্ন করিয়া আমাকে মুচ্ছিত ও ধরাতলে নিপতিত দেখিয়া দৃঢ়তর রূপে আক্রমণ করিলেন। অনন্তর মহাবার ব্রকোদর গদা ও অর্জ্জুন নারাচ দ্বারু হস্তাদিগকে নিপাড়িত করিতে লাগিলেন। তথন সেই পর্বতোপম মাতঙ্গগণ চতুর্দিক্ হইতে গাঢ়তর নিপাড়ত হইয়া প্রাণ পরিত্যাগ পূর্বক নিপতিত হইতে লাগিল। তাহাদের পতনে পাগুবগণের রথমার্গ অবরুদ্ধ প্রায় হইল। তথন মহাবার ব্রকোদর দেই সমস্ত মৃত হস্তাদিগকে অপ্রারিত কুরিয়া রথগমনের পথ পরিজ্জুত করিলেন। এ দিকে মহাবার অশ্বত্থামা, রূপ ও কৃতবর্ম্মা রথিগণ মধ্যে রাজা ত্র্য্যোধনকে নিরীক্ষণ না করিয়া তাঁহার অনুসন্ধান করিবার নিমিত্ত ধ্রুত্যুদ্ধকে পরিত্যাগ পূর্বক উদ্বিগ্ন মনে শকুনির সন্ধিধানে গমন করিলেন।

#### সপ্রবিংশতিতম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সময় কুরুরাজ তুর্ব্যোধন অদৃশ্য হইলে এবং পাণ্ডুপুত্র বুকোদর গজানীক নিচত ও কোরব বল নিপীড়িত করিয়। প্রাণঘাতন দণ্ডধারী অদুদ্ধ কুতাভের ভাষ সমরাঙ্গনে বিচরণ করিতে আরম্ভ করিলে মহাবীর তুর্মর্ষণ, আঞ্চান্ত, জৈত্র, ভূরিবল, রবি, জয়ৎদেন, হুজাত, তুর্বিষহ, অরিহা, তুর্বিমোচন, তুপ্রাধর্ষ ও শ্রুতব্বা আপনার এই কয়েকটি হতাবশিষ্ট যুদ্ধবিশারদ পুত্র ভামদেনের প্রতিধাবমান হইয়া তাঁহার চতুদ্দিক্ অবরোধ ক্রিলেন। তখন মহাবীর মধ্যম পাণ্ডব পুনর্ব্বার রথারত হইয়া আপনার পুজাগণের মর্মাদেশে নিশিত শর্নিকর নিক্ষেপ করিতে লাগিলেন। কুমারগণ ভানশরে সমাকার্ণ হইয়া তাঁহারে আক্রমণ করিতে উদ্যত হইলেন। তথন মহাবীর রুকোদর কোপাবিদ্ট হইয়া ক্ষুরপ্র দ্বারা ত্রুর্ম্বণের শিরশেছদন ও সর্ববাবরণভেদী ভল্ল দ্বারা মহারথ শ্রুষ্ঠতান্তের প্রাণ সংহার পূর্বক অস্লান মুখে নারাচ দ্বারা জয়ৎদেনকে বিদ্ধ করিয়া রথ হইতে নিপাতিত করিলেন। মহাবীর জয়ৎদেন ভূতলে নিপতিত হইয়াই পঞ্জ প্রাপ্ত হইলেন। মহা-বীর শ্রুত্ববা তদ্দর্শনে কোপপূর্ণ হইয়া নতপর্বে শত বাণে ভামদেনকে বিদ্ধ করিলেন। রুকোদর তৎকালে তাঁহার উপর শর্মানক্ষেপ না করিয়। বিষাগ্নি সদৃশ তিন বাণে জৈত্র, ভুরিবল ও রবি এই তিন জনকে নিপাতিত করিলেন। বীরত্রয় রথ হইতে ভূতলে পতিত হইয়া বদগুকালে ছিন্ন

কিংশুক পাদপত্রের ভার শোভা পাইতে লাগিলেন। তথন গরাতিঘাতন ভামদেন এক, স্থতীক্ষ ভল্লে তুর্বিমোচনের জাবন নাশ করিলে তিনি রথ, হইতে নিপতিত হইমান বায়ুভ্যা গিরিকুটজাত পাদপের ন্যায়,শোভমান ইইলেন। অনন্তর মহাবীর ব্রকোদর তুই তুই বাণে তুষ্পুধর্ষ ও স্থজাতকে নিহত করিয়া ভূতলশায়ী করিলেন। তথন মহাবীর তুর্বিষহ মহাবেগে ভীমের প্রতি ধাবমান হইলেন। মহাবীর ব্রকোদর তাঁহারেও ধকুর্দ্ধরগণ সমক্ষে ভল্লের আঘাতে যমাজের রাজধানীতে প্রেরণ করিলেন।

ঐ সময় মহাবীর শ্রুত্বর্বা ভ্রাতৃগণকে নিহত নিরীক্ষণ করিয়া ক্রোধভরে হুবর্ণ ভূষিত শরাসনে টঙ্কার প্রদান ও বিষাগ্নি তুল্য বিবিধ শর বর্ষণ করত ভীমসেনের প্রতি ধাবমান হইলেন এবং অবিলম্বে তাঁহার শরাসন ছেদন করিয়া তাঁহারে বিংশতি বাণে বিদ্ধ করিলেন। তখন ভীমপরাক্রম ভামদেন সম্বরে অন্ত চাপ গ্রহণ পূর্বক শ্রেছ ক্রিটোরে থাক্ থাক্ বলিয়া তর্জ্জন করত শরজালে শমাকীর্ণ করিয়া ফেলিলেন। পূর্নাকালে জন্তান্তর ও বাদবের যেমন যুদ্ধ ছইয়।ছিল, তদ্রপ এক্ষণে সেই বীর্দ্বয়ের অতি বিচিত্র ভগানক সংগ্রাম উপ-স্থিত হইল। তাঁহাদিগের যমদণ্ড দদৃশ নিশিত শরজালে ভূমণ্ডল দিল্লণ্ডল ও নভোমগুল সমাচ্ছন হট্য়া গেল। অনন্তর মহাবীর শ্রুতব্বা কোপা বৃত হইয়া শরাসন গ্রহণ পূর্বক ভীমদেনের বাহুদ্ব ও বক্ষস্থলে শর নিক্ষেপ করিলেন। মহাবল পরাক্রান্ত বুকোদর তাঁহার শরে অভিযাত্র বিদ্ধ হইয়া পর্বকালান সাগরের ন্যায় নিতান্ত অস্থির হইলেন এবং রোষাবিষ্ট চিত্তে শ্রুতব্বার চারি অশ্ব ও সার্থির প্রাণ সংহার পূর্বক তাঁহারে অবিরত নিক্ষিপ্ত শর্নিকরে স্মা-চছর করিয়া ফেলিলেন। মহাবীর শ্রুতর্ব। ভীমদেনের প্রভাবে বিরপ হইয়া থড়গচর্ম ধারণ পূর্বিক সমরে বৈচরণ করিতে লাগিলেন। তথন কীরণধা প্রথাণ্য বুকোদর ক্ষুরপ্র দ্বারা দেই খড়গচর্ম্মধারী মহাবীরের শিরক্ষেত্রন ক্রিলেন। আঞ্চরবিত্তি মস্তক বিগীন কলেবর রথ হইতে নিপতিত হ-য়াতে বহুধানল শব্দায়মান হইল। তথন আপনার পক্ষায় ভাফোহিত যোধাণ যুদ্ধার্থে ভামদেনের প্রতি ধাবমান ২ইলেন। প্রতাপান্তিত রুকোদর ও হত্রশেষ বলাণ্ড হুইতে সমাগত বশ্বধারী যোধগণকে আক্রমণ করিলেন। তথন কৌরবগণ তাঁহার চতুর্দ্ধিক্ অবরোধ করিতে লাগিলেন। ভামদেন কৌরবপক্ষায় যোধগণ

কর্ত্ক সমন্তাৎ পরিবৃত হইয়া স্থাররাজ যেমন অস্থারগণকে নিপীড়িত করিয়াছিলেন, তদ্রুপ তাহাদিগকে শরনিকরে নিপীড়িত করিলেন এবং অবিলম্বে
পাঁচ শক্ত মহারথ, সাৃত শত কুঞ্জর, এক লক্ষ পদাতি ও আট শুক্ত অশ্ব নিপাতিত করিয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন। তাঁহার হস্তে আপনার
পুজ্রগণ নিহত হওয়াতে তিনি আপনারে কুতার্থ ও আপনার জন্ম সার্থক বলিয়া
বোধ করিলেন। ঐ সময় আপনার পক্ষীয় যোধগণ সেই কৌরবনিসূদন মহাবীরের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইলেন না । মহাবীর ভীমদেন এইরূপে কৌরবগণকে বিদ্রোবিত ও তাঁহাদের সৈন্যগণকে নিপাতিত করিয়া
বাহ্বাস্ফোটনে করিগণকে বিত্রাসিত করিতে লাগিলেন। তথন সেই অল্পমাত্রাবশিষ্ট কৌরবসৈন্য নিতান্ত দীনভাবাপন্ধ হইয়া রহিল।

#### অষ্টাবিংশতিত্রম অধ্যার।

হে মহারাজ ! ঐ সময় আপনার পুত্রগণের মধ্যে কেবল ছুর্য্যোধন ও छुर्द्धर्य अथारणत गरधा अव्हान कतिए लागिरलन। राह्यकीनम्मन जनाम्बन ছুর্য্যোধনকে তদবস্থাপন্ন দেখিয়। কুন্তীপুত্র ধনঞ্জনকে কহিলেন, হে অর্জ্বন! অসংখ্য জ্ঞাতি শত্রু নিহত হইয়াছে। ঐ দেখ, শিনিপুঙ্গব সাত্যকি সঞ্জয়কে গ্রাহণ করিয়া নির্বত্ত হইয়াছে। নকুল ও সহদেব কৌরবপক্ষীয় যোধগণের সহিত সংগ্রাম করিণা পরিশ্রান্ত হইয়াছে। কুপাচার্য্য, কুতবর্মা ও মহারথ অশ্বত্থাম। ইহারা তিন জন এক্ষণে চুর্য্যোধনের সমীপে বর্ত্তমান নহেন। ঐ দেখ, মহাণীর ধুস্টত্যুন্ন তুর্য্যোধনের দৈন্যুগণকে নিহত করিয়া প্রভদ্রেকগণের সহিত অবস্থান করিতেছে। ঐ দেখ, খেতছত্র পরিশোভিত চুর্য্যোধন আপনার সমুদায় সৈন্য বুঢ়িত করিয়া অখ্যমধ্যে অবস্থান পূর্বক বারংবার চতুর্দ্দিক্ অবলোকন করিতেছে। তুমি অচিরাৎ নিশিত শরনিকরে উহারে নিপাতিত করিয়া কৃতকার্য্য হইবে। এই সমস্ত কৌরব সৈন্য গজানীক নিহত ও তোমারে সমরে সমাগত দেখিয়া যে পর্য্যন্ত পলায়ন না করে, তাবৎ তুমি তুর্য্যোধনের পরাজয় চেন্টা কর। কোন ব্যক্তি ধ্রুন্টত্যুদ্মের নিকট গমন করিয়া তাঁহারে এই স্থানে আনয়ন করুক। পাপাত্ম তুর্য্যো-ধনের সৈন্য সমুদায় আন্ত হইয়াছে । ঐ তুরাত্মা কখনই পরিত্রাণ পাইবে না । ঐ নরাধম তোমার অসংখ্য দৈন্য সংহার পূর্বেক পাণ্ডবগণ পরাজিত হইল বিবেচনা করিয়া ভীষণবেশে অবস্থান করিতেছে। এক্ষণে পাণ্ডবর্গণ কর্তৃ ক স্বীয় সৈন্য বিনফ্ট দেখিয়া অবশ্যই সংগ্রামে আগমন করিবে।

হে মহারাজ ! মহাবীর অর্জ্জন বাহ্নদেব কর্তৃক এইরূপ ক্তিহিত হইয়া তাঁহারে কহিলেন, সথে ! ভামদেন ধৃতরাষ্ট্রের প্রায় সমুদায় পুঁজকে নিহত করিয়াছেন। যে সুই জন একণে বর্ত্তমান রহিয়াছে, উহারাও আজি বিনষ্ট হইবে। কোরব পক্ষের মহাবীর ভীষা, দ্রোণ, কর্প, জয়দ্রথ ও মদ্ররাজ শল্য নিহত হইয়াছেনৰ এক্ষণে কেবল শকুনির পাঁচ শত অশ্ব, তুই শত রণ, এক শত মাতঙ্গ ও তিন সহস্র পদাতি এবং অখখামা, কুপাচার্য্য, ত্রিগর্ভাধিপতি, উল্ক, শকুনি ও ক্বতবর্ম। এই কয়েক জন যোধমাত্র অবশিষ্ট রহিয়াছে। কৃতাত্তির হত্তে কাহারও পরিত্রাণ নাই। আজি নিশ্চয়ই মহারাজ যুর্ধিষ্ঠির শক্রহীন হইবেন। শক্রপক্ষের কেহাই পরিত্রাণ পাইবে না। আজি বিপক পক্ষের যে যে মদোদ্ধত বীর সমর পরিত্যাগ না করিবে, ভাহারা মসুষ্য না হইলেও তাহাদিগকে নিপাতিত করিব। আজি নিশিত শরনিকরে শকুনিরে নিহত ক্রিয়া ঐ তুরাত্মা দূরতক্রীড়ায় আমাদের যে সকল রত্ন হরণ করিয়া-ছিল, তৎসমুদার প্রত্যাহরণ করিব। আজি রাজা মুধিষ্ঠির স্বচ্চন্দে নিয়োহাথ অমুভব করিবেন। ভাজি হস্তিনার অন্তঃপুরচারিণী কামিনীগণ স্ব স্থ পত্তি পুত্রদিগকে পাণ্ডবগণের হস্তে নিহত বলিয়া পরিজ্ঞাত হইবে। আজি আমার সমুদায় কার্য্য স্থসম্পন্ন হইবে। আজি তুর্য্যোধন স্বীয় রাজন্ত্রী ও জীবন পরি-ত্যাগ করিবে। ঐ তুরাত্মা আমার ভয়ে সংগ্রাম হইতে পলায়ন না করিলে নিঃসন্দেহই উহারে নিপাতিত করিব। ধার্ত্তরাষ্ট্র যে সমুদায় অথ সৈত্তের মধ্যে অবস্থান করিতেছে, উহার৷ আমার জ্যানির্ঘোষ ও তলধ্বনি আবণেও সমর্থ নহে। এক্ষণে তুমি অথ দঞ্চালন কর, আমি অচিরাৎ অরাতিগণকে নিহত করিতেছি।

হে মহারাজ ! বাহ্নদেব অর্জ্জ্ন কর্ত্ত্ব এইরূপ অভিহিত হইয়া হুর্য্যোধন সৈল্যের অভিমুখে অশ্ব সঞ্চালন করিতে লাগিলেন। তপ্পন মহারথ ভীমসেন ও সহদেব ইহারাও কৌরব বল নিরীক্ষণ পূর্বেক সিংহনাদ পরিত্যাগ করত হুর্য্যোধনের বিনাশ বাসনায় অর্জ্জ্বনের সহিত ধাবমান হইলেন। ঐ সমন্ত্র মহা-বীর শকুনি উদ্যতকামুক আত্তায়ী পাগুবদিগকে মহাবেগে আগমন করিতে দেখিয়া তাঁহাদের অভিমুখে গমন করিলেন। অনন্তর আপনার পুত্র স্থদর্শন ভীমদেনের সহিত, স্থশ্মা ও শকুনি অর্জ্জনের সহিত এবং অশ্বারত মহাবীর তুর্য্যোধন সহদেবের সহিত খোরতর যুদ্ধ করিতে লাগিলেন। মহাবীর তুর্য্যোধন প্রাদ দ্বারা মাদ্রীপুজের মন্তকে আঘাত করিলে তিনি নিতান্ত ব্যথিত ও শোণিতাক্ত কলেবর হইয়া ভুজঙ্গমের ন্যায় নিশ্বাস পরিত্যাগ পূর্বাক মোহা-ভিস্ত ও রথোপক্ষে নিপতিত হইলেন এবং অল্লকাল মধ্যে পুনরায় সংজ্ঞা লাভ করিয়া কোপাবিষ্ট চিত্তে নিশিত শরনিকরে কুরুরাজকে সমাচ্ছন্ন করিলেন। ঐ সময় সমরপরাক্রান্ত কুন্তীপুত্র ধনঞ্জয় ও শত্রুপক্ষীয় অখারোহী বীরগণের মস্তক ছেদন ও অশ্ব সমুদায় সংহার করিয়া ত্রিগর্ত্তদেশীয় মহারথ-দিগের প্রতি ধাবমান হইলেন। তথন ত্রিগর্তদেশীয় বীরগণ মিলিত হইয়া অৰ্জ্বন ও বাস্তদেবকে শরজালে সমাচ্ছন্ন করিলেন। তথন পাণ্ডুনন্দন ধনপ্তয় এক ক্ষুরপ্রে সত্যকর্মার রথেষ। ছেদন পূর্বক আর এক শিলাশিত ক্ষুরপ্র দ্বার। সহসা তাঁহার কুণ্ডলমণ্ডিত মস্তক ছেদন করিয়া ফেলিলেন। তৎপরে তিনি বুভুক্ষিত সিংহ যেমন অরণ্যে মৃগ সংহার করে, তজ্ঞপ সত্যেষুরে আক্রমণ পূর্বক বিনাশ করিয়া তিন বাণে স্থশর্মারে বিদ্ধ করিলেন। ঐ সময় স্থশর্মার স্বর্ণভূষিত রথ সমুদায় ধনঞ্জয়ের শরে বিন্ট হইল। অনন্তর মহাবীর পাণ্ডু-তনয় চিরসঞ্চিত তীক্ষ্ণ ক্রোধবিষ উদ্ধার করত স্থশর্মার অভিমুখীন হইয়া তাঁহারে শত বাণে সমাচছন ও তাঁহার অখ সমুদায় বিনফ করিয়া তাঁহার প্রতি এক যমদণ্ড সদৃশ শর নিক্ষেপ করিলেন। অর্জ্জুননিক্ষিপ্ত শর মহাবেগে গমন পুর্ব্ব অপশ্রার হাদয় ভেদ করিলে তিনি প্রাণ পরিত্যাগ পূর্ববিক ধরাতলে নিপতিত হইলেন। তদ্দর্শনে পাগুবগণের আহ্লাদ ও কৌরবগণের ছঃখের স্মার পরিশীমা রহিল না। মহারথ ধনঞ্জয় এইরূপে স্কর্ম্মারে নিপাতিত করিয়া নিশিত শরনিকরে তাঁহার পঞ্চত্বারিংশৎ পুত্র ও সমুদায় দৈন্যগণ দংহার পুর্বাক হতাবশিষ্ট কৌরব দৈন্মমধ্যে প্রবেশ করিলেন।

তথন মহাবীর ভীমদেন নিতান্ত কোপান্থিত হইয়া অম্লান মুখে শর-নিকরে অদর্শনকে অদৃশ্য করিয়া স্থতীক্ষ ক্ষুরপ্র দ্বারা তাঁহার মন্তক ছেদন করিয়া ফেলিলেন। মহাবীর অদর্শন নিহত হইলে তাঁহার অনুচরগণ বিবিধ শর বর্ষণ পূর্বক ভীমদেনকে পরিবেন্টন করিল। মহাবীর রুকোদর তদ্দর্শনে ক্রুদ্ধ হইয়া দেবরাজের বজ্রত্ব্য নিশিত শরজালে কৌরব সৈন্তগণের চতুদ্দিক্ সমাচহন্ন করিয়া ক্ষণকাল মধ্যে তাহাদিগকে নিপাতিত করিলেন। সৈন্তগণ নিহত
হইলে সেনাধ্যক্ষ-, মহারথগণ ভীমদেনের সহিত সমরে প্রাব্ত হইলেন। তথন
মহাবীর বকোদর ভীষণ শরজালে তাঁহাদিগকে সমাচছন্ন করিয়া ফেলিলেন।
তাঁহারাও শরজাল নিকেপ করত মহারথ পাগুবদিগকে নিবারণ করিতে
লাগিলেন। এইরিপে উভয় পক্ষীয় বীরগণ এককালে ব্যাকুলিত হইয়া উঠিলেন এবং অনেকৈ পরস্পারের আঘাতে সমাহত হইয়া স্ব স্ব বান্ধবের নিমিত্ত
শোক করত নিপতিত হইতে লাগিলেন।

### উনত্তিংশতম অধ্যার।

হে মহারাজ! এইরূপে দৈন্যক্ষয়কর ঘোরতর সংগ্রাম সমুপস্থিত হইলে স্থবলনন্দন শকুনি সহদেবের প্রতি ধাবমান হইলেন। প্রবল প্রতাপশালী সহ-দেবও তাঁহার উপর শর বর্ষণ করিতে লাগিলেন। তথ্ন মহাবীর উল্ক ভামের প্রতি দশ ও সহদেবের প্রতি নবতি শর নিক্ষেপ্ করিলেন। এইরূপে সেই মহাবীরগৃণ পরস্পার সংগ্রামে প্রবৃত্ত হৃইয়া আকর্ণ আকৃষ্ট স্থব**র্ণপুঞ্জ শ**রনিকরে পরস্পারকে বিদ্ধ করিতে লাগিলেন। তাঁহাদিগের জলধারা সদৃশ শরধারায় দশ দিক সমাচ্ছন্ন হইল। তথন ভীমপরাক্রম ভীমদেন ও সহদেক কৌরব দৈন্য বিনাশ করত সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন। আপনার সৈন্যগণ সেই বীরন্ধয়ের শরে সমাচ্ছন্ন হইয়া অন্ধকারাচ্ছন্ন আকাশমগুলের ন্যায় শোভা ধারণ করিল। শরসমাচ্ছন্ন তুরঙ্গমগণ বহুতর নিহত সৈন্য আকর্ষণ পূর্বক ধাবমান হওয়াতে সমরাঙ্গনের পথ রোধ হইল। নিহত অশ্ব ও অশ্বা-রোহিগণ এবং ছিন্ন প্রাস, ঋষ্টি, খড়গ, চর্ম্ম, শক্তি ও পরশু সমুদায়ে রণভূমি সমাকীৰ্ণ হইলে বোধ হইতে লাগিল যেন উহা নানাবিধ কুন্তমে সমাচ্ছন হইয়াছে। ঐ সময় বীরগণ পরস্পার সমরে প্রবৃত্ত হইয়া উদ্বৃত্ত নেত্র, দংশিতা-ধর, কুওলালক্কত মুখপদা এবং অঙ্গদ, বর্দ্ম, খড়গা, প্রাস ও পরশুসমাযুক্ত গক্ত-শুণ্ডাকার বাহু দ্রারা সমরাঙ্গন আরত করিলেন। ক্রব্যাদগণ ইতস্তত বিচরণ ও কবন্ধগণ চতুর্দ্দিকে নৃত্য করাতে রণভূমি অতি ঘোরদর্শন হইয়া উঠিল।

মহারাজ ! তৎকালে কৌরব সৈন্য অতি অল্পমাত্রাবশিষ্ট হইলে পাণ্ডব-গণ মহা আ্ফ্রানে তাহাদিগকে যমরাজের রাজধানীতে প্রেরণ করিতে শাগিলেন। তখন প্রবল প্রতাপশালী স্থবলনন্দন শকুনি সহদেবের মস্তকে প্রাস প্রহার করিলেন। মাদ্রীনন্দন প্রাসের আঘাতে বিহরল হইয়া রথোপরি উপবিষ্ট হইলেন। ভীমপরাক্রম ভীমদেন সহদেবকে তদরশ্ব অবলোকন করিয়া ক্রোধভরে সমস্ত কৌরব সৈন্য নিবারণ ও নারাচ দ্বারা অসংখ্য যোদ্ধার কলেবর ভেদ করত সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। অশ্বারোহী, গজানরাইী ও শকুনির অনুচরগণ দেই ভাষণ শব্দ প্রবণে ভীত হইয়া সহসা পলাক্রনে প্রস্তুত্ত হইল। রাজা সুর্য্যোধন তাহাদিগকে সমরপরাদ্ধ্য নিরীক্ষণ করিয়া কহিলেন, হে যোধগণ! তোমরা কেম পলায়ন করিতেছ? নির্ত্ত হও। তোমাদের কিছুমাত্র ধর্মজ্ঞান নাই। যে মহাবীর রণপরাদ্ধ্য না হইয়া সমরাঙ্গনে প্রার্থ না হইয়া সমরাঙ্গনে প্রার্থ গাকেন।

হে মহারাজ ! রাজা সুর্য্যোধন এইরাপ কহিলে শকুনির অসুচরগণ প্রাণ-পণে পাওবগণের প্রতি ধাবমান হইল। গমনকালে তাহাদের সংক্ষুদ্ধ সাগর-শব্দ সদৃশ ভীষণ শব্দে চারি দিক্ বিত্রাসিত হইয়া উঠিল। তথন বিজয়োদ্যত পাওবগণ শকুনির অসুচরদিগকে পুরোবর্ত্তী নিরীক্ষণ করিয়া তাহাদিগের অভি মুবে গমন করিলেন। ঐ সময় মহাবীর সহদেব সংজ্ঞা লাভ পূর্ববক শকুনিরে দৃশ **এবং তাঁছার অশ্বগণকে** তিন শরে বিদ্ধ করিয়। অবলীলাক্রেমে শরনিকরে স্থ্যলনন্দনের শরাদন ছেদন করিয়া ফেলিলেন। তথন যুদ্ধতুর্মদ শকুনি সন্থরে ব্দন্য শরাসন গ্রাহণ করিয়া নকুলকে ষষ্টি এবং ভীমসেনকে সাত শরে বিদ্ধ ক্ষিলেন। মহাবীর উল্বক্ত পিতার পরিত্রাণ বাদনায় ভীমদেনকে দাত ও সহদেবকে সপ্ততি শরে বিদ্ধ করিলেন। তথন ভীমপরাক্রম ভীমসেন উল্কের **অভি সাত, শকুনির প্রতি চতুঃষষ্টি এবং তাঁহাদের পার্থস্থ বীরগণের প্রতি** তিন তিন শর প্রয়োগ করিলেন। বীরগণ সহদেবের শরে সমাহত হইয়া ক্রোধ-ভবে বিস্তৃয় ছিরাজিত জলদাবলি যেমন পর্ববতের উপর বারিধারা বর্ষণ করে, ভজ্জপ সহলেবের উপর অনবরত শরধারা নিকেপ করিতে লাগিলেন। ঐ সময় মহাশ্রভাপশালী সহদেব উলুককে সমাগত দন্দর্শন করিয়া এক ভল্লে তাঁহার মন্তক ছেদন করিয়া কেলিলেন। মহাবীর উল্ক রুধিরাক্ত কলেবর ও ছিন্ন মক্তক হইরা পাণ্ডবগণের আনন্দ বর্জন পূর্বেক ভূতলে নিপতিত হইলেন।

স্বলনন্দন শকুনি পুত্রকে নিহত নিরীকণ করিয়া বাষ্পাকুল নয়নে ক্ষণ-কাল বিছরের বাক্য স্মরণ ও দীর্ঘনিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক সহক্ষেবের সম্মুখীন হইয়া তাঁহার °গ্রাতি তিন শর প্রায়োগ করিলেন। মহাবার সভূদেব 'অবিলক্ষে স্থবলনন্দনের শর দকল নিরাক্ত করিয়া স্বীয় শরনিকরে তাঁছার শরাসন ছেদন করিয়া কেলিলেন। তথন মহাবীর শকুনি অতি ভীষণ খড়গ গ্রহণ পূর্বক সহ-দেবের প্রতি নিক্ষেপ করিলেন। মহাবল পরাক্রান্ত মাদ্রীতনয়ও অবলীলাক্রমে সেই ঘোরতর প্রভূগ দ্বিপণ্ড করিয়া ফেলিলেন। অনস্তর শকুনি ঘোরতর গদা প্রহণ করিয়া তাঁহার উপর নিক্ষেপ করিলে তাহাও মাদ্রীনন্দনের শরপ্রভাবে ব্যর্থ হইয়া ভূতলে নিপতিত হইল। তথন মহাবীর স্থবলনন্দন এক কালরাত্রির ন্যায় ভীষণ কনকভূষিত শক্তি সমুদতে করিয়া নকুলের প্রতি নিক্ষেপ করিলেন। মাজীতনয় তাহাও অবলীলাক্রমে শর্নিকরে ত্রিধা ছেদন করিয়া ফেলিলেন। দেই ভীষণ শক্তি নিপতিত হইবার সময় বোধ হইতে লাগিল যেন গগনমণ্ডল ইইতে দেদীপ্যমান বিদ্যুৎ বিশীর্ণ হইতেছে। ঐ সময় কৌবরপক্ষীয় সৈন্যগণ শক্তি বিনিহত ও শকুনিরে নিতাম্ভ ভাত দেখিয়া সকলেই পলায়ন করিতে লাগিল। তৎকালে মহাবীর শকুনিও পলায়নপরায়ণ হইলেন। আপনার পুজ্ঞদিগের আর সমরবাসনা রহিল না। জয়শীল পাগুবগণ কৌরবদিগতে তদবস্থ দেখিয়া মহা আহলাদে চীৎকার করিতে লাগিলেন। তখন প্রবল প্রতাপশালী মাদ্রীতনয় কৌরবদিগকে বিমনায়মান অবলোকন করিয়া অসংখ্য শরে তাঁছা-দিগকে নিবারণ করিতে আরম্ভ করিলেন। অনস্তর তিনি অখারোহী গান্ধার দৈন্যে পরিরক্ষিত শকুনিরে পলায়ন করিতে দেখিয়া তাঁহারে আপনার বধ্য জ্ঞান করিয়া তাঁহার প্রতি ধাবমান হইলেন এবং কাম্মুকে জ্যা আরোপিত করিয়া অঙ্কুশ দ্বারা হস্তীরে যেঁমন আঘাত করে, তদ্ধেপ ক্রোধভরে নিশিত শরে ভাঁহারে বিদ্ধ করিয়া কহিলেন, হে স্থবলনন্দন ৷ ক্ষত্রিয় ধর্মাতুসারে স্থির হুইয়া যুদ্ধ কর্ব; দূতেক্রীড়া সময়ে সভামধ্যে যে আহলাদ প্রকাশ করিয়াছিলে, আজি তাহার ফল ভোগ কর। পুর্বেব যে যে তুরাত্মা আমাদিগকে উপহাস ক্রিয়াছিল, তাহার। সকলেই নিহত হইয়াছে। কেবল কুলাঙ্গার তুর্য্যোধন ও তুমি তোমর। হই জন অৰশিষ্ট আছ। লগুড় প্ৰহারে বৃক্ষ হইতে ফল যেগন নিপাতিত করে, ভজ্জপ আজি আমি কুর প্রহারে ভোমার মস্তক উন্মণিত করিব।

হে মহারাজ! মহাবল প্রাক্রান্ত সহদেব শকুনিরে এইরূপ কহিয়া ক্রোধ-ভরে মহাবেপে তাঁহারে প্রহার করিতে আরম্ভ করিলেন। অনস্তর তিনি রোধা-নলে দগ্ধ হইয়া,ভীষণ শরাসন বিস্ফারণ পুরঃসর শকুনিরে দশ ও তাঁহার অশ্ব-গণকে চারি বাণে বিদ্ধ করিলেন এবং অবিলম্বে তাঁহার ছত্র, ধ্বজ ও শরাসন ছেদন করিয়া সিংহনাদ পরিত্যাগ পূর্বক তাঁহার মর্ম্মদেশে অসংখ্য শর নিক্ষেপ করিতে লাগিলেন। স্থবলতনয় মাদ্রীতনয়ের শরজালে নিতাস্ত নিপীড়িত হইয়া এক স্থবর্ণমণ্ডিত প্রাস ধারণপূর্বকে তাঁহার বিনাশার্থ ধাবমান "হইলেন। তথন মহাবীর সহদেব তিন ভল্ল নিক্ষেপ 'পূর্ব্বক শকুনির দেই সমুদ্যত প্রাস ও স্থর্ত্ত ভুজদ্ব যুগপৎ ছেদন করিয়া উচ্চৈঃম্বরে সিংহনাদ করিতে লাগিলেন এবং স্থবলনন্দনের মন্তক কৌরবগণের তুর্নীতি মূলিভূত বিবেচনা করিয়া অবিলম্বে অন্য এক সর্ববাবরণভেদী স্থবর্ণপুঞ্জ লোহময় ভল্ল নিক্ষেপ পূর্বক উহা ছেদন করিয়া ফেলিলেন। মহাবল্ পরাক্রান্ত শকুনি দহদেবের দূর্য্যদন্ধিভ স্থবর্ণমণ্ডিত শরে ছিম্ন শস্তক হইয়া ধরাশয্যায় শয়ান হইলেন। কৌরবপক্ষীয় শস্ত্রধারী যোধগণ শকুনিরে ছিল্লমস্তক, শোণিতাক্ত কলেবর ও সমরাঙ্গনে শয়ান অব-লোকন করিয়া শক্তিত চিত্তে দশ দিকে প্রস্থান করিতে লাগিলেন। ঐ সময় আপনার'পুক্রগণ ও তাঁহাদের চতুরঙ্গবল গাণ্ডীবনির্ঘোষ প্রবণে ভীত, শুক্ষমুখ ও সংজ্ঞাহীন হইয়া ইতস্তত ধাৰমান হইলেন। তথন পাগুৰগণ শকুনিৱে নিহত অবলোকন করিয়া মহাত্মা বাস্তদেব ও যোধগণের সম্ভোষ সাধনার্থ শব্ম বাদন করিতে লাগিলেন এবং সহদেবকে যথোচিত প্রশংসা করিয়া কহিলেন, হে বীর ! তুমি আজি ভাগ্যক্রমে দুরাত্ম। শকুনি ও তাঁহার পুত্রকে নিপাতিত করিয়াছ।

# হু দপ্রবেশ পর্ববাধ্যায়। ত্রিংশন্তম অধ্যায়।

হে মহারাজ ! এইদ্ধাপে স্থবলনন্দন নিহত হইলে তাঁহার অনুচরগণ রোষপরবশ হইয়া প্রাণপণে পাজবগণের নিবারণে প্রবৃত্ত হইল। তথন মহাবীর অর্জ্জন ও ক্রেজ আশীবিষ সদৃশ তেজস্বী ভীমদেন তাহাদিগকে আক্রমণ করিলেন। শকুনির অনুচরগণ সহদেবের বিনাশ বাসনায় শক্তি, ৠষ্টি ও প্রাস

ধারণ পূর্বক সংগ্রামে সমুদ্যত হইয়াছিল, কিন্তু ধনঞ্জয়ের গাণ্ডীবপ্রভাবে তাহাদের সেই সংকল্প ব্যর্থ হইয়। গেল। মহাবার অর্জ্জুন ভল্ল দ্বারা অভিমূখে সমাগত যোধপানের অন্তর্যুক্ত বাছ ও মন্তর্ক ছেদন পূর্বেক তাহাদের অশ্বগণকে নিপাতিত করিলেন। যোধগণ সব্যসাচীর শরাঘাতে প্রাণ পরিত্যাগ পূর্বক ভূতলে নিপতিত হইল। তথন রাজা তুর্য্যোধন দৈন্যগণকে নিহত নিরীক্ষণ করিয়া হতাবশিষ্ট চতুরঙ্গ বল একত্র সমবেত করিয়া কহিলেন, হে বারগণ! তোমরা অবিলক্ষৈ হৃছ্ট্দাণের সহিত পাণ্ডবদিগকে ও সনৈত ধৃষ্টত্যুত্মকে বিনাশ করিয়া প্রত্যাগমন কর। হে মহারাজ ! তথন দৈন্যগণ আপনার পুত্রের আজ্ঞা শিরোধার্য্য করিয়া পাগুবগণের প্রতি ধাবমান হইল। পাগুবগণ দেই হতাবশিষ্ট যোধগণকে অভিমুখে সমাগত দেখিয়া তাহাদের উপর আশীবিষ শদুশ শরনিকর নিক্ষেপ করিতে লাগিলেন। তখন আপনার দৈন্যগণ কাহা-রেও রক্ষক না দেখিয়া শঙ্কাপ্রযুক্ত নিতান্ত অন্থির, হইয়া উঠিল। ধূলিপটল পরিরত অশ্বগণ ইতস্তত ধাবমান হওয়াতে কাহারও আর দিখিদিক্ জ্ঞান রহিল না। ঐ সময় পাণ্ডব সৈন্য হইতে যোধগণ বিনির্গত হইয়া কৌরব পক্ষীয় যোধগণকে বিনাশ করিতে আরম্ভ করিলেন। তখন আপনার সৈন্যগণ প্রায় সকলেই বিনফ্ট হইল। হে মহারাজ ! এইরূপে পাণ্ডব ও সঞ্জয়গঁণ আপ-नात शुरक्तत (मर्डे अकामम जिल्लोहिनी (मना निःश्निष्ठ श्रीय कतिलन। কৌরব পক্ষীয় সহস্র সহস্র ভূপালমধ্যে কেবল একমাত্র তুর্য্যোধন অবশিষ্ট রহিলেন। তিনি ঐ সময় দশ দিক্ শুন্য দেখিতে লাগিলেন এবং আহ্লাদদাগরে নিমগ্ন পাগুবগণের সিংহনাদ ও বাণশব্দ শ্রেবণে মূর্চ্ছিত প্রায় হইয়া তথা হইতে প্রস্থান করাই শ্রেয়স্কর বোধ করিলেন।

ধুতরাষ্ট্র কহিলেন, হে'সঞ্জয়! অস্মৎপক্ষীয় সৈত্যগণ বিনষ্ট ও শিবির শৃন্য হইলে পাণ্ডব পক্ষীয় দৈন্য কি পরিমাণে অবশিষ্ট রহিল ? আর তুর্মতি তুর্ব্যোধনই বা ঐ সময় সেই বলক্ষয় দেখিয়া কিরূপ অনুষ্ঠান করিল ? সঞ্জয় কহিলেন, মহারাজ! তৎকালে পাণ্ডব দৈন্য মধ্যে গুই সহস্র রথী, সাত শত হস্তারোহী, পাঁচ দহত্র অশ্বারোহী এবং দশ দহত্র পদাতি অবশিষ্ট ছিল। মহাবীর ধৃষ্টত্যুম্ন এই সমস্ত সৈন্য সমভিব্যাহারে রণস্থলে অবস্থান করিতে লাগিলেন। ঐ সময় রাজা তুর্য্যোধন রণছলে আর কাহারেও আপনার সহায়

না দেখিয়া নিতান্ত বিষণ্ধ হইলেন এবং শত্রুগণের সিংহনাদ প্রবণ ও আপনার সৈন্যক্ষয় অবলোকন করিয়া শক্ষিত মনে নিহত স্থীয় অশ্বকে পরিত্যাগ পূর্বক গদাহন্তে পাদদারে পুর্বদিকে হুদাভিমুখে গমন করিতে লাগিলেন। তিনি কিয়দ্দুর গমন করিয়া ধর্মপরায়ণ ধীমান্ বিহুরের বাক্য স্মরণ পূর্বক মনে মনে চিন্তা করিলেন, পূর্বে বিহুর আমাদিগের ও অন্যান্য ক্ষত্রিয়গণের যে সর্বনাশ সমুপন্থিত হইবে, ইহা বিলক্ষণ অনুমান করিয়াছিলেন। হে মহারাজ ! রাজা হুর্য্যোধন শোকসম্ভপ্ত হৃদদের মনে মনে এইরপ আন্দোলন করত হ্রদপ্রবেশা-ভিলাবে ধাবমান হইলেন।

এ দিকে ধৃষ্টপ্রান্থপ্রথাপ্র পাণ্ডবগণ ক্রোধভরে জ্রুভবেগে কৌরব সৈন্যগণের প্রতি গমন করিতে লাগিলেন। মহাবীর ধনঞ্জয় গাণ্ডীবপ্রভাবে সেই
সমস্ত শক্তি, ঋষ্টি ও প্রাস্থারী কৌরব সৈন্যগণের সমুদায় সঙ্কল্প নিজ্ফল করিয়া
অবিলক্ষে তাহাদিগকে বন্ধুবান্ধবগণের সহিত সংহার পূর্বক রথোপরি অপূর্বব
শোভা ধারণ করিলেন। হে মহারাজ! ঐ সময় অ্বলনন্দন হস্তী ও অশ্বগণের
সহিত নিহত হওয়াতে আপনার সৈন্য ছিল্ল, অরণ্যের ন্যায় দৃষ্ট হইতে লাগিল।
তৎকালে মহাবীর অশ্বত্থামা, কৃতবর্মা, কৃপাচার্য্য ও আপনার আত্মন্ধ ভূর্য্যোধন
ব্যতিরেকে আপনার সেই অসংখ্য সৈন্যমধ্যে আর কেহই জীবিত রহিলেন না।

অনন্তর মহাবীর ধৃষ্টন্তান্ধ আমারে সাত্যকির নিকট অবলোকন করিয়া তাঁহারে কহিলেন, হে বীর! সঞ্জয়কে জীবিত রাখিবার প্রয়োজন কি ? ইহারে অচিরাৎ সংহার কর। মহারথ সাত্যকি ধৃষ্টত্যুদ্ধের বাক্য প্রবণমাত্র নিশিত অসি দারা আমারে বিনাশ করিতে উত্তত হইলেন। ইত্যুবসরে মহর্মি কৃষ্ণ-ছৈপায়ন তথায় আগমন করিয়া সাত্যকিরে কহিলেন, যুযুধান! তুমি সঞ্জয়কে পরিত্যাগ কর; ইহারে বিনাশ করা কর্ত্তব্য নহে। তথন মহাবীর সাত্যকি কৃতাঞ্জলিপুটে মহর্মি ব্যাসের বাক্য শিরোধার্য্য করিয়া আমারে কহিলেন, সঞ্জয়! তুমি এক্ষণে নির্বিদ্ধে গমন কর। এইরূপে আমি সেই অপরাহত সাত্যকির, অনুজ্ঞা লাভ করিয়া বর্ম্ম ও আয়ুধ পরিত্যাগ পূর্বক শোণি তলিপ্ত কলেবরে নগরাভিমুখে গমন করিতে লাগিলাম। গমন কালে রণহল হইতে এক ক্রোশ অন্তরে অবন্ধিত ক্রবিক্ষতদেহ গদাধারী একমাত্র রাজা তুর্য্যোধ্বনেক নিরীক্ষণ করিলাম। তাঁহার লোচনম্বয় বাষ্পাবারিতে সমাকুল হওয়াতে

তিনি আমারে অবলোকন করিতে দমর্থ হইলেন না। ঐ দময় কুলাজকে শোকাকুল ও অসহায় দল্দর্শন করিয়া কিয়ৎক্ষণ আমার ও বাক্য স্ফুর্তি হইল না। পরিশেষের আমি যেরূপে অরাতি কর্ত্ত্বক আক্রান্ত, ও মহর্ষি কৃষ্ণ ছৈপায়ন প্রদাদে মুক্ত হইয়াছিলাম, তাহাই আত্যোপান্ত দমুদায় কীর্ত্তন করিলাম। তথন রাজা হুর্য্যোধন তৈতত্ত্ব লাভ ও মুহূর্ত্তকাল চিন্তা করিয়া আমারে স্বীয় দৈন্য ও আত্গণের দংবাদ জিজ্ঞাদা করিলেন। আমি কহিলাম, মহারাজ ! আমি সচক্ষে প্রত্যক্ষ করিয়াছি, আপনার দমুদায় দৈন্য ও আত্গণ বিনষ্ট হইয়াছেন। আমার রণস্থল হইতে আগমন দম্যে ব্যাদদেব কহিলেন, একণে কৌরব পক্ষীয় তিন জন মাত্র মহারথ জীবিত আছেন।

হে মহারাজ! রাজা তুর্য্যোধন আমার বাক্য প্রবণানস্তর দীর্ঘ নিশাস পরিত্যাগ পূর্বক আমারে বারংবার নিরীক্ষণ ও আমার গাত্র স্পর্শ করিয়া কহিলেন, সঞ্জয়! এক্ষণে আমি তোমা ব্যতিরেকে আমাদের পক্ষীর কার কোন ব্যক্তিকেই জাবিত দেখিতেছি না। কিন্তু পাণ্ডবেরা সকলেই সহায় সম্পন্ধ আছে। যাহা হউক, তুমি, মহাপ্রাক্ত রাজা ধৃতরাষ্ট্রকে কহিবে যে, আপনার আত্মজ তুর্য্যোধন ক্ষতবিক্ষত শরীরে সমর হইতে কথিকে বিমুক্ত হইয়া হুদমধ্যে প্রবেশ পূর্বক আত্মরক্ষা করিয়াছেন। হায়! মাদৃশ ব্যক্তি বিপক্ষশরে পুত্রহীন, আত্হীন, বন্ধুবান্ধব বিহীন ও রাজ্য এই ইয়া কিরূপে জীবন ধারণ করিবে! হে মহারাজ! কুরুরাজ এই বলিয়া হ্রদমধ্যে প্রবেশ পূর্বক মায়া প্রভাবে উহার সলিল স্তম্ভিত করিয়া রাখিলেন।

এই রূপে তুর্যোধন দেই হ্রদমধ্যে প্রবিষ্ট হইলে কুপাচার্য্য, অশ্বত্থামা ও কৃতবর্মা এই তিন মহাবীর ক্ষতবিক্ষতকলেবর ও প্রান্তবাহন হইয়া সেই প্রদেশ্যর অনতিদূরে সমুপস্থিত হুইলেন এবং আমারে দেখিবামাত্র সম্বরে অশ্ব চালনপূর্বক আমার সমীপে আগমন করিয়া কহিলেন, সঞ্জয়! আজি সৌভাগ্য-বশত তোমারে জীবিত দেখিলাম। আমাদিগের রাজা তুর্যোধন ত জাবিত আছেন ? তথন আমি সেই বীরত্রেরে নিকট তুর্যোধনের পরিত্রাণ বুক্তান্ত কীর্ত্তন করিয়া কুরুরাজ হুদপ্রবেশকালে যাহা যাহা কহিয়াছিলেন, তৎসমুদায় নিবেদন করিলাম এবং কুরুরাজ যে হুদে প্রবেশ করিয়াছিলেন, তাহাও দেখা-ইয়া দিলাম। তথন মহাবীর অশ্বত্থামা আমার নিকট সমুদার বৃক্তান্ত অবগত

হইয়া সেই বিস্তীর্ণ হ্রদ দর্শন পূর্ব্বক এই বলিয়া করুণস্বরে বিলাপ করিতে লাগিলেন, হায়! কি কফ ! রাজা আমাদিগকে কি জীবিত বলিয়া পরিজ্ঞাত ছিলেন না। আমরা তাঁহার সহিত 'মিলিত হইয়া অনায়াসেই, অরাতিগণের সহিত যুদ্ধ করিতে পারিতাম।

এই রূপে সেই তিন মহারথ দেই স্থানে বহুক্ষণ বিলাপ করিলেন। পরিশেষে তাঁহারা পাগুবগণকে সমরক্ষেত্রে অবলোকন পূর্ববক আমারে কুপা-চার্য্যের রথে আরোপিত করিয়া শিবিরে উপনীত হইলেন। ध সময় দিনকর অস্তাচলচুড়া অবলম্বন করিলেন। শিবিরস্থ যাবতীয় লোক কুমররগণের নিধন-বার্ত্ত। ত্রাবণে নিতান্ত তুঃখিত হইয়। বিলাপ করিতে লাগিলেন। তথন অন্তঃপুর-রক্ষক রদ্ধগণ রাজ্বনিতাদিগকে লইয়া নগরাভিমুখে ধাবমান হইলেন। কৌরবকুলরমণীগণ বীরগণের নিধনবার্ত্তা শ্রেবণে কুররীগণের স্থায় বারংবার উচ্চৈঃম্বরে রোদন করত মহীতল প্রতিধ্বনিত করিয়া মস্তকে করাঘাত, নথর প্রহার ও কেশোৎপাটন পূর্বক হাহাকার করিতে লাগিলেন। প্রয্যোধনের অসাত্যগণ ভয়াতুর হইয়া অঞ্জকঠে রোদন করিতে করিতে রাজগনিতাগণকে লইয়া নগরে প্রস্থান করিতে লাগিলেন। অন্তঃপুরের বেত্রধারী দারপালগণ বহুমূল্য অভিরণে মণ্ডিত শুভ্র শ্যা সমুদায় গ্রহণ পূর্ন্বক নগরাভিমুথে ধাবমান হইল এবং অনেকে স্ব স্ব পত্নী সমভিব্যাহারে অশ্বতরিযুক্ত রথে গারোহণ পুর্বাক নগরে প্রস্থান করিতে আরম্ভ করিল। হে মহারাজ। পূর্বে দিবাকরও যে কুলকামিনীগণকে অবলোকন করিতে সমর্থ হন নাই, এক্ষণে সামান্য লোকেরাও অবাধে তাঁহাদিগকে দর্শন করিতে লাগিল। ঐ সময় গোপাল মেষ-পালক প্রভৃতি প্রাকৃত মনুষ্যগণও ভীমদেন প্রমুখ পাগুবগণের ভয়ে নিতান্ত ভীত হইয়া প্ররস্পারের প্রতি দৃষ্টিপাত করত নগরাভিমুখে ধাবমান হইল।

হে মহারাজ। এইরূপে দমস্ত লোক পলায়নপরায়ণ ছইলে আপনার পুত্র যুযুৎস্থ নিতান্ত শোকদন্তপ্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন, মহাবল পরাক্রান্ত পাগুবগণ একাদশ অকোহিণী দৈন্যের অধিপতি রাজা তুর্য্যোধনকে পরাজিত এবং আমার অন্যান্য ভাতৃগণ ও ভাষা দ্রোণ প্রভৃতি বারগণকে নিহত করিয়াছেন। এক্ষণে ভাগ্যক্রমে কেবল আমি একাকী জীবিত রহিন্যাছি। শিবিরন্থ দমস্ত লোকেই পলায়ন করিতেছে। অদৃউপুর্বা রমণীগণ অনাথা ও শোকসন্তপ্তা হইয়া হরিণীগণের ন্যায় ভয়ব্যাকুল লোচনে দশ দিক্
নিরীক্ষণ করত ধাবমান হইতেছেন। ছর্ব্যোধনের হতাবশিষ্ট সচিবগণ রাজবনিতাদিগকে লইয়া নগরাভিমুখে প্রস্থান করিতেছেন। এই সময়ে সামারও
তাঁহাদিগের সহিত নগরে গমন করা কর্ত্তব্য। মহাবাছ যুযুং হ এইরূপ চিন্তা
করিয়া যুধিন্তির ও ভীমসেনকে সেই রুত্তান্ত নিবেদন পূর্বক বিদায় প্রার্থনা
করিলে দয়াপরায়ণ রাজা যুধিন্তির প্রসন্ধ চিত্তে তাঁহারে আলিঙ্গন পূর্বক বিদায়
করিলেন। তথদ বৈশ্যাপুত্র যুযুৎ হ রুথারোহণ করিয়া হন্তিনাভিমুখী রুমণীগণের
প্রতি দৃষ্টিপাত করত অশ্ব সঞ্চালন পূর্বক সচিবগণের সহিত মিলিত হইলেন
এবং সন্ধ্যা সময়ে বাষ্পাকুল লোচনে হন্তিনায় প্রবেশ পূর্বক মহাত্মা বিতরকে
অবোলোকন করিয়া প্রণতি পুরঃসর তাঁহার সমীপে দণ্ডায়মান রহিলেন।
বিজ্ঞতম মহাত্মা বিত্র যুযুৎ হুরে অবলোকন করিয়া অপ্রুদগদগদস্বরে কহিলেন,
বৎস! কৌরবগণের এই ভয়াবহ সংগ্রামে যে তুমি জীবিত রহিয়াছ, ইহা
খিতি গৌভাগ্যের বিষয়। এক্ষণে তুমি রাজা হুর্য্যোধনকে না লইয়া কি নিমিত্ত
প্রত্যাগ্যনন করিলে, ইহা আমার নিকট সবিস্তরে কীর্ত্তন কর।

যুযুৎস্থ কহিলেন, হে মহাত্মন্! মহাবীর শকুনি জ্ঞাতি, পুত্র ও বন্ধুবান্ধবগণের সহিত নিহত হইলে রাজা হুর্য্যোধনের সমস্ত পরিবার নিঃশেষিত
হইল। তখন তিনি স্বীয় স্থা পরিত্যাগ পূর্বক ভয়ে পূর্ব্বাভিমুখে প্রস্থান
করিলেন। রাজা পলায়ন করিলে অন্যান্য সকলেই ভয়ব্যাকুলিত হইয়া নগরাভিমুখে ধাবমান হইল। অন্তঃপুররক্ষকগণ হুর্য্যোধন ও তাঁহার আভ্গণের
কলত্রদিগকে বাহনে সমারোপিত করিয়া ভয়ে পলায়ন করিতে লাগিল। ঐ
সময় আমি কেশবের সমক্ষে রাজা যুধিষ্ঠিরের অনুজ্ঞা গ্রহণ পূর্বক সেই পলায়নপরায়তা ব্যক্তিগণকে রক্ষী করত হস্তিনাপুরে প্রবেশ করিলাম।

হে মহারাজ! দর্ব্বধর্মবেতা বিত্ব বৈশ্যাপুত্র যুযুৎস্থর দেই বাক্য প্রবণ করিয়া তাঁহারে সাধুবাদ প্রদান পূর্বক কহিলেন, বৎস! তুমি সময়েচিত কার্য্যের অনুষ্ঠান ও স্বীয় কুলধর্ম রক্ষা করিয়াছ। প্রজাগণ যেমন দিবাকরের পুনরাগমন সন্দর্শন করে, তদ্রেপ আজি আমি ভাগ্যক্রমে দেই বীরক্ষয়কর সংগ্রাম হইতে ভোমার প্রত্যাগমন সন্দর্শন করিলাম। তুমি মদুরদর্শী অব্যব-স্থিতিভি রাজ্যলোলুপ হতভাগ্য অন্ধ নৃপতির একমাত্র যষ্টিস্বরূপ হইয়া রহিলে। আজি তুমি এই ছানেই বিশ্রাম কর, কল্য যুধিষ্ঠিরের নিকট গমন করিবে।

হে মহারাজ ! মহাত্মা বিত্র 'এইমাত্র বলিয়া অশ্রুপূর্ণ লোচনে যুযুৎস্থর সহিত রাজভবনে প্রবেশ করিলেন। ঐ সময় যাবতীয় পুরবাসী ও জনপদবাসি-গণ হাহাকার করিতে লাগিল। রাজভবন নিরানন্দময় ও শোভাবিহীন হইল। কাহারও আর কিছুতেই স্থথ রহিল না। তথন সর্ব্বধর্মবেত্তা বিত্র নিতান্ত তুঃখিত হইয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে করিতে ক্রমে ক্রমে আবাসে প্রবেশ করিলেন। মহামতি যুযুৎস্থও সেই রজনী আপনার গৃহে অতিবাহিত করিলেন। বন্দিগণ তাঁহার স্তব পাঠ করিতে লাগিল, কিন্তু পরস্পার সমরে প্রবৃত্ত ভরতবংশীয়দিগের ক্রয়ন্ত্রান্ত তাঁহার হৃদয়মন্দিরে জাগরুক হওয়াতে তিনি কোন ক্রমেই স্কৃত্ব হইতে পারিলেন না।

### একত্রিংশত্তম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! পাণ্ডনের আমার সৈন্যগণকে বিনষ্ট করিলে হতাবশিষ্ট স্থখামা, কুপাচার্য্য, কুতবর্মা এবং আমার পুজ্ মন্দবুদ্ধি ছুর্য্যোধন তৎকালে কি করিলেন ?

সঞ্জয় কহিলেন,—মহারাজ ! প্র সময় ক্ষত্রিয়রমণীগণ ধাবমান ও শিবির শূন্য হইলে আমাদিগের পক্ষীয় সেই তিন জন মহারথ পাগুবগণের জয়কোলাহল শ্রেবণ পূর্বক তথায় অবস্থান করিতে একান্ত অসমর্থ হইয়া হুদাভিমুথে গমনকরিতে লাগিলেন। তথন ধর্মপরায়ণ যুধিষ্ঠিরও ছুর্য্যোধনকে বিনাশ করিবার বাসনায় ছাইত মনে ভাতৃগণ সমভিব্যাহারে সমরাঙ্গনে পর্যাইন করত পরম যত্ন সহকারে কুরুরাজের অনুসন্ধান করিতে লাগিলেন; কিন্তু কোনজ্রমেই তাঁহারে দেখিতে পাইলেন না। কুরুরাজ ইতিপূর্বেই গদা হস্তে রণস্থল হইতে ফেতবেগে নিজ্ঞান্ত হইয়া স্বীয় মায়াপ্রভাবে সলিল স্তম্ভিত করিয়া হুদমধ্যে প্রবেশ করিয়াছিলেন। প্র সময় ছুর্য্যোধনের অম্বেষণ করিতে করিতে পাগুব-গণের বাহন সকল একান্ত পরিপ্রান্ত হইল। তথন তাঁহারা সৈত্যগণ সমন্তিব্যাহারে শিবিরে উপস্থিত হইয়া বিশ্রাম করিতে লাগিলেন।

এ দিকে মহাবীর রূপ, অশ্বত্থামা ও রুতবর্মা মৃত্র পদসঞ্চারে সেই ব্রুদ সন্মিধানে গমন করিয়া সলিলমধ্যে নিমগ্র রাজা তুর্য্যোধনকে সম্মোধনপূর্বক কহিলেন, মহারাজ ! এক্ষণে তুমি হ্রদমধ্য হইতে স্মুপ্তিত হইরা . আমাদের নিকট মাগমন কর এবং আমাদিগের সমভিব্যাহারে যুধিষ্ঠিরের সহিতৃ যুদ্ধে প্রবৃত্ত হইয়া হয় পাণ্ডুনন্দনকে বিনাশপূর্বেক পৃথিবী ভোগু কর, না হয় তাঁহার হস্তে নিহত হইয়া হ্রলোক প্রাপ্ত হও। হে হুর্য্যোধন ! তুমি পাণ্ডবগণের দৈন্ত সমুদায়কে প্রায় বিনাশ করিয়াছ। যাহারা মবশিষ্ট আছে, তাহারাও তোমার শরনিকরে ক্ষত বিক্ষত হইয়াছে। এক্ষণে আবার আমরা তোমারে রক্ষা করিতেছি, স্তরাং পাণ্ডবগণ কিছুতেই তোমার বেগ সহ্থ করিতে সমর্থ হইবে না।

তথন রাজা তুর্য্যোধন তাঁহাদিগের বাক্য প্রবণ করিয়া কহিলেন, হে মহারথগণ! আমি ভাগ্যবলে এইরূপ ভয়ঙ্কর লোকক্ষয়কর সংগ্রাম হইতে তোমাদিগকে বিমৃক্ত দেখিলাম। অভঃপর প্রমাপনাদন পূর্বক সকলে একত্র হইয়া পাগুবগণকে পরাজয় করিব। এক্ষণে ভোমরা সকলেই সাতিশয় পরি-প্রান্ত হইয়াছ এবং আমিও শরনিকরে নিতান্ত ক্ষত বিক্ষত হইয়াছি, বিশেষত পাগুবগণের সৈন্য এখনও অধিক পরিমাণে আছে, স্কৃতরাং এ সময় যুদ্ধ করিতে আমার কোন মতেই অভিক্রচি হইতেছে না। তোমরা বারগণের অগ্রগণ্য; অভএব আমার প্রতি গাঢ়তর অনুরাগ প্রদর্শন পূর্বক যুদ্ধে এই-রূপ উৎসাহ প্রদান করা ভোমাদের নিতান্ত বিস্ময়কর নহে। আমার মতে এ সময় পরাক্রম প্রকাশ করা নিতান্ত অক্তর্ব্য। আমি এই রাত্রিটি বিশ্রাম করিয়া কল্য তোমাদিগের সমভিব্যাহারে বিপক্ষগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইব, সন্দেহ নাই।

তখন মহাবীর অশ্বত্থামা রাজা ছুর্য্যোধনকে সম্বোধনপূর্বক কহিলেন, হে
মহারাজ! ভুমি এক্ষণে ব্রদমধ্য হইতে উথিত হও। তোমার মঙ্গল হউক,
আমরাই তোমার বিপক্ষগণকে বিনাশ করিব। হে বার! আমি ইন্টাপূর্ত্ত,
দান, সত্য ও জয় দ্বারা শপথ করিয়া কহিতেছি, অন্ত নিশ্চয়ই পাণ্ডবগণকে
বিনাশ করিব। যদি আমি রজনী প্রভাত না হইতে তোমার শক্রগণকে বিনাশ
করিতে না পারি, তাহা হইলে যেন আমার স্ক্রনোচিত যুদ্ধকৃত প্রীতি কদাচ
অমুভূত না হয়। আমি নিশ্চয়ই কহিতেছি যে, পাঞ্চালগণকে বিনস্ট না
করিয়া কদাপি কবচ পরিত্যাগ করিব না।

হে মহারাজ! তাঁহারা এইরূপ কথোপকথন করিতেছেন, ইত্যবদরে কতগুলি ব্যাধ মাংসভার বহন ক্লেশে একান্ত পরিশ্রান্ত হইয়া জ্লোপদেবনের নিমিত্ত যদৃচ্ছাক্রমে দেই হৃদ সন্নিধানে আগমন করিল। ঐ ব্যাধগণ ভীমের আহারার্থ প্রতিদিন পরম ভক্তি দহকারে মাংস আহরণ করিত**া তাহারা দেই** इरापत कृत्न छे भरवनानभू र्यक निर्द्धान ताङ्ग। छूर्राशांधन ७ रमहे ममस्र महातथ-গণের কথোপকথন শ্রাবণ করিতে লাগিল। ঐ সময় কুপাচার্য্য প্রস্তৃতি বীর-গণও সমরস্পৃহাশূন্য সলিলে নিমগ্ন রাজা হর্ষ্যোধনকে যুগ্ধ করিবার নিমিত নির্বিদ্ধাতিশয় সহকারে অনুরোধ করিতে আরম্ভ করিলেন। তথন ব্যাধগণ তাঁহাদের পরস্পার কথোপকথন শ্রাবণ করিয়া রাজা তুর্য্যোধন যে হ দমধ্যে নিমগ্ন হইয়াছেন, ইহা স্পান্তই বুঝিতে পারিল। হে মহারাজ ! ইতিপূর্বে রাজা যুধিষ্ঠির ঐ ব্যাধগণকে তুর্য্যোধনের সংবাদ জিজ্ঞাসা করিয়াছিলেন। একণে তাহারা যুধিষ্ঠিরের সেই বাক্য স্মরণ করিয়া অপরিস্ফুটরূপে পরস্পর कहिए नाशिन, रनथ, ताजा कूर्यग्राधन निक्ठश्र अहे र मगरधा अवस्थान कतिएँछ-ছেন; অতএব চল, গামরা রাজা যুধিষ্ঠিরের নিকট গিয়া এই বৃত্তান্ত প্রকাশ করি, তাহ। হইলে অবশ্যই তাঁহার নিকট বিপুল অর্থ প্রাপ্ত হইব। মহাবীর ভীমদেনও আমাদিগের মুখে এই বুক্তান্ত প্রবণ করিলে আমাদিগকে প্রার্থনাধিক অর্থ দান করিবেন। উঁহাদের ছুই জনের নিকট বিপুল ধন প্রাপ্ত হইলে আর প্রতিদিন এইরূপ শুষ্ক মাংস বহন করিতে হইবে না। অর্থলোলুপ ব্যাধেরা এইরূপ পরামর্শ করিয়া প্রফুল্ল মনে মাংসভার গ্রহণপূর্বক শিবিরাভি-মুখে গমন করিতে লাগিল।

এ দিকে পাগুবেরা ছুর্য্যোধনকে দেখিতে না পাইয়া কলছের মূলোচ্ছেদ করিবার মানসে তাঁহার অনুসন্ধানার্থে রণস্থলের চতুর্দ্দিকে দৃত প্রেরণ করি-লেন। দৃতেরা বহুক্ষণ অনুসন্ধান করিয়া পরিশেষে যুধিষ্ঠিরের সমীপে সমূপ-স্থিত হইয়া নিবেদন করিল, মহারাজ! ছুরায়া ছুর্য্যোধনের কোন অনুসন্ধান পাইলাম না; সে পালায়ন করিয়াছে। রাজা যুধিষ্ঠির তাহাদিগের সেই বাক্য শ্রেবণ করিয়া চিস্তাকুলিত চিত্তে দার্য নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। ঐ সময় ব্যাধ্যণ হাই চিত্তে অতি সত্বরে দীনভাবাপন্ন পাগুবগণের শিবিরে সমূপস্থিত হইল এবং নিবারিত হইয়াও শিবির মধ্যে প্রবেশ পূর্বক,

মহাবল পরাক্রান্ত ভীমদেনের সমীপে গমন করিয়া তাঁহারে আত্যোপান্ত সমস্ত র্ত্তান্ত নিবেদন করিল। তখন মহাবীর রুকোদর তাহাদিগকে প্রভূত ধন দান পূর্বক ধর্মরাজ যুধিষ্ঠিরের নিকট গমন,করিয়া, কহিলেন, মহারাজ! আপনি যে তুর্য্যোধনের নিমিত্ত পরিতাপ করিতেছেন, আমি লুক্ষকগণের মুখে দেই তুরাত্মার বুত্তান্ত অবগত হইলাম। দে জলস্তম্ভ করিয়া হ্রদমধ্যে শয়ান রাইয়াছে। অজাতশক্ত যুধিষ্ঠির ভীমদেনের দেই প্রিয়বাক্য শ্রবণে সোদরগণের সহিত্যাহার পর নাই সাহলাদিত হইলেন এবং জনার্দনকে পুরোবর্ত্তী করিয়া অবিলম্বে হূ দাভিমুখে গমন করিতে লাগিলেন। ঐ সময় হুটচিত্ত পাণ্ডৰ ও পাঞ্চালগণের ভীষ্ণ সিংহনাদ ও কিলকিলা শব্দ প্রাত্ন-ভূতি হইল। ক্ষত্রিয়গণ সকলেই অতি সত্তরে দ্বৈপায়ন হুদ সমীপে ধাবমান হইলেন। সোমকগণ মহা আহলাদিত হইয়া তুর্য্যোধনকে দেখিয়াছি ও তাহার বিষয় জ্ঞাত হইয়াছি বলিয়া চতুর্দ্দিকৃ হইতে বারংবার চীৎকার করিতে লাগিলেন। বেগগামী রথিগণের ঘোরতর শব্দ আকৃ।শমার্গে সমুখিত হইল। প্রান্তবাহন বীরগণ অবিলম্বে যুধিষ্ঠিরের অনুগমন করিলেন। মহারথ অর্জুন, ভীমদেন, নকুল, দহদেব, পাঞ্চালবংশোদ্ভব ধৃষ্টত্যুন্ন, শিখণ্ডী, উত্তমৌজা, যুধামন্যু, সাত্যকি, দ্রোপদীর পঞ্চ পুত্র এবং হতাবশিষ্ট পাঞ্চালগণ চতুরঙ্গ বল সমভিব্যাহারে দ্বৈপায়ন হ্রদাভিমুখে গমন করিতে লাগিলেন। পরিশেষে প্রবল প্রতাপশালী ধর্মরাজ যুধিষ্ঠির দেই ছুর্য্যোধন সমাঞ্রিত দ্বৈপায়ন হুদের সমীপে সমুপস্থিত হইলেন। ঐ হুদ দ্বিতীয় দাগরের ন্যায়, উহার জল অতি নির্মাল ও স্থশীতল। আপনার পুত্র তুর্য্যোধন গদাপাণি হইয়া মায়াপ্রভাবে দেই জলরাশি স্তম্ভিত করিয়া অলক্ষিতরূপে তাহার মধ্যে বাস করিতে**-**ছিলেন। ঐ সময় পাণ্ডব সৈক্তের সেই মেঘগম্ভার তুমুল শব্দ তাঁছার কর্ণ-কুহরে প্রবিষ্ট হইল। । তথ্ম রাজা যুধিষ্ঠির আপনার পুত্রের বিনাশ বাসনায় শস্থাশবদ ও রথনির্ঘোষে ভূমগুল কম্পিত করিয়া ভ্রাতৃগণ সমভিব্যাহারে সেই হুদের উপকূলে উপস্থিত হইলেন। তখন মহারথ কুপাচার্য্য, কুতবর্মা ও মধ্যামা পাণ্ডব সৈন্যের সেই ভুমুল নিনাদ শ্রেরণ করিয়। ভূর্য্যোধনকে কহি-লেন, মহারাজ ! ঐ সমরবিজয়ী পাগুবগণ মহা আহলাদে আগমন করিতেছে : ্মতএব তুমি মাসুমতি প্রদান করিলে আমরা এ স্থান হইতে প্রস্থান করি।

রাজা তুর্ব্যোধন তাঁহাদিপের বাক্য তাবণে তথাস্ত বলিয়া মায়াপ্রভাবে জলরাশি স্তান্তিক করিয়া অবস্থান করিতে লাগিলেন। কুপ প্রভৃতি মহারথগণও শোকার্ত্ত চিত্তে বহু দূরে গমন্পূর্বক দাতিশয় আস্ত হইয়া এক বটরুক্ষমূলে উপবেশন করিলেন। তাঁহারা মহাবল পরাক্রান্ত তুর্য্যোধন জলরাশি স্তন্তিত করিয়া শয়ান রহিয়াছেন, পাগুবগণও যুদ্ধার্থ তুদদমীপে দমুপস্থিত হইয়াছে, এক্ষণে কিরূপে যুদ্ধ হইবে, পাগুবেরা কিরূপেই বা তাহার অনুসন্ধান পাইবে, আর অনুসন্ধান পাইবে, বার জাতুর্য্যাধন কিরূপে পরিত্রাণপ্রাইবেন, এইরূপ চিন্তা করিতে করিতে অশ্বগণকৈ রথ হইতে বিমুক্ত করিয়া তথায় অবস্থান করিতে লাগিলেন।

### ঘাত্রিংশত্তম অধ্যায়।

হে মহারাজ! এই রূপে দেই রূপ প্রভৃতি তিন জন রথা প্রস্থান করিলে পাণ্ডবগণ দেই হ্রদের কূলে সমুপস্থিত হইলেন। তথন বাজা যুধিষ্ঠির সেই বৈপায়ন হ্রদ হুর্য্যোধনের মায়াপ্রভাবে স্তান্তিত দেখিয়া বাস্থাদেবকে কহিলেন, কৃষ্ণ! ঐ দেখ, হুর্য্যোধন মায়াবলে জলস্তম্ভ করিয়া হ্রদমধ্যে অবস্থান করিতিছে। মনুষ্য হইতে উহার কিছুমাত্র ভয় নাই। যাহা হউক, আমি ঐ মায়াবীরে কদাচ জীবিতাবস্থায় পরিত্যাগ করিব না। যদি দেবরাজ ইন্দ্র সংগ্রাহ্য করেন, তথাপি লোকে ইহারে সংগ্রামে নিহত দর্শন করিবে।

বাহ্নদেব কহিলেন, হে মহারাজ! আপনি মায়াবলে ঐ মায়াবীর মায়াবিনই করুন। মায়াপ্রভাবে মায়ারে বিনই করা কর্ত্রতা। অতএব আপনি উপায় দ্বারা ঐ ছ্রাত্মারে বিনই করুন। দেবরাজ উপায়বলেই অসংখ্য দানবকে নিহত করিয়াছেন। কৌশল প্রভাবেই বলি রাজা বদ্ধ এবং হির্ণ্যাক্ষ, হিরণ্যকশিপু ও র্ত্রাহ্মরের বধ সাধন হইয়াছে। প্রীরাম উপায় প্রভাবেই রাক্ষসরাজ রাবণকে সবংশে ধ্বংস করিয়াছেন। আমার উপায় প্রভাবেই মহাবল পরাক্রান্ত বিপ্রচিত্তি ও তারকাহ্মর নিপাতিত হইয়াছে। উপায় প্রভাবেই বাতাপি, হিল্লল, ত্রিশিরা, হন্দ ও উপহন্দ নিহত হইয়াছে এবং দেবরাজ ইন্দ্র উপায় বলেই স্বর্গরাজ্য ভোগ করিতেছেন। হে মহারাজ! উপায় সর্বাপেকা বলবান্। উপায় প্রভাবেই দানব, রাক্ষস. ও ভূপালগণ

নিহত হইয়াছে। অতএব আপনি উপায় অ্বলম্বন করিয়া বিক্রম প্রকাশ করুন।

হে মহারাজ ! মহামতি বাহ্নদেব এইরূপ কহিলে কুন্তীতনয় যুধিষ্ঠির ঈষৎ হাস্ত করিয়া জলমধ্যস্থিত মহাবল পরাক্রান্ত তুর্ব্যোধনকে সম্বোধন করিয়া কহিলেন, কুরুরাজ ! তুমি সমস্ত ক্ষত্রিয় ও আপনার বংশ বিনষ্ট করিয়া কি নিমিত্ত আজি औপনার জীবন রক্ষার্থে জলাশয়ে প্রবেশ করিয়াছ। অচিরাৎ জলমধ্য হইতে পাত্রোপীন করিয়া আমাদিগের সহিত যুদ্ধে প্রবুত হও। হে পুরুষোত্তম ! আজি তোমার সে দর্প ও অভিমান কোথায় ? সভামধ্যে সকলেই তোমারে বারপুরুষ বলিয়। কার্ত্তন করে, কিন্তু আজি ভূমি প্রাণভয়ে দলিলমধ্যে প্রবেশ করাতে উহা রুথা বোধ হইতেছে। তুমি ক্ষত্রিয়বংশে বিশেষত কৌরব-. কুলে জম্মগ্রহণ করিয়াছ; যুদ্ধে ভীত হইয়া সলিলমধ্যে অবস্থান করা তোমার নিতান্ত অকর্ত্তব্য। সমরপরাত্ম্ব হুইয়া অবস্থান করা ক্ষত্রিয়গণের ধর্ম নহে। অসাধু লোকেরাই দমরাঙ্গন হউতে পলায়ন করিয়া থাকে। তুমি দমরদাগর সমুত্তীর্ণ না হইয়া কি নিমিত্ত জাবন রক্ষার বাসনা করিতেছ ? একণে ভ্রাতা, পুত্র, বয়দ্য, গুরুজন ও বন্ধু বান্ধবগণকে নিপাতিত করিয়া কি এই হ্রদমধ্যে বাস করা তোমার কর্ত্তব্য হইতেছে ? হে গুর্ববুদ্ধে ! তুমি সর্বলোক সমক্ষে ষাপনারে বীর বলিয়া যে পরিচয় প্রদান করিতে, তাহা নিতান্ত নিরর্থক। বীরপুরুষের। প্রাণান্তে শত্রু সন্দর্শনে পলায়ন করেন না। তুমি কি মনে করিয়া সমর পরিত্যাগ করিয়াছ, ভাহা প্রকাশ কর এবং শঙ্কা পরিত্যাগপূর্বেক জলমধ্য হইতে উত্থিত হইয়া সমরে প্রবৃত্ত হও। সমস্ত সৈন্য ও ভ্রাতৃগণকৈ নিপাতিত করিয়া একণে জীবন রক্ষার বাসনা করা ক্ষত্র ধর্মানুসারে তোমার নিতান্ত অকর্ত্তব্য হইতেছে। তুমি মোহবশত কর্ণ ও শকুনিরে আশ্রয়পুর্ব্বক আপনারে অমর জ্ঞান করিয়া যে .পাপাচরণ করিয়াছিলে, একণে তাহার ফল ভোগ কর। তোমার ন্যায় বীর পুরুষের। কখনই সমর পরিত্যাগ পুর্বাক পল।-য়ন করেন না। এক্ষণে ভোমার সে পৌরুষ, সে ক্ষত্রিয়াভিমান, সে বিক্রম, সে তৰ্জন গজ্জন ও সে অন্ত্রশিক্ষা কোথায় রছিল ? তুমি কি নিমিত্ত জলাশয়ে শ্য়ান রহিলে ? অচিরাৎ গাত্রোত্থান পূর্বক যুদ্ধে প্রবৃত হইয়া, হয় আমাদিগকে . পরাজয় করিয়া এই পৃথিবী ভোগ কর, না হয় আমাদিগের হস্তে নিহত হইয়া

ভূতলশায়ী হও। বিধাতা ক্ষত্রিয়ের পক্ষে বৃদ্ধই পরম ধর্ম নির্দেশ করিয়াছেন। ভূমি সেই ধর্মের অমুষ্ঠান করিয়া রাজত্ব লাভ কর।

হে মহারাজ। ধীমান্ ধর্মনন্দন এইরূপ কহিলে আপন্যর পুত্র ছর্ষ্যোধন জলমধ্য হইতে যুধিষ্ঠিরকে সম্বোধন পূর্বক কহিলেন, মহারাজ। প্রাণীদিগের অন্তঃকরণে ভয় সঞ্চার হওয়া বিচিত্র নহে। কিন্তু আমি প্রাণভয়ে
পলায়ন করি নাই। সংগ্রামন্থলে আমার রথ ও তৃণীয় বিনফ্ট এবং
সমুদায় সৈন্য সামস্ত ও পৃষ্ঠরক্ষক নিহত হওয়াতে আমি, একাকী নিতান্ত
পরিপ্রান্ত হইয়া বিশ্রামার্থ সলিল মধ্যে প্রবেশ করিয়াছি; প্রাণভয়ে
বা বিষাদ প্রযুক্ত এই কার্য্যের অনুষ্ঠান করি নাই। হে কুন্তীনন্দন! এক্ষণে
অনুচরগণের সহিত তৃমি কিয়ৎক্ষণ বিশ্রাম কর। আমি অবিলম্বেই সলিল
হইতে সমুখিত হইয়া তোমাদিগের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইব।

যুধিষ্ঠির কহিলেন, হে তুর্য্যোধন! আমারা শ্রমাপনোদন করিয়াছি; **একণে বহুকণের পর ভোমার অনুসন্ধান পাইলাম**; অতএব তুমি অবিলয়ে হ্রদমধ্য হইতে উত্থিত ও আমাদিগের সহিত বুদ্ধে প্রবৃত্ত হইয়া হয় রণস্থলে আমাদিগকে বিনাশপুর্বক অতি সমৃদ্ধ রাজ্য ভোগ কর, না হয় আমাদিগের হত্তে নিহত হইয়া বারলোক প্রাপ্ত হও। তখন চুর্য্যোধন কহিলেন, হে ধর্মরাজ ! আমি যাহাদিগের নিমিত্ত রাজ্য লাভের অভিলাষ করিতেছিলাম, আমার সেই সমস্ত ভাতার। পরলোকে গমন করিয়াছে এবং পৃথিবীও রত্নহীন ও ক্ষত্রিয়পুত্ত হইয়াছে। স্থতরাং বিধবা রমণীর ভায় এই অবনীরে উপভোগ করিতে আমার আর স্পৃহা নাই। হে যুধিষ্ঠির! আমি এখনও পাণ্ডব ও পাঞ্চালগণকে ভগ্নোৎসাহ করিয়া তোমারে পরাজয় করিতে পারি; কিন্ত মহাবীর দ্রোণ, কর্ণ ও পিতামহ ভীম্ম নিহত হওয়াতে আমার আর যুদ্ধ করিতে ইচ্ছ। নাই। অতএব এক্ষণে তুমিই এই হস্তাশ্বশূত্য বন্ধুবান্ধব বিহীন পৃথিবী ভোগ কর। আমার দদৃশ কোন্ রাজা সহায়হীন হইয়া রাজ্য শাসন করিতে বাসনা করে ? বিশেষত তাদৃশ স্বন্ধৎ, পুত্র ও ভাতৃগণকে নিহত এবং শক্ত কর্ত্ব রাজ্য অপহত হওয়াতে আমার জীবন ধারণ করিতেও অভিলাষ নাই। আমি একণে মুগচর্ম পরিধানপূর্বক বনে গমন করিব। রাজ্যভোগে আমার আর কিছুতেই স্প হা হইতেছে না।

হে মহারাজ ! মহাযশস্বী যুধিষ্ঠির রাজা ছুর্য্যোধনের সেই করুণ বাক্য প্রবণ করিয়া কহিলেন, হে হুর্য্যোধন ! ভূমি সলিল মধ্যে অবস্থান পূর্বক আর এইরূপ •পুরিতাপ করিও না। শকুনির ন্যায় ক্লোনার ঐ সকল **আর্ত্ত** প্রলাপে আমার মনে কিছুমাত্র দয়ার সঞ্চার হইতেছে না'। তুমি কথঞ্জিৎ রাজ্যদানে সম্মত হইতে পার: কিন্তু আমি কিছুতেই তোমার প্রদন্ত রাজ্য শাসন করিতে সম্মত নহি। প্রতিগ্রহ ক্ষত্রিয়ের পক্ষে নিতান্ত অধর্ম বলিয়া নির্দ্দিট আছে 📌 অত্র বি তুমি সমগ্র পৃথিবী দান করিলেও আমি অধর্মাচরণ পূর্বক কদাচ তাহা প্রতিগ্রহ করিব না। মামি তোমারে যুদ্ধে পরাজয় করিয়া এই পৃথিবী ভোগ করিব। . হে ছুর্য্যোধন! পুর্নের আমরা কুলরক্ষার্থ ধর্মানুসারে রাজ্য প্রার্থনা করিয়াছিলাম, তৎকালে তুমি কি নিমিত্ত উহা আমাদিগকে প্রদান কর নাই ? তুমি প্রথমে মহাবল পরাক্রান্ত বাহুদেবকে প্রত্যাখ্যান করিয়া এক্ষণেই বা কি নিমিত্ত রাজ্যদানে অভিলাষী হইয়াছ ? হা! তোমার কি ভ্রান্তি! কোন্ রাজা শত্রু কর্তৃক আক্রান্ত হইয়া রাজ্য দানে ইচ্ছা করিয়া থাকে ? আর এক্ষণে তোমার এই রাজ্য বলপূর্বক গ্রহণ বা দান করিবার ক্ষমতা নহে; স্ক্তরাং তুমি কি রূপে উহা আমারে দান করিবে। হে তুর্য্যোধন! এক্ষণে তুমি আমারে পরাজয় করিয়া এই পৃথিবী প্রতিপালন কর। পূর্বের তুমি আমারে সূচ্যগ্রপরিমিত ভূমি প্রদান করিতে অভিলাষী হও নাই; এক্ষণে কি রূপে সমগ্র পৃথিবী প্রদান করিবে। কোন্ মূর্থ অতুল ঐশ্বর্য্য ভোগ ও রাজ্য শাসন করিয়া শক্রেকে বহুদ্ধরা দানে অধ্যবসায় করিয়া **থাকে। তুমি কেবল মোহ প্রভাবেই উহা অবগত** হইতে সমর্থ হইতেছ না। হে কুরুরাজ ! তুমি রাজ্যদানে অভিলাষী **হ**ইলেও আমি তোমার প্রাণ∙রক্ষা করিব না। অতএব এক্ষণে হয় তুমি আমাদিগকে জয় করিয়া রাজ্য শাসন কর, নতুবা আমাদিগের হস্তে নিহত হইয়া অত্যুৎকৃষ্ট ব্রহ্মলোক প্রাপ্ত হও। তুমি ও আমি আমরা তুইজনেই জীবিত থাকিলে লোকে আমাদের জয় পরাজয়ে দন্দেহ করিবে। হে ছ্বি দ্বে! এক্ষণে তোমার জীবন আমার অধীন হইয়াছে, আমি মনে করিলে তোমার প্রাণ রক্ষা করিতে পারি; কিন্তু তুমি স্বয়ং কখনই আত্ম-পরিত্রাণে সুমর্থ হইবে না। পুর্বেব ভুমি গৃহদাহ ও বিষপ্রয়োগ প্রভৃতি

বিবিধ উপায় দ্বারা আমাদিগকে বিনাশ করিতে চেফী করিয়াছিলে এবং রাজ্যাপ্হরণ, ড্রোপদীর কেশাকর্ষণ ও অপ্রিয় বাক্য প্রয়োগ পূর্বক বারংবার আমাদিগকে কফী প্রদান করিয়াছ। সেই সমুদায় কারণ বৃশৃত তুমি নিশ্চয়ই বিনফী হইবে। এক্ষণে জলমধ্য হইতে উত্থিত হইয়া সংগ্রামে প্রবৃত্ত হও। যুদ্ধই তোমার পক্ষে শ্রেয়। হে মহারাজ। ধর্মনন্দন এই কথা কহিলে অস্তান্ত পাণ্ডবগণ হুর্য্যোধনকে লক্ষ্য করিয়া বারংবার সেইরূপ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন।

হ্রদপ্রবেশ পর্ব্ব সমাপ্ত ।

# গদাযুদ্ধ পৰ্ববাধ্যায়।

#### ত্রমন্তিংশত্তম অধ্যার।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! আমার পুত্র চুর্য্যোধন স্বভাবতই ক্রোধ-পরায়ণ। দে তৎকালে বিপক্ষণণ কর্ত্বক ঐ রূপ তিরক্ষত হইয়া কি করিল ? পূর্বেব এরূপ তিরক্ষার বাক্য কখনই তাহার কর্ণগোচর হয় নাই। দে রাজত্ব নিবন্ধন মনবদা সকল লোকের মান্ত হইয়া কাল যাপন করিয়াছে। হায় ! পূর্বেব যে ব্যক্তি আতপত্রচ্ছায়ায় দণ্ডায়মান হইয়া আমি পরের ছায়া আত্রায় করিলাম বলিয়া খেদ করিত; সূর্য্যের প্রভাও যাহার অসহ্য হইত; দে কিরপে অরাতিগণের কটুবাক্য সহ্য করিল ? হে সঞ্জয় ! মেচছ ও আটবিক সমবেত সমুদায় পৃথিবী যাহার প্রসাদে প্রতিপালিত হইয়াছে, সেই চুর্য্যোধন একণে স্বজন বিহীন হইয়া নিজ্জনে সলিলমধ্যে অবস্থান পূর্বেক বারংবার পাণ্ডবগণের তিরক্ষার বাক্য প্রবণ করিয়া তাহাদিগকে কি প্রত্যুক্তর প্রদান করিল, তাহা আমার নিকট কীর্ত্তন করে।

সঞ্জয় কহিলেন, মহারাজ ! আপনার পুত্র তুর্য্যোধন হ্রদমধ্যে অবস্থান পুর্বাক যুধিষ্ঠির ও তাঁহার ভাতৃগণের সেই তিরস্কার বাক্য প্রাবণ করিয়া বারংবার দীর্ঘনিশ্বাস পরিত্যাগ, ও বাহুদ্বয় কম্পন করত সলিলমধ্য হইতে বহিগত হইলেন এবং যুদ্ধে কৃতনিশ্চয় হইয়া যুধিষ্ঠিরকে কহিলেন, হে কুন্তান্দন ! তোমাদিগের বন্ধুবান্ধব, রথ ও বাহন সমস্তই বিদ্যমান রহিয়াছে, কিস্ত আমি একাকী, বিরপ, হতবাহন ও পরিশ্রান্ত হইয়া জীবিত রহিয়াছি। তোমরা অনেকে রথারত হইয়া শস্ত্র গ্রহণ পূর্বক আমার চতুদ্দিক্ পরিবেষ্টন করিলে আমি পদাতি ও অস্ত্রশস্ত্রবিহীন হইয়া কি রূপে তোমাদের সহিত যুদ্ধ করিতে পারি। অতএব তোমরা একে একে আমার দহিত সংগ্রামে প্রবৃত্ত হও। এক ব্যক্তির বিশেষত বর্গাহীন, পরিশ্রান্ত, বিপন্ন, ক্ষতবিক্ষত ও শ্রান্তবাহন ব্যক্তির সহিত এককালে বহু বীরের যুদ্ধ করা কোনরূপে যুক্তিসঙ্গত নহে। হে ধর্মরাজ ! এক্ষড়ে কি ভূমি, কি ভীমসেন, কি অর্জ্জন, কি নকুল, কি সহদেব, কি সাত্যকি, কি বাহুদেব, কি পাঞ্চালগণ, কি অন্যান্য সৈনিকগণ, তোমাদের কাহারেও দেখিয়া আমার ভয়সঞার হইতেছে না। আমি একাকী তোমাদের সকলকৈই নিবারণ করিব। ছে মহারাজ! সাধুদিগের কীত্তি ধর্মমূলক। আমি সেই ধর্ম ও কীর্ত্তি রক্ষা করিয়া কহিতেছি যে, সম্বৎসর যেমন ক্রমে ক্রমে সমু-দায় ঋতুতে মিলিত হয়, তজ্ঞপ আনি তোমাদের সকলের সহিত মিলিত হইব। হে পাণ্ডবগণ! তোমরা কিয়ৎক্ষণ স্থান্থর হও। আমি বিরথ ও শস্ত্রবিহীন হইয়াও প্রভাত সময়ে সূর্য্য যেমন কিরণজাল বিস্তারপূর্বক নক্ষত্তগণকে বিনাশ করেন, তত্ত্রপ তোমাদের সকলকৈই সংহার করিব। হে যুধিষ্ঠির ! আজি ভোমারে ভোমার ভাতৃগণের সহিত নিপাতিত করিয়া বাহলীক, ভীষা, দ্রোণ, কর্ণ, জয়দ্রথ, ভগদত্ত, শল্য, ভূরিশ্রেবা, শকুনি এবং আমার পুত্রগণ, বন্ধু বান্ধব-গণ ও অভান্য ক্ষত্রিয়গণের ঋণ পরিশোধ করিব। হে মহারাজ ! আপনার পুত্র ছুর্য্যোধন যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া নিরস্ত হইলেন। তথন যুধিষ্ঠির কুরু-রাজের সেই বাক্য প্রবণ করিয়া কহিলেন, হে প্রর্যোধন! তুমি ভাগ্যবলে ক্ষত্রিয় ধর্ম অবগত হইয়াছ এবং ভাগ্যবলেই তোমার যুদ্ধে বাসনা হইয়াছে। তুমি ভাগ্যবলে বীরপদবী প্রাপ্ত এবং সমরব্যাপার সম্যক্ ভবগত হইয়া একা-কীই আমাদিগের সহিত যুদ্ধে প্রবৃত হইবার অভিলাষ করিতেছ। অতএব অভীষ্ট, আয়ুধ গ্রহণ পূর্বক আমাদিগের মধ্যে যে কোন বীরের সহিত সমাগত হইয়া যুদ্ধ কর। আমরা সকলে রণস্থলে অবস্থান পূর্বক যুদ্ধব্যাপার নিরীক্ষণ করিব ৷ আমি কহিতেছি, তুমি আমাদের মধ্যে এক জনকে বিনাশ করিতে পারিলে সমুদায় রাজ্য ভোমার হইবে। তথন ছুর্য্যোধন কহিলেন, ছে ধর্ম-রাজ ! যদি আমারে একজনের সহিত যুদ্ধ করিতে হয়, তাহা হইলে আমি

তোমাদের.মধ্যে সর্বাপেক্ষা সমধিক বলশালী ব্যক্তির সহিত যুদ্ধ করিব। আর তুমি আমারে যে কোন প্রায়ুধ মনোনাত করিয়া গ্রহণ করিতে কহিয়াছ, আমি তদমুসারে এই গদা মনোনাত করিলাম। একণে তোমাদের মধ্যে যিনি আমার বলবার্যা সহ্ করিতে সমর্থ হইবেন, সেই বার পাদচারে আমার সহিত গদাযুদ্ধে প্রার্ভ হউন। ইতিপূর্বে বারংবার অন্যাশ্চর্যা রথযুদ্ধ হইয়া গিয়াছে, একণে এই অন্তুত্ত গদাযুদ্ধ আরম্ভ হউক। লোকে অন্তের পরিবর্ত্ত করিয়া থাকে, আজি তোমার সম্মতিক্রমে যুদ্ধেরও পরিবর্ত্ত উপস্থিত হউক। হে যুধিন্তির! আমি গদাপ্রভাবে তোমারে, তোমার অনুজনিগকে এবং পাঞ্চাল, স্প্রেয় ও অন্যান্য সৈন্যগণকেও পরাজয় করিব। সমরাঙ্গনে দেবরাজ ইলেকে অবলোকন করিয়াও আমার মন্তঃকরণে কিছুমাত্র ভয় সঞ্চার হয় না। তখন ধর্মাক্র যুধিন্তির কহিলেন, হে গান্ধারীতনয়। তুমি এক্ষণে হ্রদমধ্য হইতে সমুত্রিত হইয়া আমার বা আমার পক্ষায় য় ন্য কোন ব্যক্তির সহিত গদাযুদ্ধে প্রেভ হও এবং অবহিত হইয়া পুরুষকার প্রদর্শন কর। আজি যদি ইন্দ্রুও তোমারে আত্রয় প্রদান করেন, তথাপি তুমি বিনফ হইবে, সন্দেহ নাই।

হে মহারাজ! আপনার আত্মজ রাজা তুর্য্যোধন রাজা যুধিষ্ঠিরের বাক্য প্রবণ কলিয়া বিলমধ্যে লীন ভীষণ ভুজঙ্গের ভায় নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। উত্তম অশ্ব যেমন ক্ষাঘাত সহ্য করিতে পারে না, তজ্ঞপ তিনি ধর্ম্মরাজের সেই বাক্য কোন ক্রমেই সহ্য করিতে সমর্থ হইলেন না। তথন তিনি পর্বতের ভায় স্তৃঢ় ভীষণ লোহময় গদা স্কন্ধে লইয়া সলিলরাশি বিক্ষোভিত করত প্রচণ্ড মার্তণ্ডের ভায়, সশৃঙ্গ পর্বতের ন্যায়, শৃলপাণি রোঘোদ্ধত করতে প্রচণ্ড মার্তণ্ডের ভায়, সশৃঙ্গ পর্বতের ন্যায়, শৃলপাণি রোঘোদ্ধত করতে উত্থিত দেখিয়া পরস্পার পরস্পারের কর স্পার্শ করত আহ্লাদ প্রকাশ করিতে লাগিলেন। তখন রাজা তুর্য্যোধন উহা উপহাস বিবেচনা করিয়া নয়নদ্বয় উর্দ্ধে উত্তোলন, ললাটে ত্রিশিখা ক্রেকুটী বন্ধন ও বারংবার দশনচ্ছদ দংশন পূর্ব্বিক বাস্থদেবের সহিত পাণ্ডবগণকে দগ্ধ করিতে সমৃদ্যত হইয়াই যেন কহিতে লাণিলেন, হে পাণ্ডবগণ । তোমরা অবিলম্বে এই উপহাসের ফল লাভ করিবে। আমি অচিরাৎ তোমাদিগকে পাঞ্চালগণের সহিত যমালয়ে প্রেরণ করিব।

হে মহারাজ! আপনার আত্মজ রাজা তুর্য্যোধন এই বলিয়া গদাহন্তে দলিলসিক্ত কলেবরে হ্রনের কূলে দণ্ডায়মান হইয়া নিঝর জলস্রাবা মহাধরের আয় শোভা ধার্ণ করিলেন। তৎকালে পাণ্ডবগণ তাঁহারে গদা উদ্যত করিতে দেখিয়া উর্ধান্ত নিতান্ত ক্রুদ্ধ কুতান্তের আয় বোধ করিতে লাগিলেন। তখন মহাবল পরাক্রান্ত রাজা তুর্যোধন হর্ষভরে রুষভের ন্যায় চীৎকার করত মেঘণজ্ঞীর নির্ঘোধে পাণ্ডবগণকে গদাযুদ্ধে আহ্বান পূর্বক ধর্মরাজকে কহিলেন, হে যুধিন্তির! কোমরা একে একে আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হও। এক ব্যক্তির সহিত এককালে বহু লোকের যুদ্ধ হওয়া নিতান্ত অন্যায় হইতেছে। বিশেষত আমি নিতান্ত পরিশ্রান্ত, দললিসিক্ত, বর্ম্মহান ও ক্ষত্রিক্ষত কলেবর হইয়াছি এবং আমার বাহন ও সৈন্য সকল বিন্ত হইয়াছে; আমি ক্রেমে ক্রমে দকলেরই সহিত যুদ্ধ করিব। তুমি স্থায়ান্থায় বিবেচনা করিতে পার, এক্ষণে ন্যায়ানুসারে যুদ্ধে প্রবৃত্ত হও।

তখন যুধিষ্ঠির কহিলেন, হে তুর্য্যোধন! যথন বহুসংখ্যক মহারথ একত্ত হইয়া অভিমন্তুরে বিনাশ করিয়াছিল, তখন তোমার এরপ প্রজ্ঞা কোথায় ছিল ? ক্ষাত্রেয়ধর্ম নিতান্ত ক্রুর ও নিরপেক্ষ, ইহাতে দয়ার লেশমাত্রও নাই। নচেৎ তোমরা সকলেই ধর্মজ্ঞ ও বারপুরুষ হইয়া তৎকালে কিরুপ্রে অভিন্যুরে বিনাশ করিলে? ন্যায়ানুসারে যুদ্ধ করিলে ইন্দ্রলোক প্রাপ্তি হয়, তাহার কিছুমাত্র সংশয় নাই। অনেকে একত্র হইয়া এক জনকে বিনাশ করিলে যদি অধর্ম হয় তবে কিরুপে তোমার মতানুসারে বীরগণ সমবেত হইয়া অভিমন্তুরে বিনাশ করিল। বিপদ্কালে সকলেই ধর্মচন্তা করিয়া থাকে, কিন্তু সম্পদের সময় পরলোকের দার রুদ্ধ অবলোকন করে। যাহা হউক, এক্ষণে তুমি কবচ পরিধান, কেশকলাপ বন্ধন ও যে কোন দ্রব্যের অভাব থাকে, তাহা গ্রহণ কর। আমি এখনও কহিতেছি যে, তুমি পঞ্চপাশুবের মধ্যে যাহার সহিত অভিরুচি হয়, যুদ্ধে প্রস্তুত্ত হও এবং হয় তাহারে বিনাশ করিয়া রাজ্যপদ লাভ কর, না হয় তাহার হস্তে নিহত হইয়া স্থান্ত্র্য অনুত্রব কর। হে বীর! এক্ষণে তোমার জীবন রক্ষা ব্যতীত আরু কি হিত সাধন করিতে হইবে, তাহা নির্দেশ কর।

হে মহারাজ ! ধর্মরাজ এই কথা কহিলে আপনার পুত্র স্বর্ণময় বর্ম ও

কনকমণ্ডির বিচিত্র শিরস্ত্রাণ প্রহণ করিয়া স্থমের পর্বতের ন্যায় শোভা পাইতে. লাগিলেন এবং গদা সমুদ্যত করিয়া পাগুবগণকে সম্বোধন পূর্বক কহিলেন; হে রারগণ । এক্ষণে তোমাদিগের মধ্যে সহদেব, ভূমিসেন, নকুল, অর্জ্বন অথবা যুধিষ্ঠির এক জন আদিয়া আমার সহিত সমরে প্রবৃত্ত হউন। আমি নিশ্চয়ই তাঁহারে পরাজয় করিয়া কৃতকার্য্য হইব। আমি ক্রমে ক্রেমাদের সকলকেই বিনাশ করিয়া বৈরানল নির্বাণ করিব। বোধ হয়, অয়ামুসারে গদাযুদ্ধে তোমরা কেহই আমার সমক্ষ হইবে না। সমুখে এরূপে উদ্ধৃত বাক্য প্রয়োগ করা কর্ত্তব্য নহে। যাহা হউক, আমি অচিরাৎ তোমাদিগের সমক্ষেই আপনার বাক্য সফল করিব। এক্ষণে আমার সহিত্ত যুদ্ধ করিতে যাঁহার অভিক্রচি হয়, তিনি গদা গ্রহণ করুন, আমার বাক্য সত্য কি মিথ্যা, তাহা অবিলম্বে প্রকাশ পাইবে।

## চতুন্ত্রিংশত্তম অধ্যায়।

হে মহারাজ ! রাজা ছুর্য্যোধন এইরূপে বারংবার তর্জ্জন গর্জ্জন করিলে মহামতি বাস্থদেব ক্রোধাবিস্ট হইয়া, যুধিষ্ঠিরকে কহিলেন, মহারাজ! আপনি কোন দাহদে ছুর্য্যোধনকে কহিলেন যে, তুমি আমাদিগের মধ্যে এক জনকৈ বিনাশ করিয়া রাজ্যপদ লাভ কর। ঐ তুরাত্মা যদি আপনারে অথবা অর্জ্বন, নকুল বা সহদেবকে যুদ্ধার্থ বরণ করে, তাহা হইলে আপনার কি তুর্দ্দশা হইবে! বোধ হয়, আপনারা কেহই উহার সহিত গদাযুদ্ধে সমর্থ নহেন। ছুর্য্যোধন ভীমসেনের নিধন বাসনায় ত্রেয়োদশবর্ষ পর্য্যন্ত লোহময় পুরুষের সহিত ব্যায়াম করিয়াছে। অতএব এক্ষণে কিরূপে ৃজামাদিগের কার্য্য সম্পন্ন হইবে ? আপনি কুপাপরবশ হইয়া নিতান্ত সাহ-সের কার্য্য করিয়াছেন। আমাদের মধ্যে ভীমদেন ব্যতীত তুর্য্যোধনের সমকক্ষ আর কেহই নহে। তিনিও ছুর্য্যোধনের ন্যায় গদাযুদ্ধ অধিক অভ্যাস করেন নাই। অত এব বোধ হয়, পূর্বে শকুনির সহিত আপনার যেরূপ দূর্যতক্রীড়া হইয়াছিল, একণে পুমরায় তজাপ দ্যতক্রীড়া আরম্ভ হইল। ভীমদেন वलवान् ७ भताक्रमभाली ; किन्छ पूर्वग्राधन शर्मायुष्क कृछी। वलवान् ७ কৃতী এই উভয়েয় মধ্যে কৃতী ব্যক্তিই সমধিক ক্ষমতাপন্ন। আপনি সেই ক্ষমতাপন্ন শত্রুকে আমাদিগের মঙ্গলপথে নিবেশিত করিয়া স্বয়ং বিষম

সঙ্কটে নিপতিত হইলেন এবং আমাদিগকেও বিপদ্যাগরে নিপাতিত করি-লেন। কোন্ ব্যক্তি সমস্ত শক্ত বিনাশ করিয়া একমাত্র অ্বরাতিরে বছ্ কটে আক্রমণ পূর্বক তাহার হস্তে প্রাপ্ত রাজ্য সমর্পূণ করিয়া থাকে ? ছর্য্যোধন গদাযুদ্ধে প্রবৃত্ত হইলে অমরগণের মধ্যেও কেহ উহারে পরাজ্য করিতে সমর্থ নহেন। ঐ বার গদাযুদ্ধে অতিশয় দক্ষ, অতএব স্থায়াসু-সারে যুদ্ধ করিলে কি আপনি, কি ভীমদেন, কি নকুল, কি দহদেব, কি অর্জ্জন কেহই উহারে পরাজয় করিতে পারিবেন না। যখন মহাবল পরাজ্যান্ত রকোদর হুর্য্যোধনের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেও আমাদের জয়লাভে সংশয় উপস্থিত হয়, তখন আপনি কিরূপে উহারে যে কোন পাণ্ডবের সহিত গদাযুদ্ধে প্রবৃত্ত হইয়া তাহার বিনাশ সাধন পূর্বক রাজ্য গ্রহণ করিতে অনুমতি করিলেন ? এক্ষণে নিশ্চয় বোধ হইতেছে, পাণ্ডু-তনয়গণের কখনই রাজ্যভোগ হইবে না। বিধাতা উহাদিগকে চিরকাল বনে বাস বা ভিক্ষান্ত্রত অবুলম্বন করিবার নিমিত্ত নির্ম্যাণ করিয়াছেন।

হে মহারাজ! তথন মহাবল প্রাক্রান্ত ভীমদেন মধুসূদনের দেই বাক্য শ্রবণ পূর্ব্বক তাঁহারে দম্বোধন করিয়া কহিলেন, হে যন্ত্রনদ্দন! আর বিষাদ করিও না, আজি আমি নিশ্চয়ই দুর্য্যোধনকে বিনাশ করিয়া বৈরানল নির্বাণ করিব। ধর্মারাজের জয় লাভ স্পান্টই প্রতীয়মান হইতেছে, দুর্য্যো-ধনের গদা অপেক্ষা আমার গদা সার্দ্ধিক গুণে গুরুতর, আমি দেই গদা অবলম্বন করিয়া অবিলম্বেই উহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতেছি, তোমরা দর্শক ভাবে অবস্থান কর। ক্ষুদ্ধে শক্র দুর্য্যোধনের কথা দূরে থাকুক, অমার প্রভৃতি তিন লোক নানাবিধ অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক সমরে প্রবৃত্ত হইলে আমি অনায়ানে ভাঁহাদিগকেও বিনাশ করিতে পারি।

হে মহারাজ ! তখন মহাত্মা বাস্তদেব ভীমের বাক্য শ্রেবণে পুলকিত হইয়া তাঁহারে প্রশংসা করত কহিলেন, হে বীর ! ধর্মরাজ তোমার বাহ্-বলেই অরাতি বিহীন হইয়া স্বীয় রাজলক্ষ্মী লাভ করিবেন, সন্দেহ নাই। তুমি ধৃতরাষ্ট্রের সমুদায় পুত্র এবং কোরবপক্ষীয় অসংখ্য রাজা, রাজকুমার ও নাগগণকে নিপাতিত করিয়াছ, ভোমার প্রভাবেই কলিঙ্গ, মাগধ, প্রাচ্য, গান্ধার ও কৌরবগণ সংগ্রামে নিহত হইয়াছে, এক্ষণে তুমি হুর্য্যোধনকৈও

নিপাতিত করিয়া বিষ্ণু যেমন দেবরাজকে স্বর্গ রাজ্য প্রদান করিয়াছিলেন, তক্ষপ ধর্মরাজকে সনাগরা পৃথিবী প্রদান কর। পাপপরায়ণ ছর্ব্যোধন তোমার হস্তেই বিনফ্ট হইবে, তুমি অঁচিরাৎ তাহার উরুদ্বর ভগ্ন করিয়া আত্ম-প্রতিজ্ঞা প্রতিপালন করিবে ; কিন্তু ঐ তুরাত্মা অতিশয় বলবান্ ও যুদ্ধ বিশা-রদ। সর্বাদা যত্ন সহকারে উহার সহিত যুদ্ধ করিও। মহাত্মা বাস্তদেব এই কথা কহিলে মহাবীর সাত্যকি এবং ধর্মরাজপ্রমুখ পাণ্ডব ও পাঞ্চালগণ ভীম-সেনকে বারংবার প্রশংসা করিতে লাগিলেন। তথ্ন ভীমপ্রাক্রম ভীমসেন সূর্য্যের ন্যায় প্রতাপশালী স্ঞ্জয়র্গণ পরিবৈষ্টিত রাজা যুধিষ্ঠিরকে কহিলেন, মহারাজ! আমি তুর্ম্যোধনের সহিত সমরে প্রবৃত্ত হই। ঐ পুরুষাধম কখনই আমারে পরাজয় করিতে পারিবে না। অর্জ্জন যেমন খাণ্ডবারণ্যে অগ্নি প্রদান করিয়াছিলেন, তদ্ধপ আমি আজি তুর্ষ্যোধনের প্রতি হৃদয়নিহিত ক্রোধানল নিকেপ করিব। আজি গদার আঘাতে ঐ পাপাত্মার প্রাণ সংহার পূর্বকে আপনার হৃদয়স্থিত শল্য উদ্ধার করিয়া ফেলিব। আজি আপনি স্বস্থ-শরীর হইবেন। আজি আমি আপনার শক্তহত কীত্তিময়ী মালা প্রক্যাহরণ করিব। স্থাজি তুর্য্যোধন প্রাণ, এ ও রাজ্য পরিত্যাগ করিবে এবং রাজা ধৃত-রাষ্ট্র ছুর্য্যোধনকে আমার হস্তে বিনফ্ট শ্রেবণ করিয়া শকুনির ছুর্ব্যুদ্ধিজনিত फुब्जिया ममूनाय त्यात्र कतिरवन ।

নহাবল পরাক্রান্ত বুকোদর এই বলিয়া বাসব যেমন বুত্রাস্থরকে আহ্বান করিয়াছিলেন, তদ্রূপ ছুর্য্যোধনকে যুদ্ধার্থ আহ্বান করত গদা উত্তোলন পূর্বক দণ্ডায়মান হইলেন। তথন আপনার পুত্র মহাবল পরাক্রান্ত ছুর্য্যোধন ভীমসেনের আহ্বান সহু করিতে না পারিয়া মন্ত মান্তঙ্গ যেমন মন্ত মান্তঙ্গের প্রতি ধাবমান হয়, তদ্রূপ ভীমসেনের প্রতি গমন করিতে লাগিলেন। পাশুবগণ শিখরপরিশোভিত কৈলাশ পর্বত সদৃশ মহাবীর ছুর্য্যোধনকে যুথবিহীন মান্তঙ্গের ভায়ে সমরে সমুপন্থিত দেখিয়া যাহার পর নাই আহ্লাদিত হইলেন। মহাবাহু ছুর্য্যোধনও সিংহের ন্যায় নির্ভয় শরীরে ও অসঙ্কুচিত চিত্তে সমরক্ত্রে অবস্থান করিতে লাগিলেন। তথন ভামপরাক্রম ভামসেন ছুর্য্যোধনকে গদা উদ্যত করিতে দেখিয়া কহিলেন, হে ছুর্য্যোধন! রাজা ধৃতরাষ্ট্র ও তুমি তোমরা হস্তিনায় আমাদিগের প্রতি যে সমস্ত অসন্থ্যবহার করিয়াছিলে, এক্ষণে

তাহা স্মরণ কর। তুমি শকুনির বৃদ্ধিপ্রভাবে দ্যুতক্রীড়ায় যুধিষ্ঠিরকে, পরাজয়, সভামধ্যে রক্তমলা দ্রৌপদীরে অপমান এবং নিরপরাধ পাগুবগণকে কফ প্রদান করিয়া যে পাপানুষ্ঠান করিয়াছ, এক্ষণে নিশ্চয়ই তাহার ফল প্রাপ্ত হইবে। হে কুলনাশক নরাধম! তোমার নিমিত্তই আমাদিগের পিতামহ মহাযশা ভীম-দেব নিহত হইয়া শরশয্যায় শয়ন করিয়াছেন। তোমার নিমিত্তই মহাবীর দ্রোণ, কর্ণ ও শল্য নিহত হইয়াছেন। তোমার পাপেই তোমার সহোদরগণ, পুত্রগণ ও দর্মরক্রিপুণি কছদংখ্যক ভূপতি, অসংখ্য দৈন্য এবং আমাদের এই বিবাদের মূলীভূত কারণ তুরাত্মা শকুনি ও দ্রৌপদীর ক্লেশদাতা পাপাত্মা প্রতি-কামী শমনসদনে গমন করিয়াছে। এক্ষণে কেবল তুমি একাকী অবশিষ্ট রহিয়াছ। আজি গদা প্রহারে নিশ্চয়ই তোমারে নিপাতিত করিব। আজি পাগুবগণের ক্লেশ এবং তোমার দর্প ও বিপুল রাজ্যলালস। দুরীভূত হইবে। কুরুরাজ ভীমদেনের বাক্য প্রবর্ণ করিয়া কহিলেন, হে রুকোদর ! অধিক পাগাড়ম্বর করিবার প্রয়োজন নাই। অবিলম্বে আমার সহিত সংগ্রামে প্রব্তুত হও। আজিই তোমার যুদ্ধপ্রবৃত্তি উচ্ছিন্ন করিব। আমি হিমালয় শিখরের ন্যায় গলা ধারণ করিয়া সংগ্রামে সমুদ্যত হইয়াছি। ন্যায়াকুসারে গলাযুদ্ধে স্থররাজ পুরন্দরও আমারে পরাজয় করিতে সমর্থ নহেন। তুমি সলিলবিহীন শরৎকালীন মেঘের ন্যায় আর র্থা গড্জন করিও না। যত দূর পরাক্রম পাকে, সংগ্রাম করিয়া প্রকাশ কর। হে মহারাজ! কুরুরাজ এই কথা কহিলে পাণ্ডৰ ও স্ঞ্জয়গণ তলশব্দ দ্বারা উন্মত্ত মাতঙ্গকে যেমন আমোদিত করে, তক্রপ তাঁহার বাক্যের ভূয়দী প্রশংদা করিয়া তাঁহারে আমোদিত ' করিতে লাগিলেন। ঐ সময় পাশুবপক্ষীয় কুঞ্জরগণ অনবরত রুংহিতধ্বনি ও **অশ্বগণ বারংবার হ্রে**ষারব করিতে আরম্ভ করিল এবং বিজ্ঞয়াকাঞ্জী পা**র্ত্ত**ব-গণের অন্ত্র সমুদায় প্রদীপ্ত হইয়া উঠিল।

## পঞ্চত্রিংশত্তম অধ্যায়।

হে মহারাজ! এইরপে সেই বীরদ্বরের ভীষণ গদাযুদ্ধ উপস্থিত হইলে
পাণ্ডব পক্ষীয় অন্যান্য বীরগণ সকলেই উপবিফ্ট হইলেন। ঐ সময় তালধ্বজ্ব বলদেব শিষ্যদ্বরের সংগ্রাম র্ত্তান্ত অবগত হইয়া তথায় আগমন
ক্রিলেন। পাণ্ডবর্গণ তাঁহার সন্দর্শনে অতি মাত্র শ্রীত হইয়া কেশব সমভি-

ব্যাহারে গ্রাঁহারে প্রভুদ্ধানন পূর্বক যথাবিধি অর্চনা করিয়া কহিলেন, মহাশয়.! শিষ্যদ্বয়ের যুদ্ধকৌশল অবলোকন কর্মন। তথন বলদেব কৃষ্ণ-সমবেত পাণ্ডবগণকে, ও গদাধারী রাজা চুর্য্যোধনকে অব্লোকন করিয়া কহিলেন, হে বীরগণ! আজি দিচত্বারিংশ দিবস হইল, আমি তীর্থমাত্রায় নির্গত হইয়াছিলাম। আমি পুয়্যা নক্ষত্রে আবাস হইতে নিজ্রাম্ভ হইয়া শ্রেবণায় প্রত্যাগমন করিয়াছি। এক্ষণে শিষ্যদ্বয়ের গদাযুদ্ধ সংবাদ অবগত হইয়া উহা দর্শন করিবার মানসে এই স্থানে উপস্থিত স্ক্রলাম। তথন গদাযুদ্ধ সমুদ্যত মহাবীর ছুর্য্যোধন ও রুকোদর বলদেবের বাক্য শ্রেবণ করিবামাত্র প্রীতিপ্রফুল্ল মনে অতিমাত্র শোভা পাইতে লাগিলেন।

অনস্তর ধর্মরাজ যুথিন্ঠির বলদেবকে আলিঙ্গন পূর্বক স্বাগত ও কুশল প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। তৎপরে নাহাবীর অর্জ্জ্বন ও বাহ্নদেব প্রীতমনে তাঁহারে আলিঙ্গন ও অভিবাদন, মাদ্রীতনয়দ্বয় ও দ্রৌপদীর পঞ্চপুত্র তাঁহারে নমন্ধার এবং রাজা তুর্য্যোধন ও ভীমসেন তাঁহার যথোচিত সৎকার করিয়া স্বাগত প্রশ্ন জিজ্ঞাসা পূর্বক কহিলেন. মহাবাহো! এক্ষণে আপুনি এই গদাযুদ্ধ নিরীক্ষণ করুন। তথন মহাবল পরাক্রান্ত বলদেব পাগুব ও স্প্রম্পুর্ণকে আলিঙ্গন পূর্বক অন্তান্ত পার্থিবিদিগকে যথাক্রমে সৎকার ও কুশল প্রশ্ন জিজ্ঞাসা করিলে তাঁহারাও তাঁহারে পূজা ও অনাময় বার্ত্তা জিজ্ঞাসা করিলেন। অনস্তর বলদেব প্রীতিপ্রফুল্ল মনে জনার্দ্ধন ও সাত্যকিরে আলিঙ্গন ও তাঁহাদের মস্তকান্ত্রাণ পূর্বক কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলে তাঁহারা ইন্দ্র ও উপেন্দ্র যেমন প্রজাপতি ব্রহ্মারে পূজা করিয়া থাকেন, তদ্ধপ ছন্টমনে শাস্ত্রানুস্নারে তাঁহার সৎকার করিলেন।

তথন ধর্মরাজ যুধিন্ঠির রোহিণীনন্দনকে কহিলেন,—হে রাম ! আপনি এক্ষণে আমার আতৃষয়ের গদাযুদ্ধ নিরীক্ষণ করুন। নীলাম্বরধারী ধবলকায় বলদেব যুধিন্ঠিরের বাক্য শ্রবণ করিয়া পরম প্রাতমনে সেই ভূপালগণ মধ্যে উপবেশন পূর্বক নভোমগুলে নক্ষত্রগণ পরিবৃত নিশাকরের তায় অপূর্বব শোভা ধারণ করিলেন। ঐ সময় তুর্য্যোধন ও:বুকোদরের ঘোরতর গদাযুদ্ধ আরম্ভ হইল।

বটুত্রিংশন্তম অধ্যায়।

জনমেজয় কহিলেন,—হে ত্রহ্মন্ ! পূর্বে কৌরব ও পাণ্ডবপকে যুদ্ধ

উপন্থিত হইবার উপক্রম হইলে বলরাম কৃষ্ণকে আমন্ত্রণ পূর্বক আমি ছর্য্যোধনের বা পাণ্ড্তনয়দিগের সহায়তা করিব না বলিয়া যাদরগণ সমভি-ব্যাহারে প্রস্থানু করিয়াছিলেন। একণে তিনি কি নিমিত্ত সংগ্রামন্থলে উপ-ন্থিত হইলেন এবং কি রূপেই বা যুদ্ধ দর্শন করিলেন, তৎসগুদায় সবিস্তরে কীর্ত্তন করুন।

বৈশশপায়ন কহিলেন,—মহারাজ! মহাত্মা পাণ্ডবগণ বিরাট ভবনে অব-হান পূর্বক মুর্পূর্দিনকৈ ধৃতরাষ্ট্র সমীপে প্রেরণ করিলে মহামতি বাস্থদেব প্রাণী সকলের হিত সাধনার্থ সন্ধির উদ্দেশে অন্বিকানন্দনকে বিশেষরূপে হিতোপদেশ প্রদান করিয়াছিলেন, কিন্তু তিনি তৎকালে তাহাতে সম্মত হইলেন না। তথন পুরুষোত্তম কৃষ্ণ সন্ধি সংস্থাপনে কৃতকার্য্য না হইয়া হুর্য্যোধনের নিকট বিদায় গ্রহণপূর্বক বিরাট নগরে প্রত্যাগমন করিয়া পাণ্ডবগণকে কহিলেন, কৌরবগণ কালপ্রভাবে আমার বচন রক্ষা করিল না; অতএব চল, আমরা এই পুষ্যানক্ষত্রে যুদ্ধার্থ যাত্র। করি।

অনন্তর উভয়পক্ষের দৈন্য নির্দ্ধারিত হইলে মহাবল পরাক্রান্ত রোহিণীতনম কৃষ্ণকে কৌরবগণের সহায়তা করিতে অনুরোধ করিলেন, কিন্তু সে
সময় বাহ্নদেব তাঁহার বাক্য রক্ষা করিলেন না। তথন মহুনন্দন বলদেব
রোষপরবল হইয়া যাদবগণ সমভিব্যাহাবে সরস্বতী তীর্থে প্রস্থান করিলেন।
বলদেব তীর্থযাত্রা করিলে অরাতিনিপাতন ভোজরাজ কৃতবর্মা। চুর্য্যোধনের
সাহায্যে প্রস্তুত হইলেন এবং বাহ্নদেব সাত্যকির সহিত পাণ্ডবপক্ষ অবলম্বন
পূর্বক পুষ্যানক্ষত্রযোগে কুরুক্ষেত্রে গমন করিলেন।

এ দিকে বলদেব গমন কালে পথিমধ্যে ভ্তাবর্গকে কহিলেন, তোমরা অবিলক্ষে অমি, যাজক, স্থবর্ণ, রজত, ধেনু, বস্ত্র, অশ্ব, হস্তী, রপ, গর্দ্ধভ, উট্র এবং তীর্থযাত্রার উপযোগী পরিচছদ ও নানাবিধ দ্রব্যজাত আনয়ন করিয়া সারস্বত তীর্থাভিমুখে যাত্রা কর। মহাবল বলদেব ভ্তাগণকে এইরূপ আদেশ করিয়া ঋত্বিক, অন্যান্য ব্রাহ্মণ, স্থলং, রথ, গজ, অশ্ব, কিঙ্কর এবং গো, গর্দদভ ও উট্রযোজিত বিবিধ যানে পরিবৃত্ত হইয়া ক্রমে ক্রমে সারস্বত তীর্থ সমুদায় পর্য্যটন করিতে লাগিলেন। পরিচারকগণ দেশে দেশে বৃদ্ধ, শিশু ও পরিজ্ঞান্ত অথিগণকে প্রদান করিবার উদ্দেশে বিবিধ দানোপযোগী দ্রব্যের

আয়োজন করিতে লাগিল। যে স্থানে যে ব্রাহ্মণ যে ভোজ্য বস্ত প্রার্থনা করিলেন, তাঁহারে তৎক্ষণাৎ তাহা প্রদান করা হইল। মহাবল বলরামের আদেশাকুসারে ভ্তাগণ স্থানে ছানে অবস্থান করিয়া রাশি ভক্ষ্য ও পানীয় আহর করিতে লাগিল। স্থাভিলাষী ত্রাহ্মণগণকে মহার্হ বস্ত্র, পর্যান্ধ ও আস্তরণ প্রদান করা হইল। গমনাভিলাষীর নিমিত্ত যান, তৃষ্ণার্ত্তের নিমিত্ত পানীয়, বুভুক্ষিতের নিমিত্ত হৃষাতু অন্ধ এবং রাশি রাশি যন্ত্র ও আভরণ সমুদায় প্রস্তুত রহিল। বিপ্র বা ক্ষত্রিয়মধ্যে যিনি যাহা প্রার্থনা, করিলেন, তিনি তৎক্ষণাৎ তাহা প্রাপ্ত হইলেন। কাহারও কুত্রাপি গমনে বা অবস্থানে কিছু-মাত্র ক্লেশ হইল না। এইরূপে সেই তীর্ধগ্রন পথ সকলেরই পক্ষে স্বর্গ সদৃশ স্থাবহ হইয়া উঠিল। উহা বিপণী, আপণ, পণ্য দ্রব্য এবং বিবিধ লতা, বৃক্ষ ও নানাবিধ রত্নে ভূষিত হইয়া অপূর্বে শোভা ধারণ করিল। সংঘ্যা মহাত্মা বল-দেব মহা আহ্লাদে সেই পুণ্য তার্থ সমুদায়ে ত্রাহ্মণগণকে যজ্জদক্ষিণা, কাঞ্চন-ময় শৃঙ্গশোভিত মহার্ছ বস্ত্র দমাযুক্ত দহত্র দহত্র পয়স্বিনী গাভী, নানা দেশ-জাত অশ্ব, মণি মুক্তা প্রবালাদি রত্ন, বিশুদ্ধ স্বর্ণ, রৌপ্য, যান, দাদ এবং লৌহ · ও তাম্রময় ভাগু সকল দান করিতে লাগিলেন। হে মহারাজ ! অপ্রতিমপ্রভাব রোহিণীনন্দন এইরূপে সারস্বত তীর্থ সমুদায়ে ভূরি ভূরি অর্থ দান করিয়া ক্রমে ক্রমে কুরুক্তেতে গমন করিলেন।

জনমেজয় কহিলেন, হে তপোধন! আপনি সারস্বত তীর্থ সমুদায়ের গুণ, উৎপত্তি, কর্ম ও ফল সমুদায় আনুপূর্বিক কীন্তন কর্মন। উহা প্রাবণ করিতে আমার অতিশয় কৌতুহল জন্মিয়াছে। বৈশপ্পায়ন কহিলেন, মহারাজ! আপনি বহুতর তীর্থ এবং তৎসমুদায়ের উৎপত্তি ও গুণ প্রাবণ কর্মন। পূর্বে ভগবান্ তারাপতি চন্দ্র যক্ষারোগে আক্রান্ত ও নিতান্ত ক্লিফ্ট হইয়া য়ে তীর্থে অবগাহন পূর্বেক শাপ হইতে মুক্তি লাভ ও পুনর্বার স্বীয় তেজ অধিকার করিয়া সমস্ত বিশ্ব উদ্থাসিত করিতেছেন, যত্প্রবীর বলদেব স্কর্মন্থ ও ঋত্বিক্-গণের সহিত সর্বাত্রে স্টেই সর্বোৎকৃষ্ট পবিত্র প্রভাস তীর্থে গমন করিলেন। ঐ তীর্থ চন্দ্রকে প্রভাসিত করিয়াছিল বলিয়া উহার নাম প্রভাস হইয়াছে।

জনমেজয় কহিলেন, হে তপোধন! ভগবাৰ শশাক্ষ কি রূপে যক্ষারোগে

আক্রান্ত হইয়াছিলেন এবং কি রূপেই বা প্রভাস তীর্ষে অবগাহন করিয়া শাপ-বিমৃক্ত হইলেন, আপনি সবিস্তরে তৎসমুদায় কীর্ত্তন করুন।

বৈশম্পায়ন কৈহিলেন, মহারাজ! পূর্ববিদালে প্রজাপতি দৃক্ষ স্থীয় সপ্তবিংশতি কন্যা চন্দ্রকে দান করেন। উহারা নক্ষত্র; উহাদের দ্বারালাকে
কাল নিরূপণ করিয়া থাকে। ঐ সমস্ত অলোকসামান্য রূপলাবণ্যসম্পন্না
বিশাললোচনা কন্যার মুখ্যে রোহিণী সর্ব্বাপেক্ষা সর্ব্বাক্ষহক্ষরী ছিলেন। ভগবান্ চন্দ্র তাঁহরিই প্রতি প্রতি প্রদর্শন ও তাঁহারই সহিত হ্বথ সম্ভোগ
করিতেন। তদ্দর্শনে অন্যান্য দক্ষতনয়ারা নিতান্ত কুপিত হইয়া অবিলম্বে দক্ষ
সন্নিধানে গমন পূর্বক কহিলেন, পিত! আমাদিগের প্রতি চল্দ্রের আর কিছুমাত্র অমুরাগ নাই। তিনি নিরন্তর রোহিণীর সহিত হ্বথ সম্ভোগে কাল যাপন
করিয়া থাকেন, অতএব আমরা আপনার সমক্ষে অবস্থান পূর্বক মিতাহারী
হইয়া তপোমুষ্ঠান করিব। প্রজাপতি দক্ষ কন্যাদিগের বাক্য প্রবণ করিয়া
চল্দ্রের নিকট গমন পূর্বক কহিলেন, বৎস! তুমি পত্নীগণের প্রতি তুল্যরূপে
প্রীতি প্রদর্শন কর নতুবা তোমার ঘোরতর অধর্ম্ম হইবে। পরে তিনি কন্যাগণের
নিকট আগমন করিয়া কহিলেন, তোমরা এক্ষণে চন্দ্র সন্নিধানে গমন কর,
তিনি আমার আদেশ ও উপদেশ অমুসারে তোমাদিগের প্রতি তুল্যরূপ অমুরাগ প্রদর্শন করিবেন।

তথন দক্ষকন্যারা পিতার অনুমতি ক্রমে পুনরায় চন্দ্রের ভবনে সমুপন্থিত হইলেন; কিন্তু চন্দ্র তাঁহাদিগের প্রতি কিছুমাত্র অনুরাগ প্রদর্শন না করিয়া প্রতিমনে রোহিণীরই সহিত কাল যাপন করিতে লাগিলেন। তথন কন্যাগণ পুনরায় দক্ষ সন্নিধানে গমন পূবর্ব ক কহিলেন, পিত! চন্দ্র আপনার আজ্ঞালজ্ঞন করিয়াছেন। আমাদিগের উপর তাঁহার আর কিছুমাত্র প্রতি নাই। অতথব এক্ষণে আমরা আপনার শুক্রায়ায় নিরত হইয়া আপনারই সন্নিধানে কাল যাঁপন করিব। প্রজাপতি দক্ষ কন্যাগণের বাক্য প্রবণে চন্দ্রের নিকট গমন করিয়া কহিলেন, বৎস! তুমি পত্নীগণের প্রতি তুল্যরূপ প্রীতি প্রদর্শন কর, নচেৎ আমি নিশ্চয়ই তোমারে শাপ প্রদান করিব। হে মহারাজ! প্রজাপতি দক্ষ ঐ কথা কহিলেও ভগবান্ চন্দ্র তাঁহার বাক্যে আনাদর প্রদর্শন প্রজাপতি দক্ষ ঐ কথা কহিলেও ভগবান্ চন্দ্র তাঁহার বাক্যে আনাদর প্রদর্শন প্রবিক রোহিন্নীর সহিত কাল হরণ করিতে লাগিলেন।

তখন দক্ষকন্যারা নিতান্ত ক্রোধাবিষ্ট হইয়া পুনরায় পিতৃ দির্মধানে গমন পূর্ববিক তাঁহার পাদবন্দন করিয়া কহিলেন,—পিত! চন্দ্র আমাদিগের সহ-বাসে এককালে বিমুখ হইয়াছেন'। আমাদের প্রতি তাঁহার কিছুমাত্র স্নেহ নাই। আপনি বারংবার তাঁহারে উপদেশ প্রদান করিলেন; কিন্তু তিনি আপনার বাক্য গ্রাহ্ম না করিয়া রোহিণীর সহিত কাল হরণ করিতেছেন। অতএব আপনি আমাদিগকে রক্ষা করুন এবং যাহাতে চন্দ্র আমাদের প্রতি অকুরাগ প্রদর্শন করেন, তাহারও উপায় করিয়া দিন।

তথন প্রজাপতি দক্ষ কন্যাগণের বাক্য প্রাবণে একান্ত ক্রোধাবিট হইয়া চল্ডের নিমিত্ত যক্ষার স্থান্ত করিলেন। যক্ষা দক্ষ কর্তৃক স্থান্ট হইয়া চল্ডের শরীরে প্রবিষ্ট হইল। ভগবান্ চন্দ্র দেই যক্ষারোগে আক্রান্ত হইয়া দিন দিন ক্ষীণ হইতে লাগিলেন। তিনি উহা হইতে মুক্তি লাভ করিবার নিমিত্ত যত্ন সহকারে বিবিধ যজ্ঞাসূষ্ঠান করিলেন; কিন্ত কোন ক্রমে রোগমুক্ত হইতে পারিলেন না। হে মহারাজ। চন্দ্র এইরূপে ক্রমে ক্রমে ক্ষীণ হইলে ওমধি সকল নিস্তেজ, আস্বাদশূন্য ও উচ্ছিন্ন হইয়া গেল। তনিবন্ধন লোক, সকল নিস্তেজ কুশ ও সংশ্রাপন্ন হইয়া উঠিল।

তথন দেবগণ চন্দ্রের নিকট আগমন করিয়া কহিলেন, হে শশলাঞ্চন! তুমি কি নিমিত্ত এরপ ক্ষীণ ও শোভাহীন হইয়াছ, তাহা আমাদিগের নিকট প্রকাশ কর। আমরা অবশ্যই উহার প্রতিবিধান করিব। তথন ভগবান্ শশাঙ্ক যে নিমিত্ত শাপগ্রস্ত ও যক্ষারোগে আক্রান্ত হইয়াছেন, তাহা আগ্রোপান্ত স্করগণের নিকট কীর্ত্তন করিলেন। স্করগণ শশাঙ্কের মুখে তাঁহার ক্ষয়- বৃত্তান্ত প্রবণ করিয়া প্রজাপতি দক্ষের নিকট গমনপূর্বক কহিলেন, হে ভগবন্! আপনি প্রদন্ধ হইয়া চন্দ্রকে শাপ হইতে মুক্ত করুন। শশধর অতিশয় ক্ষীণ হইয়াছেন; উহার কলেবর এক্ষণে অল্পমাত্রই অবশিষ্ট আছে। উনি ক্ষীণ হওয়াতে ও্যধি, লতা ও বিবিধ বীজ বিনষ্ট হইতেছে। তাঁমিবন্ধন আমাদিগেরও ক্ষয় উপস্থিত হইয়াছে। আমরা বিনষ্ট হইলে এই জগৎ নিতান্ত ব্যর্থ হইবে। অতএব আপনি এই সমস্ত অমুধাবন করিয়া চন্দ্রের প্রতি ক্রোধ সম্বরণ করুন।

তখন প্রজাপতি দক্ষ দেবগণের বাক্য শ্রবণ করিয়া কছিলেন,—হে

শ্বরণণ! আমি যাহা কহিয়াছি, তাহা কদাচ অন্যথা হইবার নহে। কিন্তু আমি একণে একটা উপায় উদ্ভাবন করিয়া দিতেছি, তদ্ধারা চল্দের শাপ শান্তি হইতে পূারিবে। নিশাকর সারস্বত তার্থে অবগাহন করিয়া প্রতীগণের প্রতি প্রতিনিয়ত তুল্যরূপ স্থেহ প্রদর্শন করুন, তাহা হইলে উর্নি পুনরায় পরিবর্ধিত হইবেন, সন্দেহ নাই। হে দেবগণ! আমার বাক্যাত্মসারে মাসমধ্যে পঞ্চদশ দিন চল্দের নিত্য নিত্য কয় ও পঞ্চদশ দিন নিত্য নিত্য রুদ্ধি হইবে। উনি একণে শক্তির সমুদ্ধে গমনপূর্বক সরস্বতী ও সাগরসঙ্গমে দেবদেব মহা-দেবকে আরাধনা করুন, তাহা হইলেই পুনরায় পূর্বর রূপ প্রাপ্ত হইবেন।

হে মহারাজ ! তথন ভগবান্ চ্ন্দ্র মহর্ষি দক্ষের নিদেশানুসারে অমাবস্থায় সরস্ব তীতে গমন করিয়া প্রভাগাখ্য তীর্থে অবগাহনপূর্বক পুনরায় পূর্বে রূপ প্রাপ্ত হইয়া সমুদায় লোক উদ্ভাগিত করিতে লাগিলেন। অনস্তর দেবগণ প্রভাগে গমনপূর্বক চন্দ্রকে লইয়া দক্ষের নিকট আগমন করিলেন। মহর্ষি দক্ষ তাঁহাদিগকে সাদর সম্ভাগণ পূর্বেক বিদায় দিয়া প্রাত মনে চন্দ্রকে কহিলেন, ব্ৎস! তুমি স্বীয় পত্নীগণ ও আহ্বানদিগকে কদাচ অবজ্ঞা করিও না, এক্ষণে দেবগণ সমভিব্যাহারে স্বগৃহে গমন করিয়া আমার আজ্ঞা প্রতিপালন কর। তথন নিশানাথ দক্ষের নিকট বিদায় গ্রহণ করিয়া আপনার আল্লয়ে আগনন করিলেন। প্রজারাও হাউান্তঃ করণে পূর্ববিং কাল যাপন করিছে লাগিল। হে মহারাজ ! ভগবান্ শশাঙ্ক যেরূপে অভিষপ্ত হইয়াছিলেন এবং প্রভাগ তীর্ধ যেরূপে সর্বব্রেষ্ঠ বলিয়া পরিগণিত হইয়াছে, তাহা আত্যোপান্ত সমুদায় কীর্ত্তন করিলাম। ঐ তীর্থে ভগবান্ শশাঙ্ক প্রতি অমাবস্থায় স্কান করিয়া পরিবন্ধিত হন। উহা চন্দ্রকে প্রভাগিত করে বলিয়া লোকমধ্যে প্রভাগনামে বিখ্যাত হইয়াছে।

অনন্তর মহাবল বলদেব চমদোডেদ তীর্থে গমন করিলেন। তথায় তিনি প্রেস্ত দান, বিধি পূর্বেক স্নান ও এক রজনী যাপন করিয়া সম্বরে উদপান তীর্থে গমন করিলেন। হৈ মহারাজ! সরস্বতী ঐ স্থানে অন্তঃসলিল। ইইলেও সিদ্ধাণ মহান্ প্রেয়োলাভ এবং ওবধি ও ভূমির স্নিগ্ধতা অবলোকন করিয়া উহা প্রবাহিত ইইতেছে, ইহা অনায়ানে বিদিত ইইয়া থাকেন'।

সপ্তত্তিংশন্তম অধ্যায়।

হে মহারাজ ! হলায়ুধ বলদেব মহাযশ। মহর্ষি ত্রিতের উদপান তীর্থ ১৫ । প্রাপ্ত হইয়া তথায় স্নান, বিবিধ ধন দান ও দ্বিজগণের পূজা করিয়া পরম পরিতৃষ্ট হইলেন। ধর্মপরায়ণ মহাতপা ত্রিত ঐ তীর্থে অবস্থান করিতেন। তিনি ঐ কৃপে অবস্থান পূর্বেক সোমরদ পান করিয়াছিলেন। তাঁহার প্রাতৃদয় তাঁহারে ঐ কৃপে পরিত্যাগ করিয়া আপনাদের আবাদে প্রস্থান করিলে মুনিবর ত্রিত তাঁহাদিগকে অভিশাপ প্রদান করেন।

জনমেজয় কহিলেন,—হে ব্রহ্মন্ ! উদপান তীর্থ কি রূপে উৎপন্ন হইল ?
মহাতপা ত্রিত কি নিমিত্ত কুপমধ্যে পতিত হইয়৸ছিলের, ? 'কি নিমিত্ত
তাঁহার ভাত্ত্বয় তাঁহারে কুপমধ্যে পরিত্যাগ করিয়া গৃহে গমন করিয়াছিলেন ? আর কি রূপেই বা মহর্ষি ত্রিত যুজ্জানুষ্ঠান পূর্বক সোমরদ পান
করিয়াছিলেন ? যদি এই সমস্ত কথা শ্রোতব্য হয়, তাহা হইলে কীর্ত্তন করুন।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ! পূর্বব যুগে সূর্য্যের ন্যায় তেজস্বা মহাতপা একত, দিত ও ত্রিত নামে তিন সহোদর ছিলেন। তাঁহাদের তিন জনকেই প্রজাপতির ন্যায় বাধ হইত। তাঁহারা কেহই প্রজাবিহীন ছিলেন। না। তাঁহারা বেদাধ্যয়ন ও তপোবলে ত্রহ্মলোক জয় করিয়াছিলেন। তাঁহাদিগের পিতা ধর্মপরায়ণ ভগবান্ গৌতম পুত্রগণের তপস্তা, নিয়ম ও দম-শুণে পরম্ প্রীত হইয়াছিলেন। তিনি স্থদীর্ঘকাল স্পুত্রদিগের সৎকার্য্য-জ্ঞানিত আনন্দ অনুভব করিয়া স্থরপুরে প্রস্থান করেন।

ঋষিশ্রেষ্ঠ গৌতম কলেবর পরিত্যাগ করিলে তাঁহার যজমানগণ তাঁহার পুত্রগণকে পূজা করিতে লাগিলেন। গৌতমের পুত্রত্রেরে মধ্যে মহাত্ম। ত্রিত কর্ম ও অধ্যয়নের শুণে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ছিলেন। মহাভাগ মহর্ষি-গণ ত্রিতের গুণগ্রাম দর্শনে মহাত্মা গৌতমের ভায় তাঁহারে পূজা করিতে লাগিলেন।

একদিন একত ও দ্বিত উভয়ে যজ্ঞানুষ্ঠান ও ধন লাভের নিমিত্ত চিম্ভা-কূল হইয়া পরামর্শ করিলেন, আমরা ত্রিতকে সমভিব্যাহারে লইয়া যজ-মানদিগের নিকট বিবিধ পশু প্রতিগ্রহ করিয়া মহাফল যজ্ঞানুষ্ঠান পূর্বক পরমানন্দে সোমরস পান করিব। তাঁহারা এইরূপ সিদ্ধান্ত করিয়া ত্রিতকে সমভিব্যাহারে লইয়া যজ্ঞমানগণের নিকট উপস্থিত হইলেন এবং বিধানামু-সারে তাঁহাদিগের যজ্ঞ সমাধান পূর্বক অসংখ্য পশু প্রতিগ্রহ করিয়া পূর্বক দিকে যাত্রা করিলেন। ত্রিত আনন্দিত চিত্তে সকলের অপ্রাদর্থ হইলেন এবং একত্ব ও বিত পশুগণকে সঞ্চালন করত তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আগমন করিছে লাগিলেন। ক্রমে রজনী সমুপস্থিত হইল। তথন একত ও বিত সেই প্রস্তুত পশু দর্শনে লোভপরবশ হইয়া কিরুপে এই সমস্ত গাভী আমরা উভয়ে প্রাপ্ত হইব, ইহাই চিন্তা করিতে আরম্ভ করিলেন। পরিশেষে সেই পাপুপরায়ণ ভাতৃত্বয় পরস্পার যুক্তি স্থির করিয়া কহিলেন, দেখ, ত্রিত যজ্ঞপুশল ও বেদপারগ। সে আমাদিগের অপেক্ষা অনেক গাভী লাভ করিতে পারিবে; অতএব চল, আমরা গো সঞ্চালন পূর্বক প্রস্থান করি। ত্রিত যথা ইচ্ছা গমন করুক।

হে মহারাজ ! এইরূপে তাঁহারা তিন জন গমন করিতেছেন, এমন সময় একটা বৃক তাঁহাদের সমীপে সমুপস্থিত হইল। গৌতমতনয়গণ যে পথ দিয়া গমন করিতেছিলেন, উহার অনতিদূরে দরম্বতীর তটে একটা বৃহৎ কৃপ ছিল। মহাত্মা ত্রিত পথিমধ্যে ব্লক দর্শনে ভীত হইয়া পলায়ন করত দেই দর্বেভূত ভয়ঙ্কর ঘোরতর কুপে নিপতিত হইলেন। তিনি দেই কুপমধ্যে আর্ত্তনাদ করিলে উহা তাঁহার ভাতৃদ্বয়ের ঞাতিগোচর হইয়াছিল, কিস্ত তাঁহারা ত্রিতকে কূপে নিপতিত জানিতে পারিয়াও ব্কভয় ও পশু লোভে তাঁহারে পরিত্যাগ পূর্বক তথা হইতে প্রস্থান করিলেন। মহাতপস্বী ত্রিত এইরূপে ভ্রাতৃগণ কর্ত্তক পরিত্যক্ত হইয়া আপনারে নরকে নিপতিত তুষ্কৃতির ভাষ সেই তৃণলতা পরিবেষ্টিত ধূলিসমাচহন্দ নিজ্জল কুপে নিপতিত অবলোকন করিয়া মনে মনে চিন্তা করিলেন, আমি এই কুপে থাকিয়া कि রূপে দোমরদ পান করি। মহাত্মা ত্রিত এইরূপ চিন্তা করিতে করিতে দেখি-লেন, এক লতা সেই কৃপমধ্যে লম্বমান রহিয়াছে। তথন তিনি ক্ষণকাল ধ্যান করত সেই ধূলিদমার্ত কৃপ খনন পূর্ব্বক জল উত্তোলন ও বহ্নিস্থাপন করিলেন এবং অপিনারে হোতা, দেই লম্মান লতাকে সোমলতা, প্রস্তর্থণ্ডকে শর্করা এবং জলকে আজ্য কল্পনা করিয়া ঋক্, যজু ও সামধ্যে চিন্তা করত.যজাতু-ষ্ঠানে প্রব্রক্ত হইলেন। তৎপরে তিনি দেবগণের নিমিত্ত সোমরদের ভাগ কল্পনা করিয়া ভুমুল শব্দে তাঁহাদিগকে আহ্বান করিতে লাগিলেন। তথন মহা-মুনি ত্রিতের,সেই শব্দ স্বর্গ মধ্যে প্রবেশ ক্রিল এবং তাহাতে দেবগণের মনেও

ভয়সঞ্চার হইয়াছিল; কিন্তু তাঁহারা উহার কিছুমাত্র কারণ অনুসন্ধান করিতে পারিলেন না। তখন দেবপুরোহিত বৃহস্পতি সেই ভূমুল শব্দ শ্রবণে সমস্ত দেবগণকে সংস্থেন করিয়া কহিলেন, হে হ্রগণ ! মহাতপদ্বী ত্রিত যজ্ঞ সারস্ক করিয়াছেন। তিনি ক্রন্ধু হইলে অন্যান্য দেবগণের স্থাষ্ট করিতে পারেন। অতএব আমাদিগকে তথায় গমন করিতে হইবে। দেবগণ রহস্পতির বাক্য শ্রবণে পরস্পার সমবেত হইয়া তেজঃপুঞ্জকলেবর মহাত্মা ত্রিতের যজ্জন্থলে গমন পূর্বক তাঁহারে দেই কৃপমধ্যে যজ্ঞকার্য্যে দীক্ষিত দিখিয়া কহিলেন, মহা-ভাগ! আমরা যজ্ঞভাগ গ্রহণার্থ উপস্থিত হইয়াছি। তথন মহর্ষি ত্রিত দেব-গণকে, এই দেখুন, আমি অভি ভীষণ কুপে নিপতিত হইয়াছি, এই বলিয়া যথাবিধি মন্ত্রপূত ভাগ প্রদান করিলেন। দেবগণও প্রীত মনে স্ব স্থ ভাগ গ্রহণ করিয়া ত্রিতকে অভিলাধাকুরূপ বর প্রদানে উদাত হইলেন। তথন মহাত্মা ত্রিত কহিলেন, হে দেবগণ! আমারে এই কূপ হইতে উদ্ধার করুন। আর যিনি এই কৃপোদক স্পর্শ .করিবেন, তিনি যেন আপনাদের বরে সোমরশ-পায়ীর সদগতি লাভে সমর্থ হন। দেবগণ, তাঁহার বাক্য আবণে তথাক্ত বলিয়া তাঁহারে অভিলয়িত বর প্রদান করিলেন। দেবগণ বর প্রদান করিবামাত্র কৃপ-মধ্যে তরঙ্গমালাসঙ্কুল সরস্বতী নদীর আবিষ্ঠাব হইল। মহর্ষি ত্রিত ঐ নদী-প্রভাবে উর্দ্ধে উৎক্ষিপ্ত হইয়া দেবগণকে অভিবাদন করিলে দেবগণ স্ব স্থ স্থানে প্রস্থান করিলেন। মহর্ষি ত্রিতও মহা আহলাদে গৃহাভিমূপে ধাবমান হইলেন। তিনি গৃহে উপস্থিত হইয়া ভ্রাতৃদ্য়কে অবলোকন পূর্বক রোষাবিষ্ট চিত্তে কহিলেন যে, তোমরা পশুলোভে আমারে পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিলে; অতএব আমার শাপ প্রভাবে দংষ্ট্রায়ুধ ভীষণ রক রূপ ধারণ করিয়া ইতন্তত বিচরণ কর। তোমাদিগের সন্তান সন্ততিও গোলাঙ্গুল, ভলুক ও বানর হইবে। মহর্ষি ত্রিত এই বলিবামাত্র তাঁহার সত্যবাদিতা প্রভাবে সেই তাপদদম তৎক্ষণাৎ বৃকরূপী হইলেন।

হে মহারাজ । অমিক্তপরাক্রম বলরাম সেই পুণ্য তীর্থে কৃপ দর্শন পূর্ব্বফ তাহার সলিল স্পর্শ ও বারংবার প্রশংসা করিয়া ব্রাহ্মণগণকে বিবিধ ধন দান করিলেন।

## অষ্টত্রিংশত্তম অধ্যার।

হে মহারাজ! অনন্তর মহাত্ম। বলদেব বিনশন তীর্ষে উপস্থিত হইলেন।

তথায় সরস্বতী, শূদ্রে ও আভীরদিগের প্রতি বিদ্নেষ বুদ্ধি নিবন্ধন অন্তর্হিত হইয়াছেন। এই নিমিত্তই মহর্ষিগণ ঐ তীর্থকে বিনশন নামে , নির্দ্দেশ করিয়া পাকেন এ মহাবল পরাক্রান্ত বলদেব ঐ তীর্থে, স্লান করিয়া স্তুসিক তীর্থে গমন করিলেন। ঐ তীর্থে ব্রাহ্মণগণ সতত অবস্থান ও প্রদন্ধ বদন অপ্সরোগণ নিরস্তর বিহার করিয়া থাকেন এবং গন্ধর্ব্ব ও দেবগণ প্রতি মাসে দে স্থানে উপস্থিত হন। দেবতা ও পিতৃগণ তথায় সমবেত ও পবিত্র দিব্য कूछ्म ममूनारं भौगोंकीने हहेशा आत्मान প্রমোদ করিয়া থাকেন। এ তীর্থ অপ্সরাদিপের আক্রীড় ভূমি বলিয়া স্বভূমিক নামে বিখ্যাত হইয়াছে। মহাত্মা বলদেব সেই তীর্থে স্নান, • ব্রাহ্মণগণকে ধন . দান, বিবিধ গীত বাদ্য শ্রবণ এবং দেব, গন্ধর্বব ও রাক্ষসগণের ছাচা দর্শন করিয়া গন্ধর্ববতীর্থে গমন করিলেন। তথায় বিশ্বাবহু প্রভৃতি তপঃপরায়ণ গন্ধর্বগণ মনোহর নৃত্য গীত করিয়া থাকেন। মহাত্মা রোহিণীনন্দন তথায় ব্রাহ্মণগণকে প্রচুর অর্থ, ছাগ, মেষ, গো, খর, উষ্ট্র, স্থবর্ণ ও রৌপ্য প্রদান পূর্ব্বক ভোজন করাইয়া তথা হইতে প্রস্থান করিলেন। গুমনকালে ব্রাহ্মণেরা তাঁহার স্তব করিতে लाशित्नन ।

অনস্তর তিনি গর্গশ্রোত তীর্থে গমন করিলেন। তথায় আত্মতত্ত্ত রদ্ধ গর্গ জ্ঞান ও কালের গতি, জ্যোতিঃপদার্থ সমুদায়ের ব্যক্তিক্রম এবং শুভ ও দারুণ নিমিত্ত সকল অবগত হইয়াছিলেন। এই নিমিত্ত তাঁহার নামা-মুদারেই উহার নাম গর্গনোত হইয়াছে, ত্রতপ্রায়ণ মহ্দিগণ কালজ্ঞানের নিমিত্ত ঐ তীর্থে প্রতিনিয়ত মহষি গর্গের উপাসনা করিয়া থাকেন। শ্বেত চন্দনচচ্চিত্তকলেবর বলদেব তথায় মুনিগণকে ধন দান ও বিপ্রদিগকে নানা-বিধ ভোজ্য প্রদানপূর্কক শব্ধ তীর্থে গমন করিলেন। তথায় তিনি সরস্বতীর তীরে মহর্ষিগণনিষেবিত মহাশব্দ নামে এক বৃক্ষ নিরীক্ষণ করিলেন। ঐ রক্ষ খেতপর্বত দলিভ ও হুমেরুর ভায় দমুন্নত ; বিভাধর, রাক্ষদ, পিশাচ ও দিদ্ধগ্ৰিষ্য প্ৰকার আহার পরিত্যাগপুৰ্বক ব্ৰত ও নিয়মানুষ্ঠান করিয়া निर्मिष्ठे मगरत छहात कल ७ ऋग ७ औ ऋगून १४क् शृथक् इहेता मक्कत्र । করিয়া থাকেন। মসুষ্যেরা ভাঁহাদিগকে নিরীকণ করিতে সমর্থ নছে। মহাত্মা বলদেব সেই শহাতীর্থে গাভী, বিবিধ বিচিত্র বস্ত্র এবং তাত্র ও লৌহময়

ভাণ্ড দক্ষ প্রদান পূর্বকৈ ত্রাহ্মণগণকে অর্চ্চনা ও তাঁহাদের পূজা গ্রহণ করিয়া পবিত্র দৈতবনে উপনীত হইলেন। তিনি ঐ তীর্থে নান্। বেশধারী মুনিগণকে নিরাক্ষণ করিয়া উহার দলিলে অবগাহনপূর্বকি আকাণগণকে অর্চন। ও প্রচুর ভোগ্য দ্রব্য দান করিয়। সরস্বতীর দক্ষিণ তীরে গমন করিতে লাগিলেন এবং কিয়দ্ধুর অতিক্রমা করিয়া নাগবর্ত্ম নামক তীর্থে উপস্থিত হইলেন। ঐ তীর্থে পিন্নগরাজ বাস্ত্রকির বাদস্থান আছে। উহা অসংখ্য দর্পে সমাকীর্ণ, কিন্তু উহাতে কিছুমাত্র দর্পভয় নহি। ঐ তার্থে চতুদ্দশ সহস্র মহটি নির্ভার বাস করিয়। থাকেন। দেবগণ ঐ স্থানে আগমন করিয়া নাগরাজ বাস্থকিরে বিধানানুদারে অভিষেক করিয়াছিলেন। মহাত্মা বলদেব ঐ তীর্থে ব্রাহ্মণগণকে বিবিধ রত্ন প্রদান পুর্ববক পূর্বব দিকে গমন করিলেন। তথায় শত সহত্র সংখ্যক স্ক্রিখ্যাত তার্থে স্নান, ঋষিগণের আদেশাকুদারে উপবাদ, সংযম ও প্রভূত ধন দান করিলেন এবং তার্ধবাদী মুনিগণকে আভবাদনপূর্বক ঠাহাদিগের প্রদর্শিত পথ অবলম্বন করিয়া গমন করিতে লাগিলেন। হে মহারাজ। মহানদী সরস্বতা নৈমিযারণাবাসী, ঋষি-গণকে দর্শন করিবার নিমিত্ত ঐ স্থান হইতে বাতাহত রৃষ্টির ভায় পূর্ব্বাভিমুখে ধাবমান ইইয়াছেন। মহাত্মা বলদেব দরস্বভারে তথা হইতে পুরিভিমুখে প্রবাহিত দেখিয়া যাহার পর নাই বিস্ময়াপন্ন হইলেন।

জনমেজয় কহিলেন,—হে দ্বিজোত্তম ! সরস্বতী নদী কি নিমিত্ত তথা হইতে পূর্ববাভিমুখী হইয়াছেন এবং কি কারণেই বা বলদেব তথায় বিস্ময়া-াবস্ট হইলেন, তাহা কীর্ত্তন করুন।

বৈশন্পায়ন কহিলেন,—মহারাজ! পূর্ণেব সভায়ুগে নৈমিষারণ্যে বাদশ বর্ষব্যাপী মহাযজ্ঞ মারস্ত হইলে ভত্তভা অসংখ্য মহর্ষি সেই যজ্ঞে সমুপস্থিত হইলে এবং দাদশ বৎসর যজ্ঞস্থলে অবস্থান করিয়া যজ্ঞ সমাপনাস্তে তার্প দর্শনার্থ সরস্থভার দক্ষিণ কূলে আগমন করিলেন। ঋষিগণের সংখ্যাবাহুল্য প্রযুক্ত সর্স্বতী নদীর দক্ষিণ তারিস্থিত তার্থ সকল নগর সদৃশ হইয়া স্ঠিল। ব্রাহ্মণগণ তার্ধবাসাভিলাষে স্থানন্ত পঞ্চকের শেষ সামা পর্যান্ত আশ্রয় করিলেন। তাঁহাদিগের আহুতি দান ও বেদাধ্যয়ন শব্দে দিক্ সকল পরিপূর্ণ হইয়া গেল। হুত হুভাশন সর্বত্ত দেদীপ্যমান হুওয়াতে সরস্থভার অতি

চমৎকার শোভা হইল। বালিখিল্ল, অশ্যকুট্ট, দন্তোলুখল, প্রসংশ্যান এবং বায়ু ভক্ষণ, জলাহার, পর্ণভোজন ও স্থান্তিলে শয়ন প্রভৃতি বিবিধ নিয়মধারী অন্যান্য তাপসগুণ, দেবগণ ধেমন মন্দাকিনার শোভা সম্পাদন করেন; তজ্রপ সরস্বতীর শোভা সম্পাদন করিলেন। তৎপরে যজ্ঞনিরত ব্রতধারী অন্যান্য অসংখ্য ঋষি তথায় সমুপস্থিত হইলেন; কিন্তু বিন্দুমাত্র স্থান পাইলেন না। তখন তাঁহারা তীর্থের শেষ সীমা হইতে যজ্ঞোপবীত প্রমাণ ভূমি লইয়া তীর্থ নির্মাণ পূর্বেক ক্রেমাদি বিধিধ কার্য্যের অনুষ্ঠান করত চিন্তা করিতে লাগিলেন যে, কি রূপে এই অল্ল প্রমাণ স্থানে ভামাদের সমুদায় কার্য্য নির্বাহ হইবে। হে মহারাজ! ঐ সময় সরস্বতী মুনিগণকে চিন্তাকুলিতচিত্ত দেখিয়া তাহাদের কার্য্য সাধনার্থ তথায় গমন ও দর্শন প্রদান কারলেন। হে মহারাজ! এইরূপে সরস্বতী ঋষিগণের আগমন চরিতার্থ করিয়া পুনরায় পশ্চিমাভিমুখে নির্গত হইলেন। সরস্বতীর আগমনে ঐ স্থানে অসংখ্য জনস্থান হইল। তৎকালে মহানদী সরস্বতী নৈর্ম্যারগ্যাসী ব্রাহ্মণগণের হিতার্থে ঐরপ অন্তুত কার্য্য সম্পাদন করাতে সেই জলস্থান সকল নৈমিষীয় বিল্যা বিথ্যাত হইয়াছে।

হে মহারাজ! সেই স্থানে বহুতর জলস্থান এবং সরস্থতীর পূর্বিনিত্যুখে গমন অবলোকন করিয়া বলরামের বিস্ময় উপস্থিত হইল। তথন তিনি সেই তীর্থে যথাবিধি অবগাহনপূর্বেক ব্রাহ্মণগণকে ভক্ষ্য, ভোজ্য ও স্থবণাদি বিবিধ ধন দান করিয়া তথা হইতে সপ্তসারস্থত তীর্থে যাত্রা করিলেন। ঐ তীর্থ বদর, ইঙ্গুদ, কাশ্মর্য্য, অশ্বত্থ, বট, বিভীতক, কঙ্কোল, পলাশ, করার, পীলু, কর্মক, বিস্থ, আমাতক ও কষণ্ড প্রভৃতি বিবিধ বুক্ষে এবং কদলা, পারিজাত ও মাধবী লতাবনে স্থশোভিত আছে। জলপায়ী, বায়ুভক্ষক, ফলাহারী, পর্ণাশা, দস্ভোলুখল ও অশাকুট্ট প্রভৃতি বহুতের মুনিগণ নিরন্তর উহাতে বাস করিতেছেন। ঐ স্থানে সর্বাদা বেদাধ্যয়ন হইয়া থাকে। উহা হিংসাধর্ম্ম শৃশু অসংখ্য লোকের আবাসভূমি। মন্ধণক নামে এক জন সিদ্ধ ঐ বহু মুগ সমাকীর্ণ তীর্থে তপোসুষ্ঠান করিয়াছিলেন।

একোনচত্বারিংশত্তম অধ্যায়।

জনমেজয় কহিলেন,—হে ব্রহ্মন্! সপ্তদারস্বত তীর্থ কি রূপে উৎপন্ন

হইল ? মশ্বণক মুনি কে ? কিরূপে তিনি সিদ্ধ হইয়াছিলেন ? তাঁহার কি রূপ নিয়ম ছিল এবং তিনি কোন্ বংশে জন্ম প্রহণ ও কি কি অধ্যয়ন করিয়া-ছিলেন ? আমি তৎসমুদায় আনুপূর্বিক শ্রবণ করিতে বাঞ্ছা করি।

বৈশম্পায়ন কহিলেন, হে মহারাজ ! সরস্বতীর সাত শাখায় এই জগৎ পরিব্যাপ্ত রহিয়াছে। তেজ্ঞ্বিগণ সরস্বতীরে যে যে স্থানে আহ্বান করিয়া-ছিলেন, তিনি দেই দেই স্থানেই আবিভুতি হন। তমিবন্ধন তাঁহার স্থপ্রভা. काकनाकी, विभाला, मरनोत्रमा, ध्ववजी, छरत्वू ध विंमें लाभका नारम माज শাথা বিখ্যাত হইয়াছে। পুন্ধর তীর্থে সর্বলোক পিতামহ ব্রহ্মার মহাযজ্ঞ উপস্থিত হইলে সেই ্বিস্তৃত যজ্ঞস্থলে ছিজগণ পবিত্র বেদপাঠে নিযুক্ত ও দেবগণ নানা কার্য্যে ব্যতা হইলেন। ঐ যজ্ঞে ধর্মার্থকুশল ব্যক্তিগণ চিন্তা করিবামাত্র ব্রাহ্মণগণের নিকট বিবিধ দ্রব্যক্ষাত উপস্থিত হইতে লাগিল। গন্ধর্বের। গান ও অপ্সরোগণ নৃত্য করিতে আরম্ভ করিলেন। স্থমধুর বাদিত্ত সকল বাদিত হইতে লাগিল,। মকুষ্যের কথা দূরে থাকুক, দেবভারাও দেই সর্ব্যকামসম্পন্ন যজ্ঞ দেখিয়া পরিভূষ্ট ও বিশ্বগাপন হইলেন। হে মহারাজ! পিতামহ এইরূপে দেই মহাযজ্ঞে দীক্ষিত ও পরম পরিতৃষ্ট হইলে মহ্যিগণ कहिल्लमं (य, এই याख्य मित्रवता मत्रवाते वाविकार नाहे, वाज्य हिला महा-গুণ বলিয়া নির্দ্দিন্ট হইতে পারে না। তথন ভগবান্ ব্রহ্মা তাঁহাদিগের কথা শ্রেবণ করিয়া প্রীত মনে সরস্বতীরে স্মারণ করিলেন। সরস্বতী যজ্জদীক্ষিত পিতামহ কর্ত্তক পুষ্কর তীর্ধে আছুত হইয়া তথায় সমাগত হইলেন। মহর্ষিগণ তথায় সরস্বতীরে দর্শন করিয়া পুলকিত চিত্তে পিতামহকে ধস্তবাদ প্রদান ও তাঁহার যজের যথেষ্ট প্রশংসা করিতে লাগিলেন। হে মহারাজ। এইরূপে সরিদ্বরা সম্বতী পিতামহ কর্তৃক আহুত হইঞ্ল মুনিগণের সস্তোষার্থ পুষ্কর তীর্থে আবিভূতি হইয়াছিলেন। ঐ স্থানে তিনি স্থপ্রভা নামে অভিহিত হইয়া থাকেন।

নৈমিয়ারণ্যে অনেক স্বাধ্যায়নিরত তপস্থীর বাসস্থান ছিল । তাঁহারা সকলে একত্র সমবেত হইয়া কেনবিষয়ক নানাবিধ বিচিত্র কথার আন্দোলন করিতেন। সেই মহর্ষিগণ যজ্ঞকালে সরস্বতীরে স্মরণ করাতে তিনি তাঁহা-দের সাহায্যার্থ নৈমিষারণ্যে আগমন করেন। ঐ স্থানে সরস্বতীর নাম

কাক্ষনাক্ষী বলিয়া বিখ্যাত হইয়াছে। গয় নামে ভূপতি গয় তার্থে মহাযজ্ঞের অমুষ্ঠানপূর্বক সরস্বতীরে আহ্বান করাতে তিনি তথায় আগমন করেন। গয়ের বজ্ঞকার্য্যের দ্বীক্ষত মুনিগণ সরস্বতীরে তথায় সমাগত দেখিয়া বিশালা নামে প্রথিত করিয়াছেন। মহর্ষি ঔদ্দালকি কোশলার উত্তর ভাগে এক যজ্ঞ করিয়াছিলেন। ঐ যজ্ঞে বহুসংখ্যক মহর্ষি আগমন করেন। ঔদ্দালকি যজ্ঞ-কালে সরস্বতীরে ত্মবণ করাতে তিনি তাঁহাব অভিলাম দার্থক করিবার উদ্দেশে হিমালুদ্রের শার্শ হইতে তথায় সমাগত হন। বল্পনাজিনবাদী ঋষিগণ তাঁহারে ঐ স্থানে মনৌরমা নামে প্রসিদ্ধ করিয়াছেন। কুরুরাজ কুরুক্তেতে যজ্ঞ করিয়াছিলেন। ঐ যজ্ঞে সরস্বতী মহর্ষি বশিষ্ঠ কর্জুক সমাহত হইয়া দেই পবিত্র স্থানে আগমন পূর্বক ওঘবতী নাম ধারণ করিয়াছেন। উনি যজ্ঞানিরত দক্ষ কর্ত্তক গঙ্গাঘারে সমানীত হইয়া স্থ্রেণু নামে এবং হিমাল্যে বিরিক্ষির কার্য্য সাধনার্থ সমাগত হইয়া বিমলোলা নামে বিখ্যাত হইয়াছেন। হে মহারাজ্ঞ ! যে তানে ঐ সাত নদী একত্র মিলিত হইয়াছে, তাহার নাম সপ্তসারস্বত তীর্থের বৃত্তান্ত করিলাম।

হে মহারাজ! একণে কৌমার ব্রহ্মচাবী মহিষ মঙ্কণকের দৃত্তান্ত প্রবাপ করেন। একদা ঐ মহিষ সরস্বতীজলে অবগাহন করিয়া তথায় এক সর্বাঙ্গস্থান নারীরে অবলোকন করিলেন। তৎকালে ঐ নারী দিগস্বরী হইয়া সরস্থান নির্মাল সলিলে স্নান করিতেছিল। তাহারে দর্শন করিবামাত্র সেই
সরস্বতীজলে মহিষর রেত স্থালিত হইল। তথন তিনি এক কুস্তমধ্যে রেই
রেত অবস্থাপন করিলেন। মঙ্কণকের রেত কলদমধ্যে অবস্থাপিত হইবামাত্র
সপ্তধা বিভক্ত হইল। বায়ুবেগ, বায়ুবল, বায়ুহা, বায়ুমগুল, বায়ুভাল, বায়ুরেতা ও বায়ুচক্র নামক সাতজন মহিষ সেই বেতঃপ্রভাবে ঐ কলসে
ক্রমা গ্রহণ করেন। ঐ সাত জন মহিষ হইতেই বায়ু সকল উৎপন্ন হইযাছেন।

্হ মহারাজ ! এক্ষণে আপনি মহিষ মঙ্কণকের আরও একটি ত্রিলোক— বিশ্রুত অতি বিচিত্র চরিত্র শ্রেবণ করুন। এইরূপ এক কিম্বদন্তী খাছে যে, একদা কুশাগ্র দ্বারা ঐ মহর্ষির হস্ত ক্ত হইয়াছিল। মহিষি সেই ক্ষত হইতে শাক্রস নিঃস্ত হইতে দেখিয়া মহা আহ্লাদে নৃত্য করিতে লাগিলেন। তাঁহাদ পৃত্যপ্রভাবে স্থাবর জলসাত্মক সমুদায় বস্তু বিমোহিত ও একান্ত বিচলিত হইয়া উঠিল। তখন ব্রহ্মাদি দেবগণ তপোধনগণ সম্ভিব্যাহারে দেবাদিদের মহাদেবের নিকট গমন করিয়া কহিলেন, ভগবন্! মূহ্যি মঙ্কণক বাহাতে আর নৃত্য না করেন, আপনি তাহার উপায় বিধান করেন।

ভগবান ক্লুদ্র দেবগণের বাক্য প্রাবণ করিয়া তাঁহাদের কার্য্য সাধনার্থ ব্রাক্ষণবেশে মছবি মঙ্কণকের সমীপে গমনপূর্বক তাঁহারে একাস্ত'হৃস্ট দেখিয়া কহিলেন, হে ধর্মপরায়ণ তপোধন! তুমি এক্ষণে কি নিমিত নৃত্য করি-তেছ ? ডোমার এ রূপ হর্ষের কারণ কি ? মহর্ষি কহিলেন, হে ত্রহ্মন্ ! এই দেখুন, আমার হস্ত হইতে শাক্রদ নিঃস্ফ হইতেছে। আমি এই নিমিত্তই প্রফুর্ম মনে নৃত্য করিতেছি। তথন মহাদেব হাস্ত করিয়া দেই একান্ত পুল-কিন্ত তপোধনকে কহিলেন, হে বিপ্রা! ঐ রূপ ঘটনা উপস্থিত হইলে আমি কদাচ বিশ্বিত হই না; বরং তুমি তাহা স্বচক্ষে প্রত্যক্ষ কর। ভগবান্ শূলপাণি এই বলিয়া নথাপ্র দ্বারা অঙ্গুঠে আঘাত করিবামাত্র উহা হইতে ভুষারধবল ভন্ম নির্গত হইতে লাগিল। মহর্ষি মঙ্কণক তদ্দর্শনে নিতান্ত লচ্ছিত হইলেন এবং তাঁহারে দেবাদিদেব মহাদেব জ্ঞান করিয়া তাঁহার পদ-তলে নিপভিত হইয়া বিশায়াবিষ্ট চিত্তে কহিলেন, হে ভগবন্! আমি রুদ্র আপেকা অস্তা কোন দেবতারেই ভ্রেষ্ঠ বলিয়া জ্ঞান করি না। আপনিই এই সচরাচর বিখের একমাত্র গতি। পণ্ডিতেরা কহিয়া থাকেন, আপনিই এই বিশ্ব সৃষ্টি করিয়াছেন এবং প্রলয়কালে সমস্ত বন্ধু আপনাতেই প্রবেশ **दतिरा । हि छ**গবन्! আমার কথা দূরে থাকুক, দেবগণও আপনারে विषिठ इरेट ममर्च नरहम । जगरा य ममन भार्ष चारह, जरममूना व चान-নাতে নিরীক্ষিত হইয়া থাকে। আপনি বরদাতা ; ব্রহ্মাদি দেবগণ আপনারই আরাধনা করেন। আপনি দেবগণের সৃষ্টি কর্ত্ত।; তাঁহারা আপনারই আদেশে কার্য্যাসুষ্ঠান এবং আপনারই অনুতাহে অকুতোভয়ে আমোদ প্রমোদে কাল যাপন করিয়া থাকেন। মৃহর্ষি মঙ্কণক এইরূপে মহাদেবকে স্তব করিয়া। পুন-রায় কছিলেন, হে দেব! আপনি আমার প্রতি প্রসন্ন হউন; আমি ক্ষত হইতে শাকর। নি:স্ত দেখিরা যে গর্বে ও চপলত। প্রকাশ করিয়াছিলাম, সেই দোষে ফ্রেন আমার তপঃকর না হয়।

হে বহারাজ ! তখন রুদ্রদেব ঋষির বাক্য প্রবণে প্রাত হইগ কহিলেন, হে ব্রহ্মন্ । আমার প্রদাদে তোমার তপস্তা দহত্র গুণ পরিবর্ধিত হইবে, আমি একণে তোমার দহিত নিরস্তর এই আশ্রেম মবস্থান কর্মিব। বে মসুষ্য এই দপ্ত দারস্বত তীর্থে আমার মর্চনা করিবে, তাহার উভয় লোকে কোন বস্তুই হুর্লভ থাকিবে না এবং দে দারস্বত লোক লাভে দমর্থ হইবে, দক্ষেহ নাই। হে মহারাজ ! প্রবনের উর্নে স্কেন্সার গর্ভে দমুৎপন্ন মহর্ষি মন্ধ্রণকের চরিত্র আত্যোপাত্তি কীর্ত্তন করিলাম।

## চন্ধারিংশন্তম অধ্যার।

হে মহারাজ! মহাত্মা বলদেন দেই দপ্তদারস্বত্ ভার্থে মহর্ষি মন্ত্রণকের প্রতি প্রতি প্রদর্শন পূর্বক মাঞ্রমবাসীদিগকে পূজা ও ব্রাহ্মাণগণকে ধন দান করিয়া দেই রজনী মতিবাহিত করিলেন এবং প্রভাতকালে গাত্রোপ্তানপূর্বক তপোধনদত্ত পূজা গ্রহণ ও দলিল স্পর্শ করিয়া তাঁহাদিগের আদেশানুসারে তীর্থ পর্যাটনার্থ নিজ্রান্ত হইলেন। সমস্তর তিনি ঔশনদ তীর্থে আগম্য় করিলেন। ঐ তীর্থ কপালমোচন নামেও মত্তিহিত হইয়া থাকে। পূর্বের দাশরথি রাম এক রাক্ষসের মস্তক ছেদন পূর্বেক দূরে নিক্ষেপ করিলে দেই ছিন্ন মস্তক মহর্ষি মহোদরের জজ্বায় সংলগ্ধ হইয়াছিল। মহর্ষি মহোদর ঐ তীর্থে আগমন করিয়া দেই ছিন্ন মস্তক হইতে মুক্ত হন। ঐ তীর্থে দৈত্যগুক্ত শুক্ত তপোনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছিলেন। ঐ স্থানেই দানবগণের সংগ্রাম বিষয় চিন্তা করিয়াছিলেন এবং ঐ স্থানেই ভাহার দমগ্র নীতি প্রাত্তক্ত হইয়াছিল। মহাবল বলদেব সেই ঔশনসতীর্থে আগমন করিয়া ব্রাহ্মাণগণকে বিধিপূর্ব্বক্তি ধন দান করিলেন।

জনমেজয় কহিলেন, হে ব্রহ্মন্! কি নিমিত্ত উহার নাম কপালমোচন হইল ? কি রূপে মহর্ষি মহোদর এ তীর্ণে জঞ্মালগ্ন ছিন্ন মন্তক হইতে মুক্ত হইয়াগ্রিলেন, আর কি নিমিত্তই বা ছিন্ন মন্তক তাঁহার জঞ্মায় লগা হইয়াছিল ?

বৈশারন কহিলেন, মহারাজ ! পূর্বকালে রছুবংশাবতংস রাজা রামচন্ত্র রাক্ষস বিনাশ বাসনায় দণ্ডকারণ্যে বাস করিয়াছিলেন । তিনি এবাদা জনস্থানে খরধার ক্ষুর দারা এক গুরাস্থা নিশাচরের মন্তক ছেদন পূর্বক দুরে নিক্ষেপ করিলে ঐ মন্তক সহসা মহোদর নামক বনচারী আঙ্গাধের উল্লেখ্যে নিশ্

তিত হইয়া অন্থি ভেদপূর্বাক সংলগ্ন হইল। মন্তক উরুদেশে লগ্ন হওয়াতে বিজ্ঞবর মহোদরের দেবালয় বা তার্থ পর্য্যটনে আর তাদৃশ ক্ষমতা রহিল না। তাঁহার উরুদেশ হইতে অবিরত পূয নির্গত হইতে লাগিল। তথন তিনি নিতাস্ত বেদনার্ত্ত হইয়া ও পাদচারে পৃথিবান্থিত যাবতাগ্র তার্থ পর্য্যান করিয়া ঋষি-দিগের নিকট সমস্ত রুত্তান্ত বর্ণন করিলেন। ঐ মহাতপদ্বী প্রায় সকল তীর্থেই অবগাহন করিয়াছিলেন; কিন্তু কুত্রাপি মুক্তি লাভে সুমূর্থ হন নাই। পরি-শেষে তিনি মুনিগণের প্রমুগাৎ শুনিলেন যে, দরস্বতীতে উপনিদ নামে এক অতি উৎকৃষ্ট তীর্থ আছে। ঐ তীর্থে সমন্ত পাপের শান্তি এবং দিদ্ধি লাভ হইয়া থাকে। হে মহারাজ ়ু! দ্বিজ্বর মহোদর তাঁহাদের বাক্য শ্রাবণে ঔশনস তীর্থে গমন করিয়া অবগাহন করিবানাত্র দেই জঞ্চালগ্র মস্তক স্থালিত হইয়া সলিল্মধ্যে নিপতিত ও অদৃশ্য হইল। তথন মহাত্ম। মহোদর নিষ্পাপ, কুতার্থ ও পরম হ্রথা হইয়া প্রাত্তমনে স্বীয় মাশ্রমে প্রত্যাগত হইলেন। তথায় তিনি ঋষিদিগের নিকট দেই ব্রভান্ত খান্যোপান্ত বর্ণন করিলে তাঁহারা সকলে একত্র হইয়া সেই ঔশনদ তার্থের কপালনেংচন নাম প্রদান করিলেন। ১তৎ-পরে মহিষ মহোদর পুনরায় দেই কপালমোচন তীর্থে গমন পূর্বক তাহার জল পান করিয়া সিদ্ধি লাভ করিয়াছিলেন।

হে মহারাজ! রফিপ্রবন বলনাম দেই তীর্ষে ব্রাহ্মণগণকে পূজা ও বিবিধ ধন দান করিয়া তাঁহাদিগের সহিত রুষমু তপোধনের স্থসমৃদ্ধ আশ্রমে উপস্থিত হইলেন। ঐ আশ্রমে আর্ম্নি হৈণ অতি কঠোর তপোতুলান এবং মহর্ষি বিশ্বামিত্র ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন। ঐ আশ্রম মুনি ও ব্রাহ্মণগণের আবাসভূমি। একদা তপোতুলানিরত রুদ্ধ বিজ্ञবর রুষমু কলেবর পরিত্যাগে কৃতনিশ্চম হইয়া তনয়গণকে সম্বোধন পূর্বেক কহিলেন, ঠে পুত্রগণ! তোমরা আমারে প্রভূত সলিলসপান তার্থে লইয়া চল। তপোধনপুত্রেরা রুদ্ধ পিতার বাক্য শ্রেবে তাঁহারে তার্থশত সমবেত ব্রাহ্মণসেবিত সরস্বতাতারে উপনীত করিলে মহর্ষি সেই,তার্থে অবগাহন পূর্বেক তাহার গুণরাশি চিন্তা করিয়া প্রতিন্যান পূর্বেক গহিলেন, হে তনয়গণ! যে ব্যক্তি সরস্বতার উত্তর ভাগে অগাধ জলে জপকার্য্যে নিরত হইয়া স্বীয় কলেবর পরিত্যাগ করেন, তাঁহারে পুনরায় মৃত্যুবন্ত্রণা ভেন্ধি করিতে হয় না।

হে মহারাজ ! ধর্মাত্ম। বলরাম সেই তীর্থে স্নান ও আচমন করি। ব্রাহ্মণগণকে বিপুল, ধন দান পূর্বক যে স্থানে ভগবান্ ব্রহ্মা লোকালোক পর্বত নির্মাণ, উগ্রতপঃ মহাযশা আস্থি যেণ দিদ্ধিলাভ এবং দিক্ক্স্বীপ, ক্রেমি দেবাপি ত বিশ্বামিত্র ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন, সেই স্থানে সমুপস্থিত হইলেন।

একচন্বারিংশন্তম অধ্যায়।

জনমেজয় কহিলেন,—হে ব্রহ্মন্! ভগবান আষ্টি মেণ কি রূপে কঠোর তপোকুষ্ঠান এবং নিষ্কুদ্বীপ, দেবাপি ও বিশ্বামিত্র কি রূপে ব্রাহ্মণত্ব লাভ করিলেন, তাহা কীর্ত্তন করুন। ঐ দকল বৃত্তান্ত প্রাবণ করিতে আমার একাস্ত কৌতুহল উপস্থিত হইয়াছে।

বৈশপায়ন কৈছিলেন, মহারাজ! দত্যযুগে আন্তি যেণ নানে এক ব্রাহ্মণ গুরুকুলে অবস্থান পূর্বক বিদ্যাভ্যাদ করিতেন। তিনি দবর্ব দা অধ্যয়নে অনুরক্ত থাকিয়াও বিদ্যা ও বেদে পারদর্শী হইতে পারিলেন না। তথন তিনি নিতান্ত ছুইখিত হইয়া দেই দরস্বতীতীরে তপদ্যায় প্রবৃত্ত হইলেন এবং তপোবলে অচিরাৎ, বিদ্যান্ত, বেদজ্ঞ ও দিদ্ধ হুইয়া দেই তীর্থে এই তিন বর প্রদান করিলেন যে, অদ্যাবধি যে পুরুষ এই তীর্থে অবগাহন করিবেন, তাঁহার অশ্বন্মধ যজ্ঞের দম্পূর্ণ ফল লাভ হইবে; আজি হইতে এই তীর্থে হিংশ্র জন্তর ভয় থাকিবে না এবং আজি অবধি এই স্থানে লোকে কল্প কালমধ্যে দমধিক ফল লাভে অধিকারী হইবে। তেজঃপুঞ্জকলেবর আন্তি যেণ ইহা বলিয়া স্বর্গানরেহণ করিলেন। হে মহারাজ! এই রূপে ভগবান্ আন্তি যেণ তথায় দিদ্ধ হইয়াছিলেন।

শ্রি তীর্ণে প্রতাপশালী সিষ্কুদীপ, রাজর্ষি দেবাপি ও বিশ্বাসিত্র ইহারা তপঃপ্রভাবে ব্রাহ্মণ্য লাভ করিয়াছিলেন। পূর্নের গাধি নামে এক ক্ষত্রিয়-কুলোন্তব ভূবনবিখ্যাত মহাযোগী নরপতি ছিলেন। প্রতাপশালী বিশ্বামিত্র তাহারই ত্রিনে জন্ম গ্রহণ করেন। মহারাজ গাধি দেহ ত্যাগ বাসনায় স্বীয় পুজের প্রতি সাআজ্যের ভারার্পণ করিতে সমৃদ্যুত হইলে তাঁহার প্রজাগণ তাঁহারে প্রণিপাত পূর্বেক কহিল, মহারাজ । আপনি পরলোক্ষাত্রা করিবেন না, ইহলোকে অবস্থান পূর্বেক আমাদিগকে ভয় হইতে পরিলোণ করুন। রাজষি প্রজাগণ কর্ত্বক এইরূপ অভিহিত হইয়া তাহাদিগকে কহিলেন, আমার

পুত্র সমূদীয় পৃথিবী রক্ষা করিবে। মহাত্মা গাধি এই বলিয়া বিশ্বামিত্রকে রাজ্যে শুভিন্নিক্ত করিয়া স্বর্গারোহণ করিলেন। বিশ্বামিত্র পিতার পরলোক পমনানন্তর রাণ্ডকার্ট্য্যু-ব্যাপৃত হইলেন কিন্তু বহু যত্ন সহকারেও স্থচারুরপে পৃথিবী রক্ষায় সমর্থ হইলেন না। পরিশেষে তিনি রাক্ষসভয় র্ভাত্ত প্রবণ করিয়া চতুরঙ্গিণী দেনা সমভিব্যাহারে নগর হইতে বহির্গত হইয়া বহুদূর অতি-ক্রমপূর্ব্বক মহর্ষি বশিষ্ঠের আশ্রামে সমুপস্থিত হইলেন। তথায় তাঁহার সৈন্যগণ বিবিধ গৃহ নির্মাণ করাতে দেই মহাবন ভগ্ন হইতে লাগিল। ব্রহ্মার পুত্র ভগবান বশিষ্ঠ তদ্দর্শনে ক্লোধাবিস্ট চিত্তে স্বীয় হোমধেসুরে অসংখ্য ঘোর দর্শন শবরের স্থষ্টি করিচ্ন কহিলেন। ধেনু বশিষ্ঠের আদেশ প্রাপ্তিমাত্র ভীষণাকার ্শবরসমুদায়ের -ঠ্নষ্টি করিলেন। শবরগণ বিশ্বামিত্রের সৈন্যগণকে আক্রমণ করিলে তাহারা দশ দিকে পলায়ন করিতে লাগিল। গাধিনন্দন বিশ্বামিত্র তদ্দ-শনে তপস্থাই পরম ধন বিবেচনা করিয়া তপোনুষ্ঠানে কুতনিশ্চয় হইলেন এবং সরম্বতীর তীরে সমাহিত হইয়া উপবাস, জলপান, পর্ণাহার, বায়ু ভক্ষণ ও হণ্ডালে শয়ন প্রভৃতি কঠোর নিয়ম সমুদায় স্বারা কলেবর ক্ষাণ ক্রেরিতে লাগিলেন। দেবগণ তাঁহার সমাধি ভঙ্গের নিমিত্ত অনেক চেফী করিলেন, কিন্তু কিছুতেই 'ভাঁহার বুদ্ধি বিচলিত হইল না। গাধিনন্দন বহু যত্ত্বে কঠোর তপো-মুষ্ঠান পূর্ব্বক সূর্য্ব্যের ভাষ তেজস্বা হইয়া উঠিলেন। অনন্তর লোকপিতামহ ব্রহ্মা বিশামিত্রের তপঃপ্রভাবে তাঁহার নিকট সমুপস্থিত হইয়া তাঁহারে বর প্রদান করিতে উত্তত হইলেন। তখন বিশ্বামিত্র কহিলেন, ভগবন্! যদি প্রদন্ধ ইইয়া থাকেন তবে আমারে ব্রাহ্মণত্ব প্রদান করুন। ভগবান্ কমলযোনি গাধিনন্দনের প্রার্থনা প্রবণে তথাস্ত বলিয়া ভাঁহার মনোরথ পূর্ণ করিলেন্ট। মহাত্মা বিশ্বামিত্র এইরূপে মপ্রতিহত দৈবশক্তি প্রভাবে দরস্বতীর সেই जीर्र्य दान्नागष्ठ माछ कतिया मभूमाय श्रीवितौ सुभग कतियाहित्मत ।

তে মহারাজ ! মহাত্মা বলদেব সেই তীর্থে দ্বিজগণের পূজা করিয়া তাঁহাদিগকে অ্সংখ্য তুশ্ধবতী ধেকু, যান, শয্যা, বস্ত্র, অলঙ্কার, ভক্ষ্য ও পানীয়
প্রদান পূর্বের মহর্ষি বকের আশ্রমে গমন করিলেন। মহাত্মা দল্ভতনয় ঐ
স্থানে কঠোর তপস্তা করিয়াছিলেন।


### দ্বিচন্তারিংশন্তম অধ্যায়।

হে মহারাজ! এইরূপে মহাবল বলদেব বেদধ্বনি নিনা/তৈ মহর্ষি বকের আশ্রেমে সুমুপস্থিত হইলেন। মহর্ষি বক একান্ত ক্রোপ্রিফ হইয়া ঐ স্থানে অতি কঠোর তপোমুষ্ঠান পূর্বক আপনার দেহ ক্ষীণ করিয়া হুতাশনে রাজা ধুতরাষ্ট্রের রাজ্য আহুতি প্রদান করিয়াছিলেন। পূর্শ্বে নৈমিষারণ্যবাসী মহর্ষিগণের দ্বাদশ বার্ষিক যজ্ঞানুষ্ঠান কালে বিশ্বজিৎ যজ্ঞাবসানে মুনিগণ পাঞ্চালরাজের নিক্টি উপস্থিত হইয়া হৃষ্ট পুষ্ট বলবান্ একবিংশতি গোবৎস দক্ষিণা প্রার্থনা করিলেন। ঐ সময় মহার্ফ বক তাঁহাদিগের পশুর অভাব দেখিয়া কহিলেন, মহর্ষিগণ! তোমরা আমার এই সমস্ত পশু গ্রহণপূর্বক বিভাগ করিয়া লও। আমি ইহাদিগকে পরিত্যাগ ক্রিয়া রাজা ধৃতরাষ্ট্রের নিকট পশু প্রার্থনা করিব। মহর্ষি বক এই বলিয়া মুনিগণকে পশু প্রদান পূর্বক রাজা ধ্বতরাষ্ট্রের নিকট আগমন করিয়া পশু প্রার্থনা করি-লেন। মহারাজ ধৃতরাষ্ট্র মহার্ষর প্রার্থনা আবেণে একান্ত রোঘাবিন্ট হইলেন এবং ক্তগুলি গাভী যদৃচছাক্রমে নিহত হইয়াছে প্রবণ করিয়া মহর্ষিরে কহিলেন, হে ব্রাহ্মণাধম! তুমি ত্রায় এই সমস্ত পশু লইয়া প্রস্থান কর। ধর্মপরায়ণ মহর্ষি বক ধৃতরাষ্ট্রের বাক্য শ্রেবণে চিন্তা করিলেন, হালেন রাজা ধুতরাষ্ট্র সভামধ্যে আমার প্রতি অতি কঠোর বাক্য প্রয়োগ করিল, মনে মনে এইরূপ চিন্তা করিয়া রোষাবিষ্ট চিত্তে বিচিত্রবীর্য্যতনয়ের বিনাশ সাধনার্থ সমুন্তত হইলেন এবং সরস্বতী তীর্থে নিয়ম অবলম্বন পূর্বক অগ্নি প্রজালিত ও সেই সমস্ত মূত পশুর মাংস গ্রহণ করিয়া ধ্বতরাষ্ট্রের রাজ্য ক্র ক্রিবার নিমিত্ত হোম করিতে লাগিলেন।

এইরপে মহর্ষি বক যজামুষ্ঠানে প্রবৃত্ত হইলে ক্রমে ক্রমে বাজা ধ্তরাষ্ট্রের রাজ্য ক্ষয় হইতে লাগিল। তথন মহারাজ অফিকানন্দন স্বায় রাজ্য
পরশুছির নিবিড় কাননের স্থায় ক্ষাণ হইতে দেখিয়া একান্ত চিন্তাকুল হইলেন। তথন তিনি প্রাহ্মণগণ সমভিব্যাহারে ঐ জুনিমিত্ত শান্তি করিবার
নিমিত্ত স্বিশেষ যত্ন করিতে লাগিলেন; কিন্তু কিছুতেই শ্রেয়োণার্ভে সমর্থ
হইলেন না। তাঁহার রাজ্য প্রতিনিয়তই ক্ষাণ হইতে লাগিল। তথন রাজা ও
ভাস্মণগণ সকলেই অতিশয় বিষধ হইলেন। পরিশেষে রাজা প্রান্তী রাজ্য

রক্ষার স্থায়ান্তর না দেখিয়া সভাসদগণকে আহ্বান পূর্বাক এই বিষয়ের পরামশ্ বিভ্রুজ্ঞাদা করিলেন। তাঁহারা কহিলেন, মহারাজ! আপনি মহর্ষি বককে মুভ ্পশু প্রদান পূর্বক প্রভারণা করিয়াছিলেন, তিনি এক্ষণে রোষা-বিষ্ট হইয়া অপিনার রাজ্য ক্ষয়ের নিমিত্ত দেই মৃত পশুর মাংদ দ্বারা হোম করিতেছেন। তাঁহার তপঃপ্রভাবেই আপনার এইরূপ রাজ্যক্ষয় হইতেছে; অতএব আপনি সম্বরে দরম্বতী তীর্থে গমন করিয়া তাঁহারে প্রসন্ধ করুন। তখন রাজা ধৃতরাষ্ট্র সভাসদগণের বাক্যামুসারে সরস্বতী ভীর্থে গমন পূর্বক মহার্ব বকের চরণে প্রণত হইয়া ক্বতাঞ্জলিপুটে কহিলেন, ভগবন্! আমি অতি-শয় দীন, পুরু ও মোহান্ধ; অত এব আপনি, আমার প্রতি প্রদন্ধ হইয়া আমার অপ-রাধমার্জ্জনা করুপ্র। এফুটণ মাপ নিই আমার গতি। তখন মহর্ষি বক রাজা প্রত-রাষ্ট্রকে শোকাকুলিত চিত্তে সেইরূপ বিলাপ ও পরিতাপ করিতে দেখিয়া একাস্ত দয়াপরবশ হইলেন এবং ক্রোধ সম্বরণপূর্ব্বক তাঁহার প্রতি প্রসন্ন হইয়া তাঁহার রাজ্যের উৎপাত শান্তির নিমিত্ত পুনরায় ত্তাশনে আহতি প্রদান করিতে লাগিলেন। অনস্তর তিনি রাজ। ধৃতরাষ্ট্রের রাজ্যের বিল্প শাস্তি করিয়া তাঁহার নিকট বিবিধ পশু গ্রহণ পূর্বক হু টান্তঃকরণে পুনরায় নৈমিষারণ্যে আগমন করিলেন: , ধর্মপরায়ণ রাজা ধৃতরাষ্ট্রও প্রসন্ন মনে স্বনগরে সমুপস্থিত হইলেন।

হে মহারাজ ! ঐ তীর্থে উদার বুদ্ধিসম্পদ্ধ স্থরগুরু রহস্পতি অহারগণের বিনাশ ও দেবগণের মঙ্গল সম্পাদনার্থ যজ্ঞানুষ্ঠান পূর্বক মাংস দ্বারা
হোম করিয়াছিলেন। অহারগণ সেই যজ্ঞের প্রভাবে সংগ্রামে দেবগণের নিকট
ক্রাজিত ও বিনই ইইয়ছে। মহাবল বলদেব স্বতীর্থে ব্রাহ্মণগণকে বিধানামুসারে হস্তী, অধ্ব, অখতরাযুক্ত রথ, মহামূল্য রত্ম ও প্রভূত ধান্য প্রদুদ্দ
পূর্বক্ষ যায়াত তীর্থে গমন করিলেন। ঐ স্থানে ,সরিদ্ধরা সরস্বতী নহ্যতন্য
রাজা য্যাতির যজ্ঞে প্রাহন্ত হইয়া ব্রাহ্মণগণকে অভিলামানুরপ দেব্যজাত
প্রদান করিয়াছিলেন। ঐ যজ্ঞে স্থত ও ছুয়ের প্রবাহ প্রবাহিত ইইয়াছিল।
রাজা য্যাতি ঐ স্থানে যজ্ঞানুষ্ঠান করিয়া হুইমনে উর্দ্ধে গমন ও সদ্ধতি লাভ
করিয়াছিলেন। উদার প্রকৃতি য্যাতিরাজ আর একবার পরম প্রদ্ধা ও ভক্তি সহকারে ঐ স্থানে যজ্ঞ আহরণ করেন। স্রোভস্বতী সরস্বতী সেই যজ্ঞে ব্রাহ্মণগণের যে ব্যু দ্রেব্যের অভিলাষ ইইয়াছিল, তৎসমুদ্যায়ই প্রদান করিয়াছিলেন।



আহুত ব্যক্তিগণ যিনি যে স্থানে অবস্থান করিয়াছিলেন, তিনি সেই স্থানেই সরস্বতীর কুপায় ষড়রস সম্পন্ন হৃত্যাত্ পান, ভোজন ও বিবিধ 🖊ধন, প্রাপ্ত হইয়া ঐ সমুদায় রাজারই দান গুলুমান করিয়া প্রীতু মনে গৃঁহোরে স্তব ও আশীর্কাদ করিয়াছিলেন। গন্ধর্কা, দেবতা ও মনুষ্যগণ য্যাতির ঠেই যজ্ঞব্যাপার নিরীক্ষণ করিয়া দাতিশয় বিস্মায়াবিষ্ট হইয়াছিলেন। হে মহারাজ ! অনস্তর দাননিরত মহাবীর বলদেব তথা হইতে তীব্রবেগ সম্পন্ন বশিষ্ঠাপবাহ তীর্থে গমন করিলেন ।•

### ত্রিচকারিংশক্রম অধানে।

জনমেজয় কহিলেন,—ভগবন্! কি নিমিত বশিষ্ঠাপবাহের প্রবাহ অতি ভीषन रहेशां छिल ? कि कातरन महाननी मतुष्ठ ही गर्स व छितुक अवाहित করিলেন ? আর কি নিমিত্তই বা বিশ্বামিতের সহিত বশিষ্ঠদেবের বৈরভাব ঘটিয়াছিল ? তৎসমুদায় কীৰ্ত্তন করুন।

িবৈশম্পায়ন কহিলেন,—মহারাজ! মহিষ বশিষ্ঠ ও বিশামিত্র এই উভয়ের তপঃস্পৃদ্ধাবশতই সাতিশয় বৈরভাব উপস্থিত হয়। স্থানু তীর্থের পূর্বস্থান মহর্ষি বশিষ্ঠদেবের আশ্রম ছিল। ঐ তীর্থের পশ্চিমকূলে অসাধারণ ধীশক্তি সম্পন্ন মহর্ষি বিশ্বামিত্র অবস্থান করিতেন। ভূতভাবন ভগবান এবানীপত্তি কঠোর তপোতুষ্ঠান পূর্বক সরস্বতীরে পুদ্ধ। করিয়া ঐ তীর্থ স্থাপন করিয়া-ছিলেন। এই নিমিত্ত উহার নাম স্থামুতীর্থ। দেবগণ ঐ তীর্থে কার্ত্তিকেয়কে সেনাপতিপদে অভিষেক করেন। ঐ তীর্থে মহর্ষি বিশ্বামিত্র স্বীয় উগ্র তপঃ-প্রভাবে যেরূপে বশিষ্ঠদেবকে আপনার আশ্রমে আনয়ন করিয়াছিলেন, তাহা ক্রীর্ত্তরি তারন করুন।

মইর্ষি বশিষ্ঠ ও বিশ্বামিত্র 'উভয়ে নিরস্তর তপঃস্পর্ম। করিভেম ! একদা মহামুনি বিশ্বামিত্র বশিষ্ঠের তেজুঃপ্রভাব দন্দর্শনে নিতান্ত সন্তপ্ত হইয়া মনে মনে চিন্তা করিলেন যে, আমি সরিদ্বর। সরস্বতীরে জপনিরত দিজোত্তম বশিষ্ঠ তপোধনকে আমার সমীপে উপনীত করিতে তাদেশ করি। সরস্থতী স্বীয় বেগপ্রভাবে বশিষ্ঠকে এ স্থানে আনয়ন করিলে আমি উহারে বিনীশ করিব। গাধিনন্দন এইরূপ স্থির করিয়া রোষক্ষায়িত লোচনে সরস্থ চীরে স্মরণ করিলেন। মহানদী সরস্বতী বিশ্বামিত্রকে ক্রোধনস্বভাব ও তেজিম্বী বলিয়া

অবগত 'ত্রিলেন। এক্ষণে তাঁহার স্মারণে পতিপুক্ত বিহীনা কামিনীর স্থায একান্ত ছঃখিত ও নিতান্ত ব্যাকুলিত হুইয়া কম্পিত কলেবরে কুতাঞ্জলিপুটে তাঁহার স্মাপি গমন পুর্বাক কহিলেন, হে মুনিদভ্ম! একণে আমারে কি কার্যা সাধন করিতে হইবে, আদেশ করুন। তখন মহামুনি বিশ্বামিত ক্রোধ-ভরে তাঁহারে কহিলেন, সরস্বতি ৷ তুমি স্বিলম্বে বশিষ্ঠকে এই স্থানে আনয়ন কর। আমি হাজি তাহারে বিনাশ করিব। মহানদী সরম্বতী বিশ্বামিত্রের বাক্ত এবণমাত্র অভিমাত্র ভাত ও ব্যথিত হইয়। বাভাহত প্রায়ু কাপ্সত ছইতে লাগিলেন। মহামুনি বিশ্বামিত্র ভাঁহারে তদবস্থাপন্ন অবলোকন করিয়া কহিলেন, তুম নিঃশঙ্ক চিত্তে সন্থারে বশিষ্ঠাকে আমার নিকটে উপনাত কর। ত্রখন সরিদ্ধরা সরস্বত। বিশ্বামিত্রের পাপচিকার্ষা ও বশিষ্ঠদেবের মপ্রতিম প্রভাব চিন্তা করিয়া উভ্যের শাপভয়ে নিতান্ত ভাত হইয়া বশিষ্ঠের নিকট আগমন পূর্বক কম্পিত কলেবরে বিশ্বাসিত্রের আদেশ নিবেদন করিলেন। মহিম বশিষ্ঠ মহানদা সরমভাবে একাত কুশ, বিবর্ণ ৩ চন্ডাত্মিত অবলোকন করিয়া কহিলেন, সরস্তি ! ভুমি আর চিন্তা কারিও না, অবিলয়ে আমাবে বিশ্বামিত্রের নিকট উপনাত কর। নচেৎ গাধিনক্ষন ভোমারে শাপ প্রদান করিবেন: তথন সরস্বতী কুপাপরতন্ত্র মহয়ি বশিষ্ঠের বাক্য শ্রেবণ করিয়া চিত্ত করিতে লাগিলেন, এক্ষণে কি করি, মৃহষি বাশষ্ঠ প্রতিনিয়ত আমার প্রতি দং প্রকাশ করিয়া থাকেন; অতএব উহার হিত্সাধন করা আমার অবগ্ কর্ত্রবা। সরিৎপ্রধানা সরস্বতী এইরূপ চিন্তা ক'রতে করিতে স্বীয় কুলে ্ৰহমি বিশ্বাসিত্রকে জপকার্য্যে নিরত দেখিয়া এই উত্তম অবসর বিবেচনা করিয়া স্বায় বেগপ্সভাবে কূল বিপাটন পূর্ব্বক বশিষ্ঠকে তাহার সমীপে ল্ইয় চলিলেন।

মহর্ষি বশিষ্ঠ সবস্বতীর বেগে প্রবাহিত হ্ট্যা তাঁহারে স্তব করিতে লাগিলেন, হে সরস্বতি ! তুমি মানস সরোবর হইতে সমুৎপন্ন হট্যাছ। তোমার সলিলে চরাচর বিশ্ব ব্যাপ্ত রহিয়াছে। তুমিই আকাশমগুলে অবস্থান পূর্বক মেঘ-মগুলে জল প্রদান করিয়া থাক; সেই জল পুনরায তোমাতেই আগমন করে। তুমিই পুর্নি, তুমিই হ্যাতি, তুমিই কীর্ত্তি, তুমিই সিদ্ধি, তুমিই বৃদ্ধি, তুমিই তিমা, তুমিই বাণী এবং তুমিই স্বাহা। এই জগৎ তোমারই অধীনে অবস্থান

করিতেছে। তুমি সূক্ষা, মধ্যমা, বৈধরা ও পশ্যস্তী এই চারি রূপে বিভক্ত হুইয়া সমস্ত ভূতে বিভয়ান রহিয়াছ।

হে মহারাজ ! মহর্ষি বশিষ্ঠ এইরূপ স্তব করিলে নদীপ্রধানা সর্বন্তী মহা-বেগে তাঁহারে বিশ্বামিত্র সমাপে উপনাত করিয়া গাধিতনয়কে বারংবার বশি-ষ্ঠের আগমন বার্ত্ত। নির্দ্দেশ করিলেন। মহর্ষি বিশ্বামিত্র বশিষ্ঠকে সমানীত সন্দ-শনি করিয়া ক্রোধভরে তাঁহার বিনাশের নিমিত্ত অস্ত্র অন্থেধণ করিতে লাগি-লেন। তথন শর্হতী ক্ষানিপুত্রকে ক্রুদ্ধ দেখিয়া ব্রহ্মহত্যা ভয়ে ভীত হইয়া চিন্তা করিলেন, এঞ্চণে বিশ্বামিত্রের বাক্য রক্ষা করা হইয়াছে; অতএব বশিষ্ঠকে লইয়া প্রস্থান করি। মহানদী মনে মনে এইরূপ বিবেচনা করিয়া বশিষ্ঠকে পুনরায় পূর্ব্ব কূলে উপনীত করিলেন। গাধিনন্দন ব্রেমিত্র বশিষ্ঠকে অপবা-হিত ও আপনারে বঞ্চিত দেখিয়া কোধভারে সরস্বতীরে কহিলেন, সরস্বতি! ভূমি আমারে বঞ্চনা করিলে, অতএব আজি হইতে রাক্ষদগণের আহলাদকর লোণিত প্রবাহ বহন কর। মহানদা সরম্বতী বিশ্বামিত্র কর্ত্তক এইরূপ অভিশপ্ত হইয়া শোণি গমিঞাত সলিল বহন করিতে লাগিলেন। দেবতা, ঋষি, গন্ধৰ্ব ও অপ্সরোগণ সরস্বতীর তদ্ধপ দশা সন্দর্শনে অতিশয় ছুঃথিত হইলেন। এক বৎসর পরে সরস্বতী পুনরায় আত্মরূপ প্রাপ্ত হইয়াছিলেন। হে মহারাজ! এইরূপে ঐ তীর্থে মহাত্মা বশিষ্ঠ সরস্বতীর প্রবাহে প্রবাহিত হওয়াতে উহা ভূমগুলে বশিষ্ঠাপবাহ বলিয়া খ্যাতি লাভ করিয়াছে।

# চতুশ্চকারিংশত্তম অধ্যায়।

হে মহারাজ! সরিদ্ধরা সরস্বতী রোদাবিষ্ট মহর্মি বিশ্বামিত্র কর্ত্ব ঐক্রপ কর্তিশপ্ত হইয়া সেই তার্থে শোণিতগারা প্রবাহিত করিলে রাক্ষসগণ তথায় আগমন পূর্বক পরম হথে সেই রুগির পান করত পরিত্পু হইয়া কথন হাস্ত ও কথন নৃত্য করিতে লাগিল। কিয়ৎকাল অতীত হইলে কতগুলি তাপস তীর্থ পর্যাটনজ্বমে সরস্বতীতে আগমন করিলেন এবং সরস্বতীর অন্যান্য সমস্ত তীর্থে অবগাহন করিয়া পরিশেষে সেই শোণিতগারাপ্রবাহী তীর্থে সমুপস্থিত হইলেন। তথায় তাঁহারা সরস্বতীর জল শোণিতপরি মুর্ত ও বহু-সংখ্য রাক্ষসগণ কর্ত্তক নিরন্তর পীয়মান নিরীক্ষণ করিয়া মহান্টার পরিত্রাণ বাসনায় তাঁহারে আহ্বান পূর্বক কহিলেন, হে কল্যাণি! তোহার এই তীর্থ

কি নির্মিত এইরপ শোণিতময় হইয়াছে, আমরা তাহা আতোপান্ত শ্রবণ করিতে একান্ত কৌতৃহলাক্রান্ত হইয়াছি। সরস্বতী মহর্ষিণণ কর্তৃক এইরূপ আভহিত হই। কম্পিত কলেবরে ভাঁহাদের নিকট সমুদায় র্ভান্ত নিবেদন করিলেন। তইন তাপসগণ সরস্বতীরে নিতান্ত ছঃথিত দেখিয়া কহিলেন, ভদ্রে! আমরা তোমার অভিশাপ র্ভান্ত শ্রবণ করিলাম; এক্ষণে সকলেই তোমার শাপ শান্তি করিবার নিমিত্ত সবিশেষ যত্ন করিব।

হে মহারাজ! তাপদেরা সরস্বতীরে এইরূপ কহিয়া পুরস্পর তাঁহারে শাপু বিমুক্ত করিবার পরামর্শ করিলেন এবং অতি কঠোর তপোতুষ্ঠান পূর্বক বিবিধ নিয়ম ও উপবাস দ্বারা অচিরাৎ জগৎপতি পশুপতিরে প্রদান করিয়া প্রিত্ত নদীর শাপ শান্তি করিয়া দিলেন। তথন রাক্ষদেরা সরস্বতীরে তপোধনগণের তপোবলে পূর্ববৎ প্রকৃতিস্থ ও প্রদন্ম সলিল-সম্পন্ন দেখিয়া অবিলম্বে তাঁহাদিগের শরণাপন্ন হইল এবং ক্ষুধায় একান্ত কাতর হইয়া কৃতাঞ্জলিপুটে দেই দমস্ত কুপাপরায়ণ মুনিগণকে বারংবার কহিতে লাগিল, হে তাপদগণ! আমরা শাশত ধ্যা হইতে পরিভ্রম্ভ হই-য়াছি; কিন্তু আমরা স্বেচ্ছাতুসারে পাপাতুষ্ঠান করি না। আপনাদিগের অপ্রসন্তা নিবন্ধনই আমাদের পাপ রুদ্ধি হওয়াতে আমরা ব্রহ্মরাক্ষ্ম হইয়াছি। কামিনীগণ যেমন স্বভাবসিদ্ধ কামপরতন্ত্র হইয়া যোনিদোষকুত পাপে লিপ্ত হয়, ভদ্রূপ আমরা নৈস্গিক ক্ষুধায় কাতর হইয়া বিবিধ পাপে জড়িত হই। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রমধ্যে যাহারা ব্রাহ্মণগণের প্রতি দ্বেষ ্র প্রাত্ত্ব প্রক্তির ও রদ্ধ লোকদিগকে অপমান করে, তাহারাও রাক্ষদ-যোনি প্রাপ্ত হয়। হে দ্বিজগণ! আপনারা লোকদিগকে উদ্ধার করিতে-সমর্থ, অতএব আমাদিগকেও পরিত্রাণ করুন।

হে মহারাজ ! তাপদেরা রাক্ষদগণের বাক্য শ্রেবণ করিয়া অতিশয় সস্তুষ্ট হইয়া তাহাদিগকে বিমুক্ত করিবার নিমিত্ত দরস্বতীরে স্তব করিতে লাগিলনে এবং কাহলেন যে, এ স্থানে যে অল্ল কীট্যুক্ত, উচ্ছিফ্ট, হিকা ও কেশ-দূষিত, অ-পৃত্য জাতিম্পৃন্ট, পৃতিগদ্ধোপহত ও অশ্রুজন মিশ্রিত -হইবে, রাক্ষদেরা তাহা অধিকার করিবে; অতএব বিবেচক ব্যক্তিগণ অতি যত্ন-সহকারে উক্ত প্রকার আল পরিত্যাগ করিবেন। যে ব্যক্তি ঐ রূপ দূষিত

অন্ধ ভোজন করিবেন, তাঁহার রাক্ষদান্ধ আহার করা হইবে। অংশদোর। এইরপে রাক্ষদাণ্ডনের আহার নির্দেশ পূর্বক উপস্থিত নিশাচরগণকে বিমুক্ত করিবার নিমিত্ত দরস্বতীরে অনুরোধ করিলেন। তথন নিরিৎপ্রধানা দরস্বতী তাপদাণণের বাক্যানুদারে আপনার শাখা প্রক্ষহত্য পাপনাশিনী অরুণা নদারে তথায় প্রবাহিত করিলেন। রাক্ষদেরা দেই অরুণায় স্নান ও দেহ ত্যাগ করিয়া স্বর্গে গমন করিল। কিয়ৎকাল পরে দেবরাজ ইন্দ্রেও ঐ রুত্তান্ত অবগত হইয়া দেই তীর্থে অবগাহন পূন্বক ব্রক্ষহত্যা পাপ হইতে বিমুক্ত হইয়াছিলেন।

জনমেজয় কহিলেন, হে ব্রহ্মন্! স্থারাজ ইন্দ্র কি নিমিত্ত ব্রহ্মহত্যা পাতকে লিপ্ত হইয়াছিলেন এবং কি রূপেই বা এই তার্থে অবগাহন করিয়া দেই পাপ হইতে বিমৃক্ত হইলেন ?

বৈশপ্পায়ন কহিলেন,—মহারাজ ! পূর্বেব দেবরাজ ইন্দ্র দানবরাজ নমুচির সহিত নিয়ম, সংস্থাপন পূর্বেক উহা লগুন করিয়া ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হন । আপনি সেই রুভান্ত আত্যোপান্ত শ্রেবণ করুন । একদা দানব-রাজ নমুচি ইন্দ্রভয়ে নিতান্ত ভীত ইইয়া সূর্য্যরশ্মিমধ্যে প্রবেশ করিল । ইন্দ্র তদ্দর্শনে তাহার সহিত সংখ্যভাব সংস্থাপন পূর্বেক কহিলেন, হে সথে ! আমি সত্যই কহিতেছি, দিবদে বা রজনীতে তোমারে বিনাশ করিব না এবং আদ্র বা শুক্ষ বস্তু দ্বারা তোমার প্রাণ সংহারে প্রবৃত্ত হইব না।

হে মহারাজ ! অনস্তর একদা নীহারজালে চতুর্দ্দিক সমাচ্ছম হইলে দেবরাজ সলিলফেন দ্বারা নমুচির শিরশ্ছেদন করিলেন। তথন সেই ছিন্ননস্তক রে পাপাত্মন্ ! তুই মিত্রকে বিনাশ করিলে, এই বলিয়া দেব-রাজের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল। দেবরাজ সেই ছিন্নমস্তক হইতে বারংবার এইরূপ শব্দ নির্গত হইতেছে প্রাবণ করিয়া সন্তপ্ত মনে পিতামহ ব্রহ্মার দমিধানে গমন পূর্বক সমস্ত র্ভান্ত নিবেদন করিলেন। তথন তিলোকগুরু কমলযোনি তাঁহারে কহিলেন, হে পুরন্দর! তুমি অরুণা-তীর্থে বিধানাসুসারে যজ্ঞানুষ্ঠান পূর্বক স্নান কর, তাহা হইলেই তোমার সমুদায় পাপ ধ্বংস হইবে। মহধিগণ ঐ তাঁথকৈ অতিশয় পাবত্র করিয়া-ছেন। উহার ঐ স্থানে আবির্ভাব অতিশয় নিগৃঢ় ছিল; কিন্তু সরিদ্ধরা

সরস্বতী ছীয় সলিল দারা উঁহারে প্লাবিত করেন। হে দেবরাজ! ঐ অরুণাসরস্বতীসঙ্গা তার্থ মতি পবিত্র। তুমি ঐ স্থানে যজ্ঞানুষ্ঠান পূর্বক বিবিধ
ধন দান ও স্নান কর, তাহা হইলে নিশ্চয়ই পাপ হইতে বিমুক্ত হইবে।
দেবরাজ ইন্দ্র পিতামহকর্তৃক এইরূপ অভিহিত হইয়া অরুণা তার্থে উপস্থিত
হইলেন এবং তথায় বিধানানুসারে স্নান করিয়া সেই দানব বিনাশ নিবন্ধন
ব্রহ্মহত্যা পাপ হইতে বিমুক্ত হইয়া ছফান্তঃকরণে পুনরায় দেবলোকে গমন
করিয়া অক্ষয় লোক লাভ করিল।

হে মহারাজ ! মহাত্মা বলদেব ঐ তীর্থে বিবিধ ধন দান পূর্ববিক ধর্মা লাভ করিয়া দোমতীর্থে গমন করিলেন। পূর্বের ঐ তীর্থে ভগবান্ চল্দ্র রাজসূয় যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন। বিপ্রবরাগ্রগণ্য অত্রি তাঁহার যজ্ঞে হোতা হইয়াছিলেন। ঐ যজ্ঞের অবসানে দেবগণের সহিত রাক্ষণ ও অহ্বর-দিগের ঘোরতর যুদ্ধ উপস্থিত হইলে কার্ত্তিকেয় দেবগণের সেনাপতিপদে প্রতিষ্ঠিত হইয়া তারকাম্বরকে সংহার করেন। ঐ তীর্থে যে স্থানে বটর্ক্ষ বিরাজিত আছে, তথায় দেনাপতি কার্ত্তিকেয় নিরন্তর অবস্থান করিতেন।

## পঞ্চত্বারিংশক্ষ অধ্যায়।

জনমেজয় কহিলেন,—ভগবন্! সরস্বতীর মাহাত্ম্য কীর্ত্তন করিলেন,
এক্ষণে ভগবান্ কার্ত্তিকয় কোন্ স্থানে কি রূপে কাহাদের কর্ত্তক অভিধিক্ত
হইয়া দৈত্যগণকে নিপাতিত করিয়াছিলেন, তাহা কীর্ত্তন করন। উহা

এক্ষণ করিবার নিমিত্ত শামার অতিশয় কৌতুহল হইতেছে।

বৈশপায়ন কহিলেন,—মহারাজ! তুমি কৌরবকুলে জন্ম গ্রহণ করিয়াছ।
অতএব এই আনন্দজনক বৃত্তান্তে অবশ্যই তোমার কৌতৃহল হইতে পারে।
একণে মহাত্মা কার্তিকেয়ের মাহাত্ম্য ও অভিষেক কীর্ত্তন করিতেছি, প্রবণ
করুন। পূর্বকালে অগ্নিমধ্যে দেবাদিদেব মহাদেবের রেতঃপাত, হইয়াছিল। হব্যবাহন তাহার প্রভাবেই দীপ্তিশালী ও তেজম্বা হইয়াছেন।
তিনি তৎকালে সেই অক্লয় বার্য্য বহন ও ধারণ করিতে নিতান্ত অসমর্থ
হইয়া ব্রহ্মার নিয়োগানুসারে উহা গঙ্গাজলে পরিত্যাগ করিলেন। ভগবতী
ভাগীরথীও সেই তেজাময় বার্য্য ধারণে অসমর্থা হইয়া উহা স্থরপুজিত স্থরস্য

হিমালয়ের শরস্তম্ভে নিক্ষেপ করিলেন। তথায় সেই রেতঃপ্রভাবে কুগার সমুৎপন্ন হইলেন। কুমারের তেজঃপুঞ্জে ত্রিলোক সমারত হইল। তথন পুজ্রাভিলাষিণী ছয় জন ক্তিক। শরবনে দেই অপূর্বব কুমার কৈ নিরীক্ষণ করিয়া ইনি আমার পুত্র, ইনি আমার পুত্র বলিয়া চীৎকার করিতে লাগি-লেন। ভগবান্ কুমার তাঁহাদের সাগ্রহ দেপিয়া ষ্ডানন হইয়া এককালে তাঁহাদিগের ছয় জনের স্তন্ত পান করিতে লাগিলেন। দিব্যরূপা কুত্তিকাগণ বালকের সেই শুদ্ধুত প্রভাব দেখিয়া বিশ্বয়াবিষ্ট হইলেন। ভাগীরথী হিমা-লয়ের যে শিখরে ভগবান্ কুমারকে নিকেপ করিয়াছিলেন, দেই শিধর স্তবর্ণময় হইয়া শোভা পাইতে লাগিল। ঐ নিমিত্ত পর্ববিভগণ কাঞ্চনের স্থাকর হইয়াছে। হে মহারাজ ! ঐ কুমারের নাম কার্ত্তিকয়। উনি ক্রমে ক্রমে শান্তপ্রকৃতি, তপোনিষ্ঠ, বলবার্য্য সম্পন্ন ও চন্দ্রের ভায় প্রিয়দর্শন হইয়া উঠিলেন। মহাত্মা কার্তিকেয় দতত দেই স্থবর্ণময় শরস্তম্ভে শয়ান ণাকিতেন। তথায় গন্ধৰ্ক ও মুনিগণ তাঁহার স্ততিপাঠ এবং নৃত্যবাদিত্র-নিপুণা চারুদর্শনা দেবকভাগণ নৃত্য করিতেন। ঐ সময় নদীপ্রধানা গঙ্গা কুমারের উপাদনা ও বহুদ্ধরা দিব্যরূপ ধারণ পূর্ব্বক তাঁহারে ধারণ করিতে লাগিলেন। স্থরগুরু বৃহস্পতি তাঁহার জাতকর্মাদি নির্নাহ করিলেন। চারি বেদ, চতুষ্পাদ ধকুর্বেদ, সমুদায় অস্ত্র এবং সরস্বতী ইংবার মুর্ত্তিমান্ হইয়া তাঁহার সমীপে সমুপস্থিত হইলেন।

হে মহারাজ! একদা মহাবল পরাক্রান্ত কার্ত্তিকেয় দেখিলেন যে, দেবাদিদেব মহাদেব অধুতদর্শন বিকৃত বেশধারী ভূতগণে পরিবেষ্টিত হইয়া শৈলপুক্রার সহিত একাসনে আসীন রহিয়াছে। ঐ ভূতগণের বদন ব্যান্ত, দিংহ, ভল্লুক, বিড়াল, মকর, রুষ, হস্তা, উষ্ট্র, উল্লুক, গৃধ্র, গোমায়ু, ক্রোঞ, রুরু ও পারাবতের স্থায় এবং অনেকের শরীর শল্য, গোধা, গো ও মেদের ভায়, কেছ কেছ মেষ সদৃশ, কেছ কেছ অঞ্জন পৰ্বত সন্ধিভ, কেছ কেছ ধবল পর্ববভাকার ও কেহ কেহ গদা ও চক্রধারী। মহাত্মা কার্ত্তিকেয় মহাদেবকে এইরূপে সমাসীন দেখিয়। তাঁহার সমীপে গমনে সমৃদ্যত হইলেন। তথন সপ্ত মাতা, পুজ সমবেত ব্রহ্মা, বিষ্ণু, ইন্দ্র, বৃহস্পতি এবং সাধ্য, সিদ্ধ, বিশ্বদেব, বস্তু, রুদ্রে, আদিত্য, ভুজ্ঞগ, দানব, খগ, যাম,

ধান, নারদাদি দেব, গল্পকি ও পিতৃগণ কুমারের দর্শন লালসায় তথায় সমাপত হইলেন।

অনস্তর সেই যোগসম্পন্ন মহারল পরাক্রাস্ত কুমার দেবাদিদেব পিণাক-পাণির নিকট, আগমন করিতে লাগিলেন। ভগবান ত্রিলোচন, পার্বভী, গঙ্গা ও হুতাশন তাঁহারে আগমন করিতে দেখিয়া সকলেই মনে মনে চিন্তা করিলেন যে, এই বালক গৌরব প্রযুক্ত অত্যে আমারই নিকট আগমন করিবে। ভগবান কার্ত্তিকেয় তাঁহাদিগের অভিপ্রায় <sup>®</sup>অবণ্ত হইয়া যোগ-বলে আপনার মূর্ত্তি চতুদ্ধা বিভক্ত করিলেন। তখন তাঁহার কার্তিকেয়, বিশাপ, শাখ ও নৈগমেয় নামে চারিটী মুর্ত্তি হইল। উঁহাদের চারি জনেরই রূপ সমান। অনন্তর ক্রার্ত্তিকেয় রুদ্রের নিকট, বিশাখ পার্ব্বতীর নিকট, বায়ুমূর্ত্তি ভগবান শাখ অগ্নির নিকট ও নৈগমেয় গঙ্গার নিকট গমন করি-লেন। সেই অদ্উপুর্বে আনন্দকর লোমহর্ষণ ব্যাপার দর্শনে দেব, দানব ও রাক্ষসগণের মহা কোলাহল সমুখিত হইল। তখন ভগবান মহাদেব, পার্বতী, ভাগীরথী ও অনল পুত্রের প্রিয়কামনায় ব্রহ্মারে প্রণিপাতপূর্বক কহিলেন, হে ভগবন্! আমাদিগের প্রিয়কার্য্য সাধনের নিমিত্ত এই বালককে, উপযুক্ত আধিপত্য প্রদান করুন। লোকপিতামহ ভগবান ব্রহ্মা তাঁহাদের বাক্য প্রাবণ করিয়া মনে মনে চিন্তা করিলেন, আমি পূর্বের দেব, গন্ধর্বন, রাক্ষস, ভূত, যক্ষ, বিহঙ্গ ও পন্নগগণকে সমুদায় ঐশ্বর্য্য প্রদান করি-য়াছি। এই বালকও সেই সমুদায় ঐশ্বর্যভোগের উপযুক্ত। একণে ইহারে .কোন্ ঐশর্য্য প্রদান করি। ভগবান্ কমলযোনি মুহূর্ত্তকাল এইরূপ চিন্তা করিয়া দেবগণের হিত সাধনার্থ কার্ত্তিকেয়কে সর্ব্বভূতের সৈনাপত্য প্রদান-পূর্বকে প্রধান প্রধান দেবগণমধ্যে তাঁহার আধিপত্য সংস্থাপন করিলেন। অনন্তর ব্রহ্মাদি দেবভা ও গদ্ধর্ববগণ কার্ত্তিকেয়কে গ্রহণ পূর্বেক ভাঁহার অভিষেকার্থ হিমালয়ের যে স্থানে ত্রিলোকবিশ্রুত, পরম পবিত্র স্রম্বতী প্রবাহিত হইতেছে, তথায় সমুপন্থিত হইয়া উপবেশন করিলেন।

# বট্চতারিংশন্তম অধ্যার।

হে মহারাজ ! অনস্তর স্থরগুরু রহস্পতি শান্ত্রাসুসারে সমস্ত অভিষেক দ্রব্য আহরণ করিয়া প্রস্থালিত হুতাশনে আহুতি প্রদান করিতে লাগিলেন। তথন দেবরাজ ইন্দ্র, বিষ্ণু, সূর্য্য, চন্দ্র, ধাতা, বিধাতা, অনিল, অনল এবং পুষা, ভগ, আর্য্যমা, অংশ, বিবস্বান্, মিত্রা, বরুণ, রুদ্রেগণ, বস্তুগণ, আদিত্য-গণ ও অখিনীতনয়দ্বয়পরিবৃত ভগবান্ মহাদেব, যাবতীয় বিখদেব, মরুৎ, गांधा, शिष्ठ, शक्कर्वत, अश्मता, यक्क, ताक्कम, शक्कण, त्मवर्धि, तक्कार्धि, देवशानम, বালিখিল্য, বায়ুভক্ষ, মরীচিপায়ী, ভার্সব, আঙ্গিরস, যদি, সর্প, বিদ্যাধরগণ সমবেত সর্বলোকপিতামহ ব্রহ্মা এবং পুলস্তা, পুলহ, অঙ্গিরা, কশ্যপ, অতি, মরীচি, তৃগু, ক্রন্থু, প্রচেতা, মনু, দক্ষ, ছয় ঋতু, প্রহাও জ্যোতিঃ পদার্থ সমুদায়, মৃর্ত্তিমতী নদী সকল, সনাতন চারি বেদ, সমুদ্র সকল, হ্রদসমু-দায়, বিবিধ তীর্থ, ভূমণ্ডল, দিল্লণ্ডল. নভোমণ্ডল, পাদপ সমূহ, দেবমাতা অদিতি, হ্রী, জ্রী, স্বাহা, সরস্বতী, উমা, শচী, সিনীবালী, জনুমতি, অমাবদ্যা, পূর্ণিমা, বুদ্ধি, অন্যান্য দেবপত্নীগণ, হিমালয়, বিদ্ধা, বহুশৃঙ্গ সম্পন্ন স্তমেরু, সাকুচর ঞারাবত, চতুঃদষ্টি কলা, দশ দিক্, মাদার্দ্ধি, মাদ, দিবদ, রজনী, হয়শ্রেষ্ঠ উচৈচঃপ্রবা, নাগরাজ বাস্থকি, অরুণ, গরুড়, ওষ্ণি সম্বেত রুক্ষ সমুদায়, ধর্ম, কাল, যম, মৃত্যু, যমের অনুচরগণ ও অন্যান্য দেবতারা কার্তিকেয়কে অভিযেক করিবার নিমিত্ত তথায় আগমন করিলেন। হে মহারাজ। বাত্ল্য প্রযুক্ত সমুদার দেবের নামোল্লেখ করিলাম না। ঐ দেবগণ হিমাচল-প্রদত্ত মণিরত্নথচিত অতি পবিত্র আদনে আদীন দেনাপতি কার্ত্তিকেয়কে অভিষেক করিবার নিমিত্ত রত্নকলস ও অভিষেকের সন্যান্য দ্রব্যজাত গ্রহণ-পূর্ব্বক হৃষ্টান্তঃকরণে অতি পবিত্র সরস্বতীষলিলে পূর্নের মেনন বরুণকে অভিষেক করিয়াছিলেন, তজ্ঞপ তাঁহারে অভিষেক করিতে লাগিলেন। অনস্তর ত্রিলোকপিতামহ ভগবান ব্রহ্মা নিতান্ত প্রীত হইয়া কার্ত্তিকেয়কে বায়ুবেগগামী অমিতবীর্য্য নন্দিদেন, লোহিতাক, ঘণ্টাকর্ণ ও ক্যুদ্যালী এই চারি পারিষদ প্রদান করিলেন এবং মহাতেজা মহেশ্বর একজন কামবীর্য্যদপ্রায় দৈত্যদাতন শতমায়াধারী মহা পারিষদকে তাঁহার অনুচর করিয়া দিলেন। ঐ মহা পারিষদ দেবাহ্রর সংগ্রামে কোপাবিষ্ট হইয়া বাহুবলে চতুর্দশ প্রযুত মহাভীষণ দৈত্যকে নিপাতিত করিয়াছিল। অনন্তর দেবগণ অস্তরনিসুদন चारका विकास भी रेमनागंगरक महाचा कार्तिकरणत हार ममर्थन कतिरलन।

Ţ

(नव, शक्कर्त्व, यक्क, ताक्रम, प्रति ও পিতৃগণ মহ। আহলাদে জয় শব্দ করিতে লাগিলেন। তখন যম উন্মাথ ও প্রামাথ নামে মহাবল পরাক্রান্ত কালো-পম সমুচনদ্বাদে, ভগবান্ সূর্য্য প্রীত মনে হুভাজ ও ভাষর নামে ছুই অকুচরকে, চন্দ্র কৈলাসশৃঙ্গ সদৃশ শ্বেত মাল্য স্থাোভিত শ্বেতচন্দন ভূষিত মণি ও স্থমণি নামে তুই অনুচ্রকে এবং হুতাশন জ্বালাজিহ্ব ও জ্যোতি নামে শক্রেদৈন্যসূদন অনুচরদ্যুকে, মহাত্মা অংশ মহাবল পরাক্রান্ত পরিঘ, বট, ভাম, দহতি ও দহন নামে পাঁচ অনুচরকে একং শক্লেমূদন দেবরাজ বজ্রদণ্ডধারী উৎক্রোণ ও পঞ্চক, নামে চুই অনুচরকে কার্ত্তিকেয়ের হস্তে সমর্পণ করিলেন। মহাবীর উৎক্রোশ ও পঞ্চক সংগ্রামস্থলে বাসবের অসংখ্য শক্তে সংহার করিয়াছিল। অনন্তর মহাত্মা বিষ্ণু বলবান্ চক্র, বিক্রমক ও দংক্রমককে, অধিনীকুমারদয় প্রতি মনে দর্ববিদ্যাবিশারদ বর্দ্ধন ও নন্দনকে, ধাতা কুণ্ড, কুসুন, কুমুদ, ডম্বর ও আড়ম্বরকে, বিশ্বকর্মা মহাবল পরাক্রান্ত চক্র ও অসুচক্রেকে, মিত্র তপোবল সম্পন্ন বিদ্যাবিশারদ মহাত্মা স্থাত্তত ও সভাসন্ধকে, বিধাতা স্থাত্তত ও শুভ কর্মারে, পুষা মায়ানী লোকবিশ্রুত পাণিতক ও পাণিককে, বায়ু বল ও অতিবলকে, বরুণ তিতিমুখ যম ও অতিষমকে, হিমালয় মহাত্মা স্কবর্চা ও অতিবর্চারে, মহাত্মা মেরু কাঞ্চন, মেঘমালী, স্থির ও অতিস্থিরকে, বিদ্ধাগিরি পাষাণযুদ্ধবিশারদ উচ্ছিত ও অতিশুঙ্গকে, সমুদ্র সংগ্রহ ও বিগ্রহকে, পার্বতী উন্মাদ, পুস্পাদন্ত ও শঙ্কুকর্ণকৈ এবং পন্নগেশ্বর বাস্ত্র্কি জয় ও নহাজয় নামে তুই নাগকে মহাত্ম। , কার্ত্তিকেয়ের পারিষদ করিয়া দিলেন।

অনন্তর সাধ্য, রুদ্র, বহু ও পিতৃগণ এবং সরিৎ, সমুদ্র ও মহাবল সম্পন্ন পর্বত সমুদায় মহাত্মা কার্ত্তিকেয়কে শূল, পা ট্রশ প্রভৃতি দিব্য অন্তধারী বিবিধ বেশস্থাত অসংখ্য সেনাধ্যক্ষ প্রদান করিলেন। এক্ষণে সেই সকল সেনাধ্যক্ষের নাম কীর্ত্তন করিতেছি, প্রবণ করুন। শঙ্কুকর্ণ, নিকুম্ভ, পদ্ম, কুমুদ, অনন্ত, দ্বাদশভুজ, কৃষ্ণ, উপকৃষ্ণ, ত্রাণশ্রবা, প্রতিক্ষন্ধ, কাঞ্চনাক্ষ, জল-শ্বম, অক্ষ, সম্ভৰ্জন, কুনদীক, তমোন্তকুৎ, একাক্ষ, দাদশাক্ষ, একজট, সহস্ৰ-বাহু, বিকট, ব্যাম্রাক্ষ, ক্ষিতিকম্পন, পুণ্যনামা, স্থনামা, স্থচক্র, প্রিয়দর্শন, গজোদর, গজশিরা, স্বন্ধাক্ষ, শতলোচন, জ্বালাজ্বি, করালাক্ষ, ক্ষিতিকেশ, জটী, হরি, পারশ্রুত, কোকনদ, কৃষ্ণকেশ, জটাধর, চতুর্দংষ্ট্র, উষ্ট্রজিহ্ব, মেঘ-নাদ, পৃথুপ্রব, বিহ্যুতাক্ষ, ধনুর্বক্তু, জাঠর, মারুতাশন, উদরাক্ষ্, রথাক্ষ, বজুনাম, বস্থপ্রদ, সমুদ্রবেগ, শৈলকম্পী, রম, মেঘণবাহ্য, নন্দ, উপনন্দ, ধুমা, খেতকলিন্দ, দিদ্ধার্থ, বরদ, প্রিয়ক, নন্দ, গোনন্দ, আনন্দ, প্রানদ, স্বন্তিক, প্রবাহ, দিদ্ধপাত, গোব্রজ, কনকাপীড়, গায়ন, হসন, বাণ, গড়গ, বৈতালী, গতিকালা, কথক, বাতিক, পঙ্কাদগ্ধাঙ্গ, হংসজ, সমুদ্রোমাদন, রণোৎকট, প্রহাস, খেতসিদ্ধ, নন্দক, কালকণ্ঠ, প্রভাস, কুম্ভাণ্ডক, কালকাক্ষ, দিত, যজ্জবাহ, প্রবাহ, দেববাজা, দোমপ, মজ্জল, কথ, ক্রাথ, তুহর, তুহার, চিত্রদেব, মধুর, স্থাদাদ, কিরিটা, বংসল, মধুবর্ণ, কলদোদর, ধর্মদ, মন্মথকর, স্টীবক্তু, শেতবক্তু, স্বক্তু, চাক্রবক্তু, পাতুর, দণ্ডবাহ্ত, স্বাহ্ত, বজ, কোকিলক, অচল, বালকরক্ষক, কনকান্দ, সঞ্চারক, কোকনদ, গৃপ্তপত্র, জমুক, লোহাজবক্তু, জবন, কুম্ভবক্তু, কুম্ভক, স্বর্ণ্ডাবি, ক্ষোজা, হংসবক্তু, চন্দ্রভ, পাণিক্চা, শল্পক, পঞ্চবক্তু, শিক্ষক, চাসবক্তু, শাকবক্তু, কুঞ্জল।

এতছিন্ন ব্রহ্মার প্রদত্ত ব্রাহ্মণাপ্রাধ্য যোগাদক্ত হন্যান্য বালক, রদ্ধ ও
যুবা পারিষদগণ কুমারের সমাপে সমুপন্থিত হন্তল। উহাদের মুখ ক্র্মা,
কুকুট, শশ, উলুক, থর, উষ্ট্র, বরাহ, মার্জ্ঞার, নকুল, কাক, মুধিক, ময়ুর,
মৎস্য, ছাগ, মেষ, মহিষ, ভল্লুক, শাদ্দিল, দ্বাপা, সিংহ, হস্তা, নক্র, গরুড়, কল্প,
রুক, র্ষ, দংশ, পারাবত, কোলিল, শোন, তিত্তিরি, কুকলাশ, স্প ও শুলের
ভায়; ভূষণ সর্প এবং পারধান গজ্জার ও কুষণাজিন। উহাদের মধ্যে কাহারও
উদর স্থল, অঙ্গ কুশ; কাহারও বা অঙ্গ স্থল, উদর কুশ; কাহারও গ্রীবা কুদ্র;
কাহারও কর্ণ রহৎ এবং কাহারও মুখ ক্ষম্বদেশে, কাহারও উদরে, কাহারও
পৃষ্ঠে, কাহারও হতুদেশে, কাহারও কাহারও মৃথ কাট পতঙ্গের ন্যায়;
কাহারও বা পার্ম্বে নিহত। কাহারও কাহারও মৃথ কাট পতঙ্গের ন্যায়;
কাহারও কাহারও কাহারও কাহারও কাহারও কাহারও কাহারও বাহ্
রক্ষের ন্যায়; কাহারও কাহারও বাস কনক্মপ্তিত; কেহ কেহ চানবাদা এবং
কেহ কেহ বিবিধ গদ্ধনাল্যে নিভূষিত। কেহ কেহ উষ্ণায়ধারী, কেহ কেহ
মুকুটধারী ও কেহ কেহ কিরীটধারী; কাহারও কাহারও ছুই শিখা, কাহারও
কাহারও তিন শিখা, কাহারও কাহার ও প্রাচ শিখা এবং কাহারও কাহারও

সাত শিখা এবং কাহারও কাহারও কেশপাশ হুবর্ণবর্ণ ও ময়ুরপুচেছ শোভিত। কেহ কেখ মুণ্ড, কেহ কেহ জটিল ও কাহারও কাহারও মুখ রোমশ, কেহ কেহ ক্ষাবর্ণ, কেহ কেহ শীর্ণবক্ত, কেহ কেহ সুলপৃষ্ঠ, কেহ কেহ ক্ষাণপুষ্ঠ, কেহ কেহ দীৰ্ঘবাহু, কেহ কেহ ব্ৰস্তাৰ্য কেহ কেহ বিস্তাৰ্য জ্ঞান, কেহ কেহ ব্ৰসজ্অ, কেহ কেহ দীর্ঘদন্ত, কেহ কেহ ব্ৰসদন্ত ও কেহ কেহ বা চতুদিন্ত, কেহ শার্ণগাত্র, কেহ বামন, কেহ কুব্জ এবং কাহারও কাহারও নাদিক। হস্তী, কৃশ্ম ও রুকের ভাষ। কেহ কেহ অধোর্ম্ব, কেহ কেহ স্থলর, ছ্যতিমান্ ও মনোহর মলস্কারে বিভূষিত এবং কেহ কেহ বা দিগ্-গজাকার ও অতি ভাষণ, কাহারও চক্ষু পিঙ্গলবর্ণ ও নাদিকা রক্তবর্ণ। কেছ বা শঙ্কুকর্ণ, কাহারও ওষ্ঠ স্থুল, কাহারও মেঢু লম্বিত। উহাদিগের পাদ, ওষ্ঠ, দশন, হস্ত, মস্তক, পরিধিত চর্ম্ম এবং ভাষা নানাপ্রকার। উহারা সকলেই যুদ্ধবিদ্যায় স্থনিপুণ। দেবগণও উহাদিগকে পরাজয় করিতে সমর্থ নহেন। উহারা সকলেই দেশভাষায় কথোপকথন করিতে করিতে অতি क्रफेडात अथा उपिष्ठ म्हेल। उहानितात मध्य अत्निकत श्रीता, नथ, পাদ, মস্তক, বাহু ও কর্ণ জ্লার্য এবং উদর রুকের আয় আয়ত; কাহারও কাহার ও কণ্ঠ নালবর্ণ, শরীর অঞ্জনবর্ণ, চক্ষু শ্বেতবর্ণ, গ্রীবা লোহিত বর্ণ। ঐ সকল নানাবর্ণ স্থানোভিত মহাবল পরাক্রান্ত মহাবেগ সম্পন্ন ঘণ্টাজালজড়িত রণপ্রিয় পারিষদগণ পাশ, শতন্মা, চক্র, মুষল, মুদার, অসি-দণ্ড, গদা, ভুষুণ্ডি ও তোমর প্রভৃতি বিবিধ অস্ত্র ধারণ করিয়া কুমারের অভিষেক দর্শন পূর্ববিক মহ। আহলাদে নৃত্য করিতে আরম্ভ করিল। এতান্ত্র অক্তান্য বহুসংখ্যক পারিষদও ভৎকালে কার্ত্তিকেয়ের সমীপে সমুপস্থিত হইল। হৈ মহারাজ! এইরূপে স্বর্গ, অন্তরীক ও পৃথিবীন্থিত সহস্র সহস্র বীর দেবতাদিগের আদেশাকুসারে মহাত্ম। কাত্তিকেয়ের অকুচর হইয়া তাঁহারে পরিবেষ্টন করিল।

# সপ্রচত্বারিংশত্তম অধ্যায় ।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ ! কাত্তিকেয়ের অসুচরী কল্যাণদায়িনী মাতৃগণে এই চরাচর ত্রিলোক পরিব্যাপ্ত রহিয়াছে; এক্ষণে তাঁহাদিগের নাম কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। প্রভাবতী, বিশালাক্ষী, পালিতা, গোস্তনী,

শ্রীমতী, বহুলা, বহুপুত্রিকা, অপ্স্ঞজাতা, গোপালী, রুহদম্বালিকা, জয়াবতা, মালতিকা, ধ্রুবরত্না, ভয়ঙ্করা, বস্তদামা, হৃদামা, বিশোকা, নন্দিনী, একচূড়া, মহাচূড়া, চক্রদেমি, উত্তেজনী, জয়ংসেশা, কমলাক্ষ্যী, শোভনা, শতপ্রয়া, ক্রোধনা, শলভা, থরা, মাধবা, শুভবক্তা, তার্থসেনা, গীতপ্রিয়া, কল্যাণী, রুদ্রোমা, অমিতাশনা, মেঘস্থনা, ভোগবতী, হুজ্র, কনকাবতী, অলাতাকী, বীষ্যবতী, বিহ্ন্যুক্তিহ্বা, পদ্মাবতী, স্থনক্ষত্রা, কন্দরা, বহুযোজনা, সস্তানিকা, মহাবলা, कर्मना, छ्मांभा, वङ्मामा, यमश्विमी, छञ्जा, উদृश्नरमश्नाधातिगा, নৃত্যপ্রিয়া, শতঘণ্টা, শতানন্দা, ভগনন্দা, ভাবিনা, বপুস্থতা, চন্দ্রশিলা, ভদ্র-কালী, ঋকা, অম্বিকা, নিক্ষুটিকা, চম্বরবাদিনী, বামা, স্থমঙ্গলা, স্বস্তিমতী, বুদ্ধি-कार्या, जय्रिया, चनना, अर्थमाना, जनना, अर्छो, (जर्छो, मरम्रे, (वठानजननो, কণ্ডুতি, কালিকা, দেবমিত্রা, বস্থুত্রী, কোটিরা, চিত্রদেনা, অচলা, কুরুটিকা, শম্বালিকা, শকুনিকা, কুণ্ডারিকা, কোঁকুলিকা, কুন্তিকা, শতোদরা, উৎক্রাথিনী, জলেলা, মহাবেগা কঁক্ষণা, মহাজবা, কণ্টকিনী, প্রাহ্মা, পূতনা, কেশযন্ত্রী, ত্রুটি, ক্রোশনা, তড়িৎপ্রভা, মন্দোদনী, মুণ্ডী, কোটনা, মেঘবাহিনা, স্কভগা, লম্বিনী, লম্বা, ভাত্রচূড়া, বিকাসিনী, উদ্ধিবেণীধরা, পিঙ্গাক্ষী, লোহমেথলা, পৃথুবক্তা, মধুলিকা, মধুকুস্তা, পক্ষালিকা, মৎকুণিকা, জরায়ু, জব্দ্ধরাননা, দহদখা, ধমধমা, খণ্ডখণ্ডা, পৃষণা, মণিকু িট্টকা, অমোঘা, লম্বপয়োধরা, বেণুবীণাধরা, শশোলুকমুখী, কৃষ্ণা, খরজঙ্বা, মহাজবা, শিশুমারমুখী, খেতা, লোহিতাক্ষী, বিভীষণা, জাটালিকা, কামচরী, দীর্ঘজিহ্বা, বলোৎকটা, কালেহিকা, বামনিকা, মুকুটা, লোহিতাক্ষী, মহাকায়া, হরিপিণ্ডা, একজ্বচা, কৃষ্ণবর্ণা, স্থকুস্থমা, ক্ষুরকর্ণী, চতুক্ষণী, কর্ণ--প্রাবরণা, চতুষ্পথনিকেতা, গোকর্ণা, মহিষাননা, থরকর্ণা, মহাকর্ণা, ভেরা-স্বনা, মহাস্বনা, শন্থকুন্তপ্রবা, ভগদা, গণা, স্থগণা, ভাণী, কামদা, চতুষ্পথরতা, ভূতিতীর্থা, অন্মর্থাচরা, পশুদা, বিভ্রদা, স্থদা, মহাযশা, প্রোদা, গোমহিষ্দা, স্থবিশালা, প্রতিষ্ঠা, স্থপ্রতিষ্ঠা, রোচমানা, স্থরোচনা, নৌকর্ণা, শিবকর্ণা, বস্তুদা, মন্থিনী, একবক্তা, মেঘরবা, মেঘমালা ও বিরোচনা। এতান্তর কার্ত্তিকেয়ের অনুযায়িনী আরও অসংখ্য মাতৃকা আছেন ৷ উঁহারা কামরূপী, মাহাস্ক্যযুক্ত, থৌবনসম্পন্ন, শুভ্রবন্ত্র ও বিবিধ এলঙ্কার বিভূষিত, দীর্ঘকেশ স্থশোভিত ও কামচারী। উঁহাদের বাক্য কোকিলের স্থায়, ধন কুবেরের স্থায়, যুদ্ধনৈ পুণ্য

ইল্রের ভায়, বেগ বায়ুর ভায় ও দীপ্ত ভ্লশনের ভায়। উঁহাদের মধ্যে কাহার নথ, বদন ও দন্ত হৃদীর্ঘ, কাহার গাত্র মাংসশূন্য, কাহার মেথলা লবিত। কেহ খেতবর্ণা, কেহ কাঞ্চনবর্ণা, কেহ কৃষ্ণবর্ণা, কেহ খ্রবর্ণা, কেহ অরুণবর্ণা, কেহ অরুণবর্ণা, কেহ অরুণবর্ণা, কেহ লম্বেলা। উঁহারা কেহ কেহ যম হইতে, কেহ কেহ বরুণ হইতে, কেহ কেহ বরুণ হইতে, কেহ কেহ বরুণ হইতে, কেহ কেহ কুমার হইতে, কেহ কেহ আম হইতে, কেহ কেহ বায়ু হইতে, কেহ কেহ কুমার হইতে, কেহ কেহ আম হইতে, কেহ কেহ বায়ু হইতে, কেহ কেহ কুমার হইতে, কেহ কেহ বরাহদেব হইতে উৎপন্ন হইয়েছেন। উঁহাদের গধ্যে অনেকেরই রূপ অপ্যারার ভায় মনোহর। বৃক্ষ, চত্ত্বর, চত্তুপথ, গুহা, শাশান ও শৈলপ্রস্তব্য উঁহাদের বাসন্থান। উঁহারা যুদ্ধকালে শক্রগণকে যাহার পর নাই ভীত করিয়া থাকেন। হে মহারাজ! ঐ সকল বলবীর্য্য সম্পন্ন দিব্যমাল্য বিভূষিত মাতৃক। ইন্দের আদেশানুসারে নহাত্বা কুনারের নিকট সমুপন্থিত হইলেন।

হে মহারাজ । খনন্তর ভগবান্ পাকশাসন অস্ত্রগণের বিনাশ সাধনার্থ কার্ত্তিকের্যনৈ দিব্য শক্তি, পশুপতি মহাঘন্টাযুক্ত অরুণ সদৃশ দেদীপ্যমান পতাকা ও রুদ্র তুল্য পরাক্রান্ত তিন অযুত যোধে পরিবৃত সংগ্রামে অপরামুখ নানাস্ত্রধারী ধনপ্রেয় সেনা, বিষ্ণু বলবদ্ধিনী বৈজয়ন্তীমালা, পার্ববিতী সূর্য্যের ক্যায় প্রভাসম্পন্ন নির্মাল বস্ত্রদ্বয়, গঙ্গা অমৃতোদ্ভব দিব্য কমগুলু, বৃহস্পতি দণ্ড, গরুড় বিচিত্র শিখগুযুক্ত স্থীয় পু্ত্র ময়ুর, সরুণ চরণায়ুধ কুরুট, বরুণ বলবার্য্যশালা নাগ এবং সর্বলোক পিতামহ ব্রহ্মা কুষ্ণান্তিন ও বিজয় প্রদান করিলেন।

এইরপে ভগবান্ কুমার দেবগণের নিকট দেনাপতিপদ প্রাপ্ত হইয়া প্রজ্ঞানত পাবকের ন্যায় শোভা ধারণ পূর্বক স্থরগণকে আহলাদিত করিয়া পারিষদ্ ও মাতৃগণ সমভিব্যাহারে দৈত্য বিনাশার্থ নির্গত হইলেন। ওঁাহার দেনাগণ ধ্বজ ও বিবিধ আয়ুধ সমুচ্ছিত করিয়া জ্যোতিম গুলমণ্ডিত শরৎ-কালীন রজনীর ন্যায় শোভা পাইতে লাগিল। অনস্তর দেবদেনা ও স্কৃতগণ মহা আহলাদে ভেরী, শন্ধ, পটহ, ঝঝরি, ক্রকচ, গোবিষাণিক, আড়ম্বর, গোমুথ ও ডিণ্ডিম প্রস্তৃতি বিবিধ বাদিত্র বাদন করিতে লাগিল। ইন্দ্রাদি দেবগণ কুমারের স্তব পাঠ, গদ্ধ-বিগণ গান এবং অপ্সরোগণ নৃত্য আরম্ভ করিলেন। মহাত্মা কার্ত্তিকেয় দেবগণের স্তবে প্রাত হইয়া আমি তোমাদের বধে সমুদ্যত দানবদিগকে বিনাশ করিব বলিয়। তাঁহাদিগকে বর প্রদান করিলেন। দেবগণ কুমারের বর লাভ করিয়া শক্র দমুদায় নিহত হইয়াছে বলিয়া বোধ করিতে লাগিলেন। ঐ সময়, ভূতগণের হর্ষধ্বনিতে ত্রিলোক পরিপূর্ণ হইল ৷ তথন মহাত্মা কার্ত্তিকেয় দেনাসমূহে পরিবেষ্টিত হইয়া দেবগণের পরিত্রাণ ৩, দৈত্যগণের নিধন নিমিত্ত গমন করিতে লাগিলেন। উল্যোগ, জয়, ধর্মা, সিদ্ধি, লক্ষী, ধুতি ও স্মৃতি তাঁহারা দৈন্তের অত্যে অত্যে ধাবমান হইলেন। বিচিত্র ভূষণালঙ্কত ও কবচধারী দৈন্যগণ শূল, মৃদগর, মুষল, গদা, নারাচ, শক্তি, তোমর ও জ্লিত অলাত ধারণ করিয়া সিংহনাদ করিতে লাগিল। সমস্ত দৈতা, দানব ও রাক্ষসগণ তদ্দর্শনে মহা উদ্বিগ্ন হইয়। চতুদ্দিকে ধাৰমান হইল। বিবিধ আয়ুধধারী দেবগণও তাহাদিগকে আক্রমণ করিবার মান্দে তাহাদিগের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে আরম্ভ করিলেন। তথন হত হতাশন সদৃশ তেজস্বী মহাবল পরাক্রান্ত কার্ত্তিকেয় ক্রোধর্ভরে বারংবার শক্তি নিক্ষেপ করিতে লাগিলেন। তাঁহার শক্তি প্রভাবে অসংখ্য প্রজ্বালত উল্ক। ও নির্ঘাত বস্তুগাতল নিনাদিত করিয়া নিপতিত হইতে লাগিল। মহাবীর মহাদেন একমাত্র শক্তি নিক্ষেপ করিবামাত্র দেই শক্তি হইতে কোটি কোটি শক্তি নিৰ্গত হইতে লাগিল। তথন তিনি প্ৰাত্যনে মহাবল পরাক্রান্ত দশ অযুত দৈত্যপরিবৃত দৈত্যের তারককে, অউপদ্ম দৈত্য পরিবেষ্টিত মহিষকে, কোটিদানব পরিবৃত ত্রিপাদকে এবং দশ নিথর্ব্ব দৈত্য-পরিবেষ্টিত হ্রদোদরকে অনুচরগণের সহিত নিপাতিত করিলেন। এই-র্নপে, দৈত্যক্ষয় আরম্ভ হইলে কার্ত্তিকেয়ের অসুচরগণ সিংহনাদে দশ দিক্ পরিপুরিত করিয়া মহা আহলাদে নৃত্য করিতে লাগিল। শক্তির প্রভাবপ্রভাবে ত্রৈলোক্য বিত্রাসিত হইয়া উঠিল। ঐ সময় সহস্র সহস্র দৈত্য মহাদেনের সিংহনাদে ভীত, কেহ কেহ পতাক। বিধুননে নিহত, কেহ কেহ ঘণ্টানিম্বনে বিত্রস্ত এবং কেহ কেহ অস্ত্রাঘাতে ছিন্ন কলেবর হইয়া ভূতলে নিপতি চহইল। হে মহারাজ ! এইরূপে মহাবল পরাক্রান্ত কার্ত্তিকেয় অনংখ্য আততায়ী অস্থরকে যমালয়ে প্রেরণ করিলেন। অনন্তর বলির পুত্র মহাবল পরাক্রাপ্ত

বাণদৈত্য ক্রেপিক পর্বেত আশ্রেয় করিয়া দেবগণকে নিবারণ করিতে লাগিল। অসাধারণ ধাশক্তি সম্পন্ধ মহাসেন তদ্দর্শনে অবিলম্বে বাণদৈত্যের অভিমুখে ধাবমান, হইলেন। তৃথন বলিতনয় প্রাণভয়ে ক্রেপিক পর্বেতে লুক্কায়িত হইল। ঐ পর্বেত ক্রেপিকর ন্যায় চীৎকার করিয়া থাকে। মহাবীর কার্তিকেয় বাণদৈত্যকে পর্বতমধ্যে লুক্কায়িত দেখিয়া রোয়াবিষ্ট চিত্তে অয়িদত্ত শক্তি দারা উহা বিদীর্ণ করিয়া ফেলিলেন। তথন সেই পর্বতস্থিত হস্তা ও বানরগণ নিতান্ত আকুল, পক্ষী সকল উড্ডীন এবং পন্ধগ সমুদায় নির্গত্ত হস্তা ও বানরগণ সিংহ, শরভ, গোলাঙ্গল, ভল্লুক ও হরিণ সকল ধাবমান হওয়াতে পর্বতস্থ কানন প্রতিধ্বনিত হইয়া উঠিল। শৃঙ্গনিবাসী বিদ্যাধর ও কিমরগণ কুনারের শক্তিপাত শন্দে ভীত ও কাতর হইয়া পলায়ন করিতে লাগিলেন। এইয়পে সেই পর্বেত অতি শোচনীয় অবস্থা প্রাপ্ত হইয়াও অপূর্বর শোভা ধারণ করিল।

অনস্তর বিচিত্র ভূষণধারী অসংখ্য দৈত্য সেই দেদীপ্যমান পর্বিত হইতে নির্গত হইল। কাজিকেয়ের অনুচরগণও তাহাদিগকে আক্রমণ পূর্বিক সংহার করিতে লাগিল। ঐ সময় মহাবীর কাজিকেয় দেবরাজ যেমন ব্রুকে সংহার করিয়াছিলেন, তজ্ঞপ দেই বলিতনয়কে তাহার অনুজের সহিত শমনভবনে প্রেরণ করিলেন। মহাত্মা কুমার ঐ সময় যত বার শক্তি নিক্ষেপ করিলেন, উহা তত বারই তাঁহার হস্তে প্রত্যাগত হইল। হে মহারাজ.! শৌর্যাদিগুণ-সম্পন্ন মহাবল পরাক্রান্ত মহাত্মা কাজিকেয় পূর্বের এইরূপে ক্রেকি পর্বতি বিদীর্ণ ও শত শত দৈতা নিপাতিত করেন।

এইরপে দৈত্যগণ নিহত হইলে স্থরগণ প্রীত মনে তাঁহারে পূজা করিতে লাগিলেন। চতুদ্দিকে হুন্দুভিধ্বনি ও শঙ্খনিম্বন আরম্ভ হইল। দেবমহিলাগণ কুমারের উপর পুষ্পা বর্ষণ করিতে লাগিলেন। স্থগদ্ধ গদ্ধবহ মন্দ মন্দ সঞ্চারিত হইতে লাগিল। গদ্ধব্ব ও যাজ্ঞিক মহর্ষিগণ কাভিকেয়ের স্তব পাঠ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় কেহ কেহ কুমারকে লোকপিতামহ ব্রহ্মার জ্যেষ্ঠ কুমার ভগবান্ সনৎকুমার বলিয়া স্থির করিলেন এবং কেহ কেহ তাঁহারে মহেশ্বরের, কেহ কেহ অনলের, কেহ কেহ পার্বতার, কেহ কেহ কুর্ন্তিকাগণের ও কেহ কেহ গঙ্গার পুজ্ঞ বলিয়া নির্দেশ করিতে লাগিলেন।

ংহে মহারাজ ! আাম আপনার নিকট কুমারের অভিষেক ব্যতাস্ত কীর্ত্তন

করিলাম; এক্ষণে মহাত্মা কান্তিকেয় সরস্বতীর যে তীর্থে অভিষিক্ত হইয়াছিলেন, তাহার মাহাত্ম্য কহিতেছি, শ্রুবণ করুন। মহাবল কান্তিকেয় দৈত্যগণকে নিপাতি,ত করিলে ঐ তীর্থ দ্বিতীয় স্বর্গের ন্যায়, প্রবিত্র হইয়া উঠিল।
তথন ষড়ানন ঐ তীর্থে অবস্থান পূর্বেক দেবগণকে পৃথক্ পৃথক্ ঐশ্বর্য ও
ক্রৈলোক্যাধিকার প্রদান করিলেন। ঐ তীর্থ তৈজস নামে প্রসিদ্ধ। হ্ররগণ
ঐ তীর্থে জলাধিপতি বরুণকে অভিষেক করিয়াছিলেন। মহাত্মা বলদেব ঐ
তীর্থে অবগাহন পূর্বেক উগবান কুমারের অর্চনা করিয়া ব্রাহ্মণগণকে হ্বর্ণ ও
বিবিধ বন্ত্রাভরণ প্রদান করিলেন এবং সেই তীর্থের পূজা ও জল স্পর্শ করিয়া
তথায় সেই রজনী অভিবাহন পূর্বেক প্রম পরিতোষ প্রাপ্ত হইলেন।

## অষ্টচন্তারিংশত্তম অধ্যায়।

জনমেজয় কহিলেন,—হে ব্রহ্মন্! গাপনার মুথে কুমারের গভিষেক ও দৈত্যগণের নিধনস্ত্রান্ত গাদ্যোপান্ত তাবণ করিয় আমার গাত্রা পবিত্র, সর্বান শরার রোমাঞ্চিত ও অন্তঃকরণ প্রসন্ম হইল। এক্ষণে বরুণ কি রূপে স্বরগণ কর্ত্বক, অভিষিক্ত হুইয়াছিলেন, তাহ। প্রবণ করিতে একান্ত কৌত্হল হুইভেছে, আপনি উহা কীর্ত্তন করুন।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ ! পুরাতন বিচিত্র কথা প্রাবণ করুন'। সত্যযুগের প্রারম্ভে দেবগণ বরুণ সমীপে সমুপন্থিত হইয়া কহিলেন, হে মহাত্মন্!
দেবরাজ যেমন আমাদিগকে ভয় হইতে পরিত্রাণ করেন, তদ্রুপ তুমি সমুদ্রায়
নদীর অধিপতি হইয়া ভাহাদিগকে রক্ষা কর। ভোমারে সতত সমুদ্রে বাস
করিতে হইবে। সমুদ্র ভোমার বশবর্তী হইবেন এবং চন্দ্রমার হ্রাস রন্ধির '
স্থায় ভোমারও হ্রাস রন্ধি হইবে। বরুণদেব দেবগণের বাক্য প্রবণ করিয়া
তথাস্তা বলিয়া স্বীকার করিলেন। তথন দেবগণ সেই তৈজস তার্থে তাঁহার
অভিষেক পূর্বক তাঁহারে সমুদ্রে নদীর অধিপতি করিয়া স্ব স্থানে প্রস্থান
করিলেন,এবং সমুদ্র তাঁহার বাসস্থান নির্দিষ্ট হইল। মহাত্মা বরুণ এইরূপে
দেবগণ কর্ত্ত্বক অভিষিক্ত হইয়া স্তরপালক শতক্রেত্বর ন্যায় নদ, নদী, সাগর ও
সরোবরদিগকে বিধি পূর্বক পালন করিতে লাগিলেন।

অনস্তর মহাত্মা বলদেব দেই তীর্থ হইতে অগ্নিতীর্থে গমন করিলেন। তগ-বাষ্ ক্তাশন ঐ তীর্থে শমীগর্ভে লুকায়িত হইগাছিলেন। অগ্নির অদর্শনে ত্রিলোকের আলোক বিনষ্ট হইলে দেবগণ দর্বলোকপিতামহ ব্রহ্মার নিকট সমুপন্থিত হইয়া কহিলেন, প্রভে। অগ্নি যে কি নিমিত্ত কোথায় পলায়ন করিয়াছেন, তাহা আমরা কিছুমাত্র অবগত নহি। এক্ষণে আপনি অচিরাৎ অনলের স্থাষ্ট করেন। নচেৎ সমুদায় জগৎ বিনষ্ট হইবে।

জনমেজয় কহিলেন, হে ব্রহ্মন্! ভগবান্ ত্তাশন কি নিমিত্ত লুকায়িত হইয়াছিলেন ! মার কি রূপেই বা দেবগণ তাঁহার অনুসন্ধান পাইলেন।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! মহর্ষি ভৃগু ভ্রাশনকে পর্বভক্ষা হইবে বলিয়া শাপ প্রদান করিলে তিনি ভয়ে পলায়ন করিলেন। ইন্দ্রাদি দেবতাগণ তাঁহার অন্দর্শনে সাতিশয় তুঃখিত হইয়া ইতন্তত তাঁহার অন্মেষণ করিতে লাগিলেন। পরিশেষে তাঁহারা সরস্বতীর সেই তার্থে গমন করিয়া দেখিলেন যে, ভগবান্ ত্তাশন শমীগর্ভমধ্যে সমাসীন রহিয়াছেন। রহম্পতি প্রভৃতি দেবগণ ভ্তাশনের দর্শন লাভে সাতিশয় প্রীত হইয়া পুনরায় য়থাস্থানে গমন করিলেন। অগ্নিও তদবধি ভৃগুর শাপপ্রভাবে স্ক্তিক্ষা হইয়া রহিলেন।

মহাবল পরাক্রান্ত বলরাম দেই ছায়তার্থে স্নান করিয়া ব্রহ্মবোরি তীর্থে গমন করিলেন। পূর্নের সর্বলোক পিতামহ ভগবান্ বিধাতা হুরগণের সহিত ঐ তীর্থে অবগাহন পূর্বেক ভাঁহাদিগের নিমিত্ত বিবিধ তীর্থ নির্মান করিয়াছিলেন। মহাত্মা বলদেব তথায় স্নান ও বিবিধ ধন দান পূর্বেক কৌবের তীর্থে উপস্থিত হইলেন। ঐ তীর্থে কুরেরের মনোহর কানন আছে। মহাত্মা যক্ষরাজ তথায় কঠোর তপোনুষ্ঠান করিয়া নলক্বর নামে পুত্র এবং ধনাধিপত্য, অমরত্ব, লোকপালত্ব ও মহাদেবের সহিত সংগ্রভাব লাভ করিয়াছিলেন। ঐ স্থানে নিধি সমুদায় স্বয়ং তাঁহার সমীপে সমুপস্থিত হইত। দেবগণ ঐ স্থানে আগমন পূর্বেক তাঁহার অভিষেক সম্পাদন করিয়া তাঁহারে হংসসংযুক্ত মনোমারুতগামী পূজ্পক নামে দিব্য বিমান ও দেবোপযুক্ত ঐশ্বর্য প্রদান করিয়াছিলেন। মহাত্মা বলরাম ঐ তীর্থে স্থান ও ব্যহ্মগণণকে বিপুল গুন দান করিয়া সর্ব্ব জন্তু সম্পন্ন বিবিধ ফলপুষ্পযুক্ত বদরপাচন তীর্থে গমন করিলেন। ঐ তীর্থে সর্ব্বেদা ষড় ঋতুর ফল বিরাজমান থাকে।

একোনপঞ্চাশন্তম অধ্যার।

হে মহারাজ ! ঐ সিদ্ধ তাপস সেবিত বদরপাচন তীর্থে মহর্বি ভারম্বাজের

শ্রুষাবতী নামে অসামান্ত রূপলাবণ্যবতী কোমার ব্রহ্মচারিণী কন্যা দেব-রাজের পত্নী হইবার অভিলাষে স্ত্রীজনের চুক্ষর বিবিধ তীব্র নিয়মানুষ্ঠান পূর্ববক কঠোর তপষ্ঠা, করিয়াছিলেন। আন্বাবতী ঐরপে একশত বৎসর তপস্থা করিলে ভগবান্ পাকশাসন তাঁহার চরিত্র, তপস্থা ও ভক্তি দর্শনে প্রীত হইয়া মহর্ষি বশিষ্ঠের রূপ ধারণ পূর্ব্বক তাঁহার আশ্রমে সমুপস্থিত হইলেন। ভার-দ্বাজতনয়। মহাতপা বশিষ্ঠকে অবলোকন পূর্বক তাপদনির্দ্দিষ্ট আচার দ্বারা তাঁহার যথোচিতঃ সংকার করিয়া কহিলেন, ভগবন্! আজ্ঞা করুন, আমারে কি করিতে হইবে। আমি সাধ্যানুসারে আপনার সমুদায় আজ্ঞাই প্রতিপালন করিব ; কেবল ইন্দ্রের প্রতি দৃঢ় ভৃক্তি নিবন্ধন পাণি প্রদান করিতে পারিব না। আমি তপস্থা ও স্থকঠিন নিয়নে ত্রিভুবনেশ্বর বাসরকে প্রীত করিব, এই আমার উদ্দেশ্য। বশিষ্ঠরূপধারী দেবরাজ শ্রুবাবতীর বাক্য প্রাবণে ঈষ্বং হাস্ত করিয়া তাঁহারে নিরীক্ষণ পূর্ববক কহিলেন, স্কুত্রতে ! ভোমার কঠোর তপস্থার বিষয় আমার অবিদিত নাই। তুমি যে অভিপ্রায়ে এই কটিন ব্রতের অনুষ্ঠান করিতেছ তপোবলে অবিলম্বেই তাহা লাভ করিবে। কল্যাণি তপস্থাই মহৎ স্থাধের মূলকারণ; তপোবলেই স্থানেবিত দিব্য স্থান সকল প্রাপ্ত হওয়া যায়। মানবগণ ঘোরতর তপস্থা প্রভাবেই দেহাস্তে দেবত্ব প্রাপ্ত হট্যা থাকেন। এক্ষণে তুমি এই পাঁচটী বদর পাক কর। ভগবান্ পাকশাসন এই বলিয়া সেই ঋষিকস্তারে আমন্ত্রণ পূর্বক তথা হইছে প্রস্থান করিলেন এবং দেই আশ্রামের স্মীপে ইন্দ্রতীর্থ নামক প্রাদেশে গমন পূর্ব্বক শ্রুষবাবতীর ভক্তি পরীক্ষার্থ বদর পাকের ব্যাঘাত করিবার নিমিত্ত জ্বপ করিতে লাগিলেন।

এ দিকে ব্রহ্মচারিণী প্রাণারতী বাগ্যত ও পবিত্র হইয়া দেই পাঁচটী বদর
পাক করিতে আরম্ভ করিলেন। সমস্ত দিবা অবসান হইল, তথাপি বদর
সকল স্থাক হইল না। এইরূপে প্রাণারতা সেই পাঁচটী বদর পাক করত
বহুদিন অভিবাহিত করিলেন। তিনি যে সমুদায় কার্চ্চ সঞ্চয় করিয়াছিলেন,
ক্রমে ক্রমে তাহা সকলই ভস্মদাং হইয়া গেল। তথন ঋষিকতা হতাশন
কার্চ্চশুন্য অবলোকন করিয়া মহর্ষির প্রিয় সাধনার্থ অবিচলিত চিত্তে স্বীয় দেহ
দাহনে প্রবৃত্ত হইলেন এবং প্রথমে হতাশনে পাদস্বয় নিক্ষেপ করিয়া দ্যা

করিতে লাগিলেন। হে মহারাজ! ঐরপ তুক্ষর কার্য্য করাতে তাঁহার চিত্ত কিছুমাত্র বিকৃত বা মুখ বিবর্ণ হইল না। লোকে জলে অবৃগাহন করিয়া যেরপ আহলাদিত হয়, তিনি স্বীয় দেহ প্রজালিত করিয়া তদ্রুপে আহলাদিত হয়, তিনি স্বীয় দেহ প্রজালিত করিয়া তদ্রুপ আহলাদিত হইলেন। তৎকালে বদর দকল পাক করিতেই হইবে, ইহা সতত তাঁহার অন্তরে জাগরুক ছিল। এইরুপে তিনি মহর্ষির বাক্য রক্ষার্থে বদর পাক করিতে লাগিলেন, কিন্তু তৎসমুদায় কোন ক্রমেই স্বপক্ষ হইল না। ভগবান্ হতাশন স্বয়ং তাঁহার চরণদ্বয় দগ্ধ করিতে লাগিলেন। অস্ক দগ্ধ হওয়াতে তাঁহার কিছুমাত্র ত্রুগ হইল না। পরিশেষে দেবরাজ ইন্দ্র শ্রুণবাবতীর সেই অসাধারণ কার্য্য সন্দর্শনে পরম পরিতৃত্ত হইয়া তাঁহারে স্বীয় রূপ প্রদর্শন পূর্বক কহিলেন, হে ব্রক্ষাচারিণী! আমি তোমার ভক্তি, তপোমুষ্ঠান ও নিয়ন দর্শনে পরম পরিতৃত্ত হইয়াছি; তোমার অভিলাষ পরিপূর্ণ হইবে। তুমি দেহ পরিত্যাগ করিয়া স্বর্গে আমার দহিত একত্র বাস করিবে আর এই স্থান বদরপাচন তীর্থ বিলয়া চিরকাল ত্রিলোকমধ্যে খ্যাত রহিবে।

হে মহাভাগে ! সপ্তধিগণ এই কার্পে অরুক্ষতীরে পরিত্যাস করিয়া জীবিকা নির্বাহাপধোগী ফল মূল আহরণার্থ হিমালয়ে গমন করিয়াছিলেন। ঐ সময় ছাদশ বার্ষিকী অনার্ষ্টি সমূৎপন্ন হওয়াতে তাপসগণ তথায় পর্ণকুটীর নির্মান পূর্বক বাস করিতে লাগিলেন। এ দিকে অরুক্ষতীও তপোত্রুষ্ঠানে তৎপর হইলেন। কিয়দিন পরে ভগবান্ ভূতভাবন অরুক্ষতীর কঠোর নিয়ম দর্শনে সাতিশয় প্রীত হইয়া ব্রাক্ষণবেশে তথায় আগমন পূর্বক কহিলেন, কল্যাণি! আমারে ভিক্ষা প্রদান কর। তথন প্রিয়দর্শনা অরুক্ষতী তাঁহারে সন্যোধন পূর্বক কহিলেন, ব্রহ্মন্! আমার সঞ্চিত অন্ধ সমুদায় নিঃশেষিত হইয়াছে, "অতএব আপনি বদর ভক্ষণ করুন্ন। মহাদেব অরুক্ষতীর বাক্য প্রবণে তাঁহারে সেই বদর কল সকল পাক করিতে কহিলেন, তপ্রিনী অরুক্ষতীও ব্রাক্ষণের হিতার্থ প্রস্তুলিত ভূতাশনে দেই ফল পাক করিতে লাগিলেন। ঐ সময় মহাদেব তাঁহার নিকট অতি মনোহর দিব্যু পবিত্র উপাধ্যান সকল কার্ত্তন করিতে আরম্ভ করিলেন। অরুক্ষতী তাঁহার মুগে পবিত্র কথা সকল প্রবণ ও বদর পাক করিতে করিতে সেই ঘাদশ বার্ষিকী অনার্ষ্টি অতিক্রম করিলেন। ঐ ছাদশ বৎসর উল্লের এক দিনের।

খ্যায় বোধ হইয়াছিল। উহার মধ্যে তিনি কিছুই আহার করেন নাই।
অনন্তর সপ্ত্রিগণ ফল পুষ্প আহরণ করিয়া হিমালয় হইতে প্রত্যাগত
হইলেন। তঞ্গন ভগবান ভূতভাবন প্রাত হইয়া মুরুদ্ধতীরে কছিলেন, হে
ধর্মজে ! তুনি পূর্বের ন্যায় ঋষিদিগের নিকট গমন কর। আমি তোমার
নিয়ম ও তপোসুষ্ঠান দর্শনে প্রসন্ধ হইয়াছি। ভূতভাবন ত্রিলোচন এই
বলিয়া আত্মরূপ প্রকাশ পূর্বেক সপ্তর্ষিদিগকে কহিলেন, হে তাপসগণ!
ভোমরা হিমালইয়ে যে তপোসুষ্ঠান করিয়াছ, তাহা অরুদ্ধতীর তপস্থার তুল্য
নহে। ইনি অতি কঠোর তপোসুষ্ঠান করিয়াছেন। অনাহারে পাককার্য্যে
ইঁলার দ্বাদশ বৎসর অতিবাহিত হয়য়ছে।

হে মহারাজ ! ভগবান্ ভূতনাথ মহর্ষিগণকে এই কথা বলিয়া অরুক্ষতীরে কহিলেন, কল্যাণি ! তুমি এক্ষণে অভিলাষাসুরূপ বর প্রার্থনা কর । তখন অরুণলোচনা অরুক্ষতী সপ্তাধিসমক্ষৈ মহাদেবকে কহিলেন, ভগবন্ ! যদি আপনি প্রায় হইয়া থাকেন, তাহা হইলে এই বর প্রদান করুন যেন, এই তার্থ রুদরপাচন নামে প্রসিদ্ধ হইয়া সিদ্ধ ও দেবর্ষিগণের সেবনীয় হয় । আর যিনি পবিত্র হইয়া এই তার্থে তিরোত্র উপবাদ করিবেন, তিনি যেন দাদশ বৎসর উপবাদের ফল লাভে সমর্থ হন । ভগবান্ ভবানীপতি অরুক্ষতীর বাক্য প্রবণে তাহারে তথাস্ত বলিয়া বর প্রদান পূর্বক সপ্তাধিগণ কর্ত্বক পূঞ্জিত হইয়া সর্গে গমন করিলেন । তথন ঋষিগণ ক্ষুৎপিপাদাযুক্ত অরুক্ষতীরে শবি-প্রান্ত ও পূর্বের ভায় রূপলাবণ্য সম্পন্ধ দেখিয়া নিভাস্ত বিশ্বয়াবিষ্ট হইলেন ।

হে ব্রহ্মচারিণি শ্রুণবাবতি ! পুর্বের অরুদ্ধতীও এইরপে তোমার ন্যায় দিদ্ধি লাভ করিয়াছিলেন। কিন্তু তুমি তাঁহা অপেকা তপস্থায় বিশেষরূপ যত্ন করিয়াছ। আমি তোমার নিয়ম দর্শনে পরম পরিতৃষ্ট হইয়াছি। একণে তোমারে আর এক বর প্রদান করিতেছি যে, যিনি এই তীর্থে অবগাহন পূর্বেফ সংঘত হইয়া এক রাত্রি বাস করিবেন, তিনি দেহাবসানে স্বর্গলোকে বাস করিতে সমর্থ হইবেন।

হৈ মহারাজ! দেবরাজ ইন্দ্র শ্রেকার্যতীরে এইরূপ বর প্রদান করিয়। দেবলোকে গমন করিলেন। স্বর্গ হইতে পুষ্পার্থ্টি নিপতিত, পবিত্র গদ্ধযুক্ত সমীরণ প্রবাহিত ও মহাশব্দে দেবতুক্তি সকল নিনাদিত হইতে লাগিল। তপ্সিনী আচ্বাবতীও কলেবর প্রিত্যাগ পূর্ব্বক দেবরাজের সহধর্মিণী হইয়া তাঁহার সহিত পরম স্থথে ক্রীড়া করিতে লাগিলেন।

জনমেজয় কহিলেন, ভগবন্ ! প্রাথাবতী কোন্ স্থানে পরিবন্ধিত হইয়া-ছিলেন ? আর তাঁহার মাতাই বাকে ? ইহা প্রবণ করিতে আমার নিতান্ত কৌভূহল হইতেছে।

বৈশপ্পায়ন কহিলেন, মহারাজ ! একদা আয়তাকী স্থতাচী অপ্সরারে দর্শন করিয়া মহিদি ভারদ্বাঞ্জের রেতঃপাত হয় । মহিদি কর দ্বায়া দেই রেত গ্রহণ পূর্বেক পত্রপুটে দংস্থাপন করেন । দেই পত্রপুটে প্রুণবাবতীর জন্ম হয় । তপোধন ভারদ্বাজ তাঁহার জাতকর্মাদি সমাপন করিয়া দেবধিগণ সমক্ষে প্রুণবাবতী নাম রাথিয়াছিলেন । কিয়দ্দিন পরে তিনি তাঁহারে স্বায় আপ্রমে রাথিয়া হিমালয়ে গমন করেন ।

হে মহারাজ ! রুঞ্চিপ্রবর বলদেব সেই বদরপাচন তীর্থের সলিল স্পার্শ করিয়া ব্রাহ্মণগণকে বিপুল ধন দান পূর্ববিক ইন্দ্র তীর্থে যাত্র। করিলেন।

#### পঞ্চাশন্তম অধ্যায়।

হে মহারাজ ! রফিবংশাবতংস বলদেব ইন্দ্রতীর্থে সমুপস্থিত হইয়া যথাবিধি অবগাহন পূর্বক বিপ্রাপকে বিবিধ ধনরত্ব প্রদান করিলেন । ঐ তীর্থে
ভগবান্ অমররাজ বেদবিধানানুসারে শত অশ্বনেধ যজ্ঞ সমাপন পূর্বক বহস্পাতিরে বিপুল ধন প্রদান করিয়া শতক্রত্ব নামে বিখ্যাত হইয়াছেন । দেবরাজ
ঐ স্থানে যজ্ঞানুষ্ঠান করাতে উহা সর্ব্বপাপবিনাশন পবিত্র ইন্দ্রতীর্থ নামে
প্রান্ধি হইয়াছে । মহাত্মা বলদেব ঐ তীর্থে স্নান ও বিজ্ঞগণকে গ্রাসাচহাদন
প্রদান পূর্বক পূজা করিয়া রামতীর্থে প্রস্থান করিলেন । মহাতপা ভগবান্
পর্ক্তরাম একবিংশতি বার পৃথিবী নিঃক্ষত্রিয় করিয়া স্বীয় উপাধ্যায় মুনিবর
ক্ষাপ্রসম্পন্ধ সমুদায় ভূমণ্ডল দক্ষিণা প্রদান পূর্বক বনে গমন করিয়াছিলেন ।
মহাত্মা বলদেব সেই দেবত্রক্ষরিসেবিত পুণ্যতীর্থে মুনিগণকে অভিবাদন পূর্বক
যমুনা তীথে সমুপস্থিত হউলেন । তথায় অদিতিনন্দন মহাত্মা বরুণ দেবগণ ও
মানবগণকে পরাজয় করিয়া রাজসুয় যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন । হে মহারাজ !
সেই যক্ক আরক্ক ইইলে ত্রিভুবন ভয়াবহ দেবদানব সংগ্রাম এবং উহা সমাপ্র

হউলে ক্ষত্রিয়গণের ঘোরতর যুদ্ধ সমুপস্থিত হয়। মহাস্থা বলদেব ঐ তীর্থেও মুনিগণের স্থানিন করিয়া যাচকদিগকে অর্থ দান ও তাপদদিগের স্থাতিবাদ শ্রেব প্র্বিক আদিত্যতীর্থে গমন করিলেন। ঐ স্থানে ভগবান্ ভাক্ষর যজ্ঞাসুষ্ঠান করিয়া সমুদায় জ্যোতির আধিপত্য ও মাহাস্থা প্রাপ্ত হইয়াছিলেন। হে মহারাজ! ঐ তার্থে ভগবান্ বেদব্যাদ, শুকদেব, বাহ্নদেব এবং ইন্দ্রাদিদেবতা, বিশ্বদেব, মরুৎ, গঙ্কুর্বে, অক্ষরা, যক্ষ, রাক্ষদ, পিশাচ ও দিদ্ধগণ নিরম্ভর বিস্তামন রহিয়াছেন। প্রেকালে ভগবান্ বিষ্ণু মধুকৈটভ নামে অন্তরম্বয়কে নিপাতিত করিয়া ঐ তার্থে অবগাহন করিয়াছিলেন। ধন্মাস্থা বেদব্যাদ ঐ তীর্থে স্থান করিয়া দিদ্ধ হইযাছেন এবং মহাতপ। অদিতদেবল ঐ তার্থে পরম যোগ লাভ করিয়াকেন।

### একপঞ্চাশন্তম অধ্যায়।

হে মহারাজ! পূর্বকালে অসিতদেবল নামে শুদ্ধাচারা জিতেন্দ্রিয় তপোধন গাহ স্থা ধন্ম অ্ভাগ করিয়া ঐ তার্থে অবস্থান করিতেন। কি ানন্দা, নিক স্তাতিবাদ, কি প্রিথ, কি মপ্রিয়, কি কাঞ্চন, কি লোষ্ট্র, সকলেতেই তাঁহার সমভাব ছিল। তিনি প্রতিনিয়ত দেবারাধনা, গতিপিসেবা ও দকল প্রাণীরে তুলা জ্ঞান করিতেন। কিয়ন্দিন পরে জৈগীযব্য নামে এক মহষি ঐ তীর্ষে আগমন পূর্বক দেবলের আশ্রমে বাস করিয়া সিদ্ধি লাভ করিলেন। মহাত্ম। দেবল মহিদ কৈগীধব্যকে সিদ্ধ হইতে দেখিলেন, কিন্তু স্বয়ং সিদ্ধি লাভে সমর্থ হইলেন না। এইরূপে বহুকাল অতীত হইলে একদা মহামতি দেবল হোমাদি সময়ে কৈগীযব্যকে দেখিতে পাইলেন না। কিয়ৎক্ষণ পরে ভিক্ষার সময়ে জৈগীষব্য ভিক্ষকরপে দেবলের নিকট সমা-গত হুইলেন। দেবল তাঁহারৈ সমুপস্থিত দেখিয়া পরম সমাদর পুর্বাক প্রীতি সহকারে যথাশক্তি পূজা করিতে লাগিলেন। এইরূপে বহুকাল অতীত হইলে 'একদা দেবল মহর্ষি জৈগীবব্যকে নিরীক্ষণ করিয়া মনে মনে চিন্তা করিলেন, আমি বন্ধু বংসর এই ভিকুকের পূজা কর্ণরলাম; কিন্তু ইনি কি অলস । ইহার মধ্যে আমারে কোন কথাই কহিলেন না। ধীমান দেবল এইরূপ চিন্তা করিতে করিতে কলস গ্রহণ পূর্বক আকাশমার্গে উত্থিত হইয়া সাগরে গমন করিলেন এবং তথায় উপস্থিত হইবামাত্র দেখিলেন যে.

জৈগীষব্য অত্যেই ঐ স্থানে উপনীত হইয়াছেন। তথন মহর্ষি দেবল একান্ত বিশ্বয়াপন হইয়া চিন্তা করিতে লাগিলেন যে, এই ভিক্ষুক কি রূপে এত শীত্র এই স্থানে আগমন ও স্নান করিলেন। মহর্ষি এইরূপ চিন্তা করত সমুদ্রে অবগাহন এবং জ্বপ আহ্নিক সমাপন পূর্বক জলপূর্ণ কলদ গ্রহণ করিয়া স্বীয় আশ্রমে গমন করিলেন। তথায় প্রবিষ্ট হইবামাত্র দেখিলেন, মহাত্রপন্বী জৈগীষব্য কার্ছের ন্যায় আশ্রমে সমাসীন রহিয়াছেন। কোন ক্রমেই কোনরূপ বাক্যালাপ করেন না। তথান অসিত দেবল জৈগীষব্যের তপ্তপ্রভাব সন্দর্শনে বিশ্বিত হইয়া মনে মনে চিস্তা করিতে লাগিলেন যে, এই মাত্র ইংবরে সমুদ্রে স্নান করিতে দেখিয়াছি, ইনি ইতিমধ্যে কিরূপে আশ্রমে প্রবেশ করিলেন।

মস্ত্রপারগ মহর্ষি দেবল মনে মনে এইরূপ চিন্তা করিয়া জৈগীষব্যের বুত্তান্ত জ্ঞাত হইবার নিমিত্ত আশ্রেম হইতে অন্তরীক্ষে উথিত হইলেন একং দেখিলেন, অন্তরীক্ষচারী যাবতীয় সিদ্ধ সমাহিত হইয়া জৈগীষব্যকে পূজা করিতেছেন। মহর্ষি দেবল তদ্দর্শনে সাতিশয় ক্রদ্ধ হইয়া উঠিলেন এবং জৈগীধব্যকে তথা হইতে পিতৃলোকে, পিতৃলোক হইতে যমলোকে, যমলোক হইতে সোমলোকে, সোমলোক হইতে খগ্নিহোত্ত, দর্শ পৌর্ণমাদ, পশুষজ্ঞ, চাতুর্মাস্ত্র, অগ্লিষ্টোম, অগ্লিষ্ট্ভ, বাজপেয়, রাজসূয়, বহুস্বর্ণক, পুগুরীক, অশ্বমেধ, নরমেধ, দর্কমেধ, দৌত্রামণি ও দ্বাদশাহ প্রভৃতি বিবিধ সত্রযা-জীপিগের লোক সমুদায় এবং তৎপরে মিত্রাবরুণস্থান, রুদ্রন্থান, বহুস্থান, রুহস্পতিস্থান, গোলোক, ব্রহ্মদত্রীদিগের লোক ও তদনস্তর অভান্য তিন লোক অতিক্রম করিয়া পতিব্রতানিদেবিত লোকে গমন করিতে দেখিলেন। পরিশেষে মহাত্মা জৈগীষব্য তথা হইতে যে কোনু স্থানে অন্তর্হিত হইলেন, দেবল তাহার কিছুমাত্র অনুসন্ধান পাইলেন না। তথন তিনি জৈগীষ্ট্রের তপঃপ্রভাব ও অসামান্য যোগসিদ্ধি অবলোকনে বিশ্বয়াপন্ন হইয়া কুতাঞ্জলিপুটে ব্ৰহ্মসত্ত্ৰযাজী লোকভোষ্ঠ সিদ্ধগণকে জিজ্ঞাসা করিলেন, হে মহাপুক্তৰগণ! আমি কি নিমিত্ত আর জৈগীষব্যের সক্ষর্শন পাইতেছি না, ইহা শ্রেবণ করিতে আমার নিতান্ত কৌতৃহল হইতেছে। আপনার। ঐ রুভান্ত কীর্ত্তন করিয়া आयात मत्मर ७अन कक्रन। मिक्रभण कहित्तन. (र त्मवत । यहर्षि देस्भीवतः সারস্বত ব্রহ্মলোকে গমন করিয়াছেন। হে মহারাজ ! মহর্ষি দেবল সেই সিদ্ধ-

গণের বাক্য প্রবণানম্ভর ব্রহ্মলোকস্থ জৈগীষব্যকে দর্শন করিবার মানদে উর্দ্ধে উত্থিত হইবামাত্র নিপতিত হইলেন। তথন দিদ্ধ পুরুষেরা পুনরায় তাঁহারে কহিলেন, মহর্ষ ! জৈগীষণ্য এক্ষার সদনে গমন ক্রিয়াছেন, ভূমি কোন ক্রমেই তথায় গমন করিতে পারিবে না। মহষি দেবল সিদ্ধপুরুষদিগের বাক্য শ্রবণে ব্রহ্মালোক গমনে নিরস্ত হইয়া যথাক্রমে সেই সমুদায় লোক হইতে অব-তরণ পূর্ববিক পাতক্ষের ন্যায় দ্রুতবেণে স্বীয় পবিত্র মাশ্রেমে মাগমন করিলেন এবং দেখিলেন; মহাষ' কৈগীষব্য পূর্বের ন্যায় তথায় অবস্থান করিতেছেন। তখন তিনি স্বীয় ধর্মানুগত বুদ্ধিরতি প্রভাবে মহর্ষি জৈগাষব্যের তপঃপ্রভাব অবগত হইয়া তাঁহারে অভিবাদন পূর্বক বিনীতভাবে কহিলেন, ভগবন্ ! আমি মোক্ষণর্ম গ্রহণ করিতে বাঞ্ছা করি। মহণি জৈগীষরা দেবলের বাক্য এবণে তাঁহারে মোক্ষ ধর্ম গ্রহণে কুত্রিশ্চয় অবগত ইইয়া শাস্ত্রাকুসারে যোগবিধি ও কর্ত্তব্যাকর্ত্তব্যের উপদেশ প্রদান পূর্বক তৎকালোচিত ক্রিয়াকলাপ সমাধা করিলেন। পিতৃগণ ও অন্যান্য প্রাণিগণ দেবলকে তদসন্থাপন দেখিয়া, কে আমাদিগকে অল্ল দান করিবে বলিয়া রোদন করিতে লাগিলেন। মহাত্মা দেবল চতুদ্দিকে প্রাণিগণের সেই কাতরোক্তি শ্রবণ করিয়া মোক্ষধর্ম পরিত্যাগ করিতে ইচ্ছা করিলেন। তথন পণিত্র ফল মূল ও ওষধি সমুদায় দেবলকে মোক্ষধর্ম পরিত্যাগে সমুস্তত দেখিয়া, "ত্ববুদ্ধি দেবল পুনরায় আমাদিগকে ছেদন করিবে, মোক্ষধন্ম গ্রহণ করিলে বে, সমুদায় প্রাণীরে অভয় প্রদান করা হয়, ইহা উহার বোধগম্য হইতেছে না'' এই বলিয়া রোদন করিতে লাগিল। মহর্ষি দেবল তাখদিগের রোদনধ্বনি প্রাবণে মনে মনে চিন্তা করিলেন, . একণে কি করি ! গার্হস্তা ও মোক্ষ ধর্মের মধ্যে কোন্ধর্ম শ্রেষকর ? তিনি কিয়ৎক্ষণ এইরূপ বিচার ১করিয়া পরিশেষে গার্ছ স্থা পরিভাগে পূর্ববক মোক্ষ ধর্ম্ম অবলম্বন করিলেন এবং স্বীয় চিত্তের একাগ্রতা প্রভাবে মচিরাৎ পরম রয়োগ ও সিদ্ধি লাভ করিলেন।

তথন বৃহস্পতি প্রভৃতি স্থ্রগণ দেবলের আশ্রানে দ্যাগত হইয়া মহিষি জৈগীষব্য ও তাঁহার তপস্থার যথেষ্ট প্রশংসা করিতে লাগিলেন। ঐ সময় তপোধনাগ্রগণ্য গালব অমরগণকে কহিলেন, ফে দেবগণ। জৈগীষব্য দেবলকে বিশ্বায়াবিষ্ট করিয়াছিলেন; অতএব উঁহার কিছুমাত্র তপোবল নাই। তথন দেবগণ গালবকে কহিলেন, হে মুনিবর ! ওরূপ কথা কহিবেন না। মহাত্মা জৈগীষব্যের তুল্য কাহারও প্রভাব, তেজ, তপস্থা বা যোগবল নাই। হে মহারাজ ! মহর্ষি জৈগীষব্য ও দেবল আদিত্যতীর্থে যোগামুষ্ঠান পূর্বক এইরূপ প্রভাবশালী হইম্নাছিলেন। মহাত্মা বলদেব ঐ তীর্থে অবগাহন ও দ্বিজ্ঞগণকে প্রভূত ধন দান পূর্বক প্রম ধর্ম লাভ করিয়া সোমতীর্থে প্রস্থান করিলেন।

#### দিপঞ্চাশত্তম অধ্যায়।

হে মহারাজ ! ঐ সোমতীর্থে ভগবান্ চন্দ্রমা রাজসূয় ইন্ডের অনুষ্ঠান করিয়াছিলেন। ঐ তীর্থেই তারকাস্থরের ঘোরতর সংগ্রাম হইয়াছিল। ধর্মাত্মা বলদেব সেই সোমতীর্থের জল স্পর্শ করিয়া ব্রাহ্মণগণকে বিপুল ধন দান পূর্বেক সারস্বত মুনির তার্থে গমন করিলেন। পূর্বের দ্বাদশবাধিকী অনার্ষ্টি অতীত হইলে সারস্বত মুনি ঐ তীর্থে ব্রাহ্মণগণকে বেদাধ্যয়ন করাইয়াছিলেন।

জনমেজয় কহিলেন, হে তপোধন! সারস্বত মুনি কি নিমিত্ত দাদশ-বার্ষিকী অনার্ষ্টি অতীত হইলে ঋষিগণকে বেদাধ্যয়ন করাইয়াছিলেন?

বৈশপায়ন কহিলেন, হে মহারাজ । পূর্বের্ব দ্বীচ নামে এক অসাধারণ ধীশক্তি সম্পন্ন মহাতপা ব্রহ্মচারী জিতেন্দ্রিয় তপোধন ছিলেন । দেবরাজ ইন্দ্র তাঁহার তপাঞ্জাবে ভীত হইয়া তাঁহারে বহুবিধ বর প্রদান ছারা তপস্থা হইতে নিরস্ত করিতে চেন্টা করিলেন ; কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইলেন না। পরিশেষে তিনি মহর্ষির তপস্থার ব্যাঘাতার্থ অলম্বুয়া নামে এক লোচন-লোভনীয়া অপ্সরারে প্রেরণ করিলেন। মহর্ষি দ্বীচ সরস্বতীজ্পলে দেবগণের তর্পন করিতেছেন, এমন সময়ে সেই বিলাদিনী তথায় সমুপস্থিত হইল। অপ্সরার অলোকসামান্ত রূপ দর্শনে মহর্ষির রেতঃপাত হইল। সরিদ্ধরা সরস্বতী পুজ্র প্রসব করিবার নিমিত্ত সেই বার্য্য গ্রহণ করিয়া মহা আহলাদে আপনার উদরে ধারণ করিবার নিমিত্ত সেই বার্য্য গ্রহণ করিয়া মহা আহলাদে আপনার উদরে ধারণ করিলেন। অনস্তর তিনি ঘথাযোগ্য সময়ে পুজ্র প্রসব করিয়া তাহারে গ্রহণ পূর্বেক মহার্ষ দ্বীচের সমীপে সমুপস্থিত হইয়া কহিলেন, মহর্ষে। পূর্বেব অলম্বুয়া স্পান্ধরের অবলোকন করিয়া আপনার রেতঃপাত হইলে আমি সেই বার্য্য রুথা নফ্ট.হইবার নহে বিবেচনা করিয়া ভক্তি পূর্বক উদরে ধারণ করিয়াছিলাম। সেই রেতঃপ্রভাবে এই পুজ্র উৎপন্ন হইয়াছে; অতথব এ আপনার পুজ্র, আপনি ইহারে গ্রহণ কর্কন। সরিদ্ধরা সরস্বতী

এইরূপ কহিলে মহর্ষি পুত্র গ্রহণ পূর্বক তাহার মস্তক আন্ত্রাণ ও তাহারে দীর্ঘকাল আলিঙ্গন করিয়া মহা আহ্লাদে এই বর প্রদান করিলেন যে, হে স্নত্রেণ! বিশ্বদেব, পিতৃ, গন্ধনিব ও অপ্লারগণ তোমার সলিলে তর্পণ করিয়া পরম প্রীতি লাভ করিবেন। মহর্ষি দগীচ সরস্বতীরে এইরূপ বর প্রদান পূর্বক তাঁহার স্তব করত কহিলেন, হে মহাভাগে! তুমি ব্রহ্মার মানদ সরোবর হইতে সমুৎপদ্ম হইয়াছ; ব্রত্থারী মুনিগণ সকলেই তোমার মহিমা অবগত আছেন। তুমি সত্রত আমার প্রিয়কার্য্য সাধন করিয়া থাক; অত্রব এই পুত্র মহাতপা হইয়া তোমার নামানুসারে সার্বত নামে বিখ্যাত হইবে। এই সারস্বত দাদশবার্যিকী অনার্স্তি উপস্থিত হইলে ব্রহ্মার্ষ্যগণকে বেদাধ্যুমন করাইবে। আর তুমি আমার প্রসাদে সমুদায় নদী অপেক্ষা পবিত্র হইবে। হে মহারাজ! সরিদ্রা সরস্বতী মহর্ষি দ্বীচের নিকট এইরূপ বর প্রাপ্ত ও তৎকর্তৃক সংস্তত হইয়া পুত্র গ্রহণ পূর্বক মহা আহ্লাদে তথা হইতে অপস্ত হইলেন।

কিয়াদ্দন পরে দানবদিগের সহিত দেবগণের বিরোধ উপস্থিত হইলে দেবরাজ ইন্দ্র সন্ত্র শর্মণ পূর্ণকি ত্রৈলোক্য বিচরণ করিতে লাগিলেন। কিন্তু কুত্রাপি দানব বধোপথোগাঁ গন্ত্র প্রাপ্ত হইলেন না। তথন তিনি স্থর-গণকে কহিলেন, হে দেবগণ! গামি দধাচ মুনির আন্থ ব্যতীত দেবদেউা-দিগের বিনাশে সমর্থ ইইব না। অতএব তোমরা সকলে দধীচের নিকট গমন পূর্বক শক্র বিনাশার্থ ভাঁহার অন্থ প্রার্থনা কর। অনন্তর দেবগণ ইল্রের আদেশাকুসারে দধীচ মুনির সমীপে সমুপস্থিত ইইয়া যত্রপূর্বক অন্থ প্রার্থনা করিলে তিনি অবিচারিত চিত্তে কলেবর পরিত্যাগ করিয়া অক্ষয় লোক প্রাপ্ত ইইলেন। স্থররাজ পুরন্দরও মহা আহ্লাদে সেই অন্থ দারা বজ্র, চক্রে, গদা ও গুরুতর দণ্ড প্রভাতি বিবিধ দিব্যাস্ত্র নির্মাণ করিলেন। হে মহারাজ! মহাত্মা দধীচ প্রজাপতিপুক্র মহর্বি ভ্ঞর তীব্র তপঃ প্রভাবে সমূৎপন্ন ইইয়াছিলেন। উনি হিমালয়ের তায় উন্নত ও মহা গৌরবান্থিত ছিলেন। ভগবান্ পাকশাসন উহার তেজঃপ্রভাবে সত্ত উদ্বেজিত ইইতেন। মহারাজ! এক্ষণে তিনি ভাঁহার অন্থি দারা বজ্র নির্মাণ পূর্বক দেই ব্রহ্মাতেজান্তব অশ্বনি মন্ত্রপূত্র করিয়া একোনশত দৈত্যের প্রাণ সংহার করিলেন।

অনস্তর কিয়ৎকাল অতীত হইলে দ্বাদশবার্ষিকী অনার্ষ্টি উপস্থিত

হইল। তথন মহর্ষিগণ একান্ত ক্ষুধার্ত হইয়া জীবিকা লাভার্থ চতুদ্দিকে গমন করিছে লাগিলেন। ঐ সময় সারম্বত মুনিও আহারাম্বেষণে গমনোতত হইলে সরম্বতী তাঁহারে সম্বোধন পূর্বক কাহলেন, বংস! তোমার এখান হইতে প্রস্থান করিবার,প্রয়োজন নাই। তুমি এই স্থানে অবস্থান কর। আমি তোমার আহারের নিমিত্ত সতত বুহুৎ বুহুৎ মংস্থা প্রদান করিব। সরম্বতী এইরূপ কহিলে মহাত্মা সারম্বত তথায় অবস্থান পূর্বক মংস্থাহারে প্রাণ ধারণ করিয়া দেবত্রপণি, পিতৃত্রপণি ও বেদ পাঠ করিতে লাগিলেন।

অনস্তর সেই অনার্ষ্টি অতীত চইলে মুনিগণ পুনরায় আপনাদিগের আশ্রমে মিলিত হইলেন। তাঁহারা ক্ষুৎপিপাদায় কাত্র হইয়া ইতস্তত পর্যাটন করিয়া সকলেই বেদপাঠ, বিস্মৃত হটগাঢ়িলেন। এক্ষণে পরস্পার পরস্পারকে বেদ অধ্যয়ন করাইতে অনুরোধ করিতে লাগিলেন। কিন্তু কেচ্ই বেদাধ্যাপনে সমর্থ হইলেন না। পরিশেষে একজন মহ্যি যদুচ্ছাক্রমে ঋষসভ্য সারস্বতের সমীপে সমুপস্থিত হটয়। দেখিলেন, নহ্যি দারস্বত অনর্গল বেদ পঠ করিশেছেন। তথন তিনি তথা এটতে প্রত্যাগ্যন পূর্ব্যক ঋষিগণকে কহিলেন যে, একজন মহয়ি নির্জ্জনে বেদ পাঠ করিতেছেন। ঋষিগণ ভাঁহার বাক্য শ্রুবণে সকলে সমনেত হুইয়া সারস্বতের সমীপে গমন পূর্বক কহিলেন, মহর্ষে! আমাদিগকে বেদ অধ্যয়ন করাও। দারস্বত কহিলেন, হে তপো-ধনগণ ! তোমরা যথানিয়মে আমার নিকট শিষ্যত্ব স্বীকার কর। তথন মুনিগণ কহিলেন, বৎদ ! তুমি নিতান্ত বালক ; আমরা কিরাপে তোমার শিষ্য হইব। সারস্বত কহিলেন, হে তাপদগণ! ধর্ম রক্ষা করা আমার অবশ্য কর্ত্তব্য। অধর্মানুসারে অধ্যাপন ও অধ্যয়ন করিলে অধ্যাপক ও ছাত্র উভয়েই পাপগ্রস্ত বা বৈরভাব প্রাপ্ত হইয়া থাকে। বিশেষত বয়োবাহুল্য, পলিত, বিত্ত বা বান্ধব প্রভাবে ঋষিগণের মহত্ত্ব লাভ হয় না ; আমাদের মধ্যে যিনি ষড়ঙ্গ বেদাধ্যাপনে স্থানিপুণ, তিনিই মহান বলিয়া পরিগণিত।

তথন ষষ্টি সহস্র তাপস মহিষ সারস্বতের বাক্য প্রবণে শিষ্যত্ব স্বীকার করিয়া তাহার নিকট বেদাধ্যয়ন পূর্বকি পুনরায় ধর্মানুষ্ঠান করিতে লাগি-লেন। তাঁহারা প্রতিদিন সেই বালকের মাসনের নিমিত্ত এক এক মৃষ্টি কুশা স্থাহরণ করিতেন। মহারাজ। বাস্থদেবাগ্রজ মহাবল পরাক্রান্ত বলদেব সেই সারস্বত মুনির তার্থে বিপুল ধন দান করিয়া মহা আহলাদে স্থাসন্ধ র্দ্ধক থক তীর্থে গমন কবিলেন। ঐ তীর্থে একজন কুমারী র্দ্ধাবস্থা পর্যন্ত অন্ঢাবস্থায় তপস্তা করিয়াছিলেন।

#### ত্রিপঞ্চাশন্তম অধ্যায়।

জনমেজয় কহিলেন,—ব্রক্ষন ! আপনার মুথে অতি স্তত্ত্বর বিষয় প্রবণ করিলাম। এক্ষণে সেই কুমারা কি কারণে কি রূপে তপস্থা ও নিয়মাসুষ্ঠান করিয়াছিলেন, সংসমুদীয় কীর্ত্তন করুন।

বৈশস্পায়ন কহিলেন, মহারাজ! পূর্বিকালে কুণিগর্গ নামে এক তপো-বল সম্পন্ন মহায়শা মহর্ষি ছিলেন। তিনি তপোবলে এক প্রমরূপবতী মানদী-কলার স্ত্রিকরেন। কিয়দ্দিন পূরে মুনিবর কলেবর পারভ্যাগু পূর্বক স্বর্গা-রোহণ করেলে তাঁহার ভুহিতা তপোনুষ্ঠান নিরত হইয়া উপবাস করত বহু-কাল দেবতা ও পিতৃগণের পূজা করিলেন। পূর্বের তাঁহার পিতা তাঁহার পরিণয়ের কথা উত্থাপন করিয়াছিলেন, কিন্তু তিনি সাপনার অকুরূপ পতির সভাবে, তাহাতে অসম্মতি প্রদর্শন কুরেন। এক্ষণে তিনি নির্জ্জন বনে তপো-মুষ্ঠান পূর্ব্বক কলেবর শীর্ণ করিয়াও আপনারে কুতার্থ বোধ করিতে লাগি-লেন। এইরপে তপোমুষ্ঠান করিতে করিতে তাঁহার বার্দ্ধক্য দশা উপস্থিত হুটলে ক্রমে ভাঁহার আর পদ স্ঞালনের সাম্প্র রহিল না। তথন তিনি পর-লোকে গমন করাই কর্ত্তব্য বলিয়া বিবেচনা করিলেন। ঐ সমগ্র তপোধনা গ্রগণ্য নারদ তাঁহারে শরীর পরিত্যাগে সমুদ্যত দেখিয়া তাঁহার সমাপে আগমন পূর্বক কহিলেন, কল্যাণি! দেবলোকে শ্রবণ করিয়াছি, অনূঢ়া কতার কোন লোকেই গমন করিতে অধিকার নাই। তুমি কেবল তপঃসঞ্চয়ই করিয়াছ; কিন্তু তথাপি তোমার কোন লোকে গমন করিবার ক্ষমতা হয় নাই 🚛 সতএব কি রূপে পরলোকে যাত্র। করিবে।

তাপেদী নারদের বাক্য প্রবণে ঋষিদমাজে গমন পূর্বক কহিলেন, হে তপোধনগণ! লাপনাদের মধ্যে বিনি লামার পাণিগ্রহণ করিবেন, আমি তাঁহারে স্বায় তপস্থার অদ্ধাংশ প্রদান করিব। তথন গালবকুমার মহর্ষি শৃঙ্গবান্ কহিলেন, স্থলরি! যদি তুমি লামার সংবাদে এক রাত্রে লাভিবাহিত করিবে স্বীকার কর, তাহা হইলে লামি তোমার পাণিগ্রহণ করিতে পারি। রুদ্ধ কন্থা শুঙ্গবানের বাক্য শ্রাবণে তথাস্ত বলিয়া অঙ্গীকার করিলেন। তথন গালবপুত্র বিধি পূর্ববক হুতাশনে স্বাহৃতি প্রদান করিয়া তাপদীর পাণিগ্রহণ করিলেন। অনস্তর রজনী সমাগৃত হইলে ঐ বুদ্ধা দিব্যাভরণভূষিতা দিব্যগন্ধানুলেপনা নবযৌবনা কাঘিনীর রূপ ধারণ পূর্বক খাষিকুমারের সহবাদে প্রবৃত্ত হইলেন। গালবনন্দন পত্নীর অসামান্ত রূপমাধুরী নিরীক্ষণ পূর্বক তাঁহার সহিত পর্ম স্থাে যাণিনী অতিবাহিত করিলেন। রজনী প্রভাত হইলে তাপসকুমারী গাতো-খান পূর্বক ঋষপুত্রকে কহিলেন, ব্রহ্মন্! আমি আপনায় সহিত যে নিয়ম করিয়াছিলাম, তাহা প্রতিপালন করিলাম। এক্ষণে প্রস্থান করি, খাষিক্তা এই বলিয়া তথা হইতে বহিৰ্গমন সময়ে পুনৱায় কহিলেন, যে ব্যক্তি এই তীৰ্থে এক মনে দেবতাদিগের তর্পন করিয়া এক রাত্রি বাস করিবেন, ভাঁহার অফ-পঞ্চাশৎ বৎসরব্যাপী ব্রহ্মচর্য্যের ফল লাভ হইবে। হে মহারাজ! তাপসত্রহিত। এই কথা বলিয়া কলেবর পরিত্যাগ পূর্ণবিক স্বর্গারোহণ করিলে গালবনন্দন তাঁহার সৌন্দর্য্য স্মরণে নিতান্ত তুঃখিত হইলেন এবং অতি কন্টে তাঁহার তপদ্যার অদ্বাংশ প্রতিগ্রহ করিয়া প্রাণ পরিত্যাগ পূর্বক পত্নীর মুনুগ্যন করিলেন। মহারাজ। এই আমি রুদ্ধ ক্যার চরিত্র, ব্রহ্মচর্য্য ও স্বর্গারোহণ বৃত্তান্ত কার্ত্তন করিলাম। মহাত্ম। বলদেব দেই বৃদ্ধকন্মক তার্থে দিজগণকে বিবিধ ধন দান করেন। ঐ স্থানেই তিনি মদ্ররাজ শল্যের নিধন বৃত্তান্ত তাবণ করিয়া নিতান্ত শোকসন্তপ্ত হন। অবশেষে সমন্তপঞ্চক সমুপন্থিত হইয়া ঋষিগণকে কুরুক্কেত্রের ফল জিজ্ঞাসা করাতে তাঁহারা তাঁহারে আদ্যোপান্ত সমূদায় কহিতে লাগিলেন।

### চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

মহর্ষিগণ কহিলেন,—হে হলায়ুধ! সমন্তপঞ্চক প্রজাপতির উত্তরবেদি বলিয়া অভিহিত হইয়া থাকে। পূর্বে মহাবরপ্রদ দেবগণ ঐ স্থানে যজ্ঞানুষ্ঠান করেন। অসাধারণ ধীশক্তিসম্পন্ন অমিততেজা কুরুরাজ ঐ স্থান কর্ষণ করিয়া-ছিলেন বলিয়া উহা কুরুক্ষেত্র নামে প্রাসিদ্ধ হইয়াছে।

বলদেব কহিলেন, হে তপোধনগণ! কুরুরাজ কি নিমিত্ত এই ক্ষেত্র কর্ষণ করিয়াছিলেন, তাহা শ্রবণ করিতে আমার নিতান্ত বাসনা হইতেছে ৷ ১ মহর্ষিগণ কহিলেন, হে রোহিণীনন্দন! পূর্ববিকালে কুরুরাজ এই ক্ষেত্র কর্যণ

কাবতে আবস্তু কবিলে দেববাজ ইন্দ্র স্বর্গ হইতে তাহার সমাণে সমুপস্থিত ২ইযাজিজ্ঞান। কবিলেন, বাজন। তুমি কি গভিপ্রাণে প্রম্যাত্র এই ভূমি কর্ষণ কবিতেছ ? কুরুবাজ কহিলেন, (১ পুরন্দর। যে সকল ব্যাক্ত এই ক্ষেত্রে কলেবৰ পৰিত্যাগ ক'বৰে, •াহাৰা ছাত্র স্কানিম্মল স্কাঁলোকে গমন কবিতে সমর্থ হউবে। আমাব ভাম ক্যবেব এই উদ্দেশ্য। স্তববাজ কুক-বাজেব বাক্য ভাবণে ভাষাৰে উপখাস কবিষা স্বৰ্গে গমন কবিলেন। মহাপতি কুক ইন্দ্রের উপীহাদে কিছুমান তুর্গত না হট্যা একার্মনে ভূমি ক্ষণ কবিতে লাগিলেন। দেববাজ ইন্দ্র ঐ ক্রেণ বাব বার কুক্ব সমাপে আগমন পূৰ্বক ভাহাৰ অধ্যবসায়েৰ উদ্দেশ্য শ্ৰবণ ও উপভাস কাৰ্যা প্ৰস্থান কবিতে লাগিলেন, কিন্তু কুক্ৰণজ কিছুতেই নিংস্ত ইছলেন ন। প্ৰিশেষ াকিশাসন স্থাতিৰ দুঢ়তৰ অধ্যবসায় দৰ্শনে আত হইয়া দেবগণেৰ নিকট বাজবিব বাসনা বিজ্ঞাপন কবিলে ভাভাবা কহিলেন, চে স্থববাজ। কুৰুবাজকে কোন প্রকাব বব প্রদান পুর্বকে ানবস্ত কবাছ (শ্রেখন) দেখ, যদি মানবগণ এছ স্থানে কলেবৰ পৰি আগ কাবলেই ফুৰ্গ গমনে সমৰ্থ হয়, তাহা ইইলে তাহাৰা কদাচ যজ্ঞাতুষ্ঠানে প্রবৃত হছবে না, স্লুগ্রাণ গামনা এককালে যজ্ঞভাগ লাভে বাঞ্চত হটব।

ভখন বিদশা'ধপতি ইন্দ্র দেবগণেব বাক্যান্সমাবে কুকব নিকট আগমন পর্বকে তাহাবে কহিলেন, বাজরো। হাব োমাব কন্ট কবিবাব প্রযো-জন নাই। আমাব বাক, বক্ষা কব। আমি কহিতেছি, বাহাব। এই স্থানে আলসাশুন্য হইষা অনাহাবে প্রাণ পাবত্যাগ কবিবে, অথবা যুদ্ধে বাণপথ-বছা হইষা নিহত হইবে, তাহাবা নিশ্চযই স্বর্গে গমন কাববে। কুরুবাজ ইন্দ্রেব বাক্য প্রবেশে তথাস্ত্র বলিষা হাহাতে সন্মত হইলেন। স্থাবাজ ইন্দ্রেও মহা আহলাদে পুনবায স্বর্গে প্রস্থান কবিলেন।

হে'বলদেব। পূর্বের কুরুবাজ এই রপে সমন্তপঞ্চকের ভা্ম কষণ করিয়া। জলেন। স্থাবাজ ইন্দ্র ও ব্রহ্মাদি দেবগণ করিয়াছেন সে, অ'ব কোন.স্থানই
ইহা অপেক্ষা পরিত্র হইনে না। যাহারা এই স্থানে তপোনুষ্ঠান করিবে,
াহারা চরমে ব্রহ্মলোকে গমন করিবে। যাহারা এই পুণ্যক্ষেত্রে দান করিবে,
তাহাদিগের অর্থ অচিবাৎ সহস্র গুণ অধিক হইবে। যাহারা শুভকল প্রত্যাশায়

এই পূণ্য ভূমিতে বাস করিবে, কদাচ তাহাদিগের যমলোক দর্শন করিতে হইবে না এবং যাহার। ঐ স্থানে মজ্জের অনুষ্ঠান করিবে, তাহাদের চিরকাল সর্গে বাস হটবে, আরে স্তররাজ ইন্দ্র স্থাং কহিয়াছেন যে, এই কুরুক্ষেত্রের ধূলি পবনপরিচালিত হইয়া যাহাদিগের অঙ্গ স্পার্শ করিবে, তাহারা স্তস্কতকারী হইলেও চরমে পরম পদ প্রাপ্ত হইবে। অনেকানেক দেবতা, আক্ষাণ ও নৃপ প্রভৃতি নরপতিগণ এই স্থানে যজ্ঞান্তে দেহ পরিত্যাগ করিয়া পরম গতি লাভ করিয়াছেন। তরস্তক, আরস্তক, রামহ্রদ ও চমেচক্র এই সমুদায় প্রদেশের মধ্যবতী স্থানই কুরুক্সেত্র; সমন্তপঞ্চকও প্রজাপতির উত্তর বেদি বলিয়া নির্দ্দিউ হইয়া থাকে। এই স্থান অতি পবিত্র, সর্বপ্তণসম্পন্ন ও দেবগণের অভিমত। অত্তরব ভূপতিগণ এই স্থানে রণক্ষেত্রে নিহত হইয়া নিশ্চয়ই অক্ষয় পবিত্র লোক লাভে সমর্থ হইবেন। হে বলদেব ! স্থাররাজ বেক্ষাদি দেবগণের সমক্ষে, এই কথা কহিলে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর তাঁভার বাক্যে অনুমাদন করিলেন।

#### পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ! অনন্তর বলদেব কুরুক্তেত্ত দর্শন ও প্রভূত ধন দান করিয়া দিব্যাশ্রমে গমন করিলেন। ঐ পবিত্র আশ্রম মধ্ক, আয়, প্লক্ষ, লাগ্রোধ, বিল্প, পনদ ও অর্জ্জন রক্ষে সমাকীর্ণ। মহাত্মা বল-দেব দেই আশ্রম দেখিয়া তাপদগণকে জিজ্ঞাদা করিলেন, হে মহিগিণ! এই আশ্রমে কোন্ মহাত্মা অবস্থান করিতেন? তথন তপস্থীরা কহিলেন, মহাত্মন্! পূর্বেব যে মহাত্মার এই আশ্রম ছিল, তাহা দাবস্তরে কহিতেছি, শ্রেবণ করুন। পূর্বেকালে ভগবান্ বিষ্ণু এই আশ্রমে তপোন্স্তান ও বিধি পূর্বেক সমুদায় সনাতন যজ্ঞ সমাধান করিয়াছেন। এই স্থানে কৌমার ব্রহ্মচারিণী শাণ্ডিল্যছহিতা জীজনের ছক্ষর তপোন্স্তান পূর্বেক দিদ্ধ হইয়া স্বর্গারোহণ করিয়াছেন। মহাত্মা বলদেব ঋষিগণের মুথে এই সমস্ত কথা শ্রেবণ ক্রিয়া তাঁহাদিগকে অভিবাদন ও সন্ধ্যাকার্য্য সমাপন পূর্বেক হিমালয়ে আবেণ করিয়া তাঁহাদিগকে অভিবাদন ও সন্ধ্যাকার্য্য সমাপন পূর্বেক হিমালয়ে আবেণ করিলেন এবং কিয়দ্দুর অতিক্রম করত সরস্বতীর প্রভাব ও প্লক্ষ-প্রস্তবণ তীর্থ দর্শন কারয়া বিশ্বয়ে।ৎফুল্ল লোচনে কারবপন নামক পুণ্য তীর্থে সমুপন্ধিত হইলেন। ঐ তীর্থে মহাত্মা বলদেব পরিত্র নিশ্মল জলে অবগাহন, বিবিধ বস্তু দান এবং দেবতা ও পিতৃগণের তপণি পূবক ষতি ও ব্যাহ্মণদিগের সহিত তথায় এক রাত্রি অতিবাহিত করিয়া পর দিন প্রাত্তঃকালে যমুনাকুলে মিত্রাবরুণের পবিত্র , আগ্রেমে যাত্রা করিলেন। , পূর্বের ঐ আশ্রেমে ইন্দ্র, অগ্নিও অর্য্যা পরম প্রীতি লাভ করিয়াছিলেন। ধর্ম-পরায়ণ বলদেব সেই আশ্রেমে গমন করিয়ায়মুনায় অবগাহন পূর্বেক আফ্রাদিত চিত্তে ঋষিসমাজে উপবিষ্ট হইয়া সিদ্ধাণ ও ভাঁহাদের মুখে পবিত্র কথা শ্রাবণ করিতে লাগিলেন। ।

মহাত্মা রোহিণীতনয় এইরূপে ঋষিয়মাজে উপবিষ্ট রহিয়াছেন, এমন সময়ে দেবপ্রাহ্মণপুজিত কলহপ্রিয় তপোধনাপ্রগণ্য নারদ তথায় সমুপস্থিত হইলেন। তাঁহার মস্তকে জটাভার, পরিধান স্বর্ণচীর এবং করে হেমদণ্ড, কমগুলুও অতিবিচিত্র কচ্ছপী বীণা। মহাত্মা বলদেব দেবর্ধিরে দেখিবামাত্র অতিমাত্র ব্যস্তমস্ত হইয়া গাত্রোত্থান পূর্বক ষণাবিধি পূজা করিয়া কৌরবদিণের রত্তান্ত জিজ্ঞানা করিলে নারদ তাঁহার নিকট কুরুকুলের নিধনবার্ত্তা কীর্ত্তন করিলেন। তথন রোহিণীকুমার ছঃখিত হইয়া কহিলেন, মহর্ষে! কুরুপাণ্ডব মুদ্ধে ক্ষত্রিয়ণের যেরূপে অবস্থা হইয়াছে, পূর্বেব আমি তাহা সংক্ষেপে প্রবণ করিয়াছি, এক্ষণে আপনার মুখে সবিস্তরে ঐ রত্তান্ত প্রবাত্ত করিতে নিতান্ত কৌতৃহল হইতেছে।

ঋষিগণাগ্রগণ্য নারদ বলদেবের বাক্য শ্রবণ করিয়া কহিলেন, হে রৌহিণেয়। পূর্বের ভীম্ম, দ্রোণ, সিম্মুরাজ জয়দ্রথ, কর্ণ, কর্ণের পুক্রগণ, স্থারশ্রা, মদ্ররাজ শল্য এবং অন্যান্য সমরনিপুণ অসংখ্য রাজা ও রাজপুত্রগণ, হুর্যোধনের জয় লাভের নিমিত্ত ঘোরতর সংগ্রামে প্রস্তুত্ত হইয়া প্রাণ ত্যাগ করিয়াছেন। একণে ক্লোরবপক্ষে কেবল কুপ, কুত্বর্মা ও অম্বর্থামা এই তিন জন মাত্র অবশিষ্ট আছেন। তাঁহারাও পাণ্ডবগণের ভয়ে পলায়ন করিয়াছেন। কুরুরাজ হুর্যোধন মদ্রাঙ্গকে নিহত ও কুপ প্রভৃতি মহারথজয়কে পলায়িত দেখিয়া নিতান্ত হুংখিত চিত্তে দ্রৈপায়নহ্রদে প্রবেশ করিয়াছিলেন; একণে বাহ্মদেব ও পাণ্ডবগণ তাঁহার প্রতি বিবিধ কটু বাক্য প্রয়োগ করাতে তৎসমুদায় অসম্থ বোধ করিয়া হ্রদ হইতে উত্থিত হইয়া ভীষণ গদা ধারণ পূর্বেক ভীমসেনের সহিত যুদ্ধ করিবার নিমিত্ত প্রস্তুত হইস্কান

ছেন। মহাবীর ভীম ও তুর্য্যোধনের অতি ভীষণ সংগ্রাম হইবে। যদি আপনার শিষ্যদ্বয়ের যুদ্ধ দর্শনে কৌতৃহল থাকে, তবে অবিলম্বে তথায় গমন করুন।

হে মহারাজ! মহাবীর বলদেব নারদের বাক্য শ্রবণানন্তর দ্বিজগণকৈ পূজা করিয়া স্বীয় অনুযাত্রিকদিগকে দ্বারক। গমনে আদেশ করিলেন এবং হিমাচল হইতে অবরোহণ পূর্বক সরস্বতীর তীর্থফল শ্রবণ করিয়া ব্রাহ্মণ-গণের সন্নিধানে কহিলেন, কোন তীর্থই সরস্বতীর তুল্য তৃণ্ডিজনক নহে। সরস্বতী তীর্থে যাহাদের বাস, তাহারাই পরম স্থা। মহাড়ারা সরস্বতীতে আগমন করিয়া স্বর্গারেছণ করিয়াছেন। অতএব সর্বদা সরস্বতী নদীরে স্মরণ করিবে। সরস্বতী সমুদায় নদী অপেকা পবিত্রা ও শুভদায়িনী। সরস্বতীতে আগমন করিলে ইহলোকে ও পরলোকে স্বীয় তুষ্কৃতির নিমিত্ত অনুতাপ করিতে হয় না। হে মহারাজ! মহাত্মা বলদেব এই কথা বলিয়া প্রাত মনে বারংবার সরস্বতী দর্শন পূর্বক অশ্বরক্ত শেত রথে অরোহণ করিয়া শিষ্যদ্বয়ের যুদ্ধ দর্শনার্থ অবিলম্বে ভাহাদের সমাপে মমুপস্থিত হইলেন।

## ধট্পঞ্চাশন্তম অধ্যায়।

হে মহারাজ ! অনন্তর রাজা ধৃতরাষ্ট্র ভাম ও ছুর্য্যাধনের ভুমুল যুদ্ধ-বৃত্তান্ত শ্রুবণে নিতান্ত ছুঃখিত হইয়া সঞ্জয়কে কহিলেন, সূত্রন্দন ! মহাক্সা বলদেব সংগ্রাম দর্শনার্থ সমাগত হইলে আনার পুত্র কি রূপে তাঁহার সমক্ষে ভীমসেনের সহিত যুদ্ধ করিল ?

সপ্তায় কহিলেন, মহারাজ! যুদ্ধাকাজ্জী মহাবাহু তুর্য্যোধন বলদেবকে সম্পাহিত দেখিয়া পরম পরিতুই হইলেন। রাজা যুদির্জির বলদেবকে সমাগত দেখিয়া প্রীত মনে গাত্রোত্থান পূর্ব্বক তাঁহারে আসন প্রদান ও যথাবিধি অর্চনা করিয়া তাঁহার আনাময় বার্ত্তা ক্রিজ্ঞাসা করিলেন। তখন
রোহিণানন্দন ধর্মরাজকে কহিলেন, মহারাজ! আমি তাপসগণের নিকট
শুনিয়াছি যে, কুরুক্জেত্র পরম পরিত্র ও স্বর্গতুল্য। দেবতা, খাষি ও মহাত্মা
ব্রাহ্মণগণ সতত ঐ স্থানে বাস করেন। তারগণ তথায় যুদ্ধ করিয়া কলেবর
পরিত্যাগ করিলে আনায়াসে ইল্রের সহিত স্বর্গবাসে সমর্থ হয়। ঐ স্থান
ব্রহ্মার উত্তর বেদি বলিয়া দেবলোকে প্রাথত। অতএব চল, আমরা এ
স্থান হইতে সমস্তপঞ্চকে গমন করি।

হে মহারাজ! তথন কুন্তানন্দন যুখিন্ঠির বলদেবের বাক্যে স্বীকার করিয়া সমস্ত্রপঞ্চকাভিমুখে যাত্রা করিলেন। রাজা তুর্য্যোধনও রোমপ্রযুক্ত স্থলীর্ঘ গদা প্রহণ পূর্বেক পাণ্ডবগণের সহিত পাদচারে গমন করিতে লাগিলেন। ঐ সময় আকাশস্থিত দেবগণ বর্মধারী মহাবীর তুর্য্যোধনকে গদা হস্তে গমন করিতে দেখিয়া সাধুবাদ প্রদান করিতে আরম্ভ করিলেন। বার্ত্তাবহ ও চরগণ কুরুরাজের যুদ্ধবেশ দর্শনে মহা আহলাদিত হইল। কুরুরাজ পাণ্ডবগণে পারবেন্তিত হইয়া প্রমন্ত বারণের ন্যায় গমন করিতে লাগিলেন। বারগণের দিংহনাদ, শহাধ্বনি ও ভেরিনিম্বনে দশ দক্ পরিপ্রত হইল। কিয়ৎক্ষণ পরে বারগণ কুরুক্তেতে উপস্থিত হইয়া প্রথমত আপনার পুত্র তুর্য্যোধনের নিদ্দেশাত্রমারে পাশ্চম দিকে উপস্থিত হইয়া প্রথমত আপনার পুত্র তুর্য্যোধনের নিদ্দেশাত্রমারে পাশ্চম দিকে উপস্থিত হইয়া প্রথমত মানিরাহ তথা হইতে সরস্বভার দক্ষিণ পরিত্র ভার্থে সমুপস্থিত হইয়া দেই গল্যবাহ প্রান্ত্র প্রদেশই যুদ্ধের উপযুক্ত বলিয়া স্থির করিলেন।

সনন্তর বর্মধারা ভানপরাক্রম ভামদেন মহাকোটা গদা গ্রহণ করিয়া গরুড়ের ন্যায় এবং সাপনার পুক্র উষ্ণাব ও স্থবর্ণবর্ম ধারণ করিয়া স্থমের পর্বতের ভায় শোভা পাইতে লাগিলেন। তৎপরে তাঁহারা উভয়ে সমরাস্থানে সমাগত হইয়া ক্রুদ্ধ মাতপ্রদয়ের ন্যায়, সমুদিত চন্দ্র সূর্য্যের ন্যায় শোভা ধারণ পূর্বক কোধোদ্ধত বারণদ্বয়ের ভায় পরস্পর বধার্থী হইয়া পরস্পারকে নিরীক্ষণ করিতে লাগিলেন। তথন মহাবল পরাক্রান্ত হর্ষ্যোধন মহা আহলাদে স্ক্রনী লেহন ও দীর্ঘ নিশ্বাদ পরিত্যাগ পূর্বক গদা গ্রহণ করিয়া রোষারুণ নয়নে ভীমের প্রতি বারংবার দৃষ্টি নিক্ষেপ করত হন্তী যেমন হিন্তারে আহ্বান করে, তদ্ধপ বুকেরাজকে সাহ্বান করিলেন। মহাবীর ভীমদেনও প্রস্তরের ন্যায় স্কুদৃঢ় গদা গ্রহণ করিয়া গিংহ যেমন সিংহকে আহ্বান করে, তদ্ধপ কুরুরাজকে সাহ্বান করিতে লাগিলেন।

অনন্তর সেই যম, বাদব, বরুণ, কুবের, বাহ্নদেব, বলদেব, মধু, কৈটভ, হৃদ্দ, উপস্থাদ, রাম, রাবণ এবং বালি ও স্থগ্রীবের ন্যায় ভীমপরাক্তম বীরছয় ক্রোধভরে গদা উদ্যত করিয়া সশৃঙ্গ পর্বর্ভছয়ের ভায় শোভা ধারণ করিলেন। শরদাগমে মদস্রাবী মত্ত মাতঙ্গছয় যেমন করিণীর নিমিত্ত ধাবমান
ছয়, তদ্ধপ ভাঁহার। জিগীষা পরবশ হইয়া পরস্পারের প্রতি ক্রাতবেণে ধার-

মান হইলেন এবং উরগের ন্যায় ক্রোধবিষ উদ্পার করত পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন। তাঁহারা উভয়েই বলদেবের শিষ্য, মহাবল পরাক্রান্ত, গদাযুদ্ধবিগারদ এবং দিংহের ভায় নিভান্ত হর্দ্ধর্য, নখদং ট্রায়ুপ ব্যাভ্রদ্বরের ভায় একান্ত হুংসহ, লোক সংহারার্থ সমুচ্ছলিত সাগরদ্বরের ভায় হুস্তর, হুতাশনের ভায় ক্রোধপ্রজ্বলিত ও প্রলয়কালীন সূর্য্যমণ্ডলের ভায় হুনিরীক্ষ্য। তংকালে তাঁহাদিগকে দেখিয়া বোধ ইইতে লাগিল যেন মঙ্গল গ্রহুদ্বর রোষভরে ভূতলে ধাবমান ইইতেছেন এবং ক্রোধোদ্ধত দৈত্যদ্বয় যেন পরস্পরের আক্রমণে প্রবৃত্ত হইয়াছে। তাঁহারা বায়ুদঞ্চালিত পূর্ব্ব পশ্চিম দিকে সমুখিত অনবরত স্লিলধারাবর্ষা বর্ষাকালীন মেঘ্রয়ের ভায়, শঠাজালজড়িত সিংহ্যুগলের ভায় ও ক্রোধোদ্ধত র্ষদ্বয়ের ভায় বারংবার গর্জ্জন, অশ্বদ্বয়ের ন্যায় হ্রেষারব এবং মাতঙ্গদ্বয়ের ভায় বংহিত্বনি করিতে আরম্ভ করিলেন। ক্রোধভরে তাঁহাদিগের ওঠাধর কম্পিত ইইতে লাগিল।

ঐ সময় মহারাজ যুদিষ্ঠির দ্বীয় ভ্রাত্বর্গ, মহাত্মা কৃষ্ণ, মনিতপন্নাক্ম বলদেব এবং কেকয়, স্ঞ্জয় ও পাঞ্চালগণে পরিবৃত হট্যা সেই স্থানে দণ্ডায়-মান ছিলেন। কুরুরাজ বীরের ভায় তাঁহারে সম্বোধন করিয়া কহিলেন, ধর্মরাজ! আমি ভীমের সহিত গদাযুদ্ধে প্রবৃত্ত হইব , এক্ষণে তুমি সমুপ্রিত নৃপতিগণের সহিত উপবিষ্ট হইয়া আমাদের সংগ্রাম নিরীক্ষণ কর। রাজা হুর্য্যোধন এইরূপ কহিলে তত্ত্রত্য সকলেই তথায় উপবেশন করিয়া নভোমগুলে সমুদিত সূর্য্যয়গুলের ভায় শোভা পাইতে লাগিলেন। মহাত্মা বলদেব তাঁহাদিগের মধ্যে উপবিষ্ট হইয়া রজনীযোগে নক্ষত্রমগুল-পরিবৃত্ত পূর্ণ চল্ডের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন। অনস্তর ভীমপরাক্রম ভীমদেন ও হুর্য্যোধন বুত্রান্তর ও ইল্ডের ন্যায় পরস্পরের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক অতি কঠোর বাক্য প্রয়োগ করিতে লাগিলেন।

### সপ্তপঞ্চাশন্তম অধ্যার।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ ! রাজা ধৃতরাষ্ট্র সঞ্জধের মুথে তুর্য্যোধনের মুদ্ধ রক্তান্ত শ্রাথণ নিতান্ত তঃথিত হইয়া কহিলেন, সঞ্জয় ! মনুষ্যজন্ম ধিক্। মনুষ্যের কিছুই চিরস্থায়া নহে। দেথ, আমার পুক্র তুর্য্যোধন একাদশ অকৌহিণী সেনার অধিপতি ও সম্দায় পৃথিবার গ্রাধার ছিল। ভূপাতগণ প্রতিনিয়ত তাহার অকুজ্ঞা প্রাতপালন কবিত। এক্ষণে সেই হয়োধনকে গদা ধারণ পূর্বক পাদচারে সংগ্রামে গমন করিতে হইলু। হায় । ভাদৃষ্টের কি অনির্বাচনীয় প্রভাব। আমার পুত্র সমুদায় জগতের নাথ হহুয়াও গনাণের ন্যায় কত কটিই ভোগ করিল। মহারাজ। অধিকানন্দন এইরূপ বিলাপ করিয়া নিস্তর হইলেন।

তখন সঞ্জয় কহিলেন, মহারাজ ! অনন্তর মহাবল পরাক্রান্ত কুরুরাজ ছুর্য্যোধন আনন্দিত চিত্তে রুষের ভাষ গভাষ গভজন করিখা ভামদেনকে সুদ্ধার্থ আহ্বান করিতে লাগিলেন।

কুরুরাজ ভামকে আহ্বান করিবামাত্র ঘোরতর বিবিধ ছ্রি'মন্ত সকল প্রাত্ত হইতে আরম্ভ হইল। মহানিম্বন লোমংসকর নির্যাত সকল নিপতিত ও বায়ু প্রচণ্ডবেগে প্রবাহিত হইতে লাগিল। পাং শুর্স্টি ও ঘোরতর অন্ধকারে দশ দিক্ সমাচ্চ্র হুইয়া গেল। শত শত উল্কাপাতে নভামওল উদ্বান্ত হুইল। রাভ গ্রম্যে র্যাদেক গ্রাস কবিল। স্বাগবা পৃথিবা কম্পিত, পারত্বপূস সকল ভূতলো নপতিত ও কুপের জল বিবর্ধিত হুইতে লাগিল। অমঙ্গলসূচক শিবা সমুদায় সমাগত হুইয়া ঘোরতর চাৎকার করিতে আরম্ভ করিল। নানাবিধ মুগ দশ দিকে ধাবমান হুইল। অশুভসূচক জন্তুগণ ভাস্করাধিষ্ঠিত দিক্ লক্ষ্য করিয়া গ্রমন কারতে আবম্ভ করিল। চতুদ্দিক্ হুইতে কুমুল শব্দ কর্ণকুহরে প্রবিষ্ট হুইতে লাগিল; কিন্তু কে শব্দ ক্বিতেছে, তাহা কিছুই বোধগ্যা হুইল না।

• মহাবল পরাক্রান্ত রুকোদর দেই তুর্নিমিত্ত দর্শনে স্বায় জ্যেতি আ বুদিতিরকে কহিলেন, ধর্মরাজ । তুরাত্মা তুর্যোগন কথনই আনাবে পরাজয়
করিতে সমর্থ হইবে না। অর্জ্জুন যেমন খাণ্ডবানণ্যে অগ্নি প্রদান করিয়াভিল,
তদ্ধপ আজি আমি তুর্যোধনের উপর চিরদক্ষিত ক্রোধ পবিত্যাগ করিয়া
আপনার হৃদযনিহিত শোকশল্য সমুর্ক্ত করিব। আজি গদা দাবা কুরুকুলাধম
পাপাত্মার দেহ শতধা বিভিন্ন করিয়া আপনার গলদেশে কার্ভিম্যী মালা
প্রদান করিব। এই তুরাত্মা পুনরায় হস্তিনা নগবে প্রবেশ করিতে সমর্থ
হইবে না। আজি আমাদিণের সপ্ত্রোড়ে শ্যন, 'ব্রাম্ন ভেজন, জহুগৃহ দহি,

শভামধ্যে উপহাদ, দর্বস্বাপত্রণ, অজ্ঞাত্রাস ও ধনবাদ প্রভৃতি তুঃখের শান্তি হইবে। আমি এক দেনেই উপারে বিনাশ করিয়া আপনার নিকট ঝণ শূন্য হইব। আজি উপার পরিমায়ু নিঃশেষিত ও মাতৃ পিতৃ দর্শন দমাপ্ত হইল। আর উহারে অথ সজ্ঞোগ বা কামিনাগণের সহিত সন্দর্শন করিতে হইবে না। আজি ঐ কুরুকুলাঙ্গারকে রাজ্ঞান, প্রাণবিহীন ও শ্রীভ্রুষ্ট হইয়া ভূতলে শয়ন করিতে ইইবে। আজি রাজা ধ্রুরাষ্ট্র পুজ্ঞকে নিপাতিত প্রবণ করিয়া শকুনির তুর্মান্ত্রণ স্থারণ ক'রবেন।

হে মহারাজ ! শাদ্লুলম্ম পিক্রান্ত রকোদর এইরপ কহিয়া দেবরাজ ইন্দ্র যেমন বৃত্রকে ভাহরান করিয়া তলেন, ক্রন্ত্রপ তুর্য্যোদনকে আহ্রান পূর্বকি সমরাঙ্গনে অবস্থান করিছে আলিলেন এবং ত্র্য্যোদনকে গদাহস্তে কৈলাস পর্বতের ভায়ে অবস্থান করিছে লেখিলেন এবং ত্র্য্যোদনকে গদাহস্তে কৈলাস করিবার মানসে যে সকল ওক্রন কাষেরে শক্তৃতান করিয়াছিলে, তাহা জারণ কর । তোমরা সভাসনো রুজস্বনি ফ্রোপদীলে নে ক্রেশ লাদান, শকুনির সৃহিত একত্র হইয়া দ্যুত্রকাড়ায় পর্মরাজকে যে বঞ্চনা করিয়াছিলে এবং আমরা তোমাদের নিমিত্ত বনে বাস করিয়া যে সকল কন্ট ভোগ করিয়াছি, অদ্য সেই সমস্ত তুঃখের মূলোচ্ছেদ করিব । আজি ভাগ্যক্রমে তোমার সন্দর্শন পাইলাম । প্রবল্ন প্রতাপশালী মহারথ ভীম্ম তোমার নিমিত্তই শহর্ষাত্র হস্তে নিহত হইয়া শর্শযায়ে শ্রান রহিয়াছেন । তোমার নিমিত্তই মহাবল পরাক্রান্ত দ্রোণ, কর্ণ, শল্য, আমাদের শক্রতার আদি কারণ শকুনি, দ্রৌপদার ক্লেশাতা প্রতিক্রমী এবং তোমার বিক্রমশালী ভ্রাত্রগণ ও অন্যান্য অসংখ্য ভূপতি নিহত হইয়াছেন । এক্রণে তোমারেও এই গদাঘাতে নিহত করিব, সন্দেহ নাই।

হে মহারাজ ! মহাবীর র্কোদর উচ্চৈঃদরে এই কথা কহিলে আপনার পুক্র হুর্যোধন নিভাক চিত্তে তাঁহারে কহিলেন, রুকোদর ! রুথা বার্ম জাল বিস্তার করিবার আবশ্যক নাই. অচিরাৎ যুদ্ধে প্রবৃত্ত হও। আজি নিশ্চয়ই তোমার রণকগুতি অপনোদন কবিব। হে কুলাধম ! হুর্যোধন সামান্য ব্যক্তির আয় ত্বশদৃশ লোকের কথায় ভাত হইবার নহে। আমি বহুদিন অবৈধি তোমার সহিত গদাযুদ্ধ করিব বলিয়া বাদনা করিতেছি। আজি দৈব অনুকূল হইয়া আমার দেই বাসনা পূর্ণ করিল। এক্ষণে আর র্থা বাক্য ব্যয় ও আত্মাঘা করিবার প্রয়োজন নাই। মুখে বেরূপ কহিতেছ, তাহা অচিরাৎ কার্য্যে পরিণত কর।

মহারাজ ! ঐ সময় সোম ও অন্তান্য বংশসমূত যে বে ভূপতি তথায় উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই দুর্যোগনের বাক্য এবণে প্রশংসা করিতে লাগিলেন। মহাবীর দুর্যোধনও তাঁহাদের প্রশংসায় পুলকিতগাত হইয়া যুদ্ধে দূঢ়নিশ্চয় হইলেন। তথন নরপতিগণ দুর্য্যোধনকে মন্ত মাতক্ষের ন্থায় তলশক দ্বারা পুনরায় আহলাদিত করিতে লাগিলেন। মহাবীর ব্রকোদরও গদা সমুদ্যত করিয়া মহাবেগে কুরুরাজের অভিমুখে ধাবমান হইলেন। ঐ সময় জয়লোলুপ পাণ্ডবদিগের কুন্তুরগণ রংহিত নেনি ও সম্বাণ বারংবার হেমারব করিতে লাগিল এবং অন্ত শন্ত সম্বাদ্ধ সম্বাক দেশাব্যান হইয়া উঠিল।

## बक्षेत्रसभायम् जासासः

হে মহারাজ ! জ্পন বাজা জ্যোন্ধন ভান্দেন্ত্রক সমরে আগমন করিতে দেখিণা সিংছনাদ পণিত্রলৈ পুরবর মহাযোগে ভাছার প্রতি ধারমান **ছইলেন।** অনন্তর তাঁহাবা পরস্পার গরস্পারকে আক্রমণ পূর্বকে ইন্দ্র ও প্রহলাদে ন্যায় পরস্পর জিগীয়া পরবন হটয়া ভূমন এন্ধ করেতে লাগিলেন। ঐ সময় রণস্থলে ঘোরতর প্রহারশক্ষ সমূথিত ১ইল। দর্শকগণ মেই রুগিরোক্ষিতকলেবর গদাপারী বীরদ্বয়কে কুস্থমিত কিংশুক রুঞ্জের ন্যায় নির্বাক্তণ করি**লেন। পরস্পারের** গদা নিষ্পেষে হুতাশনক্ষ্ নিষ্ক সমুখিত ছওয়াতে নভোষওল থদ্যোত সমাকীৰ্ণ বলিয়া বোধ হইতে লাগিল। গনন্তর সেই নহাবীরদম্য যুদ্ধশ্রমে একান্ত পরি-শ্রান্ত হইলেন এবং মুহূর্ত্তকাল বিশ্রাম করিয়া পুনরায় গদা গ্রাহণ পূর্বক বোর-তর যুদ্ধ আরম্ভ করিলেন। ক্ষেবতা, গন্ধর্বন ও মানবগণ করিণীলাভলোলুপ মদ-মত কুঞ্জরযুগলের ভাষ সেই বারদ্বয়কে গদাবুদ্ধে প্রবৃত্ত দেখিয়। সাহিশয় বিশ্বয়াবিষ্ট হইলেন এবং কাহার যে জয় লাভ হইবে, তাহা কিছুই স্থির করিতে পারিলেন না। অনন্তর সেই বীরদয় পরস্পারের রন্ধান্তেমণে প্রবৃত্ত হইলেন | দর্শকের ভাষের ব্যদ্ভোপ্য অধ্নি সদৃশ ভাষণ গদা নিরীক্ষণ করিতে লাগিলেন। ঐ সময় মহাবার ব্লোচর গদা বিঘূণিত করিতে আরম্ভ করিলে রণস্থলে যোরতর শব্দ প্রাগ্নভূতি হইল। রাজা হুর্য্যোধন ভাঁমদেনকে মহাবেগে গদা বিঘূণিত করিতে দেখিয়া একান্ত বিশ্বয়াবিন্ট হইলেন। তখন মহাবীর রুকোদর গদাহন্তে বিবিধ কৌশল ও মণ্ডল প্রদর্শন পূর্বক রণস্থলে বিচরণ করিতে লাগিলেন।

খনস্তর সেই বারদ্ব আত্মরক্ষায় যত্মবান্ হইয়া আহারলাভার্থী মার্জ্ঞারযুগলের ন্যায় বারংবার পরস্পারকে ক্ষত বিক্ষত করিলেন এবং পরিশেষে বিচিত্র
মণ্ডল, গতি, প্রত্যাগতি, অস্ত্র, যত্র, বিবিধ অবস্থান, পরিমোক্ষ, প্রহার, বঞ্চন,
পরিবারণ, অভিদ্রোবণ, আক্ষেপ, বিগ্রহ, পরাবর্ত্তন, সংবর্ত্তন, অব্দ্রুত, উপপ্রতু,
উপন্যস্ত ও অপন্যস্ত প্রভৃতি বিবিধ কৌশল প্রদর্শন পূর্বেক পরস্পারকে প্রহার
করিতে লাগিলেন। অনন্তর তাঁহারা পরস্পারের গদাপাত পরিহার ক্রত পুনরায়
মণ্ডলাকারে ভ্রমণ করিতে আরম্ভ করিলেন এবং মধ্যে মধ্যে সমরক্রীড়া প্রদর্শন
পূর্বেক পরস্পারকে গদ। প্রহার করিতে লাগিলেন। ঐ সময় পরস্পারের
আঘাতে পরস্পারের কলেবর ক্রিরিধারায় সমাচ্ছর হওয়াতে ঐ বীরদ্ধাকে
দশনযুদ্ধে প্রবৃত্ত কুঞ্জরযুগলের ন্যায় বোধ হইতে লাগিল। হে মহারাজ। এইরূপে রৃত্ত ও বাসবের ন্যায় সেই তুই বীরের ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল।

অনন্তর মহারাজ হুর্য্যোধন দক্ষিণ মণ্ডল এবং ভীমদেন বাম মণ্ডল অবলন্তর পূর্ববিক ভ্রমণ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় রাজা হুর্য্যোধন গদা উদ্যন্ত করিয়া মহাবেগে ভীমদেনের পার্শ্বদেশে আঘাত করিলে মহাবীর রকোদর তাঁহারে প্রহার করিবার নিমিত্ত বজ্রতুল্য যমদণ্ড সদৃশ ভীষণ গদা সমুদ্যত করিয়া বিঘূর্ণিত করিতে লাগিলেন। তদর্শনে দর্শকেরা যাহার পর নাই বিশ্বয়াপন্ন হইলেন। তথন রাজা হুর্য্যোধন ভীমদেনকে গদা বিঘূর্ণিত করিতে দেখিয়া তাঁহার গদার উপর গদাঘাত করিলেন। উভয়ের গদাঘর্যণে, রণহলে ভয়ঙ্কর শব্দ সমুখ্যিত ও তেজ প্রান্তর্ভূত হইল। তথন মহাবীর হুর্য্যোধন বিবিধ মণ্ডল ও কৌশল প্রদর্শন পূর্ববিক সমরাঙ্গনে সঞ্চরণ করত ভীম অপেক্ষা সমধিক যুদ্ধনিপুণ বলিয়া পরিগণিত হইলেন। ঐ সময় মহাবীর রকোদর গদা বিঘূর্ণনে প্রবৃত্ত হইলে উহা হইতে অগ্নিশিখা ও ধূম নির্গত হইতে লাগিল। তদ্শনে হুর্য্যোধনও পর্বতের ন্যায় স্থান্ট বীয় গদা বিঘূর্ণিত করিতে লাগিলেন। তাঁহার গদাভ্রমণবেগ দর্শনে দোমক ও পাণ্ডবগণের অস্তঃকরণে ভয় সঞ্চার হইল। তথন মহাবীর হুর্য্যোধন ও

রকোদর পরস্পর যুদ্ধক্রীড়া প্রদর্শন পূর্ববক পরস্পরকে গদা প্রহার করিতে আরম্ভ করিলেন। এইরূপে উভয়ের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল।

অনস্তর রাজা তুর্ব্যোধন ভীমদেনকৈ গদাবেগ সন্থরণ করিতে দেখিয়া বিচিত্র কৌশল প্রদর্শন পূর্বক তাঁহার প্রতি ধাবমান হইলেন। মহাবীর ভীম-দেন তদ্দর্শনে ক্রোধাবিষ্ট হইয়া তাঁহার গদার উপর গদা প্রহার করিলেন। তখন বজ্রদ্ববের আয় দেই তুই গদার অভিঘাতে ভয়ঙ্কর শব্দ ও অগ্নিস্ফুলিঙ্গ সমুদায় সমুখিত হইল। ভীমদেনের মহাবেগ সম্পন্ন গদা তুর্ব্যোধনের গদা প্রতিহত করিয়া ভূতলে নিপতিত হইলে উহার আঘাতে ভূমগুল বিকম্পিত হইয়া উঠিল।

তথন কুরুরাজ হুর্য্যোধন স্বীয় গদা প্রতিহত দেখিয়া মন্ত মাতঙ্গের ন্যায় ক্রোধে একান্ত অধীর হইয়া উঠিলেন। তৎপরে তিনি বাম মণ্ডল প্রদর্শন পূর্ব্বক ভীমের মস্তকে গদা প্রহার করিলেন। মহাবীর রুকোদর সেই গদাঘাতে কিছুমাত্র বিচলিত হইলেম না। তদ্দর্শনে সকলেই বিস্মাপন্ন হইল। তথন ভীমপরাক্রম ভীমদেন হুর্য্যোধনের প্রতি স্বীয় স্থবর্ণমণ্ডিত গদা নিক্ষেপ করিলেন। মহারাজ দুর্য্যোধনও অসম্ভ্রাস্ত চিত্তে সত্ত্বরে সেই ভীমনিক্ষিপ্ত গদা নিতান্ত নিম্মল করিয়। দর্শকগণকে বিস্ময় সাগরে নিমগ্ন করিলেন। তথন ভীমপ্রেরিত গদা একান্ত ব্যর্থ হইয়া গন্তীর ধ্বনি সহকারে ভূমণ্ডল বিচলিত করিয়া নিপতিত হইল। অনন্তর কুরুরাজ ক্রোধভরে ভীমের বক্ষস্থলে এক গদাঘাত করিলেন। মহাবীর ভীমদেন দেই শাঘাতে বিমোহিতপ্রায় হইয়া ইতিকর্ত্তব্যতা বিমৃত হইলেন। পাঞ্চাল ও সোমকগণ রুকোদরকে তদবস্থাপন্ন 'দেখিয়া ভয়োৎসাহ ও বিমন্যুমান হইয়া রহিলেন। পরিশেষে মহাবীর রুকো-দর তুর্ব্যোধনের গদাঘাতে নিতান্ত রোষাবিষ্ট হইয়। মাতঙ্গ যেমন মাতঞ্বের প্রতি ধাবমান হয়, তজ্ঞপ মহাবেগে কুরুরাজের প্রতি ধাবমান হইয়া তাঁহার পার্খদেশে গদাঘাত করিলেন। মহাবীর তুর্য্যোধন সেই আঘাতে মৃচ্ছিত হইয়া অবনত জাতুদ্ধরে ধরাতল স্পার্শ করিলে স্থ্রেয়গণ পুনরায় আহলাদিত হইয়া সিংহনাদ পরিত্যাগ করিতে আরম্ভ করিলেন। কুরুরাজ তাঁহাদের সেই সিংহনাদ **শ্রবণে নিতান্ত কোপাবিষ্ট হ**ইয়া গাত্রোত্থান পূর্ব্বক মত মাতক্ষের স্থায় দীর্ঘ নিশাস পরিত্যাগ করিতে লাগিলেন এবং,ভীমসেনকে দগ্ধ করিবার নিমিত্তই 🎷

যেন তাঁহার প্রতি বারংবার দৃষ্টিপাত করত তাঁহার মস্তক চূর্ণ করিবার মানদে মহাবেগে ধাবমান হইয়া হাঁছার ললাটদেশে গদাঘাত করিলেন। ভীমপরাক্রম ভীমদেন দেই প্রহারে কিছুমাত্র বিচলিত না হইয়া অচলের স্থায় অবস্থান করিতে লাগিলেন। তৎকালে সেই গদাঘাতে ভীমের ললাট হইতে রুধিরধারা নির্গত হওয়াতে তাঁহারে মদস্রাবী মাতঙ্গে ন্যায় বোধ হইতে লাগিল। পরিশেষে অরাতিপাতন অর্জ্নাগ্রজ অশনিতুল্য লৌহময় গদা গ্রহণ করিয়া বলপূর্বক ছুর্য্যোধনকে প্রহার করিলে কুরুরাজ বনমধ্যে বায়ুবেগ বিপাটিভ পুষ্পিত রক্ষের স্থায় ঘূণিত হইয়া ভূতলে নিপতিত হইলেন। পাণ্ডবগণ হুর্য্যোধনকে ধরাতলে নিপতিত দেখিয়া মহা আহলাদে সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। অনস্তর আপনার পুত্র মহারথ চুর্যোধন কিয়ৎক্ষণ পরে সংজ্ঞা লাভ করিয়া হ্রদ হইতে সমুখিত মত্ত মাতঙ্গের ভাষ দণ্ডায়মান হইলেন এবং ক্ষণকাল শিক্ষানৈপুণ্য প্রদর্শন পূর্ব্বক পরিভ্রমণ করিয়া রোষভরে পুরোবর্ত্তা রুকোদরের উপরে গদা-ঘাত করিলেন। মহাবীর ভীমদেন হুর্য্যোধনের গদাঘাতে বিহ্বল হইয়া ভূতলে নিপতিত হইলেন। তথন কুরুরাজ সিংহনাদ পরিত্যাগ পূর্ব্বক অশনি তুল্য গদার আঘাতে ভাঁহার কবচ ভেদ করিয়া ফেলিলেন। ঐ সময় অন্তরীকে দেবতা ও অপ্সরোগণের মহাকোলাহল ধ্বনি সমুখিত হইল। দেবগণ স্বর্গ হইতে বিচিত্র পুষ্পার্ষ্টি করিতে লাগিলেন। এইরূপে মহাবীর ভীমদেন ভূতলে নিপতিত এবং তাঁহার স্থদূঢ় বর্ম নির্ভিন্ন হইলে পাণ্ডবগণের মনে মহান্ ভয়-সঞ্চার হইল। কিয়ৎক্ষণ পরে মহাবীর ব্বকোদর চৈতত্য লাভ করিয়া বদন পরিমার্জ্জন ও অতি কফে ধৈর্যাবলম্বন পূর্ব্বক বির্ত্ত নয়নে সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন।

# একোনষষ্টিতম অধ্যায়।

হে মহারাজ! ঐ সময় মহাবীর অর্জ্জন সেই মহাবল পরাক্রান্ত বীর-ছয়ের ঘোরতর সংগ্রাম অবলোকন করিয়া বাস্তদেবকে কহিলেন, সথে! এই রকে!দর ও তুর্য্যোধন ইহাদের মধ্যে কোন্ বীর তোমার মতে অপেক্ষা-কৃত যুদ্ধকুশল এবং কাহারই বা কোন্ গুণ অধিক, তাহা কীর্ত্তন কর।

কান্তদেব কহিলেন, ভাত। ঐ বীরদ্বয় উভয়েই সমান উপদেশ প্রাপ্ত হইয়াছেন। ভীমসেন হুর্য্যোধন অপেক্ষা বলবান্ বটেন, কিন্তু বুকোদর

অপেক। কুরুরাজের যত্ন ও যুদ্ধনৈপুণ্য অধিক। অতএব ভীমদেন স্থায় গুদ্ধে কদাচ হুর্য্যোধনকে পরাজিত করিতে পারিবেন না। অন্যায় যুদ্ধ করিলেই ছুরাত্ম। ছুর্যোধন বিনষ্ট হইবে। আমরা শুনিয়াছি, দেবগণ মায়াবলে অহ্নর-দিগকে বিনাশ করিয়াছেন। দেবরাজ মায়াপ্রভাবেই বিরোচনকে পরাজয় ও রতাম্বরের তেজ হ্রাদ করিয়াছেন। এক্ষণে রকোদরও মায়াময় পরাক্রম প্রকাশ পূর্ব্ক তুর্য্যোধনকে বিনাশ করুন। উনি দ্যুতক্রীড়া সময়ে তুর্য্যোধনের উরু ভগ্ন করিব বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, এক্ষণে তাহা সফল হউক। মায়াবী দ্বুর্য্যোধনকে মায়াবলেই নিপাতিত করা কর্ত্তব্য। যদি ভীমদেন উহার সহিত ভায় যুদ্ধ করেন, তাহা হইলে রাজা যুধিষ্ঠির বিষম সঙ্কটে নিপতিত হইবেন। হে অর্জ্বন! আরও দেখ, এক্ষণে ধর্মরাজের অপরাধেই পুনরায় আমাদের মহৎ ভয় উপস্থিত ইইয়াছে। ভীম্ম প্রভৃতি কৌরব পক্ষীয় মহাবীর-গণ নিহত হওয়াতেই আমাদের জ্ব লাভ, কীর্ত্তি লাভ ও বৈরনির্যাতন হইয়া-ছিল, কিন্তু ধর্মরাজের নিমিত্ত এক্ষণে আমাদের জয় লাভে মহান্ সংশয় সমু-পস্থিত হইয়াছে। জ্যেষ্ঠ পাণ্ডব কি নিৰ্কোধ ! উনি কি বুঝিয়া তুৰ্য্যোধনকৈ কহিলেন যে, তুমি স্থামাদের মধ্যে একজনকে পরাজয় করিতে পারিলেই তোমার রাজ্য লাভ হইবে। ছুর্য্যোধন একে যুদ্ধনিপুণ, তাহাতে আবার একার্যাচিত্তে সমরে প্রবৃত্ত হইয়াছে ; স্কুতরাং উহারে পরাজয় করা হুঃসাধ্য ছইবে। দৈত্যগুরু শুক্রাচার্য্য এই একটা দারার্থ সম্বলিত কথা কহিয়াছেন যে, যাহার। প্রথমত প্রাণভয়ে পলায়ন করিয়। পুনরায় সমরে শক্রগণের সম্মুখীন इय, তাহাদিগকে তৎকালে জ্বাবিত নিরপেক্ষ ও একার্যাচিত্ত বলিয়া বিবেচনা. করিতে হইবে, সন্দেহ নাই; মতএব তাহাদিগকে দেখিয়া ভয় করা গবশ্য ক্রব্য। হে অর্জুন! বীরগণ জাবিতাশা নিরপেক হইয়া সাহদ সহকারে সংগ্রামে প্রবৃত্ত হইলে ইন্দ্র ও তাহাদিগের সম্মুখীন হইতে সমর্থ হন না। দেখ, ছুর্য্যোধন হতদৈশ্য ও পরাজিত হইয়া রাজ্য লাভের আশা পরিত্যাগ পূর্বক অরণ্যবাসে ক্বতনিশ্চয় ও হ্রদ মধ্যে প্রবিষ্ট হইয়াছিল। তাহারে পুনর্বার যুদ্ধার্থ আহ্বান করা নিতান্ত অবিজ্ঞতার কার্য্য হইয়াছে। হুর্য্যোধন ত্রয়োদশ বৎসর গদাযুদ্ধ শিক্ষা করিয়াছে এবং এক্সণে ভীমের নিধন বাসনায় কথন উর্দ্ধে সমুখান ও কখন বা তির্য্যগ্ভাবে সঞ্চরণ করিতেছে। অতএব বদি রুকোদর উহারে অন্যায় যুদ্ধে সংহাব না করেন, তাহা হইলে ঐ বীর নিশ্চয়ই আমাদের নির্দ্ধিত রাজ্য লাভ কবিয়া ভূপতি হইবে।

হে মহারাজ ! মহাবার ধনঞ্জয মহাত্মা মধুসূদনের বাক্য আবণ করিয়া স্বীয় বাম জামুতে আঘাত কণ্ণত ভীমদেনকে সঙ্কেত করিলেন। মহাবল পরাক্রান্ত রুকোদর তদ্দর্শনে তাহার অভিপ্রায় অবগত হইয়া গদাহত্তে সব্য মণ্ডল, দক্ষিণ মণ্ডল, যমক ও গোমুত্র প্রভৃতি বিবিধ গতি প্রদর্শন পূর্বক সমরাঙ্গনে পরিভ্রমণ করিয়া ভূর্য্যোধনকে চমৎকৃত করিতে লাগিলেন। গদামার্গবিশারদ মহাবীর ছুর্য্যোধনও ভামদেনের নিধন বাসনায় সংগ্রামে বিচিত্র গতি প্রদর্শন পূর্ব্বক সঞ্চরণ করিতে আরম্ভ করিলেন। এইরূপে সেই ক্রেদ্ধ কৃতান্ত সদৃশ বীরদ্বয বিজয় লাভের নিমিত্ত অগুরুচন্দন চার্চ্চত ভীষণ গদা বিকম্পিত করিয়া পর-न्भातरक निधन ७ रिवर्तानल निर्वतान कविवाद वामनाय नागरलानुभ गक्रफ्डरयव স্থায় খোবতব যুদ্ধ করিতে লাগিলেন। সেই সমীরণসংস্কুক সাগরছয়ের ন্যায়, ক্ষুলিক সকল বিনিঃস্ত ও নিৰ্ঘাত শব্দ সদৃশ ভাষণ শব্দ সমুখিত হইতে লাগিল। অনহার সেই স্থদারুণ সংগ্রামে ওাঁহারা উভ্যেই পরিশ্রান্ত হইলেন এবং ক্ষণকাল বিশ্রাম করিয়া পুনরায় ক্রেদ্ধচিত্তে গদা গ্রহণ পূর্ববক সংগ্রাম করিতে আরম্ভ করিলেন। সেই ভীষণ সমরে গদাঘাতে উভ্যেরই কলেবর ক্ষত বিক্ষত হইল। তাঁহারা পক্ষন্থ মহিষদ্বয়ের ন্যায় পরস্পরের প্রতি আঘাত করত জর্জ্জরিতগাত্র ও শোণিতাক্ত কলেবব হইয়া হিমালয়ন্থিত পুষ্পিত কিংশুক-ছয়ের ন্যায় লক্ষিত হইতে লাগিলেন। ঐ সময় মহাবীর রুকোদর ইচ্ছা পুর্বক রক্ষু প্রদর্শন করিলে ছুর্য্যোধন ঈষৎ গর্বিত হইয়া সহসা তাঁহার প্রতি ধাৰমান হইলেন। মহাবীর ব্কোদরও তাঁহারে সম্মুখীন হইতে দেখিয়া महारितर १४। निरक्षि क्रिलन। जाभनाव भूल उम्मर्गत उथा इहेरड অপসত হইলেন; স্তরাং ভীমের গদা ব্যর্ব হইয়া স্তুতলে পতিত হইল। এইরূপে কুরুরাজ দেই প্রহার হইতে পরিত্রাণ পাইয়াভীমের শরীরে গদাঘাত করিলেন।, মহাবীর ব্রকোদর সেই আঘাতে শোণিতাক্ত কলেবর ও মৃচ্ছাগত প্রায় হইলেন। কিন্তু তৎকালে এরূপ ধৈর্ঘ্যাবলম্বন পূর্বক অবস্থান করিতে ুলাগিলেন যে, ছুর্য্যোধন তাঁহারে অবিচলিত ও প্রতিপ্রহারোগ্যত বিবেচনা করিয়া পুনরায় আর প্রহার করিলেন না। অনস্তর মহাবার ভীমদেন মুহূর্ত্তকাল বিপ্রাম করিয়া তুর্য্যোধনের প্রতি মহাবেগে ধাবমান হইলেন। কুরুরাজ ভীমদেনকে রোষান্বিত চিত্তে আগমন করিতে দেখিয়। তাঁহার প্রহার ব্যর্থ করিবার মানদে উদ্ধে উত্থিত হইবার চেন্টা করিতে লাগিলেন। মহাবীর রকোদর তুর্য্যোধনের অভিসন্ধি বুঝিতে পারিয়া দিংহনাদ পরিত্যাগ পূর্বক তাঁহার অভিমুখীন হইলেন এবং কুরুরাজ উদ্ধে সমুখিত হইলে তাঁহার জাকুরয় লক্ষ্য করিয়া মহাবেগে গদা নিক্ষেপু করিদেন। ভীমদেনের সেই বজ্রভুল্য ভীষণ গদা তুর্য্যোধনের স্কারক জাকুরয় ভগ্ন করিয়া তাঁহারে ভূতলে নিপাতিত করিল।

**ए महात्राक ! এইऋएभ महायोत फुर्यग्राधन ख्राक्य हरेग्रा धतामाग्री** হইলে সনিষ্ঠাত বায়ু প্রবাহিত, পর্বতির্ক্ষ সম্বলিত সমুদায় পৃথিবী বিচলিত হইতে লাগিল। অনবরত শোণিতবর্ষণ, ভীষণ উল্কাপাত ও পাংশুর্**ষ্টি** इडेर्ड बार्ब इडेल। बारुतीरक मक, ताकम e शिमाहगरनत ভोषन स्त्रनि শ্রুতিগোচর হইতে লাগিল। সেই শব্দ শ্রবণে মুগকুল ও বিহগগণ তুমুল কোলাহল করিতে আরম্ভ করিল। সংগ্রামন্থিত গজ, বাজী ও মনুষ্যগণ ঘোর রবৈ চীৎকার করিতে লাগিল। ভেরা শব্দ মুদঙ্গের মহানির্ঘোষে নভোমগুল ও ভূমগুল পরিপূর্ণ হইয়া গেল। অসংখ্য করচরণশালী ঘোর-দর্শন কবন্ধগণ নৃত্য করিতে করিতে দিক্ সকল পরিবৃত করিল। ধ্বজধারী ও অন্ত্রশক্তধারী বীর পুরুষেরা কম্পিত হইতে লাগিলেন। হ্রদ ও কৃপ্ সকল হইতে রুধির উচ্ছলিত হইতে লাগিল। বেগবতী নদী সকল প্রতি-कृल প্রবাহে প্রবাহিত হইল এবং পুরুষগণকে নারীর ন্যায় ও নারীগণকে পুরুষের ন্যায় বোধ হইতে লাগিল। হে মহারাজ! তখন পাণ্ডব ও পাঞ্চালগণ সেই অন্তুত ছুন্নিমিত্ত দর্শনে নিতান্ত উদ্বিগ্ন হইলেন। দেবতা, গন্ধর্বে, অব্দরা, সিদ্ধ ও বায়ুচরগণ মহাবীর ভীমদেন ও ছুর্য্যোধনের অমুত যুদ্ধ বুভাল্ড কীর্ত্তন ও তাঁহাদের প্রশংসা করিতে করিতে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন।

### বষ্টিতম অধ্যার।

হে মহারাজ ! এইরূপে মহাবীর ছুর্য্যোধন ভীমহন্তে নিহত হইয়া শিংহনিপাতিত মত্ত ম'তঙ্গের ন্যায় নিপাতিত হইলে পাণ্ডব ও সোমকগণ আহলাদে রোমাঞ্চিত কলেবর হইয়া তাঁহারে নিরীক্ষণ করিতে লাগিলেন। ঐ সময় প্রবল প্রতাপণালা ভামদেন সমরশায়ী রাজা চুর্য্যোধনের সমীপে সমুপস্থিত হইয়া কহিলেন, তুরাত্মন্! পূর্ব্বে সভামধ্যে আমাদিগকে গরু গরু বলিয়া যে উপহাস এবং একবন্ত্রা দ্রোপদীর প্রতি যে বিবিধ কট্ ক্তি করিয়াছিলে, আজি তাহার ফল ভোগ কর। মহাবীর রুকোদর এই কথা কহিয়া ছুর্য্যোধনের মস্তকে বাম পদাঘাত পূর্বেক ক্রোধভরে পুনরায় কহি-লেন, পূর্বেব যে যে ছুরাত্মারা গরু গরু বলিয়া খামাদিগের সমক্ষে নৃত্য করিয়াছিল, আজি আমরা ভাহাদিগের সমক্ষে গরু বলিয়া নৃত্য করিব। আমরা শঠতাচরণ, বহু প্রদান, পাশক্রীড়া ও বঞ্চনা প্রভৃতি কোন ছুক্ষর্গ্রে প্রবৃত্ত হই না, কেবল স্বীয় বাহুবল অবলম্বন পূর্বক অরাতি-গণকে নিপাতিত করিয়া থাকি।

হে মহারাজ ! মহাবীর ব্লকোদর তুর্য্যোধনকে ঐ কথা কহিয়া ঈষৎ হাস্ত করিয়া যুধিষ্ঠির, কেশব, ধনঞ্জয়, নকুল, দহদেব ও স্প্রেয়গণকে কহি-लन, (मथ, रा छ्ताञ्चाता तकश्वना ट्योभनीटतं जानरान शूर्तक मভागरधा বিবস্তা করিয়াছিল, সেই ধৃতরাষ্ট্রতনয়গণ দ্রৌপদীর তপঃপ্রভাবে নিহত হইয়াছে। আর যাহারা পূর্নের আমাদিগকে ষণ্ডতিল বলিয়া উপহাস করিয়াছিল, আমরা তাহাদিগকে সমূলে নির্মাল করিয়াছি। এক্ষণে আমা-দের স্বর্গলাভ বা নরকভোগ হউক, কিছুতেই অসন্তটে নহি। মহাবীর বুকোদর এই বলিয়া ক্ষক্ষন্থিত গদা গ্রহণ পূর্বক পুনরায় দেই ধরাতলগত রাজা ছুর্য্যোধনের মস্তকে বাম পদাঘাত করিতে লাগিলেন। ধর্মাত্মা সোমকগণ ভীমদেনের সেই নীচজনোচিত ব্যবহার অবলোকন করিয়া কিছুমাত্র, সস্তুষ্ট হইলেন না। তথন ধর্মরাজ যুধিষ্ঠির সেই আত্মপ্রাদানিরত ব্ৰকোদরকে সম্বোধন পূর্বক কহিলেন, ভুমি বৈরঋণ হইতে বিমুক্ত হইয়াছ এবং দংকার্য দারা হউক বা অসং কার্য্য দারাই হউক, প্রতিজ্ঞা পরিপূর্ণ করিয়াছ; এক্ষণে কৃস্তি হও। হুর্য্যোধন আমাদিগের জ্ঞাতি, বিশেষত এই বীর একাদশ অক্ষোহিণী সৈন্যের ও কোরবগণের অধিপতি ছিল, ইহার মন্তকে পদাঘাত করিয়। অধর্ম সঞ্চয় করিও না। এক্ষণে ইহার বন্ধু, অমাত্য, দৈন্য, জাতা এবং পুজ্রগণ নিহত হওয়াতে এই বীর সর্বপ্রকারেই শোচনীয়

হইয়াছে; বিশেষত কুরুরাজ আমাদের ভ্রাতা, অতএব ইহার প্রতি ওরূপ ব্যবহার করা ভোমার কোন ক্রমেই কর্ত্তব্য হইতেছে ন।। হে র্কোদর! প্রাচীন লোক মাত্রেই তোমারে ধার্ম্মিক বলিয়া পণনা করিয়া ধাকেন, তবে তুমি কি রূপে রাজ্ঞারে পাদ দারা স্পর্শ করিতেছ ?

হে মহারাজ ! ধর্মারাজ যুধিষ্ঠির ভামদেনকে এই কথা কাহয়া অশ্রুকঠে দীন ভাবে ছুর্ব্যোধনের স্মাপে গ্যন পূর্বক কহিলেন, ভ্রাত ! ভোমার ছঃথ বা শোক কঁরা কর্ত্তব্য নহে। ভুমি পূর্ববক্ত কর্মের ঘোরতর ফল ভোগ করিতেছ। হে কুরুসভম ! আমরা তোমার হিংসা করিব এবং তুমি আমা-দিগের হিংসায় প্রবৃত্ত হইবে, ইহা বিধাতাই নির্দেশ করিয়াছিলেন। যাহা হউক, তুমি লোভ ও বালকত্ব প্রযুক্ত আপনার দোষেই ঈদৃশ বিপদ্ গ্রস্ত হই-য়াছ। তুমি বয়দ্য, ভাতা, গুরু, পুত্র, পৌত্র ও অন্যাত্ত আত্মীয়গণের বিনাশ সাধন করিয়া পরিশেষে স্বয়ং নিহত হইলে। কেবল তোমার অপরাধেই আমরা তোমার ভ্রাতা ও জ্ঞাতিগণকে নিহত করিলাম। যাহাহউক. এক্ষণে তোমার শোক করা কর্ত্তব্য নহে। এক্ষণে মৃত্যুই তোমার পক্ষে শ্রেয়। আমরা নিতান্ত হতভাগ্য, এক্ষণে আমাদিগকে সর্বদাই প্রাণাধিক বন্ধুবিচ্ছেদে নিতান্ত দীনভাবাপন হইয়া শোচনায় অবস্থায় অবস্থান করিতে ছইবে। আমরা কি রূপে বিপ্রপত্নী ও ভ্রাত্বধূগণকে বিধবা ও শোকার্ত্ত নিরীক্ষণ করিব। ভূমি এ স্থান হইতে প্রস্থান করিয়া সুর্কে বাস করিবে, কিন্তু আমরা নরকতুল্য স্থলারুণ হুঃখ ভোগ করিতে রহিলাম। ধ্বতরাষ্ট্রের বিধবা পুত্রবধু ও পৌত্রবধূগণ একাস্ত শোকার্ত্ত হইয়া নিরস্তর আমাদিগকে ভর্ৎসনা করিবেন। হে মহারাজ। ধর্মনন্দন এই বলিয়া ছঃখিত চিত্তে বিলাপ ও দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন।

# একষষ্টিতম অধ্যায়।

ষ্ঠতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়! মহাবল পরাক্রান্ত গদাযুদ্ধবিশারদ বলদেব ছুর্য্যোধনকে অধর্মাযুদ্ধে নিহত দেখিয়া'কি কহিলেন, তাহা কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন,—মহারাজ! মহাবল বলদেব ভীমদেনকে আপনার শাস্ত্র হর্ষ্যোধনের উরুদেশে গদাঘাত করিতে দেখিয়া নিতান্ত ক্রোধাবিষ্ট হইলেন এবং দেই ভূপালগণমধ্যে বাহু সমৃদ্যত করিয়া ভীষণ আর্ত্তনাদ পরিত্যাগ ও ভীমদেনকে বারংবার ধিকার প্রদান পূর্বেক কহিলেন, ধর্মযুদ্ধে নাভির অধঃস্থলে গণাঘাত করা রকোদরের নিতান্ত অন্যায় হইয়াছে। গদাযুদ্ধে ভীমদেন যেরূপ কুকার্য্যের অনুষ্ঠান করিল, এরূপ আর কুত্তাপি দৃষ্টিগোচর হয় নাই। নাভির অধঃপ্রদেশে কদাচ গদাঘাত করিবে না, ইহা শাস্ত্রসঙ্গত ও স্থির দিদ্ধান্ত; কিন্তু মহামূর্থ রকোরের শাস্ত্রসন্মত ব্যবহার অতিক্রম করিয়া স্বেচ্ছাচারে প্রবৃত্ত হইয়াছে।

হে মহারাজ! হলধারী বলদেব এই কথা বলিতে বলিতে ক্রোধে একান্ত অধীর হইয়া লাঙ্গল উদ্যুত করিয়া মহাবেগে ভীমের প্রতি ধাবমান হইলেন। ঐ সময় হলধর হস্ত উদ্যত করাতে তাঁহার রূপ বহুবিধ ধাতুরাগ-রঞ্জিত খেতপর্বতের ন্যায় লক্ষিত হইতে লাগিল। ঐ সময় বিনয়ী বাহ্নদেব বলদেবকে ভীমের প্রতি ধাবমান দেখিয়া স্থল বর্ত্তল বাহুযুগল দারা তাঁহারে ধারণ করিলেন। সেই ধবল ও ক্লফকলেবর যত্নবংশীয় বীরদ্বয় একত্র হইলে অপরাহ্ন কালীন' নভোমগুলগত চন্দ্র সূর্য্যের ন্যায় ওাঁহাদের অপূর্ব্ব শোভা হইল। তথন যত্নপ্রবীর বাস্থদেব বলদেবের ক্রোধ শান্তি করিবার নিমিত্ত কহিলেন, হে মহাত্মন্! শাস্ত্রে ছয় প্রকার উন্নতি নির্দ্দিক আছে। আপনার উন্নতি, আপনার মিত্রগণের উন্নতি ও তাহাদের বন্ধ বান্ধবগণের উন্নতি এবং শক্রুর অবনতি, শক্রুর মিত্রগণের অবনতি ও তাহাদের বন্ধু বান্ধবদিগের অবনতি। প্রাক্ত ব্যক্তি আপনার ও স্বীয় মিত্র-গণের অবনতি অবলোকন করিলে আপনার ক্ষয় উপস্থিত হইয়াছে অবগত হইয়া অবিলম্বে ভাহার প্রতিবিধান করিবেন। সমরবিশারদ পাণ্ডবেরা আমাদিগের পিতৃষদার পুত্র; হৃতরাং ইঁহারা আমাদের দহজ মিত্র। একণে বিপক্ষেরা ইহাদিগকে নিতান্ত পরাভূত করিয়াছিল। আর দেখুন, প্রতিজ্ঞা পালনই ক্ষত্রিয়ের পরম ধর্ম। মহাবীর রুকোদর আমি রুণস্থলে গদাঘাতে ছুর্য্যোধনের উরু ভঙ্গ করিব বলিয়া সভামধ্যে প্রতিজ্ঞা করিয়াছিলেন। পূর্বে মহিষ মৈত্রেয়ও ছুর্ষ্যোধনকে ভীমের গদাঘাতে ভোমার উরু ভগ্ন ছইবে এই বলিয়া অভিশাপ প্রদান করিয়াছিলেন। অতএব একণে ্ব ভীষদেনের এইরূপ অনুষ্ঠানে অনুষাত্রও দোষ লক্ষিত হইতেছে না। হে

রেবতীর্মণ ! আপনি ্ক্রাধ সংবরণ করুন। পাণ্ডবগণের সহিত আমা-দিগের যোমিসম্বন্ধ ও সাতিশয় সৌহার্দ্দ আছে ; স্কুতরাং ইহাদিগের উন্ধৃতি হইলেই আমাদিগৈর উন্ধৃতি লাভ হইবে, সন্দেহ নাই।

তখন ধর্মপরায়ণ হলধর বাহ্নদেবের বাকা প্রবণ করিয়া কহিলেন, কৃষ্ণ ! দাধু লোকেরাই ধর্মের অনুষ্ঠান করিয়া থাকেন ; কিন্তু দেই ধর্মা, অর্থ ও কাম দ্বারা উপহত হয়। দেখ, অতিশয় লুব্ধ অর্থলোভে ও অত্যাসক ব্যক্তি কামপ্রভাবে ধর্মহান হইয়া থাকে। অত্তব যে ব্যক্তি ধর্মা, অর্থ ও কামের প্রতি সমদৃষ্টি সম্পন্ন হইয়া কাল যাপন করিতে পারে, দেই যথার্থ সেখ ভোগে সমর্থ হয়। হে হুয়াকেশ। এক্ষণে ভুমি যত চেফা কর নাকেন ভামদেন যে অধ্যাচরণ করিয়াছেন, ইহা আমার মনোমন্দির হইতে দুরাক্ত করিতে সমর্থ হটবে না।

ভগন বাজদেব কহিছেন, হে বাম ! লোকে আপনারে অভিশয় শাস্ত-প্রাকৃতি ও ধর্মবংসল ব'লয়। নদ্দেশ করেয়া থাকে । অভএব আপনি ক্রোধ ধণবরণ ও শান্তি অবলম্বন করুন । দেখুন, এক্ষণে কলিয়ুগ উপস্থিত হইয়াতে । বিশেষত ভামদেন যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, ভাহা পূর্ণ করিবার এই উপযুক্ত সময়, অভএব ইনি এক্ষণে নির্বিম্নে বৈর ও প্রতিজ্ঞা-পাপ হইতে বিমুক্ত হউন ।

হে মহারাজ ! মহারার বলদেব ক্ষের মুখে এইরপ ক্টধর্ম শ্রেবণ করিয়াও অথসর মনে পুনরায় কহিলেন, হে বাহ্নদেব ! ভীমসেন ধর্মপরায়ণ হর্যোধনকে অধর্মানুসারে বিনস্ট করিয়াছেন, এই নিমিত্ত এই ভূমগুলে কুট্যোদ্ধা বলিয়া প্রখ্যাত হইবেন। আর রাজা হুর্যোধনও ধর্মযুদ্ধে প্রবৃত্ত হইয়া নিহত হইয়াছেন, অতএব উনি শারত গতি এবং ইহলোকে অতিশয় বশোলাভ করিবেন। খেতপর্বতশিখরাকার রোহিণীতনয় এই বলিয়া রখারোহণ পূর্বক দারকাভিমুখে যাত্রা করিলেন। বলদেব প্রস্থান করিলে পাঞ্চাল, যাদব ও পাণ্ডবগণ সকলেই যাহার পর নাই বিষণ্ধ হইলেন। তথন বাহ্নদেব ধর্মারাজ যুগিন্তিরকে অধাবদনে দান মনে শোক ও চিন্তায় একান্ত আকুল দেখিয়া কহিলেন, মহারাজ! আপনি ধর্মাজ ; অতএব অধর্মে সমুমোদন করা আপনার কর্ত্বিয় নহে। ভৌমসেন হতবন্ধু বিচেতন প্রায়

তুর্যোধনের মস্তকে পদাঘাত করিতে প্রবৃত্ত হইয়াছেন, আপনি কি বলিয়া উহাতে উপেক। করিতেছেন ?

যুগিষ্ঠির বাস্তদেবের বাক্য শ্রেবণ করিয়া কহিলেন, হে ক্ষা ! বুকোদর রোষপরবশ হইয়া রাজা ছুর্য্যোধনের মস্তকে যে পদাঘাত করিতেছেন, ইহা আমার গভিমত নহে। আমি কুলক্ষয়েও সম্প্রেট নহি। কিন্তু ধুতরাষ্ট্র-তনয়েরা নিত্য শঠিতাচরণ ও নানাপ্রকার পরুষ রাক্য প্রয়োগ পূর্বক আমাদিগকে রাজ্য হইতে নির্বাসিত করিয়াছিল। সেই সমস্ত ছুঃখ ভীমসেনের হৃদয়ে বন্ধমূল হইয়া রহিয়াছে। আমিও সেই কারণ বশতই আমার আত্যণণ ধর্মামুসারেই হউক, আর অধর্মামুসারেই হউক, লোভপরতি তুর্যোধনকৈ বিনাশ করিয়া অভীফ সাধন করুক, এই মনে করিয়া জ্যাতিবিনাশ ও তুর্যোধনের মস্তকে পদাঘাতে উপেক্ষা প্রদর্শন করিতেছি। হে মহারাজ ! ধর্মারাজ বুর্ঘিষ্ঠির এই কথা কহিলে যতুবংশাবতংস বাহ্নদেব অতি কন্টে তাঁহার বাক্যে সম্মত হুইয়া ভীমের কার্য্যে অনুস্থাদন করিলেন।

ঐ সময় মহাবার ভামসেন অরাভিপরাজয়জনিত হর্ষে উৎফুল্ললোচন হইয়া ধর্মরাজ যুধিষ্ঠিরের অভিমুখে অবস্থান পূর্বক তাঁহারে অভিবাদন করিয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, মহারাজ! আজি আপনার পূথিবী নিক্ষণ্টক হইল। এক্ষণে রাজধর্মাতুসারে রাজ্য শাসন করুন। এক্ষণে প্রবঞ্চনাপরতন্ত্র শঠতাপ্রিয় বিপক্ষভাবের মূল কারণ হুর্যোধন ধরাতলে শয়ন করিয়াছে। রাধেয়, শকুনি ও হুংশাসন প্রভৃতি অতি কর্কশভাষী শক্ত সমুদায়ও নিহত হইয়ছে। অদ্যাবধি এই পর্বতকানন সমন্থিত নানারত্রসমাকীর্ণ বহুদ্ধরা পুনরায় আপনার হস্তগত হইল। আপনি এক্ষণে নিক্ষণ্টকে রাজ্য শাসন করুন।

যুধিষ্ঠির কহিলেন, হে রুকোদর ! আজি কুষ্ণের মন্ত্রণাবলে হুর্য্যোধন নিহত, বৈরানল প্রশমিত ও বহুদ্ধরা আমাদের অধিকৃত হইল। আজি তুমি ভাগ্যক্রমে অরাতি নিপাতন পূর্বক জয় লাভ করিয়া জননীর ও চির-সঞ্চিত্ত ক্রোধের নিকট আনুণ্য লাভ করিলে।

#### ছিষ্টিতম অধ্যার।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়! পাণ্ডব ও সঞ্জয়গণ আমার পুত্র হুর্যো-.

ধনকে ভাষদেনের গদাবাতে নিপাতিত দেখিয়া কি রূপ অমুষ্ঠান করিল ? শঞ্জয় কহিলেন, মহারাজ ! মহাত্মা বাস্তদেব এবং পাগুব, পাঞ্চাল ও সঞ্জয়গণ সিংহ্রিপাতিত সদমত্ত মাতকের ছায় তুর্য্যোধনকে ভামের গদাঘাতে নিপাতিত দেখিয়া প্রীত মনে উত্তরীয় বিধুনন ও সিংহনাদ পরিত্যাগ করিতে लांशिटलन । ज्यकाटल वज्ञाता भाखनभक्तीय वोत्रशर्मत व्हिट्र मञ्जू कतिएज অসমর্থ হইয়া কম্পিত হইতে লাগিলেন। ঐ সম্য কেচ কেহ শ্রাস্নে টকার প্রদান, তক্ত কৈহ শভা বাদন, কেহ কেহ তুল্দুভিধ্বনি, কেহ কেহ জৌড়া ও কেহ বা হাস্ত করিতে করিতে ভামসেনকে বারংবার কহিতে লাগিলেন, হে রুকোদর! আজি তুমি গদাযুদ্ধবিশারদ কৌরবেন্দ্র হুর্ঘ্যো-ধনকে নিপাতিত করিয়া যাহার পর নাই মহৎকার্ণ্যের অনুষ্ঠান করিয়াছ। আজি দকল লোকেই তোমারে বুত্রনিহন্ত। ইন্দ্রের ন্যায় বোধ করিভেছেন। তুমি ভিন্ন কোনু ব্যক্তি বিচিত্ত মার্গচারী মহাবীর তুর্য্যোধনকে বিনাশ করিতে পারে ? আজি তুমি সৌভাগ্য বশত কৌরবদিগের সহিত শক্তভাব নিংশেষিত করিয়া দুর্ঘ্যোধনের মৃষ্তকে পদাঘাত করিয়াছ। ইতিপূর্নের ভূমি দিংহ যেমন মহিষের রক্ত পান করে, তজ্ঞপ তুঃশাদনকে নিহত করিয়া ভাহার রুধির পান করিয়।ছিলে। 😉 বারবর ! যাহারা পরম ধার্ম্মিক যুঁধিষ্টিরের অহিতাচরণে প্রবৃত হইয়াছিল, তুমি ভাগ্যবলে তাহাদিগের মস্তকে পদার্পণ করিলে। তুমি ছুর্য্যোধন ও অত্যান্য অরাতিগণকে নিপাতিত করিয়া ধরাতলে মহতী কার্ত্তি লাভ করিলে। বিত্রাস্থর নিহত হইলে বন্দিগণ দেবরাজকে যেরূপ অভিনন্দন করিয়াছিল, গাজি সুর্য্যোধন নিপতিত ছও-য়াতে আমরা তোমারে তজ্ঞপ অভিনন্দন করিতেছি। ছুর্য্যোধনের নিপাত সময়ে আমাদিগের যে পুলকোদনাম হইয়াছিল, এখনও তাহার কিছুমাত্র বৈলক্ষণ্য হয় নাই। হে মহারাজ। পাওব পক্ষায় বীরগণ সমবেত ১ইয়া ভীমদেনকে এইরূপ প্রশংদা করিতে লাগিলেন।

তথন মহাত্মা মধুসূদন পুরুষভ্রেষ্ঠ পাণ্ডব ও পাঞ্চালগণের মুখে সেইরূপ **অসক্ত প্রশংসা ভাবণ করিয়া কহিলেন, হে** ভূপতিগণ! মৃতক**ল্প শক্র** প্রতি কটুবাক্য প্রয়োগ করা কর্ত্তব্য নহে। পাপদহায় নিলর্জ্জ তুর্ণ্যোধন ধ্বন মহাত্মা বিহুর, দ্রোণ, কুপ, ভীম্ম ও দঞ্জয় প্রভৃতি হৃহদ্বাণ বারংবার

শমুরোধ করিলেও লোভ প্রযুক্ত ভাঁছাদের বাক্য লজ্ঞ্মন করিয়া পাগুবগণকে পৈতৃক রাজ্যের অংশ প্রদানে অসম্মত হইয়াছিল, তথনই আমি উহারে নিহত বলিয়া স্থির ক্রিয়াছি। এক্ষণে ঐ নরাধ্য মিত্র বা শক্রমধ্যেও পরিগণিত হইবার উপযুক্ত নহে; ও কাষ্ঠের হ্যায় নিতান্ত জড় হইয়াছে। উহার প্রতি কটুবাক্য প্রয়োগ করা নিতান্ত অকর্ত্র্ব্য। চল, আমরার্থারোহণ পূর্ব্বক এ স্থান হইতে প্রস্থান করি। পাপাত্মাত্র্য্যোধন এত দিনের পর ভাগ্যবলে জ্ঞাতি ও বন্ধু বান্ধবগণের সহিত্তানিহত হইল।

হে মহারাজ ! তুর্য্যোধন বাস্তদেবের মুখে ঐ রূপ তিরস্করি বাক্য শ্রবণে বাহুদ্বয়ে পৃথিবী ধারণ পূর্ম্বক উপবিষ্ট , হইয়া সরোষ নয়নে কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন। ঐ সমধ তিনি শরার অর্দ্ধোন্নত করাতে তাঁহারে ছিনপুচ্ছ ক্রুদ্ধ ভুজঙ্গনের তায় বোধ হইতে লাগিল। কুরুরাজ তৎকালে প্রাণান্তকর বিধন বেদনায় নিতান্ত কাতর হইয়াভিলেন, তথাপি **ক্ষে**র তির**স্কার বাক্য সূত্র** ক'রতে না পারিয়া তাথারে নিষ্ঠুর বাক্যে কহিলেন, তে কংসদাসতন্য ! ধনপ্রয় কোমার বাক্রাজ্যাবে বুকোদ্রকে আমার উরু ভগ্ন করিতে সঙ্গেত করাতে ভাষ্ঠেন খণ্ডা যুদ্ধে খামারে **নিপাতিত করিয়াছে, ইহাতে তুমি লঙ্কিত হইটেড ন**ে ভৌমার সভাষ উপায় দারাই প্রতি দিন ধর্ম যুদ্ধে প্রবৃত্ত সহস্র নহস্ত নর্গ,ত নিহত হুইয়া-ছেন। তুমি শিখণ্ডীরে অগ্রসর করিয়া পিতামখকে নিপাতিত করিয়াছ। অশ্বতামা নামে গজ নিহত হইলে তুমি কৌশলেই আচাৰ্য্যকে অন্ত্ৰ শস্ত্ৰ পরিত্যাগ করাইয়াছিলে এবং সেই অবদরে তুরাত্মা ধ্রুটত্যুত্ম তোমার সমক্ষে ষ্মাচার্য্যকে নিহত করিতে উদ্যত হইলে তাহারে নিষেধ কর নাই। কর্ণ অর্জুনের বিনাশার্থ বহু দিন অতি যত্ন সহকারে যে শক্তি রাখিয়াছিলেন, তুমি কৌশলক্রমে সেই শক্তি ঘটোংকচের উপর নিক্ষেপ করাইয়। ব্যর্থ করিয়াছ। সাত্যকি তোমারই প্রবর্তনা পরতন্ত্র হইয়া ছিন্নহস্ত প্রায়োপরিস্ট স্থারি কর্মারে নিহত ক্রিয়াছে। মহাবার কর্ণ অর্জ্নবদে সমুদ্যত হইলে তুমি কৌশলক্রনে তাঁহার সর্পবাণ বার্থ করিয়াছ এবং পরিশেষে সূতপুক্তের র্থচক্র ভূগর্ভে প্রবিষ্ট ও তিনি চক্রোদ্ধারের নিমিত্ত ব্যস্ত সমস্ত হইলো **ভূমি কৌশলক্রমে অ**র্জ্ন দ্বারা ভাঁচার বিনাশ সাধনে কুতকার্য্য হইয়াছ।

অতএব তোমার তুলা পাপাত্মা, নির্দিয় ও নেল'জ্জ আর কে আছে। দেখ, যদি তোমরা ভাষা, দোণ, কর্ণ ও গামার সহিত তায় যুদ্ধ করিতে, তাহা হইলে কদাপি জয় লাভে সমর্থ ক্ষতে না। তোমার অনার্য্য উপায় প্রভা-বেই আমরা স্বধর্মানুগত পাথিবগণের সাহত নিহত হইলাম।

তথন বাস্তদেব হুর্য্যোধনের বাক্য শ্রানণ করিয়া কছিলেন, হে গান্ধারী-নন্দন! তুমি অদং পথ অবলম্বন পূর্বাক ভাতা, পুজ, বন্ধু, বান্ধব ও অমু-চরবর্গের সাহত নিওঁত হইলে। ভোমার পাপেই মহাবার ভাষা, দ্রোণ ও তোমার আয় অসচচ্চিত্র সূত্র্জ নিহত ইউলাছেন। পুরেব আমি তোমার নিকট বারংবার প্রার্থনা করিয়াছিলান, কিন্তু ভূমি ত্রাত্মা শকুনির পরা**মর্শে** লোভ প্রভাবে পাণ্ডবগণকে প্রৈতৃক রাজ্যের অংশ প্রদান কর নাই। তুমি ভাগদেনকে বিযাল ভক্ষণ করাইলাছিলে এবং থাব্যা কুন্তার স্থিত পাওক-গণকে দক্ষ করিবার নিমিত্ত জতুপুতে আগ্ন সংযোগ করিয়াছিলে। হে তুরা-जान्। इमि यथकारम मजामरता तक्षणमा (जोशमीरत विविध द्वान श्रामान করিখাছিলে, দেই সম্পই তোমার বধ সাধ্য করা আত করিও ছিল। তুমি শ্তরণতবেশ পুরবক ক্রাতানপুণ শক্তানর প্রভাবে পঞ্চলাড়ায় নিতান্ত অনভিজ্ঞ প্রারাজকে প্রাজয় করিলাছিলে। প্রাপ্তবগর মুগধার্প ভূণবি**ন্দুর আল্রামে** গ্যন করিলে গুরণ্মেধ্যে ছুরাজা জয়দ্রপ লোমার মতাতুমারেই দ্রৌপদারে ক্লেশ প্রদান কার্য়াছিল এবং তোনার দোনেই বহুসংখ্য রথী একতা হুইয়া একমাত্র বালক অভিমন্ত্র বিনাশ গাধনে প্রবৃত ১ইয়াছিল। এই সমস্ত কারণেই ভূমি নিগত হইলে। হে নিলজ্জি। ভূমি আমাদিগের উপর যে যে কুকর্মা আরোপিত করিতেছ, সম্বং সেই সেই কুকার্য্যের অনুষ্ঠান করি-য়াছন। তুমি কদাচ হারগুরু রহস্পতির উপদেশ বাক্য এবণ, রুদ্ধগণকে দেবা ও তাঁহাদিগের হিত্বাকো কর্ণপাত কর নাই। প্রবল লোভ ও ভোগতুষ্ণায় অভিভূত ২ইয়াবিস্তর মকার্যের গতুষ্ঠান কবিয়াছ। একণে ভাগারই পারণত ফল ভোগ কর।

তখন রাজা তুর্য্যোধন কাহলেন, কৃষ্ণ ৷ আমি অধ্যয়ন, বিপিপুর্দিক দান, সমাগ্রা বস্তুদ্ধরা শাসন, বিপক্ষগণের মন্তকোপার অবস্থান, অন্য ভূপালের নিতান্ত তুর্লভি দেবভোগ্য স্থা সম্ভোগ ও অতুংকুক ঐথ্যা লাভ করি- রাছি; পরিশেষে ধর্মপরায়ণ ক্ষত্রিয়গণের প্রার্থনীয় সমরমূহ্য প্রাপ্ত হই-যাছি; অতএব আমার তুলা সৌভাগ্যশালী আর কে হইবে। একণে আমি ভ্রাতৃবর্গ ও বন্ধু বান্ধবগণের সহিত পর্গেচলিগাম, ভোমরা শোকাকুলিত চিত্তে মৃতকল্প হুইয়া এই পৃথিবীতে অবস্থান কর।

হে মহারাজ! রাজা তুর্য্যোধন এই কথা কহিবামাত্র আকাশ হইতে হুগন্ধি পূষ্পবৃষ্টি হইতে লাগিল। গদ্ধর্বগণ হুমধুর বাদিত্র বাদন ও অপ্সরা সকল রাজা তুর্য্যোধনের যশোগান করিতে আরম্ভ করিয়েন। সিদ্ধগণ তাঁহারে সাধুবাদ প্রদানে প্রবৃত্ত হুইলেন। হুগদ্ধ সম্পদ্ধ স্থম্পর্শ সমীরণ মন্দ মন্দ সঞ্চারিত হুইতে লাগিল। দিন্নগুল ও নভোমগুল হুনির্মাল হুইল। তখন বাহ্যদেবপ্রমুখ পাগুবগণ সেই তুর্য্যোধনের সন্মানসূচক অভুত ব্যাপার নিরাক্ষণ করিয়া সাতিশয় লজ্জিত হুইলেন এবং তাঁহারা ভীমা, জেণ, কর্ণ ও ভূরিশ্রবারে অধর্মায়ুদ্ধে বিনাশ করিয়াছেন, এই কথা শ্রবণ করিয়া শোক প্রকাশ করিতে লাগিলেন।

পরিশেষে মহাত্মা বাস্থদেব পাগুবগণকে একান্ত চিন্তাকুল অবলোকন করিয়া মেঘগন্তীর নির্ঘোষে কহিতে লাগিলেন, হে পাগুবগণ! ভীত্মপ্রথ মহারথগণ ও রাজা তুর্য্যোধন অসাধারণ সমরবিশারদ ও কিপ্রহন্ত ছিলেন; তোমরা কদাচ তাঁহাদিগকে ধর্ম্মুদ্ধে পরাজয় করিতে সমর্থ হইতে না। আমি কেবল তোমাদিগের হিতামুন্তান পরতন্ত্র হইয়া অনেক উপায় উদ্ভাবন ও মায়াবল প্রকাশ পূর্বক তাঁহাদিগকে নিপাতিত করিয়াছি। যদি আমি ঐ রূপ কুটল ব্যবহার না করিতাম, তাহা হইলে তোমাদিগের জয়লাভ, রাজ্যলাভ ও অর্থলাভ কখনই হইত না। দেখ, ভীত্ম প্রস্তৃতি সেই চারি মহাত্মা ভূমগুলে অতিরথ বলিয়া প্রথিত, আছেন। লোকপালগণ সমবেত হইয়াও তাঁহাদিগকে ধর্ম্মুদ্ধে নিহত করিতে সমর্থ হইতেন না। আর দেখ, সমরে অপরিক্রান্ত গদাধারী এই তুর্য্যোধনকে দণ্ডধারী কুতান্তও ধর্মাযুদ্ধে বিনন্ত করিতে পারেন না; অতএব ভাম যে উহারে অসহ উপায় অবলম্বন পূর্বক নিপাতিত করিয়াছেন, দে কথা আর আন্দোলন করিবার আবশ্যকতা নাই। এইরূপ প্রসিদ্ধ আছে যে, শক্রমংখ্যা অধিক হইলে তাহাদিগকে কৃটবুদ্ধে বিনাশ করিবে। মহাত্মা স্বর্গণ কৃটবুদ্ধের অস্কুটান

করিয়াই **অহারগণকে নিহ**ত করিয়াছেন। তাঁহাদের অনুকরণ করা সক-লেরই কর্ত্তর। একণে আময়া কৃতকার্য্য হইয়াছি; দায়ংকালও দমুপস্থিত হইয়াছে; অত্তএৰ চল, হস্তী, অশ্ব ও রবে আরোহণ পূর্বেক স্ব স্ব গৃহৈ গমন ক্রিয়া বিশ্রাম করি। মহাত্মা বাস্তদেব এই কথা কহিলে পাঞ্চালগণ পাওবদিগের সহিত হুফীভঃকরণে সিংহনাদ পরিত্যাগ করিতে আরম্ভ করি-লেন। মহার্ছা বাস্থদেবও তুর্ব্যোধনের নিধনে প্রফুল হইয়া শহাধান করিতে লাগিলে।

### ত্রিবাইডম অধ্যার্থ।

হে মহারাক্ত ! পাণ্ডবপক্ষীয় মহাবাহ্ নৃপতিগণ এইরূপে শহ্ম প্রথ্যাপিত করিয়া শিবিরাভিমুখে গমন ,করিতে লাগিলেন ৷ ঐ স্ময় পাগুবগণ আমাদিগের শিবিরে ধাবমান হইলে মহাধকুর্দ্ধর যুযুৎস্থ, সাত্যকি, ধৃষ্টগ্রাম্ব, শিখণ্ডী ও দ্রৌপদীর পাঁচ পুক্র ভাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিলেন। অন্তান্য মহাধসুদ্ধরগণও স্বীয় সীয় শিবিরে প্রতিনিবৃত্ত হইলেন। অনস্তর পাশুবরণ কুরুরাজের শিবিরে গুমন করিলেন। তৎকালে ঐ শিবির জনশূন্য রঙ্গভূমির স্থায়, উৎসবশূন্য নগরের ন্যায় এবং গজরাজ শূন্য হ্রদের ন্যায় নিতান্ত শোভাবিহীন হইয়াছিল। বৃদ্ধ অমাত্যগণ স্ত্রী ও ক্লীবদিগের সহিত উহাতে অবস্থান করিতেছিলেন। চুর্য্যোধন প্রভৃতি বীরগণ কাষায় বস্ত্র পরিধান পূর্বক কৃতাঞ্জলিপুটে প্রতিনিয়ত ঐ সকল রুদ্ধ অমাচ্চ্যের উপাসনা করিতেন। মহারথ পাণ্ডবগণ দেই শিবিরে সমুপস্থিত হইয়ারিও হইতে অবতীর্ণ হইতে আরম্ভ করিলে তাঁহাদের হিতাসুষ্ঠানতৎপর হুষীকেশ -. অর্জনকে কহিলেন, ধনঞ্কয় ! তুমি গাণ্ডীব শরাসন ও অক্ষয় তুণীরহায় লইয়া অত্তা রধ হইতে অবরোহণ কর। আমি পশ্চাৎ অবতীর্ণ হইব। মহাবীর ধনঞ্জর কৃষ্ণের বাক্য আবেশে গাণ্ডীব ও অক্ষয় ভূণীরদ্বয় লইয়ারথ হইতে অবভরণ করিলেন। তৎপরে ধীমান্ বাহ্নদেবও অশ্বরশ্মি পরিভ্যাগ পূর্ববিক অবভার্ণ হইলেন। অংগৎপতি হৃষীকেশ অর্জনের রুথ হইতে অবভার্ণ হইলে ধ্বজন্থিত কপিবর অস্তাহিত হইল এবং অক্সাৎ রথ ভূণীর, রাশ্মি, অধ ও যুগৰত্ব কাঠের সহিত প্রস্থানিত ও ভশ্মীভূত হইয়া গেল। পাশুবতনয়গণ ধনপ্লারের রথ ভস্মাবশিকী অবলোকন করিয়া একান্ত বিস্ময়াপন হইলেন।

তথন মহাবীর অর্জ্জুন কৃষ্ণকৈ প্রাণিপাত পূর্বক কৃতাঞ্জলিপুটে সাদর সম্ভাষণে কহিলেন, গোবিস্প! কি নিমিত্ত আমার রথ ভস্মাবশেষ হইল ? যদি বলিবার কোন প্রতিবন্ধক না থাকে, তাহা হইলে এই আশ্চর্য্য ঘটনার বিষয় কীর্ত্তন কর।

মহান্ত্র। বাস্ক্লেব অর্জ্জুনের বাক্য প্রবণ করিয়া কহিলেন, সথে! বিবিধ ব্রহ্মান্তর প্রভাবে পূর্বেই এই রথে অগ্নি সংলগ্ন হইয়াছিল, কেবল আমি উহাতে অধিষ্ঠান করিয়াছিলাম বলিয়া এ কাল পর্য্যন্ত ওঁ দক্ষ হয় নাই। একণে ভূমি কৃতকার্য্য হইলে আমি ঐ রথ পরিত্যাগ করাতে উহা দক্ষ ও ভস্মীভূত হইল। ভগবান্ কেশব অর্জ্জুনকে এই কথা বলিয়া ঈষৎ গর্বিতভাবে ধর্ম্মরাজকে আলিঙ্গন পূর্বেক কহিলেন, মহারাজ! আপনি আজি ভাগ্যক্রমে জয় লাভ করিলেন। আপনার শক্রু সকল নিহত হইয়াছে এবং আপনি আছগণ সমভিব্যাহারে এই বীরক্ষয়কর ঘোরতর সংগ্রাম হইতে মুক্ত হইয়াছেন। এক্ষণে সময়োচিত কার্য্যের অনুষ্ঠান কর্মন। আপনি পূর্বের্বাটি নগরে আমারে মধুপর্ক প্রদান পূর্বেক হে কৃষ্ণ! ধনঞ্জয় তোমার আতা ও সথা, তোমায় ইহারে সমুদায় বিপদ্ হইতে উদ্ধার করিতে হইবে, এই বিলয়া অর্জ্জুনকে আমার হস্তে সমর্পণ করিয়াছিলেন। আমিও তৎকালে আপনার বাক্য স্বীকার করিয়াছিলাম। এক্ষণে সেই সত্যপরাক্রম মহাবীর ধনঞ্জয় মৎকর্জ্ক পরিরক্ষিত হইয়া জয় লাভ পূর্বেক ভাতৃগণের সহিত এই বীরক্ষয়কর লোমহর্ষণ সংগ্রাম হইতে বিমুক্ত হইয়াছেন।

হে মহারাজ! মহাজা বাস্থদেব এইরপ কহিলে ধর্মরাজ ধুধিন্তির রোমাঞ্চিত্র কলেবর হইয়া ভাঁহারে কহিলেন, জনার্দ্দন! মহাবীর দ্রোণা-চার্য্য ও কর্ণ যে ত্রক্ষান্ত্র পরিভ্যাগ করিয়াছিলেন, জোমা ভিন্ন আর কে তাহা সন্থ করিতে পারে ? বজ্রধারী ইন্দ্রও তাহা সন্থ করিতে সমর্থ নহেন। তোমার অসুগ্রহেই সংশপ্তকগণ পরাজিত হইয়াছে; অর্জ্বন অপরীমুখ হইয়া যুদ্ধ করিয়াছে এবং আমি পর্যায়ক্রমে বিবিধ কার্য্য সাধন করিয়াছি। হে বাস্থদেব! মহবি কৃষ্ণবৈপায়ন বিরাট নগরে আমারে কহিয়াছিলেন যে, যে খানে ধর্মা, সেই স্থানেই কৃষ্ণের অবস্থান এবং যে পক্ষে কৃষ্ণ, সেই প্রেক্তির জয়লাভ হইয়া থাকে, সন্দেহ নাই।

হে মহারাজ! অনন্তর পাশুবপক্ষীয় বীরগণ শিবির মধ্যে প্রবেশ পূর্বক আপনার অসংখ্য দাস, দাসী এবং সমুদায় হুবর্ণ, রজত, মণি, মুক্তা, বিবিধ আত্তরণ, কল্পল ও অজিন প্রভৃতি নানাপ্রকার ধন প্রাপ্ত হইয়া তৃর্ল কোলাহল করিতে লাগিলেন। পরে পাশুবগণ ও সাত্যকি প্রভৃতি কীর সমুদায় স্ব য বাহনগণের বন্ধনমোচন ও প্রমাপনোদন করিয়া কণকাল তথায় অযন্থান করিলেন। ঐ সময় মহাযশন্ত্রী বাহ্নদেব কহিলেন যে, হে বীরগণ শ্রুকলামুষ্ঠানের নিমিত্ত এই রাজিতে শিবিরের বহির্ভাগে অবহান করাই আমাদের কর্ত্তব্য। তথান মহাবীর সাত্যকী ও পাশুবগণ কুক্ষের সহিত শিবির হইতে বহির্গমন পূর্বক নদীসমীপে সমুপ্তিত হইয়া তথায় অবহান করিছে লাগিলেন। ঐ রজনীতে রাজা মুম্বিতির জাতৃগণের সহিত্ব পরামর্শ করিয়া হতপুত্রা গান্ধারীর আখাস প্রদানার্থ বাহ্নদেবকে হন্তিনা নগরে প্রেরণ করিলেন। মহাত্মা মধুসূদন ভাঁহার নিয়োগালুসারে দারুকসঞ্চালিত রবে আরোহণ পূর্বক অবিলম্বে গান্ধারীসমীপে স্মুপন্থিত হইলেন।

# চতুঃবৃষ্টিতম অধ্যায়।

জনমেজর কহিলেন,—এক্সন্! ধর্মরাজ কি নিমিন্ত গান্ধারীর নিকট কৃষ্ণকৈ প্রেরণ করিলেন? পূর্বে বাহ্নদেব যুধির্ভিরের নিয়োগজৈমে সন্ধি ছাপনার্থ কৌরবগণের নিকট গমন করিয়া কৃতকার্য্য হইতে পারেন নাই। এক্ষণে ঘোর সংগ্রামে কৌরবপক্ষীয় সমুদায় যোদ্ধা e রাজা তুর্বেয়ানন নিহত হইলে ধর্মরাজ অরাতিবিহীন ও যশসী হইয়াও কি নিমিন্ত ক্লককে গান্ধারীর নিকট প্রেরণ করিলেন? ইহার অবশ্যই কোন বিশেষ কারণ থাকিবে, আপনি উহা সবিস্তারে কীর্ত্তন কর্মন।

বৈশশ্পায়ন কহিলেন, মহারাজ! আপনি উত্তম প্রশ্ন করিরাছেন।
ক্রেলেণে বে নিমিন্ত ধর্মারাজ বাহ্নদেবকে গান্ধারীর নিকট প্রেরণ করিলেন,
ভাহা কহিছেছি, আবণ করান। রাজা বুধিন্তির সভার গাদাযুদ্ধে ভীমসেনেরর
হল্তে কুর্ব্যোধনকে নিহত দেখিয়া শক্তিচিতে এই চিন্তা করিলেন যে,
সভিপ্রোপা ওপবিনী গান্ধারী ক্রেক্ হইলে জৈলেক্য দ্বা করিছে পারেন।
অভএব সঞ্জে তাঁহার জেশ্ব শান্তি করা আবশ্রক। তিনি ক্রেক্সিল্ডে
পুরুকে নিহত অবণ ভরিলে নিশ্চরাই আবালিসকে ভক্তরসাৎ ক্রিবেন।

ছর্ব্যোধন ভায়ামুসারে যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল, কিন্তু আমরা তাহারে **অন্যায়াচরণ পূর্ব্বক বিনাশ করিয়াছি, গান্ধারী এই কথা শুনিলে নি:সন্দেহ**ই তুর্বিবহ পুত্রশোক ও ক্রোধে একান্ত অধীর হইয়া উঠিবেন। ধর্মরাজ ভয়শোকাকুলিত চিত্তে এইরূপ অনেক চিস্তা করিয়া বাস্থদেবকে কহিলেন, পাওবসথে! তোমার প্রদাদেই আমাদিগের ফুম্প্রাপ্য রাজ্য নিক্ষণ্টক হই-য়াছে। তুমি ঝামার সমকেই এই লোমহর্ষণ সংগ্রামে খনেক ক্লেশ সহ করিয়াছ। ভূমি পূর্বে দেবান্তর সংগ্রামকালে দানবগণকে বিনাশ করিবার নিমিত দেবগণকে থেরূপ সাহায্য দান করিয়াছিলে. একণে আমাদিগেরও ত**জ্ঞপ আমুকুল্য** করিয়াছ। ভুমি দারণ্য কার্য্য স্বীকার করিয়া আমাদিগকে রকা করিয়াছ। যদি ভূমি অর্জুনকে রক্ষা না করিতে, তাহা হইলে আমরা এই সৈন্যগণকে কি রূপে পরাজয় করিতে সমর্থ হইতাম। হে জনার্দ্দন! তুমি আমাদিগের নিমিত্ত বারংবার গদাঘাত, পরিঘ তাড়ন এবং শক্তি, ভিন্দিপাল, ভোমর ও পরশু প্রভৃতি বজ্রোপম মন্ত্রশন্ত্রের আঘাত ও **শতি কঠোর বাক্যযন্ত্রণা যে সহু করিয়াছিলে, আজি চুর্য্যোধন নিহত হুও**য়া-তেই তাহা সার্থক হইল। একণে আবার যাহাতে সকল রক্ষা হয়, তোমায় ভাহার চেকী করিতে হইবে। আমাদের জয় লাভ হওয়াতেও আমার অন্তঃ-করণে অতিশয় সংশয় উপস্থিত হইয়াছে। ধৃতরাষ্ট্র মহিধী গান্ধারী অতি কঠোর তপোতৃষ্ঠান পূর্বেক অতিশয় ক্ষীণকলেবর হইয়াছেন। তিনি পুত্র ও পৌত্রগণের বধসংবাদ প্রবণে ক্রোধে একান্ত অধীর হইয়া আমাদিগকে ভদ্ম-সাৎ করিবেন, সন্দেহ নাই। অতএব আমার মতে তাঁহারে প্রসন্ন করাই শ্রের। একণে সেই পুত্রশোকার্তা ক্রোধসংরক্তলোচনা গান্ধারীকে তোমা ব্যতিরেকে আর কোন ব্যক্তি নিরীকণ করিতে সমর্থ হইবে না : অতএব ভূমিই তাঁহার ক্রোধ <sup>প</sup>শান্তি করিবার নিমিত গমন কর। ভূমি অব্যন্ত্র এবং লোকের সৃষ্টি ও সংহারকর্তা। তুমি যুক্তি প্রদর্শন পূর্বক অবিলক্ষেই গান্ধা-রীর ক্রোধ শান্তি করিতে পমর্থ হইবে। আর মহাত্মা কৃষ্ণবৈপায়নও ডথার গমন করিবেন। হে কৃষ্ণ। ভূমি সামাদিগের হিভাসুষ্ঠান পরতন্ত্র; স্কতএব পাদ্ধারন্থহিতার ক্রোধ শাস্তি করা তোমার অবশ্র কর্ত্তব্য।

তথন ৰাস্থদেৰ ধর্মরাজের ৰাক্য শ্রেবণানন্তর তাঁহারে আমন্ত্রণ করিয়া

সার্থিরে কহিলেন, দারুক ! ভূমি অবিলয়ে রথ স্থ্যজ্জিত কর। দারুক কেশবের বাক্য প্রবণে সন্থরে রথ জুসঞ্জিত করিয়া তাঁহারে সংবাদ প্রদান করিল। তথন মহাজ্ঞা মধুসূদন রথারোহণ পূর্বক ঘর্ষর রবে দিয়াওল প্রতি-ধ্বনিত করিয়া হস্তিনানগরে প্রবেশ করিলেন। রাজা ধৃত্রাষ্ট্রও কুঞ্চের আগমন সংবাদ অবগত হইলেন। অনন্তর মহাত্মা বাহ্নদেব রথ হইতে অব-जीर्ग इहेग्रा ताब्या श्रुवतारष्ट्रेग व्यावारम धारवण भूक्तक मक्तारवा कृष्करेषभाग्रनरक দর্শন ও তাঁহারু পাদবন্দন করিয়া রাজা ধৃতরাষ্ট্রও গান্ধারীকে অভিবাদন করিলেন। তৎপরে তিনি রাজ। ধৃতরাষ্ট্রের হস্ত ধারণ পূর্বক করুণ স্বরে রোদন করিতে লাগিলেন এবং কিয়ৎক্ষণ বিলাপ করিয়া সলিল ছারা লোচনছয় প্রকা-লন ও বিধানাসুসারে আচমন পূর্বক কহিলেন, মহারাজ ! আপনি কালের গতি সমুদায়ই অবগত আছেন। পাণ্ডবগণ আপনার চিত্তাকুবর্ত্তন ও যাহাতে কুলক্ষয় ও ক্ষত্রিয়গণের বিনাশ ন। হয়, তাহার উপায় করিবার নিমিত মতিশর যত্ন করিয়াছিলেন, কিন্তু কোনক্রমেই তদ্বিষয়ে কৃতকার্য্য হন নাই। পাণ্ডবগণ কপট দ্যুতে পরাজিত হইয়া বনবাস ও নানা বেশ ধারণ পূর্বক অজ্ঞাতবাস স্বীকার করিয়াছিলেন। তাঁহার। নিতান্ত অক্ষমের স্থায় বিবিধ ক্লেশ সছ করিয়াছেন। যুদ্ধকাল উপস্থিত হইলে আমি স্বয়ং স্থাগমন করিয়া মর্বলোক সমক্ষে আপনার নিকট পাঁচখানি গ্রাম প্রার্থনা করিয়াছিলাম; কিন্তু আপনি তৎকালে কালোপহত চিত্ত হইয়া লোভ প্ৰভাবে তৰিষয়ে সম্মত হন নাই: অতএব আপনার অপরাধেই সমস্ত ক্তিয়কুল নির্মুল হইয়াছে। মহাবীর ভীম, সোমদন্ত, বাহলীক, কুপ, দ্রোণ, শশুখামা ও ধীমান বিতুর সন্ধিন্দাপনের নিমিত আপনারে বারংবার অমুরোধ করিয়াছিলেন; কিন্তু আপনি তৰিষয়ে সম্মত হন নাই। হায় ! কালপ্ৰভাবে সকলেই বিমোহিত হইয়া থাকে। স্বাপনি জ্ঞানবান হইয়াও সন্ধি স্থাপনের কথা উত্থাপিত হইলে মোহে অভিস্তুত হইয়া-ছিলেন,। অতএব কাল ও অদৃষ্ট সর্বাপেকা বলবান্। হে মহারাজ ! স্থাপনি পাণ্ডৰগণের প্রতি দোষারোপ করিবেন না। এ বিষয়ে ধর্মত, স্থায়ত ও স্লেহত তাঁহাদিপের অনুমাত্রও ব্যতিক্রম দৃষ্ট হইতেছে না। এই কুলক্ষয় আপনার দোষেই উৎপদ্ন হইয়াছে। ইহা বিবেচনা করিয়া আপনি পাগুৰগণের প্রতি অসুয়া খুন্য হউন। একণে কুলরকা, পিওদান ও পুত্রকর্তব্য অন্যাক্ত কার্য্য-

কলাপ সমুদায়ই পাগুবগণের উপরই নির্ভর করিতেছে। অভএব আপনি ও আর্য্যা গান্ধারী শোকাবেগ দম্বরণ ও পাগুবগণের প্রতি রোব পরিত্যাগ পূর্বক নিরাপদে তাঁহাদিগকে প্রতিপালন ক্রুন। আপনার প্রতি ধর্মরাজের স্বভাবত যেরূপ স্নের ও ভক্তি আছে, তাহা আপনার অবিদিত নাই। তিনি একণে সমস্ত শক্ত বিনাশ করিয়াও তুঃধানলে দিবা রাজি দগ্ধ হইতেছেন। আপনার ও গান্ধারীর নিমিত অনবরত শোক করাতে তাঁহার হুখের লেশমাত্রও নাই। স্বাপনি পুত্রশোকে সম্বপ্ত ও একান্ত ব্যাকুল হইয়াছেন বলিয়া তিনি লক্ষা-বশত আপনার সম্মুথে উপস্থিত হইতে পারিতেছেন না।

ষত্বংশাবভংস মহাত্ম। বাহুদেব ধৃতরাষ্ট্রকে এই কথা বলিয়া শোক-विख्ला शाक्षातीरत कहिरलन, अवलनिमिन । हेहरलारक वाशनात जूना नाती আর নয়নগোচর হয় না। আপনি সভামধ্যে আমার সমকেই আপনার পুজ্ঞগণকে উভয় পক্ষের হিতকর ধর্মার্থসংহিত উপদেশ প্রদান করিয়া-ছিলেন; কিন্তু আপনার পুজেরা তাহা প্রতিপালন করেন নাই। আপনি তৎকালে ভূর্যোধনকে তিরস্কার পূর্বক কহিয়াছিলেন, রে মৃঢ় ! আমি বলি-তেছি, যেখানে ধর্ম, সেইখানেই জয়। এক্ষণে আপনার সেই বাক্য ক।র্বো, পরিণত হইয়াছে। অতএব আপনি আন্যোপান্ত সমুদায় চিন্তা ক্রিয়া শোক পরিত্যাগ করুন। হে নহাভাগে ! আপনি মনে করিলে তপোবলে স্বীয় ক্রোধানলে চরাচর বিশ্ব দগ্ধ করিতে পারেন; কিন্তু অনুপ্রহ ক্রিয়া পাশুবগণের বিনাশ বাসনা করিবেন না।

👵 তপুন গান্ধারী বাস্থদেবের বাক্য শ্রেবণ করিয়া ক**হিলেন, হে কেশব**! তুমি বাহ। কহিতেছ, সভ্য বটে। দারুণ শোকাবেগপ্রভাবে আমার মন বিচলিত হইয়াছিল। কিন্তু একণে ভোমার বাুক্য প্রাবণে আমি শাস্তভাব অব্শস্থন করিলাম। যাহা হউক, বৃদ্ধ রাজা একে অদ্ধ, তাহাতে আবার পুক্রবিহীন হইয়াছেন, একণে তুমি পাগুবগণের সহিত উঁহার অ্বলম্বন হইলে। শোককাতরা গান্ধারী এইমাত্র বলিয়া অঙ্গবত্ত্রে মুখ আচ্ছাদন পূর্বক মোদন করিতে লাগিলেন। তথন মহাত্মা বাহ্নদেব হেতুগর্ভ বাক্য षात। তাঁহারে বিবিধ আখাস প্রদান করিলেন।

🧺 মহান্ত্র। শ্বনীকেশ এইরূপে ধৃতরাষ্ট্র ও গান্ধারীর শোকাপনোদন করিতে-

ছেন, এমন সমরে অখখামার তুরভিসন্ধি তাঁহার বোধগম্য হইল। তথন তিনি অবিলম্বে গাল্ডোখান পূর্বক ব্যাসদেবের চরণে প্রণিপাত করিয়া তাঁহার সমকেই প্রভরাষ্ট্রকে কহিলেন, মহাজ্মনু। আপনি আর শোক করিন বেন না। আমি চলিলাম, অখখামা এই রাজেই পাণ্ডবগণের বিনাশের নিমিক্ত অভিসন্ধি করিয়াছেন। উহা আমার স্মৃতিপথে সমুদিত হওয়াজে আমি সহসা গাল্ডোখান করিলাম। তথন মহারাজ প্রভরাষ্ট্র ও গান্ধারী কেশিনিসূদন মুধুসূদনের বাক্য প্রবণ করিয়া কহিলেন, কেশব। ভূমি অবিল্লাম তথার গমন করিয়া পাণ্ডবগণের রক্ষণাবেক্ষণ কর। পুনরায় বেন অচিরাৎ তোমার সহিত আমাদের সাক্ষাৎ হয়।

তথন মহাত্মা বাহ্নদেব যে আজ্ঞা বলিয়া পাগুৰগণের দর্শন বাসনায় দারুক সঞ্চালিত রথে আরোহণ করিয়া সেই রাত্রিতেই হস্তিনা হইতে শিবির সন্নিধানে সমুপন্থিত হইলেন এবং অবিলম্বে পাগুৰগণের নিকট গমন পূর্বক তাঁহাদিগকে সমস্ত জ্ঞাত করিয়া সাবধানে অবস্থান করিতে লাগিলেন। এ দিকে বাহ্নদেব প্রস্থান করিলে পর জগৎপূজ্য মহিষ ক্ষেত্রিপারন নরপতি ধৃতরাষ্ট্রকৈ অশেষবিধ আখাস প্রদান করিলেন।

### পঞ্চাইতম অধ্যার।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয়। আনার আত্মক ছুর্ব্যোধন অভিশয় কোপনস্থভাব। সে আপনারে সর্ক্ষোৎকৃষ্ট বলিয়া বিবেচনা করিয়া। থাকে। বিশেষত পাগুবগণের সহিত তাহার শত্রুভাব বন্ধমূল হইয়া। আছে। একণে ভীমদেন তাহার উক্লব্য ভগ্ন করিয়া মস্তকে বারংবার। পদাঘাত করিলে সে নিতান্ত তুঃধিত হইয়া কি কহিল!

সঞ্জয় কহিলেন, মহারাজ! রাজা তুর্য্যোধন ভয়োক ও ধুল্যবস্থিত কলেবর হইরা সেই ঘোরতর বিপদকালে দশ দিক্ অবলোকন ও কেশপাশ বন্ধন পূর্বক জুদ্ধ ভূজকের ন্যায়, মন্ত মাতকের ভায় দীর্ঘনিখাদ পরিভ্যাগ করত অবিরল বাস্পাকুল লোচনে বারংবার আমারে নিরীকণ, ধরণীতলে বাহ্ নিম্পেবণ, দশনে দশন নিপীড়ন ও মুর্মজ্জাল বিধুনন করিতে লাগিলেন। ভৎপরে তিনি পাওবজ্যেষ্ঠ যুখিন্তিরকে নিন্দা করিয়া কহিলেন, হায়। শাক্তক্তনর ভীন্ধ, মহাবীর কর্ণ, রূপ, শকুনি, জ্যোণ, অশুখামা, শল্য ও কৃতবর্গা নিয়ত আমারে রকা করিতেন, তথাপি আমি এইরূপ পুরবস্থাপ্রস্ত হইলাম ! কাল্যাহাজ্য অভিক্রম করা নিভান্ত চুঃসাধ্য। সামি একাদশ অকেহিনীর অধিপতি ছিলাম, তথাচ আমার এই তুর্দশা ঘটিরাছে। হে नकतः! अकरण आंगोनिरंगत गर्था यति ८कर कौरिछः शास्क, कृशि आंगोत অসুক্তাপুসারে তাহারে কহিও ধে; ভীম দিয়ন কল্পন পূর্বক আমারে বিনই করিয়াছে। পাওবেরা ভূরিপ্রবা, কর্ণ, ভীন্ন ও জ্রোণের প্রতি অতিশয় নৃশংস ব্যবহার করিয়াছে। তাহারা এইরূপ অকীভিকর, কার্য্যাসুঠান। করিয়া নিশ্চয়ই সাধু লোকের নিকট হতাদর হইবে। ছল পূর্বক জয় লাভ করিয়া কোন্ বীর খীতিযুক্ত হইয়া থাকে। যে নিয়ম লঙ্কন করে, কোন্ বিবেচক ব্যক্তি তাহার সম্মান করিয়া থাকেন। পাপাত্মা রুকোদর অধর্মার জয় লাভ করিয়া যেমন হুন্ট ও সপ্তৃষ্ট হইয়াছে, আর কোন ব্যক্তি ঐ প্রকার কার্য্য করিয়া তাদুশ আনন্দিত হয় না। এক্ষণে আমার উরুষয় ভগ্ন হইয়াছে, স্থতরাং ভাষসেন যে ক্রোধাবিষ্ট হইয়া স্থামার মন্তকে পদাঘাত করিবে, তাহার আর বিচিত্র কি। যে ব্যক্তি প্রতাপশালী, রাজনীযুক্ত ও বন্ধুবান্ধব সম্পন্ন ব্যক্তিরে এরূপ মব্যাননা করে, সে কি সম্মানের উপযুক্ত ?

ছে সঞ্জয় ! সামার পিতা মাতা যুদ্ধশন্ন বিলক্ষণ অবগত আছেন। তুমি আমার বাক্যাকুসারে তাঁহাদিগকে কহিবে যে, আমি বিবিধ যাগ বজাকুন্তান, ভূত্য প্রতিপালন, ধর্মানুসারে সসাগরা বহুদ্ধরা শাসন, জীবিত শত্রুগণের মস্তকে অবস্থান, যাচকদিগকে অর্থদান, অধ্যয়ন ও মিত্রগণের প্রিয়কার্য্য সাধন করিয়াছি। আমি বন্ধুবান্ধবদিগের সম্মান বর্ত্ধন, বশবদ ব্যক্তিদিগকে যণোচিৎ স্ৎকার, ধর্মা, মর্থ ও কাম প্রবৃত্তির চরিতার্থতা সম্পাদন, প্রধান প্রধান জুপালগণকে আজা প্রদান, সংগ্রের নিভাস্ত তুর্ল ড সম্মান লাভ ও উৎকৃষ্ট অখে গমনাগমন করিয়াছি; আমি শক্তরাজ্য অধিকৃত ও অনেকা-নেক মহীপালকে দালের স্থায় বশীসূত করিয়া অনাময়ে জীবন ক্ষেপ করি-য়াছি এবং এক্ষণে ধর্মবুদ্ধে উৎকৃষ্ট লোক লাভ করিলান; হুভরাং আনার সদৃশ সৌভাগ্যশালী আর কে আছে। সৌভাগ্যক্তমে আমারে বিপক্ষগণ কর্ত্ত পরাজিত হইয়া ভূত্যের স্থায় তাহাদিপের আঞায় প্রহণ করিতে হইল

না। সোভাগ্য বশত আমি কলেবর পরিত্যাগ করিলে পর আমার রাজ্য-লক্ষী অক্তকে আশ্রয় করিবে। স্বধর্মনিরত ক্ষত্রিয়গণ যেরূপ মুত্যু অভিলাষ করিয়া থাকেন, আমি দেইরূপ মুত্য প্রাপ্ত হইয়াছি। আমি সমরে পরা-ক্সিত হইরা প্রাক্তর লোকের স্থায় শক্তভাব পরিত্যাগ করি নাই। নিদ্রিত বা প্রমন্ত শক্তারে বিনাশ করিলে ষেরূপ পাপ হয়, বিষ প্রয়োগ পূর্বক শক্তা সংহার করিলৈ যেরূপ অধর্ম হয়, অধার্মিক বুকোদর নিয়ম উল্লেখন পূর্বক আমারে নিপাতিত করিয়া তজ্ঞপ পাপাতুষ্ঠান করিয়াছে। হে সঞ্জয় ! তুমি আমার ৰাক্যাকুদারে অখখামা, কুতবর্দ্ধা ও কুপাচার্ব্যকে কহিবে, পাণ্ডবেরা নিয়মাতিক্রম ও সতত অধর্মাসূষ্ঠান করিয়া থাকে: অতএব তোমরা কিছ-তেই তাহাদিগকে বিশ্বাস করিও না।

কুক্তরাজ আমারে এই কথা বলিয়া বার্তাবহদিগকে আহ্বান পূর্বক কহিলেন, দেখ, ভীম অধর্মযুদ্ধে আসারে বিনাশ করিয়াছে। একণে আমি वार्श्हीन পश्चित्रतं नाग्न महावीत (छान, कर्न, भना, ब्रह्मन, भक्नि, कन-সন্ধ, ভূগদন্ত, সোমদন্ত, জয়দ্রেখ, লুক্ষাণ, তুঃশাসনতনয় এবং তুঃশাসন প্রভৃতি ভাতৃবর্গ ও অক্যান্য বীরগণের অনুগমন করিব। হায়! আমার ভগিনী তুঃশলা আতৃগণের ও ভর্তার নিধনর্তান্ত শ্রেবণ করিয়া নিতান্ত তুঃবিত মনে কি রূপে জীবন ধারণ করিবে ! আমার রুদ্ধ পিতা ও জননী গান্ধারী পুত্রবধূ ও পৌত্রবধৃগণে পরিবৃত হইয়া একান্ত শোকাকুল হইবেন। আমার ভার্য্য। আমার ও আত্মজ লক্ষণের নিধনবার্ত। প্রবণে নিশ্চয়ই প্রাণ পরিভ্যাগ কলিবে। একণে বদি বাধিশারদ পরিব্রাঞ্চক চার্ববাক এই বুদ্ধান্ত মবগভ হন, তাহা হইলে তিনি আমার উপকারার্থ অবশ্রুষ্ট বৈর নির্বাতনে প্রয়ুষ্ঠ হইবেন। খাহা হউক, আমি আজি এই পবিত্র ত্রিলোকবিঞ্জাত সমস্ত-পঞ্চক তীর্ষে কলেবর পরিত্যাগ করিয়া শাখত লোক প্রাপ্ত হইব।

.হে মহারাজ! রাজা তুর্য্যোধন এইরূপ বিলাপ ও পরিতাপ করিলে তত্ত্ত্যে সকলেই অনর্গল অঞ্জেল বিসর্জন করিতে করিতে দশ দিকে ধাব-ষান হইল। ঐ সময় এই স্থাবরজ্জমাত্মক সমূদায় পৃথিবী বিকম্পিড ও নিৰ্বাক্ত শব্দ সমুখিত হইতে লাগিল এবং দিশ্বধল নিতাম্ভ মূলিন হইয়া গেল। অনজন সেই বার্তাবহণণ অখখাবার স্বীপে সমুপন্ধিত হইয়া পদা-

ষুদ্ধ ও তুর্য্যাধনের নিপাত বৃত্তান্ত নিবেদন পূর্বক বহুক্ষণ চিন্তা করিয়া তুঃখিত মনে স্ব স্থানে প্রস্থান করিল।

### ষট্ৰষ্টিতম অধ্যায়।

হে মহারাজ ! তথন সেই গদা, শক্তি, তোমর ও বাণের আঘাতে জর্জনিত কলেবর হতাবশিক্ত মহাবীর অশ্বপামা, রূপাচার্য্য ও কৃতবর্গ্যা দৃত-গণ মুখে ছুর্য্যোধনের উরুভঙ্গরভান্ত শুবণ করিয়া বায়ুবের্গ সম্পদ্দ অশ্ব-বাজিত রখে আরোহণ পূর্বক সম্বরে সংগ্রামন্থলে সমুপদ্দিত ইয়া দেখিলেন, মহারাজ ছুর্য্যোধন অটবী মধ্যে ব্যাধ বিনিপাতিত রুধিরাক্ত কলেবর মহাগজের ত্যায়, সহসা নিপতিত সূর্য্যমণ্ডলের ত্যায়, মহাবাত পরিশুক্ত সাগরের ত্যায়, তুষার সমাচহন্ন পূর্ণচন্দ্রের ত্যায়, বায়ুবেগ বিপাটিত মহাপাদপের ত্যায় ভূতলে নিপতিত রহিয়াছেন। তাঁহার সর্ব্বাঙ্গ ধূলিজালে ধূসরিত হইয়াছে। ধনলোলুপ ভূত্যগর্ণ যেরূপে নরপতির চতুদ্দিকে বেইজন করিয়া থাকে, তজ্রপ ভূত ও রাক্ষসগণ তাঁহারে পরিবৈষ্টন করিয়া রহিয়াছে। জ্রোধভরে তাঁহার নয়নদ্বয় উদ্ভূত ও ললাট ক্রকুটিকুটিল হইয়াছে। কুপ প্রভৃতি মহারথগণ কুরুরাজকে তদবন্থায় নিপতিত নিরীক্ষণ করিয়া শোক ও ছুঃধে একাল্ক অভিভূত হইলেন এবং তিন জনেই স্ব স্ব রথ হইতে অবতীর্ণ হইয়া ফ্রন্তব্রণে তাঁহার নিকট গমন পূর্বক ভূতলে উপবেশন করিলেন।

অনন্তর দ্রোণতনয় অশ্বত্থামা বাষ্পাকুল নয়নে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্বক দ্র্যোগনকে কহিলেন, হে সর্বলোকেশ্বর ! যথন তুমি ধূলিধূসরিত গাত্রে ভূতলে শরান রহিয়াছ, তথন জগতের সমুদায় পদার্থই অকিঞ্চিংকর। হায়! পূর্বে ভূমি সসাসরা পৃথিবী শাসন করিয়া আজি কি রূপে একাকী এই নির্দ্ধাই কনে অবস্থান করিছেছ ? কি নিমিন্ত মহারথ ভূঃশাসন, কর্প ও সেই সকল বন্ধুবাদ্ধবকে দেখিতে পাইতেছি না ? রুতান্তের গতি অতি হুজেয় । দেখ, তুলি সর্বে লোকের অধীশ্বর হইয়াও আজি ধূলিধূসরিত গাত্রে শয়ন করিয়া রহিয়াছ। কালের কি আশ্চর্ম্য মহিমা! পূর্বে বিনি নরপতিস্থোর অব্যান করিয়াছিলেন, আজি ভিনি পাংও গ্রাস করিছেছেন। হে মহারাজ! ভোমার সে শেন্ত ছত্ত্রে, সে নির্মাণ ব্যক্তন এবং সে একাদশ অক্টেহিনী সেনা কোধার ? কার্যাভারকের গতি নিভান্ত

তুজের। তুমি সর্বলোকের মাননীয় ও ইন্দ্রভাৱে বিভবশালী হইয়াও ঈদৃশ অবস্থা প্রাপ্ত হইলে। কি আশ্চর্য্য ! এক্ষণে ভোমার তুঃখ দর্শনে বোধ হইতেছে যে, লক্ষ্মী চিরদিন কাহারও নিকট স্থিরভাবে অবস্থান করেন না।

হে মহারাজ ! ঐ সময় আপনার পুত্র হুর্য্যোধন অশ্বত্থামার বাক্য শ্রবণে কর ঘারা নয়নদ্বয় পরিমার্জন ও বাষ্পবারি বিদর্জন পূর্বক তাঁহারে এবং কুপাচার্য্য ও কুতবর্ত্মারে সম্বোধন করিয়া কহিলেন, হে বীরগণ ! পণ্ডিজেরা বলিয়া পাকের যে, কালক্রমে দর্বব ভূতেরই বিনাশ হয় এবং লোকপ্রকী বিধাতাও ঐরপ মর্ত্ত্য ধর্ম্ম নির্দেশ- করিয়া দিয়াছেন। একণে আমি তোমা-দিগের দাক্ষাতেই দেই মর্ত্ত্য ধর্মাকুদারে বিনাশ প্রাপ্ত হইলাম। আমি পূর্বে সমুদায় পৃথিবী পালন করিয়া এক্ষণে এতাদৃশ তুরবন্ধাগ্রস্ত হইয়াছি। যাহা হউক, ভাগ্যক্রমে আমি<sup>"</sup>কোন বিপদেই সমরে পরাল্পুথ হই নাই। ভাগ্যক্রমেই পাপাত্মার। ছলপূর্ব্বক আমারে নিপাতিত করিয়াছে। ভাগ্য-ক্রমে আমি প্রতিনিয়ত যুদ্ধে উৎসাহ প্রকাশ করিয়াছি এবং ভাগ্যক্রমে এক্ষণে আমি সমরক্ষেত্রে জ্ঞাতি ও বস্ধুবান্ধবগণের সহিত নিহত হছ-লাম। আর আজি যে তোমাদিগকে এই জনক্ষ্মকর ভীষণ সং**গ্রাম হইতে** বিমুক্ত ও কল্যাণযুক্ত অবলোকন করিলাম, ইহাও আমার পরম দৌভা-গ্যের বিষয়। তোমরা হৃত্ততা বশত আমার নিধনে কিছুমাত্র আমৃতাপ করিও না। যদি বেদবাক্য যথার্থ হয়, তাহা হইলে আমি নিশ্চয়**ই স্বর্গলোক** লাভ করিব। আমি অমিততেজা বাস্থদেবের মাহাত্ম্য বিলক্ষণ অবগত আছি। তিনি আমারে ক্ষত্রিয়ধ্যা হইতে পরিভ্রম্ট করেন নাই। অতএব আমার জন্ম শোক করিবার প্রয়োজন কি ? তোমরা আপন আপন উৎসাহ ও পরাক্রমের অনুরূপ কার্য্যানুষ্ঠান ও প্রতিনিয়ত জয় লাভে যত্ব করিয়াছ। किस्त পরিণামে অরাতি পরাজয়ে ক্বতকার্য্য হইতে পারিলে না। कि করিবে, দৈব ভাতিক্রম করা কাহারও সাধ্যায়ত নহে।

হে মহারাজ ! আপনার পুত্র এই কথা কহিয়া বাষ্পাকুল নয়নে ক্ষণ-কাল ভূফীস্তাব অবলম্বন পূর্বকি ব্যথায় বিহবল হইয়া রহিলেন। মহাবীর অশ্বত্থামা কুরুরাজকে তদবস্থ অবলোকন করিয়া প্রলয়কালীন হুতাশনের স্থায় ক্রোধে প্রস্থালিত হইয়া উঠিলেন এবং করে কর নিপীড়ন করিয়া বাষ্পা-

গদসদ স্বরে দ্রুর্যোধনকে কহিলেন, মহারাজ ! নীচাশয় পাগুরগণ অতি নৃশংস ব্যবহার দারা আমার পিতারে নিহত করিয়াছে। কিন্তু আজি তোমার জক্ত যেরূপ অসুতাপ হইতেছে, ভাঁহার নিমিত্ত সেরূপ হইতেছে না। যাহা হউক, একণে আমি ইফাপূর্ত্ত, দান, ধর্ম স্থক্ত ও সত্য দারা শপথ করিয়া কহিতেছি যে, যে কোন প্রকারে হউক, আজি বাহুদেবের সমক্ষেই সমস্ত পাঞ্চালগণকে শমনভবনে প্রেরণ করিব। তুমি মামারে কারুজ্ঞ। প্রদান কর। হে মহারাজ! রাজা তুর্য্যোধন দ্রোণপুত্রের সেই বাকুর শ্রবণে পরম প্রীত হইয়া কুপাচার্য্যকে কহিলেন, আচার্য্য ! সত্তরে জলপূর্ণ কলদ আন-মন করুন। কৌরবহিতৈষী কুপাচার্য্য আপনার পুত্রের আদেশ প্রবণমাত্র জলপূর্ণ কলস লইয়া তাঁহার সমক্ষে সমুপন্থিত হইলেন। তথন ছুর্য্যোধন **কহিলেন, হে দিজভোঠ** ! যদি আপনি আমার প্রিয়চিকীযু হন, তাহা হইলে অচিরাৎ দ্রোণতনয়কে সেনাপতিপদে অভিধিক্ত করুন। ধর্মজ্ঞ ব্যক্তিরা কহিয়া থাকেন 'যে, রাজা অনুজ্ঞা প্রদান করিলে ক্ষত্রিয়ধর্মাবলম্বী ব্রাক্ষণের যুদ্ধ করা দোষাবহ নহে। মহাবীর কুপাচার্য্য কুরুরাজের বাক্য **শ্রেষণ করিয়া তৎক্ষণাৎ অশ্বত্থামা**রে সেনাপতি পদে অভিষিক্ত করিলেন। তখন মহাবীর অশ্বত্থামা তুর্য্যোধনকে আলিঙ্গন পূর্বক সিংহনাদে দশ দিক প্রতিধানিত করিয়া রূপাচার্য্য ও কুতবর্মার সহিত তথা হইতে প্রস্থান করিলে রাজা ফুর্য্যোধন রুধিরাক্ত কলেবরে সেই স্থানেই সেই সর্ব্ব ভূত-ভয়াবহ ছোর রক্তনী অতিবাহিত করিতে লাগিলেন।

भनायक शर्व ममाश्र ।

-:+:--

ममापर्यं मन्भूर्।

### বিজ্ঞাপন।

শাসিয়াটিক সোসাইটির মুদ্রিত পুস্তক তথা প্রীযুক্ত রাজা কমলকৃষ্ণ দেব বাহাত্বর ও মৃত বাবু শাশুতোষ দেব মহাশায়ের পুস্তকালয়স্থ হস্ত-লিখিত পুক্তক দৃষ্টে এই খণ্ড সঙ্কলিত হইল।

# পুরাণসংগ্রহ।

## মহবি কৃষ্ণদৈপায়ন বেদব্যাস প্রণীত

# মহাভারত।

# দৌপ্তিক পৰ্ব।

স্বর্গায় মহান্ধা কালীপ্রশন্ধ সিংছ মহোদয় কর্তৃক মূল সংস্কৃত হইতে বাঙ্গালা ভাষায় অনুবাদিত।

-----

## শ্রীসত্য চরণ বস্থ কত্ ক,

খ্যামপুকুর—২নং, অভ্য়চরণ ঘোষের লেন হইতে প্রকাশিত।

অফ্টম সংস্করণ।

"ষদি বিনা বাাঘাতে জীবনধাতা নির্বাহ করিতে ইচ্চা থাকে, তাহা হইলে মহাভারত প্রস্তের আশ্রের প্রান্তর কবন।"

ঋষিবাক্য।



### কলিকাতা,

এল, এন, প্রেস,—২৪ ন॰ রাজা নবকুষ্ণের ষ্ট্রীট, জিল্মানারায়ণ লাস মারা,মুক্তিত।

সন ১৩২১ সাল।



পুরাণসংগ্রহের দ্বাদশ খণ্ডে সৌপ্তিক পর্ম্ব প্রকাশিত হইল। ঐবীক পর্ম্ব এই পর্য্বের অন্তর্গত।
মহার্ব বেদব্যাস এই সৌপ্তিক পর্ম্বে দ্রোণপুত্র কর্মখামার হল্তে জন্মলাতপুর্বান্ত স্থাপ্ত পাঞ্চবগল কর্ত্বক আর্মখামার অপমান ও মণি গ্রহণ এবং দ্রোণপুত্র কর্ত্বক ঈরিকান্ত্র পরিত্যাগ ও অর্জ্জুনের অন্তর্গ্রভাবে উহার নিবারণ সবিস্তরে কীর্জন করিয়া গিয়াছেন। তীমসেনের ভীষণ গদাঘাতে কুরুরাজ হুর্যোধনের উন্তর্জ্ব হইলে হতাবশিষ্ট পাঞ্চবপক্ষীয় বীরগণ আপনাদের শিবিরমধ্যে নিশ্চিস্ত চিন্তে নিজ্ঞান্ত্রথ অমুভব করিতেছিলেন; পর্ম্ব পাঞ্চব, সাত্যকি ও বাহ্মদেব মর্ম্বনাম্ছলান করিবার নিমিত্ত ঐ রাত্রি শিবিরে অবস্থান করেন নাই; লোণপুত্র এই স্থযোগ পাইয়া পিতৃত্বধজনিত বৈরনির্যাতন মানমে কৃতবর্মা ও ক্রপাচার্য্যের সমভিব্যাহারে শিবিরম্বারে আগমন ও ভতভাবন ভগবান্ ভবানীপতির প্রসাদ লাভ করিয়া শিবিরে প্রবেশ পূর্ব্বক ধৃষ্টগ্রামপ্রমুখ পাঞ্চালগণ, দ্রৌপদীয় পাঁচপুত্র ও অন্যান্য অসংখ্য বীরের প্রাণ সংহার করেন। অন্থামা এইরূপে পাঞ্চবপক্ষীয় অবশিষ্ট যোধগণকে বিনাশ করিয়া সমর্ক্রনশায়ী ভর্মান্ধ মৃতপ্রায় হুর্যোধনের নিকট গমন ও আপনার বৈরনির্যাতন বৃত্তান্ত কীর্ত্তন করিলে ক্রিণেক পরেই ক্রির বমন ক্ররিতে ক্রিতে কুরুরাজের প্রাণ বিরোগ হয়।

আমার ভূতপূর্ব্ব সহযোগী কাশীরাম দাস স্থীয় সন্ধলিত সৌপ্তিক পর্ব্বে করিরাছেন যে, কুরুরাজ জোণপুত্রপ্রদন্ত দ্রৌপদীতনয়গণের মন্তক সকল গ্রহণপূর্ব্বক পঞ্চপাণ্ডবের মন্তক বোধ করিয়া প্রথমত একান্ত প্রহাষ্ট এবং তৎক্ষণাৎ মন্তক সকল চুর্গ করিতে করিতে তৎসমুদার পাশুবতনয়দিগের মন্তক বিবেচনা করিয়া যাহার পর নাই বিষগ্ধ হইয়াছিলেন। সেই এককালীন হর্ব বিষাদেই তাঁহার প্রাণ বিরোগ হয় : কিন্তু ব্যাসকৃত মূল মহাভারতে জৌপদীতনয়গণের মন্তক চুর্ণ বা দুর্যোধনের হর্ব-বিষাদের নাম গন্ধও নাই; পাঠকগণ এই মহাভারত পাঠ করিলেই তাহা অবগত হুইতে পারিবেন।

সারস্বতাশ্রম,

ীকালীপ্রসম সিঃহ

১৭৮৫ শক

## মহাভারতীয় সৌপ্তিক্পর্বের সূচিপত্র।

প্রকরণ		•			পৃষ্ঠ
অশৃত্যামার মন্ত্রণা	•••	•••	•••	•••	4
অৰ্থামা ও কুপাচনিত সংবাদ		***	***	•••	ξ
অখখামার যুদ্ধার্থ গমন	•	• • •	•••	•••	> 4
অশ্বধামার চিস্তা	··· ,	•••	•••	•••	>4
অশ্বশাসার শিবার্চনা	•	•••			2.8
রাত্রিযুদ্ধ ও পাঞ্চালাদি বিনাশ	•••	•••	••	•••	74
তর্ব্যোধনের প্রাণত্যাগ		•••	•••	•••	<b>३</b> १
ব্ধিষ্ঠিরের শিবির দর্শন	***			•••	97
অশ্বপামার বিনাশার্থ ভীমসেনের গমন		•••	•••	•••	-58
यूधिकित कृष्ध मःवान	***	•••		•••	૭૯
অশ্বখামার বন্ধশিরান্ত্র পরিভ্যাগ	•••	•••	***	٠.٩	90
অৰ্জুনের অন্ত্ৰ পরিত্যাগ		• • •	***	•••	۵à
উত্তরার গর্ভে ব্রহ্মশিরাক্তের প্রবেশ	•••	• • •	•••	•••	8>
জৌপদী সান্ধনা	•••	•••		•••	৪২
कृष्ण वृधिष्ठित्र मश्वाम	•••	•••			89
श्वितिकार्कत मःवाष		•••	•••	•••	₿.¢

সৌগুকপর্বের সূচিপত্ত সম্পূর্ণ।

# মহাভাৱত 1

### সৌপ্তিক পর্বব

#### প্রথম অধ্যায়।

নারাধণ, নরেতিম নর ও দেবী সরস্বতীরে নমস্কার করিয়া জ্বয় উচ্চারণ করিবে।

সঞ্জয় কহিলেন,—মহারাজ । এইরূপে মহাবীর অশ্বখামা, কুতবর্মা ও রূপাচার্য্য সায়ংকালে শোকসন্তথ্য চিত্তে রণস্থল হইতে দক্ষিণাভিমুখে ধাব-মান হইয়া শিবিরের অনতিদ্রে গমন ও বাহন সকল পরিত্যাগ পূর্ব্বক শক্ষিত মনে প্রচহন্ধভাবে অবস্থান করত ঘন ঘন দীর্ঘনিশ্বাস পরিত্যাগ ও পাগুবগণের বলবীর্য্যের বিষয় চিন্তা করিতে লাগিলেন এবং অবিলম্বেই জিগীষাপরবল পাগুবদিগের ঘোরতর সিংহনাদ প্রবণে অনুসরণ ভয়ে নিতান্ত ভীত হইয়া পুনরায় পূর্ব্বাভিমুখে ধাবমান হইলেন। হে মহারাজ ! ঐ সমস্ত মহারথগণ রাজা তুর্য্যোধনের তুর্দিশা দর্শনে একান্ত সন্তপ্ত ও ক্রোধাবিন্ট হইয়াছিলেন ; একণে কিয়দ্র গমন করিয়া সাতিশয় পিপাসার্ত্ত হইয়া মুহুর্ত্তকাল বিপ্রাম করিতে লাগিলেন।

ধৃতরাষ্ট্র কহিলেন, সঞ্জয় ! ভীম অযুত নাগতুল্য বলশালী মহাবীর হুর্য্যোধনকে বিনফ করিয়া অতি আশ্চর্য্য কার্য্যের অনুষ্ঠান করিয়াছে। ।
হায় ! আমার আত্মজ্ঞ বজ্ঞের ন্যায় দৃঢ় ও সকলের অবধ্য ছিল, কিন্তু পাণ্ডবগণ তাহারে নিপাতিত করিল। একণে স্পাইই বোধ হইতুেছে, মসুষ্য কোন ক্রমেই অদৃষ্ট অতিক্রম করিতে সমর্থ হয় না। হা ! আমার হৃদয়
পাষাণের ন্যায় নিতান্ত কঠিন ; শত পুক্রের নিধনবার্ত্তা শ্রবণেও উহা সহশ্রেধা বিদীর্ণ হইল না। আমার মহিষী গান্ধারী স্থবিরা এবং আমিও নিতান্ত
বৃদ্ধ হইয়াছি, এক্ষণে জানি না, আমাদিগের ভাগ্যে কিরপ হুর্দ্দশী ঘটিবে।
আমি কিছুতেই পাণ্ডবদিগের রাজ্যে অবস্থান করিতে পারিব না। আমি
স্বয়ং রাজা ও রাজার পিতা; আমি সমুদায় পৃথিবী ভোগ ও ভূপতিগণকে শাসন করিয়াছি; একণে কি রূপে শামার শত পুক্রবাতী ভীমের আজ্ঞামু-বর্জা হইয়া দাসের ভায় বাস করিব। মহামতি বিহুর আমার পুক্র হুর্য্যো-ধনকে বিবিধ হিতোপদেশ প্রদান করিয়াছিল, কিন্তু সে তদ্বিয়ে কর্ণপাতও করে নাই। একণে সেই মহাত্মার বাক্য উল্লঙ্গনের ফল পরিণত হইল। একণে আমি কোন ক্রমেই ভীমের কঠোর বাক্য শ্রেবণে সমর্থ হইব না। হে সঞ্জয়! একণে হুরাত্মা ভীম অধর্মমুদ্ধে হুর্য্যোধনকে নিনাশ করিলে অশ্বত্থামা, কৃতবর্মা ও কুপাচার্য্য কি রূপ কার্য্যের অনুষ্ঠান ক্ররিলেন, তাহা কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন, মহারাজ ! অনন্তর দ্রোণতনয়প্রম্থ বীরত্রয় অনতিদূরে গমন করিয়া এক দ্রুন্সাজিবিরজিত লতাজালসমাচ্ছন্ন ভীষণ অরণ্য নিরী-ক্ষণ করিলেন। তথন তাঁহারা মুহূর্ত্তকাল বিশ্রাম পূর্ব্বক অশ্বগণকে জল পান করাইয়া সেই বহুবিধ মৃগ, পক্ষা ও হিংস্রজন্ত সমাকীর্ণ, ফলপুষ্পোপ-শোভিত, নীলোৎপল সমলস্কৃত সলিলসম্পন্ন অরণ্যমধ্যে প্রবেশ করিয়া ইতজ্জত দৃষ্টিপাত করিতেলাগিলেন। কিয়ৎক্ষণ পরে এক সহস্র শাখাসঙ্কুল বটরক্ষ তাঁহাদের নেত্রপথে নিপতিত হইল। বীরত্রয় তদ্দর্শনে সেই রক্ষের নমীপে সমুপন্থিত ও রপ হইতে অবতীর্ণ হইয়া অশ্বগণের বন্ধন উন্মোচন পূর্বকে আচমন করিয়া সন্ধ্যোপাসনা করিতে আরম্ভ করিলেন।

কিয়ৎক্ষণ পরে রজনী সমুপন্থিত হইল। নভামগুল গ্রহনক্ষত্রকুলে সমলক্ষৃত হইয়া বিচিত্র বদনের ন্যায় শোভা পাইতে লাগিল। রজনীচরগণ স্বেচ্ছামুদারে গতায়াত ও কোলাহল করিতে আরম্ভ করিল। দিবাচরেরা নিদ্রায় অভিভূত হইয়া পড়িল এবং ক্রব্যাদগণ যার পর নাই সম্ভূষ্ট হইল। ঐ সময় কৃতবর্মা, অশ্বত্থামা ও কুপাচার্য্য দেই বটরক্ষতলে উপবিষ্ট হইয়া হংখিত ও শোকাকুলিত চিত্তে কুক্ষপাশুবের ক্ষয়বৃত্তান্ত কথোপকখন করিতে লাগিলেন। তাঁহারা অন্ত্র শত্রে কতবিক্ষত ও একান্ত পরিপ্রান্ত হইয়াছিলেন, স্থতরাং অচিরাৎ নিদ্রাবেশ হওয়াতে দেই বৃক্ষতলেই শয়ন করিলেন। তুংখভোগে অনভ্যন্ত কুপ ও কৃতবর্ম্মা অনাথের ন্যায় দেই ধরাতলে শয়ন করিবামাত্র নিদ্রায় অভিভূত হইলেন। মহাবীর দ্রোণতনয় পাশুবদিগের উপর নিভান্ত ক্রেদ্ধ হইয়াছিলেন; স্থতরাং একান্ত পরিপ্রান্ত

হইয়াও নিজিত হইলেন না। তিনি জাগরিতাবন্থায় থাকিয়া বনের চতুর্দিকে ঘৃষ্টিপাত করিতে করিতে উহার মধ্যে একটি হুদীর্য শুপ্রোধ বৃক্ষ নিরীক্ষণ করিলেন। ঐ রক্ষের শাখায় অসংখ্য বায়স স্থ স্থ আবাস স্থানেশয়ন করিয়া হুখে যামিনী যাপন করিতেছিল। ঐ সময় এক গরুড়ের শায়া বেগবান্ পিঙ্গলবর্ণ মহাকায় উলুক তথায় আগমন করিল। উহার মুখ ও নথর হুদীর্য। পেচক ধীরে ধীরে সেই শুপ্রোধ রক্ষের শাখায় নিপতিত হইয়া কাকদিগের নিকট গমন পূর্বক কাহারও কাহারও পক্ষছেদ, কাহারও কাহারও মহারও শহরও পার তত্ত্ত্য বায়সকুল নিঃশেষিত প্রায় করিল। কাককুলের কলেবরে ঐ বৃক্ষতল একেবারে সমাচ্ছের হইয়া গোল। বায়সান্তক উলুক এই রূপে বৈর নির্যাতন করিয়া মহা আহ্লাদিত হইল।

মহাবীর অশ্বত্থামা উল্ককে এই রূপে রজনীযোগে কুতকার্য্য হইতে দেখিয়া সেই রূপে বৈর নির্যাতন করিবার মানদে মনে মনে চিন্তা করিলেন যে, এই পেচক আমারে শত্রু বিনাশ করিবার উপদেশ প্রদান করিল। একণে অরাতিবিনাশের উপযুক্ত সময়ও উপস্থিত হইয়াছে। আজি সামি তুর্য্যোধনের নিকট পাগুবদিগের বিনাশ বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছি। किन्ह-উহারা বিজয়ী, বলবান এবং অন্ত্র শস্ত্র ৪ উৎসাহ শক্তি সম্পন্ন হতরাং সম্মুখ সংগ্রামে কখনই উহাদিগকে বিনাশ করিতে সমর্থ হইব না। একণে ধর্মানুসারে যুদ্ধ করিলে বোধ হয় প্রাণ ত্যাগ করিতে হইবে। কিন্তু ছল্মভাব অবলম্বন করিলে নিশ্চয়ই কার্য্য সিদ্ধি ও শক্তক্ষয় করিতে পারিব। পণ্ডিত ব্যক্তিরা সন্দিগ্ধ বিষয় অপেকা অসন্দিগ্ধ বিষয়েই হস্তক্ষেপ করা কর্ত্তব্য বলিয়া নির্দ্ধেশ করিয়াছেন। আর ক্ষত্রধর্ম অবলম্বন করিলে লোকনিন্দিত অতি গৰ্ছিত কাৰ্য্যে প্ৰব্ৰক হইতে হয়। বিশেষত নীচাশয় পাণ্ডবৰ্গণ পাদে পাদে শঠতা পরিপূর্ণ অতি কুৎসিত কার্য্যের অনুষ্ঠান করিয়াছে। তত্ত্বদর্শী ধার্ম্মিক-গণও কহিয়া গিয়াছেন যে, শত্রুপক্ষীয় সৈত্যগণ পরিশ্রোস্ত, শস্ত্রবিদীর্ণ, নায়ক-হীন, অৰ্থ রাত্তি সময়ে নিজিত এবং আহার, প্রস্থান বা প্রবেশে প্রয়ুক্ত হইলেও তাহাদিগকে বিনাশ করা অবশ্য কর্ত্তব্য।

প্রবল প্রভাপশাদী দ্রোণভনয় এইরূপ চিন্তা করিয়া সেই রাজিভে

নিম্রাভিতৃত পাঞ্চাল ও পাগুবদিগকে বিনাশ করিতে কুতনিশ্চয় হইয়া মাতৃল কুণাচার্য্য .ও ভোজরাজ কুতবর্মারে জাগরিত করিলেন। মহাবল পরাক্রান্ত কুপাচার্য্য ও কৃতনশ্মা ' গাত্তোখান পূর্বক সম্বখামার মন্ত্রণা প্রবণে লঙ্কিত হইয়া কিছু মাত্র উত্তর প্রদান করিলেন না। তথন মহাবীর দ্রোণপুত্র মৃহুর্ত্তকাল চিস্তা করিয়া বাষ্পাকুল নয়নে কুপাচার্য্যকে কহিলেন, মাতুল ! যাহার জন্ম আমর পাণ্ডবগণের সহিত যুদ্ধে প্রবৃত হ্রয়াছি, নীচাশয় ভীম-সেন সেই মহাবল পরাক্রান্ত একাদশ চমুপতি অদ্বিতীয় বীর কুরুরাজকে নিহত করিয়া তাঁহার মন্তকে পদার্পণ পূর্বক অতি নিষ্ঠুর কার্য্যের অনুষ্ঠান করিয়াছে। ঐ শুসুন, পাঞ্চালগণ সিংহনাদ, শহুধ্বনি ও ছুন্দুভিনিঃস্বন করিয়া মহা আহলাদে হাস্ত পরিহাস করিতেছে। শব্ধধননি মিঞিত তুমুল বাদ্যশব্দ প্রবন্পরিচালিত হইয়া দশ দিক্ পরিপূর্ণ করিয়াছে। পূর্বৰ দিকে **অখগণের ত্রেষারব, গজ্যুথের বংহিতথ্ব**নি, শূরগণের সিংহ্নাদ, রথ সমুদায়ের লোমহর্ষণ চক্রনির্যোষ শ্রুণতিগোচর হইতেছে। কালের কি বিচিত্র গতি! পাওবগণ কৌরবপক্ষীয় শত মাতঙ্গতুল্য' বলশালী সর্বান্তবিদ্ বীরগণতে ও বিনাশ ক্রিয়াছে। একণে সমুদায় কৌরব সৈতাই উহাদের হত্তে বিনষ্ট হইয়াছে; কেবল আমরা তিন জন অবশিষ্ট রহিয়াছি। এক্ষণে যদি মোহ বশত আপনাদিগের বুদ্ধিস্রংশ না হইয়া থাকে, তাহা হইলে অতঃপর আনাদের কি কর্তব্য, ভাহা নিশ্চয় করিয়া বলুন।

### ছিতীর অধ্যায়।

তথন কুপাচার্য্য কহিলেন,—হে বীর! আমি তোমার বাক্য প্রাবণ করি-লাম; একণে আমি যাহা কহিতেছি, প্রবণ কর। মসুষ্টোরা দৈব ও পুরুষ-কারসাধ্য কর্মে আবদ্ধ হইয়া আছে। দৈব ও পুরুষকার অপেকা আর কিছুই ফাবান্ নাই। একমাত্র দৈব বা একমাত্র পুরুষকার প্রভাবে কোন कार्या कि कि इस ना। के छे छ । अक क निर्माण হওয়া নিতান্ত অকঠিন। কি উৎকৃষ্ট, কি অপকৃষ্ট, সমস্ত কাৰ্য্যই দৈব ও পুরুষকার সাপেক। পর্জন্য পর্বতোপরি সলিল বর্ষণ করিয়া কোন ফল উৎপাদনে সমর্থ হয় না ; কিন্তু কৃষ্ট ক্লেত্রে বারি বর্ষণ করিলে প্রচুর ফল উৎপদ্ন করিতে পারে। দৈবহীন পুরুষকার আর পুরুষকারশৃত্য দৈব উভয়ই

নিতান্ত নিক্ষল। দৈব ও পুরুষকার উভয়েরই আমুকুল্য থাকিলে মুপুরোর অবশ্যই সিদ্ধি লাভ হইয়া থাকে। কেত্র বারিধারা সংসিক্ত ও সম্মৃক্ কৰিত হইলে, তাহাতে প্ৰচুৱ শন্য উৎপন্ন হয়। অনেক স্থানে দৈব পুরুষ-কারের অপেকা না করিয়া স্বয়ংই ফল প্রদান করে, কিন্তু নিবেচক লোকেরা দৈববল অবলম্বন পূর্ব্বক পুরুষকারেই গনোনিবেশ করিয়া থাকেন। যাহা হউক, মনুধ্যের সমস্ত কার্য্যই দৈব ও পুরুষকার সাপেক্ষ, সন্দেহ নাই। পুরুষকার সহকারে 'কার্য্যে প্রব্রক্ত হইলে উহা দৈব বলবোগে অসৈদ হয় धावः (महे देनव वन क्षाञ्चादवेहें कर्षा क र्ह्हा का का कि बा बादक। सक्सा দৈব বলশৃত্য পুরুষকার প্রকাশ করিলে তাহা নিতান্ত নিক্ষল হয়। আর অলস ও নির্কোধেরা পুরুষকারে অশ্রদ্ধা প্রদর্শন করিয়া থাকে : কিন্ত তাহা প্রাক্ত ব্যক্তিদিগের মতে যুক্তিদঙ্গত নহে। কার্য্যের অনুষ্ঠান করিলে তাহা প্রায় নিক্ষল হয় না। কিন্ত কার্য্যানুষ্ঠানে, পরাল্মুখ হইলে নিশ্চয়ই অতিশয় তুঃথ ভোগ করিতে হয়। যাহা হউক, যদি কৈহ কোন কার্য্য অনুষ্ঠান না করিয়া যদুচ্ছাক্রেমে তাহার ফল ভোগ করে, আর যদি কেছ কোন কার্য্য অনুষ্ঠান করিয়াও তাহার ফলভোগে বঞ্চিত হয়, তাহা হইলে দেই উভয়বিধ ব্যক্তিকেই নিতান্ত তুর্দ্দশাপ**ন বলিতে হইবে, সন্দেহ নাই।** কার্য্যদক্ষ ব্যক্তি মঙ্গ্রেশে কালাতিপাত করিতে পারে, কিন্তু অলম কিছতেই इश्य लाट्ड ममर्थ इस ना। अहे कीवरलाटक इनिश्वन व्यक्तिता आग्नरे हिरेज्यी হইয়া থাকে। কার্য্যদক্ষ ব্যক্তি অনুষ্ঠিত কার্য্যের ফল ভোগে সমর্থ হউক বা না হউক, কিছুতেই নিন্দনীয় হয় না; কিন্তু যে ব্যক্তি কোন কাৰ্য্যের অনুষ্ঠান না করিয়া ফল লাভ করে, সে নিতান্ত নিন্দনীয় ও সকলেরই বিদ্বেষভাজন। এই নিমিন্তই বুদ্ধিমান্ লোকেরা কহিয়া থাকেন যে, যে ব্যক্তি পুরুষকারকে অনাদর করে, সে আপনার অনিষ্ট সাধন করিয়া থাকে ৷

দৈব ও পুরুষকার ব্যতীত কোন কার্য্যই সিদ্ধ হয় না। যদি পুরুষকার সম্পন্ন ব্যক্তি দৈববল অবলম্বন করিয়া কোন কার্য্যানুষ্ঠান করে, তাহার কার্য্য অবশ্যই সফল হয়। সকলেরই রদ্ধ লোকদিগের সহবাস এবং তাঁহাদিগের পরামর্শ গ্রহণ ও উপদিষ্ট কার্য্যের অমুষ্ঠান করা অবশ্য কর্ত্তব্য। অভ্যুদয়-কালে সর্ব্বদ। রৃদ্ধদিগকে পরামর্শ জিজ্ঞাসা করিবে। রুদ্ধেরা অবদ্ধ বস্তু লাভ ও কার্য্যসিদ্ধির মূল কারণ। যে ব্যক্তি রুদ্ধের বাক্য শ্রেবণ করিয়া পুরুষকার প্রদর্শন করে, দে অচিরাৎ ফল লাভে সমর্থ হয়। যে ব্যক্তি জোধ, ভর ও লোভণরতন্ত্র হইয়া কাহারও সহিত মন্ত্রণা না করিয়া কার্য্যাস্তান করে, দে অচিরাৎ জ্রীক্রট হয়। দেখ, অদূরদর্শী লুরূপ্রকৃতি ছুর্ব্যোধন হিত্রুদ্ধিসম্পন্ন ব্যক্তিদিগকে অনাদর প্রদর্শন ও অসাধু লোকের পরামর্শ গ্রহণ পূর্বক আমাদিগের কর্তৃক বারংবার নিবারিত হইয়া ও গুণ-শালী পাণ্ডবগণেদ্ন দহিত বৈরাচরণে প্রব্তত হইয়াছিল ; সেই নিমিন্তই একণে পরিতাপিত হইতেছে। আমরা সেই পাপাত্মার অভিপ্রায়ামুসারে কার্যাসূষ্ঠান করিতেছি বলিয়া আমাদিগের এইরূপ ভয়ক্ষর তুর্দ্দশা সমু-পশ্বিত হইয়াছে। আমি ঐ তুরাজ্মার নিমিক্ট তুঃখদাগরে নিমগ্ন হইয়াছি। একণে হঃখপ্রভাবে আমার বুদ্ধি নিতান্ত আকুল হওয়াতে আমি কোন ক্রমেই সং বিবেচনা করিতে সমর্থ হইতেছি না। মতুষ্য মোহাদ্ধ হইলে ত্মহাদ্ ব্যক্তিকে সৎপরামর্শ জিজ্ঞাদা করিবে। তৎকালে দেই হুছাদই তাহার বৃদ্ধি, বিনয় ও শ্রেয়োলাভের একমাত্র কারণ; স্থতরাং ভাহার বাক্যানুসারে কার্য্যানুষ্ঠানই সর্বতোভাবে কর্ত্তব্য। অতএব চল, আমরা রাজ ৯ ধৃতরাষ্ট্র, গান্ধারী ও বিহুরের নিকট গ্র্যন পূর্বক এই বিষ্যের প্রামর্শ জিজ্ঞাসা করি। তাঁহারা বিবেচনা পূবর্ব ক যাহা হিতকর বলিয়া অবধারণ করিবেন, আমরা তাহাই করিব। কার্য্য আরম্ভ না করিলে কদাচ ফল লাভ হয় না; কিন্তু পৌরুষ প্রকাশ পূব্ব ক কার্য্যারম্ভ করিলেও যদি তাহা নিক্ষল इत, जत्व रित्यत्करे जाहात्र প্রতিবন্ধক বলিতে হইবে, সন্দেহ নাই।

### তৃতীয় অধ্যায়।

সঞ্ধর কহিলেন,—মহারাজ ! তথন মহাবীর অশ্বত্থামা কুপাচার্য্যের সেই
থর্মার্থক বাক্য প্রবণে শোকানলে দগ্ধ হইয়া ক্রুরভাবে তাঁহারে ও রুতবর্দ্ধারে সম্বোধন পূর্বেক কহিলেন, হে বার্ব্য় ! ব্যক্তিমাক্তেরই বুদ্ধিরভি
পৃথক্ পূথক্ । সকলেই অন্য অপেকা আপনারে সমধিক বুদ্ধিমান্ জ্ঞান
করিয়া নিরম্ভর আত্মবুদ্ধির প্রশংসা ও পরবুদ্ধির নিন্দা করে । এক এক
বিষয়ে যাহাদের বুদ্ধির প্রক্য হয়, অন্য অন্য বিষয়ে তাহাদিগেরই বুদ্ধি
পর্মশার নিভান্ত বিপরীত হইয়া উঠে। মনুষ্যপণের চিত্তবৈচিত্রই বুদ্ধি-

বৈচিত্রের কারণ। স্থবিজ্ঞ বৈদ্য যেমন ব্যাধি নির্ণয় করিয়া রোগ শান্তির নিমিত্ত বৃদ্ধিপ্রভাবে যথাবিধি ঔষধ নির্ণয় করেন, তজ্ঞপে অভান্ত মানবগণও স্বীয় স্বীয় কার্য্য দিছির নিমিত্ত যথোপযুক্ত বৃদ্ধি আশ্রেয় করিয়া উপায় নির্দ্ধার করিয়া থাকে। অনেক মন্ত্রেয়ের বৃদ্ধির ঐক্য হওয়া দূরে থাকুক, এক ব্যক্তির বৃদ্ধিও দকল দময়ে দমান থাকে না। দেখ, মন্ত্র্য বৌবনকালে যে বৃদ্ধিপ্রভাবে বিমেট্রিত হয়, প্রোঢ়াবন্দ্রায় তাহার আর দে বৃদ্ধি থাকে না এবং, প্রোঢ়াবন্দ্রায় যে বৃদ্ধির প্রাত্রন্তার হয়, র্দ্ধাবন্দ্রা উপন্থিত হইয়া যায়। হে ভোক্তরাক্ত! বিষম হংখ বা অধিক দম্পদের দময় মন্ত্রের বৃদ্ধি বিক্ত হইয়া থাকে। মন্ত্র্য মাত্রেই আপনার বৃদ্ধি অনুসারে কার্য্য নিশ্চয় করিয়া তাহাতে প্রস্তুত্ত হয়, স্ত্রাং বৃদ্ধিকেই কার্য্যের উদ্যোগকারিণী বলিতে হইবে। লোকে মারণাদি কার্য্য অতি উৎকৃষ্ট বিবেচনা করিয়াই প্রীত মনে দে দকল নিন্দনীয় কার্য্যের অনুষ্ঠানে প্রস্তুত্ত হয়। ফলত সকল লোকেই স্ব স্বৃদ্ধিপ্রভাবে বিবিধ কার্য্য নির্ণয় করিয়া তাহার অনুষ্ঠান করে।

আজি বিষম ছঃখপ্রভাবে আমার যেরপে বৃদ্ধি উপস্থিত, তাহা আপনাদের নিকট ব্যক্ত করিলাম। আমি দ্বির করিয়াছি যে, প্র রূপ কৃষ্ঠি করিলেই আমার শোক বিনষ্ট ইইবে। দেখ, প্রজাপতি ত্রন্ধা প্রজাগণের স্থাই
ও তাহাদিগের ভিন্ন ভিন্ন কার্য্য নির্ণয় করিয়া পৃথক্ পৃথক্ বর্ণে পৃথক্ পৃথক্
গুণ নিযোজিত করিয়াছেন। তিনি ত্রাহ্মণে বেদ, ক্ষত্রিয়ে তেজ, বৈশ্যে দক্ষতা
ও শৃদ্রে সর্ব্ব বর্ণের অনুকৃলতা প্রদান করিয়াছেন। অতথ্র আদান্ত ত্রাহ্মণ,
নিস্তেজ ক্ষত্রিয়, আদক্ষ বৈশ্য ও প্রতিকৃলাচারী শৃদ্র সকলের নিকটই অসাধু
ও নিন্দানীয় বলিয়া পরিগণিত ইয়া থাকে। আমি স্থপ্তিত ত্রাহ্মণকুলে
জন্ম প্রহণ করিয়াছি বটে, কিন্তু ভাগ্যদোবে আমারে ক্ষত্রিয় ধর্ম্ম আশ্রের
করিতে ইয়াছে। যদি আমি ক্ষত্রধর্মা অবগত ইয়া ত্রাহ্মণধর্ম আশ্রের
পূর্বেক শান্তভাব অবলম্বন করি, তাহা ইছলে নিশ্চয়ই আমারে নিন্দানীয়
ইইতে ইইবে। আমি দিব্যান্ত্র ও দিব্য শরাসন প্রহণ করিয়াছি, হ্যুতরাং পিতৃবধের প্রতিকার না করিলে জন সমাজে কি রূপে আমার বাক্য স্ফুর্বি ইইবে।
সত্রবে আজি আমি নিশ্চয়ই ক্ষত্রধর্মানুসারে পিতা ও রাজা ফুর্য্যান্ধনের

পদবীতে পদার্পণ করিব। আজি ব্যায়ামপরিপ্রাস্ত পাঞ্চালগণ জয় লাভে প্রফুল হইয়া কবচ পরিত্যাগ পূর্বক বিশ্বস্ত চিত্তে নিদ্রাগত হইলে আমি রাজিয়োগে শিবিরাভ্যস্তরে গমন পূর্বক দেবরাজ যেমন দানবদল দলন করিয়াছিলেন, তজেপে তাহাদিগকে সংহার করিব। আজি য়ামি পশু-স্দ্রন পিনাকপাণি রুদ্রের আয় পাঞ্চালগণ মধ্যে প্রবেশ করিয়া তাহাদের ও পাশুবগণের প্রাণ সংহার পূর্বক শান্তি লাভ ফরিব। আজি আমি পশুলাজগণের পরীরে ভূমগুল প্রিরুত করিয়া পিতার ঋণ পরিশোধ করিব। আজি পাঞ্চালগণ হুর্য্যোধন, কর্ণ, ভীমা ও আমার পিতার পথে পদার্পণ করিবেন। আজি আমি পশুহন্তা শিবের আয় রজনীযোগে য়ৃষ্টপ্রাম্বকে নিপাতিত করিয়া নিশিত থড়গাঘাতে পাঞ্চালরাজ ও পাশুবগণের নিজিত সন্তান সন্ততি ও তৎপক্ষীয় সৈতা সমুদায়ের প্রাণ সংহার পূর্বক কৃতকার্য্য ও মুখী হইব।

### চতুর্থ অধ্যায়।

তথন কুপাচার্য্য কহিলেন,—বংস ! আজি ভাগ্যক্রমে তোমার বৈরনির্বাভনে বৃদ্ধি হইয়াছে। স্বয়ং পুরন্দরও তোমার নিবারণে সমর্থ নহেন।
ক্রেল্পে তৃমি বর্ম্ম পরিত্যাগ পূর্বে ক এই রাত্রি বিশ্রাম কর, কল্য প্রভাতে
বৃদ্ধযাত্র। করিবে। আমিও কুতবর্মার সমভিব্যাহারে বর্ম ধারণ ও রথারোহণ পূর্বে ক তোমার অনুগমন করিব। তাহা হইলে তৃমি নিশ্চয়ই
পাঞ্চালগণ ও তাহাদের অনুচরগণের বধ সাধনে সমর্থ হইবে। তোমার
বহুদিন ক্রমাগত জাগরণ হইতেছে; অতএব আজি রাত্রিতে নিদ্রাহ্মধ মনুভব
কর; তাহা হইলে বিশ্রান্ত ও দ্বিরচিত্ত হইয়া নিঃসন্দেহই অরাতিগণকে
বিনাশ করিতৈ পারিবে। আমি তোমার সমভিব্যাহারে থাকিলে এবং
কৃতবর্ম্মা তোমারে রক্ষা করিলে অন্যের কথা দূরে থাকুক, দেবরাজ ইন্দ্র ও
তোমারে পরাজয় করিতে সমর্থ হইবেন না। তোমার ও আমার নিকট
অনেক দিব্যান্ত্র বিদ্যমান আছে, আর মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মাও রণপণ্ডিত;
অতএব আজি আমরা নিদ্রাহ্মধ অনুভব করিয়া শ্রমহীন হইলে কল্য
প্রাতঃকালে একত্র সমবেত হইয়া সমস্ক শক্তে সংহার পূর্বকি যার পর

নাই প্রীতি প্রাপ্ত হইব। হে দ্রোণতনয়! আজি তুমি নিরুদ্ধেণে নিট্রিত হইয়া যামিনী যাপন কর। কল্য প্রভাতে অরাতিগণের শিবিরমধ্যে প্রবেশ ও স্বীয় নামোচ্চারণ পূর্বক শক্তগণকে বিনাশ করিয়া সমস্ত মহাস্থরঘাতী স্থররাজের আয় পরম স্থথে বিহার করিতে পারিবে। পূর্বে মহান্তা বিষ্ণু যেমন দৈত্যসেনা পরাজয় করিয়াছিলেন, তক্রপ ভূমিও পাঞ্চাল সৈম্প্রগণকে পরাজয় করিয়া কথনই সমর হইতে নিরুত্ত হইব না। হয় আসরা পাগুবগণের সহিত পাঞ্চালদিগকে বিনাশ করিব, না হয় তাহাদিগের হস্তে নিহুত হইয়া স্বর্গ প্রাপ্ত হইব। ফলত আমি সত্য কহিতেছি, কাল প্রভাতে কৃতবর্দ্মার সহিত সর্ব্বপ্রকারে তোমার সহায়তা করিব।

হে মহারাজ! মহাত্মা কুপাচার্য্য এইরূপ হিত কথা কছিলে মহাবীর অশ্বত্থামা রোষারুণ নয়নে তাঁহার প্রতি দৃষ্টিপাত ক্রিয়া কহিলেন, মাতুল! আতুর, অমধিত, চিস্তাব্যাপুত ও কামুক ব্যক্তিরা কখনই নি**দ্রাহ্থ অপুভবে** সমর্থ হয় না। আজি অমর্ঘ প্রভাবে আমার নিজা বিচেছদ হইয়াছে। দেখুন, ইহলোকে পিতৃবধ স্মারণ অপেকা আর কি অধিক কন্টকর হইতে পারে! পিতৃবধ সারণেই অহোরাত্র আমার হৃদয় দয় হইতেছে, কিছুতেই তাহার শান্তি হইতেছে না। পাপাত্মারা যে রূপে আমার পিতারে নিহত করিয়াছে, তাহা আপনার অবিদিত নাই। তাদুশ পিতৃবধ রুত্তান্ত শ্রেকণে मामृण त्कान् व्यक्ति मृदूर्खकाम । कीवन धात्रण कतिर्ड ममर्थ इय ? अकरण সমরাঙ্গনে ধ্রুফভুুুুলুকে বিনাশ না করিয়া কোনজ্রমেই আসার জীবন ধারণে বাসনা হইতেছে না। ঐ তুরাত্মা আমার পিতারে বিনাশ করিয়াছে বলিয়া তাহারে এবং তাহার সমভিব্যাহারীদিগকে বিনাশ করিব; সার রাজা তুর্য্যোধন ভগ্নোরু ও সমরাঙ্গনে নিপতিত হইয়া আমার সমকে যেরূপ বিলাপ করিয়াছেন, তাহা শ্রেবণ করিয়া কোন্ পাধাণহাদয়ের হৃদয় বিদীর্ণ না হয় ? কোন নির্দায় ব্যক্তি বাষ্পাবেগ সম্বরণ করিতে পারে ? আমি বিদ্য-মান থাকিতে মিত্রপক্ষের এরূপ পরাজয়, হওয়াতে আমার শোকদাগর সমুচ্ছলিত হইতেছে। আমি পাঞ্চালগণের বিনাশ সাধনে ব্রুকাপ্রচিত্ত হইয়াছি: অতএব আজি নিম্রা বা স্থাসুভবের সম্ভাবনা কি? আমার

বোধ হয়, বাহ্নদেব ও অর্জনুন পাগুবপক্ষীয়দিগকে রক্ষা করিলে ইন্দ্রও যে ভাহাদিগের পরাক্রম সন্থ করিতে সমর্থ হন না, ইহা আমি বিলক্ষণ অবগত আছি, তথাপি কোনরুপেই ক্রোধবেগ সম্বরণে সমর্থ হইতেছি না। এক্ষণে আমারে এই ক্রোধ হইতে মুক্ত করে, এরূপ কোন লোকও নেত্রগোচর হইতেছে না; হুতরাং আমি যাহা হির করিয়াছি, ভাহাই আমার পক্ষে শ্রেয়। দৃত্তমুখে মিত্রপক্ষের পরাভব ও পাগুবগণের জয়লার্ভ রুভান্ত প্রবণ করিয়া অবধি আমার হৃদয় ক্রোধানলে দগ্ধ হইতেছে; ক্ষতএব আজি রাত্রিতেই নিদ্রিত শক্তগণকে বিনাশ পূর্বক হুন্থচিত হইয়া বিশ্রাম ও নিদ্রাহণ অমুভব করিব।

### পঞ্চ অধ্যার।

তথন কুপাচার্য্য কহিলেন,—বৃদ্ধিহীন ব্যক্তি সতত শুশ্রাষা পরতন্ত্র ও জিতেন্দ্রির হইলেও স্থচারুরূপে ধর্মার্থ জ্ঞাপন অবগত হইতে পারে না। आत तुष्किमान् वाक्ति । विनयः भिका ना कतित्व धर्मार्थ निर्नत्य अनमर्थ हय । দববী ষেমন নিয়ত সূপে নিমগ্ন থাকিয়াও তাহার রসাস্থাদনে বঞ্চিত হয়, তদ্রেপ জড় ব্যক্তি সর্ব্বদা পণ্ডিতের উপাসনা করিয়াও ধর্মজ্ঞ হইতে পারে না ; কিন্তু জিহ্বা যেমন স্পর্শমাত্রেই সূপরদের আস্বাদগ্রহ করে, তজ্ঞপ বুদ্ধিমান ব্যক্তি অতি অল্লক্ষণ পণ্ডিতের উপাসনা করিয়াই ধর্ম্মের মর্ম্মগ্রহ করিতে পারেন। গুরুশুশ্রাতৎপর বুদ্ধিমান্ জিতেন্দ্রিয় ব্যক্তিরা অচিরাৎ সর্ব্বশাস্ত্রজ্ঞ হন, তাঁহারা কদাচ সর্ব্বসম্মত বিষয় লইয়া বিবাদে প্রবৃত্ত হন না। ছবিনীত পাপাত্মা লোক সজ্জনের কল্যাণকর উপদেশ উল্লঙ্খন করিয়া মহাপাপে লিপ্ত হয়। স্বছান্সাণ পাপ হইতে নির্ভ করিবার চেষ্টা করিলে যাত্রারা তাঁহাদের বাক্যামুসারে পাপামুষ্ঠানে বিরত হয়, তাহারা সম্পদভাজন হইতে পারে; আর যাহার। হুহুদের বাক্যে উপেক্ষা করিয়। পাপ কার্য্যে বিরত না হয়, তাহার। নিশ্চয়ই এএড হয়। লোকে किश्व ব্যক্তিরে বেমন বিবিধ বাক্য ছারা শাস্ত করে, তজ্ঞপ বন্ধুগণ বিবিধ উপদেশ প্রদান পূর্ব্বক আত্মীয়কে পাপকার্য্যে পরাত্মধ করেন। যাহারা হুছদ্বাক্যে উপেক্ষা করিয়া পাপপরাগ্নুধ না হয়, তাহাদিগকে অবশ্যই অবসম হইতে হয়। প্রাজ্ঞ লোকের। বিজ্ঞ স্থহদুকে পাপনিরত দেখিলে বখাশক্তি বারংবার

উপদেশ প্রদান করেন। অতএব হে ম্রোণতনয়! তুমি কল্যাণকর বিযয়ে মনোনিবেশ ও আত্ম দমন করিয়া আমার বাক্য রক্ষা কর, নচেৎ নিশ্চয়ই তোমারে অমুতাপ করিতে হইবে। প্রস্থা, অস্তশস্ত্র, রথহীন, বাছনবিহীন, শরণাগত ও মুক্তকেশ ব্যক্তিদিগকে বধ করা নিতান্ত ধর্মবিরুদ্ধ। পাঞ্চালগণ আজি কবচ পরিত্যাগ পূর্ববক মৃত ব্যক্তিদিগের ন্যায় বিচেতন হইয়। বিশ্বস্ত চিত্তে নিদ্রাগত হইবে। যে পামর সেই অবস্থায় তাহাদিগের বিদ্রোহাচরণ করিবে, তাঁহারে অগাধ নরকে মগ্ন হইতে হইবে, সন্দেহ নাই। ভুমি ইহলোকে অন্ত্রবেক্তাদিগের অগ্রগণ্য বলিয়া বিখ্যাত হইয়াছ। অনুমাত্র পাপও তোমারে কখন স্পর্শ করিতে পারে নাই। অতএব কল্য সূর্য্যোদয় হইলে প্রকাশ্য যুদ্ধে শত্রুগণকে জয় করিও। তুমি গহিত কার্য্যের অনুষ্ঠান করিলে উহা শুক্ল বস্ত্রে শোণিতপাতের ক্যায় নিতান্ত অপ্রীতিকর হইবে।

তথন অশ্বত্থামা কহিলেন, মাতুল ! আপনি ঘাহা কহিলেন, উহা ব্যার্থ বটে; কিন্তু পূর্বে পাণ্ডবগণ কর্ত্ত্ব ধর্মের সেতু শতধা বিদলিত হইয়াছে। দেখুন, আমার পিতা অস্ত্র ত্যাগ করিলে হুরাত্মা ধৃউহ্যুন্ন ভূপতিগণের ও আপনাদিগের সমক্ষেই তাঁহার প্রাণ সংহার করিয়াছে। মহাবীর কর্ণের র্থচক্র ভূতলে পোথিত হইলে অর্জ্জ্ন সেই বিপদ্কালে সূতপুর্ত্তকৈ নিহত করিয়াছে এবং শিখণ্ডীরে অগ্রসর করিয়া গুস্তশস্ত্র নিরায়ুধ ভীষ্মদেবের বিনাশে কৃতকার্য্য হইয়াছে। সাত্যকি প্রায়োপবিষ্ট মহাধকুর্দ্ধর ভূরি-শ্রবারে এবং ভীমদেন অক্রায় গদাযুদ্ধে হুর্য্যোধনকে নিপাতিত করিয়াছে। আজি দৃতমুখে ভাগোরু রাজ। তুর্য্যোধনের করুণ বিলাপ শ্রবণ করিয়া আমার হানয় বিদীর্ণ ইইতেছে। হে মাতুল ! পাপাত্মা পাণ্ডব ও পাঞ্চালগণ এইরূপে বারংবার ধর্মদেভূ ভগ্ন করিয়াছে; আপনি কি নিমিত্ত দেই পাসর-দিগের নিন্দা করেন না। আমি এই রজনীতে পিতৃহন্তাদিগকে স্থপাবস্থায় নিপান্তিত করিব, ইহাতে যদি আমার কীট অথবা পতঙ্গ যোনিতে জন্ম প্রাহণ করিতে হয়, তাহাও শ্রেয়। এক্ষণে আমি অভীন্ট সাধনে নিতান্ত তৎপর হইয়াছি। একণে আমার নিদ্রা ও হুখ বাসনা কোথায় ? আজি আমারে এই অধ্যবসায় হইতে নিরস্ত করিতে পারে, এরপ লোক ভূমণ্ডলে জন্ম গ্রহণ করে নাই, করিবেও না।

সঞ্জয় কহিলেন, মহারাজ! প্রতাপান্বিত অশ্বতামা এই কথা বলিয়া রণে অশ্ব সংযোজন পূর্বকে বিপক্ষগণের শিবিরাভিমূপে যাত্রা করিলেন। মহাত্ম। 'কুতবর্ম্মা 'ও কুপাচার্য্য তদ্দর্শনে তাঁহারে কহিলেন, 'হে মহাবীর! তুমি কি অভিপ্রায়ে রথযোজন করিলে সত্য করিয়া বল। আমরা তোমার হুঃথে হুঃখিত ও স্থা হুখী হুইয়া থাকি, সতএব আমাদের প্রতি কোন আশঙ্ক। করিও না। তখন অশ্বত্থামা পিতৃবদ ব্রভান্ত স্মরণ পূর্বেক কোপে কম্পিত হইয়া তাঁহাদিগের নিকট আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়া ক্টিলেন, তুরাত্মা ধুষ্টত্যুত্র নিশিত শরনিকরে সহত্র যোদ্ধার প্রাণ সংহার করিয়া আমার অন্ত্রত্যাগী পিতারে নিপাতিত করিয়াছে। আজি আমি সেই ধর্মবিহীন পাপপরায়ণ ক্রুপদপুত্রকে নিহত করিব। ,গুরাক্সা ধৃষ্টগুত্র যাহাতে আমার হস্তে পশুর আয় নিহত হইয়া শস্ত্রবিজিত লোকে গমন করিতে না পারে, তাহাই আমার উদ্দেশ্য।. তোমরা বর্দ্ম ধারণ এবং কার্মুক ও খড়গ গ্রহণ পূর্বক আমার সহিত গাপমন কর। দ্রোণপুত্র এই বলিয়া বিপক্ষগণের অভিমুখে গমন করিতে লাগিলেন। কুপাচার্য্য এবং কুতবর্মাও তাঁখার ধশ্চাৎ পশ্চাৎ ধাৰমান হইলেন। তৎকালে সেই বীরত্রেয়কে যজ্ঞস্থানসমিদ্ধ হুতাশনত্রয়ের স্থায় বোধ হইতে লাগিল। অনন্তর তাঁহারা সেই স্কপ্ত জনপূর্ণ শিবির দলিধানে দমুপস্থিত হইলেন। মহারথ অশ্বত্থামা কুপাচার্য্য ও কুতবর্ত্মারে আমন্ত্রণ পূর্বক শিবিরদ্বারে গমন করিয়। রথবেগ সম্বরণ করিলেন।

### वर्ष्ठ अधात्र।

ধুতরাষ্ট্র কহিলেন,—হে সঞ্জয় ! মহাবীর কুতবর্ম্মা ও কুপাচার্য্য অশ্বত্থামারে ষারদৈশে অবস্থিত অবলোকন করিয়া কি করিলেন, তাহা কীর্ত্তন কর।

সঞ্জর্য কছিলেন, মহারাজ ! এইরূপে মহারথ অশ্বর্থামা ক্রোধভরে শিবিরদ্বারে আগমন করিয়া তথায় চন্দ্র ও সূর্য্যের শ্রায় প্রভা সম্পন্ন এক মহাকায় পুরুষকে অবলোকন করিলেন। তাঁহার বদনমগুল বিচির্ফে সহস্র নেত্র সমলঙ্ক ; বার্হ সকল স্থদীর্ঘ, স্থুল ও নাগাঙ্গদ বিভূষিত এবং আস্থা-দেশ ব্যাদিত, দংষ্ট্রাকরাল ও অগ্নিশিখায় প্রদীপ্ত, তাঁহার পরিধান শোণি-তার্দ্র ব্যাঘ্রচর্ম, উত্তরীয় কুষ্ণাজিন। সেই নাগযজোপবীতধারী ভীষণদর্শন মহাপুরুষের আকার ও বেশ বর্ণনা করা নিতান্ত হকর। তাঁহারে দেখিলে

পর্বতি সকলও বিনার্ণ হইয়া যায়। তৎকালে দেই দিব্য পুরুষের মুখ, নাসিকা, কর্ণযুগল ও সহস্র নেত্র ধইতে তেজোরাশি নির্গতি হইতেছিল। সেই তেজঃপুঞ্জ হইতে শক্ষতিক্রগদাধারী অসংখ্য হুবাকেণ প্রাত্নভূতি হইতে লাগিলেন।

মহারথ অশ্বথামা দেই দর্শবভূত ভয়স্কর অদ্ভাকার মহাপুরুষকে অব-লোকন করিয়াও কিছুমাত্র ভীত না ইয়া তাঁহার প্রতি দিব্যান্ত্রজ্ঞাল নিক্ষেপ করিতে আরম্ভ করিলেন। মহাকায় পুরুষও বড়বানল যেমন সমুদ্রের দলিলপ্রবাহ গ্লাদ করিয়া থাকে, তক্রপ দ্রোণপুত্রনিক্ষিপ্ত শরনিকর প্রাদ করিতে লাগিলেন। তথন মহাবার অশ্বথামা আপনার দিব্যান্ত্রজ্ঞাল নিতান্ত নিক্ষণ হইল দেখিয়া তাঁহার প্রতি এক প্রদীপ্ত অগ্নিশিখার ন্যায় রথশক্তি নিক্ষেপ করিলেন। প্রলয়কালে মহোল্কা যেমন সূর্য্যদেবকে আহত করিয়া নভোমগুল হইতে পরিভ্রন্ট হয়, তদ্রেপ দেই প্রদীপ্ত রথশক্তি মহাপুরুষকে আহত করিয়া বিদীর্ণ ও নিপতিত হইল। তথন মহাবীর অশ্বথামা এক আকাশ দদৃশ নীলবর্ণ স্বর্ণান্ত্রি সমলস্কৃত থড়গ বিবর্নঃসারিত ভীষণ ভূজস্কনের ন্যায় কোষ হইতে নিক্ষাশিত করিয়া তাঁহার প্রতি নিক্ষেপ করিলেন। খড়গ দিব্য পুরুসের দেহে নিপতিত হইয়া গর্ত্তমধ্যে বুক্কায়িত নকুলের ন্যায় তিরোহিত হইল। মহাবার অশ্বথামা তদ্দর্শনে নিতান্ত ক্রোধাবিক্ট হইয়া তাঁহার প্রতি এক ইন্দ্রেরজ সদৃশ প্রজ্বলিত গদা নিক্ষেপ করিলেন। তিনিও তৎক্ষণাৎ তাহা গ্রাদ করিয়া ফেলিলেন।

এইরপে সমস্ত অস্ত্র শস্ত্র কয় হইলে মহাবীর অশ্বথামা ইতস্তত দৃষ্টি-পাত পূর্বক দেখিলেন, সেই মহাপুরুদের তেজারাশি বিনির্গত অসংখ্য , হয়াকেশ এককালে আকাশমণ্ডল সমাচছর করিয়াছেন। তিনি সেই অন্তুত ব্যাপার স্বচক্ষে প্রত্যক্ষ ক্রিয়া রূপাচার্য্যের বাক্য স্থারণ পূর্ব্কি মন্ত্রপ্রচিত্তে চিন্তা করিতে লাগিলেন, যে ব্যক্তি স্থাদের হিতকর বাক্য অপ্রিয় রোধে আনাদর করে, তাহারে আমার ন্যায় বিপদসাগরে নিমগ্র হইয়া শোক প্রবিয়া শক্ত সংহারের অভিলাষ করে, তাহারে ধর্মপথ পরিপ্রেষ্ট হইয়া কুপথে প্রতিহত হইতে হয়। বৃদ্ধ লোকে সর্বিদা এইরপ উপদেশ প্রদান করিয়া থাকেন যে, গো, ত্রাহ্মণ, নৃপ, স্থা, স্থা, সাতা, গুরু এবং মৃতপ্রায়

জড়, অন্ধ, নিদ্রিত, ভীত, মদমত্ত, উন্মত্ত ও অনবহিত ব্যক্তিদিগের প্রতি কদাচ শস্ত্র প্রহার করিবে না। আমি দেই শাস্ত্রবিহিত সনাতন পথ অতিক্রম পূর্বক কুপথে পদার্পণ করিয়া এই ঘোরতর বিপুদে নিপতিত হইয়াছি। বিজ্ঞ, ব্যক্তিদিগের মতে কোন মহৎ কার্য্যের অমুষ্ঠান পূর্ব্বক অশক্তি নিবন্ধন ভীত হইয়া তাহা হইতে বিরত হওয়াই ঘোরতর বিপদের বিষয়। দৈব অপেক্ষা পুরুষকার কদাচ গুরুতর নহে। যদি কেহ কোন কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া তুর্দিববশত উহা দির্ঘ্ধ করিতে না পারে, তাহা হইলে তাহারে ধর্মপথপরিভ্রষ্ট ও বিপদ্প্রস্ত হইতে হয়। যদি কোন ব্যক্তি অত্রে প্রতিজ্ঞাদহকারে কোন কার্য্যানুষ্ঠানে প্রবৃত্ত হইয়া পশ্চাৎ ভয় প্রযুক্ত তাহা হইতে বিরত হয়, তাহা হইলে সেই ব্যক্তির অত্যে ঐরপ প্রতিজ্ঞা করা নিতান্ত অজ্ঞতার কার্য্য বলিয়া স্বীকার করিতে হইবে। এক্ষণে আমি অসৎ কার্য্য সংসাধনে উদ্যত হইয়াছি বলিয়া আমার এই মহৎ ভয় উপস্থিত হইয়াছে। এই যে মহাপুরুষ উদ্যত দৈব দত্তের ন্যায় এই স্থানে দণ্ডায়মান হইয়া আমার প্রতিবন্ধক তাচরণ ক্রি-তেছেন, আমি বারংবার চিন্তা করিয়াও ইঁহারে বিদিত হইতে সমর্থ হই-তেছি না; বোধ হয়, ইনি আমার অধর্মে প্রবৃত্ত কলুষিত বুদ্ধির ভয়ক্ষর ফলস্বরূপ। আমি কদাচ সমরে পরাত্মুথ হই নাই, এক্ষণে কেবল দৈবই আমারে সমরবিমুখ করিলেন, সন্দেহ নাই। অতঃপর দৈববল প্রাপ্ত না হইলে আমি কদাচ এই কার্য্য সাধনে সমর্থ হইব না। অতএব এক্ষণে দেবাদিদেব মহাদেবের শরণাপন্ন হই, তিনিই আমার এই চুর্দৈব শান্তি করিয়া দিবেন। ভগবান্ উমাপতি তপ ও বিক্রম প্রভাবে সমস্ত দেবগণকে অতিক্রম করিয়াছেন ; অতএব তাঁহারই মাশ্রয় গ্রহণ করা কর্ত্তব্য ।

### সপ্তম অধ্যায়।

হে মহারাজ ! আচার্য্যতনয় অশ্বত্থামা এইরূপে কৃতনিশ্চয় হইয়া রথ
হইতে অবতরণ পূর্বক ভগবান্ ভবানীপতিরে প্রণাম করিয়া কহিলেন, হে
দেবেশ ! আমি অতি ক্ষুদ্রাশয় । একণে বিশুদ্ধ অন্তঃকরণে আত্মোপহার
প্রদান পূর্বক তোমার পূজা করিব । হে দেব ! তুমি উঞা, স্থাণু, শিব,
কৃদ্রে, সর্বা, ঈশান ও ঈশ্বর ; তুমি গিরিশ, বরদ ও ভবভাবন ; তুমি শিতিকণ্ঠ,

অজ ও শুক্র; তুমি দক্ষযজ্ঞনাশক হর; তুমি বিশ্বরূপ, বিরুপাক্ষ ও বহ্-রূপী; তুমি উমাপতি ও মহাগণপতি; তুমি শাশানবাদী, খট্টাঙ্গধারী; তুমি জটিল; তুমি রুজ, স্তুত্য ও স্তু্যুমান; তুমি অমোঘ, তুমি শক্র, তুমি ক্ষুত্তিবাদা, বিলোহিত, অসহা ও তুনিবার; তুমি অক্ষাভ্রুটা, ত্রক্ষা ও ত্রক্ষাভারী; তুমি ত্রতধারী, তপদ্বী ও তাপদগণের গতি; তুমি অনন্ত, পারিষদ্দিরা, ত্রিমি লোচন, ধনাধ্যক্ষ ও ক্ষিতিমুখ; তুমি পার্কিতীর হৃদয়বল্লভ ও ক্ষেক্ষের পিতা; তুমি পিঙ্গা, ই্ষবাহন ও সূক্ষ্ম বাদধারী; তুমি পার্কিতীর ভূষণ ও তাঁহাতে নিরত; তুমি শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠতর; তোমা অপেক্ষা শ্রেষ্ঠ আর কেহই নাই; তুমি অন্ত্রণন্ত্র বিশারদ; তুমি দিগন্ত ও দেশরক্ষক; তুমি চন্দ্রমৌলি ও হিরণ্যক্রবন্ধারী; অত্ঞব আমি একাগ্রনিভ্রে তোমার শরণাণ্যত হইলাম। যদি আমি আদম্বেতী বিপদ হইতে উদ্ধার হইতে পারি, তাহা হইলে তোমারে স্বীয় শরীরস্থ পঞ্চুত উপহার প্রদান পূর্ব্বিক পূজা করিব।

হে মহারাজ : মহাত্মা অশ্বথামা এইরূপ স্তব করিলে তাঁহার সম্মুখে এক কাঞ্চনময় বেদী সহসা প্রাত্নভূতি হইল। ভগবান্ হুতাশন স্বীয় তেজঃ প্রভাবে দিল্লণুল ও আকাশমণ্ডল উদ্ভাসিত করিয়া দেই বেদীমধ্যে বিরাজ-মান হইলেন। বিচিত্র অঙ্গদধারী উদ্যতবাহু অসংখ্য করচরণ ফম্পন্ন বহু মস্তক শোভিত উচ্জ্বলবদন উচ্জ্বলনেত্র পর্বতাকার মহাগণ সকল তথায় উপস্থিত হইল। তাহাদিণের আকার কুকুর, বরাহ ও উষ্ট্রের ন্যায় ; মুখ অখ, শৃগাল, ভল্লুক, মার্জ্জার, ব্যান্ত, দ্বীপি, বায়দ, বানর, শুক, অজগর, হংদ, সারদ, চাদ, কুর্মা, নক্র, শিশুমার, পারাবত, তিমি, নকুল, বক, মহামকর, শ্যেন, মেষ ও ছাগের ন্যায়; তাহাদিগের মধ্যে কেহ কেহ সহস্রলোচন, কাহার কাহারও উদর অতি বৃহৎ ও অঙ্গ রুশ, কেহ কেহ মস্তক বিহীন, কেহ কেহ দীপ্তনেত্র ও দীপ্ত জিহবা সম্পন্ন এবং কাহারও কেশ, কাহারও কর্ণ ও কাহারও বা গাত্রলোম তাত্রবর্ণ। উহাদের মধ্যে কেহ কেহ শভোর ন্যায় ধবল। কেহ কেহ শভামাল্যধারী এবং কেহ কেহ শহাশদের ন্যায় অতি গভার কণ্ঠমর সম্পন্ন, কেহ কেহ জ্ঞটাভারধারী, কেহ কেহ পঞ্চাৰা সম্পন্ন, কেহ কেহ মুণ্ডিতমুণ্ড, কাহারও কাহারও চারি দস্ত, কাহারও কাহারও চারি জিহ্বা, কাহারও কাহারও উদর অতি কুশ, কাহারও

कांशात कर्न गर्फाए नागाय, तकह तकह किती है उस्कीयशाती, तकह तकह মুঞ্জমেখলা সমলঙ্কত, কেহ সর্পকির্নিট শোভিত, কেহ কেহ সর্পাঙ্গদধারী, কেহ কৈহ বিবিধ ভূষণে বিভূষিত, কাহারও কাহারও কেশকলাপ কুঞ্চিত এবং কাহারও কাহার ও মস্তক পদ্ম ও উৎপলে স্থশোভিত। উহাদের মধ্যে কেহ কেহ শতদ্মী, কেহ কেহ বজ্ৰ, কেহ কেহ মুঘল, কেহ কেহ ভুষণ্ডী, কেহ কেহ পাশ, কেহ কেহ দণ্ড, কেহ কেহ ধ্বজ, কেহ কেহ পতাকা, কেহ কেহ ঘণ্টা, কেহ কেহ পরশু, কেহ কেহ লগুড়, কেহ কে্হ স্থুণা, কেহ কেহ খড়গ এবং কেহ কেহ ়বা শরপরিপূর্ণ ভূণীর ধারণ করিয়াছে। কাহারও কাহারও কলেবর পঙ্কলিপ্ত, কেহ কেহ শুক্লাধ্র ও শুক্ল মাল্যধারী এবং কেহ কেহ নীল ও কেহ কেহ পিঙ্গল বর্ণ।

ঐ সময় তাহারা হৃষ্টান্তঃকরণে ভেরী, শন্ধ, মুদঙ্গ, ঝঝর, আনক ও গোমুথ প্রভৃতি বিবিধ বাদ্য বাদিত করিতে লাগিল। কেহ কেহ গান, কেহ কেহ নৃত্য এবং কেহ কেহ লজ্মন ও কেহ কেহু লক্ষ প্রদান করিতে আরম্ভ করিল। কেহ কেহ মহাবেগে ধাবমান হইল ; উহাদের কেশ-কলাপ বায়ুবেগে উড্ডান হইতে লাগিল ; কেহ কেহ মত্ত মাতঙ্গের স্থায় বারংবার পর্জ্জন করিতে আরম্ভ করিল। ঐ সমস্ত ভূবিবধহ বিক্রম সম্পন্ন নানারাগ রঞ্জিত বসনধারী রত্নথছিত অঙ্গদ সমলঙ্কুত শক্রনাশক ঘোররূপ মাংসভোজী বসাশোণিতপায়ী পরিচারকগণমধ্যে কেহ কেহ চূড়া সম্পন্ন, কৈহ কেহ অভিশয় হ্রম্ব, কেহ কেহ অভিশয় দীর্ঘ, কাহার কাহারও উদর পিঠরের ভায়, কাহার কাহারও ওষ্ঠ লম্বিত, কাহার কাহারও মেচুও অণ্ড অতি রহং। উহারা চক্ত সূধ্য ও গ্রহ নক্ষত্র পরিপূর্ণ নভোমণ্ডল ভূমগুলে আনয়ন এবং চভুর্বিধ লোক সকলকে বিনাশ করিতে সমর্থ। উহারা প্রতিনিয়ত নির্ভয়ে ভবানীপতির ভ্রুভঙ্গি সহ্ছ করিয়া থাকে। উহার। নিরস্তর স্বেচ্ছাচার পরায়ণ এবং ত্রৈলোক্যের ঈশ্বরের**ও ঈশ্বর।** উহারা হিংসাদ্বেষ শৃন্ত হইয়া সর্বাদা আমোদ প্রমোদে কাল যাপন করে। ঐ সকল বাক্যবিভাসবিশারদ পারিষদগণ মফ্ট ঐশ্বর্য্য লাভ করিয়াও ,গর্বিত হয় নাই। ভগবান্ শূলপাণি উহাদের কার্য্য দ**র্শনে** সাতিশয় বিস্মিত হইয়া থাকেন এবং উহাদের কর্তৃক কায়মনোবাক্যে আরাধিত হইয়া ঔরস

পুত্রের স্থায় উহাদিগকে রক্ষা করেন। উহারা রুদ্রের একান্ত ভক্ত। উহারা চতুর্বিধ সোমরস এবং রোষাবিক চিত্তে রাক্ষসদিগের শোণিত ও বদা পান করিয়া থাকে। উহারা বেদাধ্যয়ন, ব্রহ্মদ্র্য্য, তপস্থা ও ইন্দ্রিয়-সংযম দারা ভগবান শশিশেখরকে প্রদন্ধ করিয়া তাঁহার সলোকতা লাভ করিয়াছে। কালত্রয়ের অধিপতি রুদ্রদেব ও দেবী পার্ববতী ঐ সমস্ত আত্মানুরূপ পারিষদের সহিত একত্র ভোজন করিয়া থাকেন।

অনন্তর 'ঐ সমস্ত ভুত বিবিধ বাদিত্র বাদন, মুহুমুহু গর্জ্জন, আক্রোশ প্রকাশ ও সিংহনাদ পরিত্যাগ পূর্বকে তৈজ দর্শন ও মহিমা বর্ণন করিবার মানদে স্ব স্ব প্রভাজাল বিস্তার করিয়া মহাদেবকে স্তব করিতে করিতে দ্রোণপুত্রের প্রতি ধাবমান হইল। সেই ভীমদর্শন ভূতগণকে নিরীক্ষণ করিলে ত্রিলোকস্থ সমস্ত ব্যক্তিরই ভয় জন্মে, কিন্তু মহাবল পরাক্রান্ত অশ্ব-খামা তাহাদিগকে দেখিয়া কিছুমাত্র ভীত না হইয়া ভগবানু শঙ্করকে আপনার দেহ উপহার প্রদান করিবার নিমিত্ত প্রস্তুত হইলেন। তৎকালে তাঁহার কাম্মুক সমিধ, শাণিত শ্রনিকর পবিত্র ও আত্মা হবিঃম্বরূপ হইল। অনন্তর তিনি রোদ্রকর্মা রুদ্রদেবকে সৌম্য মস্ত্রে আপনার দেহ উপহার প্রদান পূর্বক কুতাঞ্জলিপুটে স্তব করিতে লাগিলেন। হে ভগবন ! আমি আঙ্গিরসকুলে জন্ম পরিগ্রহ করিয়াছি, অদ্য এই বিপদকালে তোমার প্রতি ভক্তিভাবে সমাধিবলে হুতাশনে আত্মদেহ আহুতি প্রদান করিতেছি, তুমি এই উপহার প্রতিগ্রহ কর। সমস্ত ভূত তোমাতেই বিদ্যমান আছে এবং তুমিও সর্বভূতে বিরাজমান রহিয়াছ ; প্রধান প্রধান গুণ সমুদায় ভোমাতেই অবস্থান করিতেছে। এক্ষণে আমি শক্রপরাজয়ে অসমর্থ হইয়া তোমার নিকট হবিঃস্বরূপ 'অবস্থান করিতেছি, তুমি আমারে প্রতিগ্রহ কর। মহাবীর অশ্বত্থামা এই বলিয়া দেই প্রদীপ্ত পাবকযুক্ত বেদীতে আরোহণপূর্বক হুতাশীনমধ্যে প্রবেশ করিলেন। তথন ভগবানু রুদ্রে তাঁহারে হুতাশনমধ্যে প্রবিষ্ট, নিশ্চেষ্ট ও উদ্ধবাহু নিরীক্ষণ করিয়া হাদ্যমূথে কহিলেন, হে বীর! মহাত্মা কৃষ্ণ সত্য, শৌচ, আর্জব, দান, তপ, নিয়ম, ক্ষমা, প্লতি, বুদ্ধি ও বাক্যে আমার আরাধনা করিয়াছেন, স্থতরাং কৃষ্ণ অপেক্ষা আমার আর কেহই প্রিয়তম নাই। দেই কৃষ্ণের সম্মান রক্ষা ও তোমার বলবীর্য্য

পরীক্ষা করিবার নিমিত্ত আমি পাঞ্চালগণকে স্থরক্ষিত করিয়া মায়াবল বিস্তার করিয়াছিলান; কিন্তু পাঞ্চালেরা কালগ্রস্ত হইয়াছে, আজি তাহা-দিগের জীবন রক্ষা হইবে না। ভ্তভাবন ভগবান্ ভবানীপৃতি এই বলিয়া অশ্বত্থামারে এক স্থনির্মাল থড়গ প্রদান পূর্বেক তাঁহার শরীরে প্রবেশ করিলন। তথন মহাবীর অশ্বত্থামা পুনরায় শঙ্করের তেজঃপ্রভাবে পূর্ব্বাপেক্ষা অধিকতর উদ্তাসিত হইয়া যুদ্ধার্থে মহাবেগে শিবিরে ধাব্যান হইলেন। ভ্ত ও রাক্ষসগণ সাক্ষাৎ মহাদেবের আয় জোণতনয়কে শক্রণিবিরে প্রবেশ করিতে দেখিয়া অদৃশ্যভাবে তাঁহার উভয় পার্শে গমন করিতে লাগিলেন।

#### অষ্ট্রম অধ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—সঞ্জয় ! মহারথ অশ্বত্থামা শিবিরে প্রবেশ করিলে কৃতবর্দ্মা ও কুপাচার্য্য কি কার্য্য করিলেন ? তাঁহারা কি ভয়ব্যাকুল বা সামান্য রক্ষকগণ কর্ত্ত্বক অলক্ষিতভাবে নিবারিত হইয়া প্লায়ন করিলেন অথবা শিবির ভেদ এবং সোমক ও পাগুবগণকে সংহার পূর্বক পাঞ্চাল-দিগের হস্তে নিহত হইয়া দুর্য্যোধনের ন্যায় ধ্রাশায়ী হইলেন ?

সঞ্জয় কহিলেন, মহারাজ! মহাত্মা দ্রোণপুত্র শিবির প্রবেশে সমুদ্যত হইলে মহারথ কুতবর্মা ও কুপাচার্য্য দ্বারদেশে অবস্থান করিতে লাগিলেন। মহাবীর অশ্বত্থামা তাঁহাদিগকে তথায় অবস্থিত দেখিয়া আনন্দিতচিত্তে মৃত্যুবরে কহিলেন, হে বীরদ্বয়! আপনারা যত্ন করিলে নিদ্রোগত হতাবশিষ্ট বিপক্ষপক্ষীয় যোধগণের কথা দূরে থাকুক, সমুদায় ক্ষত্রিয়কুল সংহার করিতে পারেন। আমি এক্ষণে শিবিরমধ্যে প্রবেশ করিয়া কুতান্তের ন্যায় পরি-ভ্রমণ করিব। যেন এ স্থানে কোন ব্যক্তি আপনাদের নিকট পরিত্রাণ না পায়, আমার এইমাত্র প্রার্থনা। মহাবাহ্ত দ্রোণকুমার এই বলিয়া গম্যাদ্বার পরিহার পূর্বেক অন্য স্থান দিয়া নির্ভয়চিত্তে পাগুবগণের শিবিরে প্রবেশ করিয়া সর্বোগ্রে নিঃশব্দ পদস্কারে ধ্রফান্তান্তের শয়নাগার সন্ধিধানে সমুপ্রতিত হইলেন। ঐ সময় সমরপরিপ্রান্ত পাঞ্চালগণ বিশ্বস্তচিত্তে গাঢ় নিদ্রোয় 'অভিভূত হইয়াছিলেন। মহাবীর অশ্ব্যামা ভদ্দর্শনে আফ্রাদিত চিত্তে দ্রুপদ্বিত্রর শয়ন গৃহে প্রবেশ পূর্ব্বক তাঁহারে দিব্যান্তরণ সমারত স্থান্ধ মাল্য পরিশোভিত বিচিত্র ক্ষোম্মণ্ডিত শয়নীয়ে অকুতোভয়ে নিদ্রো-

গত দেখিয়া পদাঘাত দারা প্রবোধিত করিলেন। সমরতুর্মাদ ধ্রুটতুত্ব **অশ্বত্তামার পদপ্রহারে জা**গরিত ও উত্থিত হইয়া তাঁহাবে দ্রোণপুত্র বলিয়া জানিতে পারিলেন। তথন মহাবল অশ্বত্থামা দ্রুপদ্ভনয়কে শ্ব্যা হইতে সমুখিত দেখিয়া ছুই হস্তে ভাঁহার কেশ ধারণপূ্ৰ্কক ভাঁহারে ধরাতলে নিম্পেষিত করিতে লাগিলেন। মহাবীর ধ্বউত্তাম্ন দ্রোণপুত্রের প্রভাবে এইরূপ ছুরাব্স্থাগ্রস্ত হইয়া নিদ্রা ও ভয় প্রযুক্ত প্রতিবিধানের কোন উপাযই করিতে পারিলেন না। অখ্যধামা চরণ দ্বারা তাঁহার বক্ষঃফ্ল ও কণ্ঠদেশ আক্রমণ করিয়া তাঁহারে পশুর ন্যায় নিধন করিতে সমুদ্যত হইলেন। তথন দ্রুপদকুমার নথর প্রহারে দ্রোণপুজ্রের কলেবর ক্ষত বিক্ষত করিয়া গস্পাষ্ট-স্বরে কহিলেন, আচার্যপুত্র ! অন্ত্র প্রহার দারা অবিলম্বে আমারে সংহার কর, তাহা হইলে আমি তোমার প্রসাদে পবিত্রলোকে গমন করিতে পারিব। মহাবীর অশ্বত্থামা ত্রুপদতনয়ের সেই অ্ব্যক্ত বাক্য প্রাবণ করিয়া কহিলেন, রে কুলাঙ্গার! আচার্য্যহন্তাদিগের কোন লোকেই গমনে অধি-<u>কার নাই ; অতএব তোর উপর শস্ত্র নিক্ষেপ করা নিতান্ত অকর্ত্তব্য।</u> কোপাস্থিত দ্রোণপুত্র এই বলিয়া সিংহ যেমন মদমত্ত মাতকের মর্ম্ম পীড়ন করে, তজ্রপ স্থদারুণ পদাঘাতে ধৃষ্টহ্যমের মর্ম্ম পাড়ন করিতে লাগিলেন। তথন তত্ত্ত্য মহিলাগণ ও ধৃষ্টত্যুল্লের রক্ষক সকল তাঁহার আর্ত্তনাদে জাগ-রিত হইয়া ভাঁহারে ভূতোপহত জ্ঞান করিয়া ভয়ে বাঙ্নিষ্পত্তি করিতেও **সমর্থ হইল না। মহা**নীর অশ্বতামা এইরূপে ধ্যটতালকে নিপাতিত করিয়া রথে আরোহণপূর্বকে সিংহনাদে দশ দিক্ পরিপুরিত করত অন্যান্য শক্র সংহারার্থ গমন করিতে লাগিলেন।

· মহারথ দ্রোণপুত্র ধৃষ্টগুলের গৃহ হইতে বৃহির্গত হইলে যাবতীয় মহিলা ও রক্ষকগণের ভীষণ ক্রন্দন কোলাহল সমুখিত হইল। ধ্রউত্যুদ্ধের পত্নী-গণ স্বামীরে নিহত দেখিয়া হাহাকার করিতে লাগিলেন। তাঁহাদের রোদনশকে অন্যান্য ক্ষত্রিয়গণ সহসা জাগরিত হইয়া বর্ণা ধারণপূর্বক কোলাখলের কারণ জিজ্ঞাদা করিলে রমণীগুণ ভয়বিহ্বলচিত্তে কাতর সরে কছিতে লাগিলেন। তোমরা সভুরে আগমন কর। ঐ দেখ, একজন পুরুষ ধৃষ্টভূত্ত্বকে সংহার করিয়া রথে আরোহণ পূর্বক অবস্থান করিতেছে। ঐ

ব্যক্তি মনুষ্য কি নিশাচর, ভাহা খামরা কিছুই নির্ণয় করিতে পারিলাম ন। তথন শিবিরস্থ প্রধান প্রধান ঘোধগণ সহসা অশ্বস্থাসারে পরিবেস্টন করিলেন। মহাবীর দ্রোণকুমার রুদ্রান্ত দ্বারা দেই সমাগত বীরগণকে নিপাতিত করিয়া অনতিদূরে নিজিত উত্তমৌজারে অবলোকন পূর্ববিক তাঁহার সমীপে সমুপস্থিত হইলেন এবং অচিরাৎ পাদদারা তাঁহার কণ্ঠ ও বক্ষঃস্থল আক্রমণ করিয়া ভাঁহারে শমনদদনে প্রেরণ করিলেন,। মহাবীর যুধামস্য উত্তমৌজারে রাক্ষণহস্তে নিহত বিবেচনা করিয়া সত্তর গদা গ্রহণ পূর্ববক মহাবেগে অশ্বত্থামার হৃদয়ে আঘাত করিলেন। তথন দ্রোণপুত্র বেগে ধাবমান হইয়া ভাঁহারে ভূতলে নিকেপ পূর্বক পশুর ন্যায় সংহার করিয়া ফেলিলেন।

যুধামন্যু নিহত হইলে মহাবীর অশ্বত্থাম৷ ইতন্তত শ্যান মহার্থগণের প্রতি ধাবমান হইয়া খড়গাঘাতে যজ্ঞছলে বিকম্পিত পশুগণের ন্যায় একে একে তাহাদের প্রাণ সংহার করিলেন এবং ক্ষণকাল মধ্যে শিবির মধ্যস্থ ন্যস্তশস্ত্র পরিশ্রান্ত যোধগণকে সমুদায় হস্তী অশ্বের সহিত নিপাতিত করিয়া রুধিরাক্ত কলেবরে কালান্তক যমের ন্যায় দুষ্ট হইতে লাগিলেন। ্রেই করাল ক্রবালধারী মহাবীরের গাত্তে অসিবিচ্ছিন্ন ইতস্তত সঞ্জিত বীরগণের শোণিতধারা সংলগ্ন হওয়াতে তাঁহারে অতি ভীষণ অপুর্বর প্রাণী বলিয়া বোধ হইতে লাগিল। সমরে অগ্রসর যোধগণ অশ্বস্থামার অলেক্তিক রূপ দর্শনে নিতান্ত ব্যথিত হইয়া পরস্পারের মুখাবলোকন করিতে আরম্ভ কল্পিলেন এবং অনেকে তাঁহারে রাক্ষ্স বিবেচনা করিয়া নেত্র নিমীলিত করিতে লাগিলেন।

এইরূপে মহাবীর অশ্বর্থামা সাক্ষাৎ কুতান্তের ন্যায় শিবিরে পরিভ্রমণ করিতে করিতে দ্রৌপদীর পাঁচ পুত্র ও অবশিষ্ট দোমকগণকে অবলোকন করিলেন। শরাসনধারী মহারথ ক্রেপিদীতনয়র্গণ সমর কোলাহলে জাগ-রিত হইয়া ধুষ্টপ্রুমের নিধনবার্তা শ্রেবণ পূর্বক অশ্বত্থামারে শরনিকরে সমাচ্ছন্ন করিতে লাগিলেন। প্রভদ্রকগণ ও মহাবীর শিখণ্ডী তাহাদিগের সমরশব্দে প্রবোধিত হইয়া শরজালে দ্রোণপুত্রকে নিপাড়িত করিতে আরম্ভ করিলেন। তথন সমরপরাক্রাস্ত মহারথ অশ্বর্থামা সেই শরকালব্যী বীরগণকে দর্শন করিয়া সিংহনাদ করিতে লাগিলেন এবং পিতৃবধরতান্ত শ্বরণ করিয়া সরোষ নয়নে সহস্র চন্দ্র পরিশোভিত চর্মা ও স্থবর্ণমণ্ডিত

দিব্য খড়াপ গ্রহণ পূর্বকে রথ হইতে শবতীর্ণ হইয়া দ্রোপদীতনয়গণের প্রতি ধাবমান হইলেন। তিনি সর্বাত্তো প্রতিবিদ্ধ্যের কুন্দিদেশ ছেদন করিলে ঐ মহাবার নিহত হইয়া ধরাতলে শ্যুন করিলেন। তথন প্রতাপশালা হতদোম প্রাস দারা দখখামারে বিদ্ধ করিয়া ধড়গ উভোলন পুর্বেক তাঁহার প্রতি ধাবমান হইলেন। মহাত্মা ডোগপুত্র তদর্শনে জোধভরে স্থত-সোমের অধি সমবেত বাহু ছেদন করিয়া তাঁহার পার্শ্বদেশে খড়ুসাঘাত করিলেন। ুমহাবীরু, স্তুসোম সেই আঘাতে ব্যথিত হইয়া ধরাতলে নিপতিত হইলেন। তখন নকুলপুত্র মহাবল শতানীক বাহুবলে অশ্বত্থামার श्रुपरंग्र तथठक निरक्षा कतिरलन। महावीत एए।। क्यांत्र नकूलनन्तरन প্রহারে নিতান্ত ক্রুদ্ধ হইয়া তাঁহারে ভূতলে নিপাতন পূর্বক তাঁহার মস্তক ছেদন করিয়া ফেলিলেন। তখন মহাবীর আঞ্চকর্মা পরিঘ ধারণ পূর্ববক মহাবেগে ধাবমান হইয়া অশ্বত্থাফার মধ্যদেশে আঘাত করিলেন। আচার্য্য-পুত্র তদ্দর্শনে করাল করবাল দারা তাঁহার আশ্রাদেশ কত বিক্ষত করিতে লাগিলেন। মহাবীর শ্রুতকর্মা আচার্য্যতনয়ের খড়গাঘাতে বিকৃত্যুখ ও নিহত হইয়া ধরাতলে নিপতিত হইলেন। তথন মহারথ শ্রুতকীর্ত্তি অখ-ত্থামার প্রতি অনবরত্ত শর বর্ষণ করিতে লাগিলেন। মহাবীর জোণপুত্র চর্ম দারা আন্তকীত্তির সেই শরবর্ষণ নিবারণ করিয়া তাঁহার কুগুলসম্বলিত মস্তক ছেদন করিয়া ফেলিলেন।

অনন্তর ভীম্মনিহস্তা শিখণ্ডী প্রভদ্রকগণের সহিত মিলিত হইয়া মহা-ৰীর অশ্বত্থামারে বিবিধ অস্ত্রে নিপাড়িত করিয়া তাঁহার ললাটে এক বাণ নিকেপ করিলেন। মহাবল পরাক্রান্ত দ্রোণকুমার তদ্দর্শনে কোপাশ্বিত হইয়া খড়প দারা শিখণ্ডীরে তুই খণ্ড করিয়া ফেলিলেন। ত্রুপদতনয় নিহত হইলে অসিমার্গবিশারদ মহাবীর অশ্বত্থামা ক্রোধভরে ধাবমান হইয়া যাবতীয় প্রভন্তক, বিরাট রাজার হতাবশিষ্ট দৈতা সমুদায়, ত্রুপদের পুত্র পৌত্র ও হৃহদুগণ এবং অফান্য বারগণকেও ছেদন করিতে লাগিলেন। ঐ সময় পাণ্ডবপক্ষীয় যোধগণ দেখিলেন যে, রক্তবদনা লোহিতনয়না রক্তমাল্যাতু-লেপনা রক্তবস্ত্রধারিণী কৃষ্ণবর্ণা কালরাত্রি অসংখ্য স্থাকুঞ্জর ও অন্তশস্ত্র মুক্তকেশ মহারথদিগকেও ভীষণ পাশে বদ্ধ করিয়া প্রস্থানে সমুগ্রত হইয়া-

ছেন। হে মহারাজ! কুরুপাগুবের ভীষণ সংগ্রাম সমুপস্থিত হওয়া অবধি পাশুব পক্ষীয় যোধগণ প্রতি রাত্রিতেই স্বপ্নে দেখিতেন যে, ঐ করাল-বদনা কামিনী তাঁহাদিগকে লইয়া গ্রমন করিতেছেন এবং মহারথ দ্রোণ-তনয় তাঁহাদের সংহারে প্রবৃত হইয়াছেন।

এইরপে মহাবীর দ্রোণকুমার দেই দৈবোপহত প্রাণিগণকে সিংহনাদে বিত্রাসিত ও নিপাতিত করিলেন। বীরগণ তৎকালে পূর্ব্বকালান স্বপ্নদর্শন সারণ করিয়া উহা দৈবপীড়ন বলিয়া বুঝিতে পারিলের্ন। অনস্তর পাণ্ডব-শিবিরস্থ সহস্র সহস্র ধনুর্দ্ধর ঝীর সেই শব্দে জাগরিত হইয়া উঠিলেন। তখন মহাবীর অশ্বত্থামা দাক্ষাৎ কুতান্তের, ন্যায় কাহারও চরণদ্বয় ছেদন, কাহার ৪ জঘন বিদারণ এবং কাহার ও বা পার্শ্বদেশ ভেদ করিতে লাগি-লেন। ঐ সময় কেহ কেহ গজ ও কেহ কেহ' অশ্ব দ্বারা উন্মণিত হইল এবং আনেকে নিতান্ত পেষিত হইয়া আর্ত্তপর পরিত্যাগ করিতে লাগিল। এই-क्राप्त (महे ममन् निপण्डिं वोत्रशास त्राष्ट्रिम পরিপূর্ণ ছইলে, ঐ বীর (क, কোন্ জাতি হইতে উৎপন্ন ইয়াছে, কাহার কঠমর আইতিগোচর হই-ভেছে, এইরূপ নানাপ্রকার ক্রন্দনধ্বনি সমুখিত হইল। ঐ সময় দ্রোণ-নন্দন অন্তকের ন্যায় পরাক্রম প্রকাশ পূর্বিক শস্ত্রহীন কবচশূত্য পাণ্ডবদৈন্য ও স্প্রয়গণকে যুমালয়ে প্রেরণ করিতে লাগিলেন। তৎকালে অনেকে অশ্বস্থামার শস্ত্রপাতে নিতান্ত ভীত হইয়া ক্রতবেগে পয়ায়ন করত নিদ্রাবেশ প্রভাবে বিসংজ্ঞ ও নিপতিত হইল। অনেকে মোহযুক্ত ও উরুস্তত্তে শভিতৃত . হইয়া পড়িল এবং অনেকে নিতান্ত ভীত ও একান্ত অব**দন হই**তে **লাগিল**।

অনস্তর মহাবীর অশ্বত্থামা সেই ভীম নিম্বন সম্পন্ন রূপে পুনরায় আরোহণ পূর্ব্বিক ধুকুদ্বারণ করিয়া শরানকরে অনেকানেক, বারকে যমালয়ে প্রেরণ করিলেন। কতগুলি বীর উত্থিত এবং কতগুলি তাঁহার অভিমুখে ধাব-মান হউতেছিল, তিনি তাহাদিগকে দূর হইতে মৃত্যুমুখে নিপাতিত করি-লেন। তৎপরে তিনি র্থচক্র দ্বারা অনেককে প্রম্পিত করিয়া অবশিষ্ট শক্রগণের' প্রতি শরনিকর বর্ষণ পূর্বক ধারমান হইলেন এবং অব্যবহিত পরেই বিচিত্র চর্মাও আকাশের আয় শ্যামল অসি গ্রহণ করিয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন। এইরূপে দ্রোণতনয় মন্ত মাতক যেমন অতি বিস্তার্ণ হ্রদ আলোড়িত করে, তদ্ধেপ সেই শব্রুণিবির বিক্ষোভিত করিতে আরম্ভ করিলেন।

ঐ সময় নিদ্রায় একান্ত কাতর খনেক যোদ্ধা দেই তুমূল সংগ্রাম শব্দে নিতান্ত ভীত ও উপিত হইয়া ইতন্তত ধাবমান হইল। তন্মধ্যে কেহ কেহ অতি কর্কশ স্বরে চীৎকার ও কেহ কেহ অসম্বদ্ধ প্রলাপ করিতে লাগিল। তৎকালে অনেকে অন্ত্র শস্ত্র ও বসন প্রাপ্ত হইল না। অনেকের কেশ আলুলিত হইয়া গেল'। কেহই কাহারে জ্ঞাত হইতে সমর্থ হইল না। কেহ কেহ গাত্রোপ্থান করিতে উত্যত হইয়া নিপতিত হইল। কেহ কেহ ইতন্তে জমণ করিতে আরম্ভ করিল। হন্তা ও অপ্রেরা বন্ধন ছেদন করিয়া বিষ্ঠা মৃত্র পরিত্যাগ করিতে লাগিল এবং কতগুলি দলবদ্ধ হইয়া ধাবমান হইল। কতগুলি মনুষ্য নিতান্ত ভাত হইয়া ভূতলে বিলান হওয়াতে হন্তা ও অপ্রগণ তাহাদিগকে চরণ দ্বারা নিষ্ঠেষিত করিয়া ফেলিল।

এইরূপে সেই রণম্বল ভুমুল হইয়া উঠিলে রাক্ষদগণ ছন্টমনে সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিল। সেই সিংহনাদ শব্দে দিল্লগুল ও নভোমণ্ডল প্রিপূর্ণ হইয়া গেল। হস্তী ও অশ্বগণ সেই ভীষণ শব্দ শ্রেবণে বন্ধন ছেদন পুর্বক শিবিরস্থিত ব্যক্তিদিগকে বিমন্দিত করত ইতস্তত ধাবমান হইল। তथन উহাদিগের চরণসমূখিত ধূলিজালে সেই রজনীযোগে শিবির মধ্যে অন্ধকার দ্বিগুণ পরিবদ্ধিত হইয়া উঠিল। তথ্য সকলেই জ্ঞানশূন্য হইয়। কে পিতা, কে পুত্র, কে ভ্রাতা কিছুই স্থির করিতে পারিল না। হস্তী হস্তিযুথকে ও অশ্ব অশ্বগণকে অতিক্রম করিয়া তাড়িত, সমাহত, ভূতলে পাতিত ও মন্দিত করিতে লাগিল। ঐ সময় স্থপ্তোথিত অন্ধকারাচ্ছন্ন জ্ঞানশুত্ত মনুষ্যগণ কালপ্রেরিত হইয়াই যেন আত্মপক্ষবিনাশে প্রার্ভ হইল। তখন দ্বারপালেরা দ্বারদেশ ও শিবিররক্ষকেরা শিবির পরিত্যাপ পুর্বক, ভয়ে প্রাণপণে পলায়ন করিতে লাগিল। তৎকালে কেহই কাহারে চিনিতে পারিল না। সকলেই বন্ধবান্ধব পরিত্যাগ পূর্ববক পলায়ন করত গোত্র ও নামোচ্চারণ করিয়া হ। তাত ! হা পুত্র ! বলিয়া চীৎকার কারতে আরম্ভ কারল। অনেকে হাহাকার শব্দ করিতে করিতে ভূতলে শ্যান হইল। মহাবীর অশ্বত্থাম। তদ্দর্শনে পলায়মান ব্যক্তিদিগকে আক্রমণ করিতে লাগিলেন।

মহাভারত। সৌপ্তিকপকা।]

এ সময় খনেক ক্ষত্রিয় প্রাণ রক্ষার্থে ভয়ে শিবির হইতে পলায়নে উন্তত হইল। ভোজরাজ কৃতবর্ম। ও মহাবীর কুপাচার্ষ্য দ্বারদেশেই তাহাদিগকে নিহত করিতে লাগিলেন। অনেকে অস্ত্র শস্ত্র ও কবচ পরি-ত্যাগ পূর্বক আলুলায়িতকেশে কুতাঞ্জলিপুটে দণ্ডায়মান ইইলেন। কুপ ও কৃতবর্ম। তথাপি তাঁহাদিগকে পরিত্যাগ করিলেন ন।। ঐ সময় তাঁহার। উভয়ে দ্রোণপুত্রের প্রিয়চিকীযু হইয়। শিবিরের তিন স্থানে অগ্নি প্রদান করিলেন। অগ্নি প্রজ্বলিত হওয়াতে শিবির আবোকময় হুইলে আচার্য্য-তনয় অশ্বত্থামা করে করবারি ধারণ পূর্ব্বক বিচরণ করত যাহারা উাহার অভিমুখে আগমন ও যাহারা ভয়ে পলায়্ন করিতেছিল, তাহাদিগকে বিনাশ করিতে লাগিলেন। তাঁহার খড়গাঘাতে অনেকে দ্বিশণ্ড হইয়া ভূতলে নিপতিত হইল। দীর্ঘকলেবর হস্তা, অধ ও মনুষ্যগণ চীৎকার করিয়া ভূতলে নিপতিত হইতে লাগিল। তাহাদের কলেবরে পৃথিবী এককালে সমাকার্ণ হইয়া গেল। এইরূপে অসংখ্য মসুষ্য নিহত হইলে বস্ত্রণখ্যক কবন্ধ সমূত্যিত হইগা ইত্ততে ধাবমান হইল। তথন মহাবীর অশ্বত্থামা কোন কোন বাবের আয়ুধ ও অঙ্গদযুক্ত বাছ, কাহারও মস্তক, কাহারও করিশুও সদৃশ উরু, কাহারও পাদ, কাহারও পৃষ্ঠ, কাহারও পার্য, কাহারও মধ্যদেশ ও কাহারও কর্ণ ছেদন করিয়া ফেলিলেন এবং কাহার কাহারও ক্ষত্মদেশে আঘাত করিয়া তাহার মস্তক শরীর মধ্যে প্রবেশিত করিয়া দিলেন। তৎকালে ভাঁহার প্রভাবে অনেকেই সমরপরাশ্মুখ হইল।

মহাবীর অশ্বত্থামা এইরূপে অসংখ্য মতুষ্য সংহার পূর্বেক বিচরণ করিতে আরম্ভ করিলেন। ঐ সময় রজনী ঘোরতর অক্ষকারে আচ্ছন্ন ও অতি ভয়ানক হইয়া উঠিল। সনেকে দ্রোণতনয়ের হস্তে নিহত ও অনেকে, দৃঢ় তর সমাহত হইয়া সেই মৃতহস্তা অশ্ব ও রথসকুল, যক্ষরাক্ষণ সমাকীর্ণ সমরস্থলে নিপ্তিত হইল। অসংখ্য লোক পিতা, ভাতা ও পুজের নিমিভ আক্ষেপ করিতে লাগিল। ঐ সময় কেহ কেহ কহিল, ধুতরাষ্ট্রতনয়েরা ক্রোধাবিষ্ট হইরা যে কার্য্য সম্পাদনে সমর্থ হয় নাই, আজি তুরাক্সা রাক্ষসগণ সেই কার্য্য সংসাধন কারল। পাগুবগণ এখানে উপস্থিত না থাকাতেই আমাদিগের এইরূপ তুর্দিশ। ঘটিয়াছে। বাস্থদেবপরির্কিত ধনঞ্জয়কে

কি অহার, কি গন্ধর্বে, কি যক্ষ, কি রাক্ষদ, কেইই পরাজয় করিতে সমর্থ চয় না। ঐ মহাবীর ব্রাহ্মণপ্রিয়, সত্যবাদী, দাস্ত ও পরম দয়ালু। শত্রুপক্ষ নিদ্রিত, প্রমন্ত,, অস্তশন্ত, বদ্ধাঞ্জলি, ধাবমান বা মুক্তকেশ হইলে তিনি কখনই ভাহাদিগকে বিনাশ করেন না। হায়! আজি চুরাত্মা রাক্ষদগণ কি ঘোরতর নৃশংস কার্য্যের অনুষ্ঠান করিল। হে মহারাজ! অসংখ্য লোক এইরূপ বিলাপ ও পরিভাপ করিতে করিতে ভুতলশায়ী হইল।

অনন্তর বৃহত্তকাল মধ্যে মনুষ্য ও অন্যান্য জীবগণের ত্যুল কোলাহল তিরোহিত হইয়া গেল। বহুদ্ধরা শোণিতদিক হওয়াতে দেই ঘোরতর রজোরাশি এককালে অদৃশ্য হইল। তথন মহাবীর অখ্থামা, পশুপতি যেমন পশু বিনাশ করেন, তজ্ঞপে কি শ্যান, কি ধাব্যান, কি বুধ্যমান, সকলকেই সংহার করিতে লাগিলেন। ঐ সময় অনেকে ত্তাশনে দগ্ধ ও অশ্বথামার আঘাতে নিপীড়িত হইয়া পরস্পারকে বিনাশ করিতে আরম্ভ করিল। মহাবীর দ্রোণতনয় এইরূপে অর্দ্ধরাত্রসধ্যে পাগুবদিগের সমুদায় ুদৈরা, শুমনদদনে প্রেরণ করিলেন। অসংখ্য হস্তা, লখ ও মনুষ্যগণ নিহত হওয়াতে ঐ রাত্রিতে রাক্ষদ ও পিশাচগণের আনন্দের আর পরিদীমা রহিল না। ভাহারা পুত্রকলত্র সমভিব্যাহারে তথায় সমাগত হইয়া শোণিত পান, মাংস ভক্ষণ এবং মেদ, মজ্জা, অস্থি ও বসা আপাদন পূৰ্বক ইহা অতি উপাদেয়, ইহা অতি পবিত্র, ইহা অতি স্তসাতু এই বলিয়া মহা সাহল।দে নৃত্য করিতে আরম্ভ করিল। উহাদের মধ্যে কেহ কেহ বসাপানে পরিতৃপ্ত হইয়া ধাৰমান হইল। ঐ সমুদায় মাংসজীবী দেখিতে অতি ভয়ানক। উহাদিগের বর্ণ পিঙ্গল, দন্ত পর্বেতাকার, কেশ জটিল, জঙ্গা সুদীর্য, উদর <mark>র্হৎ, অঙ্গুলি পশ্চাৎভাগে নিহিত, কণ্ঠস্বর অ</mark>তি ভয়ান্ক, শরীর ঘণ্টাজালে জড়িত এবং কণ্ঠা নীলবর্ণ। উহার। নিতান্ত নিষ্ঠার ও নিম্নুণ। উহাদের মধ্যে অনেকেরই পাঁচ চরণ। হে মহারাজ। এইরূপ নানাপ্রকার বদনযুক্ত অতি বিকটাকার অর্ব্রুদ অর্ব্রুদ রাক্ষদ তথায় সমুপস্থিত হইয়াছিল। ঐ সময় অসংখ্য ভূতও তাহাদের সহিত সম্মিলিও হইল। অনন্তর প্রভাষ সময়ে রুধিরাক্তকলেবর মহাবীর অখপামা শিবির হইতে প্রতিগমন করিবার বাসনা করিলেন। ঐ সময় তাঁহার খড়গমৃষ্টি একবারে

করতলে সংশ্লিন্ট হইয়াছিল। তিনি অতি তুর্গম পথে পদার্পণ পূর্বেক প্রতিজ্ঞ। প্রতিপালিত করিয়া কল্লান্তকালীন অনলের স্থায় শোভা ধারণ করিয়াছিলেন। তৎকালে তাঁহার পিতৃবিনাশজনিত তঃখ অন্তর্হিত হইয়াছিল। অনস্তর তিনি রজনীযোগে লোক সকল নিদ্রিত হইলে শিবিরে প্রবেশ পূর্বক উহা যেরপ নিঃশব্দ দেখিয়াছিলেন, একণে তত্তত্য যাবতীয় লোক বিন্ত হও-য়াতে উহা জজ্ৰপ নিঃশব্দ দেখিয়া তথা হইতে নিৰ্গত হইলেন এবং অচিরাৎ কুপাচার্য্য ও কুতবর্ত্মার সহিত মিলিত হইয়া তাঁহাদিগের, হর্ষোৎপাদন পূর্ব্যক আলোপান্ত সমস্ত কীর্ত্তন করিলেন! তথন তাঁহারাও আমরা অসংখ্য পাঞ্চাল ও স্থঞ্জয়কে উৎদন্ন করিয়াছি বুলিয়া অশ্বত্থামার প্রীতি উৎপাদন করিতে লাগিলেন। অনন্তর তাঁহারা তিন জনই করতালি প্রদান পূর্ববিক মহা হর্ষধান করিতে আরম্ভ করিলেন।

হে মহারাজ ! এইরূপে দেই রজনা নিদ্রিত ও অনবহিত পাণ্ডবপক্ষীয় বারগণের পক্ষে অতি ভয়ানক হইয়াছিল। কালের গতি অতিক্রম করা স্কঠিন। দেখুন, যাহারা আমাদিগের অসংখ্য বল নিহত করিয়াছিল, তাহারাই আবার এক্ষণে নিহত হইল। প্রতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয়! মহারথ অশ্বত্থামা প্রতিনিয়তই আমাব পুত্রের জয়লাভের নিমিত যত্নবান্ ছিলেন। তিনি কি কারণে পূর্বেই ঐরপ পরাক্তম প্রকাশ পূর্বক পাণ্ডব-দৈল্য সংহারে প্রব্নক্ত হন নাই। এক্ষণে নীচাশয় তুর্য্যোধন নিপাতিত হইলেই বা তিনি কি কারণে ঐ কার্য্যের অনুষ্ঠান করিলেন, তাহা কীর্ত্তন কর।

সঞ্জয় কহিলেন, মহারাজ! পূর্কে মহাবীর অশ্বত্থামা অসাধারণ ধীশক্তি সম্পন্ন বাস্থদেব, সাত্যকি ও পাণ্ডবগণের ভয়ে ঐ কার্য্যের অমুষ্ঠান করিতে সমর্থ হন নাই। এক্ষণে তাঁহারা তথায় উপস্থিত না থাকাতে বিশেষত রাত্রিকালে সকলেই নিঃশঙ্কচিত্তে নিদ্রিত হওয়াতেই তিনি আপনার অভি-ল্মতি কার্য্য সংসাধনে সমর্থ হইলেন। বাহ্নদেব ও সাত্যকিসমূবেত পাণ্ডবগণের সমক্ষে অত্যের কথা দূরে থাকুক, দেবরাজ ইন্দ্রও পাঞ্চাল ও স্ঞ্লয়গণকে বিনাশ করিতে পারেন না। এইরূপে মহাবীর অশ্বতামা, কুপাচার্য্য ও কুতবর্মা পাণ্ডবদৈষ্ঠগণকে বিনাশ পূর্বক পরস্পরের মুখা-বলোকন করিয়া পরম সৌভাগ্য পরম সৌভাগ্য বলিয়া আহলাদ প্রকাশ

করিতে লাগিলেন। অনস্তর মহাবীর দ্রোণতনয় মহা আহলাদে কুপা-চার্য্য ও কুতৃবর্মারে আলিঙ্গন করিয়া কহিলেন, আমি দ্রৌপদীর পাঁচ পুত্র এবং হতাবশিল্ট পাঞ্চাল, দোমক ও মৎস্থাগাকে নিহত করিয়াছি। একণে আমর। কুতকার্য্য হইলাম। অতএব আর বিলম্ব করিবার প্রায়ে। জন নাই। অচিরাৎ কুরুরাজের সমীপে গমন পূর্বেক যদি তিনি জীবিত খাকেন, তাহাঁ হইলে তাঁহারে এই সকল ব্তান্ত নিবেদন করা কর্ত্তব্য। নবম অধায়।

হে মহারাজ ! এইরূপে সেই তিন মহায়থ দ্রৌপদীর পঞ্চ পুত্র ও পাঞ্চালগণকে বিনাশ করিয়া রণনিপতিত রাজা তুর্য্যোধনের নিকট আগ-মন ও রথ হইতে অবতরণ পূর্বক্ দেখিলেন, কুরুরাজ বিচেতন প্রায় হইয়া অনবরত রুধির বমন করিতেছেন এবং তাঁহার জীবন অতি অল্লমাত্র অব-শিষ্ট আছে। ব্লক প্রভৃতি ঘোরদর্শন খাপদগণ তাঁহারে ভক্ষণ করিবার অভিলাষে বেষ্টন করিয়া রহিয়াছে। তিনি গাঢ়তর বেদনায় নিতান্ত কাতর প্ ভুক্রে বিলুপ্তিত হইয়। ভতি কেটে উহাদিগকে নিবারণ করিতেছেন। তদ্দর্শনে সেই হতাবশিষ্ট বীরত্রয় নিতান্ত শোকাকুল হইয়া ঘন ঘন দীর্ঘ নিখাস পরিত্যাগ পূর্বাক তাঁহারে পরিবেন্টন করিলেন। কুরুরাজ সেই ক্লধিরোক্ষিত তিন মহারথ কর্ত্তক পরিবেষ্টিত হইয়া ছতাশনত্রয় পরিশোভিত যজ্ঞবেদীর ন্যায় অপূর্ব্ব শোভা প্রাপ্ত হইলেন।

অনস্তর সেই বীরত্রয় কুরুরাজকে ধরাশয্যায় শয়ান দেখিয়৷ তুর্বিষহ তুঃখে অনর্গল অঞ্জল বিস্ত্রন করিতে লাগিলেন এবং হস্ত দারা চুর্য্যো-.ধনের মুখমগুল হইতে রুধিরধারা মোচন করিয়া বিলাপ ও পরিতাপ করত कहिंत्नन, हांग्र! देनत्वत्र व्यमाधा कि छूटे नाहें। कूत्रन्तां क छूर्यगाधन এका-দশ অকেহিণীর অধিপতি ছিলেন; এক্ষণে উনি নিহত হইয়া রুধিরলিপ্ত ধরাতলে শয়ন করিয়া আছেন। এই গদাপ্রিয় মহাবীরের সমীপে স্থবৰ্ণজালজড়িত ভীষণ গদা নিপতিত রহিয়াছে। ইনি কোন যুদ্ধেই গদা পরিত্যাগ করেন নাই। একণে প্রিয়তমা ভার্যা বেমন হর্ম্ম্য-তলে নিজিত ভর্তার সহিত একত্র অবস্থান করে, তজ্ঞপ এই গদা কুরু-রাজের সহিত অবস্থান করিতেছে। উহা এই স্বর্গারোহণকালেও ইহারে

পরিত্যাগ করিতেছে না। হায়! কালের কি বিচিত্র গতি! যিনি সমস্ত ভূপালগণের শ্রেষ্ঠ, আজি তিনি সমরে নিপতিত হইয়া রজোরাশি প্রাস করিতেছেন। যিনি বৃহুসংখ্য শক্রকে নিহত করিয়া ভূতলৃশায়ী করিয়া-ছিলেন আজি তিনি বিপক্ষের বলবীর্য্যে বিনফ হইয়া সমরাঙ্গনে শয়ন করিয়াছেন। অসংখ্য ভূপতি ভীত মনে যাঁহার চরণে প্রণত হইতেন, আজি তিনি সমরশায়ী হইয়া শুগাল কুরুরে পরিবৃত রহিয়াছেন। পূর্ণের ব্রাহ্মণগণ অর্থের নিমিত্ত যাঁহার নিকট সতত প্রার্থনা করিতেনে, আজি মাংসাশী ক্ষম্তগণ মাংস লাভার্থে সেই মহাবীরের উপালনা করিতেছে।

অনস্তর মহারথ অখ্রথামা কুরুরাজকে সম্বোধনপূর্বক অতি করুণস্বরে বিলাপ ও পরিতাপ করত কছিলেন, মহারাজ! লোকে তোমারে ধ্যুর্দ্ধরা-প্রাগণ্য বলিয়া নির্দেশ করিয়া থাকে। তুর্মি হলধারী বলদেবের প্রিয় শিষ্য ও যুদ্ধে ধনাধিপতি কুবেরের অনুরূপ। তুরাত্মা ভীম রণম্বলে কিরূপে ভোমার রক্ষ্র প্রাপ্ত হইন ? কালকে অতিক্রম করা নিতান্ত স্থকঠিন। ভীম সংহার করিয়াছে ইহাও আমাদিগের দেখিতে হইল ! সেই তোমারে পাপাত্মা মূর্য ছল একাশ পূর্বক তোমার বিনাশে কুতকার্য্য হইয়াছে। ঐ তুরাচার ধর্মযুদ্ধে তোমারে আহ্বান করিয়া অধর্মাকুসারে গদাঘাতে তোমার উক্লব্য় ভগ্ন করিয়াছে। সে যখন তোমারে অধর্মযুদ্ধে নিপাতিত করিয়া তোমার মস্তবে পদাঘাত করে, তৎকালে কৃষ্ণ ও যুধিষ্ঠির তাহার প্রতি উপেক্ষা প্রদর্শন করিয়াছিল। অতএব তাহাদিগকে ধিক। যত দিন এই - জীবলোক বিদ্যমান থাকিবে, ততদিন রুকোদর যে শঠতাচরণ পূর্বক তোমারে সংহার করিয়াছে, সকলেই তাহার এই অপয়শ ঘোষণা করিবে. সন্দেহ নাই। মহাবল বলদেব সর্ববদা সভামধ্যে প্লাঘা করিয়া থাকেন ষে, কুরুরাজ তুর্য্যোধন আমার নিকট গদাযুদ্ধ শিক্ষা করেন, ভাঁহা অপেকা গদাযুদ্ধে আর কেহই উৎকৃষ্ট নাই।

হে মহারাজ ! মহর্ষিগণ ক্ষত্রিয়দিগের যাহা প্রশস্ত গতি বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, তুমি সমরে অপরাগ্ন্থ ও নিহত হইয়। সেই গতি লাভ করিলে। অতএব তোমার নিমিন্ত আমার কিছুমাত্র অনুতাপ হইতেছে না। কেবল তোমার রুদ্ধ জনক জননী দারুণ পুত্রশোক প্রাপ্ত হইলেন

বলিয়া আমি তাঁহাদিগের নিমিত্তই সম্ভপ্ত হইতেছি। তাঁহারা অভঃপর ভিক্ষুক হইয়া শোকাকুলিভচিত্তে পুথিবীতে পরিভ্রমণ করিবেন, সন্দেহ নাই। যহকুলোন্তব কৃষ্ণ ও হুর্মতি অর্ল্জুনকে ধিক্! উহার। আপনাদিগকে ধার্ম্মিক বলিয়া অভিমান করে: কিন্তু তোমারে অধর্মযুদ্ধে নিহত দেখিয়াও অনায়াদে উপেকা প্রদর্শন করিল! অন্তান্য ভূপালগণ ভূর্য্যোধন কিরূপে নিহত হইয়াছেন এই কথা জিজ্ঞানা করিলে নিম্ন জ্ব পাণ্ডবগণ কি প্রত্যু-ভর প্রদান করিবে। । হে কুরুরাজ । তুমি সমরে পরাছাধ না হইয়া যে ধর্মাযুদ্ধে প্রাণত্যাগ করিলে এই নিমিক্ত তোমারে অগণ্য ধন্যবাদ প্রদান করিতেছি। এক্ষণে বন্ধবান্ধব নিহীনা হতপুত্রা গান্ধারী ও প্রজ্ঞাচক্ষু অন্ধ-রাজের কি গতি হইবে! ভোজরাজ কৃতবর্মারে, মহারথ কুপাচার্য্যকে ও আমারে ধিক্। আমরা প্রজারক্ষক সর্বকামপ্রদ ভূপতিরে অগ্রসর করিয়া স্বর্গারোহণ করিতে পারিলাম না। পুর্বেব আমরা মহাবীর কুপাচার্ষ্যের, আপনার ও আমার পিতার বীর্য্য প্রভাবে বন্ধুবান্ধব সমভিব্যাহারে রত্নময় বিবিধ গৃহে অবস্থান ও ভূরিদক্ষিণ প্রভূত যজ্ঞের অনুষ্ঠান করিয়াছি; আমরা কাহার শরণাপন্ন হইব। স্থাপনি সমুদায় ভূপতিরে স্থগ্রসর করিয়া পর-লোকে যাত্রা করিলেন, কেবল আমরা তিন জন আপনার অনুগমন করিতে পারিলাম না। এই নিমিত্তই নিতান্ত তাপিত হইতেছি। একণে আমা-দিগকে স্বৰ্গহীন অৰ্থবিহীন হইয়া চিরকাল আপনার স্তক্ত স্মরণ করিতে হইবে। আমরা জীবিত থাকিয়া আপনার কি হিতামুষ্ঠান করিব। এক্ষণে আপনি এই আশ্রৈতগণকে পরিত্যাগ করাতে ইহাদের স্থথ, শান্তি এক-বারেই উচ্ছিন্ন হইল। অতঃপর এই হতভাগ্যদিগকে অতিকটে ভুমগুলে পর্য্যটন করিতে হইবে। হে মহারাজ। আপনি স্বর্গারোহণপুরুক আমার বচনাত্মারে মহারথগণকে যথোপযুক্ত পূজা করিয়া সর্ব্বাগ্রে আমার পিতা ধকুর্দ্ধরা গ্রগণ্য আচার্য্যকে কহিবেন যে, আজি অশ্বত্থানা তুরাত্মা ধুউত্যুম্বকে নিপাতিত করিয়াছে। পিতারে এই কথা বলিয়া মহারথ বাহলীক, দিক্ষুরাজ, দোমদত্ত, ভূরিশ্রবা ও অক্তান্ত ভূপালগণকে আলিঙ্গনপুর্বেক डाँशांमिरशत कुमल किछामा कतिरवन ।

হে মহারাজ! মহাবীর অখ্পামা ভয়োক বিচেতন তুর্যোধনকে এই

কথা কহিয়া পুনরায় তাঁহারে নিরীক্ষণ পূক্ব ক কহিলেন, কুরুরাজ! যদি জীবিত থাকেন, তবে এই শ্রুতিস্থখকর বাক্য শ্রবণ করুন। একণে পাণ্ডবপক্ষে পঞ্চপাণ্ডব, বাহ্নদেব ও সাত্যকি এই সাতজন এবং আমাদের পক্ষে আমরা তিন জন, সমুদায় উভয়পক্ষে আমরা দশজনমাত্র জীবিত রহিয়াছি। দ্রৌপদীর পাঁচ পুত্র, ধুউত্যুম্মের পুত্র সমুদায়, পাঞ্চালগণ ও ব্দবশিষ্ট মৎস্যগণ আমার হত্তে নিহত হইয়াছে। আমি এই, রাত্রিযোগে শিবিরে প্রবেশ পূর্বক পাপারা। ধৃষ্টপ্রান্নকে পশুর ভায় সংখ্যা ও পাওব-গণের সমুদায় বাহন, দৈতা ও পুত্রগণ্কে বিনাশ পূর্বক বৈরনির্যাতন করিয়াছি। হে মহারাজ। কুরুরাজ ছুর্য্যোধন দ্রোণপুত্রের মুখে সেই প্রীতিকর সমাচার প্রবণে সংজ্ঞা লাভ করিয়া কহিলেন, হে বীর! মহাবাহ ভীম্মদেব, কর্ণ ও তোমার পিতা দ্রোণাচার্য্য যে কার্য্য সংসাধনে অসমর্থ হইয়াছিলেন, তুমি কুতবর্মা ও কুপাচার্য্যের সহিত মিলিত হইয়া তাহা সম্পাদন করিয়াছ। নীচাশয় পাগুবদেনাপতি ধ্রফত্রান্ধ শৈখণ্ডীর সহিত নিহত হইয়াছে তাবণ করিয়া খাজি আমি আপনারে ইন্দ্রুল্য জ্ঞান করি-ভেছি; একণে তোমাদিণের মঙ্গল হউক ; পুনরায় স্বর্গে আমার সহিত মিলন হইবে। কুরুরাজ এই কথা বলিয়া সেই বীরত্তয়কে আলিঙ্গন পূর্বক প্রাণ পরিত্যাগ করিয়া বন্ধুবিয়োগ তুঃথ বিস্মৃত হইয়া স্বর্গে সমারুড় হইলেন। ওাঁহার দেহমাত্র ভূতলে নিপতিত রহিল। হে মহারাজ। এইরূপে কুরুপতি মহাবীর ছুর্ষ্যোধন সমরে ঘোরতর পরাক্রম প্রকাশপুর্বক শক্রহন্তে কলেবর পরিত্যাগ করিলেন। অনস্তর সেই বীরত্তম কুরুরাজকে আলিঙ্গন ও সম্প্রেহনয়নে বারং-বার নিরীক্ষণ করিয়৷ স্ব স্ব রূপে আরোহণ পূর্বক শোকসম্ভপ্ত চিত্তে দেই প্রভূষে সময়ে নগরাভিমুখে ধাবমান হইলেন। মহারাজ ! আপনার কুমন্ত্রণাই এই কুরুপাণ্ডব দৈলক্ষয়ের মূলীভূত কারণ। আজি আপনার পুত্র স্বর্গারোহণ করিলে আমার ঋষিপ্রদত্ত দিব্যদশিত বিন্ট ইইয়াছে।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ ! রাজা ধৃতরাষ্ট্র এইরূপে প্রিয়পুক্ত ছুর্য্যোধনের নিধনবার্তা অবন করিয়া দীর্ঘ নিখাস পরিত্যাগ পূর্ব্ব ক নিতান্ত চিন্তাকুল হইলেন।

## ঐষীক পৰ্বাধ্যায়।

## **लभग व्यशा**ज ।

বৈশপায়ন কহিলেন,—মহারাজ! এ দিকে রন্ধনী প্রভাত ইইবামাত্র ধ্রুইত্যুম্বের সারথি ধর্মরাজ বুধিষ্ঠিরের সমীপে সমুপস্থিত ইয়া ঐ রাত্রির সমুদায় বুভাল্থ বর্ণন করত কহিল, মহারাজ! ত্রুপদতনয়গণ ও দ্রৌপদীর পাঁচ পুত্র সাুত্রিকালে: বিশ্বস্তুচিত্তে শিবির মধ্যে নিদ্রিত ছিলেন, তুরাত্মা কুপাচার্য্য, কুত্রর্মা ও অশ্বত্থামা পেই স্থ্যোগে তাঁহাদিগকে বিনাশ করিয়াছে। ঐ তুরাত্মাদিগের প্রাস্য, শক্তি ও পরশু প্রভাবে আমাদের অসংখ্য হস্তা, অশ্ব ও মনুষ্য এককালে নিঃশেষিত ইয়াছে। কুঠারনিক্ত মহাবনের স্থায় আপনার বিপুল খল বিনষ্ট ইইতে আরম্ভ ইইলে ভীষণ তুমুল শব্দ প্রেভিগোচর ইয়াছিল। তুরাত্মারা আপনার শিবিরক্ষ সমুদায় প্রাণীর প্রাণ সংহার করিয়াছে, কেবল আমি একাকী অনবহিত কৃত্বর্ম্মার হস্ত হইতে অতি ক্রেট মক্তি লাভ করিয়াছি।

হে জনমেজয়! কুন্তীতনয় যুধিষ্ঠির দূতমুখে দেই অমঙ্গল বাক্য শ্রেবণ করিবামাত্র পুত্রশোকে নিতান্ত কাত্রর হইয়া ভূতলে নিপত্তিত হইলেন। মহাবার সাত্যকি, ভামদেন, অর্জ্জ্ব, নকুল ও সহদেব তৎক্ষাৎ তাঁহারে ধারণ করিলেন। তথন ধর্মরাজ অতি কফে সংজ্ঞা লাভ করিয়া শোকাকুল বাক্যে বিলাপ করত কহিতে লাগিলেন, হায়! আমরা যে শত্রুগণকে পরাজয় করিলাম, আবার তাহাদিগের হস্তেই আমাদিগকে পরাজিত হইতে হইল। কার্য্যগতি দিব্যজ্ঞানসম্পন্ধ ব্যক্তিরও নিতান্ত তুর্জ্ঞের। আমরা বিপক্ষগণের গুরু, ভাতা, পুত্র, পৌত্র, বয়্মু, বয়য়য় ও অমাত্য প্রভৃতি সকলকে পরাজয় ও বিনাশ করিয়া পরিশেষে পরাজিত হইলাম। দৈব প্রভাবে অনর্থ অর্থর ন্যায় এবং অর্থ অনর্থের আয় বোধ হইয়া থাকে। এক্ষণে আমাদিগের এই জয়লাভ পরাজয় ভূল্য এবং বিপক্ষদিগের পরাজয় জয়ের ভূল্য হইনাছে। যে জয়জারা বিপদ্পাস্থের আয় অনুভাপ করিতে হয়, দে জয় কথনই জয় নহে; উহা পরাজয় অরমণ। হায়! আমরা যাহাদিগের নিমিত্ত বজ্বাহ্ব বিনাশ করিয়া পাপাচরণ করিলাম, নিজ্জিত ব্যক্তিপণ আবার

সেই জয়লাভ প্রহাট পুত্রগণকেই বিনষ্ট করিল। দেখ, কণি ও নালীক যাহার দংষ্ট্রা, খড়গ যাহার জিহবা, কাম্মুক যাহার ব্যাদিত বদন ও জ্যা-নিম্বন যাহার গর্জন স্বরূপ প্রতীয়মান হইত, দেই সিংহ স্বরূপ সমরোৎ-সাহী ক্রোধাবিষ্ট কর্ণের হস্ত হইতে যাহারা পরিত্রাণ লাভ করিয়াছিল, তাহারাই আজি প্রমাদ বশত নিহত হইল। যাহারা বায়ুবেগগামী তুরঙ্গ সংযোজিত রথে সমারত বিচিত্র শরশরাদন সম্পন্ন সমরতুর্মাদ ওদ্রোণাচার্য্যের নিকট মুক্তি লাভ করিয়াছিল, আজি দেই রাজপুত্রগণই প্রমাদ প্রযুক্ত কাল-কবলে প্রবেশ করিল! অতএব মর্ত্ত্যলোকে প্রমাদই মনুষ্ট্রের নিধনের প্রধান কারণ। অনবহিত ব্যক্তি অচিরাৎ অর্থভ্রেষ্ট ও অনর্থগ্রস্ত হয় এবং কদাচ বিদ্যা, তপস্থা, এ ও কার্ত্তিলাভে সমর্থ হয় না। দেখ, দেবরাজ . ইস্ত্র অবহিত হইয়।ই সমস্ত শত্রু বিনাশ পূর্ব্বক হুথে ইন্তর ভোগ করিতে-ছেন। সমৃদ্ধি দম্পন্ন বণিকের। যেমন সাবধানে সমুদ্র সমুক্তীর্ণ হইয়। পরিশেষে প্রমাদ প্রযুক্ত সামান্ত নদীমধ্যে নিমগ্ন হয়, তজ্ঞপ শিবিরস্থ রাজ-বংশীয় মহেন্দ্র তুল্য বীরগণ মহারথদিগের হস্ত হইতে বিমুক্ত হইয়া অনুব-ধান বশত ক্ষুদ্র অরাতি হত্তে নিহত হইল। তাহারা নিদ্রিতাবস্থায় শক্ত-হস্তে নিহত হইয়। স্বৰ্গলোকে গমন করিয়াছে, সন্দেহ নাই। হায়! এক্ষণে প্রিয়তমা দ্রৌপদী বৃদ্ধ পিতা এবং ভাতা ও পুজ্রগণের নিধনবার্ত্তা আবেণ করিবামাত্র জ্ঞানশূত্য ও ভূতলে নিপতিত হইয়া শোকানলে দগ্ধ হইবে। হায়! আজি তাহার কি তুর্দশা উপস্থিত হইল।

রাজা যুধিষ্ঠির এইরূপ বিলাপ করিয়া নকুলকে কহিলেন, মান্ত্রীভনয়! তুমি অবিলয়ে সন্দভাগিনী দ্রোপদীরে তাহার মাতৃকুলের সহিত এই স্থানে উপনীত কর। তথন ধর্মাত্মা নকুল যুধিষ্ঠিরের বচনাকুদারে রথারে ছণ পূর্বক দেবী পাঞালী ও পাঞ্চালরাজের মহিষীগণকে আনয়নার্থ প্রস্থান করিলেন। মাদ্রীতনয় প্রস্থান করিলে রাজ। যুধিষ্ঠির শোকার্দ্দিত চিত্তে হুছদ্রাণ সমভিব্যাহারে, রোদন করিতে করিতে দেই ভূতগণ সম্কীর্ণ শিবিরমধ্যে প্রবেশ করিয়া দেখিলেন, তাঁহার পুত্রগণ ও বন্ধু বান্ধব সমুদায় রুধিরাক্ত কলেবরে ভূতলে শ্যান রহিয়াছে। তাহাদিগের দেহ ছিন্ন ভিন্ন এবং কলেবর হইতে মস্তক পৃথক্কত হইয়াছে। ধর্মারাজ তাহাদের সেই

তুরব**ন্থা দর্শনে যাহার পর নাই ছুঃখিত হই**য়া উচ্চ স্বরে রোদন করিতে করিতে অচ্তেন ও অসুচরগণের সহিত ভূতলে নিপতিত হইলেন।

## একাদশ অধ্যার।

হে মহারাজ ! ধর্মারাজ যুধিষ্ঠির এইরূপে পুত্র, পৌত্র ও স্থহানগণকে সমরে নিহত দেখিয়া শোক ছুঃখে নিতান্ত অভিস্তুত হইলেন। তাঁহাদের রূপলাবণ্য ও'গুণগ্রাম স্মরণে তাঁহার শোকদাগর এককালে উচ্ছলিত হইয়া উঠিল 🗽 তথন তত্ত্ৰত্য স্মহালাণ নিতাস্ত হুঃখিত হইয়া অশ্ৰুপূৰ্ণনেত্ৰ কম্পিতকলেবর বিচেত্র-প্রায় ধর্মরাজকে "বিবিধ প্রকারে সাত্ত্রনা করিতে লাগিলেন। ঐ সময়ে মহাজ্মা নকুল রোরুদ্যমানা দ্রৌপদীর সহিত সূর্য্য সদৃশ সমুজ্জ্বল রথে আরুত হইয়া তথায় আগমন করিলেন। কমলনয়ন। পাঞ্চালী শিবির সমিধানে পুত্রগণের নিধন বৃত্তান্ত আবণমাত্র বায়ুতাড়িত কদলীর স্থায় বিকম্পিত কলেবরে শোকাকুলিত চিত্তে রাজা যুধিষ্ঠিরের নিকট আগমন পূর্বাক সহসা ধরাতলে নিপতিত হইলেন। তাঁহার মুখ-কমল তিমিরাবৃত সুর্য্যের ভাষ মলিন হইয়া গেল। ক্রোধপরায়ণ বুকোদর প্রিয়তমানে ধূলিধুসরিত দেখিয়া বাছপ্রসারণ পূর্বক ধারণ করিয়া সাস্ত্রনা করিতে লাগিলেন। পুত্রশোকার্ত্ত। দ্রোপদী ভীমদেন কর্তৃক আশ্বাদিত হইয়া অক্তান্য পাণ্ডবগণ সমক্ষে ধর্মরাজকে কহিলেন, মহারাজ ! আপনি কত্তধর্মানুসারে পুত্রগণকে কালকবলে নিক্ষেপ করিয়া কি হুখে রাজ্য সম্ভোগ করিবেন ? সমুদায় পৃথিবীর অধীশ্বর হইয়াই কি একবারে মত্ত-মাতঙ্গামী হুভদ্রাতনয় অভিমন্ত্রারে বিস্মৃত হইলেন ? আপনি শিবিরমধ্যে বীরবরাপ্রগণ্য পুজ্রগণের নিধনবৃত্তান্ত প্রাবণ করিয়া কি রূপে স্থান্থর রহিয়া-ছেন ? পাপপরারণ নৃশংস অখ্যামা হুখপ্রস্থ বারগণকে নিহত করিয়াছে শ্রবণ করিয়া আমার হৃদয় শোকানলে দগ্ধ হইতেছে। যদি আপনি আজি সেই পামরের জীবন সংহার না করেন, তাহা হইলে আমি নিশ্চয়ই এই স্থানে প্রয়োপবেশন করিব। অতএব অবিলম্বে তুরাত্মা দ্রোণতনয়কে উপযুক্ত প্রতিফল প্রদান করুন। যশস্থিনী কুষণা এই বলিয়া ধর্মরাজের मशोर्भ थार्याभरवर्णन कतिरलन ।

পরম ধার্ম্মিক রাজা যুখিষ্ঠির প্রিয় মহিষী পাঞ্চালীরে প্রায়োপবিষ্ট দেখিয়া

কহিলেন, যাজ্ঞদেনি ! তুমি ধর্মের মর্মা অবগত আছে। তোমার পুত্র ও জাতৃগণ ধর্মযুদ্ধে নিহত হইয়াছে ; অতএব ওাঁহাদের নিমিত্ত আর অকুতাপ করিও না। আর দ্রোপপুত্রও এ হান হইতে অভি দূরবর্তী তুর্গম অরণ্যে পলায়ন করিয়াছে ; অতএব তুমি কি রূপে তাহার সমরমৃত্যু অবগত হইতে সমর্থ হইবে ?

দ্রৌপদী কহিলেন, মহারাজ! শুনিয়াছি, দ্রোণ্পুজ্রের মৃন্তকে একটি সহজ মণি আছে, যদি আপনি ঐ পাপাল্লারে নিপাতিত করিয়া তাহার সেই মণি আহরণ করেন, তাহা হইলে উহা আপনার মস্তকে রাখিয়া আমি কথঞ্চিৎ জীবন ধারণ করিতে পারি। 'চারুদর্শনা যাজ্ঞদেনী ধর্মরাজকে এই কথা কহিয়া ভীমসেনের নিকট আগমন পূর্বক কাতর স্বরে কহিলেন, হে নাথ! ক্সত্রধর্মা স্মরণ করিয়া আমারে পরিত্রাণ করা তোমার অবশ্য কর্ত্তব্য ; অত্এব স্থ্ররাজ যেমন শম্বরকে নিহত করিয়াছিলেন, তজ্জপ তুমি পাপাত্ম। অখত্থামারে নিপাতিত কর। ইহলোকে তোমার তুল্য পরাক্রান্ত পুরুষ আর কে আছে ? তুমি যে বারণাবত নগরে বিষম\_বিপন্ন পাণ্ডবগণের একমাত্র আশ্রয় হইয়াছিলে: হিড়িম্ব নিশাচরের হস্ত হইতে যে ভ্রাতৃগণ ও মাতাকে রক্ষা করিয়াছিলে, তাহা কাহারও অবিদিত নাই। আর স্থররাজ পুরন্দর যেমন নহুষের হস্ত হইতে শচীরে পরিত্রাণ করিয়া-ছিদেন, তদ্রূপ তুমি বিরাট নগরে গুরাত্মা কীচকের হস্ত হইতে আমারে পরিত্রাণ করিয়াছ। হে বীর! তুমি পূর্বের যেমন এই সকল মহৎ কার্য্য সাধন করিয়াছিলে, তদ্রাপ একণে তুরাত্মা অশ্বর্থামারে সংহার করিয়া স্কুশরীর হও।

হে মহারাজ ! পুত্রশোকার্তা পাঞ্চালী এইরপে বিলাপ করিলে মহাবীর রকোদর উহা সহু করিতে না পারিয়া কার্দ্মুকহন্তে কাঞ্চনভূষিত মহারথে আরোহণ পূর্বক নকুলকে সারধ্যকার্য্যে নিযুক্ত করিয়া দ্রোণপুত্রের বিনাশ বাসনায় সুশর শরাসন থিক্ষারণ করিতে লাগিলেন । তাঁহার অপ্রগণ নকুল কর্ত্বক পরিচালিত হইয়া বাস্থুবেগে ধাবমান হইল । এইরূপে ভামপরাক্রম ভীমসেন শিবির হইতে বহির্গত হইয়া জোণপুত্রের রখচক্রচিত্র দর্শন পূর্বক সেই চিত্রের অনুসরণক্রমে তাঁহার অভিমুশ্বে গমন করিতে লাগিলেন ।

#### शामा व्यक्षात्र ।

হে মুহারাজ ! সমরত্র্বর্ষ মহাবীর ভীমদেন অখ্যাগাব নিধনার্প ধাবমান হইলে যতুকুলতিলক শাস্তদেব যুধিষ্ঠিরকে কহিলেন, মহারাজ ! আপনাব ভ্রাতা ভীমদেন পুত্রশোকসম্ভপ্ত হইয়া একাকীই অশ্বত্থামার বিনাশ বাসনাগ গমন করিতেছেন। অক্সান্য ভ্রাতৃগণ অপেক্ষা ভীমদেন আপনার সমধিক প্রিয়। আপনি আজি তাহারে বিপদদাগবে পতনোমুখ দেখিয়া কি রূপে নিশ্চিন্ত রহিলেন। ধনুর্ব্ধরাপ্রগণ্য মহাজা দ্রোণাচার্য্য স্থীয় পুত্রকে এক্ষাশির নামে যে ষ্মন্ত্র প্রদান করিষাছেন, উহ। দগুদায় পুপিবা দগ্ধ করিতে দমর্থ। আচার্য্য প্রথমে ঐ অস্ত্র প্রিয় শিষ্য অর্জ্জনাকে প্রদান কবাকে তাঁহার একমান পুত্র অশ্বত্থামা কোপাবিষ্ট চইয়া পিতাব নিকট ঐ অস্ত্র প্রার্থনা কবেন। সপ্রধ্যা-বিশারদ দ্রোণাচার্য্য পুত্রকে তঃশীল ও চঞ্চল বলিয়া পরিজ্ঞাক 'ছলেন, ত্রিন মিত্ত অনতিসন্তুট চিত্তে তাঁচাবে সেই অস্ত্র প্রদান্পর্বাক কহিলেন, বংস। ঘাবতর বিপদকালেও কাহাবও বিশেষত মনুষ্যের প্রতি এই অন্ত্র পবিত্যাগ কবিও না। সাচাধ্য পুত্রকে এইক্পে সস্ত্র ও উপদেশ প্রদান পূর্বক পুনবায কহিলেন, পুত্র। তুমি কথনই সাধুজনাশ্রিত পথে অবস্থান করিছে পারিবে না। তখন সম্বর্থামা পিতাব সেই অপ্রিয়বাক্য প্রবেশে এককালে শঙ্গল লাভে হতাখাদ হইয়া শোকাকুলিত চিত্তে পুথিবী পর্যাটন কবিতে লাগিলেন। হে 'পর্মাক্স! আপনি নৎকালে বনবাসী হইযাছিলেন, সেই সময় দ্রোণপুত্র ছারকায আগমনপূর্বক কিযদিন তথায অবস্থান করেন। বুঞ্জিবংশীণ বাবগণ তাঁহারে প্রতিনিয়ত পূজা করিতেন। এক দিন সামি একাকী স্বস্থান করি তেছি, এমন সমযে জোণকুমার খামার নিকট সমুপাস্থত হট্য। কলিলেন, বাষ্ট্রদেব ! আমার পিতা অতি কঠোল তপদ্যা করিয়া মহন্তি সগস্থ্যের নিকট ব্রহ্মশির নামে যে দেবগন্ধর্বপুজিত অস্ত্র লাভ করিয়াছিলেন, একণে আমার নিকট দেই অস্ত্র বিদ্যমান আছে। আপনি উহা গ্রহণ করিয়া আমারে আপ-নার অরাতিখাতন চক্র প্রদান করুন। অখ্যাসা এইরূপে মন্ত্র প্রার্থন। পূন্দক কুতাঞ্জলিপুটে বিবিধ অফুন্য বিন্য করিলে ভামি প্রীত হুইয়া কহিলাম, ব্রহ্মন ! দেব, দানব, গন্ধব্ব, মনুষ্য, উবগ ও পত্ৰগণণ একতা মিলিত হইলে বলবার্ষ্যে আমার শতাংশেব একাংশও হউবে না। অতএব তোমার হাস্ত্রে আমাব প্রয়ো-

জন নাই। আমার এই শরাসন, শক্তি, চক্র ও গদা বিদ্যমান আছে। এই সমস্ত অস্ত্রের মধ্যে যাহা তুমি সমরে প্রয়োগ করিতে সমর্থ হইবে, তাহা প্রার্থনা কর, আমি অবশ্যই তোমারে প্রদান করিব। দ্রোণপুত্র আমার বাক্য শ্রবণে গর্বব পূর্ববক এই বজ্রভুল্য লৌহময় সহস্রকোটিসম্পন্ন চক্র প্রার্থনা করিল। আমিও তাঁহারে অচিরাৎ চক্র গ্রহণ করিতে অনুজ্ঞা করিলাম। তথন দ্রোণকুমার সহসা উত্থিত হইয়া বাম হস্তে চক্র ধারণ করিলেন, কিন্তু কোন ক্রমে<sup>ই</sup> স্থানাস্তরিত করিতে পারিলেন না। তৎপরে ত্নি উহা দক্ষিণ করে ধারণ করিলেন, কিন্তু তাহাতেও কুতকার্য্য হইলেন না। পরিশেষে তিনি সম্পূর্ণ আয়াস ও যত্ন সহকারে কোনক্রমে চক্র সঞ্চালিত করিতে না পারিয়া তুঃথিত মনে চক্র গ্রহণ প্রত্যাশা পরিত্যাগ করিলেন। তথন আমি উাহারে নিতান্ত উদ্বিগ্ন দেখিয়া কহিলাম, আচার্য্যপুক্রণ! যে মহাবীর সমুদায় মনুষ্য অপেকা শ্রেষ্ঠ, যে দাক্ষাৎ দেবাদিদেব মহাদেবকে দ্বন্দযুদ্ধে পরিতুষ্ট করি-য়াছে, পৃথিবী মধ্যে যাহার 'তুল্য প্রিয়পাত্র আমার আর কেহই নাই, আমি যাহারে পুত্র কলত্র প্রভৃতি সমুদায়ই প্রদান করিতে পারি, সেই পরম সহংৎ খেনাশ কপিধ্বজ অর্জ্বন কদাপি এই চক্র প্রার্থনা করে নাই। আমি হিঘালয়ের পার্ষে দ্বাদশ্ বৎসর কঠোর ব্রহ্মচর্য্য অনুষ্ঠান করিয়া যাহারে পুত্রত্বে লাভ করিয়াছি, যে বীর আমার তুল্য ব্রতচারিণী রুক্সিণীর গর্ভে সনৎকুমারের অংশে জন্ম গ্রহণ করিয়াছে, সেই প্রিয় পুত্র প্রত্যুম্নও কখন এই দিব্য চক্র প্রার্থনা করে নাই। আর মহাবল পরাক্রান্ত বলদেব, গদ ও শাম্ব প্রভৃতি দ্বারকানিবাসী বৃষ্ণিবংশীয় মহারথগণও কথন এই চক্র গ্রহণ করিবার বাসনা করেন নাই। তুমি কোন্ সাহদে ইহা প্রার্থনা করিলে ? তোমার পিতা ভরতবংশীয়দিগের আচার্য্য, তুমিও সমূলায় যাদবগণের মান্য। অতএব এরূপ গহিত প্রার্থনায় প্রবৃত্ত হওয়া তোমার নিতান্ত অকর্ত্তব্য হইয়াছে। যাহা হউক, একণে এই চক্র লইয়া কাহার সহিত সংগ্রাম করিতে বাসনা করিয়াছিলে ?

তখন দ্রোণপুত্র কহিলেন, হে প্রভো! আমি আপনারে পূজা করিয়া আপনারই সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া সর্ব্যভূতের অপরাজেয় হইব.এই অভিপ্রায়ে এই দেবদানবপূজিত চক্র প্রার্থনা করিয়াছিলাম। যাহা হউক, এক্ষণে আপনি অনুমতি করুন, আমি চক্রলাভে কৃতকার্য্য না হইয়াও শিবের সহিত যুদ্ধে গমন করি। তুমি এই যে ভীষণ চক্র ধারণ করিয়াছ, ইহা আর কাহার ৪ ধারণ করিবার ক্ষমত। নাই। মহাবীর অশ্বস্থাম। এই বলিয়া রথ, আশ্ব ও বিবিধ ধনরত্ব গ্রহণপূর্বক যথা সময়ে তথা হুইতে প্রস্থান করিলেন। হে মহারাজ! ঐ মহাবীর নিতান্ত রোষপরায়ণ ও বিশেষত ব্রহ্মশির শস্ত্র অবগত আছেন, অতএব এক্ষণে তাঁহার হস্ত হইতে ব্কোদরকে রক্ষা করা অবশ্য কর্ত্রবা

## ত্রয়োদশ অধাার।

হে জনমেজয় ! ধকুর্ব্ধরাপ্রগণ্য যত্নন্দন বাহ্নদেব যুধিষ্ঠিরকে এই কথ। কহিয়া সর্বায়ুধসম্পন্ন সূর্য্যসক্ষাশ রথে আরোহণ করিলেন। ঐ রথের ধুর-কাষ্ঠের দক্ষিণে শৈব্য, বামে স্থগ্রীব এবং উহার উভয় পার্ষে মেঘপুষ্প ও বলাহক নামে কাম্বোজ দেশীয় স্বৰ্ণমালাভূষিত অশ্ব সংযোজিত ছিল। উহাতে বিশ্বকর্মনির্মিত রত্নথচিত দিব্যধ্বজ্বস্থি মূর্ত্তিমতী মায়ার আয় লক্ষিত হইতে লাগিল। ঐ ধ্বজদত্তে প্রভাপুঞ্জোস্তাসিত পতগরাজ গরুড় অবস্থান করাতে উহার অপূর্বে শোভা হইয়াছিল। অনন্তর ধর্মরাজ যুধিষ্ঠির ও অর্জুন সেই গরুড়ধ্বজ রথে আরোহণ ও বাস্তদেবের উভয় পার্ষে অবস্থান পূর্বক দেবরাজ ইন্দের উভয় পার্শ্ববর্ত্তা অখিনীকুমারদ্বয়ের স্থায় স্কুশোভিত হইলেন। তথন মহাসতি বাহ্নদেব অশ্বপৃষ্ঠে ক্ষাঘাত করিলে অশ্বগণ মহাবেগে গাব্মান হইল। বিহৃদ্ধকুলের গমনকালে নভোমগুলে যেরূপ শব্দ হইয়া থাকে, অশ্বগণের গমন-বেগে অবনিমণ্ডলে সেইরূপ ঘোরতর শব্দ হইতে লাগিল। উহার। কিয়ৎক্ষণ মধ্যে ভীমের সন্নিহিত হইল। তথন বাস্থাদেবপ্রমুখ বীরত্রের শক্তবিনাশে সমুদ্যত **एकारधाष्ट्रक महावीत इरकामतरक निवातन कतिरछ लागिरलन, किन्छ छिन्नरा** কিছুতেই কুতকার্য্য হইতে পারিলেন না। মহাবল পরাক্রান্ত ভামদেন তাঁহাদের বাক্যে অনাদর প্রকাশ পূর্বক দ্রৌপদীতনয়নিহন্তা দ্রোণাত্মজ অশ্বত্থাসারে লক্ষ্য করিয়া ভাগীরথীতীরে সমুপস্থিত হইয়া দেখিলেন, মহিষ কৃষ্ণদ্বৈপায়ন অক্তান্ত ঋষিগণের সহিত তথায় অবস্থান করিতেছেন এবং ক্রেরকর্মা অখ্যখামা মুতাক্ত, কুশচীরধারী ও ধূলিপটল পরির্ভূ হইয়া তাঁহারই সন্নিধানে উপবিষ্ট আছেন। তখন মহাবীর ভাম দ্রোণপুত্রকে দেখিবামাত্র ক্রোধভরে শর শরাসন আহণ পূর্বক থাক্ থাক্ বলিয়। তাঁহার প্রতি ধাবমান হইলেন। মহারথ এখা-... খামা ভীমবল ভীমসেনকে মহাবেগে আগমন ও ওাঁহার আতৃদ্বয়কে ওাঁহারই পশ্চান্তাগে বাহ্নদেবের রথে অবস্থান করিতে দেখিয়া অভিশয় ব্যথিত হইলেন এবং পুনরায় যুদ্ধ উপস্থিত হইল অনুমান করিয়া সেই বিপদকালৈ দিব্যান্ত্র প্রায়োগ করিবার মানদে সিষকা গ্রহণ করিলেন। তৎপরে তিনি ক্রোধভরে সেই সিষকায় ব্রহ্মশির অন্ত্র সংযোক্ষন পূর্বেক পাণ্ডববংশ বিনষ্ট হউক বলিয়া উহা পরিত্যাগ করিলেন। সেই দিব্যান্ত্র পরিত্যক্ত হইবামাত্র তিলোক দগ্ধ করিবার নিমিত্তই যেন উহাতে হুতাশন প্রাক্কভূতি হইল।

## চতুর্দ্দশ অধ্যায়।

হে মহারাজ ! মহাবান্ত মধুসূদন অশ্বপামার আকার দর্শনে তাঁহার অভিপ্রায় বৃদ্ধিতে পারিয়া ধনপ্রয়কে কহিলেন, সথে ! তোমার নিকট যে দ্রোণোপদিট দিব্যান্ত বিদ্যমান রহিয়াছে, একণে ঐ অন্ত ত্যাগের সময় সমুপস্থিত হইন্যাছে। তুমি ভ্রাতৃগণ ও আপনার পরিত্রাণার্থ সেই অন্ত পরিত্যাগ করিয়া অশ্বপামার অন্ত নিবারণ করে। তথন অরাতিনিপাতন অর্জ্জুন বাস্তদেবের বাক্য প্রবিণ করিয়া দশর শরাসন প্রহণ পূর্বেক রথ হইতে অবতার্ণ হইলেন এবং স্বাত্রে অশ্বপামার ও তৎপরে আপনার ও ভ্রাতৃগণের নিমিত্ত স্বস্তিবাচন এবং গুরু ও দেবগণকে নমস্কার পূর্বেক এই অন্ত প্রভাবে অশ্বপামার অন্ত নিরাক্ত হউক বলিয়া সেই দিব্যান্ত পরিত্যাগ করিলেন। তথন দ্রোণপুত্রের ও অর্জ্জুনের সেই তেজামণ্ডলমণ্ডিত অন্ত্রেয় সহসা যুগান্তকালীন অনলের ন্যায় প্রজ্বিত হইয়া উঠিল। ঐ সময় সহস্র সহস্র উদ্ধাপাত হইতে লাগিল ; সমুদ্রায় জীব জ্বস্ত ভয়ে কম্পিত হইল। আকাশমণ্ডলে ভীষণ শব্দ ও বিত্যুৎপাত হইতে লাগিল এবং গিরিকানন পরিপূর্ণ। স্বাগ্রা ধ্রিত্রা কম্পিত হইর। উঠিল।

অনস্তর সর্ব্বস্থৃতাত্ম। নারদ ও ভরতকুলপিতামহ ব্যাদদেব দেই দিব্যান্ত্রদয়ের তেজঃপ্রভাবে সমৃদায় লোককে তাপিত দেখিয়া অশ্বত্থামা ও ধনঞ্জয়কে
সাজ্বা ও তাহাদের অস্ত্রতেজ নিবারণ করিবার মানদে সেই প্রদীপ্ত দিব্য
অস্ত্রদয়ের মধ্যহলে অবস্থান পূর্বেক প্রজ্বলিত পাবকদ্বয়ের ন্যায় শোভা পাইতে
লাগিলেন এবং কহিলেন, পূর্বের অনেক বিবিধাস্ত্রবেক্তা মহারণ ছিলেন, তাঁহারা
মসুষ্যের উপর কদাপি এরূপ অস্ত্র পরিত্যাগ করেন নাই। একণে ইহারা ত্ই
জনে এই অস্ত্র প্রেয়াগ করিয়া নিতান্ত দাহস প্রকাশ করিয়াছেন।

#### পঞ্চদশ অধ্যায়।

হে মহারাজ! তথন মহাবীর ধনঞ্জয় সেই হুতাশন সদৃশ তেজঃপুঞ্জকলেবর তাপসদ্বাদক দর্শন করিবামাত্র অতিমাত্র ব্যুত্র চিত্তে স্বীয় দিব্যান্ত্র প্রতিসংহার করিবার মানসে কৃতাঞ্জলিপুটে তাঁহাদিগকে কহিলেন, "আমি অশ্বত্থামার অন্ত্র-বেগ নিবারণ করিবার মানসেই দিব্যান্ত্র প্রয়োগ করিয়াছি। একণে উহার প্রতিসংহার করিলে নিশ্চয়ই পাপাত্মা অশ্বত্থামা স্বীয় অন্ত্রপ্রভাবে আমাদিগের সকলকে ভক্ষাবশেষ করিবে। অতএব যাহাতে আমাদিগের ও লোকের মঙ্গল হয়, আপনারা তাহার মন্ত্রণা করুন। মহাত্মা ধনঞ্জয় এই বলিয়া স্বীয় অন্ত্রপ্রতিসংহাত করিলেন। ঐ অন্ত্রপ্রতিসংহার করা দেবগণেরও অসাধ্য। গত্যের কথা দুরে থাকুক, দেবরাজ ইন্দ্রভ উহার প্রতিসংহারে সমর্থ নহেন। ঐ দিব্যান্ত্র ব্রহ্মতেজ দ্বারা বিনির্মিত। ব্রহ্মচারা ভিন্ন অন্ত ব্যক্তি উহা প্রয়োগ করেলে আর প্রতিসংহার করিতে সমর্থ হয় না। ব্রহ্মচর্য্য বিহান অশিক্ষিত ব্যক্তি ঐ অন্তের প্রতিসংহারের চেন্টা করিলে উহা তৎক্ষণাৎ তাহারই মন্তক ছেনন করে। মহাবীর ধনঞ্জয় সত্যব্রতপরায়ণ, ব্রহ্মচারা ও গুরুভাশ্রমাপরতন্ত্র ছিলেন বলিয়াই সেই অন্তের প্রতিসংহারে সমর্থ হইলেন। তিনি ইতিপুর্নের ঘোরতর বিপদ্গ্রন্ত হইয়াও কথন ঐ অন্ত্র প্রয়োগ করেন নাই।

হে মহারাজ! ঐ সময় জোণতনয় মহাবীর সম্বাধানা দেই ঋষিদ্বয়কে পুরোবর্তী অবলোকন করিয়া কোনক্রনেই স্বায় ঘোরতর অস্ত্রের প্রতিসংহারে সমর্থ হইলেন না। তথন তিনি স্তিদান মনে দ্বৈপায়নকে কহিলেন, মুনিস্তুম! আমি ভীমসেনের ভয়ে ভীত ও নিতান্ত বিপদ্ধ হইয়াই প্রাণ্রক্ষার্থে এই অস্ত্র প্রয়োগ করিয়াছি। ভীমসেন সমরাঙ্গনে হুর্য্যোধনের বিনাশার্থ কপট ব্যবহার দ্বারা গতি অধর্ম কার্য্যের স্মুক্তান করিয়াছে। আমি সেই কারণে পৃথিবী পাণ্ডবশৃষ্ম করিব বলিয়া এই ছুরাস্দ দিব্যাস্ত্রে ব্রহ্মত্তের নিহিত করিয়া ইহা প্রয়োগ করিয়াছি; কিন্তু এক্ষণে ইহার প্রতিসংহারে সমর্থ হইতেছি না। হে ব্রহ্মন্। আমি রাগোন্যত হইয়া পাণ্ডবদ্দেরের বিনাশার্থ অস্ত্র পরিত্রাগ করিয়া গতি কুকর্ম করিয়াছি, সন্দেহ নাই। এক্ষণে এই অস্ত্র নিশ্চয়ই পাণ্ডবগণকে বিনাশ করিবে।

তথন বেদব্যাস কহিলেন, বংস! মহাত্ম। অর্জ্বন ব্রহ্মশির শস্ত্র বিদিত

থাকিয়াও কদাচ তোমার বিনাশের নিমিত্ত রোষভরে উহা পরিত্যাগ করেন নাই। এক্ষণে কেবল ভোমার অস্ত্র নিবারণের নিমিত্তই ঐ অস্ত্র প্রয়োগ করিয়াছিলেন; অচিরাৎ উহার প্রতিসংহারও করিয়াছেন। ঐ মহাত্ম। তোনার পিতার নিকট ব্রহ্মান্ত প্রাপ্ত হইয়াও কদাচ ক্ষত্রিয়ধর্ম হইতে বিচলিত হন নাই। মহাবীর অর্জ্জন ধৈর্য্যশালী, সাধু ও সর্বাস্ত্রবিশারদ: ভুমি কি নি মন্ত তাঁহারে তাঁহার ভাতা ও বন্ধুগণের সহিত'বিনাশ করিতে বাসনা করিয়াছ। যে রাজ্যে দিব্যাস্ত দারা ব্রহ্মীস্ত নিরাক্ষত হয়, সে রাজ্যে দাদশ বংসর অনাবৃষ্টি হইয়া থাকে। এই জন্ম মহাবীর অর্জ্বন ক্ষমতা-পন্ন হইয়াও প্রজাগণের হিতার্থ তোমার অস্ত্র বিনদ্ট করিলেন না। হে দ্রোণ-তন্য! এক্ষণে আপনারে, পাগুবগণকে ও তাঁহাদের রাজ্য রক্ষা করা তোমার অবশ্য কর্ত্তব্য । অতএব তুমি অবিলম্বে দিব্যাস্ত্র প্রতিসংহার পূর্ব্বক ক্রোধ-শূন্য হও। পাণ্ডবগণও নিরাপদ হউক। রাজিষি যুধিষ্ঠির কখনই অধ্র্যাকুদারে বিজয় বাসনা করেন ।।। এক্ষণে তুমি পাগুবগণকে স্বীয় মস্তকস্থিত মণি প্রদান কর। উঁহারা সেই মণি গ্রহণ করিয়া তোমার প্রাণ দান করিবেন।

তখন অশ্ব্যাম। কহিলেন, মহর্ষে । পাণ্ডব ও কৌরবগণের যে সকল ধনরত্ব কাছে, তৎসমূদায় অপেক। আমার এই মনি শ্রেষ্ঠ। ইহা ধারণ করিলে গস্ত্রভয়, ব্যাধিভয় ও ক্ষুণা এককালে তিরোছিত হইয়া যায় এবং দেব, দানব, পল্লগ, রাক্ষ্য ও তক্ষর হইতে শক্কার লেশ্মাত থাকে না। অতএব এই মণি কোন রূপেই পরিত্যাগ করিবার উপযুক্ত নয়, কিন্তু আপনি যাহা কহিতেছেন, তাহাও আমার দর্বতোভাবে কর্ত্তব্য। একণে এই মণি বিদ্যোন আছে, খামিও উপস্থিত রহিয়াছি। আপনার যাহ। ইচছা হয় করুন; কিন্তু এই অমোঘ ঈ্ষাকান্ত্র পাণ্ডবতনয়দিগের মহিলাগণের গর্ভন্থ সন্তান সন্ততির উপর নিপতিত হইবে। মাগি কোন ক্রমেই এই অস্ত্র প্রতিসংহার করিতে সমর্থ হইতেছি না ব

তথন বেদব্যাস কহিলেন, হে দ্রোণপুত্র ! এক্ষণে পাণ্ডবতনয়দিগের ক।মিনীগণের গর্ভে অস্ত্র নিক্ষেপ করাই তোমার কর্ত্তব্য। আর অক্স ইচ্ছ। করিও না। মহাত্মা বেদব্যাস এই কথা কহিলে দ্রোণতনয় পাণ্ডবতনয়-দিগের মহিলাগণের গর্ভ উদ্দেশ করিয়া দেই দিবাস্ত্রে পরিত্যাগ করিলেন।

### ষোডশ অধ্যায়।

অনস্তর মহামতি বাহ্নদেব পাপাত্ম। অশ্বথামা পাণ্ডবকামিনীগণের গর্ভে দ্বীকান্ত্র পরিত্যাগ করিয়াছেন অবগত হইয়া হান্টাল্ডঃকরণে ইংহারে কহিলেন, দ্রোণতনয়। পূর্বেব এক ব্রতপরায়ণ ব্রাহ্মণ বিরাটনগরে বিরাটত্বহিতা অর্জ্বনের পুত্রবধূ উত্তরারে কহিয়াছিলেন যে, রাজকুমারা। কৌরববংশ উৎসন্ধ প্রায় ক্ইলে তোমার গর্ভে এক পুত্র জন্ম গ্রহণ করিবে। কৌরববংশর পরিক্ষীণাবস্থায় ঐ পুত্রের জন্ম হইবে বলিয়া উহার নাম পরিক্ষিৎ হইবে। হে আচার্যাতনয়। সেই সাধু ব্রাহ্মণ যাহা কহিয়া গিয়াছেন, তাহা কদাচ মিধ্যা হইবার নহে। অত্তর্ক নিশ্চয়ই পাণ্ডবগণের পরিক্ষিৎ নামে এক বংশধর পুত্র উৎপন্ন হইবে।

তথন মহাবীর অখ্যামা কুয়েওর মুখে সেই কথা শ্রবণ করিয়া ক্রোধাবিষ্ট চিত্রে কহিলেন, কেশব! ভূমি পাণ্ডবগণের প্রতি পক্ষপাত প্রদর্শন পূর্বক যাহা কহিলে, তাহা কদাচ সফল ২ইবে না। আমি যাহা কাহয়াছি, তাহাই ঘটিবে। দেখ, তুমি বিরাটভুহিতার গর্ভ রক্ষা করিবার বাসনা করিতেছ : কিন্তু আমার এই অন্ত্র অচিরাৎ তাহাতে নিপতিত হইবে। বাস্ত্রদেব কহিলেন, দ্রোণতনয়। ভোমার দিব্যান্ত্র কদাচ ব্যর্থ হইবে না। কিন্তু সেই গর্ভস্থ বালক মৃত ৭ পুনরায় জীবিত হইয়া স্থদীর্ঘকাল বক্তম্বরা অধিকার ক্রিবে। হে দ্রোণাত্মজ ! মনীধিগণ ভোমারে পাপপরায়ণ কাপুরুষ বলিয়া অবগত আছেন। ভূমি বালকঘাতী, অতএব তোমারে একণে অবশ্যই এই পাপ কর্ম্মের ফল ভোগ করিতে হইবে। তুমি অসহায় হইয়া মৌনভাবে তিন সহস্র বৎসর নির্জ্জন প্রদেশে পর্য্যটন করিবে ; কদাচ লোকালয়ে অবস্থান করিতে পারিবে না। তোমারে সর্ব্বপ্রকার ব্যাধিপ্রস্ত ও পূয়শোণিতগন্ধ সম্পন্ন হইয়া নিরন্তর তুর্গম অরণ্যে পরিভ্রমণ করিতে হইবে। আর পাণ্ডবকুলভিলক পরিক্ষিৎ ক্রমশ পরিবর্দ্ধিত হইয়া বেদা-ধ্যয়ন ও কুপাচার্য্য হইতে অস্ত্র শস্ত্র সমুদায় শিক্ষা করিয়া ক্ষত্রিয়ধর্মানুসারে ষষ্টিবংসর পৃথিবী পালন করিবে। হে নির্ক্ষোধ ! তোমার সমক্ষেই পরি-ক্ষিৎ কুরুকুলে রাজপদবী প্রাপ্ত হইবে। এক্ষণে ভূমি ভাগাবে অস্ত্রানলে দগ্ধ করিলেও আমি পুনরায় তাহার জীবন প্রদান করিব। আজি তুমি আমার তপদ্যা ও সত্যের পরাক্রম অবলোকন কর।

তখন ব্যাসদেব কহিলেন, হে দ্রোণাল্মজ! তুমি যখন আমাদিগকে অনাদর করিয়া এই নিদারুণ কার্য্যের অসুষ্ঠান করিলে এবং যথন তুমি ব্রাহ্মণ হইয়া ও ক্ষত্রিয়ধর্ম অবলম্বন পূর্বক কুকর্মে প্রবৃত্ত হইলে, তখন বাহুদেব যাগ্র কহিলেন, তাহা তোমারে অবশ্যই ভোগ করিতে হইবে। তখন মহাবীর অশ্বস্থাম। ব্যাসদেবের বাক্য শ্রেবণ করিয়া কহিলেন, হে তপোধন! আমি এই জীবলোকে আপনারই সহিত বাস করিব, তাহা হইলেই আপনার ও বাহুদেবের বাক্য সত্য হইবে । অশ্বর্থামা এই বলিয়া পাণ্ডবগণকে সেই মণি প্রদান 'পূর্ব্বক 'বিষণ্ণমনে সর্ব্বসমকে বনে প্রস্থান করিলেন। পাণ্ডবেরাও সেই মণি গ্রহণ পূর্বাক বাস্তদেব, ব্যাস ও নারদকে সম্মান করিয়া সম্বের ক্ষের সহিত বায়ুবেগগামী অশ্বসংযোজিত রথে আরোহণ পূর্বক প্রায়োপবিষ্টা ক্লফার নিকট ধাবমান ছইলেন।

ভাঁচার। কিয়ৎক্ষণ মধ্যে শিবিরে গমন পূর্বকে সভবে রথ হইতে অবতীর্ণ হট্যা দেখিলেন, দ্রোপদী শোকাকুলিত চিকে নিরানন্দে অবস্থান করিতেছেন। তথন পাণ্ডবগণ বাস্থদেবের সহিত নিতান্ত ছুঃখিত মনে দ্রোপদী সন্নিধানে উপস্থিত হইয়া তাঁহারে পরিবেষ্টন পূর্বাক উপবিষ্ট হুইলেন। অনস্তর মহাবীর বুকোদর রাজা যুধিষ্ঠিরের আদেশাকুসারে দ্রৌপদীরে অশ্বত্থামার শিরোমণি প্রদান পূর্ববক কহিলেন, প্রিয়ে ! তুমি যাহ। প্রার্ণনা করিয়াছিলে, তোমার পুত্রহন্তারে পরাজয় করিয়া এই তাহা আন-য়ন করিয়াছি ; এক্ষণে ভূমি উত্থিত হইয়া ইহা গ্রাহণ এবং ক্ষত্রিয়ধর্ম স্মারণ পূর্ব্বক শোক পরিত্যাগ কর। ধর্ম্মরাজ সন্ধিস্থাপনের বাসনা করিলে বাস্ত-দেব যথন সুর্য্যোধন সন্নিধানে গমন করেন, তৎকালে তুমি ভাঁছারে কহিয়া-ছিলে, মধুসূদন! ধর্ম্মরাজ শান্তি স্থাপনের ইচ্ছা করিতেছেন, অতএব বোধ হয়, আমার পতি, পুত্র ও ভ্রাতৃগণ কেহই নাই এবং তুমিও বিনষ্ট হইয়াছ। হে দ্রৌপদি! তুমি তৎকালে যে সকল ক্ষত্রিয়ধর্মামুরপ অতি কঠোর বাক্য প্রয়োগ করিয়াছিলে; একণে তৎসমুদায় সারণ কর। আমি আমাদিগের রাজ্যলাভের কণ্টকস্বরূপ হুরাত্মা হুর্য্যোধনের বিনাশ সাধন এবং জীবিতা-বস্থায় তুঃশাসনের শোণিত পান করিয়াছি। এক্ষণে আসাদিগের বৈরানল ্এককালে নির্বাণ হইয়া গিয়াছে। একণে আমাদিগকে আর কেহ কোন

আংশেই নিন্দা করিতে সমর্থ হইবে না। আমি অশ্বর্থামারে পরাজ্ঞর পূর্বক ব্রাহ্মণ ও গুরু বলিয়া পরিত্যাগ করিয়াছি। তাহার সমগ্র যশ অপহত হইয়াছে; একংণ কেবল কলেবরমাত্র অবশিষ্ট আছে এবং সে মণিবিয়ো-জিত ও আয়ুধপ্রতী হইয়া দীনহীনের ভায় বিচরণ করিতেছে।

হে মহারাজ! মনস্থিনী দ্রোপদী রুকোদরের মুখে এই সমস্ত বাক্য প্রবণ করিয়া কহিলেন, নাথ! আমার মনোরথ সফল হইল। দেখ, গুরু-পুত্রও আমার গুরু, অতএব তিনি যে মণি ধারণ করিতেন, এক্ষণে ধর্মনাজ উহা সীয় মন্তকে ধারণ করুন। অনন্তর ধর্মরাজ দ্রোপদীর অনুরোধে সেই মণি গ্রহণ পূর্বক গুরুর উচ্ছিন্ট জ্ঞান করিয়া মন্তকে ধারণ করিলেন। মণি ধর্মরাজের মন্তকে সমিহিত হইলে চন্দ্রমণ্ডল মাণ্ড গুর্পবিতের ভায়ে তাঁহার অপূর্ববিশোভা হইল। তদ্দর্শনে পুত্রশোকাত্রা দ্রোপদী অবিলম্বে গাত্রোখান করিলেন।

#### সপ্তদশ অধ্যায়।

হে মহারাজ ! অনস্তর রাজা যুধিষ্ঠির দ্রোণপুত্র প্রভৃতি বীরত্রয়ের হস্তে দ্বীয় সমস্ত সৈত্য ও পুত্রগণের নিধন নিবন্ধন নিতান্ত শোকসন্তপ্ত হইয়া বাহ্নদেবকে কহিলেন, মধুসূদন ! পাপাত্মা নরাধ্য অশ্বত্থানা কি রূপে আনার মহারথ পুত্রগণকে নিপাতিত করিল এবং কৃতান্ত মহাবল পরাক্রান্ত ক্রেণ-তনয়গণ লক্ষ বীরের সহিত যুদ্ধ করিতে পারিত, তাহারা কি নিমিত্ত দ্রোণ-পুত্র কর্তৃক নিহত হইল। মহারথ ধৃষ্টত্যুদ্ধ সংগ্রামে প্রয়ত হইলে দ্রোণা-চার্য্যও তাহার সম্মুখীন হইতে পারেন নাই, এক্ষণে সেই বীর কি কারণে অশ্বত্যামার হন্তে প্রাণ ত্যাগ করিল। ফলত অশ্বত্থানা এমন কি উপায় অবলম্বন করিয়া একাকা আনার পক্ষীয় সমুদায় বীরের প্রাণ সংহার করিলেন, তাহ। কীর্ত্তন কর।

বাহ্ণদেব কহিলেন, মহারাজ ! দ্রোণকুমার নিশ্চয়ই দেবদেব মহাদেবের শরণাপন্ন হইয়াছিল এবং তাঁহারই প্রসাদে একাকী সমুদায় বীরকে নিপাভিত করিয়াছে। ভগবান্ রুদ্রে প্রসন্ন হইলে বলবীর্ষ্যের কথা দূরে থাকুক,
সমরত্ব পর্যান্ত প্রদান করিতে পারেন। তাঁহার প্রভাবে লোকে ইন্দ্রকেও
নিপীত্বিত করিতে সমর্থ হয়। আমি দেবদেব মহাদেবকে ও তাঁহার পুরাতন

কার্য্য সমুদায় বিশেষরূপে বিদিত গাছি। তিনিই সর্ব্বভূতের আদি, মধ্য ও অস্তব্যূরণ। তাঁহার প্রভাবে এই জগতের সমুদায় কার্য্য স্থাসপান হই-তেছে। পূর্বেব লোকপিতামহ ব্রহ্মা লোক উৎপন্ন করিবার মানসে ভগবান রুদ্রেকে কহিলেন, ভুমি অচিরাৎ ভূতগগের স্প্তি কর। ভগব'ন্ দেবদেব তাঁহার বাক্য প্রবণে তথাস্ত বলিয়া স্বীকার করিলেন এবং সর্ব্বাত্যে প্রজার স্ষ্টি করা নিতান্ত অকর্ত্তব্য ানবেচনা করিয়া দলিলে প্রবেশ পূব্ব ক দীর্ঘ-কাল তপদ্যা করিতে লাগিলেন। বিধাতা তাঁহার নিমিও বছকাল প্রতীক্ষা করিয়া পরিশেষে ভূতস্ঞ্জীর নিমিত্ত আর এক জন অমরের স্ষষ্টি করিলেন। তিনি ভগবান রুদ্রেকে জলমগ্ন দেখিয়া পিতারে কহিলেন, ভগবন ! যদি অন্ত কেহ আমার অগ্রজ না থাকেন, তাহা হইলে আমি প্রজাগণের সৃষ্টি করিতে পারি। তখন কমলযোনি কহিলেন, বৎস! একণে তোমার স্থাজ কেহই নাই। মহাদেব জলমগ্ন হইয়াছেন। সত্এব তুমি নিঃশঙ্কচিত্তে আত্মকার্য্য নির্বাহ কর । তথন অমর ব্রহ্মার বাক্যা-মুসারে সমুদায় ভুত ও দক্ষাদি সপ্ত প্রজাপতির স্থৃষ্টি করিলেন। ঐ সমুদায় প্রজাপতি হইতেই এই চতুর্বিধ প্রাণীর সৃষ্টি হইয়াছে। অনন্তর প্রজাগণ নিতান্ত ক্ষুধাতুর হইয়া সৃষ্টিকর্ত্তারে ভক্ষণ করিবার মানদে তাঁহার নিকট সহসা ধাবমান হইল। তথন তিনি ভীতচিত্তে লোকপিতাম্ ব্ৰহ্মার নিকট সমুপস্থিত হুইয়া কাহলেন, ভগবনু! প্রজাগণের আহার নির্দেশ পূর্ব্বক আমারে পরিত্রাণ করুন। ব্রহ্মা তাঁহার বাক্য প্রবণে প্রজাগণের আহারার্থ ঔষ্যাধ প্রভৃতি স্থাবর . পদার্থ সমুদায় নির্দ্ধিট করিয়া দিলেন। ভাহারই নিয়মানুসারে তুর্বল প্রাণিগণ বলবান্দিগের আহারার্থ নিদ্দিষ্ট হইয়াছে। তথন প্রজাগণ আপনাদিগের ভক্ষ্য দ্রব্য প্রাপ্ত হুইয়া স্বেচহাতুসারে প্রস্থান করিল এবং দকলেই স্ব স্ব জাতিতে অনুরক্ত হইয়া জীবসংখ্যা পরিবর্দ্ধিত করিতে লাগিল।

হে মহারাজ ! প্রজাগণ এইরপে পরিবর্দ্ধিত ও লোকগুরু ব্রহ্মা পরিতুষ্ট হইলে ভগবান্ মহাদেব স্লিল হইতে সমুখিত হইলেন এবং ঐ সমস্ত তেজঃ-পরিবর্দ্ধিত অসংখ্য প্রজা দর্শনে রোধাবিষ্ট হইয়া সীয় লিক্স ভূতলে প্রবেশিত করিলেন। তখন ভগবান্ ব্রহ্মা বিবিধ বাক্যে তাঁহারে সাস্ত্রনা করত কহিলেন, মহাদেব। তুমি এত দীর্ঘ কাল সলিলমধ্যে অবস্থান করিয়া কি কার্য্য করিলে; আর কি নিমিত্তই বা এক্ষণে আপনার লিঙ্গ ভূতলে প্রবেশিত করিয়াছ ? তখন মহাদেব কোপাবিষ্ট হইয়া তাঁহারে কহিলেন, বিধাত! আমার মগোচরে মার এক জন এই সমস্ত প্রজার স্পষ্টি করিয়াছে। মতএব আমার এই লিঙ্গে মার প্রয়োজন কি ? আমি জলমধ্যে তপদ্যা করিয়া প্রজাগণের নিমিত্ত মন্ধ্য স্থায়ি করিয়াছি। প্রজাদিগের ন্যায় ঔষ্ধি সমুদায় ও পরিবর্দ্ধিত হইবে। ভগবান্ রুদ্ধে এই বলিয়া ক্রোধভরে তপঃসাধনার্থ মুঞ্জবান্ পর্বতে প্রস্থান করিলেন।

## অপ্লাদশ অগ্যায়।

অনস্তর দেবযুগ অতীত হইলে দেবগণ বেদবিধানাসুদারে যজ্ঞ করিবার মানদে হবিঃ প্রভৃতি উপকরণ দাম গ্রা সমুদার আহরণ করিলেন। তাঁহারা যজ্ঞ-ভাগ কল্পনা সময়ে ভগবান ভূতভাবনকে বিশেষরূপ বিদিত ছিলেন না বলিয়া তাঁহার ভাগ নির্দ্ধেশ করেন নাই, কেবল আপনাদিগেরই ভাগ কল্পিত করিয়া-ছিলেন। তথন কুত্তিবাদা ভূতপতি সীয় ভাগ কল্পনানা হওয়াতে প্রথমেই যজ্ঞনাশক শরাদনের সৃষ্টি করিতে অভিলাষ করিলেন। হে মহারাজ! লোক-যজ্ঞ, ক্রিয়াযজ্ঞ, গৃহযজ্ঞ ও পঞ্চভূতযজ্ঞ এই চারি যজ্ঞ দারা সমুদায় জগৎ স্ফট হইয়াছে। মহাত্মা মহেশর ঐ সমুদায় যজ্ঞের মধ্যে লোকযজ্ঞ ও নুযজ্ঞ দারা পাঁচ কিন্ধু পরিমাণ এক শরাসন নির্মাণ করিলেন। ব্যট্কার ঐ শরাসনের জ্যা হইল এবং চারি যজ্ঞাঙ্গ উহার দৃঢ়ত। সম্পাদন করিল। তখন ভগবান্ মহা-দেব ক্রোধভরে সেই কার্মাক গ্রহণ করিয়া ব্রহ্মচারিনেশে দেবগণের ষজ্ঞাহলে আগমন করিলেন। তাঁহারে ধতুষ্পাণি মবলোকন করিয়া বহুন্ধরা নিতান্ত ব্যথিত হইলেন। পর্বতি সকল কম্পিত হইতে লাগিল; সমীরণ স্থির হইলেন; হতাশনও আর পূর্ববিং প্রজ্বলিত হইলেন না; অন্তরীক্ষমধ্যে নক্ষত্রমণ্ডল ভীত হইয়া পরিভ্রমণ করিতে লাগিল; দিবাকরের আর সেরূপ জ্যোতি রহিল না; চন্দ্রমণ্ডল একবারে শোভাবিহীন হইল এবং ভুমণ্ডল ও নভোমণ্ডল নিবিড় অন্ধকারে আচ্ছন্ন হইয়া পড়িল। তখন দেবগণ নিতান্ত ভয়াভিভূত হইয়া বিষয়-জ্ঞানশূন্য হইলেন এবং তাঁহাদের যজেরও শোভা তিরোহিত চইয়া গেল। অন-স্তর মহাদেব অতি ভীষণ শর দারা দেই যজ্ঞকে বিদ্ধ করিলেন। যজ্ঞ বাণবিদ্ধ হইয়া মুগরূপ ধারণপূক্ষক পাবকের দহিত তথা হইতে নিজ্রান্ত হইয়া স্বর্গে গমন করিতে লাগিল। মহেশ্বরও তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন।

77 এইরূপে যজ্ঞ তথা হইতে প্রস্থান করিলে দেবতাদিগের আর কিছুমাত্ত জ্ঞান রহিল না। তখন ভগবান্ বিরূপাক চাপকোটি ছারা সুর্য্যের ভুক্তযুগল, ভগের নয়নদ্বয় এবং পুষার দন্তপংক্তি বিনফ্ট করিলেন। তথন দেবৃগণ e যজাক সমুদায় ভীত চিত্তে তথা হইতে পলায়ন করিতে লাগিলেন এবং কেহ কেহ খুণীয়মান হইয়া তথায় মৃতবৎ নিপতিত রহিলেন। মহাত্মা মহাদেব এইরূপে সকলকে বিদ্রোবিত করিয়া হাস্য বদনে শরাসন দ্বারা দেবগণের গতি রোধ করিলেন। ঐ সময় দেবগণের বাক্যে সহসা সেই শরাসন্দের জ্যা ছিল হইয়া গেল। তখন দেবগণ দেবশ্রেষ্ঠ মহাদেবকে শ্রাসনবিহীন দেখিয়া যজ্ঞের সহিত তাঁহার সমীপে সমুপন্থিত হইয়া শরণাগত হইলেন। তদ্দর্শনে ভগবান্ স্কুতপতি প্রসন্ন হইয়া জলাশয়ে স্বীয় ক্রোধ সংস্থাপন করিলেন। সেই ক্রোধ অগ্নিরূপ ধারণ করিয়া সলিল শোষণ করিতে লাগিল। অনস্তর মহাদেব সূর্য্যকে ভুজ-যুগলম্বয় ও পূষারে তাঁহার দম্ভপংক্তি প্রদান করিয়া যজ্ঞ করিতে আদেশ कतिरलन। ज्थन ममूनाय ं क्रभंद श्रृष्ट इहेल। (नवभंग ममस्र हवनीय स्तर्य) भरदश्रदत छा कन्नमा कतिरलंग।

হে ধর্মনন্দন! এইরূপে দেবাদিদেব মহাদেব ক্রুদ্ধ হওয়াতে সকলেই অস্ত হইয়াছিল এবং তিনি প্রদন্ধ হওয়াতে সমুদায় স্তম্ভ হইল। এক্ষণে সেই মহাবীর্যাশালী ভগবান ভূতনাথ অশ্বত্থামার প্রতি প্রদন্ম হওয়াতেই সে আপনার মহারথ পুত্রগণ এবং অফুচর সমবেত মহাবলশালী পাঞ্চালগণকে নিহত করিয়াছে। গশ্বপামার প্রভাবে কথনই এরপ ঘটে নাই, কেবল মহাদেব-প্রসাদেই এই রূপ ঘটনা উপস্থিত হইয়াছে। মতএব একণে কার্য্যান্তর সাধনের চেফী করুন।

> ঐধীক পর্ব্ব সমাপ্ত। সৌপ্তিক পর্বব সম্পূর্ণ।

# পুরাণসংগ্রহ।

## মহর্ষি কৃষ্ণদৈপায়ন' বেদব্যাস প্রণীত

## মহাভারত।

ন্ত্ৰী পৰা।

স্বৰ্গীয় মহাত্ম। কালীপ্ৰাসন্ধ সিংহ মহোদয় কৰ্ত্তক মূল সংস্কৃত হইতে বাঙ্গালা ভাষায় অনুবাদিত।

----

## শ্রীদত্য চরণ বস্থ কতৃ ক,

শ্যামপুকুর,—২নং অভয়চরণ ঘোষের লেন হইতে প্রকাশিত।

অক্টম সংস্করণ।

"সংসারের সমজ ব্যাপার এই মহ(ভারতের অন্তর্গত, ইহাতে যাহা নাই, ভাহা আর কুঞাশি দেখা যার না।'

ঋষিবাক্য।



এল, এশ, প্রেস,—২৪ নং রাজা নবরুষ্ণের খ্রীট, শ্রীলন্ধানারারণ বাস বারা মুক্তিত।

# ভূমিক।।

পুরাণসংগ্রহের এই খণ্ডে স্ত্রীপর্বর প্রকাশিত হইল। এই পর্বর জল-প্রাণানিক, স্ত্রীবিলাপ ও প্রাদ্ধ পর্ববাধ্যায়ে বিভক্ত। মহিষ বেদব্যাদ এই পর্বের ধৃতরাষ্ট্রের দান্ত্রনা, কৌরবকামিনীগণের সমরাঙ্গন দর্শন ও বিলাপ এবং সমরনিহত যোধগণের দাহ ও অন্যান্য প্রেতক্ত্য দবিস্তরে কীর্ত্তন করিয়া গিয়াছেন। এই পর্বের জন্ধরাজ লোহময় ভীমভঙ্ক, পতিপরায়ণা গান্ধারী পুত্রশোকে কাতর হইয়া বাহ্মদেবকে "তুমি যত্ত্বংশ ধ্বংদের কারণ হইবে" বলিয়া শাপ প্রদান এবং যশস্বিনী কুন্তী পাশুবগণকে কর্ণের উদ্দেশে জলপ্রদান করাতে অনুরোধ করিয়া দর্বের সমকে ভাঁহার জন্মস্বত্তান্ত প্রকাশ করেন।

মহর্ষি কৃষ্ণছৈপায়ন এই করণরস পরিপূর্ণ স্ত্রীপর্ব্ব রচনা করিয়া স্থায় অসাধারণ কবিত্ব শক্তির পরিচয় প্রদান করিয়া গিয়াছেন। এই পর্ব্ব পাঠ করিলে সহলয় ব্যক্তিমাত্রেরই হৃদয় করণরসে আর্দ্র ও নয়ন হইতে অবিরল অঞ্চধারা নির্গলিত হইবে, সন্দেহ নাই।

কলিকাতা। ১৭৮৫ শকাকা।

শ্রাকালীপ্রসন্ন সিংহ

## মহাভারতীয় স্ত্রীপর্বের স্চিপত্ত।

প্রকরণ				•	পৃষ্ঠা
জ <b>ল প্রা</b> দানিক প্রকারম্ব—গতর	াষ্ট্রের শোব	<u>চাপনোদনার্থ উপরে</u>	দেশ প্রদান	,"	>
গ্রুরাটেইর সময়া <b>লন দশনার্থ</b> গ্	ম্ন		•••		59
মৰখামা ক্লপাচাৰ্য্য ও কুত্ৰখন	ার গুতরাষ্ট্রা	দির সমীপে গমন	•••	***	>4
গু <b>তরা</b> ষ্ট্রের লোহময় ভীম ভঙ্গ	• • •	•••		•••	२ •
ধুতরাষ্ট্রের জেশধ সম্বন্ধণ	• • •	•••	***	•••	२२
ব্যাস কর্তৃক গান্ধারীর আখাস	প্রদান	***	•••	•••	২৩
কুন্তীর পুত্রদর্শন	• • •	•••	• • • •	•••	२७
ত্রীবিলাপ পর্কারম্ভগান্ধারীর	। যুদ্ধভূমি দ	ৰ্শন	•••	• •••	২৭
গান্ধারীর ত্রোধন দর্শন		•••	•••	•••	••
গান্ধারীবাকা		• • • •	•••	•••	૭ર
ক্ষের প্রতি গান্ধারীর অভি	দ <b>ম্পা</b> ত	•••	•••	***	88
প্রাদ্ধপর্কারন্ত—কৌরবদিগের	ঔর্দ্ধ দে তি <b>ক</b>	কাৰ্যা সমাধান	•••	•••	80
কুষা কর্তক কর্ণের জনাবৃত্তাস্থ	<b>ক</b> পন	•••	•••	•••	89

ন্ত্রীপর্কের সূচিপত্ত সমাপ্ত।

# মহাভারত 1

## ন্ত্ৰী পৰ্ব।

## জলপ্রাদানিক পর্ব্বাধ্যায়।

প্রথম অধ্যায়।

নারায়ণ, নরোত্তম নর ও দেবী সরস্তীরে নমস্কার করিয়া জয় উচ্চারণ করিবে।

জনমেজয় কহিলেন,—হে ব্রহ্মন্! কুরুরাজ তুর্য্যোধন ও উভয় পক্ষের সমুদায় সৈত্যসামন্ত নিহত হইলে মহারাজ প্রতরাষ্ট্র ধর্মরাজ যুপিষ্ঠির ও কৃপ প্রভৃতি মহারথত্রয় কি কার্য্যের অনুষ্ঠান করিলেন ? আমি অশ্বস্থামার কার্য্য প্রবণ করিলাম। অতঃপর সঞ্জয়পুতরাষ্ট্রকে যাহা কহিলেন, তাহা কীর্ত্তন করুন।

বৈশপায়ন কহিলেন,—মহারাজ! মন্ধরাজের শত পুত্র নিহত হওয়াতে তিনি পুত্রশাকে নিতান্ত কাতর হইয়া মুকের স্থায় বাক্যালাপ পরিত্যাগ পূর্বক চিন্তাকুল চিন্তে কাল হরণ করিতে লাগিলেন। মহাত্মা সঞ্জয় তাঁহারে তদবন্থ অবলোকন করিয়া কহিলেন, মহারাজ! শোক পরিত্যাগ করুন, শোক করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। একণে অন্টাদশ অক্টোহণী দৈনা নিহত হইয়াছে। বহুমতী জনশূন্য হইয়াছে। যে মকল ভূপাল হুর্যোধনের সাহায্যার্থ নানাদেশ হইতে সমাগত হইয়াছিলেন, তাঁহারা তাঁহার সহিত প্রাণ ত্যাগ করিয়াছেন। অতঃপর আপনি পুত্র, পৌত্র, হুছাল, জ্ঞাতি, গুরু ও পিতৃগণের যথাবিহিত প্রেতকার্য্য নির্বাহ করুন।

বৈশস্পায়ন কহিলেন, মহারাজ। পুজ্রশোকাদিত রাজা প্রতরাষ্ট্র সঞ্জয়ের সেই কঙ্কণ বাক্য শ্রেবণ করিয়া বাতাহত অদমের ভায় সহস। ভূতলে নিপ-তিত হইয়া কহিলেন, সঞ্জয়। আমার পুজ্র, অমাত্য ও হৃহদেশণ নিহত হইয়াছে। অতঃপর চিরকালই আমারে দীন হীনের স্থায় এই পৃথিবীতে জ্রমণ করিতে হইবে। এক্ষণে বন্ধবিহীন হইয়া জরাজীর্ণ পক্ষহীন বিহঙ্গ-মের ন্যায় আমার জীবন ধারণে প্রয়োজন কি ? দিবাকর ঘেমন রশ্মিহীন হইলে নিতান্ত শোভাশূত হন, তজ্ঞপ আমিও রাজ্যহীন, নেত্রহীন ও বন্ধু-বিহীন হইয়া শ্রীভ্রষ্ট হইলাম। 'পূর্বের পরশুরাম, দেবর্ষি নারদ ও কৃষ্ণ-**দৈপায়নের হিত্তবাক্য শ্রেবণ করি নাই এবং বাস্থাদেব সভামধ্যে হিত্তোপদেশ** প্রদান ও ভীন্মদেব ধর্মসংযুক্ত বাক্য প্রয়োগ করিলে 'আমি তর্ৎকালে বধি-রের তায় অবস্থান করিয়াছিলান; একণে সেই অপরাধেই এই অসুতাপ করিতে হইল। হায়! ব্যভতুল্য মহাবীর সুর্য্যোধন, ছঃশাসন, কর্ণ ও সূর্য্য-তুল্য মহাত্ম। দ্রোণাচার্য্যের নিধনরতান্ত শ্রেবণ করিয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে। আমি এমন কি হুক্ষর্ম করিয়াছি যে, আমারে এইরূপ হুর্দ্দশা-গ্রস্ত হইতে হইল। নিশ্চয়ই বোধ হইতেছে, আমি পূর্বর জন্মে কোন না কোন হুক্ষ করিয়াছিলাম, নচেৎ বিগাতা কেন আমারে এরূপ হুঃখভাগী করিবেন। দৈব প্রতিকূল হওয়াতেই আ্মারে এই র্দ্ধাবস্থায় সমুদায় বন্ধু বান্ধবের বিনাশ দেখিতে হইল। পৃথিবীতে আমার তুল্য হতভাগ্য আর কেহই নাই। অতএব আজিই পাশুবগণ আমারে ব্রহ্মলোক গমনের স্থদীর্ঘ পথ আশ্রেয় করিতে দর্শন করুক।

িবশম্পায়ন কহিলেন,—মহারাজ! তথন মহামতি সঞ্জয় ধৃতরাষ্ট্রকে
নিতান্ত শোকার্দিত দেখিয়া সান্ত্রনা বাক্যে কহিলেন, নরনাথ! আপনি রন্ধগণের মুখে সমুদায় বেদ ও বিবিধ শাস্ত্র প্রবণ করিয়াছেন। স্থায় পুত্রশোকার্ত হইলে মুনিগণ তাঁহারে যেরপে উপদেশ প্রদান করিয়াছিলেন,
তাহাও আপনার অবিদিত নাই; অতএব শোক পরিত্যাগ করুন। তুর্ব্যোধন যৌবনমদে মন্ত হইলে আপনি অর্থলালসায় স্কুছালগণের বাক্য গ্রহণ
করেন নাই, নিরন্তর কেবল তুঃশীলগণের বাক্যাত্ররপ কার্য্য করিতেন।
এক্ষণে তাহারই ফল ভোগ করিতে হইতেছে। আপনার বৃদ্ধি অসিম্বরূপ
হইরা আপনারেই ছেদন করিতেছে। তুর্মান্তি তুর্ব্যোধন নিতান্ত ক্রের,
অহকারী, অল্লবৃদ্ধি ও অসন্তর্ফ ছিল। সে তুরাত্মা তুঃশাসন, কর্ণ, শকুনি,
চিত্রদেন ও মন্তরাজ্ব শল্যের মন্ত্রণার বশ্বতী হইয়া কুরুর্জ্ব ভীমাদেব

গান্ধারী, বিচুর, দ্রোণ, রূপ, বাস্থদেব এবং ব্যাস ও নারদ প্রস্কৃতি ঋষি-গণের বাক্যে কর্ণাতও করে নাই। সতত কেবল যুদ্ধবাসনাই প্রকাশ করিত। সেই নিমিত্তই সে রাজ্যের সহিত বিন্ট হইয়াছে। আপনি বুদ্ধিমান্ ও সত্যবাদী। ভ্ৰাদৃশ ব্যক্তির শোক মোহের বশবভী হওয়া নিতান্ত অবিধের। দেখুন, আপনি ধর্মের সমাদর না করিয়া কেবল যুদ্ধা-ভিলাষী ব্যক্তিদিগকেই প্রশংসা করিতেন, সেই নিমিত্তই যাবতীয় ক্ষত্রিয় বিনষ্ট ও শক্তৈদিগের যশ পরিবদ্ধিত হইয়াছে। আপনি পূর্বেব উভয় পক্ষের মধ্যন্ত হইয়াছিলেন, কিন্তু পুত্রপণকে হিতোপদেশ প্রদান বা উভয় পক্ষে সমভাব প্রদর্শন করেন নাই। হে মহারাজ ! যে কার্য্য করিলে শেষে অমু-্তাপ করিতে না হয়, সে কার্য্যে প্রবৃত্ত হওয়াই মসুষ্যের শ্রোয়ংক**রা।** আপনি পুত্রের প্রীতি সাধনার্থ তাহারই মতামুঘায়ী কার্য্য করিয়াছিলেন। সেই নিমিত্তই আপনারে একণে অফু তাপ করিতে হইল। যে আপনার পতন विषय किছुमाळ विरवहना ना कतिया मधूरमाएं পर्वरङ बारताहर करत, তাহারে নিশ্চয়ই নিপ্তিত হইয়া আপনার ভায় অফুতাপ করিতে হয়। যাহা হউক, একণে আপনি শোক পরিত্যাগ করুন। শোক অর্থনাভ, ফললাভ, প্রিয়লাভ ও মোকলাভের প্রধান এতিবন্ধক। যে ব্যক্তি স্বয়ং অগ্রি উৎপাদন ও বত্ত্রে দংযোগ পূর্বক দগ্ধ হইয়া তুঃখার্ত্ত হয়, তাহারে কখনই পণ্ডিত বলা যায় না। পুর্নেষ্ঠ আপনারা পিতা পুজে লোভরূপ, মুত ও ৰাক্যরূপ বায়ু ছারা পাণ্ডবরূপ ভীষণ হুতাশন প্রজ্বলিত করিয়াছিলেন। আপনার পুত্রগণ সেই সমিদ্ধ পাবকে শলভকুলের আয় দগ্ধ হইয়াছে। অত্তর তাহাদের নিমিত আর শোক করা কর্ত্তব্য নহে। আপনি অঞ্চল ছারা মুখমগুল প্লাবিত করিতেছেন, উহা কিন্তু নিভান্ত শান্ত্রবিরুদ্ধ। পণ্ডি-তেরা কহেন যে, আত্মীয় ব্যক্তির শোকাশ্রু অনল স্বরূপ হইয়া মৃত ব্যক্তি-দিগকে দক্ষ করিয়া থাকে। অতএব আপনি শোক পরিত্যাগ পূর্বক ধৈর্য্যা-বলম্বন করুন। মহামতি দঞ্জয় রাজা ধুতরাষ্ট্রকে এইরূপে আখাদিত করিতে লাগিলেন।

দ্বিতীর অধ্যার।

হে জনমেজয়। সঞ্জয়ের বাক্যাবসানে মহাত্ম। বিহুর অয়তভুল্য বাক্যে

রাজা ধৃতরাষ্ট্রকৈ পুলকিত করিয়া কহিতে লাগিলেন, মহারাজ ! আপনি কি নিমিত্ত শয়ন করিয়া রহিয়াছেন; অবিলম্বে গাত্রোত্থান পূর্ববক ধৈর্য্যাবলম্বন করুন। কিছুই চিরস্থায়ী নহে। ক্লয় স্তপের গস্ত, পতন উন্নতির মন্ত, বিয়োগ সংযোগের অন্ত এবং মৃত্যুই জীবনের অন্ত। কৃত।ন্ত বীর ও ভীরু উভয়কেই আকর্ষণ করেন। অতএব ক্ষত্রিয়গণ কি নিমিত্ত স্বংশ্মানুসারে সংগ্রামে প্রব্রুত্ত না হইবেন ? দেখুন, লোকে যুদ্ধ না করিয়াও মৃত্যুমুখে নিপতিত হয় এবং যুদ্ধ করিয়াও জীবিত থাকে। ফালত কাল উপস্থিত হইলে কেহই তাহ। অতিক্রম করিতে সমর্থ হয় না। হে মহারাজ ! প্রাণি-গণের জন্ম গ্রহণের পূর্নেব অভাব থাকে, মধ্যে স্থিতি হয় এবং মৃত্যু হইলে পুনরায় অভাব উপস্থিত হইয়া থাকে। স্কুতরাং মৃত ব্যক্তিদিগের নিমিত্ত ত্বঃখ করিবার তাৎপর্য্য কি ? মনুষ্য নিতান্ত শোকাকুল হইলেও যথন মৃত ব্যক্তির অনুগমন করিতে বা স্বয়ং মৃত্যুমুখে নিপতিত হইতে সমর্থ হয় না; তথন আপনি কি নিমিত্ত এইরূপ শোক প্রকাশ করিতেছেন। কৃতান্ত সকলকেই আত্মদাৎ করিয়া থাকেন। কেহই তাঁহার প্রিয় বা অপ্রিয় নহে। তৃণাগ্র সমুদায় যেমন বায়ুবেণের বশীভূত হইয়া উড্ডীন হয়, ভজ্রপ প্রাণিগণ কুতান্তের বশীভূত হইয়া গাণ পরিত্যাগ করে। হে মহারাজ! দকলকেই সেই একমাত্র কুতান্তের করাল কবলে নিপতিত হইতে হইবে। কাল সক-লেরই অত্যে অত্যে ধাবমান হইতেছে। অতএব মৃত ব্যক্তিদিগের নিমিত্ত শোকের সম্ভাবনা কি ? এক্ষণে যদি শাস্ত্রযুক্তি আপনার গ্রাহ্য হয়, তাহা ছইলে সংগ্রামনিহত বীরগণের নিমিত্ত আর শোক প্রকাশ করিবেন না। তাঁহার। সকলেই উৎকৃষ্ট গতি লাভ করিয়াছেন। ঐ সকল বীর স্বাধ্যায় সম্পন্ন ও ব্রতপরায়ণ; বিশেষত তাঁহার। যুদ্ধে সমুখীন হইয়া বিনষ্ট হইয়াছেন। হৃতরাং তাঁহাদের নিমিত্ত শোক করিবার প্রয়োজন কি। স্থার দেখুন, জন্ম-গ্রহণের পুর্বেব ঐ সমস্ত বীরগণের দর্শন লাভ হয় নাই এবং এক্ষণে ৪ পুন-রায় অদৃশ্য হইয়া গিয়াছেন; আর তাঁহাদিগের সহিত আপনার ও আপনার সহিত তাঁহাদিগের আর কোন সম্পর্কই নাই। স্কুতরাং তাঁহাদিগের নিমিত্ত শোক প্রকাশ করা নিতান্ত মূঢ়ের কার্য্য। হে মহারাজ! সমরে প্রবৃত্ত হইয়া নিহত হইলে স্বৰ্গলাভ এবং শত্ৰু বিন্ফ করিলে যশোলাভ হইয়া

থাকে। এই উভয়বিধ বিষয়ই বহুগুণাত্মক ; হুতরাং যুদ্ধ প্রবৃত্তি কখনই নিক্ষল হইবার নহে। যাঁহারা সমরে নিহত হন, তাঁহারা ইল্রের নিকট আতিথ্য লাভ করেন। দেবরাজ রণনিহত ব্যক্তিদিগের নিমিত্ত অভাষ্ট লোক নির্দ্ধারিত করিয়া রাখেন, সন্দেহ নাই। বার্গণ সমরে প্রাণ ত্যাগ করিয়া যেমন অবিলম্থে স্বর্গ লাভ করেন, অত্যে প্রভূত দক্ষিণা দান সহকারে यख्डार्क्नुष्ठीन, তপঃসাধন ও বিভানুশীলন দ্বারা সেরূপ করিতে সমর্থ হয় না। দেই সমস্ত 'মূহাবীর 'বিপক্ষ বীরগণের দেহরূপ ভ্তাশনে শর্নিকররূপ আহুতি প্রদান পূর্ব্বক অরাতিগণের শরবেগ দহু করিয়াছেন। হে মহারাজ! যুদ্ধ ব্যতিরেকে ক্ষত্রিয়ের স্বর্গ লাভের ত্বলভ পথ আর কিছুই নাই। দেই সমস্ত মহাবল পরাক্রান্ত মহাত্মা ক্ষত্রিয় উৎকৃষ্ট গতি লাভ করিয়াছেন। তাঁহা-দিগের নিমিত্ত শোক প্রকাশ করা নিতান্ত স্মুচিত। এক্ষণে আপনি শোক-বেগ সম্বরণ পূর্বক ধৈর্যাবলম্বন করুন। শোকে অভিভূত হইয়া আপনার কার্য্য বিশ্বত হইবেন না। এই জগতে সহস্র সহস্র লোকের মাতা পিতা ও পুত্র কলত্র বর্ত্তমান আছে, কিন্তু কেহটু, কাহারও নহে। এই সংসারে শোক ও ভায়ের অসংখ্য কারণ বিভাষান আছে; তৎসমুদায় প্রতিনিয়ত মুখ-কেই অভিভূত করিয়া থাকে, পণ্ডিতের সম্মুখীন হইতে কদাচ সমর্গ্র হয় না। হে মহারাজ। কাহারও উপর কালের প্রীতিবা অপ্রীতিনাই। কাল কাহারই প্রতি উদাদীয়া প্রকাশ করে না; সকলকেই আকর্ষণ করিয়া পাকে। সকল প্রাণীই কাল প্রভাবে পরিবর্দ্ধিত ও বিনষ্ট হয়। সকলে নিদ্রিত হইলেও একমাত্র কাল নিরন্তর জাগরিত থাকে। উহারে স্বতিক্রম করা নিতান্ত হৃক্টিন। দেখুন, জাবন, যৌবন, রূপ, ধন, আরোগ্য ও প্রিয়সহবাদ কিছুই চিরস্থায়ী নহে; বিবেচক লোকেরা এই ভাবিয়াই ঐ সমস্ত বিষয়ে কোন জামেই লিপ্ত হন ন। হে মহারাজ । একাণে মাপনি কি নিমৃত্ত একাকী এই সাধারণভোগ্য তুঃথ ভোগ করিতেছেন ? লোকে ছুঃখ চিন্তা করিতে করিতে বরং স্বয়ং বিন্ফ হইতে পারে, কিন্তু মনুশোচন ঘারা তাহার সেই তুঃথ কদাচ নিরাকৃত হয় ন।। তুঃথ চিন্তা না করাই তুঃখ নাশের প্রকৃত ঔষধ। নিরস্তর তুঃখ চিত্তা করিলে উহা কদাচ গপনীত হয় না, প্রত্যুত পরিবর্দ্ধিত হইতে থাকে। অল্লবুদ্ধি মনুষ্যেরা গনিষ্টাপাত।

ও ইন্টবিয়োগ এই তুই কারণ বশত মনোতঃখে নিরন্তর দগ্ধ হয়। হে মহারাজ! শোক প্রকাশ করা ধর্মাসুশীলন, অর্থ চিন্তা বা হুখভোগ নহে। শোকাকুল হইলে লোকের কার্যক্ষেতি ও ত্রিবর্গ নাশই হইয়া থাকে। মূর্থেরা বিশেষ চুর্দ্দশা প্রাপ্ত ইইয়া নিতান্ত অসন্তন্ত হয়, কিন্তু পণ্ডিতের। সেই অবস্থায় সম্ভোষ লাভ করিয়া খাকেন। বিজ্ঞাব্যক্তি প্রজ্ঞাবলে মানসিক তুঃখ ও ঔষধ প্রভাবে দৈহিক তুঃখ অপনীত করিবেন। জ্ঞান ব্যতিরেকে অস্ত কাহারই ছু:খ দূরীকরণের তাদৃশ ক্ষমতা নাই। 'পূর্ব্বকৃত, কর্ম মনুষ্য শয়ন করিলে তাহার পশ্চাৎ শয়ন অবস্থান করিলে পশ্চাৎ অবস্থান ও ধাৰমান হইলে উহ। তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাৰমান হইয়া থাকে। মনুষ্য যে যে অবস্থায় যেরূপ শুভ বা গুশুভ কর্ম্মের অমুষ্ঠান করে, সেই সেই ্ববস্থাতেই তাহার ফল ভোগ করিয়া থাকে এবং যে শরীরে যেরূপ কর্মের অমুষ্ঠান করে, তাহারে সেই শরীরে তাহার ফল ভোগ করিতে হয়। মমুষ্য আপনিই আপনার মিত্র, আপনিই আপনার শক্ত এবং আপনিই আপনার কৃত ও অকৃত কার্য্যের দাক্ষী স্বরূপ। শুভ কর্ম্মের অনুষ্ঠানে হুখ ও পাপ কর্ম্মের অনুষ্ঠানে ত্বঃথ হইয়া থাকে। সকলেই আপনার কর্মানুরূপ ফল ভোগ করে। কর্মের অনুষ্ঠান না করিয়া কেহই ফলভোগে দমর্থ হয় না। হে মহারাজ! ভবাদৃশ বুদ্ধিমান ব্যক্তিরা কথনই জ্ঞানবিরুদ্ধ বহুপাপজনক কার্য্যে প্রব্রন্ত হন না।

## ভূতীর অধ্যার।

ধৃতরাষ্ট্র কছিলেন,—মহাত্মন ! তোমার পরম উপাদেয় বাক্য শ্রবণে আমার শোক নিবারণ হইল। এক্ষণে আমি পুনরায় তোমার মধ্র বাক্য শ্রবণ করিতে নিতান্ত অভিলাষী হইয়াছি। অতএর পণ্ডিতেরা অনিষ্টাপাত ও ইউবিয়োগজনিত মানদিক তুঃখ হইতে কি রূপে মৃক্ত হইয়া থাকেন, তাহা কীর্ত্তন কর।

বিত্র কহিলেন, মহারাজ ! যে যে উপায় দারা মনোতৃঃখ ও হুখ হইতে বিমৃক্ত হওয়া যায়, পণ্ডিভেরা সেই সেই উপায় উদ্ভাবন পূর্বক হুখতৃঃখ-বর্জ্জিত হইয়া শাস্তি লাভ করেন। আমরা যা কিছু চিন্তা করি, সকলই শনিত্য। মানবগণ কললীরকের স্থায় নিতান্ত অদার পদার্থ। যখন বিদ্ধান,

মুর্খ, ধনবান্ ও নির্দ্ধন সকলে একতা হইয়া স্নায়ুপরিরত অভিময় মাংসশুন্য গাত্রে শ্মশানে শয়ন করিয়া থাকে, তৎকালে অপর লোকে কিরুপে ভাহা-দিগের কুল, রূপ ও গুণের বিশেষ পরিচয় প্রাপ্ত হইবে ? লোকে আপনার বুজির দোষেই পরস্পার লিপ্ত হইয়া থাকে। পণ্ডিতেরা মানবদিগের দেহকে गृहस्रक्षण विनिद्या निर्द्यम कतिया थारकन । कालक्रस्य म्हे तिह ध्वःम हहेया যায়। কিন্তু জীবাত্মার কোন কালেই বিনাশ নাই। লোকে যেমন জীর্ণবস্ত্র পরিত্যাগ পূর্বক নৃতন বস্ত্র পরিধান করে, জীবাত্মা তজ্ঞপ এক দেহ পরি-ত্যাগ পূর্বক অন্য দেহ আশ্রয় করিয়া থাকেন। প্রাণিগণ স্ব স্ব কার্য্য দারাই ইহলোকে স্থুথ তুঃখ ভোগ করিয়া থাকে। কর্ম দারা স্বর্গ ও স্থুখ তুঃখ লাভ হয় বলিয়াই মকুষ্য অবশই হউক ও স্ববশই হউক, সভতই কর্মভার বহন করে। যেমন মুগায় ভাণ্ডের মধ্যে কতগুলি কুলালচক্তে আরুঢ়, কতগুলি কিঞ্চিৎ আকার সম্পন্ন, কতগুলি সম্পূর্ণ গঠিত, কতগুলি ছিন্ন, কতগুলি অবরোপ্যমান্, কতগুলি অবতীর্ণ, কতগুলি শুষ্ক, কতগুলি অনলদ্ধ, কতগুলি অনল হইতে উদ্ধৃত ও কতগুলি জনসমাজে ব্যবহৃত হইয়া বিনক্ট হইয়া যায়, তদ্রপ প্রাণিগণের মধ্যে কেহ কেহ গর্ভবাদকালে, কেহ কেহ প্রদ্রবান্তে, কেহ (कह এक निन পরে, (कह (कह এक भक्तांत्य, (कह (कह এक मानांवनांत, কেছ কেছ এক বৎসর বা ছুই বৎসর পরে, কেছ কেছ যৌবনাবস্থায়, কেছ কেহ প্রেটাবস্থায় ও কেহ কেহ ব্রদ্ধাবস্থায় দেহত্যাগ করিয়া থাকে। ছওগণ জন্মান্তরীণ কার্য্য দ্বারা ইহলোকে জন্ম গ্রহণ বা মুক্তি লাভ করিয়া থাকে। হে মহারাজ! যথন সংসারের এইরূপ গভি, তখন আপনি কি নিমিত অফুতাপ ় করিতেছেন ? প্রাণিগণ যেমন সলিলে ক্রীড়া করিতে করিতে একবার নিমগ্র ও একবার উন্ময় হয়, তজাপ অল্লবুদ্ধি লোক স্ব স্ব কর্মানুসারে এই সংসারে ক্লেশ ও বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। আর যে সকল বিজ্ঞালোক ইহলোকে প্রাণিগণের হিতচেষ্ট। করেন, তাঁহাদিগেরই পরম গতি লাভ হয়।

## চতুর্থ অধ্যার।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে বাক্যবিশারদ ! সতি সুর্জ্জের সংসারের গতি কিরূপে অবগত হওয়া যাইতে পারে, উহা প্রবণ করিতে আমার একাস্ত বাসনা হইতিছে, তুমি যথার্থরূপে উহা কীর্ত্তন কর।

বিত্র কহিলেন, মহারাজ ! প্রাণীদিগের জন্মাবধি সমস্ত বৃস্তান্ত বর্ণন করিতেছি, প্রবণ করুন। জীব সর্ব্ব প্রথমে গর্ভমধ্যে গাঢ় রক্তে লীন থাকে। পরে পঞ্চম মাদ অতীত হইলে দর্বাঙ্গ দম্পন্ন হইয়া মাংদশৌণিতলিও অতি অপবিত্র স্থানে বাদ করে। প্রিশেষে বায়ুপ্রভাবে উদ্ধপাদ ও অধঃশিরা হইয়া যোনিদ্বারে আগমন ও বিবিধ ক্লেশ ভোগ করিয়া তথা হইতে মুক্ত হয়। এইরূপে প্রাণী ভূমিষ্ঠ হইয়। ক্রমে ইন্দ্রিয়পাশে বদ্ধ, হইতে খাঁকে। তখন অন্যান্য বিবিধ উপদ্রব তাহারে আক্রমণ করিতে আরম্ভ করে । গ্রহ সমুদায় আমিষলোলুপ দারমেয়গণের ন্যায় তাহার সমিধানে সমাগত হয়। ব্যাধি সকল কর্মদোষে ভাষার শরীরে প্রবেশ করে এবং আর আর বিবিধ ব্যসন তাহারে নিপীড়িত করিতে থাকে। মনুষ্যু বাল্যকালে এই প্রকার বিবিধ ক্লেশে পরিক্লিষ্ট হইয়া কোন ক্রমেই তৃপ্তি লাভ করিতে সমর্থ হয় না। ঐ সময় কাহারে সংকর্ম আর কাহারেই বা অসৎকর্ম বলে, তাগা কিছুই অব-গত হইতে সমর্থ হয় না। তৎকালে তাহার মঙ্গলাকাঞ্জনী ব্যক্তিরাই তাহারে রক্ষা করিয়া থাকে। ভ্রান্তবুদ্ধি ব্যক্তিগণ ক্রমে যমলোক গমনের সময় সমুপ-স্থিত হইতেছে বলিয়া বোধ করিতে সমর্থ হয় না ; কিন্তু যমদূত তাহারে যথা-কালে আকর্ষণ পূব্দক মৃত্যুমুখে নিপাতিত করে। সংসারের কি চমৎকার গতি! লোকে বারংবার আপনি আপনার বিনাশের কারণ হইয়াও আপনারে উলৈকা করে। ক্রোধ, লোভ ও ভয়ের বশীভূত হইয়া একেবারে আত্মজান রহিত হয় এবং কে লিন্য মর্যাদা প্রভাবে কুলহানদিগকে ও ধনদর্পে দরিক্র-গণকে নিন্দা করিয়া থাকে। অনেকে অন্যের উপর দোষারোপ ও অন্যকে মুর্থ জ্ঞান করে; কিন্তু আপনার শাসন বা আপনার প্রতি দৃষ্টিপাত করে না। যথন প্রাক্ত ও মুর্থ, ধনবান ও নির্দ্ধন এবং মর্য্যাদাপন ও মর্য্যাদাহীন দকলেই প্রাণ পরিত্যাগ পূর্বাক একত্ত হইয়া অন্মিভূমিষ্ঠ শিরাসংযুক্ত মাংস-শুন্য কলেবরে শাশানে শয়ন করিয়া থাকে, তথন কেহ কোন প্রকার লক্ষণ ছারা তাহাদের কুল, রূপ ও গুণ অবগত হইতে পারে না। যখন সকলকেই সমভাবে ধরাতলে নিপতিত হইয়া দীর্ঘনিদ্রোয় অভিভূত হইতে হইবে, তথন বৃদ্ধিহীন মানবগণ কি নিমিত্ত পরস্পার পরস্পারকে বঞ্চনা করিতে বাসনা করে। হে মহারাজ! যে ব্যক্তি জন্মাবধি এই বাক্য প্রবণ করে,

তাহার অস্তে পরম গতি লাভ হয় এবং তাহার পক্ষে কোন পথই তুর্গম হয় না।

## शक्य वर्गात् ।

ধৃতরাষ্ট্র কহিলেন,—হে বিছুর ! যে বুদ্ধি প্রভাবে ধর্মগ্রুনে প্রবেশ করা যায়, সেই বুদ্ধির বিষয় সবিস্তরে কীর্ত্তন কর ।

বিছুর কহিলেন, মহারাজ! আমি ভগবান্ ব্রহ্মারে নমস্কার করিয়া আপনার আংদেশাসুরূপ কীর্ত্তন করিতেছি, প্রবণ করুন। মহযিগণ সংসারকে বনস্বরূপ বলিয়। নির্দেশ করেন। পুর্বেব এক ব্রাহ্মণ ভ্রমণ করিতে করিতে এক তুর্গম অরণ্যে প্রবেশ করিয়।ছিলেন। ঐ বন সিংহ, ব্যান্ত, গঙ্গ ও নিশা-চরগণে সমাকীর্ণ ও ভীষণ শব্দে পরিপুরিত। উহা এরপ ভয়ানক যে, দর্শন করিবামাত্র ক্তান্তকেও একান্ত ভাত হহতে হয়। সেই ভাষণ অরণ্য দর্শন করিয়া দ্বিজ্বরের অন্তঃকরণ নিতান্ত উদ্বিগ্ন ও সর্বেশরীর রোমাঞ্চিত হইয়া উঠিল। তখন তিনি কাহার শরণাপন্ন হতব এত ভাবিয়া দশ দিক নিরীক্ষণ করিতে করিতে প্রাণভয়ে ধাবমান হইলেন। কিন্তু কোন ক্রমেই সেই বনচর-দিগকে অতিক্রম করিতে সমর্থ হইলেন না। পরিশেষে তিনি পর্যাটন করিতে করিতে দেখিলেন যে, ঐ ভাষণ কানন বন্ধনজালে সমারত ও শৈলের ভাষ সমুদ্ধত পঞ্চলীৰ্য নাগগণে সমাকীৰ্। এক বৃহৎকায় কামিনী বাছৰয়দারা ঐ অরণ্য আক্রমণ করিয়া রহিয়াছে। ঐ কাননে হুদুঢ় তৃণলভাদিমণ্ডিত একটা র্হৎ কৃপ বিদ্যমান ছিল। चिজবর ভ্রমণ করিতে করিতে সেই লতাবিতান-ৰুড়িত গভীর কুপে নিপতিত ও লতাজালে লগ্ন হইয়া উদ্ধিপাদে অধামস্তকে রুস্তসংলগ্ন পনসফলের ভাষ লম্বমান রহিলেন। ত্রাহ্মণ যে কৃপমধ্যে লম্বমান इहेंग्राहे निक्कृि लांख कतिरलेन अभन नरह, औ खारन ड डांहात अग्र अक डिन-দ্ৰেব উপস্থিত হইল। তিনি তথায় দেই অবস্থায় অবস্থান পূৰ্ববক দেখিলেন বে, একটা মহাদর্শ ঐ কূপের অধোভাগে অবস্থিত রহিয়াছে এবং একটা বড়-বক্তু দাদশচরণ কৃষ্ণবর্ণ নদমত মাতঙ্গ ক্রেম ক্রমে ঐ কৃপমুখন্তিত রক্ষের मशीर भागमन कतिएक । के बुरक्त अभाषाय नानात नवाती ज्यकत मध्-করগণ মধুক্রম আর্ভ করিয়া নিরন্তর প্রাণগণের প্রার্থনীয় ব্রহ্মারণ লোভনীয় **অতি উপাদের মধু পান করিবার চেন্টা করিতেছে এবং কতগুলি কৃষ্ণদর্শ ও** 

শেতবর্ণ মৃষিক দশন দ্বারা ঐ পাদপ ছেদনে প্রবৃত্ত হইয়ছে। হে মহারাক্স!
সেই রক্ষণাথা হইতে অনবরত মধুধারা নিঃস্তত হইতেছিল। আক্ষাণ ঐ সকট
সময়েও সতত সেই মধুধারা পান করিতে লাগিলেন, কিন্তু কিদুতেই তৃতিলাভে সমর্থ হইলেন না। বরং উত্রোভর তাঁহার অধিক লাভের প্রত্যাশা বলবতী হইতে লাগিল। তথন ঐ অবস্থাতেও তাঁহার জীবনে কিছুমাত্র নির্নেদ উপন্থিত হইল না। হে মহারাক্ষ! ঐ অরণ্যে প্রথমত হিংক্রেজস্তুগণ, দ্বিতীয়ত সেই ঘোররূপা কামিনী, তৃতীয়ত কৃপের অধঃন্থিত মহান্প, চতুর্পত্র কৃপমুখন্থ রক্ষাভিমুখে ধাবমান মন্ত মাতক, পঞ্চমত মুষিকদশনছিল রক্ষের পতন ও ষষ্ঠত মধুলুরু মধুকরগণ হইতে বিষম শক্ষা বিদ্যমান রহিয়াছে। কিন্তু আক্ষাণ স্বচ্ছদে সেই অরণ্যে কৃপমধ্যে সেই অবস্থায় অবস্থান করিতে লাগিললেন, কোন ক্রমেই জীবিতাশা পরিত্যাগ করিতে পারিলেন না।

## वष्ठे व्यशात्र ।

তখন ধৃতরাষ্ট্র তুঃখ প্রকাশ করিয়া কছিলেন,—হায়! সেই ব্রাক্ষণের তথায় অবস্থান করা নিতান্ত ক্ষকর হইল, সন্দেহ নাই। তিনি কি নিমিত্ত তথায় অবস্থান করিতে সম্মত হইলেন । তিনি যে স্থানে বাস করিতেছেন, সে স্থান কোথায় এবং তথা হইতে ভাঁহার পরিত্রোণের উপায়ই বা কি, তাহা কীর্ত্তন কর। ভাঁহার উদ্ধারের নিমিত্ত আমার নিতান্ত বাসনা হইতেছে।

বিত্র কহিলেন, মহারাজ! মোক্ষধর্মবিৎ পণ্ডিতগণ পূর্নেরিক্ত উপাখ্যান সংসারের আদর্শ স্বরূপ কীর্ত্তন করিয়া গিয়াছেন। মানবগণ উহা বিশেষ অবগত হইয়া সাবধানে অবস্থান করিতে পারিলে পরলোকে স্কৃত লাভে সমর্থ হয়। ইতিপুর্নের আপনারে যে মহারণ্যের কথা কহিলাম, উহা মহাসংসার। উহাতে যে সকল হিংত্র জন্ত আছে, তাহারা ব্যাধি আর সেই রহৎকায় কামিনী রূপলাবণ্যবিনাশিনী জ্বরা এবং সেই কৃপ মানব্রণের দেহ স্বরূপ। ঐ কৃপের অধোভাগে যে মহাসর্প বাস করিতেছে, সে মসুষ্যগণের সর্বসংহারকর্ত্তা, প্রাণীদিগের অন্তক কাল। ঐ কৃপমধ্যে যে লতা সঞ্জাত হইয়াছে এবং যাহাতে সেই ব্রাহ্মণ লক্ষান রহিয়াছে, উহা মসুষ্যদিগের জীবিতাশা। যে ষড়ানন ক্ঞার ঐ কৃপমুখন্তিত বৃক্ষ সমীপে গ্যন করিতেছে, উহা সংবৎসর; উহার ছব মুখ ছব ঋতু এবং ঘাদশ

**চরণ पांगण** गांग। य नकल गृषिक ६ भन्न भे तुक ছেদন করিতেছে, উহার। প্রাণিগণের পায়ুঃক্ষয়কর দিবা ও রাত্তি। আর যে সকল মধুকরের কথা উলেখ করিয়াছি, উহার। কাম। আর সেই রক্ষ হইতে যে মধুধারা নিঃস্ত হইতেছে, উহা কামরদ। মানবগণ ঐ রুদে সভত নিময় হইয়া থাকে। হে মহারাজ ! পণ্ডিতগণ সংগারকে এইরূপ ছির করিয়া উহাতে বন্ধ হন ন।।

### সহাম ভাগ্যায়।

ধৃতরাষ্ট্র কহিলেন,—মহাজান্! তুমি স্বীয় তত্ত্বদর্শিতা প্রভাবে অস্কুড উপাখ্যান কীর্ত্তন করিলে। তোমার বাক্যামূত পান করিতে পুনর্নার কৌতুহল হইতেছে।

বিতুর কহিলেন, মহারাজ ! পণ্ডিতেরা যাহা প্রাবণ করিয়া সংদার হইতে মুক্ত ধন, আমি পুনর্বার সেই বিষয় গবিস্তরে কীর্ত্তন করিতেছি, **এ**বণ করুন। লোকে যেমন অনেক পথ অতিক্রম করিতে হইলে নিতান্ত পরিশ্রান্ত হইয়া স্থানে স্থানে অবস্থান করিয়া গাকে, তদ্রূপ নির্কোধ লোকেরা এই সংসার পর্য্যটন ক্রমে বারংবার গর্ভবাস আশ্রয় করে, কিন্তু পশুতেরা তাহা হইতে মুক্ত হন, এই নিমিত্ত শাস্ত্রবিৎ বিজ্ঞালোকেরা এই সংদার-গহনকে পথ বলিয়াও নির্দিট করিয়া থাকেন। স্থাবর জঙ্গমার্থক সমুদায় পদার্থই এই পথে নিরস্তর পরিভ্রমণ করিতেছে; কেবল পণ্ডিতগণ উহাতে বিরত হইয়া আছেন। ঐ পথে হিংঅজন্তর স্থায় শারীরিক ও গানসিক বিবিধ ব্যাধি সভত মকুধ্যগণকে আক্রমণ করে। যদি কেছ কোন ক্রমে ব্যাধির হস্ত হইতে বিমৃক্ত হয়, তাহা হইলে জরা ক্রমে ক্রমে তাহারে আক্র- ' মণ পূর্বক তাহার রূপ বিনাণ করিতে থাকে, কিন্তু মনুষ্য এরূপ নির্দোধ যে, ঐ রূপ তুরবন্থাতেও কোনক্রমে জীবিতবাদনা পরিত্যাগ করে না; সততই শব্দ, রূপ, রুস, স্পর্শ প্রভৃতি বিবিধ ইন্দ্রভোগ্য বিষয়ে বিলিপ্ত থাকে'। সংবৎসর, ঋতু, মাস, পক্ষ ও দিবারাত্রি ক্রমে ক্রমে মতুষ্যগণের রূপ ও পরমায়ু ক্ষয় করিতে থাকে, কিন্তু ঐ নির্কোধেরা উহাদিগকে কালের প্রতিনিধি বলিয়া অবগত হইতে পারে না। সকলে স্ব স্ব কর্মাত্ম-क्रिश क्रमा क्रिया थारक। विच्छ वाक्तिशन धानिशानत नत्रीतरक यासत तथ, जीवनरक की तरबंद मात्रिय, हे खिद्यशंगरक छैशत यथ ଓ कर्या ଓ वृश्विरत

প্রশাদিগের রশ্মি বলিয়া কীর্ত্তন করেন। যে ব্যক্তি সেই ধাবমান অশগণকে বৃদ্ধিরূপ প্রপ্রহ দারা নির্ত্তনা করিয়া ভাহাদের অসুধাবন করে, ভাহারে এই সংসার চক্তে চক্তের ন্যায় পরিভ্রমণ করিতে হয়। আর যাহারা ঐ অশগণের সহিত ভ্রমণ করিয়াও মুগ্ধ না হয়, ভাহাদিগকে এই সংসারে বারংবার ভ্রমণ করিতে হয় না।

হে মহারাজ! মানবগণকে এইরূপে সংসারচক্তে ভ্রমণ করিয়া বিবিধ ছঃখ ভোগ করিতে হয়; অতএব বুদ্ধিমান্ ব্যক্তির সেই ছুঃপ নিবারণের নিমিত্ত বিশেষ যত্ন করা অবশ্য কর্ত্তব্য। উহাতে উপেক্ষা করা কোনরূপেই বিধেয় নহে। উপেক। করিলে উহা ক্রনে ক্রনে শতধা পরিবন্ধিত হইতে পাকে। ইংলোকে যিনি ক্রোধলোভে বিবর্জ্জিত, জিতেন্দ্রিয়, সম্বন্টচিত্ত ও সত্যবাদী, তিনিই শান্তি লাভে সমর্থ হন। আর যে ব্যক্তি নিতান্ত নির্বোধ ও মুশ্ধ, সেই আপনার মত রাজ্য, হৃহৎ ও পুত্র বিনাশে নিতান্ত ক।তর হইরা মহুতাপ ও ছঃখ ভোগ করে। সংযত চিত্ত সাধু ব্যক্তির। জ্ঞানরূপ মহৌষধি প্রয়োগপূর্বক ছ:খরপ মহাব্যাধি নিরাক্ত করিয়া থাকেন। চিত্ত হৈছ্য্য ছ:খ विस्माहत्नत त्यक्तभ छे एक के छे भाग, विक्रम, अर्थ वा वस्त्रवासन तमक्त नरह। ভাতএব আপনি স্থিরচিত হইয়া চুঃখ সংবরণ করেন। দম, দান ও অনবধানতা এই তিনটী ব্রহ্মার অখ। যিনি শীলরপে রশ্মি গ্রহণপূর্বক ঐ তিন অখসংযুক্ত মানসরথে আরোহণ করিতে পারেন, তিনি শমনভয় পরিহারপূর্বক অনায়াসে ব্রহ্মলোক গমনে সমর্থ হন। আর যিনি প্রাণিগণকে অভয় প্রদান করেন. তিনি অতি উৎকৃষ্ট বিষ্ণুলোকে গমন করেন। অভয়দানে যে রূপ ফল লাভ হয়. সহত্র যজ্ঞাসুষ্ঠানে ও নিত্য উপবাদেও সেরূপ ফল লাভ হয় না। প্রাণিগণের মধ্যে সাক্ষা অপেকা প্রিয়তর বস্তু আর কিছুই নাই। কেহই মৃত্যু অভিলাষ করে না। অতএব সর্বাদাসর্বভূতে দয়াকরা অবশ্য কর্ত্তব্য। অসুক্ষাদশী ভ্রান্তবুদ্ধি মানবগণ মোহজালে জড়িত হইয়া অনবরত ভ্রমণ করিতে খাকে। আর সূক্ষদর্শী মহাস্থারা শাখত ত্রহ্মলোক প্রাপ্ত হন।

# ভূটৰ অধ্যার।

বৈশম্পায়ন কহিলেন,—মহারাজ ! পুত্রশোকার্ত্ত রাজা ধুতরাষ্ট্র বিজ্রের বাক্য আবশানস্তর মূর্চিহত হইয়৷ ভূতলে নিপত্তিত হইলেন ৷ ভ্রথন কুক্ষবৈপায়ন, বিত্র, সঞ্জয় এবং অন্যান্য বন্ধুবান্ধব ও ছারপালগণ ঠাঁহারে তদবন্ধ অব-লোকন করিয়া বহুক্ষণ অ্লাতল জলদেক, তালরস্ত বীজন ও গাত্রসংস্পর্শ ছারা পরম যত্ন সহকারে ঠাঁহার মৃদ্র্য অপনোদন করিলেন। এইরপে অন্ধরাজ বহুক্ষণের পর সংজ্ঞা লাভ পূর্বক পুত্রশোকে একান্ত অভিত্ত হইরা বিলাপ করত ব্যাসদেবকে কহিলেন, হে ছিজসন্ত্য! মানবদেহ ধারণে ধিক। সমুষ্য দেহ ধারণ করিলেই পুত্র, অর্থ ও জ্ঞাতিকুটুম্ব বিনাশের নিমিন্ত পদে পদে বিষাগ্রি-সদৃশ বিষিধ তুঃথ উপস্থিত হইয়া শরীর দগ্ধ ও বৃদ্ধি বিনক্ষ করিতে থাকে। তঃখাগ্রিতে দেহ দগ্ধ হইলে লোকে অচিরাৎ মৃত্যু প্রার্থনা করে। একণে তুর্ভাগ্রশতই আমার এইরপ তুর্দ্ধশা উপস্থিত হইয়াছে; অতঃপর প্রাণ পরিত্যাগ ব্যতীত এ তঃথের আর নিঙ্কৃতি দেখিতেছি না; অতএব আমি আজিই কলেবর পরিত্যাগ করিব। মহারাজ! রাজা ধৃতরাষ্ট্র স্বীয় পিতা কৃষ্ণদৈপায়নকে এই কথা কহিয়া শোকে নিতান্ত অভিত্ত ও চিন্তায় একান্ত আকুল হইয়া তৃক্ষীস্থাব অবলম্বন করিলেন।

তথন সহিষ বেদব্যাস শোক্সন্তপ্ত শ্বীয় পুক্ত ধৃতরাষ্ট্রের সেই বাক্য শ্রাবণে তাঁহারে সম্বোধন পূর্বক কহিলেন, বৎস! আমি তোমারে যাহা কহিতিছি, তাহা প্রবণ কর। তুমি সর্বা শান্তে বিশারদ, মেধাবী ও পরন ধার্মিক। কোন বিষয়ই তোমার অবিদিত নাই। মর্ত্ত্যদিগের অনিত্যতা বিষয় বিশেষ অবগত আছে। যথন সমস্ত জীবলোক অনিত্য এবং জন্ম পরিপ্রহকারী ব্যক্তিন্যাতেরই মৃত্যু নির্দ্দিন্ত রহিয়াছে, তথন তুমি কি নিমিত্ত শোক করিতেছ? দৈব ভোমার সাক্ষাতেই তুর্য্যোধনকে নিমিত্ত করিয়া তোমাদের এই বিরোধ উৎপাদন করিয়াছেন। স্বতরাং কৌরবকুলের ধ্বংস দৈবায়ত ও অথগুনীয়; অতএব তুমি কি নিমিত্ত পরলোকগত্ত্ব বীরগণের নিমিত্ত অমৃত্যাপ করিতেছ? মহামতি বিত্রর সন্ধি সংস্থাপন করিবার নিমিত্ত অনেক যত্ত্ব করিয়াছিলেন, কিন্তু কেনাক্রমেই কৃতকার্য্য হইতে পারেন নাই। অতএব স্পাইই বোধ হইতিছে যে, লোকে চিরকাল যত্ত্ব করিলেও দৈব ও নিয়ম উল্লেজন করিতে

হে বৎস! দেবগণ ভোমাদের কুলক্ষরের নিমিত্ত যাহা কহিয়াছিলেন, ভাহা আমি স্কর্ণে শ্রেবণ করিয়াছি। একণে সেই বিষয় ভোমার নিকট কীর্ত্তন করিব। উহা শ্রবণ করিলেই তোমার মন স্থির হইবে। পূর্বের্ব সামি একদা পুরন্দরের সভায় সমুপস্থিত হইয়া দেখিলাম, সমস্ত দেবতা ও নারদ প্রভৃতি দেবর্ষিগণ তথায় উপস্থিত রহিয়াছেন। ঐ সময় বহুমতীও স্বকার্য্য সাধনের নিমিত্ত তাঁহাদের সমীপে সমুপস্থিত হইয়া কছিলেন, হে দেবগণ! তোমরা পূর্বের ব্রহ্মার নিকেতনে আমার নিমিত্ত যে কার্য্য সাধনে স্প্রকার করিয়াছিলে, সচিরাৎ তাহার সমুষ্ঠান কর। তথন সর্বলোকপুল্পনীয় বিষ্ণু বহুমতীর সেই কথা শ্রবণে হাস্য করিয়া কহিলেন, বহুদ্ধরে! "ধৃতরাষ্ট্রের্মণত পুর্ব্রের মধ্যে সর্বজ্যেন্ঠ ক্রেয়াধন তোমার কার্য্য সাধন করিবে। সে ভূপতি হইলেই ভূমি ক্রতার্থ হইবে; ঐ ত্রান্মার কার্য্য সাধনার্থ মন্ত্রান্ত ভূপালগণ কুক্লক্ষেত্রে সমবেত হইয়া দৃঢ়তর অল্রাখাতে পরস্পরের বন সম্পাদন করিলেই তোমার ভার লাঘ্র হইবে। এক্ষণে গবিলম্বে স্বস্থানে গমন করিয়া লোক্ষিগকে ধারণ কর।

হে মহারাজ! ভোমার পুত্র হুর্ঘ্যোধন লোক সংহারের নিমিত্ত কলির তাংশে গান্ধারীর গর্ভে জন্ম গ্রহণ করে। সে নিতান্ত অমর্বপরায়ণ, চপল-স্বভাব, ক্রেদ্ধ ও তুর্বিনীত ছিল। দ্বপ্রভাবে তাহার ভ্রাতৃগণও তংসদৃশ হইয়া উঠিয়াছিল এবং শকুনি মাতুল ও কর্ণ পরম স্থা হইয়াছিল। হুর্য্যো-ধনের আয় অভান্য অনেক ভূপতিও লোকবিনাশের নিমিত্ত পুথিবীতে জন্ম পরিপ্রাহ করিয়াছিল। রাজা যেরূপ স্বভাবসম্পন্ন হন, প্রজারাও তদকু-রূপ হইয়া থাকে। রাজা ধর্মপরায়ণ হইলে সধর্মও ক্রমে ক্রমে ধর্ম হইয়া উঠে। স্বামীর গুণ দোষ প্রভাবে ভূত্যের গুণ দোষ মমূৎপন্ন হয় সন্দেহ নাই। স্থা রাজার দোবেই তোমার অন্যাত্ত তন্ধগণ নিহত হইয়াছে। অত এব তাহাদিগের নিমিত্ত সনর্থক শোক্ত করিবার প্রয়োক্তন নাই। তোমার পুত্রেরা নিতান্ত ত্রাচার ছিল; তাহাদের দোবেই সমুদায় পৃথিবী উচিছ্মপ্রায় हरेशारकः। এ विषयः পाधवगरनत अयुगाळ अभताध नारे। भूर्त्व उद्मानी দেবর্ষি নারদ রাজসূয় যজ্জাহলে বুধিষ্ঠিরকে কহিয়াছিলেন যে, নহারাজ! কৌরব ও পাগুর্বগণ পরস্পর যুদ্ধে গ্রন্ত হুইয়া আপনাদিগের কুলক্ষর করিবে, অতএব একণে তোমার যাহ। কর্ত্তব্য হয়, তাহার অনুষ্ঠান কর। ঐ সমর পাশুবগণ নারদের সেই বাক্য আবণে যাহার পর নাই পোক প্রকাশ করিয়াছিলেন। তে

বৎস! একণে তোমার নিকট এই সকলগুপ্ত কথা প্রকাশ করিলায়। অতঃপর ভূমি দৈবকুত বিভূমনা অবগত হইয়া শোক পরিত্যাগ, প্রাণধারণে যত্ন e পাশুবগণের এতি স্নেহ প্রদর্শন কর। আমি পুর্বেই এই সমান্ত র্ভান্ত অবগত হইয়া রাজসূয় যজ্ঞ সমধ্যে ধশ্মরাজ যুধিষ্ঠিরকে বিজ্ঞাপি ক্রকরিয়াছিলাম। যুধিষ্ঠিরও আমার মুখে ঐ কথা ভাবণ করিয়া কৌরবদিগের সহিত বিজ্ঞোহ चंद्रेना ना रहेवीत निमित्र जातन यञ्च कतियाहित्सन। किन्छ रेसरवत वसवन्त अ অবওনীয়তা প্রভাবে কুতকার্য্য হইতে পারেন নাই। কি স্থাবর কি জঙ্গন. কাহারই কুতান্তের নিয়ম গতিক্রম করিবার ক্ষমতা নাই। ভূমি ধার্ম্মিক, বৃদ্ধি-বিশারদ এবং প্রাণিগণের সদস্তি ও ছুর্গতির বিষয় বিলক্ষণ অবগত আছ : তবে কি নিমিত্ত এক্ষণে মুগ্ধ হইতেছ ? রাজা যুধিষ্ঠির তোমারে এরূপ শোকাভিত্তত জানিতে পারিলে প্রাণ পরিত্যাগেও ক্ষান্ত হইবেন না। ধর্মারাজ একান্ত ধার। তিনি পশুপক্ষীর প্রতিও নিয়ত কুপা প্রকাশ করিয়া থাকেন। তোমার প্রতি তাঁহার দয়ানা হইবার সম্ভাবন। কি ? এক্সণে ভূমি আমার অনুরোধ রকা, দৈবের অবগুনীয়তা অসুধ্যান ও পাণ্ডবগণের প্রতি করুণা প্রকাশ করিয়া জাবন ধারণ কর : তাহা হইলে নিশ্চয়ই লোকসমাজে কীর্ত্তি লাভ, ধর্মার্থের গমুশীলন ও দীর্ঘকাল তপোমুষ্ঠান করিতে সমর্থ হইবে। অতঃপর প্রজ্ঞারূপ জলদেচন দার। প্রস্থালিত পুত্রশোকানল নির্কাপিত করাই তোমার অবশ্য কর্ত্তব্য।

হে জনমেজয়! মহারাজ ধৃতরাষ্ট্র অমিততেকা বেদব্যাদের সেই বাক্য ভাবণানন্তর মুহূর্ত্তকাল চিন্তা করিয়া কহিলেন, মহর্ষে ! গামি গুরুতর শোকে নিতাস্ত অভিস্তুত হইয়াছি। বারংবার মোহ উপস্থিত হওয়াতে আমার আত্ম-জ্ঞান ভিরোহিত হইয়া গিয়াছে। ঘাহা হউক, এক্ষণে গাপনার মুখে নিপুঢ় রুভাস্ত প্রবণ করিয়া অবগত হইলাস যে, আমার পুজ্ঞাণ দৈব প্রভাবেই নিহত ছইয়াছে। শতএৰ স্থার স্থামি প্রাণত্যাগের বাদনা বা শোক করিব না। মহা-রাজ ! তথন মহযি বেদব্যাস প্রতরাষ্ট্রের সেই বাক্য প্রবণ করিয়া সেই স্থানেই व्यक्षरिंख रहेरमन ।

#### नवम खशास ।

कनासक्य कहिलान,--- खेकान्। जगवान् (वनवाग श्रेष्टान कतिला महाताकः ধুজরাষ্ট্র কি করিলেন ? মার ঐ সমর ধর্মপুত্র যুধিষ্টির ও রূপ প্রভৃতি বীরত্তয়

কি কার্য্যের অস্ষ্ঠান করিতেছিলেন, তাহা কীর্ত্তন করুন। আসি আপনার নিকট অব্ধামার কার্য্য শ্রবণ করিয়াছি। একণে দক্ষর ধৃতরাষ্ট্রকে ধাহা কহিলেন; তাহা শ্রবণ করিতে আমার'নিতান্ত অভিলাষ হইতেছে।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! অনন্তর সঞ্জয় তুর্য্যোধন ও তাঁহার দৈন্যগণের বিনাশে হতবুদ্ধি হইয়া ধুতরাষ্ট্র দ্মীপে আগমন পূর্বক কহি-লেন, মহারাজ! নানাদেশীয় ভূপালগণ কুরুকেত্তে আগমন ক্রিয়া গাপ-নার পুত্রগণের সহিত পিতৃলোকে প্রস্থান করিয়াছেন। তুর্ঘ্যোধন বৈরতা উচ্ছিন্ন করিবার মান্দে সমুদায় 'পুথিবী উচ্ছিন্নপ্রায় করিয়াছেন। আপনি যথানিয়নে পুক্র পৌক্র ও পিতৃগণের প্রেতকার্য্য সম্পাদন করুন। ্মক্ষরাজ ধৃতরাষ্ট্র সঞ্জয়ের মুখে এইরূপ নিদারুণ বাক্য শ্রাবণ করিয়া বিচেতন ও মৃতকল্ল হইয়া ধরাতলে নিপতিত হইলেন। তখন সর্বাধর্মজ্ঞ মহাত্মা বিত্র তাঁহারে ভূতলশায়ী দেখিয়া কহিলেন, মহারাজ ! সমুদায় জাবকেই মৃত্যুমুখে নিপতিভ হইতে হইবে; অতএব আপনি শোক পরিত্যাগ পূর্বক গাত্রোত্থান করুন। প্রাণিগণের জম্মের পূর্বে অভাব, তৎপরে কিয়দ্দিন মাত্র স্থিতি এবং পরিশেষে নিধনানন্তর পুনরায় অভাব লক্ষিত হয়। অতএব তাহাদিগের নিমিত্ত শোক করা বিচ্ছা লোকের কর্ত্তব্য নহে। শোক করিলে মৃত ব্যক্তিরে প্রাপ্ত বা স্বয়ং মৃত্যুমুখে নিপতিত হওয়া যায় না। তবে আপনি কি নিমিত্ত অমুকাপ করিতেছেন। দেখুন, লোকে সংগ্রামবিমুখ হইয়াও মৃত্যুগ্রান্ত হয় এবং যুদ্ধ করিয়াও জীবিত থাকে। কাল উপস্থিত হইলে কেংই তাহা অতিক্রম করিতে পারেন। কাল সমুদায় জীবকেই আকর্ষণ করে। কালের প্রিয় বা অপ্রিয় কেহই নাই। তৃণরাশি যেমন বায়ুর বশীস্থূত হইয়া উড্ডীন হয়, প্রাণিগণও তচ্চেপ কালের বশীস্থৃত হইয়া প্রাণ ত্যাগ করে। ইহলোকস্থ সমুদায় জীবগণকেই এ হ স্থানে গমন করিতে হইবে। অতএব কালবশবন্তী ব্যক্তিদিগের নিমিত্ত শোক করা নিতান্ত শকর্তব্য। ভার আপনি যে সমস্ত মহান্তার নিমিত্ত শোক করিতেছেন, বস্তুত জাঁহারা শোচ্য নহেন। , তাঁহারা সমরে নিহত হইয়া স্বর্গে গমন করিয়াছেন। বীরগণ যুদ্ধে প্রাণ ত্যাগ করিয়া ধেরপে সহজে স্বর্গ লাভ করেন, অস্তাত্ত লোকে প্রাভূতদক্ষিণ বহুসংখ্যক বজা, তপস্যা ও বিস্থা

প্রভাবে সেরপ সহজে বর্গারোহণে সমর্থ হয় না। আপনার পক্ষীয় সমুদায় বীরই বেদবেন্তা ও ব্রতপরায়ণ ছিলেন। তাঁহাদের মধ্যে কেইই সংগ্রাম-বিমুখ হন নাই। তাঁহারা বিপক্ষদিগের শরীরানলে শরান্ততি প্রদান ও অনারাসে শত্রুনিক্ষিপ্ত শরনিকর প্রহণ করিয়াছেন। তবে আপনি কি নিমিত্ত তাঁহাদের নিমিত্ত অমুতাপ করিতেছেন ? যুদ্ধই ক্ষত্রিয়দিগের বর্গলাভের উত্তর্ম পথ।, ক্ষত্রিয়ের পক্ষে সংগ্রাম অপেকা আর কিছুই প্রেষ্ঠ নহে। আপনার পক্ষীয় মহাবল পরাক্রান্ত ক্ষত্রিয়গণ পরম গতি লাভ করিয়াছেন। তাঁহারা কখনই শোচনীয় নহেন। অতএব একণে আপনি বয়ং আশ্বাদিত হইয়া শোক সম্বরণ করুন। শোকাভিভূত হইয়া কর্ত্রয় কার্য্যের অমুষ্ঠানে বিরত হইবেন না।

## দশম অধ্যায়।

হে মহারাজ ! তথন রাজা ধৃতরাষ্ট্র মহাত্ম বিহুরের সেই বাক্য শ্রেবণ করিয়া যান অসজ্জিত করিতে অসুজ্ঞা প্রদানপূর্বকে পুনরায় বিহুরতে কহিলেন, মহাত্মন্! তুমি গান্ধারী, কুন্তী, ও অন্যান্ত মহিলাগণকে অধিলন্থে আনয়ন কর। অশ্বরাজ বিছুরকে এই কখা বলিয়া শোকসম্ভপ্ত চিত্তে যানে আরো-হণ করিলেন। অনস্তর পুত্রশোকার্তা গান্ধারী পতির আদৈশামুসারে কুস্তী ও অক্তাক্ত অন্তঃপুরচারিণীদিগকে সমভিব্যাহারে লইয়া প্রভরাষ্ট্রের নিকট আগমন করিলেন। রোরুদ্যামানা রমণীগণ রাজার সমীপে সমুপস্থিত হইয়া উচ্চৈঃবরে ক্রন্দন করিতে লাগিলেন। মহাত্মা বিহুর শোকসম্ভণ্ড-চিত্তে আর্ত্তম্বরে দেই রোক্ষদ্যমান। কুলকামিনীদিগকে আখাদ প্রদানপ্রবিক ' রথে সংস্থাপিত করিয়া পুর হইতে বহির্গত হইলেন। ঐ সময় কোরবগণের প্রতিগৃহে আর্ত্তনাদ হইতে লাগিল। আবাল রুদ্ধ বনিতা সকলেই শোকে নিতান্ত অভিত্ত হইল। পূর্বে দেবগণও যে রমণীগণের মুখাবলোকন করিতৈ পারেন নাই, এক্ষণে ভাহারা অনাথা হইয়া সামান্ত লোকের নেত্র-পথে নিপতিত হইতে লাগিল। আলোলিতাকেশা একবন্তা কামিনীগণ অলমার উন্মোচন পূর্বক হরিশীগণ যেমন যুগপতির বিনাশে তুঃখাঁও হইয়া শৈলভুৰা হইতে ধহিৰ্গত হয় ভজ্ঞপ গৃহ হইতে বহিৰ্গত হইলেন এবং শোকাকুলিত চিতে শলনচারিশী ঘোটকীর ভায় ইতত্তত ধাবমান হইয়া

পিতা পুত্র ও প্রাতৃগণের নিমিত্ত উটেচঃম্বরে রোদন করিতে লাগিলেন। তাঁহালিগকে দেখিবামাত্র বােধ হয় যেন তাঁহারা যুগান্তকালীন লােক সংক্ষয়ের বিষয় প্রকাশ করিতেছেন। ঐ সময় তাঁহারা শােকে নিতান্ত হতজ্ঞান হইয়া কোন প্রকাশেরই কর্ত্বগাবধারণ করিতে পারিলেন না। পূর্বের যােমনিগণ স্থাজনের নিকটেও লজ্জায় ন্যমুখী হইয়া থাকিতেন, একণে শক্রাদিগের সমাপেই লজ্জা পরিত্যাগ পূর্বেক একবন্ত্র পরিধান করিয়া রহিলেন। পূর্বের যাঁহারা অল্প শােকের কারণ উপাহ্রিত হইলে পরস্পার পরস্পারকে আখাদ প্রদানে প্রস্তুত হইতেন একণে তাঁহারা শােকে অধীর হইয়া পরস্পারের মুখাবলাকন করিতে লাগিলেন। রাজা ধৃতরাষ্ট্র এইরূপে সেই রোক্ষদ্যমানা রমণাগণে পরিবৃত্ত হইয়া ছঃখিতমনে সমরাঙ্গনে যাত্রা করিলেন। শিল্পী, বণিক ও বেশ্যারা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল। ঐ সময় মহিলাগণের সার্তনাদে ত্রিভ্রবন ব্যথিত হইয়া উঠিল। বীরগণ যুগান্তকালে প্রাণিগণের ক্ষয় উপস্থিত হইয়াছে বলিয়া বােধ করিতে লাগিল এবং অনুরক্ত পুরবাদিগণব্যথিতছদয়ে উটেচঃম্বরে রোদন করিতে আরম্ভ করিল।

#### একাদশ অধ্যায়।

অনস্তর মহারাজ ধুতরাষ্ট্র ও তাঁহার পরিজনগণ এক ক্রোশ মাত্র গমন করিলে মহারথ রূপাচার্য্য, অশ্বত্থামা ও কৃতবর্দ্মা তাঁহাদের সমীপে সমুপন্থিত হইলেন। ঐ বীরত্রয় জ্ঞান চক্ষু মহারাজ ধৃতরাষ্ট্রকে রোরুদ্যমান নিরীক্ষণ করিয়া দীর্ঘ নিশাস পরিত্যাগপূর্বক বাষ্পাগদাদাদারে কহিলেন, মহারাজ! আপনার পুত্র অতি হকরে কার্য্য সাধন করিয়া অতুচরগণের সহিত ইক্রলোকে গমন করিয়াছেন। আমাদের অভাত্য সমুদায় দৈন্যই বিনষ্ট হইয়াছে, এক্ষণে কেবল আমরা তিন জন অবশিষ্ট আছি।

অনস্তর মহাবীর কুপাচার্য্য পুত্রশোকার্তা গান্ধারীরে সম্বোধন পূর্বেক কহিলেন, রাজ্জি! তোমার পুত্রগণ যখন নির্ভীক চিত্তে বীরজনোচিত যুদ্ধে প্রেক্ত হইয়া শত্রগণকে বিনাশ করিতে করিতে নিহত হইয়াছে, তখন নিশ্চয়ই তাহারা তেজঃপুঞ্জ কলেবর ধারণ করিয়া অমরগণের ন্যায় স্থনির্মাল দিব্যলোকে পরিজ্ঞমণ করিতেছে। আমাদের পক্ষীয় বীরগণের মধ্যে কেইই সমরে পরা- মুধ বা শক্রগণের শরণাপন্ন হইয়া নিহত হয় নাই। প্রাচীন মহাস্থারা ক্ষত্রিয়ন্ত্রের সমরমুত্যুই উৎকৃষ্ট গতিলাভের কারণ নির্দেশ করিয়া গিয়াছেন। মতএব তাহাদের নিমিত্ত শোক করা কর্ত্তব্য, নহে। আপনার পুত্রগণের অরাত্তি
পাশুবগণও সহজে নিক্ষৃত্তি লাভ করিতে সমর্থ হয় নাই। অখুপামা, কৃতবর্মা ও
আমি আমরা তিন জন, ত্রাম্মা ভীমনেন অধর্মান্তুসারে তুর্য্যোধনকে নিহত
করিয়াছে প্রবণ করিবামাত্র দেই রজনীতে শিবির মধ্যে প্রবেশপূর্বক নিদ্রোভিভূত পাশুবপীক্ষীয় বীরগণকে বিনাশ করিয়াছি। ধৃষ্টত্যুম্ম প্রভূতি পাঞ্চালগণ ও
কৌপদীর পাঁচ পুত্র আমাদের হত্তে নিহত হইয়াছে। আমরা এইরূপে তোমার
পুত্রের শক্রগণকে বিনাশপূর্বক পরিশেষে মহাধন্ত্র্ম্বর পাশুবগণ রোমভরে
নিশ্চয়্যই বৈরনির্যাতনার্থসমাগত হইবে,বিবেচনা করিয়া প্রাণভর্যে পলায়ন করিভেছি। পুরুষপ্রধান পাশুবগণ 'পুত্রদিগের নিধনবার্ত্তা প্রবণে উন্মন্তপ্রায় হইয়া
আমাদিগকে সংহার করিবার চেন্টা করিতেছে। অতঃপর আর এ স্থানে অবস্থান করিতে সাহস হইতেছে না। এক্ষণে আপনি শোক সম্বরণ করিয়া আমাদিগকে প্রস্থানে অনুমতি প্রদান কর্কন। মহারাজও আমাদিগকে গমনে অনুমতি প্রদান পূর্বক ধৈর্য্যাবলম্বন করিয়া ক্ষত্রিয়ধর্ম্যের পরাকান্তা সন্দর্শন কর্কন।

হে জনমেজয়! অনন্তর মহাবার কুপাচার্য্য, কুতবর্মা ও মধুপামা রাজা ধুতরাষ্ট্রকে প্রদক্ষিণপূর্বক বারংবার নিরীক্ষণ করিতে করিতে ভাগীরপীর অভিমুখে রথ সঞ্চালন করিতে লাগিলেন। তাঁহারা কিয়দ্দুর অতিক্রম করিয়া পরস্পার পরস্পারকে আমন্ত্রণ পূর্বক উদ্বিম চিত্তে তিন জনে তিন দিকে ধাবনান হইলেন! মহাবীর কুপাচার্য্য হস্তিনাপুরে, কৃতবর্মা। স্বীয় রাজধানীতে এবং , জোণতনয় অখুপামা ব্যাসাপ্রমের অভিমুখে গমন করিতে লাগিলেন। হে মহারাজ! এইরূপে সেই বীরত্রয় সূর্য্যোদয়ের পূর্ণের ধূতরাষ্ট্রকে আমৃদ্রণ পূর্ণক স্ব স্থাক্ পূথক স্থানে গমনে প্রস্তুত্ত ইলেই মহারথ পাণ্ডবগণ প্রিমধ্যে অশ্বামারে আক্রমণ করিয়া বিক্রম প্রকাশপুর্ণক পরাজিত করেন।

#### वामन व्यशात्र।

হে মহারাজ ! অনস্তর ধর্মাজ যুখিন্ঠির বুদ্ধ রাজা ধৃতরাষ্ট্র হন্তিমা হইতে
নিজ্ঞান্ত হইয়াছেন আবণ করিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিবার মানসে মহাস্থা
বাস্থানের, সাত্যকি, যুমুৎস্থ ও আতৃগণ সমভিব্যাহারে যাত্রা করিলেন। জ্রোপ-

দীও হংখশোকাকুলিত চিত্তে পাঞ্চালমহিলাগণের সহিত ধর্ম্মরাজ্ঞের অনুগমনে প্রত্ত হইলেন। অনস্তর ধর্মানন্দন কিয়দ্দুর গমন করিয়া দেখিলেন, পুজ্ঞশোক-শীড়িত র্দ্ধ রাজা ধৃতরাষ্ট্র মহিলাগণে পরিবৃত হইয়া ভাগীরথীতীরাভিমুখে গমন করিতেছেন। কামিনীগণ কুররীর ন্যায় হংখিত মনে এই বলিয়া বিলাপ করিতেছেন, হা ধর্মারাজ! একণে তোমার সে ধর্মামুরাগিতা ও অনৃশংসতা কোথায় গেল! তুমি কিরপে ভাতা, গুরুপুজ্ঞ ও মিত্তগণকে বিনাশ করিলে! মহাবীর ভীল্ম, জোণ ও জয়জধকে সংহার করিয়া কি তোমার শমন ব্যথিত হইতেছে না! একণে মহাবীর অভিমন্ত্য, জৌপদীর পঞ্চপুজ্ঞ এবং গুরু ও ভাত্গণ বিরহে তোমার রাজ্যলাভ নিতান্ত অকিঞ্ছিৎকর হইবে।

ধর্মারাজ যুধিষ্ঠির দেই মহিলাগণের এইরূপ বিলাপ শ্রেবণ করিতে করিতে তাহাদিগকে শতিক্রম করিয়া রাজা পুতরাষ্ট্রকে প্রণাম করিলেন। তৎপরে অস্থান্য পণ্ডেবেরাও স্ব স্ব নাম নির্দ্দেশপূর্বক অন্ধরাজের অভিবাদনে প্রবৃত হইলেন। তখন রাজা ধৃতরাষ্ট্র অপ্রশন্ধ সনে ধর্মারাজকে আলিঙ্গন ও সাস্ত্রনা করিয়া স্বীয় ভূফীভিসন্ধি শম্পন্ন করিবার মানসে ভীমকে অসুসন্ধান করিতে লাগিলেন। তৎকালে বোধ হইল থেন তাঁহার শোকানল ক্রোধসমী-রণে সন্ধ্রুক্ষিত হইয়া ভীমদেনরূপ তুণরাশি দগ্ধ করিবার অভিলাষ করিয়াছে। হে মহারাজ ! অসাধারণ ধীশক্তিসম্পন্ন মহাত্মা বাহ্নদেব ইহার পুর্বেই ভীমের উপর ধৃতরাষ্ট্রের জুরভিসন্ধি বুঝিতে পারিয়া তাহার প্রতিবিধানার্থ লৌহময় ভীম সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন। একণে তিনি **অন্ধ**রাজের ভাব দর্শনে **তাঁ**হার ৃষ্ভিপ্ৰায় সবিশেষ অবগত হইয়া ভীমকে হস্ত দারা অবরোধপূর্বক ধৃতরাষ্ট্রকে সেই লৌংময় ভীম প্রদান করিলেন। অযুত নাগতুল্য বলশালী মহারাজ ধৃত-রাষ্ট্র দেই লোহণয় ভামকে প্রাপ্তিমাত্ত ভুজ দারা গ্রহণ করিয়া যথার্থ ভীয় বোধে বলপ্রকাশ পূর্বক চূর্ণ করিয়া ফেলিলেন। ভীমের লৌহময় প্রতিক্বতি চুর্ণ করিবামাত্র ধৃতরাষ্ট্রের বক্ষঃস্থল বিম্পিত হইয়া গেল এবং আস্তদেশ হুইতে অনবরত রুধিরপ্রবাহ নির্গত হইতে লাগিল। তখন তিনি শোণিতসিক্ত কলে-বরে পুষ্পিত পারিক্বাতের জ্ঞার অচিরাৎ ভূতলে নিপতিত হইলেন। মহামতি সঞ্জয় তাঁহারে অবলম্বন পূর্বক সাস্ত্রনা করিতে লাগিলেন। কিয়ৎকণ পরে রাজা ধৃতরাষ্ট্র ক্রোধ পরিত্যাগ পূর্বক শোকাকুলিত চিত্তে হা ভীম ! হা ভাম ।

বলিয়া রোদন করিতে আরম্ভ করিলেন। তথন পুরুষপ্রধান বাহুদেব অন্ধ-রাজকে জোধহান ও ভীমবধে নিতাস্ত কাতর দেখিয়া কহিলেন, মহারাজ! আর শোক প্রকাশ করিবেন ন।। আপনি লোহময় ভীমকে চূর্ণ করিয়াছেন; প্রকৃত ভীমকে বিনাশ করেন নাই। আমি আপনারে নিতান্ত কোধাবিষ্ট দেখিয়া ভীমকে মৃত্যুর দশন।ন্তর্গত বোধ করিয়া অগ্রেই এপদারিত করিয়া-ছিলাম। অপেনার তুল্য বলশালী আর কেহই নাই। অপেনি ভূজযুগল ছারা পরিপ্রাহ করিলে কোন ব্যক্তি উহা দহ্য করিতে পারে। কুতান্তের সমিহিত হইলে যেমন কেহ জীবিত সত্ত্বে বিমৃক্ত হইতে পারে না, তজ্ঞপ আপনার বাছযুগলের মধ্যগত হইলে কোন বারই জীবিত লাভে সমর্থ হয় না। আমি সেই নিমিন্তই আপনার নিকট ছুর্য্যোধননিশ্মিত লৌহময় ভীমপ্রতিমূর্ত্তি প্রদান করিয়াছিলাম। হে মহারাজ!' আপনার মন পুত্রশোকে নিভান্ত সম্ভপ্ত e ধর্মভাবশৃত্য হইয়াছে, এই নিমিন্তই' মাপনি ভীমদেনকে বিনাশ করিবার অভি-লাষ করিয়াছিলেন। কিন্তু বস্তুত ভীমকে সংহার করা মাপনার শ্রেয় নহে। দেখুন, আপনার পুত্রগণ কদাচ জীবিত থাকিতেন না। নচেৎ আমরা পূর্বে শাস্তি স্থাপনের নিমিত্ত বিশেষ যত্ন করিয়াও কি নিমিত্ত কুতকার্য্য হইতে পারিলাম না ? অভএব এক্ষণে উহা বিশেষরূপে অনুধ্যান করিয়া শোক পরিত্যাগ করুন ৷

#### क्रांत्रमं व्यथात्र।

হে মহারাজ! অনন্তর পরিচারকগণ অন্ধরাজের গাত্র প্রকালনাদি শোচজিয়া সম্পাদন করিলে বাস্থদেব পুনরায় ভাঁহারে কহিলেন, নরনাথ! আপনি সমস্ত কার্য্যাকার্য্য বিবেচনায় সমর্থ ও বহুদর্শা এবং বেদ, পুরাণ ও রাজধর্ম প্রস্তৃতি বিবিধ শাস্ত্র মধ্য়ন করিয়াছেন। তবে কি নিমিত্ত স্বয়ং অপরাধ করিয়া ঈদৃশ কোপ প্রকাশ করিতেছেন? তৎকালে আমি, ভীম্ম, জোণাচার্য্য, বিত্র ও সঞ্জয় আমরা সকলে আপনারে কহিয়াছিলাম যে, পাশুবগণ সমধিক বলবীর্য্যশালী; স্থতরাং তাহাদের সহিত সন্ধিম্পাপনই অবশ্য কর্ত্তর। হে মহাম্মন্! আমরা ঐ রূপে বারংবার আপনারে দন্ধি স্থাপনে অন্থরোধ করিলেও আপনি সেময় আমাদিগের বাক্য উল্লেজন করিলেন; কোন ক্রমেই তদকুরূপ কার্য্য করিলেন না দেখুন, যে স্থিরবৃদ্ধি মহাপাল শ্বয়ং আপনার দোষ দর্শন ও দেশকাল বিবেচনা করিয়া কার্য্য করেন, তিনি মঙ্গল লাভে সমর্থ হন। আর যিনি হিতাহিত বিষয়ে উপদদেশ প্রাপ্ত হইয়াও তাহা গ্রহণ করেন না, তাঁহারে নিশ্চয়ই ছুনাঁতি নিবন্ধন বিপদ্প্রাপ্ত হইয়া শোক করিতে হয়। আপনি নিতান্ত চঞ্চলম্বভাব ও ছুর্য্যোধনের বশবর্ত্তী ছিলেন বিলয়াই এইরূপ ছুর্বস্থাপ্রস্ত হইয়াছেন; অতএব এক্ষণে কি নিমিত্ত ভীমদেনকে সংহার করিতে ইচ্ছা করিতেছেন? ভীমের অপরাধ কি? যে নীচাশয় স্পর্দ্ধাপৃত্রিক ডৌপদীরে স্পর্ভায় আনয়নকরিয়াছিল, মহাবীর রুকোদর তাহারে বিনাশ করিয়া বৈর নির্যাত্তন করিয়াছিল। এক্ষণে আপনি নিরপরাধে পাশুবগণকে পরিত্যাগ করিয়া কি রূপ অভায় কার্য্য করিয়াছিলেন, আর ছুর্য্যোধনও উহাদের উপর কত অত্যাচার করিয়াছিল, তাহা বিরেচনা করিয়া ক্রোধ সংবর্ণ কর্মন।

হে জনমেজয়! দেবকীপুত্র বাহ্নদেব এইরূপ কহিলে ধৃতরাষ্ট্র তাঁহারে সম্বোধন করিয়া কহিলেন, মাধব! তুমি যাহা যাহা কহিতেছ, তৎসমুদায়ই সত্যা, কিন্তু বলবান্ অপত্যক্ষেহ আমারে ধৈর্মচ্যুত করিয়াছিল, সেই নিমিত্র আমি ভীমের অশুভানুষ্ঠানে বাসনা করিয়াছিলাম। তুমি ভাগ্যক্রমে সত্যপরাক্রম মহাবল পরাক্রান্ত রকোদরকে রক্ষা করাতে সে আমার ভুজপঞ্জরে নিপতিত হয় নাই। যাহা হউক, এক্ষণে আমি একাপ্রচিত্ত হই-য়াছে; আমার শোকতাপ সমস্ত দূরীভূত হইয়াছে; অতঃপর মহাবীর ভীমানেকে কুশল প্রশ্ন ও সাদর সম্ভাষণ করিব। আমার তনয়গণ ও অভাক্ত ভুপতি সমুদায় নিহত হইয়াছে; স্বতরাং এক্ষণে পাণ্ডুতনয়গণই আমার প্রতিত ও মঙ্গলের আম্পদ হইল। রাজা ধৃতরাষ্ট্র এই কথা বলিয়া রোদন করিতে করিতে ভীমদেন, ধনঞ্জয়, নকুল ও সহদেবকে আলিক্ষন পূর্বক ভাঁহাদিগকে আখাস প্রদান ও আশীক্রাদ করিতে লাগিলেন।

# চতুর্দশ অধ্যায়।

হে মহারাজ! অন্তর বাহ্নদেব ও পাশুবগণ ধৃতরাষ্ট্রের অনুজ্ঞা লইয়া গান্ধারীর নিকটে গমন করিলেন। পুক্রশোকার্ত্তা পতিপরায়ণা গান্ধার-রাজত্বহিতা ধর্মরাজ মুধিন্তিরকে অরাতিবিহীন অবগত হইয়া শাপ প্রদান করিতে অভিলাষ করিলেন। ঐ সময় দিব্যদৃষ্টি সর্বস্কৃতভাববেতা সত্যবতী-

পুত্র বেদব্যাস পাণ্ডবগণের প্রতি গান্ধ।রীর তুরভিসন্ধি বুঝিতে পারিয়া ভাগীরথীর বিমল জলে অবগাহন পূর্বক মনোমারুতবেগে অচিরাৎ পুত্র-বধুর সমীপে সমুপস্থিত হইয়া তাঁহারে শান্ত করিবার মানদে কহিলেন, বংসে! তুমি আমার বাক্যাকুদারে পাগুবগণের প্রতি কোপ পরিত্যাগ পূর্বক শান্তিগুণ অবলম্বন কর। ইতিপূর্বে তোমার পুত্র তুর্য্যোধন অরাতি-গণের দহিত দমরে প্রবৃত্ত হইয়া অফীদশ দিবসই দময়ে দময়ে তোমার নিকট আগখন পূর্ববর্ক কহিয়াছিল, মাত ৷ আমি শঞ্গণের সহিত সমরে প্রবৃত্ত হইয়াছি, আপনি আমার মঙ্গল প্রার্থনা করুন। তুমিও সেই সেই সময়ে তাহারে কহিয়াছিলে, বৎস! যেখানে ধর্মা, সেই খানেই জয়। ছে কল্যাণি! ভূমি সমুদায় প্রাণীর হিতচেফীায় নিরত। তোমার বাক্য কদাপি মিধ্যা হইবার নহে ৷ মহাত্মা পাগুবগণ তুমুল যুদ্ধে ভাসংখ্য নৃপতির প্রাণ সংহার পূর্ব্বক জন্ম লাভ করিয়া তোমার বাক্যের যাথার্থ্য সম্পাদন করিয়াছে। পূর্বে ভোমার অসাধারণ ক্ষমাগুণ ছিল, আজি তুমি কি নিমিত্ত সেই গুণ পরিত্যাগ করিতেছ। , একণে অধর্মকে পরাজয় করাই ভোমার কর্ত্তব্য। যেখানে ধর্মা, সেই খানেই জয় হইয়া থাকে। অতএব তুমি স্বীয় ধর্ম ও পূর্বেবাক্ত বাক্য স্মরণ পূর্বক এক্ষণে কোপ সম্বরণ কর।

গান্ধানী কহিলেন, ভগবন্! পাণ্ডবগণের প্রতি আমার ঈর্যা নাই। আর উহার। যে বিনষ্ট হয়, ইহাও আমার অভিপ্রেত নহে। কিন্তু পুত্রশোকে আমার অন্তঃকরণ নিতান্ত বিহবল হইতেছে। কুন্তী যেমন পাণ্ডবগণকে রক্ষা করেন, তজ্ঞেপ আমার এবং রাজা ধৃতরাষ্ট্রেরও তাহাদিগকে রক্ষা করা কর্তব্য। ছুর্ম্মতি ছুর্যোধন, শকুনি, কর্ণ ও ছুঃশাদনের অপরাধেই কুরুকুল ধ্বংস হইয়াছে। যুধিষ্ঠির, ভীমসেন, অর্জ্বন, নকুল ও সহদেবেরও কিছুমাত্র অপরাধ নাই। কৌরবগণ দর্শপ্রভাবে সংগ্রামে প্রবৃত্ত হইয়াই নিহত হইয়াছে, ওলিমিত আমি কিছুমাত্র আকেপ করি না। কিন্তু মহাল্প। ভীমদেন যে তুর্য্যোধনকে গদাযুদ্ধে আহ্বান পূর্বক তাহারে অপেকাকৃত শিক্ষানিপুণ দেখিয়া বাস্থদেবের দাক্ষাতে তাহার নাভির অধোদেশে গদাবাত করিয়াছে, উহার সেই অধর্মই আমার কোপানল প্রস্থলিত

করিতেছে। সংগ্রামন্থলে আপনার প্রাণরক্ষার্থ সাধুজনসমূদ্দিট ধর্ম পরিত্যাগ করা কি বীরপুরুষের উচিত কার্য্য ?

## পঞ্চমশ ভাষাবি ।

হে মহারাজ! তখন মহাবীর ভীমদেন গান্ধারীর বাক্য প্রবেণগোচর করিয়া ভীত চিত্তে তাঁহারে অনুনয় সহকারে কহিতে লাগিলেন, মাত! আমি আত্মরকা করিবার মানদে ভয়প্রযুক্ত যে কার্য্যের অনুষ্ঠান করিয়াছি, ধর্মই হউক, আর অধর্মই হউক, আপনি তদ্বিয়ে ক্ষমা প্রদর্শন করেন। আমি অধর্মাসুদারেই আপনার আজ্মজকে বিনাশ করিয়াছি। ধর্মযুদ্ধে তাহারে সংহার করা নিতান্ত চুক্ষর এবং দে আমারে বিনাশ করিলেই রাজ্য গ্রহণ . করিবে, এই ভাবিয়াই আমি অধর্মপথ অবলম্বন করিয়াছিলাম। পূর্বের আপ-নার পুজ হুর্য্যোধন অধর্মাকুসারে ধর্মরাজকে পরাজয়, আমাদিগের সহিত সতত শঠতাচরণ এবং একবস্ত্রা রজস্বলা রাজকুমারী ক্রৌপদীর প্রতি বিবিধ ছুর্বাক্য প্রয়োগ করিয়াছিল। বিশেষত তাহারে আয়ত্ত না করিলে আমা-দিগের এই সদাগরা বহুদ্ধরা ভোগের কিছুমাত্র সম্ভাবনা ছিল না, এই নিমি-ন্তই আমি ঐরূপ কার্য্যের অনুষ্ঠান করিয়াছি। হে আর্য্যে! যৎকালে সেই ত্রাচার দভামধ্যে আমাদিগের প্রতি যথোচিত কটুক্তি প্রয়োগ ক্রিয়া দ্রৌপ-দীরে বাম উরু প্রদর্শন করিয়াছিল, আমরা তৎকালেই তাহারে বিনাশ করি-তাম, কেবল ধর্মরাজের আদেশাসুসারেই এত দিন সময় প্রতীক্ষা করিয়াছি-শাম। হে আর্য্যে ! রাজা ছুর্য্যোধন এই রূপে ধর্মরাজের গন্তঃকরণে বৈরানল সন্ধুক্ষিত করিয়া আমাদিগকে অরণ্যে প্রেরণ পূর্ব্বক বিস্তর ক্লেশ প্রদান করি-য়াছে। আমি সেই নিমিত্তই ঐরপ অধর্ম কার্য্যের অনুষ্ঠান করিয়াছি। একণে ছর্যোধন বিনষ্ট হওয়াতে বৈরানল এককালে নির্বাণ হইয়া গিয়াছে। ধর্ম্মরাজ যুধিষ্ঠির পুনরায় রাজ্য অধিকার করিয়াছেন এবং আমরাও রোষশৃত হইয়াছি।

তথন গান্ধারী রুকোদরের বাক্য আবণ করিয়া কছিলেন, ভাষ 🐧 ভূমি বৈরনির্যাতন মানদে তুর্ফ্যোধনকে অধর্মাকুদারে নিহত করিরা প্রশংদার কার্য্য কর্মাই। আর র্যসেন নকুলের অখ বিনষ্ট করিলে ভূমি যে ছঃশাসনের শোণিত পান করিয়াছিলে, তোমার দেই কার্য্যটি দাধুজনবিপর্হিত, ক্রুর ও অনার্য্য জনের সমূচিত হইয়াছে, সন্দেহ নাই। তখন ভীমসেন কহিলেন,

चार्ट्या । चाचीरव्रत कथा मृत्त थांकूक, चशरत्रव्र क्रियेत शांन कवा चकर्खवा ; বিশেষত জ্রাতা মাত্মার তুল্য, স্থৃতরাং তুঃশাসনের ক্লধির পান স্থামার পক্ষে নিতাৰ সমূচিত, ভাহার সন্দেহ কি। কিঁপ্ত বস্তুত আমি তাহার রুধির পান করি নাই, তুঃশাসনের শোণিত আমার অধর ওষ্ঠ গতিক্রম করিয়া উদরস্থ হয় নাই; কেবল তাহার শোণিতে আমার হস্তম্ম সংসিক্ত হইয়াছিল। এই বিষয় মহাবীর কর্ণ সম্যক্ অবগত ছিলেন। রুষসেন নকুলের অখ বিনাশ করিলে আপনার আত্মজগণ অভিশয় হাই হইয়াছিল। আমি তৎকালে তাহাদিগের ত্রাদোৎপাদনের নিমিত ঐরপ অফুষ্ঠান করিয়াছিলায। भात দেখন, জৌপদী দ্যুতে পরাজিত হইলে ছঃশাসন তাঁহার কেশাকর্ষণ করাতে আমি নিতান্ত রোষাবিষ্ট হইয়া তাহার রুধির পান করিব বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলাম। সেই প্রতিজ্ঞা অন্যাপি আমার অন্তঃকরণে জাগর ক রহি-য়াছে। যদি আমি সেই প্রতিজ্ঞ। প্রতিপালন না ক্রিতাম, তাহা হইলে আমারে যাবজ্জীবন ক্ষত্রিয়ধ্র্ম পরিভ্রাক্ত হইয়। অবস্থান করিতে হইত : এই নিমিত্তই আমি ঐরপ কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলাম। একণে আপনি আমার প্রতি দোষারোপ করিবেন না। আপনার পুত্রগণ আমাদিগের নিকট বিলক্ষণ অপরাধী হইয়াছিল। পূর্বে তাহাদিগকে শাসন না করিয়া একণে সামারে কি নিমিত্ত দোষী করিতেছেন গ

তথন গান্ধারী কহিলেন, বৎস! ভূমি আমাদিগের এক শত পুর্ব্তের সধ্যে বে তোমাদের অল্ল অপরাধ করিয়াছিল, এমন একটিরেও কি নিমিত্ত অবশিষ্ট রাখিলে না ? সেই পুতাই এই অন্ধৰয়ের যষ্টিস্বরূপ হইত। এক্ষণে আমরা রন্ধ ও আন্ধ হইয়াছি, আমাদিগের রাজ্যও অপহাত হইয়াছে, এখন ভূমিই আমাদিগের পুত্রস্বরূপ হইলে। যাহা হউক, যদি ভূমি ধর্মপথ অবস্থন করিতে, তাহা হইলে আমার এরূপ চুঃধ উপস্থিত হইত না

হেঁ মহারাজ ৷ পুত্রপৌত্রবধপীড়িতা রাজমহিবী গান্ধারী এই বলিয়া জোগান্তিত চিত্তে পুনরায় কহিলেন, একণে ধর্মরাজ কোগায় ? তথন ধ্মরাজ ৰুধিতির কুতাঞ্জলিপুটে কম্পিত কলেবরে গান্ধাররাজতনয়ার সমিহিত হইয়া ময়ুর বাক্ত্যে কহিলেন, দেবি ! আমি আপনার পুত্রহস্তা, অতি নৃশংস এক লাগনাদিগের রাজ্যনাশের একমাত্রি হেতু; লাগনি একণে লামারে অভিশাপ প্রদান কর্মন। আমি ঝাপনার লাপ প্রদানের উপযুক্ত পাতা। আর্ব্যে! আমি মিত্রজোহী ও মৃঢ়। আমি যখন তাদৃল হুছালগাকে বিনক্ট করিনাছি, তখন আমার রাজ্য, জীবন ও ধনে আর কিছুমাত্র প্রলোজন নাই। এই বলিয়া ধর্ম্মরাজ্ঞ দেহ অবনত করিয়া গান্ধারীর চরণে নিপতিত হুটবার উপজ্ঞম করিলেন। তখন দুরদর্শিনী গান্ধারী যুধিন্তিরের বাক্য প্রবণে কিছুমাত্র প্রভূতির প্রদান না করিয়া দার্ঘ নিশাদ পরিত্যাগপূর্বক আবরণের মধ্য হুইতে তাঁহার অকুলির অপ্রভাগ দর্শন করিলেন। তাঁহার দৃষ্টিপার্ভ হুইবামাত্র রাজা বুধিন্তির কুনখী হুইলেন। প্র সময় অর্জ্বন দেই ব্যাপার প্রভাক্ষ করিয়া বাহ্মদেবের পশ্চাৎ ভাগে গমন করিলেন এবং অন্যান্য পাগুবগণ সকলেই ভীত হুইয়া ইত্ত্তে জমণ করিতে লাগিলেন। তখন ধ্তুরাষ্ট্রমহিষী গান্ধারী জ্লোধ সম্বরণ পূর্বক জননীর ন্যায় তাঁহাদিগকে সাজ্বনা করিলেন।

অনস্তর পাগুবগণ গান্ধারীর অসুজ্ঞা গ্রহণ পূর্বক বীরপ্রসূতি জননী কুন্তীর নিকট গমন করিলেন। পুক্রবৎ গলা কুন্তী বছদিন তন্যগণের মুখচন্দ্র নিরীক্ষণ না করিয়া অতিশয় কাতর হইয়াছিলেন একণে তাঁহাদিগকে দেখিয়া বসনে মুখ আচহাদন পূর্বক তাঁহাদিগের সহিত রোদন করিতে লাগিলেন এবং পুক্রগণকে আন্ত্র শত্ত্বে কত্তবিক্ষত কলেবর দেখিয়া তাঁহাদের প্রত্যেকের গাত্তে বারংবার করম্পর্শ করিয়া নিতান্ত ত্থেখিত হইলেন। তৎপরে তিনি হতপুত্রা দ্রেরপদীরে ভূতদে নিপত্তিত ও অনর্গল নির্গলিত অঞ্জেলে অভিষক্ত দেখিয়া বিন্তর অসুতাপ করিলেন।

তথন মৌপদী কৃষ্ণীরে সম্বোধন পূর্বক কহিলেন,—আর্য্যে! এক্ষণে অভিনত্য ও আমার পুজেরা কোথায় গেল! তাহারা বহু দিনের পর এখনও আপনার-সহিত সাক্ষাৎ করিবার নিমিত আগমন করিতেছে না! আমি বখন পুজেহীন হইয়াছি, তখন আর আমার রাজ্যে প্রয়োজন কি? তখন বিদাল-লোচনা কৃষ্ণী যাজ্যসনীরে ভূতল হইতে উত্থাপিত করিয়া পুজেগণের সহিত আখাস প্রদান করিতে লাগিলেন। ঐ সময় যাত্মিনী গাছাররাজ্যনয়া শীয় পুজেবধ্র সহিত তথার আগমন করিয়া জৌপদীরে কহিলেন, বংলে। ভূমি আর ছাংখ প্রকাশ করিও না; বেখ, আমিও শোক্ছাথে একাছ আকৃন হইয়াছি, একণে প্রতীই বোধ হইতেছে যে, এই লোক্ষয় কামকৃত ও মুব্দুগ্রারী।

পূর্বেষ মহামতি বাহ্ণদেব শান্তিছাপনের উদ্দেশে আগমন করিয়া কুতকার্য্য না হওয়াতে মহান্ধা বিহুর যাহা কহিয়াছিলেন, তাহা সত্যই হইল। একণে এই হুর্পিরার হত্যাকাণ্ড অতিক্রান্ত হুইয়াছে; অতএব এ সময়ে আর শোক প্রকাশের আবশ্যকতা নাই। যাহারা সংগ্রামে নিহত হুইয়াছে, তাহাদের নিমিন্ত শোক করা অবিধেয়। আর দেখ, তুমি যেরপে শোকে আকুল হুইয়াছ, লামিণ্ড তক্ষেপ কাতর ইয়াছি; স্কতরাং একণে কে আমাদিগকে আশাসিত করিবে? বস্তুত আমারই'দোষে এই কলক্ষয় হুইল।

कनशामानिक भक्ताशात्र ममार्थ।

# স্ত্ৰীবিলাপ পৰ্ববাধ্যায়।

## curional constitut i

বৈশন্দায়ন কহিলেন,—মহারাজ! ত্রক্ষচারিণী পতিপরায়ণা গান্ধারী ফোপদীরে এই কথা বলিয়া মহিষি কৃষ্ণবৈপায়ন প্রদত্ত বরপ্রভাবে দিব্যচক্ষ্ দারা সেই ছানে থাকিয়াই কৌরবগণের রণভূমি দেখিতে পাইলেন। ঐ ছান ভ্রম রথ, অছি, কেশ ও শোণিতে সমার্ত এবং নর, অল্প ও গজ সমুদায়ের ক্রথিবোক্ষিত মৃতদেহে পরিপূর্ণ ছিল। অসংখ্য অল্প, গজ ও নরনারীগণ ঐ ছানে ভীষণ রবে চীৎকার করিতেছিল এবং শৃগাল, বক, কাকোল, কল্প, কাক, গৃগ্র ও রাক্ষণগণ মহা আহ্লাদে ইতন্তত ধাবমান হইতেছিল। দিব্য-জ্ঞানসম্পন্ন গান্ধারী দুর হইতে সেই রণন্থল অবলোকন কবিয়া কর্মণন্থরে বিলাপ করিতে লাগিলেন।

ভাষা বৃথিতির প্রভৃতি পাণ্ডবগণ বেদব্যাসের অনুজ্ঞাক্রমে বাহ্নদেব ও বৃদ্ধবিহান রাজা ধৃতরাষ্ট্রকে লগ্রদর কবিয়া কৌরব মহিলাগণ সমভিব্যাহারে সং প্রামভূমিতে গমন করিলেন। অনাথা কৌরববণিতাগণ কুল্লফ্রেক্রেরে সমুপদ্তি হইয়া দেখিলেন, ভাঁহাদের কাহারও আতা, কাহারও পুর্ত্তা, কাহারও বা ভর্তা প্রাণ, পরিত্যাগ পূর্বক ভূতলে শ্রান রহিয়াছেন। গোষায়ু, বল, বায়স, ভূত, শিশাচ ও রাক্রসগণ পরমানন্দে সেই সমস্ক ব্যক্তিনিগের মাংস ভক্ষণ করিতেছে। কামিনীগণ এইরুবে

সেই শাশানসদৃশ সমরভূমি নিরীকণ করিয়া হাহাকার করিতে করিতে বিচিত্র বান হইতে নিপতিত হইতে লাগিলেন। কেহ কেহ অদৃষ্টপূর্বে জীবণ ব্যাপার দর্শনে শ্বলিতদেহ হইয়া ধরাশয্যায় শেয়ন করিলেন এবং কেহ কেহ নিতান্ত পরিশ্রম বশত বিচেতন হইয়া পড়িলেন। ঐ সময় পাঞ্চাল ও কৌরব-কামিনীগণের ত্বংথের আরে পরিসীমা রহিল না।

তথন ধর্মশীলা গান্ধারী গ্রঃখার্ত্ত নারীগণের রোদনশব্দে সমরভূমির চতुर्फिक পরিপূর্ণ দেখিয়া পুগুরীকলোচন মধুসূদনকে গাঁলোধন .পূর্বক করুণ বচনে কহিলেন, বৎস! ঐ দেখ, আমার ব্যুগণ অনাথা হইয়া আলোলিতকেশে কুররীযুথের ভাগ্ন রোদন করিতে করিতে তে।মার নিকট আঁগমন পূর্বেক স্ব স্ব ুপতি, পুজ, পিতৃ ও ভাতৃগণকে স্মরণ করিয়া তাহাদের মৃতদেহের নিকট ধাবমান হইতেছে। ঐ দেখ, সমরাঙ্গণ পুত্রহীনা বীরজননী ও পতিহীন বীর-পত্নীগণে পরিপূণ হইয়াছে। তেজস্বী পুরুষণ্যান্ত ভীন্ম, কর্ণ, অভিমস্থ্য, দ্রোণ, জ্রুপদ ও শল্য প্রাণ পরিত্যাগ করিয়াও প্রস্কৃলিত পাবকের ফায় দেদীপ্যমান রহিয়াছেন। ঐ দেখ, সমরভূমি মহাবীরগণের কাঞ্চনময় কবচ, দিব্য মণি, অঙ্গদ, কেয়ুর, নাল্য, শক্তি, পরিঘ, হৃতীক্ষু খড়গ, শর ও শরাসন সমূহে সম-লম্ক্ত খ্ইয়াছে। ক্রব্যাদগণ স্থানে স্থানে অবস্থান, ক্রীড়া ও শয়ন করিতেছে। হে মধুসূদন! সমরভূমির এইরূপ অবস্থা দেখিয়া আমার হৃদয় শোকানলে দক্ষ হইতেছে। কৌরব ও পাঞ্চালগণ নিহত হওয়াতে বোধ হইতেছে. এক-কালে পঞ্চুত বিনষ্ট হইয়া গিয়াছে। ঐ দেখ, হ্বপর্ণ ও গৃঁধ্রগণ শোণিতসিক্ত महत्य महत्य वीत्रत्क अहल भूर्वक छक्का कृतिएउएछ । सहावीत अग्रस्थ, कर्न, দ্রোণ, ভীম্ম ও অভিমন্ত্যুর বিনাশ চিন্তা করিলে কাছার হৃদয় বিদীর্ণ না হয়। हारा ! वाक्षि क्षे त्रकल प्रस्ति।धनवनवर्जी वनर्षभनावत वनशकत्र वीत्रभन निरुष्ठ ও শাস্তভাবাপন হইয়া গৃঙা, কক্ষ, বল, শ্রেন, কুকুর ও শৃগালগণের ভক্ষ্য হইয়াছেন। বাঁহারা পূর্বে হকোমল নির্মাল শধ্যার শধ্ন করিতেন, স্মাজি তাঁহারা নিহত হইয়া বিভ্ত বজ্পাতলে শয়ান রহিয়াছেন। বাঁহারা যথাসুময়ে विमागार्गात खिवाम ध्यावन कतिर्द्धन, वाकि ग्रांशामिश्रादक भियागार्गात विविध শশুভ ধ্বনি প্রবণ করিতে হইতেছে। পূর্বে বাঁহার। সঞ্জকস্পনে চ্র্ফিত হইয়া শ্রন করিতেন, আজি উহোরা ধূলিজালে ধুলরিত হইয়াছেন 🛊 গুঞ,

গোষায়ু ও বায়দগণ একণে উহাদিগের আতরণ হইয়াছে। ভয়ঙ্কর জন্মুকগণ বারংবার ভীষণ চীৎকার করত উহাদিগকে আকর্ষণ করিতেতে। যুদ্ধাভিগানী निरु वीत्रभग निभि भत्निकत्र, थ्रुभ - ६ विमल भाग धात्र पूर्व क. की विट ठत ন্যায় শোভা পাইতেছেন। বিচিত্ত মাল্য সমলক্ষ্ত ঋষভতুল্য অসংখ্য বার নিশাচরগণ কর্ত্ব ধরাতলে বিঘট্টিত হইতেছেন। পরিঘধারী সহস্র সহস্র মহাবীর প্রেরতমার ন্যায় গদা আলিক্সন পূর্ববিক শয়ান রহিয়াছেন। রাক্ষসগণ বর্ম ও আরুমধারী অসংখ্য যোদ্ধাকে জীবিত বিবেচনা করিয়া ভয়ে আকর্ষণ করিতেছে না। রাক্ষসসমাকৃষ্ট বহুদংখ্যক বারপুরুষের স্থবর্ণময় বিচিত্র হার চতুর্দ্দিকে বিক্রীর্ণ হইতেছে। শৃগালের। ভীত হইয়া নিহত বীরগণের কণ্ঠাবলম্বী হার আকর্ষণ করিতেছে। স্থশিক্ষিত বন্দিগণ পূর্বে উৎকৃষ্ট স্তুতিবাদ দ্বারা যাহাদিগকে আনন্দিত করিত, একণে রমণীগণ তুঃখ শোকে নিতান্ত কাতর হইয়া তাহাদিগের নিকট করুণ স্বরে বিলাপ ও পরিতাপ করিতেছে। এই দেখ, কৌরব কামিনীগণের মনোহর বদনমণ্ডল নিভান্ত পরিশুক্ষ হইয়া গিয়াছে। উহারা অবিরল বাষ্পাকুললোচনে ত্রঃখিতমনে ইতস্তত গমন করি-তেছে। উহাদিগের মুখমগুল অনবরত রোদন ও রোধপ্রভাবে রক্তবর্ণ হইয়া রক্তোৎপলবনের ন্যায় শোভা পাইতেছে। উহারা ভাষণ রোদদকোলাহল প্রভাবে পরস্পরের অপরিক্ষুট বিলাপশব্দ গ্রবণ করিয়া তাহার অর্থগ্রহ कतिएक ममर्थ स्ट्रेएक स्व। अदन का वातरवात विलाभ । जीर्य निश्वाम शति-ত্যাগ পূর্বক হুঃথে নিম্পক্ষ হইয়া প্রাণ ত্যাগ করিতেছে। খনেকে ভর্ত্গণের মৃত দেহ দর্শন করিয়া মৃক্তকণ্ঠে বিলাপ ও শিরে করাঘাত করিতেছে। এই দেখ, বীরগণের ছিম মস্তক, হস্ত ও স্তুপাকার অঙ্গ প্রত্যঙ্গে রণভূমি সমাচ্ছন इहेशार्छ। महिलाशन वीतशरनत मखकणूना त्नर अत्मना मखक नितीकन করিয়া বিমোহিত হইতেছে। কোন কোন কামিনী এক বীরের দেহে অন্য ্বীরেজ মন্তক বোজনা করিয়া হায়! কাহার মন্তক কাহার দেহে যোজিত করিলাম বলিয়া ছঃখ প্রকাশ করিতেছে। কেহ কেহ বীরগণের দেহে শর-সংশ্লিষ্ক বাত, উক্ল ও চরণ সংযোজিত ক্রিয়া ছঃখিত মনে বারংবার মুসিছত **इट्टिइइ क्रिक्ट मिलारी अध्यक्ति न्यम्साचाटि करिक विम्मस्य वर्ष** পণ্ডে সুন্দৰ্শন ক্রিয়াও আপনার পতি বলিয়া জাত হইতে সমর্থ ইইতেছে

না। কেহ কেহ ভর্তা, জাতা, পিতা ও পুত্রদিগকে শত্রুগণের হত্তে নিহত দেখিয়া বারংবার শিরে করাঘাত করিতেছে। দখড়গ বাহু, কুণুলালকৃত সন্তক্ষ্ ও মাংসশোণিত সঞ্জাত কর্দমে রণভূমি নিতান্ত তুর্গম হইয়া উঠিয়াছে। দেখ, যে কামিনীগণ পূর্বে তুঃখের লেশমাত্রও জানিত না, এক্ষণে তাহারা জাতা, পিতা ও পুত্রগণের হতদেহে রণস্থল সমাছেম দেখিয়া এককালে তুঃখসাগরে নিময় হইতেছে। হে কেশব! আমার দীর্ষকেশী পুত্রবধূগণ, যে এক্ষণে এইরপ্রপান ভাব অবলম্বন করিয়াছে, ইহা মপেকা তুঃখের বিষয় আর কি আছে! যখন আমারে পুত্র পৌত্র ও আত্রগণকৈ নিহত নিরীক্ষণ করিতে হইল, তখন নিশ্চয়ই বোধ হইতেছে যে, আমি পূর্বে জন্মে ঘোরতর পাপাস্তান করিয়াছিলাম। অন্ধরাজমহিষী এইরূপ বিলাপ করিতে করিতে রণনিহত তুর্য্যোধনকে অবলোকন করিলেন।

#### সপ্তৰশ অধ্যাৰ

্তে মহারাজ! তখন গান্ধারী ভুর্য্যোধনকে দেখিবামাত্র শোকে যুচ্ছিত হইয়া ছিল্লমূল কদলীর ন্যায় সহসা ভূতলে নিপতিত হইলেন এবং অনতি-বিলম্বেই সংজ্ঞা লাভ করত রুধিরাক্ত কলেবর রণশধ্যায় শয়ান কুরুরাজকে আলিক্সনপূর্বক হা পুত্র ! হা পুত্র ! বলিয়া উচ্চৈঃস্বরে বিলাপ করিতে লাগি-লেন। তাঁহার নেত্রজলে তুর্য্যোধনের হারবিভূষিত বিপুল বক্ষঃছল অভিবিক্ত হইল ৷ অনন্তর গান্ধাররাজ্বন্যা সমীপবর্তী হুষীকেশকে সম্বোধন করিয়া কহিলেন, কেশব! এই জ্ঞাতিবিনাশক খোর সংগ্রাম সমুপন্থিত হইবার সময় 'তুর্যোধন কুতাঞ্জলিপুটে আমারে জয়াশীর্কাদ করিতে কছিলে আমি আপনার বিপদু উপস্থিত হইয়াছে বুঝিতে পারিয়া কহিয়াছিলাম, নংস! যেখানে ধর্ম, সেই স্থানেই জয়। তুমি যখন যুদ্ধে পরায়ুখ হইতেছ ন', তখন নিশ্চয়ই দেব-তার ন্যার স্বর্গলোক প্রাপ্ত হইবে। হে মাধব। পুর্বের আসি এই কথা কছিবার नमग्र भूख निश्ट स्टेर्स विनग्न किसूमांख भाक क्षेत्रां केति नार ; किंख একণে বন্ধুবাৰাৰ বিহীন রাজা গুভরাষ্ট্রের নিমিত নিতান্ত শোকতি হইতেছি। के तथ, केळानळविणातम युक्क्यन छुट्यायन वीवनवाचि मुझीन तक्षिति । ছায় ! কালের কি আশ্চর্য্য গতি ৷ বে ছর্ব্যোধন ক্ষত্রিয়গ্রেক্ত অঞ্চল্য ছিল, चाकि छोरात युनिभवाय भवन कविएड रहेता। बारा एक के बीब बर्बन

বীরকনোচিত শব্যার শর্ম করিয়াছে, তথ্ম উহার স্বত্র্ম স্বর্গলোক লাভ रहेग्राट्स, मत्स्यर बाहे। जारा ! शृत्य त्रमगेशन यारात हजूमितक छेशतनन করিয়া ক্রীভা করিত, একণে অশিবজনক শিবাগণ তাহার চতু দিক্ বেষ্টন করিয়া আমোদ করিতেছে। পণ্ডিতগণ যাহার সমীপে সতত সমুপস্থিত থাকি-তেন, একণে গৃধ দকল তাহার সমীপে উপবিষ্ট রহিয়াছে। পূৰ্বে অবলাগণ ষাহারে উৎকৃষ্ট ব্যক্তন দারা বীজন করিত, সাজি পক্ষিগণ তাহারে পক দার। বীজন কারতেছে। े ঐ দেখ, মহাবল পরাক্রান্ত তুর্য্যোধন ভীমদেনের গদা-প্রহারে নিহত হইরা সিংহনিপাতিত মাতকের ভাগ রুধিরাক্ত কলেবরে ভুতলে শয়ান রহিয়াছে। যে বীর সমরাঙ্গনে একাদশ আক্ষীছিমী সেনা সমানীত করি-য়াছিল, যে ত্রয়োদশ বৎসর নিক্ষক্তকে রাজ্য ভোগ করিয়াছিল, আজি সেই মহাধকুর্দ্ধরকে স্বীয় তুনীতিনিবন্ধন ধরাশব্যা গ্রাহণ করিতে হইল। হতভাগ্য তুর্ব্যোধন মহামতি বিজ্র, অন্ধ পিতা ও বৃদ্ধদিগকে অপমান করিয়াই কাল-প্রাদে নিপতিত হইয়াছে। হে কৃষ্ণ। পূর্ব্বে এই পৃথিবীরে ভূর্য্যোধনের শাসন-বর্ত্তী, হস্তী, গো ও অখে পরিপূর্ণ দেখিয়াছি; কিন্তু একণে ইহারে সম্মের হস্তগত ও শৃত্য প্রায় দেখিতে হইল; অতএব সার আমার জীবনে প্রয়োজন কি ? এক্ষণে অবলাগণকে মৃত বীর পুরুষদিগের নিকট গমন ও বিলাপ ক্লরিতে দেখিয়া সামার ধাহার পর নাই কন্ট হইতেছে। ঐ দেখ, দীর্ঘকেশা বিপুলনিতস্বা স্বর্ণবেদী সদৃশ লক্ষাণের গর্ভধারিণী ছর্ম্যোধনের ক্রোড়ে শয়ন করিয়াছে। ঐ বরবর্ণিনী পুরেব ছর্যোধনের জীবিতাবস্থায় উহার বাস্ত্যুগল অবলম্বন করিয়া ক্রীড়া করিভ, হায় ! আজি পুক্রসমবেত তুর্য্যোধনকে নিহত नित्रीक्न कतिया जामात समय (कन भठशा विमीर्ग स्टेटिंग्ट ना! थे (मर्थ, লক্ষণমাতা রুধির।ক্তকলেবর স্বীয় পুক্রের মস্তকান্তাণ ও তুর্য্যোধনের দেহ পরিমার্ক্সন করিতেছে এবং কখন পতির ও কখন পুজের নিমিত্ত শোকে व्यक्षेत्र स्ट्रेट्डिट् । . के त्मच, के निज्यिनी कथन योग मख्टक कताणां कतिया ষ্ণুর্ব্যোধনের বন্ধঃছলে নিপতিত হইতেছে এবং পতি ও পুজের মুখপদা পরি-মাৰ্কিত করিতেছে। হে বাহ্নেব। যদি বেদ ও শান্ত সমুদায় সত্য হয়, ভাছা বুইলে আমার পুত্র যে বুর্গলোকে গমন করিয়াছে, ভাহার সার महस्तर गरि।

#### क्षेत्रमं क्यांच ।

হে মাধব ! এই যে আমার শত সংখ্যক পুত্রকে নিহত দেখিতেছ, ভাষ-সেন প্রায়ই সদাঘাতে উহাদিগকে নিপাতিত করিয়াছে। একলে যে স্বামার হতপুতা পুত্রবধুগণ আলোলিভ কেশে রণস্থলে ধাবমান হইতেছে, ইহাই সর্বা-পেকা সমধিক ক্লেশকর। পুর্বে যাহারা অলম্ভত পদে প্রাসাদোপরি বিচরণ করিত, অদ্য তাহার৷ বিষম বিপদ্প্রস্ত ও শোকার্ত হইয়া রুধিরার্ত্র ভূমিতে মতের ভার পরিভ্রমণ করত গুঞ্জ, গোমায়ু ও বায়দগণকৈ উৎদারিত করি-তেছে। এই দর্বাঙ্গফ্রন্দরী কুর্ণোদরী ছুর্য্যোধনমহিধী ঘোরতর জনকয় সন্দর্শনে তুঃখার্ত্ত হইয়া ভুতলে নিপতিত হইতেছে। ঐ রাজপুত্রীরে অব-লোকন করিয়া আর আমার মন স্থির হইতেছে না। 🗳 দেখ, কামিনীগণ কেহ কেহ ভাতা, কেহ কেহ পতি ও কেহ কেহ তনমগণকে সমরনিহত নিরীক্ষণ করিয়া উহাদের হস্ত ধারণ পূর্বক ভূতলে নিপতিত হইতেছে। প্রোঢ় ও স্থবির কামিনীগণ খতি ভীষ্ণ রবে ক্রন্সন করিতেছে। ঐ দেখ, আভ ও মোহাবিস্ট অবলাগণের মধ্যে কেহ কেহ রখনীড় ও কেহ কেহ নিহত গজ-বাজিগণের নেহ ধারণ এবং কেহ ব। স্বীয় স্বামীর কুগুলযুক্ত ছিন্ন মস্তক গ্রহণ করিয়া অবস্থান করিতেছে। বোধ হয়, এই সর্বাঙ্গস্থান কামিনীগণ এবং আমি পুর্বে জন্মে বত্রিধ গুরুতর তৃক্ত্ম করিয়।ছিলাম ; সেই নিমিত ধর্মরাজ যুধিষ্ঠিন হইতে এইরূপ বিপদ্ উপস্থিত হইল। ফলভোগ ব্যতীত পাপ পুশ্যের কথন । কর্মনাই। হে জনার্দন ! ঐ দেখ, নবযৌবনসম্পন্ন। লক্তাশীল। ক্ষাবলাগণ হঃখশোকে নিভান্ত অভিস্ত ও স্তলে নিপতিত হইয়া সারদীগণের ক্যায় শব্দ করিতেছে। সূর্য্যের প্রচণ্ড উত্তাপে উহাদের মুখপদ্ম শুক্ষ হইয়া গিয়াছে। হায় ! আজি আমার মন্তমাতঙ্গপরাক্রম পুজ্রগণের মহিধীরা সামার্থ লোকদিগের দৃষ্টিপথে পতিত হইল ! ঐ দেখ, আমার পুত্রগণের শত চক্রযুক্ত চর্মা, সূর্য্যদন্তি ধ্বজ এবং স্থবর্ণনির্মিত বর্মা, নিক ও শিরস্তাণ সকল ভূঠলে নিপতিত হইয়া ছত হতাশনের স্থায় শোভা পাইতেছে। ঐ দেখ, মহাবীর ছুঃশাসন সমরন্থলে শ্রান রহিয়াছে। মহাবীর ভীমসেন উহারে নিপাভিত कतिया छेरात नैर्क्तात्कत क्रमधित शान अवर मुख्डाक्रम ଓ द्वौशनीत वांका खतन করিয়া সলাখাতে ক্র্যোধনকে সংহার করিয়াছে। ত্র্বুদ্ধি ক্র্যোধন জাতা

ত্বংশাসন ও সৃতপুত্র কর্ণের প্রিয় চিকীর্যায় সভামধ্যে দ্রৌপদীরে কহিয়াছিল, পাঞালি ! ভূমি আজি দাসভার্যা হইয়াছ, অতএব অবিলম্বে নকুল, সহদেব ও অর্জুনের সহিত আমাদিগের গৃহে প্রবেশ কর । আমি ঐ সময় তুর্য্যোধনকে আসমমৃত্যু অবগত হইয়া কহিয়াছিলাম, বৎস ! ভূমি অবিলম্বে কলহপ্রিয় ছব্দে ছিল মাতৃল শকুনিরে পরিত্যাগ করিয়া পাশুবদিগের সহিত্য সন্ধি সংস্থান্থ কর । , ভীমসেন তোমার বাক্শলো বিদ্ধ হইয়া যে উল্পাভিহত কুঞ্জরের স্থায় রোষাবিষ্ট হইতেছে, তাহা ভূমি অসুধাবন করিভেছ না ৷ হে মাধব ! তৎকালে ছরায়া ছর্যোধন পাশুবদিগকে কুদ্ধ জানিয়াও সর্প যেমন রম্বন্থের প্রতি বিষ পরিত্যাগ করে, ক্রন্ধেপ তাহাদিগের প্রতি বাক্যবাণ প্রয়োগ করিয়াছিল ৷ সেই অপরাধেই এক্ষণে কুরুকুল নির্মাণ্ড হইল ৷ ঐ দেখ, ছংশাসন স্থামি ভূজমুগল প্রসারিত করিয়া ভূতলে শ্রান রহিয়াছে ৷ সিংহ যেমন মাতঙ্গকে বিনাশ করে, তল্পে মহাবীর ব্রকোদর রোষাবিষ্ট চইয়৷ উহারে সংহার পূর্বাক উহার শোণিত পান করিয়া অতি ভয়ানক কার্যোর অকুষ্ঠান করিয়াছে ।

## উনবিংশতিত্য অধ্যায়।

হে বাহুদেব ! ঐ দেখ, বিজ্ঞ জনদন্মত প্রিয়পুত্র বিকর্ণ ভীমদেন কর্তৃক নিহত হইয়া নীল নীরদসমাচছন্ন শরৎকালীন নিশাকরের ভায় গজষ্থমধ্যে শয়ান রহিয়াছে। মাংসলোলুপ গৃধ্রগণ বহু কফে উহার চাপগ্রহণক কশ তলত্তবুক্ত পাণিতল ছেদন করিতেছে। ঐ দেখ, উহার অল্পবয়ক্ষা ভার্য্যা নিতান্ত তুঃথিত হইয়া পরম যত্ন সহকারে ঐ সমস্ত আমিষগৃধ্ধ গৃধ্রগণকে নিরাক্বত করিবার চেক্টা করিতেছে, কিন্তু কিছুতেই ক্বতকার্য্য হইতে পারিতিছে না। হায়! যে তরুণবয়্যক্ষ মহাবীর বিকর্ণ চিরকাল পরমান্ত্রথে কালহরণ করিয়াছে, মাজি তাহারে ধ্লিশব্যায় শয়ন করিতে হইল! একণে কর্ণি, নালীক ও নারাচ ছারা উহার মর্মাভেদ হইয়াছে, তথাপি প্রী উহারে পরিত্যাগ করে নাই। ঐ দেখ, অরাতিহন্তা তুর্মুখ দৃঢ়প্রতিজ্ঞ ভীমকর্ত্ত্রক নিহত হইয়া ভূমিতলে নিপতিত রহিয়াছে। স্থাপদগণ উহার বদনমগুলের অর্দ্ধভাগ ভক্ষণ করাতে উহা সপ্রমীর চন্দ্রের স্থায় শোভা পাইতেছে। হায়! যে বীরের মুখ্নী অল্পাপি দেলীপ্যমান রহিয়াছে, তাহারে রজোরাশি প্রাস করিতে

দেখিয়া আমি কি রূপে জীবন ধারণ করিব! পূর্বের সংগ্রাম সময়ে ঘাছার সম্মুখে কেইই অবস্থান করিতে পারে নাই, যে বীর অমরগণকে ৪ জার করিতে সমর্থ ছিল, সেই বীর কি রূপে শক্তহস্তে প্রাণ ত্যাগ করিল। ঞ দেখ,মহাধস্কুর বিচিত্র মাল্যধারী চিত্রসেন নিহত হইয়া ভূললে শয়ান রহিয়াছে। শোকাকুল যুবতীগণ ক্রব্যাদগণের সহিত মিলিত হইয়া উহার সমীপে উপবেশন পূর্বেক রোদন করিতেছে, আমি কামিনীগণের ক্রন্দন কোলাহল ও শ্বাপদদিগের গর্জ্জন প্রবণ বিস্মাপন্ন হইয়াছি। ঐ দেখ, "তরুণবয়্ব বিবিংশতি ধূল্যবন্দুতিত কলেবরে বীরজনোচিত ভূমিশয্যায় শয়ান রহিয়াছে। গৃধুগণ উহারে পরিবেইটন করিয়া আছে। উহার মধুর হাস্ত্যসমন্থিত স্কুন্দর বদন স্থাকরের সায় শোভা পাইতেছে। অপ্রারা যেমন গন্ধকের সহিত বিহার করে, তক্রেপ সহক্র সহস্থ স্থান্য করিছে বার্র করিছে পরাজয় করিতে পারে নাই; এক্রণে তাহার শরীর জারতিগণের শরনিকরে সমাচিত হইয়া প্রফুল্ল কর্ণকারারত পর্বতের স্থায় শোভা পাইতেছে। ঐ মহাবীর জীবিত্রিহীন হইয়াও সমুজ্জল করচ ও স্থবনিয় হার বারা অগ্রিয় ধবলগিরির স্থায় দীপ্যমান হইতেছে।

## বিংশতিত্রম অধ্যার।

হে মধুস্দন! যাহার বলবীর্য তোমার ও অর্জ্নের অপেকা অর্বঞ্জণ অধিক ছিল, যে সিংহপরাক্রম মহাবীর সহায়হীন হইয়াও আমার পুজের একান্ত হুর্ভেত দৈত্যবৃহে ভেদ করিয়াছিল, যে বীর বিপক্ষগণের সাক্ষাৎ কুতান্তব্যর ছিল, সেই অভিমন্ত্য এক্ষণে বয়ং কুতান্তের বশবর্তী হইয়াছে। অর্জ্নেতনয় নিহত হইয়াও কিছুমাত্র প্রভাহীন হয় নাই। দেখ, অনিক্ষনীয়া বিরাটনন্দিনী ভর্তা অভিমন্তারে অবলোকন করিয়া নিত্তি ছুঃখিত মনে বিলাপ করিছে করিতে নিজ কোমল করপদ্ধাব দারা উহার কলেবর পরিমার্থিত করিতেছে। পূর্বের ঐ লোকললামভূতা ললনা মধুপানে মন্ত হইয়া অভিমন্তার বিকসিত পুগুরীক সদৃশ কমনীয় মুখমগুল আত্রাণ পূর্বেক সলক্ষভাবে ইহারে আলিক্ষন করিত, একণে সেই নিত্তিবানী ভর্তার বর্মা উন্মোচিত করিয়া উহার শোণিতলিপ্ত কলেবর বারংবার নিরীক্ষণ করত তোমারে কহিতেছে, হে পথা-পলাশলেচন! আমার এই স্থামীর নেত্ত্বেয় ভোষার চক্ষুর ভায় স্থমীর্য ;

ইহার রূপও তোমার স্থায় মনোহর : এই বীর বলবীর্য্য এবং তেলেও তোমা-রই সদৃশ ছিলেন: একণে ইনি নিহত হইয়া সমরশব্যায় শ্যান রহিয়াছেন। ঐ দেখ, ঐ বালিকা পতিকে দম্বোধনপুর্ব্ব ক কহিতেছে, মহাবাহো! তুমি পুরের অতি স্থকুমার ও রাঙ্কবচর্ম্মে শয়ন করিতে, একণে তোমার দেহ ভূতলে সন্ধিবেশিত হইয়া কি ব্যথিত হইতেছে না। তুমি জ্যাঘাতকঠিন অঙ্গদ সমলঙ্কত করিশুগু সৃদৃশ প্রকাণ্ড ভুজদণ্ড প্রসারণ পূবর্ব ক শয়ান থাকাতে বোধ হইতেছে যেন বারংবার ব্যায়াম সাধনে একান্ত পরিপ্রান্ত হইয়া নিদ্রান্তথ অনুভব করি-তেছ। আমি নিতান্ত কাতর ইইয়া বিলাপ করিতেছি, কিন্তু তুমি আমার সহিত সম্ভাষণ করিতেছ না। পূক্ষে তুমি আমারে দুর হইতে নিরীকণ করিয়া সম্ভাষণ করিতে, কিন্তু এক্ষণে আমি নিতান্ত ছঃখিত হইয়া রোদন করিতেছি, তথাপি ভূমি কি নিমিত্ত আমার সহিত আলাপ করিতেছ না। নাথ! আমি ত ভোমার নিকট কিছুমাত্র অপরাধ করি নাই। হে আর্য্যপুত্র ! তুমি আর্য্যা হুভন্তা, অমরোপম পিতা ও পিতৃব্যগণ এবং একাস্ত হু:খিনী এই অনাধারে পরিত্যাগ করিয়া কোথায় গমন করিলে ! হৈ মধুসূদন ! ঐ দেখ, উত্তরা অভি-মন্ত্রর মুখমগুল স্বীয় উৎসঙ্গে সন্নিবেশিত ও শোণিতলিপ্ত কেশকলাপ সংযত করিয়া উহারে জীবিতের স্থায় জিজ্ঞাসা করিতেছে, আর্য্যপুত্র ! 'তুমি বাস্ত-দেবের ভাগিনেয় ও ধনপ্লয়ের তন্য: মহারথগণ রণমধ্যে তোমারে কি রূপে সংহার করিল! যাহারা ভোমারে বিনাশ করিয়া আমারে চিরত্বংখিনী করি-য়াছে, সেই ক্লুরকর্মা কুপাচার্য্য, কর্ণ, জয়দ্রথ, দ্রোণ ও অশ্বত্থামারে ধিক্। হায় ! এ মহারথগণ যখন ভোমারে পরিবেষ্টন পূব্ব ক বিনাশ করে, তৎকালে তাহাদিগের মন কি রূপ হইয়াছিল। হে বীর! তুমি অসংখ্য বন্ধুবান্ধবসম্পন্ন হইয়াও অনাথের ন্যায় পাণ্ডব ও পাঞ্চালগণের সমক্ষে কি রূপে নিগত হটলে ! তোমার পিতা অর্জ্বন তোমারে বছদংখ্য বীরগণের হস্তে নিহত দেখিয়া কি ক্রপে জীবিত আছেন। হে কমললোচন। একণে একমাত্র তোমার বিরহে পাওবগণের বিপুল রাজ্যলাভ ও শক্তজয় কোনক্রমেই প্রীতিকর হইতেছে না। আমি ধর্ম ও ইন্দ্রিয়সংযম ছারা অবিলম্বে তোমার শস্ত্রবিজিত লোকে গমন করিব : জোমারে তথায় আমার রক্ষণাবেক্ষণ করিতে হইবে। নিয়মিত সময় উপস্থিত না হইলে কলেবর পরিত্যাগ করা নিতাস্ত স্ত্কঠিন: সেই নিমিত্র

এই মন্দভাগিনী তোমারে নিহত দেখিয়াও জীবিত রহিয়াছে। হে জীবিতনাথ! তুমি পরলোকে গমন করিয়া একণে আমার ন্যায় আর কাহারে হাস্মুথে মধুর বাক্যে সম্ভাষণ করিবে। আমার বোধ হইতেছে, স্থরলোকে তোমার রমণীয় রূপ দর্শন ও মধুর বাক্য শ্রেবণে নিশ্চয়ই অপ্সরাদিগের মন মোহিত হইবে। তুমি অপ্সরাদিগের সহিত সমাগত হইয়া বিহার করিতে করিতে সময়ে সময়ে আমার কায়্য সকল স্মরণ করিও। তুমি এই পৃথিবীতে আমার সহিত ছয় মাস বাস করিয়া সপ্তম মাসে দেহ বিস্ক্রন করিলে!

হে জনার্দন! ঐ দেখ, বির্টিকুলকামিনীগণ বিরাটছহিতারে ছ: থিত
মনে এইরূপ বিলাপ করিতে দেখিয়া উহারে আকর্ষণ করিতেছে। উহারা
বিরাটকে নিহত দেখিয়া শোকে ব্যাকুল হইয়াছে। ঐ দেখ, সৃধ্র ও শূগালগণ দ্রোণশরসংচ্ছিম রুধিরলিপ্তকলেবর সমরাঙ্গনে শয়ান বিরাটকে পরিবেইটন
করিয়া কোলাহল করিতেছে। একণে বিরাটকুলর্মণাগণ বিরাটের মৃতদেহ
বিবর্তিত করিতে সমর্থ হইতেছে না। আতপসন্তপ্ত মহিলাগণের মুখমগুল
আভি নিবন্ধন একান্ত বিবর্ণ ভাব প্রাপ্ত হইয়াছে এবং কলেবর ও নিতান্ত
পরিশুক্ষ হইয়া গিয়াছে। ঐ দেখ, খ্রপ্রাপ্তাবন উত্তর, স্থদর্শন, লক্ষ্মণ ও
কাম্বোজ দেশীয় স্থদকিণ নিহত হইয়া রণশ্যায় শয়ান রহিয়াছে।

## একবিংশতিতম অধ্যার।

হে কৃষ্ণ ! ঐ দেখ, জ্বালতানল সন্ধিত অমর্থপরায়ণ মহাধকুর্বর কর্ণ অসংখ্য আতরথকে নিপাতিত করিয়া অর্জ্জনের প্রভাবে প্রশান্ত ভাব অবল্যন পূব্বক শোণিতলিপ্রগাত্রে ধরাতলে শয়ন করিয়াছে। আমার মহারথ পূজ্রগণ পাগুবভয়ে ভাত হইয়া ধাঁহারে যুথপতির ন্যায় অগ্রসর করিয়া অরাতিগণের সহিত সংগ্রামে প্রস্তুত হইত, এক্ষণে সেই বীর মত্ত মাতক্তর- নারে নিহত হইয়াছে। রমণাগণ একত্র সমবেত হইয়া আলোলিতকেশে উহার সন্ধিপে উপবেশন পূর্বক রোদন করিতেছে। ধর্মার মুর্থিন্তির ঘাহার ভয়ে নিতান্ত উাল্বয় হইয়া ত্রান্যেশ বহুসর নিদ্যোগত হন নাই, এক্ষণে সেই ইল্কের ন্যায় অপরাজেয়, যুগান্তকালান ভ্রাশনের ভায় তেজ্বী, হিমালয়ের ভায় হির, হর্মোধনের প্রধান অবলম্বন মহাবীর কর্ণ অর্জ্জনহন্তে প্রাণ পরিত্যাগ পূর্বক

বার্ভায় জনমের ন্থায় ভূতলশায়ী হইয়াছে। ঐ দেখ, ব্রদ্যনজননী কর্ণবিনিতা বহুধাতলে বিলুষ্ঠিত হইয়া বিলাপ করত কহিতেছে, হা নাধ! এত দিনে আচা-র্য্যের অভিশাপ্ত সত্য হইল। পৃথিবী তোমার রপচক্র প্রাস করিলে নির্দ্যে ধন-প্রায় কেই অবস্থায় তোমার মস্তক ছেদন করিল। ক্রন্যাদগণ তোমার দেহ ভক্ষণ করিয়া অল্লাবশেষ করাতে উহা কৃষ্ণপক্ষীয় চতুর্দশীর চন্দ্রমার ন্থায় নিতাস্ত অপ্রিয়দর্শন হইয়াছে। কর্ণবিনিতা এই বলিয়া একবার ধরাশায়ী হই-তেছেন এবং প্রায় সমুখিত ও পতিপুক্তশোকে অধীর হইয়া কর্ণের বদন আত্রাণ করিতেছেন।

## ৰাবিংশতিতম অধ্যায়।

হে বাহ্নদেব ! ঐ দেখ, গুঞ্জ ও জম্বুকগণ ভীমদেনের হস্তে নিহত মহাবীর অবস্তিনাথকে অনাথের ন্যায় ভক্ষণ করিতেছে। ঐ বীর অসংখ্য শক্তকে নিপাতিত করিয়া শোণিতাকৈ কলেবরে বীরশয্যায় শয়ন করিয়াছেন। শুগাল, কম্ব ও ক্রব্যাদগণ উহারে ইতস্তত আকর্ষণ করিতে আরম্ভ করিয়াছে। রমণীগণ মিলিত হইয়া ঐ সমরশয়ান মহাবারের সমীপে উপবেশন পুর্বক রোদন করিতেছে। এ দেখ, প্রতীপপুত্র মহাধতুর্বর বাহলাক ভল্ল দারা নিহত হইয়া **প্রস্থ্ত** শার্দার কায় নিপতিত রহিয়াছেন। এগনও ঠাহার মুখমগুল পূর্ণচন্দ্রের ফ্রায় শোভা পাইতেছে। ঐ দেখ, দিল্পুদৌবারভর্তা মহাবীর **জ**য়ক্ত**ণ** ধরাতলে শয়ান রহিয়াছেন। পুত্রশোকসন্তপ্ত দৃঢ় প্রতিজ্ঞ অর্ক্ন স্বীয় প্রতিজ্ঞ। প্রতিপালনার্থ একাদশ অক্ষেহিণা দেনা ভেদ করিয়া উঁহারে নিপাতিত করিয়াছে। অশুভসূচক শিব। ও গৃথ্রগণ চীৎকার করিতে করিতে উহারে আকর্ষণ ও ভক্ষণ করিতেছে। দিল্করাজের পদ্ধীগণ উগর मभीत्म উপविके इहेबाड छेहानिभटक निवातन कतिएक ममर्थ इहेटकट्छ ना। কাম্বোজ e ধ্বনকামিনীগণ জয়দ্রথের নিকট উপবেশন পূর্প্রক রোলন করিতেছে। হে জনার্দ্দন ! জয়দ্রেথ যৎকালে কেকয়দিগের সহিত মিলিত হইয়া জৌপদীরে গ্রহণপূর্বক ধাবমান হইয়াছিলেন, পাগুবগণ সেই সময়েই উঁহারে विनक করিত। তৎকালে উহারা কেবল ছু:শলার বৈধব্য নিবার-ণার্থ সিত্মরাজকে পরিত্যাগ করে, একণে সেই তঃশলার অনুরোধেই উঁহারে कि निमित्त कीविक त्राधिन ना ? औ तिब, तिहे क्रःगना क्रःथरगारक निकास

ব্যাকুল হইয়া পাণ্ডবগণের প্রতি আব্রোশ প্রকাশ ও আপনারে বিপদ্প্রস্তি জ্ঞান করিতেছে। হায়! মাজি আমার বালিকা কতা ও পুত্রবধূগণ বিধবা হইল! ইহার পর মধিক ছঃখ আর কি আছে! হা কি কটা! ঐ দেখ, ছঃশলা পতির মন্তক না দেখিয়া শোক ভয় পরিত্যাগ পূর্বক ইভন্তত ধানমান হইতেছে। মহাবীর দিল্পুরাজ পুত্রবংদল পাণ্ডবগণকে নিবারণ ও তাহাদের মদংখ্য দৈতকে সংহার পূর্বক ময়ং কালকবলৈ নিপত্তিত হইয়াছেন। পূর্ণতিক্রবদনা কামিনীগণ ঐ মন্ত মাতক দদৃশ বীরকে পরিব্রেটন পূর্বক রোদন করিতেছে।

## ত্ররোবিংশভিতম অধ্যার।

হে কৃষ্ণ ! ঐ দেখ, মন্ত্রাধিপতি মহারথ শল্য ধর্মারাক্ত যুধিষ্ঠিরের হত্তে নিহত হইয়া ভূতলে নিপতিত রহিয়াছে। <sup>\*</sup>উনি নকুলের সাকাৎ মাতুল। ঐ মহাবীর সর্বস্থানে সর্বাদা ভোমার সহিত স্পাদ্ধা করিতেন। **উনি কর্ণে**র রথরশ্মি গ্রহণ করিয়া পাগুবগণের জয়লাভের নিমিত্ত তাহার তোজোহ্রাস করিয়াছিলেন। আহা! ঐ দেখ, কাক সকল পদ্মপলাশলোচন মন্তাধি-পতির পূর্ণ চন্দ্র সন্নিভ বদনমগুল দংশন ও স্থবর্ণবর্ণ জিহবা ভক্ষণ করিতেছে। সুক্ষাবন্ত্রধারিণী কুলকামিনীগণ পঙ্কনিমগ্ন গব্ধরারের চতুদ্দিকে উপবিষ্ট করিণীকুলের স্থায় শরবিক্ষতাঙ্গ স্কৃতলশায়ী মদ্ররাজ্ঞকে পরিবেন্টন করিয়া রোদন করিতেছে। ঐ দেখ, পশতবাদী প্রবল প্রতাপশালী ভগদত্ত অঙ্কুণ ধারণ করিয়া ভূতলে নিপতিত রহিয়াছেন। স্থাপদগণ উহারে ভক্ষণ করিনেছে। উঁহার কেশকলাপ শিরঃস্থিত স্থবর্ণমালার প্রভাপ্রভাবে কেমন মুশোভিত হইয়াছে। বলিরাজের সহিত দেবরাজ ইন্দের যেরূপ খোর-তর যুদ্ধ হইয়াছিল, মর্জ্জনের সহিত উঁহারও তজ্ঞাপ ঘোরতর সংগ্রাম হইয়া গিয়াছে। ঐ মহাবীর সংগ্রামে ধনপ্রয়ের প্রাণ সংশয় করিয়া পরিশেষে স্বয়ং নিহত হইয়াছেন। ঐ দেখ, মহাবীর ভীম্ম গগনতলপরিভ্রষ্ট যুগাঁস্ত-কালীন দিনকরের ভায় ভূতলে নিপতিত রহিয়াছেন। উঁহার সদৃশ বল-বিক্রমশ'লী আর কেইই ছিল না। ঐ মহাবল পরাক্রান্ত মহাবীর সংগ্রাম ক'লে স্বীয় মন্ত্রপ্রতাপে মন্নতিগণকে পরিতাপিত করিয়া পরিশেষে অন্ত-গত সূর্য্যের ক্রায় নিপতিত হইয়াছেন। উনি ধর্মাকুঠানে কেবাপি সদৃশ ছিলেন। ঐ বীররসপরায়ণ মহাত্মা কর্ণি, নালাক ও নারাচ প্রভৃতি শর্ননিচয়নির্দ্মিত শয়ায় শয়ন করিয়া শরবনশায়ী ভগবান্ কার্ত্তিকেয়ের আয় শেশভা পাইতেছেন। মহাবীর অর্জ্জ্ন জিন শর দ্বারা উহার অর্জ্ উৎকৃষ্ট উপধান প্রস্তুত করিয়া গিয়াছেন। মহাত্মা ভীল্ল পিতার আজ্ঞা প্রতিপালনার্থ উর্জরেতা হইয়াছিলেন। উনি অন্বিতীয় পুরুষ ও পরম ধার্ম্মিক; ঐ বীর মর্জ্য হইয়াও ভত্তুজ্ঞান প্রভাবে অমবের আয় প্রাণ ধারণ করিয়া রহিয়াছেন। যথন মহাবীর শান্তমুত্তনয় ধরাশায়ী হইয়াছেন, তথন বোধ হইতেছে য়ে, পৃথিবীমধ্যে আর কোন যুদ্ধবিশারদ ও বলবিক্রমশালী ব্যক্তি জীবিত নাই। পাশুবগণ জিল্জাসা করাতে উনি স্বয়ং আপনার মৃত্যুর উপায় নির্দেশ করিয়া দিয়াছিলেন। য়ে সভ্যবাদী মহাত্মা ক্ষেম্মুথ কুরুবংশের প্রত্যুদ্ধার করিয়াছিলেন, সেই মহামতি এক্ষণে কৌরবগণের সহিত পরাভূত্ত হইলেন। হে মাধব! দেবতুল্য দেবত্রত দেবলোকে প্রস্থান করিলে কৌরব কুল আর কাহারে ধর্ম্ম জিজ্ঞাসা করিবে ?

ঐ দেখ, মহাবীর অর্জ্নুন, সাত্যকি ও কোরবগণের উপদেন্ট। দ্বিজ্ঞসন্তম দ্রোণাচার্য্য ধরাতলে নিপতিত রহিয়াছেন। যিনি দেবরাজ ইন্দ্র ও মহাবীর জামন্বয়ের ন্যায় চতুর্বিধ অস্ত্রবিদ্যায় পারদর্শী ছিলেন, বাঁহার প্রসাদে মহাবীর অর্জ্বন এই ছক্ষর কার্য্য সাধন করিয়াছে, বাঁহারে অগ্রসর করিয়াকোর বিচরণ পাশুবদিগের সহিত স্পর্দ্ধা করিত এবং যিনি সমরমণ্যে হুতাশনের ন্যায় বিচরণ করিয়া সৈন্যগণকে সন্থাপিত করিতেন, আজি সেই মহাবীর নিহত হইয়া প্রশান্ত শিখ পাবকের ন্যায় স্কৃতলে বিলীন রহিয়াছেন। উহার বামমুষ্টি বা হস্তাবাপ বিশীর্ণ হয় নাই। উনি নিহত হইয়াও জীবিতের ন্যায় দৃষ্ট হইতেছেন। চারি বেদ ও সমুদায় অস্ত্র শস্ত্র প্রজাপ্তির ন্যায় ঐ বীরকে পরিজ্যাগ করে নাই। হায়! আচার্য্যের যে বন্দ্রনীয় চরণত্রয় বন্দিগণ কর্ত্তক পরিসেবিত হইজ, আজি গোমায়ুলণ সেই পাদম্ব আকর্ষণ করিক্তেছে। ঐ দেখ, ব্রহ্মচারিণা আচার্য্যপত্না কৃপী অতি দীনভাবে আলোলিত কেশে অধােবদনে ধৃষ্টহ্যম্বনিহত গাস্ত্রবিদ্রাগা স্বতির সমীপে অবস্থানপূর্বক বিলাপ ও উহার প্রেত্রকার্য্যের নিমিত বন্ধ করিতেছেন। ঐ দেখ, জটাধারী ব্রহ্মচারিগণ রথনীড়, শরাসন,

শক্তি ও অন্যান্য বিবিধ অন্ত্রছারা দ্রোণাচার্ষ্যের চিতা প্রস্তুত করিয়াছেন। সামগাথকগণ অগ্নি আহরণ পূর্বক ষথাবিধানে চিতা প্রস্থালিত ও তত্পরি আচার্য্যের দেহ নিহিত করিয়া ত্রিবিধ সাম গান করিতেছেন। অনৈকে শোকে অভিভূত হুইয়াছেন। ঐ দেধ, আচার্য্যের শিষ্যগণ সামবেদ গান করত দ্রোণাচার্য্যের অন্তেপ্তিক্রিয়া সাধন পূর্বক তাঁহার পত্নীরে অপ্রবর্তী করিয়া চিতার দক্ষিণ পার্য দিয়া ভাগীরধীর অভিমূধে গমন করিত্তেছে।

# চতুর্বিংশতিতম অধ্যার।

হে মধুসূদন ! ঐ দেখ, সোমদতের পুক্ত ভ্রিশ্রবা যুর্ধান কর্তৃক নিহত হুইয়া রণস্থলে শয়ান রহিয়াছেন। বিহুগুগুণ উহারে ছিন্ন ভিন্ন করিতেছে। ঐ দেখ, সমর্নিহত সোমদত্ত যেন পুত্রশোকে নিভাস্ত কাতর হইয়া যুযুধানকে ভৎসন। করিতেছেন। ভুরিশ্রেবার জননী নিতান্ত তুঃখিত হইয়। ভার্ত্তা দোমদত্তকে দক্ষোণন পূর্বক কহিতেছে, মহারাজ ! আজি ভাগ্যক্রমে তুমি এই ভয়ক্ষর কুরুকুলক্ষয় অবলোকন করিতেছ না। আজি ভাগ্যক্রমে তোমারে যজ্ঞলীল অতি বদাভা মহাবীর পুত্র যুপধ্যক্তকে নিহত নিরীকণ করিতে হইল না। আজি ভাগ্যক্রমে সাগরমধ্যস্থ সারসীকুলের ভাগ্ন পুক্ত-বধুগণের বিলাপ ভোমার শ্রুতিগোচর হইতেছে না। হায়! ভোমার পুদ্রবধ্বণ পত্তিপুত্র বিহীন হইয়া একমাত্র বদন ধারণ পূর্ণ্যক আলোলিভ কেশে ইতস্তত ধাবমান হইতেছে। মহাবীর স্থৃরিঞাবা ও শল নিহত হইয়া সমরাঙ্গনে নিপতিত রহিয়াছে: খাপদগণ উহাদিগকে ভক্ষণ করি-তেছে। তোমার পুত্রবধৃগণ দকলেই বিধবা হইয়াছে। আজি ভাগ্যক্রমে ভোমারে উহাদের বৈধব্য অবলোকন করিতে হইল না। হায়! বৎস যুপকেতৃর কাঞ্চনময়ছত্তা রথোপরি নিপতিত রহিয়াছে। হে মধুসূদন! के एनश, कृतिव्यवात श्रिय महिबीशन खँशात शतिरवन्छेन शूर्तक विनाश ड পরিতাপ করিতেছে। উহারা ভর্তুশোকে একাস্ত কাতর হইয়া দীনভাবে তোমারই **অ**ভিমূবে ধাবমান হইয়া**ছে**। <sup>\*</sup>ধনঞ্জ অনব**হিত ভূরিশ্রেবার বাস্ত** ছেদন করিয়া অভিশয় স্থাণিত কার্য্যের অনুষ্ঠান করিয়াছে। বিশেষত সোম-দত্ততনয় প্রায়োপবিষ্ট হইলে সাত্যকি তাহার প্রাণ সংলার করিয়া অর্জুন অপেকাও গুরুতর পাপে লিগু হইয়াছে, সন্দেহ নাই। ঐ দেখ, ভুরিপ্রবার

পদ্ধীগণ হই জনে এক ব্যক্তির প্রাণ সংহার করিয়াছে বলিয়া বিলাপ করিতেছে। ভূরিশ্রবার প্রিয়মহিষা উহার হস্ত উৎসঙ্গে লইয়া রোদন করিয়া দীনবচনে কহিতেছে, হা! ষাহা আমাদিগের রদনা আকর্ষণ, কঠিন স্তন্যুগল বিমর্দন, নীবি বিশ্রংদন এবং নাভি, উরু ও জ্বনদেশ স্পর্শ করিত, যাহা শত্রুগণের বধ সাধন, মিত্রগণকে অভয় প্রদান ও বিপ্রগণকে অসংখ্য গোলান করিত, এই সেই হস্ত নিপতিত রহিয়াছে। আর্য্যপুত্র! ভূমি যখন খাত্মের সহিত যুদ্ধে প্রস্তুত্ত ও অনবহিত ছিলে, পার্থ দেই সময় বাহ্মদেবের সমক্ষে তোমার এই হস্ত ছেদন করিয়াছেন! মধুসূদন সভামধ্যে করিপে অক্স্তুনের এই কার্য্যের প্রশংসা করিবেন এবং স্বয়ং অর্জুনই বা করিবেপ আক্স্তাভায় সমর্থ হইবেন! হে কৃষ্ণ! ভূরিশ্রবার প্রধান মহিষ্যা তোমারে এইরূপে ভর্মান করিয়া ভূষণীস্তাব অবলম্বন করিয়াছে এবং উহার সপদ্ধীরা আপনাদিগের পুত্রবধূর স্থায় উহার নিমিত্ত শ্রোক প্রকাশ করিতেছে।

ঐ দেখ, মহাবল পরাক্রান্ত গান্ধাররাজ শকুনি ভাগিনেয় সহদেব কর্ত্ক নিহত হইয়াছে। পূর্বেব পরিচারকেরা যাহারে হেমদণ্ডমণ্ডিত ব্যজন দ্বারা বাজন করিত, অন্ত বিহঙ্গেরা সেই বারকে পক্ষপুট দ্বারা বাজন করিতেছে। যে ব্যক্তি মায়াবলে অসংখ্যরূপ ধারণ করিত, সহদেবের তেজঃস্বরূপ হতাশন তাঁহার সেই মায়া ভত্মসাৎ করিয়াছে। যে শঠতাচরণ ও মায়াবল বিস্তার পূর্বেক সভামধ্যে ধর্ম্মরাজ মুধিন্তিরকে পরাজর করিয়া ভাঁহার রাজ্য হরণ করিয়াছিল, এক্ষণে মহাবীর সহদেব তাহারই জীবন হরণ করিয়াছে। ঐ নির্বোধ আমার পূত্রগণের বিনাশ সাধনের নিমিন্তই শঠতা শিক্ষা করিয়াছিল। ঐ ধূর্বেই আমার পূত্রগণের ও স্বপক্ষীয় বার সমুদায়ের প্রাণ নাশের নিমিন্ত পাশুবগণের সহিত এই বৈরানল প্রস্থালিত করিয়াছিল। এক্ষণে ঐ ত্রাত্মা আমার পুত্রগণের ন্যায় নিহত হইয়া দিব্যলোক লাভ করিয়াছে।ছে মধুসুদন! আমার পুত্রেরা অতি সরল স্বভাব এবং ঐ মূর্থ নিতান্ত কুটিল, এক্ষণে বোধ হইতেছে, ঐ ধূর্ত্ত লোকান্তরে উপস্থিত হইয়াও আমার পুত্রগণমধ্যে পরক্ষার বিরোধ উৎপাদন করিয়া দিবে।

## পঞ্চবিংশভিতম অধ্যায়।

**হে কৃষ্ণ !** ঐ দেখ, ব্যভক্ষ তুর্ম্ব কামোজরাজ নিহত হইয়। ধূলি-

শয্যায় শয়ান রহিয়াছেন। উনি পুর্বেক কাম্বোজ দেশীয় সহার্হ আস্তরণমণ্ডিত শ্যায় শ্যন করিতেন। ঐ দেখ, উঁহার বনিতা প্রিয়ত্মের চন্দনচর্চিত বাত্ত-ষয় শোণিতলিপ্ত দেখিয়। শোকাকুলিতচিত্তে বিলাপ বাক্যে কহিতেছে, হা নাথ! তোমার এই স্থন্দর অঙ্গুলিস্ময়িত বাত্ত্বয় পরিঘ তুল্য ছিল। পুর্শের যথন আমি তোমার এই ভুজদ্বয়ের মধ্যে অবস্থান করিতাম, তথন রতি আমারে এক মুহূর্ত্তও পরিত্যাগ করিত না। এক্ষণে তোমার অভাবে আগার কি গতি **হইবে! কাম্বোজরাজমহিষী এই বলিয়া অনাথার ন্যায় নধুরম্বরে বোদন করত** বিকম্পিত হইতেছে। ঐ দেখ, কলিঙ্গরাজের উভয় পার্শে সমবস্থিত কামিনী-গণ দিব্য মাল্যের ন্যায় আতপতাপিত হইয়াও শ্রীভ্রক্ট হইতেছে ন। 🏟 **দেখ, মগধদেশী**য় রমণীগণ প্রদাপ্তাঙ্গদধারী সগধরাজ জয়ৎসেনের চতৃদ্দিক্ পরিবেষ্টন করিয়া রোদন করিতেতে। ঐ বিশাল্লোচন্। স্থপর্সম্পন্না রুম্নী-গণের শ্রেষ্টিত স্থেকর মধুর নিনাদে আনার অন্তঃকরণ বিমোছিত প্রায় হট-তেছে। ঐ কামিনীগণ পূর্বের মহামূল্য আন্তরণমণ্ডিত শ্যায় শ্যুন কাষ্ট্র, একণে উহারা শোকাকুলিভচিত্তে আভরণ সকল ইতস্তত নিজেপ করিয়া রোদন করিতে করিতে ধরাতলে নিপতিত হুইতেছে। ঐ দেখ, কোশলবাজ পুতা রহম্বলের নারীগণ পাতরে পরিবেইটন পূর্বক রোদন করিতেছে এবং ব্যাকুলমনে উঁহার হৃদয়গত শরজাল উদ্ধৃত করিতে করিতে বারংবার মূচ্ছিত হইতেছে। আতপতাপ ও পরিশ্রেমে উহাদিগের মুখমণ্ডল ফ্লান হইষা গিয়াছে। ঐ দেখ, ধ্রউত্যুম্মের হুবর্ণমাল্যধারী অঙ্গদদসলম্ভুত অল্পবয়স আজ্ঞভাগ নিহত হইয়া সমরাঙ্গনে শ্যান রহিয়াছে। উহারা পাবক তুল্য প্রতাপশালী দ্রোণের বাণপথে পতিত হইয়া শলভের ন্যায় নিহত হইয়াছে। ঐ দেখ, রুচিরাঙ্গদধারী . কেকগদেশীয় পাঁচ ভাতা দ্রোণশরে নিহত ও সমরশয্যায় শয়ান হইয়া প্রস্তুলিত পাবকের ন্যায় শোভা পাইতেছেন। উঁহাদের তপ্তকাঞ্চন নির্মিত বর্মা, বিচিত্র ধ্বজ, রথ ও মাল্যের প্রভাবে সমরাঙ্গন দেদীপ্যমান হইয়াছে। ঐ দেখ, পাঞ্চাল-রাজ দ্রুপদ অরণ্যাধ্যে পিংহনিপাতিত মত্ত মাতকের ন্যায় দ্রোণশরে নিহত **হইয়া ধরাতলে শ**য়ান রহিয়াছেন। উঁহার স্থনির্মল পাণ্ডুবর্ণ আতপত্র শরৎ কালীন নিশাকরের ন্যায় শোভা পাইতেছে। ঐ পাঞ্চালরাজের পুত্রবধূও ভার্য্যার। ছু: খিত মনে উঁহার মৃতদেহ দগ্ধ করিয়া দক্ষিণ দিকু দিয়া গমন করিতেছে।

ঐ দেখ, চেদিদেশাধিপতি মহাবীর ধ্রুষ্টকেতু অসংখ্য শত্রু সংহার পূর্বক স্বয়ং দ্রোণশরে নিহত হইয়। সমরাঙ্গনে শধান রহিয়াছেন। বিহঙ্গের। উঁহার কলেবর ছিন্ন-ভিন্ন করিয়াছে। উঁহাল ভার্য্যারা রণস্থলে উপাস্থত হইয়া উঁহারে অঙ্কে খারোপণ পূর্বক খনবরত রোদন করিয়া স্থানান্তরিত করিতেছে। এ দেখ, উহার চারুকুগুলগণ্ডিত মহাবল পরাক্রান্ত আত্মজ দ্রোণশরে ছিম ভিন্ন হট্য়া রণস্থলে, নিপতিত রহিয়াছে। ঐ বীর স্ত্রাপি সীয় পিতারে পরিত্যাগ করে নাই ৷ আমার পৌত্র লক্ষ্মণ ও ধুক্টকেতুর পুত্রের ন্যায় স্বীয় পিতার অনুসমন করিয়াছে। ঐ দেখ, কাঞ্চনাঙ্গদ সমলক্কত কাঞ্চন বর্মধারী বিমল মাল্যস্তশোভিত ব্যভলোচন অবন্ধিনেশীয় বিনদ ও অমুবিন্দ বসস্তকালে বায়ুবেগবিপাটিত কুস্তম পরিশোভিত শালবুক্ষদ্ধের কায় ভুত্রে শ্যান রহি-য়াছে। ( क कृष्ण । পাশুবের। যंখন মহাবীর ভীষ্ম, দ্রোণ, কর্ণ, কুর্পেরাধন, অশ্রথানা, জয়দ্রেথ, সোমদত, বিকর্ণ ও কুতবর্ত্মার হস্ত হইতে বিমৃক্ত হইয়াছে, তখন উহারা ও তুমি অবধ্য। ভীমা, দ্রোণ প্রভৃতি মহাবীরগণ শস্ত্রবলে দেব-গণকেও বিনাশ করিতে সমর্থ ছিলেন। কিন্তু কালের কি কুটিল গতি! শাজি ভাহার।ই নিহত ১ইয়া সমরাঙ্গনে শ্যান রহিয়াছেন। দৈবের অসাধ্য কিছ্ট নাট। হে বাজদেব। ভুমি যথন শান্তিস্থাপনে অকৃতকার্য্য চইয়া বিরাটনগরে প্রত্যাগ্যন করিয়াছিলে, তথনই আমি ছির করিয়াছিলাম যে, আমার পুত্রগণ নিষ্কু হইয়াছে। তৎকালে মহাত্মা ভীশ্ম ও বিতুর **আমা**রে কহিয়াছিলেন, তুমি আপনার পুত্রগণের প্রতি আর স্নেহ প্রদর্শন করিও না। দেই মহাজাদিগের বাক্য কদাপি মিণ্যা হইবার নহে। ঐ দেখ, আমার পুজের। পাগুৰগণের রোধানলে ভন্মদাৎ হুইয়া গিয়াছে।

হে মহারাজ! গান্ধাররাজতনয়। এই বলিয়া চুঃগশোকে একাস্ক স্থার ও হতজান হইয়া ভূতলে নিপতিত হইলেন এবং কিয়ংক্ষণ পরে ক্লোধভারে বাহাদেবের প্রতি দোষারোপ করিয়া কহিলেন, জনাদ্দন! যথন কোরব ও পাগুবগণ পরস্পারের ক্লোধানলে পরস্পার দগ্ধ হয়, তংকালে তুমি কি নিমিত্ত তদ্মিয়ে উপোকা প্রদর্শন করিলে ? তোমার বহুসংখ্যক ভূত্য ও দৈন্য বিগ্ননান আছে; তুমি শাস্ত্রজ্ঞানসম্পন্ন, বাক্যবিশারদ ও অসাধারণ বলবীর্যাশালী, তথাপি তুমি ইচ্ছা পূর্বেক কোরবগণের বিনাশে উপোকা প্রদর্শন করিয়াছ। অতএব তোমারে অবশ্যই ইহার ফলভোগ করিতে হইবে। আমি পতিশুলারা রায় বি কিছু তপঃসঞ্চয় করিয়াছি, সেই নিতান্ত তুর্লভ তপঃপ্রভাবে
ভোমারে অভিশাপ প্রদান করিতেছি যে, তুমি যেমন কোরব ও পাওবগণের
জ্ঞাতি বিনাশে উপেক্ষা প্রদর্শন করিয়াছ, ভেমনি ভোমার আপনার জ্ঞাতিবর্গও ভোমা কর্ত্বক বিনক্ট হইবে। অতঃপর ষট্ ত্রিংশং বর্ষ সমুপস্থিত
হইলে তুমি সমাত্য, জ্ঞাতি ও পুক্রহীন এবং বনচারী, হইয়া ভতি কুৎসিৎ
উপায় দ্বারা নিহত হইবে। ভোমার কুলরমণীগণও ভরতবংশীয় মহিলাগণের
আয় পুক্রহান ও বন্ধবান্ধব বিহীন ইইয়া বিলাপ ও পরিতাপ করিবে।

তথন মহামতি বাস্থাদেব গান্ধারীর মুখে এই কথা প্রবণ করিয়া হাদ্যমুখে তাঁগারে কহিলেন, দেবি! আমা ব্যতিরেকে যতুবংশীয়দিগকে বিনাশ
করে, এমন আর কেহই নাই। আমি যে যতুবংশ ধ্বংস করিব, তাহা বছদিন
অবধারণ করিয়া রাগিয়াছি। আমার যাহা অবশ্য কর্ত্তব্য, এক্ষণে আসনি
তাহাই কহিলেন। যাদবেরা মনুষ্য বা দেব দানবগণের বধ্য নহে, স্ক্তরাং
ভাঁগারা পরস্পার বিনস্ট হইবেন। বাস্থাদেব এই কথা কহিবামাত্র পাওবেরা
ভাঁগ এ উদ্বাহা হট্যা প্রাণ দারণ বিষয়ে এককালে হতাশ হইলেন।

सीविनाभ भन्ने ममाश्र ।

# শ্রাদ্ধ পর্ববাধ্যায়।

-----

# ষড়বিংশভিত্ৰ অগায়।

অনস্তর বাহ্নদেব গান্ধারীরে পরাতলে নিপতিত দেখিয়া কহিলেন,—রাজ ! অবিলম্বে গাত্রোত্থান করুন, একণে আর শোক করা কর্ত্ব্য নহে। আপনার সপরাধেই অসংখ্য বীর নিহত হইয়াছে। আপনার পুত্র তুর্ব্যোধন অতি তুরাত্মা, পরশ্রীকাতর, আত্মাভিমানী, নিষ্ঠুর ও গুরুজনের নিতান্ত অবাধ্য ছিল। আপনি তাহার হুক্ত কার্য্যে সাধুবাদ প্রদান করিতেন, একণে কি নিমন্ত আত্মদোষ ক্লালনার্থ আমার উপর দোষারোপ করিতেছেন ! যাহা হউক, অভঃপর তুঃশ পরিত্যাগ করা অবশ্য কর্ত্ব্য। গতামুশোচন ছারা তুঃশ দিঞ্চণ ইইয়া উঠে। বিশেষত আক্ষণী, পুত্র হইলে তপোনুষ্ঠান করিবে; বৈশ্যা,

পুত্র হইলে পশুপালন করিবে; শুদ্রা, পুত্র হইলে দাসত্ব স্বীকার করিবে; তুরঙ্গী, শাবক হইলে ক্রন্ততর ধাবমান হইবে; গাভী, বৎস হইলে ভার বহন করিবে এবং ভোমার মত ক্রন্তিয়ার। পুত্র হইলে সমরমৃত্যু লাভ করিবে বলিয়াই গর্ভধারণ করিয়া থাকেন।

মহাত্ম। বাহ্নদেব এই কথা কহিলে গাঁদ্ধারী উহা নিতান্ত অপ্রেয় বোথে শোকাকুলিত চিত্তে তুঝীন্তাব অবলম্বন করিয়া রহিলেন। তখন রাজা ধৃতরাষ্ট্র সীয় বৃদ্ধিবিপাকজ শোক সম্বরণ পূর্বক যুধিন্তিরকে জিল্ডাসা করিলেন, হে পাণ্ডবল্রেষ্ঠ। এই যুদ্ধে যে সমুদায় সৈত্য সমাগত হইয়াছিল, ভাহাদের মধ্যে কতগুলি নিহত হইয়াছে, আর কতগুলিই বা জীবিত আছে, যদি তুমি উহা অবগত থাক, তাহা হইলে কীর্ত্তন কর।

যুধন্তির কহিলেন, কোরবনাথ! এই যুদ্ধে শতাধিক ষট্যন্তি কোটি বিংশতি সহত্র সৈন্য নিহত হইয়াছে এবং চতুর্বিংশতি সহত্র এক শত পঞ্চরন্তি যোদা জীবিতাবন্ধায় পলায়ন করিয়াছে। তথন ধৃতরাষ্ট্র কহিলেন, হে পুরুষসন্তম! তুমি সর্বন্তে; অত্তরব নিহত ব্যক্তিরা কোন্ কোন্ স্থানে গমন করিয়াছে, তাহা কার্ত্তন কর। যুধিন্তির কহিলেন, মহারাজ! এই যুদ্ধে যাহারা ছাইচিত্তে কলেবর পরিত্যাগ করিয়াছে, তাহারা ইন্দ্রলোকে, যাহারা মৃদ্যু ভাবধারণ করিয়া অসম্ভইচিত্তে নিহত হইয়াছে, তাহারা গদ্ধবিলোকে, যাহারা শরণাপী হইয়া সমরে পরাগ্নুগ হইবার সময় অন্ত্রাঘাতে নিহত হইয়াছে, তাহারা গ্রহ্মকলোকে, যাহারা সমর পরাগ্নুগ হওয়া নিতান্ত লক্ষ্ণাকর বোধ করিয়া অন্তর্শন্ত বিহীন হইয়াও শক্রের অভিমুখে গমন পুর্বাক অন্ত্রাঘাতে দেহ- ভাগুগ করিয়াছেন, ভাহারা বেক্ষ্ণান্দনে এবং যাহারা সমরাক্ষনের বহির্ভাগে নিহত হইয়াছে, তাহারা কথঞ্জিৎ উত্তর কুরুতে গনন করিয়াছে।

ধৃতরাষ্ট্র কহিলেন,—বৎস! তুমি কোন্ জ্ঞান প্রভাবে সিদ্ধ পুরুষের ন্যায় এই সমস্ত বিষয় অবলোকন করিতেছ? বলি বলিবার কোন বাধানা থাকে, তবে কীর্ত্তন কর।

যুধিন্তির কহিলেন, কৌরবনাথ। পূর্ব্বে আমি আপনার আলেশামুসারে বনবাসী হইয়া তীর্থবাত্তা প্রসঙ্গে বনমধ্যে জ্রমণ করিতে করিতে দেববি লোশশের সহিত সাক্ষাৎ করিয়াছিলাস। তাঁহার অমুগ্রহেই জ্ঞানযোগে দিব্যচক্ষু লাভ করিয়াছি। ধৃতরাষ্ট্র কহিলেন,—হে যুধিষ্ঠির! এই সমরে যে সমুদায় ব্যক্তি নিহত হইয়াছে, তাহাদের মধ্যে যাহার৷ অনাথ বা বন্ধুবান্ধব সম্পন্ন ও যাহাদের অগ্নিহোত্র- সঞ্চিত্র নাই, তাহাদিগকৈ ত বিধিপূর্ববর্ষক দগ্ধ করিতে হইবে ? একণে আমরাই বা কিরূপ কার্য্যের অনুষ্ঠান করিব ? আর গৃপ্ত প্রস্থিতি পক্ষিণণ যাহাদিগকে আকর্ষণ করিতেছে, তাহাদিগের উদ্ধিদেহিক কার্য্য হইলে তাহারা ত সদগতি লাভ করিতে পারিবে ?

হে জনমেজয়! সহারাজ ধৃতরাষ্ট্র ধর্মারাজকে এই কথা কহিলে তিনি স্থার্মা, ধৌম্ম, সঞ্জয়, মহাত্মা বিত্রর, যুযুৎস্থ এবং ইন্দ্রদেন প্রমুখ ভূত্য ও সার্থিগণকে কহিলেন, ভোমরা অচিরাৎ বীরগণের প্রেতকার্য্য সম্পাদন কর। ইহাদিগের শরীর যেন অনাথের ন্যায় ধ্বংস ন। হয়। ধর্মরাজ এইরূপ আদেশ করিলে স্থশর্ম প্রভৃতি ব্যাক্তগণ অবিলম্বে অগুরু, চন্দন, কালায়ক, মুত, তৈল, গন্ধ, কোমবস্ত্র, মহামূল্য কাষ্ঠ, ভগ্ন রথ ও বিবিধ প্রাহরণ আহরণ পূর্বক পরম যত্নে চিতা প্রস্তুত করিয়া প্রাধান্যানুসারে স্বত্ধারা সমাজ্ত জ্তা-শনে মহারাজ প্র্যোধন, ভাঁহার জাতৃগণ, শল্য, শল, ভূরিশ্রার, জয়দ্রণ, আভ-মন্ত্র, ছঃশাসনতন্য, লক্ষ্মণ, ধৃষ্টকৈতু, বৃহস্ত, সোমদত্ত, সঞ্জয়গণ, ক্ষেমধন্য, বিরাট, জপেদ, শিশণ্ডী, ধুফছাল্ল, যুধাসন্থা, উত্তমৌজা, কোশলরাজ, দ্রোপদার পাচপুত্র, শকুনি, অচল, বুষক, জগদত্ত, কর্ণ, কর্ণের পুত্রগণ, কেক্য়গণ, ত্রিগর্রগণ, রাক্ষ্যেন্দ্র ঘটোৎকচ, অলমুষ, রাজা জলসন্ধ ও অন্যান্য শত সহত্র নরপতির মৃতদেহ দশ্ধ করিতে লাগিলেন। ঐ সময় কোন কোন মহাত্মা পিতৃ-যজাবুষ্ঠানে প্রবৃত্ত হইয়া সামবেদ গান করিতে আরম্ভ করিলেন। কেহ কেহ মুত ব্যক্তিদিগের নিমিত্ত শোক করিতে লাগিল। সেই রজনীতে দাস ও ঋক-বেদধ্বনি এবং রমণীগণের আর্ত্তনাদে সমুদায় প্রাণিগণ মুচ্ছিত প্রায় হইল। হুতাশন ধুমশূন্য ও প্রজ্বলিত হইয়া উঠিলে বোধ হইতে লাগিল যেন নভোমগুলে গ্রহ সমুদায় মেঘে পারবৃত হইখাছে। যে সমস্ত ব্যক্তি নানাদেশ হইতে আগীমন-পুর্বেক অনাথ হইয়া প্রাণ প্রিত্যাগ করিয়াছিল মহাত্মা বিজুরধর্মরাজের গাদে-শানুসারে তৈলদংসিক্ত রাশি রাশি কাঠে চিতা প্রস্তুত করিয়া তাহাদিগকে একত্র দাহ করিলেন। হে মহারাজ ! এইরূপে বীরগণের দাহক্রিয়া সমাধান হইলে ধর্ম-রাজ যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রকৈ অগ্রাসর করিয়া ভাগীরথীর অভিমুখে প্রস্থান করিলেন।

#### সপ্রবিংশতিতম অধ্যায়।

হে মহারাজ! অনস্তর মহারাজ ধ্তরাষ্ট্র ও অন্যান্য ব্যক্তিরা পুণ্যতোয়া প্রসমললা ভীগবতী ভাগীরথীতে সমুপস্থিত হইয়া ভূষণ ও উভরায় সকল পরিত্যাগ করিলেন। তথন কৌরবকুলকামিনীগণ ছঃখিত মনে গলদশুদ্রমনে কেহ কেহ পিতা, কেহ কেহ ভাতা, কেহ কেহ পুত্র, কেহ কেহ পৌত্র, কেহ কেহ পিতি এবং কেহ কেহ বা অন্যান্য বন্ধুবান্ধবের উদ্দেশে জলীজিলি প্রদান করিতে লাগিলেন। এইরূপে সেই বীরপদ্ধীগণ বীর্ণণের উদককার্য্য সম্পাদনে প্রবৃত্তি হুইলে গঙ্গার অবত্রন পথ সাতিশয় স্থানাতিত হইল। ভাগীরথীর তার এককালে বারপদ্ধীগণে সমাকীর্ণ, নিরানন্দ ও উৎসবশ্ন্য হইয়া উঠিল।

জ সময় জার্যা কুত্বা শ্রোকাকুলিতচিত্তে গলদশুদ্দয়নে পাওবগণকে ক ংলেন, পুত্রগণ ৷ যে বারলকর্শলাস্থিত মহাবার ভারজ্যের হত্তে নিহত হই-য়াছে; যাগারে তেলেরা রাধাগভদভূত দূতপুজ বলিয়া নির্দেশ করিতে; যে দৈন্যগণমধ্যে দিবাক্ষের ন্যায় বিলাজিত হইত; যে তোমাদিগের ও তোমাদের অকুচরগণের সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিল; যে ছুর্য্যোধনের সৈন্য সমুদায়কে পরিচালিত করিত; এই পৃথিবীতে যাহার তুল্য বলবীর্ঘ্যসম্পন্ন আর কেহই নাই ; যে জাবন প্রদান করিয়াও যশোলাভের বাসনা করিত ; সেই সত্যসন্ধ সমরে অপরাগ্নথ মহাবার কর্ণের উদক্কার্য্য সম্পাদন কর। সেই সহজ ক্বচ-কুণ্ডলধারী মহাবীর তোমাদের জ্যেষ্ঠ ভ্রাতা। সে দিবাকরের ঔরসে আমার গর্ভে জন্মগ্রহণ করে। মনস্বিনী কুন্তী এই কথা কহিলে পাণ্ডবগণ কর্ণের ' নিমিত ৰাছার পর নাই শোক প্রকাশ করিতে লাগিলেন। অনন্তর ধন্মরাজ ভুজকের ন্যায় দীর্ঘনিশ্বাদ পরিত্যাগ পূর্বক জননীরে কহিলেন, তার্য্যে ! যে সমুদ্র সদৃশ বীরের শরজাল তরঙ্গ স্বরূপ, ধ্বজ আবর্ত্ত স্বরূপ, ভুজযুগল আহ স্বরূপ এবং রথ হ্রদ স্বরূপ ছিল; ধনপ্রয় ব্যতিরেকে আর কোন বারই যাহার শরবেগ সহা করিয়া রণস্থলে অবস্থান করিতে প্লারিত না, তিনি দেবতার ঔরদে আপনার গর্ডে কিরুপে জন্মগ্রহণ করিয়াছিলেন ? যাঁহার বাহুবলে আমরা সকলেই পরিতাপিত হইয়াছিলাম, আপনি তাঁহারে বস্তাচ্ছাদিত বহ্নির কু। য় কি রূপে তিরোহিত করিয়া রাখিয়াছিলেন। আসর। যেমন অর্জুনের ভূজ-

বল অবলম্বন করিয়া আছি, তজ্ঞপ ধৃতরাষ্ট্রপুক্রগণ বাঁহার বলবীর্য্য আঞায় করিয়াছিল, বাঁহা ব্যতিরেকে আর কেহই সমস্ত ভূপালগণের সৈত সম্পূর্দায়ের তেজ সহ্য করিতে সমর্থ হয় নাই, সেই ধসুর্দ্ধরাপ্রগণ্য মহাবীর কর্ণ কি আমানিগের জ্যেষ্ঠ ভ্রাতা ছিলেন ? আপনি সেই অন্তুত বিক্রম মহাবীরকে কিরুপে অপ্রে প্রস্ব করিয়াছিলেন ? আপনি এই বিষয় গোপনে রাখিয়াছিলেন বলিয়াই আমরা এক্ষণে কর্ণের বিনাশ নিবন্ধন বন্ধুবান্ধবগণ সমভিব্যাহারে বিপন্ন হইয়া বাহার পর নাই হুঃখ ভোগ করিতেছি। আমি অভিমন্থা, দ্রৌপদীর পঞ্চপুক্ত এবং পাঞ্চাল ও কৌরবগণের বিনাশে বেরূপ পরিতাপিত হইয়াছি, আজি কর্ণের বিনাশে তদপেকা শতগুণ পরিতাপিত হইলাম; এক্ষণে কর্ণ-বিরহ হুতাশনের স্থায় আমারে দগ্ধ করিতেছে। হায়! আপনি পূর্ব্বে এই গৃঢ় বৃত্তান্ত প্রকাশ করিলে আমাদিগের স্বর্গীয় বস্তুও তুর্লভ হইত না এবং এই ক্রোম্বকুলক্ষয়কর খোরতর হৃত্যাকাণ্ডও সমুপন্থিত হইবার সন্তাবনা থাকিত না।

ছে মহারাজ ! ধর্মারাজ যুখিন্ঠির এইরূপ নানাপ্রকার বিলাপ ও পরিতাপ করিয়া তুঃথে দগ্ধপ্রায় হইয়া কর্ণের উদকক্রিয়া নির্বাহ করিলেন। তখন যে সমস্ত মহিলারা উদকক্রিয়া সমাধানার্থ আগমন করিয়াছিলেন, তাহারা সকলেই আর্তনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। অনস্তর ধর্মারাজ যুখিন্ঠির জ্যেষ্ঠ জাতা কর্ণের প্রতি নিবন্ধন তাহার ভার্য্যাদিগকে তথায় আনয়ন করাইলেন এবং তাহাদিগের সহিত মিলিত হইয়া কর্ণের ঔর্দ্ধদৈহিক ক্রিয়া সমাধান পূর্বক ব্যাকুলিতচিত্তে ভাগীরথীর সলিল হইতে উপ্রিত হইলেন।

শ্রাদ্ধপর্ক সমাপ্ত।

ন্ত্ৰীপৰ্ব্ব সম্পূৰ্ণ।

# বিজ্ঞাপন।

আসিরাটিক্ সোসাইটির সুক্রিত পুঞ্জক তথা শ্রীস্ক্র রাজা কমলক্রক্ষ দেব বাহাছর ও মৃত বাব্ আন্ততোর নেব মহালয়ের পুঞ্জালয়ত হস্তলিখিত মূল পুঞ্জক দৃষ্টে এই থণ্ড সম্বাদিত হইল।